Barcode - 4990010123344
Title - Bengal Legislative Assembly Proceedings (1998) vol.113
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 984
Publication Year - 1998
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123344

Vol. 113

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

**Hundred and Thirteenth Session**

**(December, 1998)**

(From 8th December, 1998 to 24th December, 1998)

(The 8th, 9th, 10th, 11th, 14th, 15th, 16th, 21st, 22nd, 23rd & 24th December, 1998)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Acc No: 11,567
Date: 25.11.2004
Call No. 328 DL/V.113(98)(V)
Price / Page Rs. 298/-

## GOVERNMENT OF WEST BENGAL

328BL V.113(98)(6)

### Governor
### SHRI A.R. KIDWAI

### Members of the Council of Ministers
### And their Portfolios

1. Shri Jyoti Basu, Chief Minister. MIC of Home (Excluding Police) Deptt. Hill Affairs Deptt.

2. Shri Buddhadeb Bhattacharjee, MIC of Home (Police) Deptt., Information & Cultural Affairs Deptt.

3. Dr. Surjya Kanta Mishra, MIC of Land Reforms Deptt., Rural Development Deptt. & Panchayat Deptt.

4. Dr. Asim Kumar Dasgupta, MIC of Finance Deptt., Development & Planning Deptt., Excise Deptt. and Self Employment Generation Programme (Urban) Deptt.

5. Dr. Sankar Kumar Sen, MIC of Power Deptt., and Science & Technology Deptt.

6. Shri Santi Ghatak, MIC of Labour [Excluding Self Employment Scheme for the Rural Unemployed, Self Employment Generaation Programme (Urban), Employment Exchange and Employees' State Insurance] Deptt.

7. Shri Subhas Chakraborti, MIC of Transport, Deptt , & Sports Deptt.

8. Shri Mohammad Amin, MIC of Deptts. of Minorities Development and Welfare, Employment Exchange (Including Self-Employment Scheme for the Rural Unemployed) and Employees' State Insurance

9. Shri Kanti Biswas, MIC of Deptts. of School Education, Madrasah and Refugees, Relief & Rehabilitation.

10. Shri Gautam Deb, MIC of Deptts. of Housing and Public Health Engineering.

11. Shri Partha De, MIC of Deptt., of Health & Family Welfare.

12. Shri Bidyut Ganguly, MIC of Commerce & Industries Deptt.

13. Shri Satyasadhan Chakraborty, MIC of Deptt. of Higher Education.

14. Shri Abdur Razzak Molla, MIC of Food Processing, Horticulture and Sundarban Affair Deptts.

15. Shri Dinesh Chandra Dakua, MIC of Deptt. Backward Classes Welfare.

16. Shri Asok Bhattacharya, MIC of Deptts. of Municipal Affairs, Urban Development, HRBC and Town & Country Planning.

17. Shri Manabendra Mukherjee, MIC of Deptts. of Youth Services, Environment and Tourism.

18. Shri Bhakti Bhusan Mandal, MIC of Deptt. of Co-operation.

19. Shri Narendra Nath Dey, MIC of Agriculture Deptt., (Excluding Horticulture)

20. Shri Debabrata Banerjee, MIC of Irrigation & Waterways Deptt.

21. Shri Kshiti Goswami, MIC of Public Works Deptt.

22. Shri Nanda Gopal Bhattacharjee, MIC of Water Investigation and Development Deptt.

23. Shri Kiranmay Nanda, MIC of Fisheries Deptt.

24. Shri Prabodh Chandra Sinha, MIC of Parliamentary Affairs Deptt.

25. Shri Upen Kisku, MOS for Backward Classes Welfare Deptt.

26. Shri Pratim Chatterjee, MOS for Deptt. of Fire Services

27. Shri Mrinal Banerjee, MIC of Deptts. of Public Undertaking & Industrial Reconstruction.

28. Shri Pralay Talukdar, MIC of Cottage & Small Scale Industries Deptt.

29. Shri Bansa Gopal Choudhury, MIC of Deptt. of Technical Education & Training.

30. Shri Anisur Rahaman, MIC of Animal Resources Development Deptt.

31. Shri Nisith Adhikary, MIC of Law and Judicial Deptts

32. Shri Jogesh Chandra Barman, MIC of Forests Deptt.

33. Shri Kalimuddin Shams, MIC of Food & Supplies Deptt

34. Shri Birendra Kumar Maitra, MIC of Agriculture Marketing Deptt.

35. Shri Satya Ranjan Mahata, MIC of Relief Deptt

36. Shri Biswanath Chowdhury, MIC of Social Welfare & Jails Deptt.

37. Smt. Anju Kar, MOS of Mass Education Extension Deptt

38. Shri Maheswar Murmu, MOS of Special Tribal Areas Development including Jhargram Affairs Deptt.

39. Shri Nimai Mal, MOS Deptt. of Library Services.

40. Dr. Srikumar Mukherjee, MOS of Civil Defence Deptt.

41. Shri Kamalendu Sanyal, MOS of Land & Land Reforms Panchayats and Rural Development Deptts.

42. Shri Susanta Ghosh, MOS of Transport Deptt.

43. Smt. Minati Ghosh, MOS of Health & Family Welfare Deptt.

44. Smt. Bilasi Bala Sahis, MOS of Forests Deptt.

45. Shri Ganesh Mondal, MOS of Irrigation & Waterways Deptt.

46. Shri Manohar Tirkey, MOS of Public Works Deptt.

47. Shri Dhiren Sen, MOS of Excise Deptt.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS & OFFICIALS**

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

**SECRETARIAT**

**Secretary : Shri Md. Nesar Khan.**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

*Note.—Number shown within brackets against the name of each Member represents the relevant "Constituency Number".*

### A

1. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
2. Abdul Razzak Molla, Shri (106 - Canning East—South 24 -Parganas)
3. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
4. Abu Ayes Mondal, Shri (278-Manteswar—Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49- Kaliachak—Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abu Sufian Sarkar, Shri (56-Bhagabangola—Murshidabad)
8. Abul Basar Laskar, Shri (120-Magrahat West—South 24-Parganas)
9. Acharya, Shri Manik Lal (257-Kulti—Burdwan)
10. Adhikary, Shri Nitish (270-Burdwan North—Burdwan)
11. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
12. Ankura, Shri Saresh [266-Kanksa (SC)—Burdwan]

### B

13. Bag, Shri Kartick Chandra [267-Ausgram (SC)—Burdwan]
14. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
15. Bagdi, Shri Kirity [247-Indpur (SC)—Bankura]
16. Bagdi, Shri Lakhan [263-Ukhra (SC)—Burdwan]

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.***

17. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]

18. Bakshi, Shri Sanjoy (242-Jorabagan—Calcutta)

19. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipore—Calcutta)

20. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)

21. Banerjee, Shri Debabrata (67-Barwan—Murshidabad)

22. Banerjee, Shri Debabrata (265-Durgapur-II—Burdwan)

23. Banerjee, Shri Mrinal (264-Durgapur-I—Burdwan)

24. Banerjee, Shri Pankaj (150-Tollygunge—Kolkata)

25. Banerjee, Shri Shyamadas (259-Hirapur—Burdwan)

26. Banerjee, Shri Tapas (260-Asansol—Burdwan)

27. Bangal, Dr. Makhanlal (216-Sabang—Midnapore)

28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)

29. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC)—Jalpaiguri]

30. Basu, Shri Jyoti (117-Satgachia—South 24-Parganas)

31. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]

32. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]

33. Bera, Shri Dipak (203-Moyna—Midnapore)

34. Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)

35. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)

## *Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—Contd.*

36. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24 Parganas)

37. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan—Midnapore)

38. Bhattacharjee, Shri Sudhir (118-Falta—South 24-Parganas)

39. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)

40. Biswas, Shri Ananda Kumar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]

41. Biswas, Shri Binay Krishna [80-Ranaghat East (SC)—Nadia]

42. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)

43. Biswas, Shri Haripada (131-Jagatdal—North 24 Parganas)

44. Biswas, Shri Jayanta Kumar (61-Naoda—Murshidabad)

45. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)

46. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (S.C.)—North-24 Parganas]

47. Biswas, Shri Kanti [98-Sandeshkhali (SC)—North 24-Parganas]

48. Biswas Shri Shashanka Shekhor [79-Hanskhlai (SC)—Nadia]

49. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]

50. Biswas, Smt. Susmita (250-Barjora—Bankura)

51. Bose, Shri Shyama Prosad (271-Burdwan South—Burdwan)

### C

52. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)

53. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

54. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)

55. Chakraborty, Dr. Sujan (104-Baruipur—South 24-Parganas)

56. Chakravartty, Shri Gautam (46-Englishbazar—Malda)

57. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)

58. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar—Hooghly)

59. Chatterjee, Shri Rabindranath (280-Katwa—Burdwan)

60. Chattopadhyay, Shri Jyoti Krishna (179-Uttarpara—Hooghly)

61. Chattopadhyay, Shri Sobhan Deb (149-Rash Behari Avenue—Calcutta)

62. Chattopadhyay, Shri Tapas (275-Memari—Burdwan)

63. Chaudhuri, Shri Amar (137-Baranagar—North 24-Parganas)

64. Chhetri, Shri Narbahadur (23-Darjeeling—Darjeeling)

65. Chhetri, Shrimati Shanta (24-Kurseong—Darjeeling)

66. Choudhury, Shri Adhir Ranjan (57-Nabagram—Murshidabad)

67. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)

68. Chowdhary Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)

69. Chowdhury, Shri Biswanath (38-Balurghat—South Dinajpur)

70. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur—Bankura)

71. Chowdhury, Shri Jyoti (180-Serampore—Hooghly)

72. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur—Howrah)

73. Chowdhury, Shri Sibendra Narayan [8-Natabari—Cooch Behar]

## D

74. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC)—Cooch Behar]

75. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]

76. Dalui, Shri Shibaprasad [272-Khandaghosh (SC)—Burdwan]

77. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC)—Birbhum]

78. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)

79. Das, Shri Dilip Kumar [31-Raiganj (SC)—North Dinajpur]

80. Das, Shri Nirmal (12-Alipurduar—Jalpaiguri)

81. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC)—Murshidabad]

82. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC)—Cooch Behar]

83. Das, Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)

84. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)

85. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)

86. Das, Shri Sukumar (204-Mahishadas—Midnapore)

87. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)

88. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur—Midnapore)

89. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West—Midnapore)

90. Datta, Shri Binoy (194-Arambagh—Hooghly)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**—*Contd.*

91. D'Costa Hurt, Shrimati Gillian Rosemary (295-Nominated)

92. De, Shri Ajòy (78-Santipur—Nadia)

93. De, Shri Partha (251-Bankura—Bankura)

94. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge—South 24-Parganas)

95. Deb, Shri Goutam (96-Hasnabad—North 24-Parganas)

96. Deb, Shri Rabin (152-Ballygunge—Calcutta)

97. Dey, Shri Gopal Krishna (125-Patharpratima—South 24-Parganas)

98. Dey, Smt. Ibha (177-Jangipara—Hooghly)

99. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)

100. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)

101. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]

102. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)

103. Dutta, Shri Gurupada (196-Chandrakona—Midnapore)

104. Dutta, Shri Himangshu (279-Purbasthali—Burdwan)

105. Dutta, Shri Sabuj (173-Bagnan—Howrah)

**G**

106. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)

107. Ganguli, Shrimati, Kanika (161-Bally—Howrah)

108. Gayen, Shri Nripen [199-Hingalganj (SC)—North 24-Parganas]

109. *Ghatak, Shri Santi Ranjan (136-Kamarhati—North 24-Parganas)*

110. Ghose, Shri Biren (277-Nadanghat—Burdwan)

111. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)

112. Ghosh, Shri Nirmal (135-Panihati—North 24-Parganas)

113. Ghosh, Shri Pankaj Kumar (85-Bongaon—North 24-Parganas)

114. Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)

115. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)

116. Ghosh, Shri Susanta (200-Garhbeta East—Midnapore)

117. Giri, Shri Asok Kumar (126-Kakdwip—South 24-Parganas)

118. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)

119. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)

120. Goswami, Shri Mihir (4-Cooch Behar North—Cooch Behar)

121. Goswami, Shri Subhas (248-Chhatna—Bankura)

122. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)

123. Gulsan Mullick, Shri (168-Panchla—Howrah)

124. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)

**H**

125. Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)

126. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar—North Dinajpur)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

127. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore]

128. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)

129. Hazra, Shri Samar [274-Jamalpur (SC)—Burdwan]

130. Hembram, Shrimati Deblina [246-Ranibandh (ST)—Bankura]

131. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST)—Purulia]

132 Hemrom, Shri Jadu (39-Habibpur (ST)—Malda)

133. Hira, Shrimati Mili (83-Haringhata—Nadia)

134. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)

135. Humayun Reza, Shri (51-Aurangabad—Murshidabad)

### I

136. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)

### K

137. Kabi Shri Pelab (262-Jumuria—Burdwan)

138. Kalimuddin Shams, Shri (293-Nalhati—Birbhum)

139. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)

140. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)

141. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)

142. Khanra, Shri Ajit (208-Bhagabanpur—Midnapore)

143. Khanra, Shri Saktipada (190-Polba—Hooghly)

144. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia]

145. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura]

146. Kujur, Shri Sushil [14-Madarihat (ST)—Jalpaiguri]

147. Kundu, Shri Ranjit (129-Naihati—North 24-Parganas)

**L**

148. Lahiri Shri Jatu (165-Shibpur—Howrah)

149. Lepcha, Shri Gaulan (22-Kalimpong—Darjeeling)

150. Let Shri Bishnu [290-Mayureswar (SC)—Birbhum]

**M**

151. M. Ansar Uddin, Shri (167-Jagatballavpur—Howrah)

152. Mahammuddin, Shri (27-Chopra—North Dinajpur)

153. Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)

154. Mahammed Hannan, Shri (291-Rampurhat—Birbhum)

155. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)

156. Mahata, Shri Khagendranath (222-Salboni—Midnapore)

157. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)

158. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)

159. Mahato, Shri Shantiram (238-Joypur—Purulia)

160. Maikap, Shri Chakradhar (210-Contai North—Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

161. Mainul Hoque, Shri (50-Farakka—Murshidabad)

162. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC)—Hooghly]

163. Maitra, Shri Birendra Kumar (42-Harishchandrapur—Malda)

164. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia]

165. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura]

166. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC)—Burdwan]

167. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC)—Birbhum]

168. Mal, Shri Nimai (192-Pursurah—Hooghly)

169. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly]

170. Mallik, Smt. Sadhana (281-Mangalkot—Burdwan)

171. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)

172. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)

173. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]

174. Mandal, Dr. Ram Chandra [209-Khajuri (SC)—Midnapore]

175. Mandal, Shri Ram Prabesh (47-Manickchak—Malda)

176. Mandal, Shri Subhas (268-Bhatar—Burdwan)

177. Mandal, Shri Tushar Kanti [205-Sutahata (SC)—Midnapore]

178. Manjhi, Shri Ramjanam [170-Uluberia North (SC)—Howrah]

179. Md. Fazle Haque, Dr. (6-Sitai—Cooch Behar)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

180. Md. Sohrab, Shri (52-Suti—Murshidabad)

181. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)

182. Mehbub Mondal, Shri (269-Galsi—Burdwan)

183. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)

184. Minj, Shri Prokash [26-Phansidewa (ST)—Darjeeling]

185. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)

186. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)

187. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas]

188. Mitra, Shri Asit (174-Kalyanpur—Howrah)

189. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)

190. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)

191. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)

192. Mohammed Amin, Shri (114-Garden Reach—South 24-Parganas)

193. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]

194. Mondal, Shri Biswanath [166-Khargram (SC)—Murshidabad]

195. Mondal, Shri Ganesh [100-Gosaba (SC)—South 24-Parganas]

196. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]

197. Mondal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)

198. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

199. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)

200. Mozammel Haque, Shri (58-Murshidabad—Murshidabad)

201. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)

202. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)

203. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)

204 Mukherjee, Shri Ashoke (90-Barasat—North 24-Parganas)

205. Mukherjee, Shri Kamal (182-Chandernagore—Hooghly)

206. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)

207. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)

208. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)

209. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)

210. Mukherjee, Shri Pratyush (175-Amta—Howrah)

211. Mukherjee, Shri Rabin (187-Bansberia—Hooghly)

212. Mukherjee, Shri Samar (43-Ratua—Malda)

213. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)

214. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)

215. Mukherjee, Shri Subrata (146-Chowringhee—Calcutta)

216. Mukhopadhyay, Shri Chitta Ranjan (198-Daspur—Midnapore)

217. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]

218. **Murmu**, Shri Debnath [40-Gazole (ST)—Malda]

219. **Murmu**, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]

220. **Mursalin Molla**, Shri (115-Maheshtala—South 24-Parganas)

**N**

221. **Nanda**, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)

222. **Nanda**, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)

223. **Naskar**, Shri Sankar Saran (111-Bishnupur West—South 24-Parganas)

224. **Naskar**, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]

225. **Nath**, Shri Madanmohan (132-Noapara—North 24-Parganas)

226. **Nazmul Haque**, Shri (225-Kharagpur Rural—Midnapore)

**O**

227. **Omar Ali**, Dr. (199-Nandanpur—Midnapore)

228. **Oraon**, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]

**P**

229. **Paik**, Shri Nikunja [122-Mandirbazar (SC)—South 24-Parganas]

230. **Paik**, Shrimati Sukuntala [124-Kulpi (SC)—South 24-Parganas]

231. **Pakhira**, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]

232. **Pal**, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)

233. **Pan**, Shri Bhakta Ram (178-Chanditala—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

234. Panda, Shri Debi Sankar (206-Nandigram—Midnapore)

235. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)

236. Pandey, Shri Ajit (145-Bowbazar—Calcutta)

237. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)

238. Paul, Smt. Maya Rani (63-Berhampore—Murshidabad)

239. Paul, Shri Paresh (159-Manicktola—Calcutta)

240. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)

241. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]

242. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]

### Q

243. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)

### R

244 Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)

245. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Calcutta)

246. Rana, Shrimati Shakti (230-Gopiballavpur—Midnapore)

247. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]

248. Roy Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)

249. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]

250. Roy, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

251. Roy, Shri Banamali [15-Dhupguri (SC)—Jalpaiguri]

252. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)

253. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]

254. Roy, Shri Manmatha (86-Gaighata—North 24-Parganas)

255. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)

256. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]

257. Roy, Shri Phani Bhusan [45-Malda (SC)—South Dinajpur]

258. Roy, Shri Ramesh [1-Mekliganj (SC)—Cooch Behar]

259. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)

260. Roy, Shri Tapas (157-Vidyasagar—Calcutta)

261. Roychowdhury, Shri Nirode (88-Ashoknagar—North 24 Parganas)

262. Rubi Noor, Smt. (48-Sujapur, Malda)

### S

263. Saha, Shri Kripa Sindhu [191-Dhanakhali (SC)—Hooghly]

264. Saha, Dr. Tapati [154-Taltola (SC)—Calcutta]

265. Sahis, Shrimati Bilasi Bala [240-Para (SC)—Purulia]

266. Samanta, Shri Rampada (217-Pingla—Midnapore)

267. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia)

268. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

269. Saren, Shri Subhas Chandra [229-Nayagram (ST)—Midnapore

270. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24 Parganas)

271. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)

272. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)

273. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)

274. Sengupta Basu, Shrimati Kamal (128-Bijpur—North 24-Parganas)

275. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)

276. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)

277. Sheikh Daulat Ali, Shri (119-Diamond Harbour—South 24-Parganas)

278. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)

279. Singha, Shri Sankar (81-Ranaghat West—Nadia)

280. Singha, Shri Suresh Chandra (30-Karandighi—North 24-Parganas)

281. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)

282. Sinha, Dr. Nirmal [121-Mograhat East (SC)—South 24-Parganas]

283. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)

284. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)

285. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)

286. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]

287. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

### T

288. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)

289. Tirkey, Shri Manohar [11-Kalchini (ST)—Jalpaiguri]

290. Toppo, Shri Salib [10-Kumargram (ST)—Jalpaiguri]

### U

291. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)

292. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)

293. Zamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 8th December, 1998 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 24 Ministers, 11 Ministers of State and 180 Members

[11.00 — 11.10 a.m.]

## OBITUARY

**Mr. Speaker :** Hon'ble Members, before commencing the business of the House I rise to perform a melancholy duty to refer to the sad demise of Ex-Members of this Legislature, Parliament and other renowned personalities in the social, political and cultural sphere who passed away after the last session of the Assembly.

**Smt. Chhaya Bera :** State Minister breathed her last on the 13th July, 1998 in the S.S.K.M. Hospital, Calcutta after prolonged illness. She was 56.

Born on the 10th July, 1942 in Cuttack, Orrissa, Sm. Bera had her education at Sreedurga Balika Vidyalaya, Howrah and Howrah Girls' College and Midnapore womens' College. She was a teacher of the Kolaghat Girls School, Midnapore prior to her active involvement with politics. In the year 1971 she became the member of C.P.I.(M). From 1982-94 she was the member of Midnapore zilla Committee. She was also the member of Central

Committee of All India Democratic Women's Association and member of its State Committee till her death. She was elected a member of Zilla Parishad, Midnapore district in 1978.

Sm.Bera was elected as the member of West Bengal Legislative Assembly from Nandanpur Constituency of Midnapore district for four consecutive terms - 1982, 1987, 1991 & 1996. She held the portfolio of M.O.S. for social Education, Non-Formal Education and Library Service Branch of Department of Education from 1982-87, M.O.S. of Relief - Branch of Relief and Welfare Department from 1987-1991, M.O.S. for Family Welfare Branch of Deparment of Health and Family Welfare 1991-96 and M.I.C. of Department of Self Employment Generation Programme (Urban) & Employment Exchange & E.S.I. from 1996 to till her death. She also held many important portfolios in social, cultural and political arena in her life time. She was the Chief Advisor of West Bengal Voluntery Blood Forum.

At the demise of Sm. Bera the State has lost an active politician and an able administrator.

**Shri Bijesh Chandra Sen**, former Minister of the State breathed his last at his residence at South Calcutta on the 8th July, 1998 after a prolonged illness. He was 84.

He was born in the year 1914. He stepped in politics in the year 1952. He become a member of the Congress Working Committee in the year 1959. He also became a member of the Nikhil Bharat Congress Working Committee. Once he also took over the charge of Vice-President of the Pradesh Congress Committee. Besides politics he was associated with many social organisations as well as sports clubs. He was a member of the Trustee Board of the Cricket Association of Bengal.

Shri Sen was elected to the West Bengal Legislative Assembly for two terms in 1952 and 1962 from Hasnabad and Basirhat Constituency respectively as a Congress Candidate.

During the period from 1952 to 1957 He held the portfolio of Deputy Minister of the Rehabilitation Branch of the Refugee, Relief and Rehabilitation Department, Govt. of West Bengal in the Cabinet headed by Dr. Bidhan Chandra Roy. He also held the portfolio of the Minister of State for the Department of Development, Govt. of West Bengal during 1962-67.

At the demise of Shri Sen the State has lost a veteran politician as well as an able administrator.

**Shri Prafulla Kanti Ghosh**, former State Minister breathed his last at his residence in Calcutta on the 21st July, 1998 after prolonged suffering from cencer. He was 84.

Shri Ghosh was born at Bagbazar in Calcutta on 15th June, 1915.

A veteran Congress leader Shri Ghosh stepped into politics in 1943. He actively participated in many social and political activities. His unostentations life style endeared him to his collegues. He was popularly known as 'Satada' to his associates. Once he held the post of General Manager of the Jugantar and the Amrita Bazar Patrika. He had a keen interest in sports. He represented India in the International Badmintan competition held in Burma.

Shri Ghosh was elected to the West Bengal Legislative Assembly from Cossipur Constituency in 1971, 1972 and 1982. He initially held the portfolios of Minister of State of Departments of Municipal Servicies, Panchayets and Sports Branch of the Depart-

ment of Education and later the portfolios of Minister of State of the Department of Food & Supplies, Dairy Development Branch of Animal Husbandry and Veterinary Services Department and Sports Branch of Education Department during the period 1972-77.

At the demise of Shri Ghosh the State has lost an astute politician and a true sportsman.

**Shri Ramdas Banerjee**, former member of West Bengal Legislative Assembly breathed his last on the 28th March, 1998 in Anandalok Charitable Hospital at Salt Lake, Calcutta. He was 78.

Shri Banerjee was elected a member of the West Bengal Legislative Assembly from Kulti Constituency of Burdwan district as a Congress (R) Candidate in 1971 and as a Congress Candidate in 1972.

Apart from politics, Shri Banerjee was associated with many social and philanthropic organisations

At the demise of Shri Banerjee, the State has lost a veteran politician and a social worker as well.

**Shri Badon Bora**, former member of the West Bengal Legislative Assembly breathed his last on the 30th July, 1998 in the Indus Hospital of Bankura district after a massive heart attack. He was 52.

Born at Indus of Bankura district Shri Bora had his education at Sahaspur High School and Ramkrishna Kamarpukur College. He got membership of the Communist Party of India (Marxist) in the year 1967. He was the Member of Bankura Zilla Parishad and also the Member of Zilla Upajati Parishad and was closely associated with the peasant movement in Bankura district.

Shri Bora was elected as a member of the West Bengal Legislative Assembly from Indus Constituency of Bankura district for four terms 1971, 1977, 1982 & 1987.

At the demise of Shri Bora the State has lost a sincere politician and an ardent peasant leader.

**Shri Nurul Islam Chowdhury** former member of West Bengal Legislative Assembly breathed his last on the 25th August, 1998 in the S.S.K.M. Hospital, Calcutta. He was 67.

Shri Chowdhury was born on Aswin 7, 1339 (B.S.) at Mirzapur of Murshidabad district. He had his education in C.R.G.S. High School, Beldanga.

Shri Chowdhury was elected the member of the West Bengal Legislative Assembly from Beldanga Constituency of Murshidabad district for three consecutive terms 1982, 1987 & 1991 as Congress(I) candidate.

Apart from politics Shri Chowdhury was closely associated with various social organisations and educationl Institutions. He was the President of Hazi Sk. Solemen Chowdhury Junior High School, Mirzapur of Murshidabad district and was the Life Member of Indian Red Cross Society.

At the demise of Shri Chowdhury the State has lost a veteran politician and a Social Worker.

**Shri Dasarath Deb**, former Chief Minister of Tripura and former member of Lok Sabha breathed his last on the 14th October, 1998 in the Govinda Ballav Pant Hospital at Agartala following a massive heart attack. He was 82.

Shri Deb was born in a poor peasant family at Aampura village under Khowai Sub-division, Tripura on 2nd February, 1916. He had his education at Khowai H.E.School and Brindha Ban College at Habigonj (now in Bangladesh). Later he came to Calcutta to do his post-graduation and study law but in the midway he had to discontinue his studies in Calcutta and go back to Tripura to avoid arrest. From his very student life he was associated with so many social and philanthropic activities. Very soon he established himself as a rare breed of social workers and touched the hearts of millions of people especially of tribals in Tripura. In 1943 he was actively involved in 'Janasikhsha Andolan' - a movement to educate tribals in the remote areas of Tripura. In 1948 he formed the 'Ganamukti Parishad' and adorned the chair of its President. After split of the Communist Party in 1964 the 'Ganamukti Parishad' was reformed as 'Tripura Rajya Ganamukti Parishad' and he was the President of that Parishad till his death. As a devoted party worker and dedicated politician he got the membership of the undivided Communist Prty in 1950. He became member of the Central Committee of the undivided Communist Party in 1951 and was the member of the Central Committee of the Communist Party of India (Marxist) since 1964 till the 16th Party Congress held recently. During the period from 1988 to 1993 he was also the member of the Tripura State Committee of the Communist Party of India (Marxist). Besides he was involved in many rebellious activities like peasant movements, tribal movements, etc. He was the Vice-President of the State Committee of All India Kissan Sabha at the time of his death. Earlier he was also associated with All India Kisan Sabha for a long period as the Vice-President of lits Central Committee and President of the State Committee.

By virtue of his sincerity and austerity he made his debut as a charismatic mass leader. While in under ground he filed his nomination paper for the first Lok Sabha elections in 1952. Without any public campaign he won the seat with a massive support.

Shri Deb contributed numerous articles to newspapers. He authored three partiotic books and translated them into Kakborak - a tribal language. He knew a number of Indian language and was fluent in Sanskrit, Hindi and Bengali apart from having excellent expertise in his own tribal language - Kokborak.

Shri Deb visited Russia, England and China to acquaint himself with the social, political and economic developments in these countries.

Shri Deb was elected a member of Lok Sabha from the East Tripura(ST) constituency in 1952, 1957, 1962 and 1971. He was also elected a member of the Tripura Legislative Assembly for the four consecutive terms beginning from 1978 from the Ramchandraghat (ST) constituency. He held the portfolios of Education Minister in the first Left Front Ministry in Tripura in 1978 and Deputy Chief Minister in the second time in 1983. In the third Left Front Ministry in Tripura in 1993 he became the Chief Minister of the State.

At the demise of Shri Deb the country has lost an ardent social worker, an astute politician and an able administrator.

[11.19 — 11.21 a.m.]

**Shri Sushil Bhattacharya**, Veteran freedom fighter and one of the founder members of the Revolutionary Socialist Party breathed his last at the All India Institute of Medical Science in

New Delhi on the 14th October, 1998 after a protracted illnes. He was 91.

Shri Bhattacharya was born in the year 1907 in Comilla (now in Bangladesh). He had his school education in Comilla and he joined the Anushilan Samity when he was mere a student of Class - IX. In the sequel, he associated himself with the contemporary revolutionary movements. He was arrested for several times and he suffered imprisonment for about 12 years for his active participation in the freedom and revolutionary movements. In 1937 he came in close contact with Subhas Chandra Bose. In 1946 he was entrusted with organising the revolutionary movements in Uttar Pradesh and Delhi. As a dedicated party worker of the Revolutionary Socialist Party he worked in Lucknow, Kanpur, Allahabad, Benaras, Basti, Dehra Dun and some other towns. His sincere trade union activities endared him very much to his associates and he was popularly called as 'Dadaji'. He held the office of president of the United Trade Union Congress till his death. He also became the General Secretary of the Revolutionary Socialist Party and served in that capacity till his death. He was a member of the Steering Committee constituted during the regime of United Front Government at the Centre.

At the demise of Shri Bhattacharya the country has lost a renowned freedom fighter, an astute politician and a revered Trade Union Leader.

**Shri Kalicharan Pal**, Veteran freedom fighter breathed his last on the 21st November, 1998. He was 88.

Shri Pal was involved in the freedom movement at a very tender age. He was only 16 when he was imprisoned for taking

part in the freedom movement and later on was sent to jail several times for his active participation in the freedom movement. During the days of freedom struggle he was hand in glove with Netaji Subhas Chandra Bose, Desopriya Jatindra Mohan Sengupta, Acharya Prafulla Chandra Roy and Prafulla Chandra Ghosh.

After the independence Shri Pal devoted himself to serve the nation through benevolent activities and was closely associated with many social organisations. He was the member of executive committee of Sister Nivedita Girls School for 36 years at a stretch.

At the demise of Shri Pal, the nation has lost a veteran freedom fighter and a benevolent social worker too.

**Dr. Subodh Chandra Sengupta**, renowned academician and Shakespearian authority breathed his last on the 3rd December, 1998 at his residence in South Calcutta after prolonged illness. He was 95.

Dr. Sengupta was born in Comilla (now in Bangladesh) on the 26th June 1903. He had his education from Palong School of Faridpur District. He stood third in the Matriculation Examination. He graduated from the Presidency College in English literatures and subsequently passed M.A. from the Calcutta University. He started his carrer as a lecturer at Delhi Hindu College and later on worked as a professor of Rajshahi College for a brief period. He was the Head of the Department of English literature in the Presidency College and was made a Professor Emeritus of the Jadavpur University.

Dr. Sengupta authored valuable books like 'Aspects of Shakespear's Tragedy', Shakespeare's History plays and Vivekananda and Indian Nationalism. The book 'Aspects of Shakespear's Trag-

edy' is still read as a text book in the Oxford University. He was equally proficient in Bengali and Sanskrit literatures. As a critic of English and Bengali literatures he made himself an institution. He will be remembered for his analytical books in Bengali on Rabindranath Tagore, Bankim Chandra and Sarat Chandra. The book 'Tehi No Divasah' an autobiography of Shri Sengupta was widely acclaimed.

Dr. Sengupta was honoured time and again in his life time for his great contribution to literature. He was conferred the 'Padmabibhusan in 1984 and was also the recepient of Vivekananda Puraskar, Sarat Puraskar and Vidyasagar Puraskar.

At the demise of Dr. Sengupta the nation has lost an erudite Scholar and Shakespearian patriarch.

**Shri Jochhan Dastidar**, renowned director and actor breathed his lost on the 16th July, 1998 at his residence in Calcutta after a protracted suffering from cancer. He was 67.

Shri Dastidar was born on 16th June, 1931 at Chetla, Calcutta.He passed the Matriculation Examination in 1948 and was at first admitted to Indian Art College and afterwards to Govt. Art College. He had his graduation in Architecture on 1953. During his student life he was deeply attracted to painting and threatre, but he was also deeply involved with the Left Student Movement which was not liked at all by the College Authority. He wrote his first drama 'Antarin' in 1953 and founded 'Baishakhi Threatre Group' to stage the same under his direction. His second drama 'Due Mahal' based on the light of the downtrodden mass was highly acclaimed by the audiance. Later on he wrote the drama 'Swarnagranthee'depicting the livehood of tailoring workers of Metiabruz.

In 1975 he founded the Threatre Group Charbak with which he was associated till his death. Some of his other outstanding creative one 'Omar Vietnum', 'Karnik', 'A AK ITIHAAS', 'KALKETU', 'SATI', 'PRATYASA', 'BANJARA', 'AND 'MUKHOMUKHI'.

No less was his contribution to cinema in the sphere of acting. The film like 'PADATIK' directed by Mrinal Sen, in 1973 and 'SANDHAN', 'BAGDI PARA DIYAE', 'NILKANTHA', 'KATO BHALOBASA','GARAM BHAT' and 'AAKALER SANDHANAE' bear the hall mark of his acting skill. He also directed the Film 'Prag-oithihasik'. He also showed his creative ability on the T.V. screen. He has created a new fashion in making T.V. family serial like 'Tero Parban', 'Gora', 'Uranchandi' and many others.He also suffered imprisonment in 1963 for his active involvement in leftist politics.

At the demise of Shri Dastidar the state has lost a luminary figure in the arena of Bengali Threatre and film.

**Shri Anup Kumar Das**, popularly known as Anup Kumar, a famous cinema artist breathed his last on 3rd September, 1998 in a nursing home in Calcutta after a prolonged illness.

Born on 16th June, 1930 at Hari Ghosh Street, North Calcutta, Shri Das had his School education in Manindra School, Pikepara. After passing matriculation he got himself admitted into Scottish Church College but he was compelled to discontinue his studies owing to miserable pecuniary condition of his family and then he took to acting. Grown up in a family of musical environment, Shri Das appeared as an actor in the film 'Halbangla' only at the age of 8 and acted in the drama 'Tipe Sultan' in profes-

sional theatre stage, when he was of mere 14. He acted in as many as 450 bengali films, mostly as a side-role screen player under renowned directors. His acting as a comedian in many of the films made him immensly popular to the cinema viewers of Bengal. He showed his ingenuity in serious roles too. Some of the worth mentioning films that he acted in are 'Alore Pipasa', 'Aktuku Basa', 'Balika Badhu','Nimantran', 'Fuleswari', 'Chandrasekhar', 'Arghya', 'Mahakabi Grishchandra', 'Kalindi' etc. He also acted in some of the Hindi and Oriya films. He was closely associated with Indian Mass Theatre Association, and actively participated in many left and democratic movements in the State.

Shri Das was awarded the 'Best Actor' prize by B.F.G.A. in the year 1964 for his excellent performance in the film 'Palatak'directed by Tarun Mazumder and he got the National Award as the best provincial actor in the film 'Nimantran'.

Shri Das also acted in dramas like 'Rajsingha', 'Naukadubi','Samrat Samudragupta', 'Shyamali', 'Shrikanta' etc. In the year 1988 he joined as an actor of Yatra Pala. He got the 'Best Yatra Director' award from the Govt. of West Bengal. He was also falicitated by the State Govt. for completion of 50th anniversary of his acting life. He was honoured by Bengal Natya Academy for his remarkable contribution to Bengali Theatre.

At the demise of Shri Das the State has lost a luminary figure in the film world and in the progressive cultural field too.

**Shri Dhirendra Chandra Mitra**, a Nazrulgeeti exponent breathed his last on the 13th October, 1998 in the Peerless Hospital, Calcutta following a massive hearth attack. He was 84.

Shri Mitra was born in the year 1914 in the famous Mitra Family of North Calcutta. After passing M.A. & L.L.B. he started

his career as a legal practitioner for a brief period. From the very boyhood he was deeply intrested in music mainly for his mother who always enthused her son to learn music. Shri Hanumant Singh, the famous Ustad of Gwalior Gharana taught him Dhrupad, Dhamar, Khayal and Toppa. After that he gradually mastered himself in Thumre Chaite, Kajre, Dadra under the guidance of Pandit Som Maharaj. In the year 1936, All India Radio, Calcutta broadcast the Bhajan and Kirtan sung by Shri Mitra. Soon his melody capitvated conoisseurs of Bengali Music. Hearing him on the radio Kazi Nazrul Islam was so much moved by his lilting melody that he himself met the young singer. Under the direct supervision of Bidrohi Kabi Shri Mitra became a Nazrulgeeti Exponent. In his voice Nazrulgeeti got a new dimension and "Shawan Asila Firae", "Nilambar Shardi Parae", "Fuler Jalsay Nirab keno kabi" and many other songs of Nazrul sung by Shri Mitra will be ever remembered by the people of Bengal.

As a Dean and Head of the Department of Sangeet of Rabindra Bharati Viswavidyalaya he was immensely popular to the students and teachers as well. He went to Bangladesh in the year 1973 after getting an invitation from Banga Bandhu Sk. Muzibar Rahaman. He also went to Japan, Thailand & Hong Kong being invited by UNESCO. He travelled abroad time and again to quench the thirst of music lovers. He was an active member of Paschim Banga Rajya Sangeet Academy and was honoured by the Academy in the year 1992-93. He was conferred 'Nazrul Smriti Puraskar' in the year 1985.

At the demise of Shri Mitra the State has lost a legendry figure of Bengali music.

**Shri Bimal Bhusan Mukhopadhyay** famous singer breathed his last on 21st November, 1998 at his own residence at South Calcutta after a severe heart attack. He was 76.

Born at South Calcutta Shri Mukhopadhyay had his education in South Suburban School. Nurtured in a family of musical environment he had the lesson in classical song from Guru Keshab Ganesh Shastri at the age of 14 and later on from Girija Sankar Chakraborty, Jamini Chakraborty and others. He also took lesson in Laghu Sangeet and Rabindra Sangeet to Pankaj Mullick and Nazrulgeeti to Kazi Nazrul Islam. In the year 1937 his song was first broadcasted by All India Radio, Calcutta and in the following year H.M.V. recorded his song 'Tabo Ranga Hansi' composed by Kamal Dasgupta. He earned the distinction of having sung before dignatories like Pandit Jawarharlal Nehru, Smt.Indira Gandhi, Lalbahadur Shastri. He was conferred 'Nazrul Puraskar' by Bangladesh Government.

He will be remembered for his famous song 'Namo Chandi' of Mahiswasurmardini broadcast every year on the auspicious day of Mahalaya.

At the demise of Shri Mukhopadhyay the State has lost a renowned singer.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceaseds. (At this stage, the Hon'ble Members rose in their seats for two minutes as a mark of respect to the deceaseds).

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the member of the bereaved family of the deceaseds.

Before I adjourn the House for today, I like to inform the Hon'ble Members of the sad and bereaved demise of our senior member of Shri Santi Ganguly. I received the message a little while ago. The deadbody will be coming to the Assembly Premises at 11.30 a.m. I request the Hon'ble Members to offer their respects at that time.

## Adjournment

The House was adjourned at 11.21 a.m. till 11 a.m. on Wednesday the 9th December, 1998 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 9th December, 1998 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 5 Ministers of State and 114 Members.

[11.00 — 11.10 a.m.]

## OBITUARY

**Mr. Speaker :** Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Santi Ranjan Ganguly**, a sitting member of this House, who breathed his last on 8th December, 1998 at his residence at Bidhannagar, Calcutta after a protracted illness. He was 74.

Born on 31st August, 1925 at Baghia of Faridpur district (now in Bangladesh) Shri Ganguly had his education from Tulsar High School. From his very early life he was actively involved in the freedom movement. He was an undisputed leader of left and democratic movement in India and was also one of the frontline leaders of the Refugee movement in the State. He was imprisoned for his active participation in Goa Liberation movement. He was the whole time political worker of All India Forward Bloc and was also member of its State Committee. He also held the post of secretary of All India Forward Bloc and member-secretary of U.C.R.C. & T.U.C.C.

Shri Ganguly was first elected a member of the West Bengal Legislative Assembly from Shyampukur Constituency, Calcutta in a bye-election held in the year 1989 and subsequently re-elected in the year 1991 and 1996 respectively from the same constituency.

At the demise of Shri Ganguly the state has lost a veteran freedom fighter and a dedicated politician too.

**Mr. Speaker :** Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble members rose in their seats for two minutes).

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## Adjournment

At this stage the House was adjourned at 11.04 a.m. till 11.00 a.m. on Thursday, the 10th December, 1998 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 10th December, 1998 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 15 Ministers, 06 Ministers of State and 151 Members.

[11-00 — 11-10 a.m.]

## MOTION FROM THE CHAIR

### (on heartfelt congratulation to 'NOBLE LAUREATE' Prof. Amartya Sen)

**Mr. Speaker :** Before commencing the business of the day, I want to refer to a very important matter and of great pride to our State and country, i.e., the award to Prof. Amartya Sen of the Nobel Prize. So I want to read this motion which, I hope, all of you would support :

The State Assembly feels extremely happy at this year's Nobel Prize in Economics being awarded to Prof. Amartya Sen. This, indeed, is a matter of pride for West Bengal, India and the entire Third World. After a distinguished academic career at Santiniketan, Presidency College, Calcutta and then at Cambridge, U.K., he excelled at teaching in different universities in India and abroad and carried on pathbreaking research works. Beginning with concern for development and employment generation in less developing countries, his research works moved into the area of social welfare—to the problems of collective choice and then to the problems of inequality. Here, he introduced original ideas on method

of collective choice and measurement of inequality. With all these theoretical contributions, Prof. Sen finally came back to the problems of common people in the third world countries related to unequal distribution, hunger, lack of educational and health facilities, gender based discrimination and to the need for a positive role of Welfare State. This emphasis on the role of welfare state is different from indiscriminate reliance on market forces. This year's Nobel Prize in economics is, therefore, an eminent recognition of the works of Prof. Amartya Sen, and through that also a recognition of a need for a change in emphasis within economics itself.

The State Assembly extends its heartfelt congratulations of Prof. Amartya Sen and the members of his family.

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে প্রস্তাবটি এনেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমি সংক্ষেপে এই বিষয়ে আমার বক্তব্য রাখছি। অধ্যাপক অমর্ত্য সেনের এই বছর অর্থনীতিতে নোবেল প্রাইজ পাওয়ায় আমি অতন্ত আনন্দিত এবং গর্বিত। আপনি সঠিক ভাবেই বলেছেন, এই আনন্দ শুধু পশ্চিমবাংলার নয়, সমগ্র ভারতবর্ষ, বস্তুত তৃতীয় বিশ্বেরও। অধ্যাপক অমর্ত্য সেনের সম্বন্ধে আমরা অনেকই জানি, তবুও কতগুলো কথা বলা দরকার। ছাত্র হিসাবে তিনি অত্যণ্ড কৃতি ছাত্র ছিলেন। ওঁর পড়াশুনার প্রথম দিকে বিদ্যালয় স্তরে এবং মহাবিদ্যালয় স্তরে, তখনকার দিনে ইন্টারমিডিয়েট সায়েন্সে শান্তিনিকেতনে হয়। তারপরে প্রেসিডেন্সি কলেজে সাম্মানিক অর্থনীতির ছাত্র হিসাবে উনি প্রবেশ করেন এবং সাম্মানিক অর্থনীতিতে উনি প্রথম শ্রেনীতে প্রথম হন। উল্লেখ্য, সেই বছরে দ্বিতীয় স্থান অধিকার করেছিলেন খুব খ্যাতনামা আর একজন অর্থনীতিবিদ্ প্রয়াত সুখময় চক্রবর্তী। তারপর অধ্যাপক অমর্ত্য সেন ইংল্যান্ডে গবেষণা করতে যান। আপনার এখানে আছে, ওঁর গবেষণার বিষয় ছিল 'চয়েস অব টেকনিকস্' গবেষণা কাজের জন্য সেই বছরে সবচেয়ে ভাল গবেষককে সম্মান দেওয়া হয়। অ্যাডাম স্মিচ স্কলারশিপ পান এবং তিনি শিক্ষকতা জীবনে প্রবেশ করেন। ভারতবর্ষ এবং বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অত্যন্ত কৃতিত্বের সঙ্গে পড়িয়েছেন। ভারতবর্ষে যাদবপুর বিশ্ববিদ্যালয় তার পড়ানোর শুরু এবং দিল্লি স্কুল অব ইকনমিক্সেও

পড়িয়েছেন। বিদেশে লন্ডন স্কুল অব ইকনমিক্সে, অক্‌সফোর্ড এবং কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে পড়িয়েছেন। আমেরিকাতে বার্কলে, এম আই টি এবং হাভার্ড বিশ্ববিদ্যালয়ে পড়িয়েছেন। যেসব বিশ্ববিদ্যালয়গুলোর নাম করেছি তারমধ্যে হাভার্ড বিশ্ববিদ্যালয় শেষের দিকে অর্থনীতি এবং দর্শন উভয় বিভাগেই লেখক প্রফেসর হিসাবে বিখ্যাত যে উপাধি আছে, সেটাও তিনি পান। সর্বশেষে কেমব্রিজের ট্রিনিটি কলেজে মাস্টার মশাই হিসাবে পড়িয়েছেন। ওনার পড়ানোর অসাধারণ দক্ষতা, প্রাঞ্জলভাবে অর্থনীতির সঙ্গে সংশিষ্ট যে কোনও বিষয়ে খুব প্রাঞ্জলভাবে বলতে পারার দক্ষতা খুব কম লোকেরই আছে। ওঁনার গবেষণার সম্বন্ধে বলার বেশি সময়ও নেই এবং বলা উচিতও হবে না এবং এইভাবে বলতে গিয়ে হয়ত সরলীকরণ হয়ে যাচ্ছে। তবে আমার মনে হয় ওনার গবেষণাকে মূলত ৪টি পর্যায়ে ভাগ করা যায়। প্রথম গবেষণাগুলো শুরু সম্পর্কে আপনিও বলেছেন। প্রথম পর্যায়ে মূলত ষাটের দশক একটা কম উন্নত দেশে যার পুঁজির অভাব আছে, অনেক শ্রমিশক্তি আছে, অথচ মানুষ বেকার, অর্দ্ধ বেকার এই হিসাবে সেই দেশকে কি করে কর্মসংস্থান ঘটিয়ে উন্নয়ন করা যায় এটাই ছিল প্রথম গবেষণার কাছ। এই গবেষণার মূল বিষয় ছিল চয়েজ অব টেকনিকসের উপরে। সেটা ১৯৬০ সালে প্রথম বই হিসাবে প্রকাশিত হয়। এই গবেষণা উনি ষাটের দশকে করেন। তবে সত্তরের দশকেও একটা বইয়ের কথা মনে এসেছে, এমপ্লয়মেন্ট টেকনোলজি অ্যাণ্ড ডেভেলপমেন্ট-এর গবেষণা শুরু হয়। প্রথম পর্যায়ে কাজ হচ্ছে এটা আর তৃতীয় পর্যায়ে যেটা সত্তরের দশকে এবং আসির দশকে ব্যাপ্তি আছে সেটা মূলত কল্যাণকর অর্থনীতি, ওয়েলফেয়ার ইকোনমিক্স এর উপরে কাজ। এই কাজটা অর্থনীতি এবং দর্শন শাস্ত্রের একটা মিলন ক্ষেত্রে। এই হিসাবেই কাজটা বলা ভাল। কল্যাণকর অর্থনীতির একটা সমস্যা নিয়ে যে উনি কাজ করতে শুরু করেছেন, সেখানে যে বিখ্যাত সমস্যা, শুধু অর্থনীতি নয়, রাষ্ট্রবিজ্ঞানও একটা গুরুত্বপূর্ণ সমস্যা হচ্ছে—এই সমস্যা হচ্ছে যে, যে কোনও একটা সমাজে সামাজিক সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে, একেবারে ব্যক্তিগত সিদ্ধান্ত থেকে শুরু করে গণতান্ত্রিক প্রতিক্রিয়া আমরা কি কোনও স্ববিরোধী ছাড়া একটা সামাজিক সিদ্ধান্তে উপনীত হতে পারে? এভাবে ঠিক বলা উচিত নয়, তবুও বলছি—এটা এইরকম পাটিগণিতিক যোগফল করে সংখ্যাধিক্যের সিদ্ধান্তে সব সময় আমরা পৌঁছতে পারি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবহিত আছেন আরেকজন দিক্‌পাল অর্থনীতিবিদ্, নোবেল পুরস্কার বিজয়ী কেনথ্ এডন্ড, তিনি একটা খুব বিখ্যাত কাজ করেছেন। কাজটা খুবই চিন্তারও উনি প্রথমেই যা বলেন তা হচ্ছে। ইমপসিবিল থিয়োরি, সেটা হচ্ছে যে,

[11-10 — 11-20 a.m.]

যদি আমরা সকলেই চাই ব্যক্তিগত সিদ্ধান্ত থেকে শুরু করে সামাজিক সিদ্ধান্ত বা চয়নে উপনীত হতে তাহলে কিন্তু এই কাজটা অসম্ভব, কারণ করতে গেলে অনেক স্ববিরোধিতা চলে আসবে। এটা অনেককে নাড়া দেয়, যারা গণতন্ত্রে বিশ্বাস করে কাজ করতে চান তাদের মূলতত্ত্বের দিক থেকে নাড়া দেয় এই কাজটাই অধ্যাপক অর্মত্য সেন নূতন করে দেখতে শুরু করেন। উনি যে সিদ্ধান্তে উপনীত হন সেটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। এটা সম্ভব। তবে যান্ত্রিকতার বাইরে বেরুতে হবে এবং কোনও সর্বকালের সর্বদেশের জন্য প্রযোজ্য এই ধরণের কোনও তথ্য নেই। প্রত্যেক সমাজ নিজের মতো করে এই সামাজিক তথ্যকে একটা মোটামুটি গণতান্ত্রিক প্রক্রিয়ায় নিয়ে যেতে পারেন। এটা করতে গিয়ে উনি একটা কথা বলেন, সেখানে কিন্তু একজন মানুষকে শুধু ভোগবাদী মানুষ বলে দেখলে চলবে না। তিনি তার ব্যক্তিগত ভোগকে সর্ব্বোচ্চ চূড়ায় তুলছেন এটা অনেকে মনে করার চেষ্টা করেন। শুধু তাই নয়, একজন মানুষের তার একটা সামাজিক সচেনতা আছে, সামাজিক অবস্থান আছে, এবং অধিকারবোধ আছে। এই বৈশিষ্ট্যগুলো নিলে যদিও প্রমাণ করাটা খুব জটিল, কিন্তু সত্যিই এই রকম একটা সামাজিক সিদ্ধান্তে উপনীত হওয়া যায়। যেটা তৃতীয় পর্য্যায়ের কাজের সঙ্গে, তা হচ্ছে, আর্থিক বৈষম্যর সঠিক নিরূপন করা। অনেক সময় অতি সরলীকরণ করে, যান্ত্রিকভাবে বলা হয়, দারিদ্র্য সীমার নিচে কিছু জনসংখ্যা আছে, এক্ষেত্রে দারিদ্র্য বা আর্থিক বৈষম্য এটা মাপা কতটা অসম্পূর্ণ একটু ভাবলেই সেটা বোঝা যায়। কথার কথা বলছি, দুটি দেশে দারিদ্র সীমার নিচে ৪০ শতাংশ মানুষ আছে, একটা দেশে ৪০ শতাংশ মানুষ একেবারে দারিদ্র সীমার কাছে আছে, আর একটায় আরো অনেক নিচে আছে, শুধু যদি দারিদ্র সীমার নিচে নিয়ে হিসাব করা হয় তাহলে দুটো দেশ একই জায়গায় অবস্থান করবে। কিন্তু এটা বেঠিক। এক্ষেত্রে সঠিকভাবে কি করে বৈষম্য নিরূপন করা যায় সেই সম্পর্কে কাজ করেন এবং বিখ্যাত সেন ইনডেক্স একে বলা হয়। সেন-এর নিরীখ বলা যায়, এটা উনি আবিস্কার করেন। ওর গুরুত্ব এখানেই। এটা করতে গিয়ে উনি বারবার বলতে শুরু করেন যে আর্থিক উন্নয়ন এর নিরীখ হিসাবে যে শুধু একটা উৎপাদনবৃদ্ধি কে বলা হয় এটা ঠিক নয়। মাথাপিছু উৎপাদন এর আয়বৃদ্ধিটা একমাত্র নিরীখ নয়। এখানে স্বাক্ষরতার প্রসার কতটা হচ্ছে, জনস্বাস্থ্য কি হবে এবং বৈষম্য দূর করার ক্ষেত্রে কি কি করা হচ্ছে এইগুলি যুক্ত করে উন্নয়ন এর নিরীখ বার করতে হবে। যার কিছুটা স্বীকৃতি রাষ্ট্রসংঘের মানব উন্নয়ন সূচকের সঙ্গে, সবটা আসেনা।

এটা আমি তৃতীয় পর্য্যায়ের আলোচনায় বললাম। চতুর্থত এখন পর্যন্ত শেষ পর্যায়ের যে কাজ প্রথমে তিনি যেটা নিয়ে শুরু করেছিলেন, প্রথম পর্যায়ের গবেষণায় অল্প বয়সে সেখানেই তিনি ফিরে আসেন। এখানে আপনি সঠিক ভাবেই উল্লেখ করেছেন সাধারণ মানুষের মৌলিক সমস্যাগুলি; তার মধ্যে অন্নের সমস্যা, জনস্বাস্থ্য, জনশিক্ষার সমস্যা, এবং যাতে করে লিঙ্গ বৈষম্য না হয়, এই ৪টি মূল বিষয়ে উনি ফিরে আসেন। পৃথিবীর বড় বড় দুর্ভিক্ষগুলি নিয়ে বিশ্লেষণ করুন এবং দেখুন এখানে উৎপাদন নয়, বন্টন হচ্ছে মূল সমস্যা। এবং প্রত্যেকটি ক্ষেত্রে রাষ্ট্রের একটা ইতিবাচক কল্যাণকারী ভূমিকা আছে এবং বারংবার উনি বলতে শুরু করেন এবং সর্বশেষে বইও প্রকাশিত হয়েছে, সেটা পড়ার সুযোগও হয়েছে, '৯৮ সালের এই বছরের মাঝামাঝি ভারতবর্ষের বিভিন্ন অংশের আর্থিক উন্নয়ন এর একটা তুলনামূলক চিত্র তুলেছেন। সেখানেও একই কথা বলেছেন, এবং উনি এখানে বক্তব্য সেই রকম রেখেছেন। এটা আমি বলছি কারণ কিছুদিন হল, ৭/৮ বছর হল, অর্থনীতিতে যারা নোবেল প্রাইজ পেয়েছেন, দেখা যাচ্ছে যারা রাষ্ট্রের এই কল্যাণকর ভূমিকাটা ঠিক মূল জায়গায় আনছিলেন না, একটা নির্বিচার বিচার নীতির দিকে বেশি হেলছিলেন, এবারে কিন্তু নোবেল প্রাইজ দেওয়া হল সম্পূর্ণ একটা বিষয়ের উপরে, যিনি রাষ্ট্রের কল্যাণকারী ভূমিকাটাকে গুরুত্ব দিয়ে তুলে ধরেছিলেন, মনে হল এর থেকে অর্থনীতির মধ্যেও অগ্রাধিকারের ক্ষেত্রে একটা সঠিক জায়গার পরিবর্তন হচ্ছে। তাই ওঁর এই নোবেল প্রাইজ পাওয়াটা শুধু আনন্দের নয়, আপনি সঠিকভাবেই বলেছেন, অর্থনীতির অগ্রাধিকারের দিক থেকে, একটা দিক পরিবর্তন হচ্ছে, তাই আপনার এই প্রস্তাবকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Atish Chandra Sinha :** Hon'ble Speaker, Sir, I am glad that this resolution has been brought today in this August Assembly and it has been very rightly brought and I am sure that all of us should agree with this resolution. We are all very proud not only as Bengalees but also as Indians that Prof. Amartya Sen has been awarded Nobel Prize in Economics. This reminds us of another three great personalities who have achieved Nobel Prize, situated in Calcutta—their working place were mostly in Calcutta, C. V. Raman, as you know, then our Kabi Guru Rabindra Nath Tagore and then Mother Teresa just before Prof. Amartya Sen who

won the Nobel Prizes and made Calcutta very proud. Dr. Dasgupta has already pointed out in details about the philosophy in which Prof. Amartya Sen engaged himself. We are the inhabitants of the third world country. We witnessed many famines and a large number of people in India still are living below the poverty line and Prof. Amartya Sen in his long years of work has always tried to find out ways in which the poor people living below the poverty line in the third world countries can improve their lot. I hope that his philosophy, his work, his books will stand on a good state in future so that the problems that we face in third world countries can be overcome in the future. In this connection I would also like to mention that people like Prof. Amartya Sen who were doing great works in outside countries—can we not find out ways by which we can utilise his great merits in teaching in our universities in West Bengal or in India so that students in general can benefit from his great learning. I hope that Prof. Amartya Sen would be devoting more time and energy in the country from which he originates. In this connection rightly we extend our heartiest felicitations to Prof. Amartya Sen in achieving this great goal and we extend our good wishes not only to Prof. Amartya Sen but also to whole of his family.

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি যে, আপনি এই হাউসে হার্টফেল্ট কনগ্রাচুলেশন জানাচ্ছেন আমাদের দেশের এবং পশ্চিমবাংলার যিনি গৌরব সেই অমর্ত্য সেন নোবেল পুরুষ্কার বিজয়ী হয়েছেন তার সম্পর্কে প্রস্তাব এনে। এর ফলে আমাদের বিধানসভার গৌরব বেড়েছে এবং এই অমর্ত্য সেন ভারতবর্ষের এবং পৃথিবীর অর্থনৈতিক জগতে যে বৈপ্লবিক গবেষণা করেছেন তারজন্য আমরা গর্বিত। রবীন্দ্রনাথ ঠাকুর, মাদার টেরিজার পরে তিনি নোবেল পুরস্কার পাওয়াতে আমরা গর্বিত এবং তিনি যে অর্থনৈতিক বিষয়ে নতুন ভাবনাচিন্তা করেছেন এবং পৃথিবীর অর্থনীতিবিদদের নতুন করে ভাবনা করতে যে আলোকপাত করেছেন যা আজও অবধি পৃথিবীতে কেউ করেনি বাঙালি হিসাবে,

ভারতবাসী হিসাবে আমরা গৌরববোধ করি এবং আমাদের এই বিধানসভা তার এই সম্মানে সম্মানিত হয়েছে এবং দেশ সম্মানিত হয়েছে, তার সম্মানকে আমরা শ্রদ্ধা জানাই। আমাদের এই বিধানসভা থেকে তাকে আমরা সশ্রদ্ধ সম্মান এবং প্রীতি ও ভালোবাসা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আজকে হাউসে ডঃ অমর্ত্য সেনকে অভিনন্দন জানানোর যে প্রস্তাব আনা হয়েছে, তাতে যুক্ত হতে পেরে নিজেকে গৌরবান্বিত বোধ করছি। তাঁর প্রতি এই সম্মান শুধু বাংলার নয়, ভারতেরও সম্মান। আজকে স্টকহোমে তাঁকে নোবেল প্রাইজ দেওয়া হবে, এটা আমাদের কাছে একটা অত্যন্ত আনন্দের দিন। এই বিষয়ে আমি দু-একটি কথা বলতে চাই।

এই সম্মান শুধু তাঁকেই দেওয়া হয়নি, যে-কথা উনি নোবেল প্রাইজ পাওয়ার দিনই বলেছেন, যে ধরণের অর্থনীতির চর্চা করে থাকেন উনি ওয়েলফেয়ার ইকনমিকস, কল্যাণকর অর্থনীতি, প্রকৃতপক্ষে এটা তারই সম্মান। আর একটা কথা স্যার, নোবেল কমিটি যে সবসময় যোগ্য লোককে এই সম্মান দিচ্ছে, তা নয়। অসীমবাবু আমার সঙ্গে এই বিষয়ে একমত হবেন নিশ্চয়। অর্থনীতিতে এবার, স্যামুয়েল-এর মতো বড় বড় অর্থনীতিবিদরাই সম্মান পেয়েছেন। গত বছর যারা নোবেল প্রাইজ পেয়েছিলেন অর্থনীতিতে, তারা শেয়ার মার্কেটের থিয়োরি তুলে ধরেছিলেন এবং একটা হেজ-ফাণ্ডের কথা বলেছিলেন—যেটা এখন উঠে গেছে। অর্থাৎ অর্থনীতিতে একেবারে জোলো বিষয় সেটা

অমর্ত্য সেন যে নোবেল প্রাইজ পেয়েছেন, তাতে অর্থনীতিরই সম্মান বেড়েছে, ওনার নয়। কেননা, গত দশ বছর ধরেই তাঁর নাম এই বিষয়ে আলোচিত হয়েছে। সেখানে অন্যান্যরা পেয়েছেন, তিনি পাননি। যেটা অসীমবাবু উল্লেখ করেছেন, অমর্ত্য সেনের কাজ মূলত তৃতীয় বিশ্বের ব্যাপার নিয়ে। এবং বাংলাদেশে যে দুর্ভিক্ষ হয়েছিল, তাতে প্রমাণ হয়েছিল যে, যথেষ্ট ফসল থাকলেও যদি বন্টন ব্যবস্থা ঠিক না থাকে, তাহলে দুর্ভিক্ষ হতে পারে। এটা একটা গুরুত্বপূর্ণ কাজ। তিনি বারবারই বলেছেন, জি. এন. পি. বা জাতীয় আয় বাড়ানোই গুরুত্বপূর্ণ নয়, কি ভাবে বন্টিত হচ্ছে, সেটাই গুরুত্বপূর্ণ। তাঁর এই কাজের ফলে সারা পৃথিবীতে কল্যাণকর অর্থনীতির দিকে ঝোঁক বেড়েছে। তিনি নোবেল প্রাইজ পাওয়ার ফলে সারা পৃথিবীর দৃষ্টি এদিকে ঘুরবে।

এটা ঠিক আজকে পুঁজিবাদী দুনিয়া একটা সঙ্কটের মধ্যে দিয়ে যাচ্ছে। তাঁর কাজ টিপিক্যাল ক্যাপিটালিস্ট ইকনমিস্ট ফিডম্যানের মতো নয়। তিনি বলেছেন, শুধু টাকা বা প্রফিটের পেছনে দৌড়নটাই ঠিক নয়, মানুষের মান উন্নত করতে হবে। আজকের কাগজে দেখলাম ১৯৪৭ সালে মহাত্মা গান্ধীর নোবেল প্রাইজ পাওয়ার কথা উঠেছিল, কিন্তু তখনকার নোবেল কমিটি তা দেয়নি। অথচ হেনরি কিসিংগারের মতো লোক পেয়েছে এবং অনেক অকিঞ্চিতকর লোকেরা পেয়েছে। ডঃ অমর্ত্য সেন আন্তর্জাতিক অর্থনীতির ক্ষেত্রে অনেক দেরিতে হলেও এই সম্মান পেয়েছেন। ডঃ অমর্ত্য সেন সম্প্রতি ভারতীয় অর্থনীতির উপর কাজ করেছে। এবং পলরুজের সঙ্গে ভারতীয় অর্থনীতির উপর একটা বই বের করেছেন। তাঁর এই সম্মান যেন আমরা রাজনৈতিক উদ্দেশ্যে কাজে না লাগাই। কেননা, তিনি এর উর্দ্ধে বিরাজ করেন। কালকেই একটা ইন্টারভিউতে তিনি বলেছেন, আমি বাজার অর্থনীতি এবং বিশ্বায়নকে সমর্থন করি এবং বাজার ব্যবস্থা ও বন্টনকেও সমর্থন করি। তাই তাঁকে যদি পিওরলি বামপন্থী অর্থনীতিবিদ বলে ভাবেন বা টিপিক্যাল ক্যাপিটালিস্ট অর্থনীতিবিদ বলে ভাবেন তাহলে ভুল হবে। ওঁর সব কাজই খুব উন্নত পর্যায়ের, একটা মানুষকে ভাবতে সাহায্য করে। উনি অর্থনীতিকে দর্শনের পর্যায়ে নিয়ে গিয়েছেন। এটা একটা বিরল সম্মান। পশ্চিমবাংলার ক্ষেত্রে উনি বলেছেন যে কৃষির ক্ষেত্রে, ভূমিসংস্কারের ক্ষেত্রে উন্নতি করেছে। সেই তুলনায় স্বাস্থ্য এবং শিক্ষার ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে। যেখানে কেরালা আমাদের থেকে এগিয়ে আছে শিক্ষা এবং স্বাস্থ্যের ক্ষেত্রে। অধ্যাপক অমর্ত্য সেনকে যথার্থ সম্মান জানানো হবে যদি আমরা পশ্চিমবাংলায় শিক্ষা এবং স্বাস্থ্যের মানকে উন্নত করতে পারি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** অধ্যাপক অমর্ত্য সেনের নোবেল পুরস্কার লাভের জন্য তাঁকে অভিনন্দন জানাই। তাঁকে অভিনন্দন জানানোর জন্য যে প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে সমর্থন করছি। আমাদের সকলের পক্ষেই এটা গৌরবের বিষয়। তৃতীয় বিশ্বের যে অনুন্নত দেশগুলো আছে সেই সমস্ত দেশের পক্ষে এই সম্মান অত্যন্ত গৌরবের। আজকে সবচেয়ে বড় লক্ষনীয় যে, যে বিষয় অর্থনীতির ট্র্যাডিশন্যাল ক্ষেত্র তার বাইরেও যে দিকগুলো আছে সে দিকে তিনি গুরুত্ব দিয়েছেন। পশ্চাদপদ দেশগুলো, তাদের ক্ষুধা, দারিদ্র, যন্ত্রণা এগুলোকে কাটিয়ে উঠে, কি করে তারা সামনে আসতে পারে, তাদের বেকারি দূর করতে পারে সে দিকে দিক নির্দেশ করেছেন। তিনি অভিনন্দন যোগ্য এই কারণেই। তিনি এই সম্মানের অধিকারী। তিনি যে হঠাৎ করে, রাতারাতি নোবেল পুরস্কারের জন্য বিখ্যাত হয়ে উঠেছেন তা

নয়। প্রথিতযশা সমস্ত বিশ্ববিদ্যালয়ে তিনি অধ্যাপনা করেছেন, গবেষণার কাজে তাঁর কৃতিত্বের স্বাক্ষর রেখেছেন। তারই ফলশ্রুতি এই নোবেল পুরস্কার। তাই আমরাও তাঁর এই সম্মানে তাঁকে অভিনন্দন জানাই। কলকাতায় তাঁকে যেমন নাগরিক সম্বর্ধনা দেওয়া হবে, আমাদের বিধানসভার পক্ষ থেকে তাঁকে সম্বর্ধনা দেওয়ার জন্য আমি অনুরোধ রাখছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অধ্যাপক অমর্ত্য সেনের নোবেল পুরস্কার পাওয়ার বিষয়ে সমর্থন করে হাউসে যে প্রস্তাব আনা হয়েছে আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। এটা নিঃসন্দেহে অত্যন্ত গৌরবের বিষয়। দেশের একজন কৃতী সন্তান হিসেবে তিনি এই সম্মান পেয়েছেন। তাঁর এই স্বীকৃতি যদিও প্রাসঙ্গিক তবুও আমি বলব যে অতীতে আমাদের দেশের প্রতিথযশা বিজ্ঞানী আচার্য্য জগদীশচন্দ্র বসু, মেঘনাদ সাহা, সত্যেন্দ্রনাথ বোস, সাহিত্যিক শরৎচন্দ্র, এই সমস্ত কৃতী সন্তানেরা তাঁদের যথাযোগ্য স্বীকৃতি পান নি রাজনৈতিক কারণে কিন্তু আজকে অমর্ত্য সেনের এই স্বীকৃতি নিশ্চয়ই গৌরবের। তৃতীয় বিশ্বের দেশগুলোর সমস্যা সম্পর্কে তাঁর যে কনসার্ণ সেটাও অভিনন্দন যোগ্য যদিও একজন বৈজ্ঞানিক সমাজতন্ত্রের ছাত্র হিসেবে সব সময়ে আমি তাঁর সঙ্গে ঐক্যমত একথা বলতে পারি না, তবুও তাঁর অবদানের জন্য তাঁকে যে স্বীকৃতি দেওয়া হয়েছে তা সমর্থন করছি।

[11.30 — 11.40 a.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মিঃ স্পিকার স্যার, অধ্যাপক অমর্ত্য সেনের নোবেল পুরস্কার পাওয়াকে কেন্দ্রকরে আজকে বিধানসভায় যে প্রস্তাব এসেছে তাকে আন্তরিকভাবে সমর্থন করছি এবং সাথে সাথে আমার মনে হয় যে আজকে অমর্ত্য সেন তাঁর কাজের যে স্বীকৃতি পেয়েছেন এই স্বীকৃতি আরও অনেক আগেই আসা উচিত ছিল। সম্ভবত ভারতীয় বলেই কি না জানি না এই স্বীকৃতি পেতে তাঁর এত দেরী হলো। সুদীর্ঘ দিন ধরে তিনি তৃতীয় বিশ্বের দেশগুলির অর্থনীতির যে দিক নির্দেশ করছিলেন তাঁর লেখার মধ্যে দিয়ে তাঁর কাজের মধ্যে দিয়ে এবং বহুবার তাঁর নোবেল পুরস্কার পাওয়া সম্পর্কে আমরা সংবাদপত্রে দেখেছি, কিন্তু পরবর্তীকালে তাঁকে আর দেওয়া হয় নি। তাঁর কাজের যে স্বীকৃতি এখন তিনি পেয়েছেন তার জন্য আমি বাংলার মানুষ হিসাবে গর্ববোধ করছি। তিনি যে দেশগুলির জন্য তাঁর এই অর্থনীতির কথা বলেছেন সেটা তৃতীয় বিশ্বের দেশগুলিতে যে সরকার আছে

তারা যদি এর প্রয়োগ করে সত্যিকারের সুফল যাতে পেতে পারে এবং তার প্রয়োগ যাতে হয় সেটাই আমরা আশা করব। আরেকবার আমি অধ্যাপক অমর্ত্য সেনকে নোবেল পুরস্কার পাওয়ার জন্য আন্তরিক অভিনন্দন ও শ্রদ্ধা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভায় যে প্রস্তাব ডঃ অমর্ত্য সেনকে নিয়ে আনা হয়েছে তাকে সমর্থন করছি এবং এই গৌরবের ভাগীদার হিসাবে বাঙালি তথা ভারতীয় হিসাবে আমরা নিশ্চয়ই গর্ববোধ করতে পারি। ইদানীংকালে আমাদের বিভিন্ন দেশে যে অর্থনৈতিক ক্রিয়াকাণ্ড চলছিল তার বিকল্প হিসাবে তৃতীয় বিশ্বের দেশগুলির কল্যাণকামী অর্থনীতি হিসাবে যে চিত্র তুলে ধরেছেন এবং যে বৈষম্যমূলক ব্যবস্থা এবং গণবন্টন ব্যবস্থা করা দরকার এবং উৎপাদন বৃদ্ধি হলেও যে দুর্ভিক্ষ হতে পারে সেই ধরণের একটা নতুন পথের দিশা আমাদের কাছে উপস্থিত করেছেন সেই দিক থেকে সমগ্র তৃতীয় বিশ্বের এবং দুনিয়ার বিভিন্ন দেশের অর্থনীতির যে বাজার তাকে একমুখী করার চেষ্টা করছিলেন তার বিকল্প হিসাবে তিনি যে অর্থনীতির দিক নির্ণয় করেছেন তার জন্য আজকে বিশ্বের দরবারে যে স্বীকৃতি পেয়েছেন সেটা আমাদের কাছে গৌরবের বিষয়। সেই দিক থেকে পশ্চিমবঙ্গ বিধানসভায় আজকে তাঁকে সম্মান জানাবার জন্য যে প্রস্তাব উপস্থিত হয়েছে তাকে সমর্থন জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি এবং আমি নিজেও গর্ববোধ করছি আমাদের দেশের কৃতি সন্তানের নোবেল পুরস্কার পাওয়ার জন্য।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় ভারতগৌরব তথা বাংলার কৃতি সন্তান ডঃ অমর্ত্য সেনের নোবেল পুরস্কার পাওয়াকে কেন্দ্র করে যে প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে সম্মান জানাচ্ছি এবং এতে অংশ গ্রহন করে আমি নিজে গৌরবান্বিত। ডঃ অমর্ত্য সেনের এই অমর্ত্য নামটা যতদূর জানি রবি ঠাকুরের দেওয়া এবং ১৯১৩ সালে রবি ঠাকুর নোবেল পুরস্কার পেয়ে ছিলেন, আর তার পরে আবার ১৯৯৮ সালে ডঃ সেন নোবেল পুরস্কার পেলেন তিনি। এটা খুবই গৌরবের বিষয়। ডঃ অমর্ত্য সেন কেমব্রিজের ট্রিনিটি কলেজের অধ্যাপক। তিনি দুর্ভিক্ষ সংক্রান্ত থিয়োরির জন্য আজকে জগৎ বিখ্যাত। তিনি সাধারণ মানুষের অন্তঃস্থলে পৌঁছে গেছেন। তিন মনুষের দুঃখ, দারিদ্র, অভাব নিয়ে দীর্ঘদিন ধরে আলোচনা করছেন। অনেকদিন আগেই তাঁকে এই 'নোবেল' পুরস্কারে ভূষিত করা উচিত ছিল। যাইহোক শেষ পর্যন্ত অর্থনীতিতে তাঁকে নোবেল পুরস্কার

দিয়ে তাঁর সাথে তৃতীয় বিশ্বকেও সম্মানিত করা হয়েছে। তাই তাঁর এই জয় তৃতীয় বিশ্বেরও জয়। আমি তাঁকে শ্রদ্ধা এবং সম্মান জানিয়ে এই হাউসের চেয়ার থেকে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী কমল গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি খুব উপযুক্ত সময়ে এই প্রস্তাব এনেছেন। আরো ভালো হত যদি এই প্রস্তাব মুভ করার পর আমরা সকলে এক সাথে এতে সম্মতি জানিয়ে দিতাম। এই বিষয়ে বিশদ আলোচনা করার কিছু নেই। আমি শুধু আপনাকে অনুরোধ করছি যে, বিধানসভাতে আমরা এই যে প্রস্তাব নিলাম তা যেন এখনই পার্লামেন্টে সরকার পক্ষকে জানিয়ে দেওয়া হয়। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় যে, পশ্চিমবঙ্গ বিধানসভা তার দায়িত্ব পালন করেছে।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডঃ অমর্ত্য সেনকে অর্থনীতিতে নোবেল পুরস্কারে ভূষিত করাতে আমরা আনন্দিত এবং গর্বিত। এটা শুধু পশ্চিমবাংলা নয়, ভারতবর্ষ তথা তৃতীয় বিশ্বের গর্বের বিষয়। অর্থনীতির ক্ষেত্রে তিনি যে বিষয়কে কেন্দ্র করে তাঁর সারা জীবনকে গবেষনায় নিমগ্ন রেখেছেন তা হল, সাধারণ মানুষের অর্থনৈতিক অবস্থার কি ভাবে উন্নতি করা যায়। এবং অভাব, অনটন ও বৈষম্য কিভাবে দূরীভূত করা যায়। তাছাড়াও, বিশ্বায়নের পথে অর্থনীতির ক্ষেত্রে রাষ্ট্রের কি ভূমিকা হবে, পিছিয়ে পড়া অংশের মানুষের জীবন-যাত্রাকে কি ভাবে ভালো করা যায়, সেসব নিয়েও ভেবেছেন। যে তত্ত্বের উপর ভিত্তি করে তিনি এই নোবেল লাভ করেছেন তাতে অর্থনৈতিক বিষয়ে রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে একটা পথ উন্মুক্ত হয়েছে। এতে পিছিয়ে পড়া মানুষের অনেকখানি কল্যাণসাধন হবে। তাই আজকে চেয়ার থেকে ডঃ অমর্ত্য সেনের প্রতি সম্মান জানানোর জন্য যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করছি এবং ডঃ সেনকে আমার অকুণ্ঠ শ্রদ্ধা ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব চেয়ার থেকে আনা হয়েছে ডঃ অমর্ত্য সেনকে অভিনন্দন জানানোর জন্য তাকে আমি সমর্থন করছি। ডঃ সেনের নোবেল পাওয়াতে সামগ্রীক ভাবে আমরা সবাই গর্বিত। তবে অনেকে এটা বলেছেন যে, তাঁকে অনেক দেরী করে এই পুরস্কারে ভূষিত করা হল। এমন কি ওনার মা-ও সংবাদ পেয়ে বলেছেন, প্রত্যেক বারই মুখে মুখে এই রকম সংবাদ প্রকাশ পায় কিন্তু পরে দেখা যায় যে তা সত্য নয়। যাইহোক, এবারে ডঃ সেন সত্যি সত্যিই নোবেল পুরস্কার পেলেন। ডঃ সেনের পরিবারের প্রত্যেককে ধন্যবাদ

দেওয়ার সাথে সাথে আমি শুধু একটা সংযোজন করতে চাই। ডঃ সেনের নোবেল পাওয়ার ব্যাপারে একটা পাগল প্রশ্ন চিহ্ন দিয়ে বিষয়টাকে কলুষিত করেছেন। তাকে গ্রেপ্তার করে কারাগারে নেওয়া যায় কিনা সেটা এই প্রসঙ্গে ভেবে দেখা দরকার। তাঁর নাম সুবোধ রায়। তিনি যথেষ্ট কলুষিত করার চেষ্টা করেছেন। অনেক লোকের মধ্যে এই জিজ্ঞাসা চিহ্নটা এসেছে যে প্রকৃতপক্ষে এটা আউট-রাইট নোবেল পুরস্কার, অথবা নোবেল পুরস্কার যাঁরা দিচ্ছেন তাঁরা দিচ্ছেন, কিন্তু ওটা সুইডেন ব্যাঙ্কের টাকা অথবা সুইস ব্যাঙ্কের। মাননীয় অর্থমন্ত্রী, উনিও অর্থনীতির ছাত্র, উনি যদি এই ব্যাপারটা পরিস্কার করে দিতেন তাহলে ভাল হতো। কারণ কোনও সন্দেহ নেই যে একটা জিজ্ঞাসা চিহ্ন কিছু মানুষের মধ্যে এসেছে। যদি এটা চিট্ করা হয় তাহলে গ্রেপ্তার হয় আইনে। সুতরাং এই প্রসঙ্গটা একেবারে যদি উড়িয়ে না দেয় তাহলে ভাল হয়। আমি নতুন করে কিছু বলছি না। অমর্ত্য সেন আমাদের গর্ব। তবে একটা কথা বলছি যে, এর আগে যাঁরা নোবেল পুরস্কার পেয়েছিলেন, রবীন্দ্রনাথ ঠাকুর যখন নোবেল পুরস্কার পেয়েছিলেন তখন যে উৎসাহ, উদ্দীপনা শহরের মানুষের মধ্যে দেখেছিলাম, দেশের মানুষের মধ্যে এবারে সে জিনিস দেখছি না। তার কারণ বোধহয় বিষয়টির জন্য। আরেকটা বিষয়ে তাঁকে ধন্যবাদ দিতে হবে, সেটা হচ্ছে যে এই একটি মানুষ দীর্ঘদিন বিদেশে আছেন, বিদেশে গবেষণা করেছেন, কিন্তু কোনওদিন ভারতবর্ষের নাগরিকত্ব ত্যাগ করেন নি। ভারতবর্ষের নাগরিক হয়ে বিদেশে গবেষণা করে তিনি নোবেল পুরস্কার পেয়েছেন—এটা যদি সংযোজিত থাকত তা হলে ভাল হতো। আমি আপনাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে আবার একে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সন্দেহের কোনও কারণ নেই যে, পশ্চিমবঙ্গ বিধানসভায় আজকে যে গুরুত্বপূর্ণ প্রস্তাব আনা হয়েছে তার জন্য পশ্চিমবঙ্গ বিধানসভার আজকের দিনটা একটা স্মরণীয় দিন। ডঃ অমর্ত্য সেন সারাজীবন গরিব মানুষের জন্য, অসহায় মানুষের জন্য যে ত্যাগ স্বীকার করেছেন তারজন্য আমরা ঝাড়খণ্ডী মানুষরা আপনাদের মতো আমরাও গর্বিত। তিনি যে অক্লান্ত পরিশ্রম করেছেন তার জন্য আমরা ঝড়খণ্ডী মানুষরা গর্বিত। ডঃ সেনের এই যে স্বীকৃতি, যে পুরস্কার তিনি পেয়েছেন, এজন্য আমরা গর্বিত। আমি ঝড়খণ্ডী জনপ্রতিনিধি হিসেবে ঝড়খণ্ডী মানুষদের পক্ষ থেকে ডঃ অমর্ত্য সেনের দীর্ঘ জীবন কামনা করছি এবং ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার তোলা এই প্রস্তাবকে আমরা সর্বসম্মতিক্রমে গ্রহণ করছি এবং কমলবাবুর প্রস্তাব অনুযায়ী চিঠি দিল্লিতে আমাদের পাঠিয়ে দেওয়া উচিত। শ্রী অমর্ত্য সেনের নোবেল পুরস্কার প্রাপ্তিতে আমরা সবাই গর্বিত। অনেকেই বলেছেন আগেই পাওয়া উচিত ছিল। কিন্তু এই সময়টাও খুব তাৎপর্যপূর্ণ। সোভিয়েত ইউনিয়নের বিপর্যয়ের পর যখন ইউরোপের দক্ষিণপন্থী শক্তি হাত তুলে চিৎকার করছে বামপন্থার দিকে—দেয়ার ইজ নো অলটারনেটিভ। দেয়ার ইজ নো অলটারনেভিট,—মার্গারেট থ্যাচারের কথা। অর্থাৎ আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক যা বলবে তৃতীয় দুনিয়ার দেশগুলোকে ঘাড় ধরে তারা তা শুনতে বাধ্য করবে। এছাড়া কোনও পথ নেই। এশিয়ান টাইগার্সদের বিপর্যয় আমাদের দেখিয়ে দিয়েছে, দেয়ার ইজ নো অলটারনেটিভ ব্যর্থ। আই. এম. এফ., ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রশ্নে তৃতীয় দুনিয়ার কাজ হচ্ছে না। সেই তৃতীয় দুনিয়ার আসল সমস্যা তিনটে স্তম্ভের উপর দাঁড়িয়ে বোঝার চেষ্টা করেছেন শ্রী অমর্ত্য সেন। সেগুলো হল—ল্যাণ্ড রিফর্ম, মাস্‌লিটারেসি এবং স্বাস্থ্য পরিষেবা। আমরা ভারতীয়রা এর থেকে শিক্ষা গ্রহণ করতে পারি, তৃতীয় দুনিয়ার মানুষরা আমরা শিক্ষা গ্রহণ করতে পারি এবং এই যে দৃষ্টিকোণ তিনি ঘুরিয়ে দিয়েছেন তৃতীয় দুনিয়ার সমস্যার দিকে তাকিয়ে,—এই সময়ে এটা খুবই তাৎপর্যপূর্ণ পৃথিবীর অর্থনীতির ক্ষেত্রে। আগামী ২৭ তারিখে আমরা সকলে মিলে সমবেত হয়ে আমাদের রাজ্যে সংবর্ধনা জানাব শ্রী অমর্ত্য সেনকে। আমি আপনার মাধ্যমে আপনাদের সকলকে নিমন্ত্রণ করি। আসুন ২৭ তারিখে আমরা সমবেত হই তাঁকে সম্মান দেখানোর জন্য।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে প্রস্তাব এনেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ। সঠিক সময়ই আপনি এই প্রস্তাব এনেছেন। প্রস্তাবকে সমর্থন করার মধ্যে দিয়ে এই রকম একজন মানুষকে অভিনন্দন জানানোর ব্যাপারটা আমাদের সকলের পক্ষেই খুব গর্বের ব্যাপার। বাঙালি হিসাবে কোনও রকম প্রাদেশিকতার দ্বারা আক্রান্ত না হলেও আমরা নিশ্চয়ই তাঁকে নিয়ে গর্ব করতে পারি, অহংকার করতে পারি। ডঃ অমর্ত্য সেন শুধু মাত্র পশ্চিমবাংলার বা ভারতবর্ষেরই নয়, তিনি এই উপমহাদেশ তথা গোটা এশিয়ার গর্ব। তিনি তৃতীয় বিশ্বকে যে জায়গায় নিয়ে গেছেন তাতে তা আজকে সাম্রাজ্যবাদী, পুঁজিবাদী দুনিয়ার কাছে একটা বড় ধরণের বি ফিটিং রিপ্লাই। এ জন্যও আমরা গর্বিত। আগামী ২৭ তারিখ পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে গণ-অভিনন্দন জানাবার ব্যবস্থা হয়েছে। এই প্রসঙ্গে আমি শুধু একটা কথা বলতে চাই, তিনি বামপন্থী, কি দক্ষিণপন্থী, এটা

কোনও প্রশ্ন নয়—যাঁরা মানুষের জন্য ভাবেন, দরিদ্র, ক্ষুধার্থ, বুভুক্ষু মানুষের জন্য ভাবেন তাঁরা বাম-পন্থী, না দক্ষিণ-পন্থী, এটা বিশ্বের সব মানুষই জানেন। এটা আজকে আর অস্বীকার করার উপায় নেই যে, তাঁর গবেষণার বিষয় বাম-পন্থী মতেরই বহিঃপ্রকাশ। সে জন্য আমাদের মনে কিন্তু বাড়তি উন্মাদনা আছে। এ ক্ষেত্রে অধ্যাপক ডঃ অমর্ত্য সেনের এই গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ভূমিকাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যাঁরা সক্রিয়ভাবে, প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে সাহায্য করেছেন তাঁদের সকলের কাছেই আমরা কৃতজ্ঞ। তাঁদের সকলকে কৃতজ্ঞতা এবং অভিনন্দন জানিয়ে, আমি ডঃ অমর্ত্য সেনকে আমার কৃতজ্ঞতা, ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি।

**Mr. Speaker :** I hope that everybody has supported the motion.

... (Voices : Yes, yes) ...

The motion is adopted nem con.

As per request of Shri Kamal Kanti Guha and Shri Buddhadeb Bhattacharjee, it will be sent to the Central Government and to the Lok Sabha.

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 39th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 39th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on the 8th December, 1998 and recommended the following programme of business from 10.12.98 to 16.12.98 :

| | | |
|---|---|---|
| 10.12.98 Thursday | The West Bengal School Service Commission (Amendment) Bill, 1998<br>(Introduction, Consideration & Passing) | ... 1 hr. |

| | | | |
|---|---|---|---|
| 14.12.98 Monday | (i) | The Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | ... 1 hr. |
| | (ii) | The City Civil Court (Amendment) Bill, 1998 (West Bengal Amendment) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | ... 1 hr. |
| 15.12.98 Tuesday | (i) | The Kalyani University (Amendment) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | ... 1 hr. |
| | (ii) | The Wakf (West Bengal Amendment) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | ... 1 hr. |
| 16.12.98 Wednesday | Non-official Business. | | |

(i) There will be no sitting of the House on Friday, the 11th December, 1998.

(ii) There will be no Questions for Oral Answer and Mention Cases on Wednesday, the 16th December, 1998.

Now the Minister-in-charge of Parliamentary Affairs Dept. may please move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 39th Report of the Business Advisory Committee, as presented in the House, be accepted.

The motion was then put and agreed to.

## STARRED QUESTIONS
### (to which answers were given)

### রাজ্যের পুর এলাকায় ঐতিহ্যবাহী ভবন

*১। (অনুমোদিত প্রশ্ন নং *৩২) **শ্রী অজয় দে ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) রাজ্যের পুর এলাকাগুলির পুরাতন ভবন ও স্থাপত্যকর্মকে "ঐতিহ্যবাহী ভবন" হিসাবে ঘোষণা করার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কিরূপ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে কলকাতা পৌর আইন ১৯৮০ তে এই বিষয়ে ২৩এ নামে একটি নতুন অনুচ্ছেদ সংযোজিত হয়েছে। অন্যান্য পৌর আইনে বা বিধিতে অনুরূপ একটি অনুচ্ছেদ সংযোজিত করার পরিকল্পনা সরকারের আছে।

[11.50 — 12.00 Noon]

**শ্রী অজয় দে ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি ১৯৮০ সালের পৌর আইন অনুযায়ী কলিকাতা পৌর এলাকার যে ঐতিহ্যবাহী ভবনগুলি আছে সেগুলি ঘোষণা করেছেন এবং সম্প্রতি কলকাতার বেশ কিছু পুরাতন ভবন এবং স্থাপত্যের কাজ চিহ্নিত ওল্ড হেরিটেজ ঘোষণা করেছেন। আমার প্রশ্ন, আপনার কি পরিকল্পনা আছে, সি. এম. ডি. এ. এলাকার বাইরে, কলিকাতা পৌরসভার বাইরে অন্যান্য যে সমস্ত পুরানো শহরগুলি আছে সেইসব শহরগুলির ক্ষেত্রে আপনার কি পরিকল্পনা আছে? এরজন্য কি পৌর আইন সংশোধন করতে হবে, আলাদা করে কমিটি করে কি চিহ্নিত করবেন—এই ব্যাপারে যদি ডিটেলসে বলেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** কলিকাতা পৌর আইনের সংশোধন ইতিমধ্যেই হেরিটেজ বিল্ডিং সম্পর্কে নতুন যে অধ্যায় সেটা অন্তর্ভুক্ত করেছি। অন্যান্য পৌর কর্পোরেশনের

যে আইন এবং পশ্চিমবঙ্গ পৌর আইন সেগুলি সংশোধন করতে হবে। কিন্তু ইতিমধ্যেই বিলডিং রুলসের যে বিধিগুলি আছে সেই বিধির ভিতরেই কলিকাতা পৌর কর্পোরেশন সম্পর্কে একটা অধ্যায় বিলডিংস রুলসের মধ্যেই অন্তর্ভুক্ত করার উদ্যোগ নিয়েছি এবং এর সঙ্গে সম্পর্ক রেখে আইনের সামান্য কিছু সংশোধন করতে হতে পারে, সেই উদ্যোগ নিচ্ছি। (২) এই যে এক্সপার্ট কমিটি অন হেরিটেজ বিলডিং তারা যে সুপারিশ সরকারের কাছে দিয়েছে, তাদের সুপারিশ নীতিগত সহমত পোষণ করে ওয়েস্ট বেঙ্গল স্টেট হেরিটেজ কমিশন গঠন করার সিদ্ধান্ত নিয়েছি। এরজন্য নতুন একটা আইন তৈরি করতে হবে। বর্তমানে যে আইন আছে সেই আইনের সংশোধন করে অন্তর্ভুক্ত করা যায় কিনা সেটাও চিন্তা-ভাবনা করছি। ওয়েস্ট বেঙ্গল স্টেট হেরিটেজ কমিশন যখন তৈরি হয়ে যাবে তখন কলকাতার বাইরে, শহর এবং গ্রামাঞ্চলে (পশ্চিমবঙ্গে) যে ঐতিহাসিক স্থাপত্যগুলি আছে স্থাপত্যের দিক থেকে বা অন্যান্য দিক থেকে যে সমস্ত গুরুত্বপূর্ণ বাড়ি-ঘর, পার্ক ইত্যাদি আছে সেগুলি এই তালিকার মধ্যে অন্তর্ভুক্ত করতে পারব। এই উদ্যোগ আমরা নিচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** আপনি বলেছেন, হেরিটেজ বিলডিং গঠন করছেন এবং এরজন্য উদ্যোগ নিয়েছেন। আমার প্রশ্ন, এই কমিশনের মেম্বার কারা হবেন—কলকাতা বেস যারা আছেন তারা হবেন, নাকি এলাকাভিত্তিক যারা বিশিষ্ট ব্যক্তিরা আছেন, দীর্ঘদিন ধরে প্রশাসনের সঙ্গে যারা যুক্ত আছেন—এই ধরণের ব্যক্তিদের নিয়ে হবে—অর্থাৎ কিভাবে কমিটির মেম্বার সিলেকশন করবেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** এক্সপার্ট কমিটির যে সুপারিশ হয়েছে তাতে বলা হয়েছে ২১ জন মেম্বার নিয়ে কমিটি হবে। এই কমিটির চেয়ারম্যান হবেন একজন ঐতিহাসিক বা এই ধরণের বিষয়গুলি সম্পর্কে যিনি বিশেষজ্ঞ তিনি হবেন। এ ছাড়া সরকারের প্রতিনিধি থাকবেন, বেসরকারি লোকজন থাকবেন। ২১ জন মেম্বার নিয়ে যে হেরিটেজ কমিশন তৈরি করা হবে তার ভিতরে সরকারের লোক থাকবে, বেসরকারি লোক থাকবে, বাণিজ্যিক সংস্থা অর্থাৎ চেম্বার অব কমার্সের প্রতিনিধি থাকতে পারেন। এখনও আমরা কমিটি তৈরি করিনি।

**শ্রী অজয় দে ঃ** পুরানো বিলডিংগুলি ধ্বংসস্তূপে পরিণত হতে চলেছে। সেগুলি রক্ষনা-বেক্ষণ করার জন্য অর্থ বরাদ্দ করবেন কি না? এঁদের হাতে কতটা ক্ষমতা দেবেন সেই সম্পর্কে যদি একটু বলেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** এ সম্পর্কে কোলকাতা পৌর কর্পোরেশনের আইনের মধ্যে বিস্তারিতভাবে বলা আছে। আমরা চাই যে কলকাতা কর্পোরেশনের যে আইন তা অন্যান্য পৌরসভা বা অন্যান্য ক্ষেত্রে অনুসরণ করা হোক। তাতে বলা আছে, যেমন কিছুটা সরকারি উদ্যোগ থাকবে, তেমনি পৌরসভারও উদ্যোগও থাকবে। কিন্তু আমরা যেটা চাইছি সেটা হচ্ছে এতে কিছু নন-গভর্নমেন্টাল অর্গানাইজেশন, কিছু ভলানটারি অর্গানাইজেশনকে যুক্ত করতে এবং তার সঙ্গে চাইছি কিছু ফাণ্ড রেজ করতে। এই কমিটি একটা কথা বলেছেন যে, এই ধরণের হেরিটেজ বিলডিংগুলিকে মেনটেন করার জন্য যারা অর্থ দান করতে চান তাদের সেই দান করা অর্থটা ইনকাম ট্যাক্সের আওতা থেকে বাদ দিতে। এই রকম সুপারিশ তারা করেছেন। সুতরাং আমরা এটা মনে করি না যে এই ধরণের হেরিটেজ বিলডিংগুলিকে শুধু মাত্র সরকারি অর্থ দিয়ে এর রক্ষনা-বেক্ষণ করা সম্ভব। এরজন্য আমরা মনে করি সকলের সহযোগিতার প্রয়োজন এবং একটা ফাণ্ড ক্রিয়েট করা প্রয়োজন। সেইভাবে আমরা করব বলে ঠিক করেছি।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে যে ঝাড়গ্রাম পৌরসভায় সরকারি টাকায় তৈরি করা একটা মার্কেটের উদ্বোধন করতে গিয়ে তা উদ্বোধন না করেই মাননীয় মন্ত্রী লুকিয়ে লুকিয়ে পালিয়ে এলেন কেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** এর সঙ্গে হেরিটেজ বিলডিং-এর কি সম্পর্ক আছে?

**শ্রী রবীন মুখার্জি ঃ** চুঁচুড়া চন্দননগর, শ্রীরামপুর—একটা ডেনিশ, একটা পর্তুগিজ এবং একটি ফ্রেঞ্চ শহর ছিল অতীতে। সেখানে বিদেশি টেরিটরি ছিল। ঐ সব এলাকায় অনেক ঐতিহ্যবাহী ভবন আছে। সেগুলির মেনটেনের ব্যাপরে বিদেশি রাষ্ট্রদূত এবং হাইকমিশনারদের সঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয় কোনও যোগাযোগ করেছেন কিনা? অনেক বিদেশি রাষ্ট্রদূত সেই ভবনগুলি দেখেও গিয়েছেন। তাদের সঙ্গে যোগাযোগ করে তাদের কাছ থেকে কোনও সাহায্য পাবার ব্যবস্থা মন্ত্রিমহাশয় করছেন কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** না, আমাদের তো এরকম কিছু ব্যাপার নেই যে ঐ ঐতিহ্যবাহী ভবন যেগুলি আছে সেগুলির মেনটেন আমাদেরই করতে হবে—সেটা সরকারি উদ্যোগেই হোক, বেসরকারি উদ্যোগে হোক বা পৌরসভার উদ্যোগে হোক। তা সত্বেও কিছুদিন আগে ফ্রান্সের কনসাল জেনারেল, তিনি দেখা করেছিলেন। এবং

বলেছিলেন চন্দননগরে কিছু পুরোনো বাড়ি মেনটেনের ক্ষেত্রে তাদের কাছে প্রস্তাব পাঠালে তারা বিবেচনা করতে পারেন। বৃটিশ ডেপুটি হাইকমিশনার বলেছেন তাদের কিছু পুরানো বাড়ী আছে, তারাও একটু উৎসাহ দেখিয়েছেন এই পর্য্যন্ত। কিন্তু ওদের কাছে আমরা আলাদা করে কোনও প্রস্তাব পাঠাই নি বা বলি নি যে তোমরা টাকা দাও মেনটেন করব। ওরা যদি আগ্রহ প্রকাশ করেন তাহলে সে ক্ষেত্রে নিশ্চয় ওদের সেই সহযোগিতা নিতে আমাদের কোনও আপত্তি নেই এই সমস্ত ক্ষেত্রে ওদের বাড়িগুলি ওরা যদি মেনটেন করতে চান। তবে মূল দায়িত্ব তো আমাদেরই নিতে হবে।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, আমাদের রাজ্যের বিভিন্ন জেলাতে অনেক প্রচীন ভবন আছে, যেগুলির ঐতিহ্য অনেক দিনের। গ্রাম এবং শহরে এই রকম ঐতিহ্যবাহী ভবনের সংখ্যা কত?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** আমাদের এই রাজ্যে এখনও পর্যন্ত ঐতিহ্যবাহী বাড়ির সংখ্যা কত সেটা চিহ্নিত করা হয়নি। আমরা যা করেছি সেটা হচ্ছে, কলকাতা পৌর এলাকায় ১৩৩টি আছে যেটা এক্সপার্ট কমিটি করেছিলেন। তবে শহর এবং গ্রামে সেটা করার জন্য আমরা হেরিটেজ কমিশন করার সিদ্ধান্ত নিয়েছি। তাদের কাজ হবে সেগুলি চিহ্নিত করা এবং সংখ্যা নির্ধারণ করা।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ভগ্নী নিবেদিতার কলকাতা আগমনের শতবর্ষের জন্য নিবেদিতা স্কুল বিভিন্ন অনুষ্ঠান করছে। উত্তর কলকাতায় সুতানটি পরিষদও এই অনুষ্ঠান পালন করছে পৌর মন্ত্রীর কাছে আমি জানতে চাই যে, বাগবাজারে রামকান্ত স্ট্রিটে যে বাড়িতে ভগ্নী নিবেদিতা প্রথম এসে উঠেছিলেন সেই বাড়িটা কলকাতা কর্পোরেশনের অধিগ্রহণের কোনও পারিকল্পনা আছে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** ভগ্নী নিবেদিতা কলকাতায় এসে যে বাড়িতে প্রথম স্কুলে শিক্ষিকা হিসাবে নিয়োজিত হয়েছিলেন, সেই বাড়িটা ঐতিহ্যবাহী বাড়ির তালিকায় আছে কিনা, আপনি কি সেই বাড়িটার কথা বলছেন?

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** ভগ্নী নিবেদিতা স্কুল যে বাড়িটায় চলছে সেই বাড়িটা নয়। ভগ্নী নিবেদিতা ১০০ বছর আগে কলকাতায় এসে প্রথমে বাগবাজারের

রামকান্ত স্ট্রিটের একটা বাড়িতে এক তলায় ভাড়াটে হিসাবে ছিলেন। সেই বাড়িটার কিছু অংশে এখন অন্য লোক বাস করছে। ভগ্নী নিবেদিতা স্কুলের তরফ থেকে ক্যালকাটা কর্পোরেশনের মেয়র এবং পৌর চেয়ারম্যানকে অনুরোধ করা হয়েছে এটা অধিগ্রহণ করার জন্য। ঠাকুর শ্রী শ্রী রামকৃষ্ণ, মা সারদা, স্বামীজীর এই বাড়িটি দেখবার জন্য দেশ-বিদেশ থেকে বহু মানুষ আসে। কিন্তু ভগ্নী নিবেদিতা যে বাড়িতে ছিলেন প্রথমে এসে সেই বাড়িটি আমরা দেখাতে পারি না। আমি ঐ এলাকায় থাকি। এটা আমার এলাকার মধ্যে পড়ে। ঐ এলাকার মানুষের ইচ্ছা যে, এই বাড়িটি সরকার অধিগ্রহণ করেন।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** এই রকম কোনও প্রস্তাব কলকাতা কর্পোরেশনের কাছে আছে কি না সেটা জানা নেই, আমি খোঁজ করে দেখব।

**জমি নথিভুক্তকরণে কম্পিউটার**

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৪) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(১) এটা কি সত্যি যে, এ রাজ্যে কম্পিউটারে জমি নথিভুক্তকরণের কাজ শুরু করা হয়েছে;

(২) সত্যি হলে, (ক) কবে থেকে উক্ত কাজ শুরু করা হয়েছে; এবং

(খ) ৩১শে অক্টোবর, ১৯৯৮ পর্যন্ত উক্ত কাজের অগ্রগতি কিরূপ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ**

(১) হ্যাঁ সত্যি।

(২) (ক) ১৯৯০-৯১ সালের আর্থিক বছর থেকে।

(খ) মোট ৮২০৬৭ মৌজার মধ্যে চূড়ান্তভাবে প্রকাশিত ৩৭৪৯২ মৌজার ১৭,২২২টি মৌজার কাজ অর্থাৎ মোট মৌজার ৪১% কাজ কম্পিউটার ভূক্তি করা হয়েছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** আপনি বলছিলেন, যে, আমাদের রাজ্যে মোট ৪২০৬৭টি মৌজার মধ্যে চূড়ান্তভাবে প্রকাশিত ৩৭৪৯২টি মৌজার মধ্যে ১৭২২২টি

মৌজার কাজ চূড়ান্তভাবে কম্পিউটারভুক্তি করা হয়েছে। আমি জানতে চাই, রাজ্যের সমস্ত জেলায় কম্পিউটারে জমির তথ্যাবলী নথিভুক্ত করার কাজটা শুরু হয়েছে কি না এবং সেক্ষেত্রে জেলাভিত্তিক এই কাজের সাফল্য এবং অগ্রগতির পরিসংখ্যান আছে কি না? থেকে থাকলে সেটা যদি জানান ভাল হয়।

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** ঃ সব জেলাতেই কাজটা শুরু হয়েছে, তবে কাজের অগ্রগতি সব জেলায় সমান নয়। যেমন বাঁকুড়া জেলায় ৩৮৪৮টি মৌজার মধ্যে ১৩৯৫টি মৌজায় কাজটা হয়ে গেছে। বর্ধমান জেলায় ২৮২৪টি মৌজার মধ্যে ১৬৮০টি, বীরভূমে ২৪৮৯ এর মধ্যে ৫২৮টি, দার্জিলিংয়ে ৫১৫টির মধ্যে ২১০টি, হাওড়ায় ৮৩৬টির মধ্যে ৬৮৫টি, জলপাইগুড়িতে ৭৭৪টির মধ্যে ৫০৪, হুগলি জেলায়, ১৯৯৮টির মধ্যে ২,৫৩৪টি, কুচবিহারে ১,১৭০টির মধ্যে ২৪০টি, মালদা ১,৮১৫টির মধ্যে ৫০৫টি, মেদিনীপুর ৮,১২৯টির মধ্যে ৩,৩৪৫টি, তমলুক ৩,৮৯০টির মধ্যে ১,০৩০টি, মুর্শিদাবাদ ২,২৮৯টির মধ্যে ৯৭২টি, নদীয়া ১,৪০৬টির মধ্যে ১,০৪৫টি, পুরুলিয়া ২,৭০০টির মধ্যে ১৭০টি, ২৪-পরগণা (উঃ) ১,৮২৪টির মধ্যে ১,১১১টি, ২৪-পরগণা (দঃ) ১,১৯২টির মধ্যে ৮০১টি, উঃ দিনাজপুর ১,৫১৬টির মধ্যে ২২৭টি এবং দঃ দিনাজপুরে ১,৬৪৬টি মৌজার মধ্যে ২৩৫টি মৌজায় কাজটা সম্পূর্ণ হয়েছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** ঃ দেখা যাচ্ছে, কাজটা অনেকটাই বাকি আছে। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় যে, একই রায়তের জমি একাধিক ব্লক, থানা বা জেলাতে আছে। তাদের সমস্ত জমি মিলিয়ে সেটা সিলিং-এর বাইরে, না ভেতরে পড়ে, সেটা জানবার জন্য কম্পিউটারের মাধ্যমে জেলাব্যাপী, রাজ্যব্যাপী একই রায়তের জমির পরিমাণ জানবার ব্যবস্থা করছেন কি না?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** ঃ মাননীয় সদস্য যা বললেন, আমরা অনেক দিন ধরেই চেষ্টা করছি ওয়ান ম্যান ওয়ান খতিয়ান এর। তবে কম্পিউটারাইজেশনের কাজটা চূড়ান্ত হয়ে গেলে এই কাজটিও সহজ হয়ে যাবে। জেলার যেখানেই রায়তের জমি থাকুক না কেন সেটা আমরা জানতে পারব।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** ঃ মাননীয় মন্ত্রী বিগত ১৭ই সেপ্টেম্বর আমাদের দেশের রাজধানীতে বিজ্ঞান ভবনে রাজস্বমন্ত্রীদের সম্মেলনে উপস্থিত ছিলেন। সেখানে সকল রাজ্যের স্বার্থে আপনি দুটি সুনির্দিষ্ট প্রস্তাব রেখেছিলেন রাজস্ব প্রশাসন এবং জমি নথিভুক্তিকরণের ক্ষেত্রে। আপনার দুটি প্রস্তাব কার্যকর করবার জন্য সেখানে

আপনি আবেদন জানিয়েছিলেন। আপনার সেই প্রস্তাব দুটি সম্পর্কে কেন্দ্রীয় সরকার ইতিবাচক ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** না, এখনও পর্যন্ত কোনও ইতিবাচক প্রতিশ্রুতি তাদের কাছ থেকে পাওয়া যায়নি।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার দপ্তর কম্পিউটারে জমি নথিভুক্তকরণের কাজ শুরু করেছে। এই কথা আপনি বলেছেন এবং তার পরিসংখ্যানও দিয়েছেন। আমি আপনার কাছে জানতে চাই যে, এই কম্পিউটারের ইন্ট্রোডাকশন এর জন্য কম্পিউটারে নথিভুক্তকরণের জন্য যে কর্মিদের প্রয়োজন হয়েছে, তাদের আপনি নতুনভাবে নিয়োগ করেছেন যারা কম্পিউটারে অভিজ্ঞ, না যারা কম্পিউটারে ছিলেন, তাদের আলাদা প্রশিক্ষণ দিয়ে এই দপ্তর চালাচ্ছেন?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** না, আমাদের যারা ছিলেন, তারাই আছেন। নতুন কর্মী নিয়োগ করিনি। কিছুটা মূলত আমরা বাইরে ভেন্ডার নিয়োগ করি। কম্পিউটারে রেকর্ডিং চেকিং আমাদের ডিপার্টমেন্টই করে। তারা এসব নিয়ে ট্রেনিং পেয়েছে।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, বিভিন্ন অফিসে খতিয়ান পাওয়ার ক্ষেত্রে চাষীদের নানা সমস্যা হচ্ছে। এটা কম্পিউটারাইজড্ হলে চাষীরা জমি কি তাড়াতাড়ি পাবে?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** এখনও পাওয়া যাচ্ছে। যেসব জায়গায় চূড়ান্ত হয়ে গেছে, সেখানে এখন পাওয়া যাচ্ছে। অনেক জায়গায় ৩ দিনের মধ্যে পাওয়া যাচ্ছে। আর যেখানে হয়নি, সেখানে কিছুটা সময় লাগবে। কিন্তু প্রায় সব জেলার ব্লকের নাম তালিকা আছে, কিন্তু প্রত্যেক জেলার যে ব্লকগুলি আছে, সেখানে কিছু না কিছু কাজ আরম্ভ হয়েছে।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, অপনি যে পরিসংখ্যান আমাদের সামনে হাজির করলেন, তাতে দেখা গেল যে, তুলনামূলকভাবে মেদিনীপুর এর পশ্চিম কম্পিউটারের ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে। আমার আপনার কাছে প্রশ্ন যে, মেদিনীপুর জেলার ক্ষেত্রে আপনি কোনও বিশেষ নজর দেবেন কি না এবং এই রকম ভাবনা চিন্তা যদি হয়ে থাকে, তাহলে সেটা কবে নাগাদ সম্পূর্ণ হবে?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** মেদিনীপুর জেলায় ৮ হাজার ১২৯ ছিল তারমধ্যে ৩ হাজার ৩৪৫টা হয়েছে। তমলুকে ৩ হাজার ৮৯০ এর মধ্যে ১ হাজার ৩০ হয়েছে। এর একটা বড় কারণ হচ্ছে—মেদিনীপুর জেলার সঙ্গে অন্য জেলার পার্থক্য হচ্ছে—এখানে একটা কম্পিউটারে কেন্দ্রীয়ভাবে এন্ট্রি ইত্যাদি কাজ শুরু হয়েছে। সেজন্য কাজ বিলম্বিত হচ্ছে। আমরা ৯৯ সালের ডিসেম্বরের মধ্যে মেদিনীপুর জেলার কাজ করার লক্ষ্যমাত্রা নিয়েছি।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, শুনে আনন্দিত হলাম যে, কমপিউটারের মাধ্যমে জমি নথিভূক্ত করছেন। কতগুলি কমপিউটার কেনা হয়েছে এবং কেনার পিছনে কোনও টেন্ডার কল করা হয়েছে কিনা জানাবেন।

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ** কটা কমপিউটার কেনা হয়েছে, সেগুলি বলতে পারব না। কিন্তু টাকার অংক ১৯৯০-৯১ সালে ৭ কোটি ৬৩ লক্ষ এর মধ্যে ৬ কোটি ৭ লক্ষ টাকা খরচ করা হয়েছে। আর কেনাকাটার ব্যাপারে যে নিয়ম আছে, সেটা মেনেই করা হয়েছে।

## দমকল বাহিনীর কাজ

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের দমকল বাহিনীকে আগুন নেভানো ব্যতীত অন্য কাজে ব্যবহার করা হয়;

(খ) সত্যি হলে, কোন কোন কাজে ব্যবহার করা হয়;

(গ) দমকল বাহিনীর ফিল্ডওয়ার্কে কোনও মহিলা কর্মী আছেন কি না; এবং

(ঘ) থাকলে, মহিলা কর্মিদের কাজ কি?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ**

(ক) হ্যাঁ; একথা সত্য।

(খ) আগুন নেভানো ছাড়াও বিভিন্ন দুর্ঘটনা অথবা প্রাকৃতিক দুর্যোগের পরিপ্রেক্ষিতে উদ্ধারকার্যে অথবা কোনও গুরুত্বপূর্ণ স্থান থেকে জমে যাওয়া

জল বার করবার কাজে রাজ্য দমকল বাহিনীকে ব্যবহার করা হয়ে থাকে।

এছাড়া প্রয়োজন অনুসারে অস্থায়ী হেলিপ্যাডে ও বিমানবন্দরে বিশেষ অগ্নি নিরাপত্তা ব্যবস্থা হিসাবে দমকলের গাড়ি ও বাহিনীকে প্রস্তুত রাখা হয়।

(গ) না, নেই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, দমকল বাহিনীতে ফিল্ডওয়ার্কে কোনও মহিলা কর্মী আছে কিনা এবং থাকেলে সেই সমস্ত মহিলা কর্মীদের কাজ কি?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** আপনি যে প্রশ্ন করেছিলেন তাতে এই প্রশ্নটা ছিল এবং তার উত্তরে আমি বলেছি নেই এবং সেই কারণে পরের প্রশ্নের উত্তর দিয়েছি প্রশ্ন ওঠে না।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** দমকল বাহিনীর আগুন নেভানোর জন্য কলিকাতার বিভিন্ন জায়গায় রিজারভার রয়েছে। যেমন ধরুন কুমোরটুলি পার্ক, শ্যামবাজার স্ট্রিট, নরেনদেব পার্ক এই সমস্ত জায়গায় রিজারভার রয়েছে। এই রিজারভার গুলিতে জল রিজার্ভ করা আছে কিনা এবং যদি না থাকে তাহলে আপনি তার কোনও ব্যবস্থা করছেন কিনা জানাবেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** কলিকাতায় বেশ কিছু রিজার্ভার আছে এবং বেশ কিছু রিজার্ভার অকেজ হয়ে রয়েছে। আমরা এই গুলি নুতন করে রেনোবেট করার চেষ্টা করছি নতুন কিছু জায়গায়। আপনি যদি স্পেশিফিক প্রশ্ন করেন তাহলে আমি কোথায় কি অবস্থা আছে বলতে পারব, কোথায় ভাল আছে কোথায় খারাপ আছে সেটা আমি বলতে পারব, এই মুহূর্তে আমি বলতে পারব না। আপনি জানতে চাইলে পরে জানিয়ে দিতে পারব।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** দমকল বাহিনীতে কোনও কর্মচারী যদি কর্মরত অবস্থায় মারা যায় তাহলে তার পরিবারের কোন সদস্য বা তার স্ত্রীকে চাকুরি

দেওয়ার ব্যবস্থা আছে কি না? যদি থাকে তাহলে কর্মরত অবস্থায় মারা গেছে কর্মচারী, তার স্ত্রী বা তার পরিবারের সদস্য যার চাকুরি পাওয়ার কথা, এই রকম কত জন লোক চাকুরি পায় নি জানাবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** দমকল বাহিনীতে চাকুরিরত অবস্থায় মারা গেছে, তার পরিবারের সদস্যাকে চাকরি দেওয়ার ব্যবস্থা আছে। বেশির ভাগ ক্ষেত্রে নিয়োজিত হয়েছে, কিছু ক্ষেত্রে কিছু সমস্যা আছে। বিশেষ করে কর্মরত কর্মীর পরিবারের সদস্য যদি মহিলা হন তাহলে সমস্যা হয়। আমরা এই ব্যাপারে অন্য দপ্তরের সঙ্গে কথাবার্তা বলছি যাতে তাদের অন্য দপ্তরে নিয়োগ করা যায়। যদি ফায়ার ফাইটিং অবস্থায় যদি কোনও কর্মী মারা যান—হাওড়ার এই ধরণের একটা ঘটনা ঘটেছিল—তাহলে তাদেরকে কিছু টাকা অনুদান হিসাবে দেওয়া হয় এবং তার পরিবারের একজন সদস্যাকে চাকুরি দিয়ে থাকি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি, দমকল বাহিনী বিভাগে যাঁর কাজ করেন তাঁদের আগুন নেভানোর ক্ষেত্রে যে যে অভিজ্ঞতা দরকার সেই ব্যাপারে ট্রেনিং দেওয়ার ব্যবস্থা সাধারণ ভাবে কোথায় রয়েছে? তা ছাড়া এই বিভাগে কাজ পাওয়ার ক্ষেত্রে কি কি বিশেষ যোগ্যতা থাকা দরকার দয়া করে জানাবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** আমাদের কেন্দ্রীয় ট্রেনিং স্কুল বেহালাতে রয়েছে। প্রাথমিক ভাবে যারা যোগ্য বলে বিবেচিত হবে তাদের আমরা সেখানে ট্রেনিং দিই এবং ট্রেনিং দেওয়ার পরে তাদের স্থায়ী ভাবে নিয়োজিত করে থাকি। এখানে চাকুরি করার জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম নেওয়া হয় এবং পরে তাদের ইন্টারভিউ নেওয়া হয়। নিয়োগের আগে অন্য কোনও যোগ্যতা কিছু দেখা হয় না। তবে আমরা টেকনিক্যাল এডুকেশন ডিপার্টমেন্টের সঙ্গে আলোচনা করছি, এই রকম ভাবে তারা একটা ট্রেনিং ইন্সটিটিউট করে স্থায়ী ট্রেনিং-এর ব্যবস্থা করতে পারে কি না। দমকল বাহিনী হোক বা অন্যত্র এই ধরণের কাজের সঙ্গে যারা যুক্ত থাকেন, বা প্রাইভেট কোম্পানিতে ফায়ার ফাইটিং বা সেফটি সিকিউরিটিতে যাঁরা কাজ করেন, তাঁদের ট্রেনিং দেবার জন্য—তাঁদের জন্য শর্ট কোর্স করা যায় কিনা, এই রকম ভাবনা-চিন্তা আমাদের আছে।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কলকাতা শহরে নতুন কোন ফায়ার সার্ভিস স্টেশন খোলার পরিকল্পনা আছে কিনা? কলকাতা শহর যে ভাবে এক্সপানশান করছে, বিশেষ করে তপসিয়া, পার্কসার্কাস এলাকায় আগুন লাগলে ফ্রি স্কুল স্ট্রিট থেকে ফায়ার ব্রিগেড যায়। সেজন্য এই রকম কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** আমাদের বৈষ্ণবঘাটা-পাটুলীতে একটা ফায়ার স্টেশন তৈরি হয়ে গেছে। খুব শীঘ্রই সেটি চালু করতে পারব বলে আশা করছি। আর ট্যাংরায় ফায়ার স্টেশন করবার জন্য নীতিগত সিদ্ধান্ত আমরা নিয়েছি। এটি হলে আমারা করতে পারব।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** আমি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে জানতে চাইছি যে, আমাদের সিভিল ডিফেন্সের যে বিভাগ আছে, পশ্চিমবঙ্গ সরকার সেই বিভাগের মাধ্যমে কিছু ট্রেনিং দেন। সেই ট্রেনিংয়ের মধ্যে ফায়ার ফাইটিং হচ্ছে একটি বিষয়। সেই ট্রেনিংটা নেবার পর যারা সার্টিফিকেট পেয়েছে, তারা চাকুরি পাবার ক্ষেত্রে দমকল বিভাগে অগ্রাধিকার পেতে পারে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** দমকল বিভাগে চাকুরির ক্ষেত্রে নিয়ম হচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্চ-এর মাধ্যমে ইন্টারভিউ পেতে হবে এবং ইন্টারভিউ পেলে তাদের যোগ্যতার কিছু সার্টিফিকেট দেখাতে হয়। সিভিল ডিফেন্সে যাদের ট্রেনিং হয়, তাদের ক্ষেত্রে এটি অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচ্য হতে পারে। তবে এটিই কেবলমাত্র যোগ্যতা নিরুপনের বিষয় নয়। এর সাথে আরও কিছু বিষয় আছে।

**শ্রী জটু লাহিড়ী ঃ** ফায়ার সার্ভিসে যাঁরা থাকেন তাঁদের জেনারেলি ফিল্ডে নেমে কাজ করতে হয় এবং অতিরিক্ত ঝুঁকি নিয়ে কাজ করতে হয়। এরজন্য বিশেষ শারীরিক দক্ষতার প্রয়োজন হয়। বিশেষ একটা বয়স পর্যন্ত এই দক্ষতা থাকে। যেমন, মিলিটারিতে যারা যায়, তাদের ১৫-২০ বছরের জন্য নেওয়া হয়। ৪৫ বছর বয়সের পর তাঁরা আর কাজ করতে পারেন না। ফায়ার সার্ভিসের ক্ষেত্রে যাঁরা ঝুঁকি নিয়ে কাজ করতে যান, তাঁদের ক্ষেত্রে এই রকম বয়সের কোনও বার আছে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** বয়সের ক্ষেত্রে অন্যান্য সরকারী দপ্তরে নিয়োগ করার জন্য যে নিয়ম আছে, যেমন আগে ৩৫ ছিল, এখন ৩৭ বছর পর্যন্ত নেওয়া হয়, আর উর্দ্ধে ৫৮ বছর থেকে ৬০ বছর পর্যন্ত করা হয়েছে। রাজ্য সরকারের অন্যান্য দপ্তরে যে রকম নিয়ম আছে, ফায়ার সার্ভিসের ক্ষেত্রেও সেই রকম নিয়ম আছে।

**শ্রী সুজন চক্রবর্তী ঃ** মাননীয় স্পিকার, স্যার, আপনার মারফৎ আমি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে জানতে চাইছি, বারুইপুরে ফারায় সার্ভির স্টেশনের যে কাজ শুরু হয়েছে, এটি কবে নাগাদ শেষ করে উদ্বোধন করা যাবে, এরজন্য নির্দিষ্ট পরিকল্পনা আছে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** বারুইপুরের ফায়ার সার্ভিস স্টেশনটির কাজ খুব অল্প সময়ের মধ্যে শেষ হয়ে যাবে। এরপর অর্থ দপ্তরের অনুমোদন পেলে—কর্মী নিয়োগের জন্য অর্থের অনুমোদন নিতে হবে, সেটি পাওয়ার পর বারুইপুরের ফায়ার সার্ভিস স্টেশনটি আমরা চালু করতে পারবো।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এইমাত্র সভায় যে কথা বললেন, আমার মনে হয়, এই কথাটি ঠিক নয়। বারুইপুরে দীর্ঘদিন কাজ বন্ধ হয়ে আছে। আপনি বললেন, কাজ শেষ হয়ে আছে। কিন্তু গত এক বছর ধরে সেখানে ফায়ার স্টেশনের কাজ নানা কারণে বন্ধ হয়ে গেছে। তারপরে আর নতুন কোনও কাজ হয় নি। সুতরাং ফায়ার স্টেশনের কাজ শেষ হওয়ার মুখে যে আপনি বললেন এ কথাটা ঠিক নয়। ঠিক তথ্য জেনে সভাকে বললে ভাল হয়।

**মিঃ স্পিকার ঃ** এটা প্রশ্ন হল না, এটা ইনফরমেশান।

## পুর-নির্বাচন

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯) **শ্রী রবীন দেব ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮-এর ৩১শে অক্টোবর পর্যন্ত কয়টি পুরসভার নির্বাচন হয়েছে;

(খ) নিকট ভবিষ্যতে কয়টি পুরসভার নির্বাচন হওয়ার কথা আছে; এবং

(গ) উপরোক্ত নির্বাচনে নির্বাচকমণ্ডলীর অংশগ্রহণের হার কিরূপ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ**

(ক) (১) ১৯৯৪ সালে ... ১৯ টি
(২) ১৯৯৫ সালে ... ৮২ টি
(৩) ১৯৯৬ সালে ... ০২ টি
(৪) ১৯৯৭ সালে ... ০৩ টি
(৫) ১৯৯৮ সালে ... ১২ টি
৩১ অক্টোবর, ১৯৯৮ পর্য্যন্ত
(৬) এছাড়া ২৯ নভেম্বর, ১৯৯৮ তে ৩টি পুরসভার নির্বাচন হয়েছে।

(খ) আগামী ২০ ডিসেম্বর, ১৯৯৮ তারিখে ১টি পুরসভায় সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে এবং ১৯৯৯ সালে ১৯টি পুরসভায় নির্বাচিত বোর্ডের মেয়াদ শেষ হবে। নিকট ভবিষ্যতে ২০টি পুরসভায় নির্বাচন হওয়ার কথা আছে।

(গ) পুরসভার নির্বাচনগুলোতে নির্বাচকমণ্ডলীর অংশগ্রহণের হার গড়ে ৭০-৭৫ শতাংশ।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন হল যে, মাননীয় মন্ত্রী জানালেন যে এখনও পর্যন্ত ১২১টি পৌরসভাতে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং আগামী ২০শে ডিসেম্বর একটি পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নিয়ে মোট ১২২টি পৌরসভা আমাদের রাজ্যে রয়েছে। আমি এই প্রসঙ্গে জানতে চাই যে, এই রাজ্যে নতুন কটা পৌরসভা গঠিত হয়েছে এবং আরো নতুন পৌরসভা গঠন করার পরিকল্পনা আছে কিনা।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** গত ২০ বছরে ২৯টি নতুন পৌরসভা গঠিত হয়েছে। এবং আরো নতুন পৌরসভা গঠনের প্রস্তাব আছে, তার পরীক্ষা-নিরীক্ষাও চলছে। এখনও কোনও সিদ্ধান্ত গ্রহণ করিনি। এই মুহূর্তে বলতে পারছি না যে কতগুলো পৌরসভা আমরা গ্রহণ করব।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর উত্তরে জানালেন যে, নির্বাচনের ক্ষেত্রে উল্লেখযোগ্য যে, ৭০-৭৫ শতাংশ নির্বাচকমণ্ডলী অংশগ্রহণ করেছেন। মাননীয় মন্ত্রিমহাশয় লক্ষ্য করেছেন যে, এই বছরে ১২ই জুলাই যে ১২টি পৌরসভার

নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং ২৯শে নভেম্বর যে ৩টি পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, তাতে দেখা গেছে যে, নির্বাচকমণ্ডলীর অংশ গ্রহণ আগের থেকে আরো বেশি বেড়েছে। এই প্রসঙ্গে আমার প্রশ্ন যে, এই অংশগ্রহণের মধ্যে নির্বাচিত প্রতিনিধি এই পৌরসভাতে এসেছেন তাতে মহিলা সংরক্ষণ যে সম্প্রতি চালু হয়েছে, তারফলে মহিলা আসন সংখ্যা কতটা হয়েছে সেটা কি নির্দিষ্টভাবে বলা যাবে এবং মহিলা আসন সংরক্ষণের বাইরে কতজন মহিলা এই পৌরসভাগুলোতে প্রতিনিধিত্ব করছেন এই সম্পর্ক কোনও তথ্য আপনার জানা আছে কিন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** আইন অনুযায়ী এক তৃতীয়াংশ আসন মহিলাদের পৌরসভাগুলোতে সংরক্ষিত থাকার কথা। কিন্তু এই বছরের নির্বাচনে দেখা গেছে যে, প্রায় ৩৫-৪০ শতাংশ আসনে মহিলারা বিজয়ী হয়ে এসেছেন। বিশেষ করে হাওড়া পৌরসভাতে ৫০ জন প্রতিনিধির ভেতরে ২৪জন প্রতিনিধি এসেছেন। এতে প্রায় ৫০ শতাংশ আসন মহিলারা পেয়েছেন এতো বেশি সংখ্যক মহিলা কোনও পৌরসভাতে আসে নি। সেইদিক থেকে বলা যায় যে, গড়ে আমাদের রাজ্যে ৩৫ শতাংশের উপরে মহিলারা আমাদের রাজ্যে পৌরসভাগুলোতে নির্বাচিত হয়ে আসছেন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এই পৌরসভাগুলোর মাধ্যমে যে নগর উন্নয়নের কাজ বা উদ্যোগ আমাদের রাজ্যে চলছে যেটা গোটা দেশের কাছে একটা দৃষ্টান্ত স্বরূপ, সেক্ষেত্রে বিভিন্ন পৌরসভাগুলোর পরিচালনবার ক্ষেত্রে আমরা মাঝে মাঝে দেখতে পাচ্ছি যে, কিছু কিছু পৌরসভা রয়েছে তারা সরকারি বরাদ্দকৃত অর্থ জনস্বার্থে ব্যয় করছেন না এবং সেই অর্থ ব্যয় না করার ফলে একটা বিরাট অসুবিধার সৃষ্টি হচ্ছে, এই ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় কি ভাবনা চিন্তা করেছেন জানাবেন কি?

[12.30 — 12.40 p.m.]

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** পৌরসভার ক্ষেত্রে যে সরকারি অর্থ আমরা বরাদ্দ করে থাকি, সেটা যে বাবদ দেওয়া হয়, সেই বাবদে অর্থ খরচ না করে অন্য খাতে খরচ করার ব্যাপারে অভিযোগ আমাদের কাছে আছে। আমরা সরকারিভাবে সিদ্ধান্ত নিয়েছি, যারা এই ধরণের এক খাতের অর্থ অন্য খাতে খরচ করছেন বা বেহিসাবী খরচ করবেন বা উন্নয়ন খাতের অর্থ যে খাতে করার কথা সেই খাতে যদি খরচ না হয় তাহলে সেই অর্থ প্রদান করাটা আমরা বন্ধ করে দিতে পারি। এই রকম নির্দেশ আমরা বিভিন্ন পৌরসভাকে জানিয়ে দিয়েছি।

**শ্রী সমর মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাইছি, পৌরসভা নির্বাচন হচ্ছে ভাল কথা। কিন্তু মালদা জেলায় যে পৌর নির্বাচন হল তাতে মালদা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের পদটা মিউজিক্যাল চেয়ার হয়ে গেছে। কতদিন এইভাবে চলবে? একজন মহিলা সদস্য তিনি কখন আমাদেরকে সাপোর্ট করছেন, কখন আপনাদেরকে সাপোর্ট করছেন, আপনি একটা নির্দেশ দিন বা নির্দিষ্ট করে বলুন কতদিন এইভাবে চলবে। দুই বছরের নির্বাচনে ৪ বার বদল হয়েছে। এর ফলে মালদা জেলার লোকেরা কোনও সুযোগ সুবিধা পাচ্ছে না। এই ভাবে কোনও মিউনিসিপ্যালিটি চলতে পারে না। এটা সম্বন্ধে আপনি কিছু বলুন।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** মালদায় এই রকম কতদিন চলবে না চলবে সেটা সমরবাবুই ভাল বলতে পারবেন, এটা আপনাদের উপরেই নির্ভর করছে।

**শ্রী নিরোদ রায়চৌধুরী ঃ** স্যার, যেসব পৌরসভাগুলি নির্দিষ্টভাবে সরকারি টাকা খরচ করছেন না, অর্থাৎ এক খাতের টাকা অন্য খাতে খরচ করছেন, এবং নিয়মিতভাবে এই কাজ তারা করে চলেছেন, যার ফলে পৌরসভার ডেভেলপমেন্টের কাজ বন্ধ হয়ে যাচ্ছে, সেইসব পৌরসভার বিরুদ্ধে কোনও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** আমি এই ব্যাপারে আগেই বলেছি, যারা এই ধরণের কাজ করবেন তাদের যে বরাদ্দকৃত অর্থ সেই অর্থ বন্ধ করে দেব এই রকম নির্দেশ ইতিমধ্যে আমরা জারি করেছি বিভিন্ন পৌরসভার ক্ষেত্রে। বেশ কিছু পৌরসভার ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ আমরা বন্ধও করে দিয়েছি।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই, শহরতলীতে যে ৩৩/৩৪ টির মতন পৌরসভা আছে, যার জনসংখ্যা ৩ লক্ষর কাছাকাছি, এইসব জায়গায় জনবসতির সঙ্গে সঙ্গে ঘন বসতি আছে শিল্পাঞ্চল আছে, ড্রেনেজ সিস্টেম, পানীয় জলের অব্যবস্থা চলছে, এই অবস্থায় আপনাদের কি পরিকল্পনা আছে, যেখানে ৩ লক্ষর অধিক বা কাছাকাছি সংখ্যাটা গিয়েছে সেই পৌরসভাগুলিকে ভাগ করে নুতন পৌরসভা গঠন করার উদ্দেশ্য অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস এর মাধ্যমে যাতে ডেভেলপমেন্ট ওয়ার্ক হয় এই ব্যাপারে কোনও চিন্তা-ভাবনা করেছেন কিনা।

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** আপাতত বড় পৌরসভাগুলিকে ভাগ করার কোন সিদ্ধান্ত আমাদের সরকারের নেই। তবে আমরা এটা মনে করছি, যে পৌরসভার কাজের ক্ষেত্রে যদি গতি আনতে হয় তাহলে বিকেন্দ্রীকরণের দিকে দৃষ্টি দিতে হবে। সেইজন্য আমরা বড় বড় পৌরসভার ক্ষেত্রে বোরো কমিটি করার কথা ভাবছি। বিভিন্ন জায়গায় ওয়ার্ড কমিটি এবং বোরো কমিটি কাজ করছে এবং মূল পৌরসভাগুলির সঙ্গে তাদের যদি ভালো সম্পর্ক থাকে তাহলে পৌরসভাগুলোকে ভাঙ্গবার কোন প্রয়োজন নেই। ঐ কমিটিগুলি জনসাধারনের সমস্যাগুলিকে অনুধাবন করতে পারবে এবং জনসাধারনের কাছে ভালোভাবে পরিষেবা দিতে পারবে। বেশিরভাগ ক্ষেত্রে আমরা এইদিকেই গুরুত্ব দিচ্ছি।

**শ্রী শৈলজা দাস ঃ** স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়-এর কাছে আমি জানতে চাই, আমরা দেখতে পাচ্ছি প্রতিটি পৌরসভার নির্বাচনের আগে কিছু কিছু পৌরসভাগুলিকে ডি-লিমিটেশন করার একটা প্রবণতা দেখা যাচ্ছে। আপনার দপ্তরে কি এই ব্যাপারে কোনও সংশ্লিষ্ট আইন আছে যে এত বছর অন্তর পৌরসভাগুলিকে ডি-লিমিটেশন করা হবে?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** এই ডি-লিমিটেশনটা নির্বাচনের কিছুদিন আগেই করা হয় এবং আমাদের পশ্চিমবঙ্গ পৌর আইন অনুসারেই এই ডি-লিমিটেশন করার জন্য নোটিফিকেশন করা হয়। জনসংখ্যার ভিত্তিতে সরকার এই বিজ্ঞপ্তি জারি করে এবং তারই ভিত্তিতে এই ওয়ার্ডের পুনর্বিন্যাস করা হয়। সুতরাং আইনের পথে এবং বিজ্ঞপ্তি অনুসারেই এই কাজ করা হয়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন শতাধিক পৌরসভার নির্বাচন হয়েছে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়েছে। কিন্তু কলকাতা পৌরসভার নির্বাচন হয়েছে আজ তিন বছর হল, কিন্তু এখনও এম.আই.সি. কেউ নির্বাচিত হয়নি। কলকাতায় বার বার মহামারী হিসাবে ম্যালেরিয়া হচ্ছে, আন্ত্রিক হচ্ছে, লোক মারা যাচ্ছে, কিন্তু কলকাতার পৌরসভায় মেয়র-ইন-কাউন্সিল (হেলথ্) আপনারা করতে পারলেন না কেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** কলকাতা পৌরসভায় এম.আই.সি. হেলথ্ আছেন মেয়র প্রশান্ত চট্টোপাধ্যায়।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন, আমরা দেখছি মহেশতলা পৌরসভায় তিরিশটি ওয়ার্ডকে বাড়িয়ে পঁয়ত্রিশ করা হয়েছে। কিভাবে আপনারা এই ভাগ করছেন সেটা জানাবেন কি? আমরা দেখেছি বজবজ পৌরসভার ক্ষেত্রে ১৬টা থেকে বাড়িয়ে ২০টা ওয়ার্ড করা হয়, কলকাতা পৌরসভার ক্ষেত্রেও একই পন্থা অবলম্বন করা হয়েছিল। মহেশতলা পৌরসভার ক্ষেত্রে কি পন্থা অবলম্বন করা হচ্ছে সেটা বলবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** মহেশতলা পৌরসভার নির্বাচন হবে ১৯৯৯ সালে। কলকাতা পৌরসভায় বা বজবজ পৌরসভায় যে ভিত্তিতে ওয়ার্ড পুনর্বিন্যাস করা হয়েছিল মহেশতলার ক্ষেত্রে একই পদ্ধতি অবলম্বন করা হবে।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই, অ্যাডমিনিস্ট্রেটিভ বা কন্সটিটিউশনাল এমন কিছু প্রবলেম হয় যখন টোটাল মিউনিসিপ্যালিটি ডিফাংকট হয়ে আছে। এখনও পর্যন্ত তার কোনও ডেভেলপমেন্ট ওয়ার্ক হচ্ছে না। মাইনে পাচ্ছে না কর্মচারীরা। এইরকম পরিস্থিতিতে সরকার কি ব্যবস্থা অবলম্বন করতে পারেন, যাতে এলাকার উন্নতি হয় এবং কর্মচারিদের মাইনে দেওয়া যায়? অথবা, কোনও আইন আছে কি?—এটা জানতে চাইছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** সাধারণ ভাবে আমাদের রাজ্যে পুরসভাগুলোর যে বেতন বাড়ে, তার দায়িত্ব রাজ্য সরকারের নয়। পুরসভার বেতন দানের একটা অংশ রাজ্য সরকার বহন করে—সেটা হচ্ছে মহার্ঘ্য-ভাতার একটা অংশ। এবং রাজ্য সরকারের যে নন-প্ল্যান, তা থেকে যে রেভিনিউ আসে, তার একটা অংশ পুরসভাকে দিয়ে থাকি। এবং পুরসভাগুলোকেও প্রপার্টি ট্যাক্স এবং নিজস্ব আয় সংগ্রহ করতে হবে। দুটো মিলিয়ে কর্মচারিদের বেতন দিতে হয়। কিন্তু কিছু কিছু পুরসভার ক্ষেত্রে কিছু কিছু সঙ্কট দেখা দেয়—যেমন ইংলিশ বাজার পুরসভার ক্ষেত্রে। সেইজন্য কিছু দিন আগে পুরপ্রধানের অধিকারকে সাসপেন্ড করে, ড্রয়িং অ্যান্ড ডিসবার্সমেন্ট অথোরিটি, সেটা জেলাশাসককে অর্পণ করা হয়েছিল। বর্তমানে নতুন করে পুরপ্রধান নির্বাচন হয়েছে, তিনি দায়িত্ব নিয়েছেন।

***Question No.5 : Held over**

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the Table)

### বার্ধক্য ভাতা

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৬) **শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে প্রায় ১ বৎসর যাবৎ বার্ধক্যভাতা প্রাপক ব্যক্তিগণ বার্ধক্যভাতা পাচ্ছেন না;

(খ) সত্যি হলে, এর কারণ কি;

(গ) উক্ত ব্যক্তিগণ কবে থেকে পুনরায় তাদের ভাতা পাবেন বলে আশা করা যায়; এবং

(ঘ) রাজ্যে মোট বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা কত?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) এ কথা সাধারণভাবে সঠিক নয়। তবে, কুচবিহার, দার্জিলিং, হুগলি, মুর্শিদাবাদ, উত্তর চব্বিশ পরগণা ও দক্ষিণ চব্বিশ পরগণা জেলার বার্ধক্যভাতা প্রাপকগণ ভাতা পাওয়ার ব্যাপারে পিছিয়ে আছেন।

(খ) ভাতার মূল অংশটা আসে কেন্দ্রীয় সরকার থেকে। সব সময় আগের কিস্তির টাকা শেষ হওয়ার আগে পরের কিস্তির টাকা কেন্দ্র সরকার থেকে পৌঁছয় না। সেই ক্ষেত্রে ভাতা বিলি বিলম্বিত হয়।

(গ) গত আর্থিক বছরের দ্বিতীয় কিস্তি এবং বর্তমান আর্থিক বছরে প্রথম কিস্তির টাকা দার্জিলিং, কুচবিহার, মুর্শিদাবাদ, হুগলি, উত্তর চব্বিশ পরগণা এবং দক্ষিণ চব্বিশ পরগণা জেলায় এখনও আসেনি। তবে ঐ জেলাগুলির মধ্যে কুচবিহার, দার্জিলিং, মুর্শিদাবাদ, হুগলি এবং উত্তর চব্বিশ পরগণার ১৯৯৭-৯৮ সালের দ্বিতীয় কিস্তি এবং ১৯৯৮-৯৯ সালের প্রথম কিস্তি কেন্দ্রীয় সরকার সদ্য ছেড়েছেন বলে খবর পাওয়া গেছে। আশা করা যায়, ঐ পাঁচটি জেলার ভাতা প্রাপকগণ শীঘ্রই তাঁদের বকেয়া ভাতা পেয়ে যাবেন। দক্ষিণ চব্বিশ পরগণা জেলার টাকা কেন্দ্রীয় সরকার

এখনও ছাড়েননি কোনো ঐ জেলা থেকে কিছু কাগজপত্র কেন্দ্রীয় সরকারের হস্তগত হয়নি বলে কেন্দ্রীয় সরকার জানাচ্ছেন। রাজ্য সরকার এ ব্যাপারে অবিলম্বে যথোপযুক্ত ব্যবস্থা নিচ্ছেন।

(ঘ) রাজ্যে অক্টোবর, ১৯৯৮ পর্যন্ত বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা ৩৩৬৯৯২।

## ইস্টার্ন কোলফিল্ডস্

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৫) **শ্রী তপন হোড়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ''ইস্টান কোলফিল্ডস'' রাজ্যে কয়েকটি কয়লাখনি বন্ধ করার পরিকল্পনা নিয়েছে;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কতগুলি কয়লাখনি বন্ধ করা হচ্ছে; এবং

(গ) এর ফলে কত সংখ্যাক শ্রমিককর্মচারী ক্ষতিগ্রস্ত হবেন বলে আশা করা যায়?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) হ্যাঁ। ইস্টার্ন কোলফিল্ডস পশ্চিমবঙ্গে ৬টি কয়লা খনি বন্ধ করার সিদ্ধান্ত নেওয়ার পর গত মে মাস থেকে ওই খনিগুলি বন্ধ করে দেওয়া হয়েছিল। এরমধ্যে একটি খনি (পুরে সিয়ারসোল) গত ৩রা সেপ্টেম্বর থেকে আবার চালু করা হয়েছে।

পরবর্তী কালে ICICI এর তৈরি একটি বিশদ Restructuring Cum Revival Plan অনুযায়ী ECI এর ২২.১০.৯৮ তারিখে Board Meeting এর ৬টি এরিয়ার ৬৪টি খনি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। রাজ্য সরকার বিষয়টি সর্ব্বোচ্চ স্তরে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করার পর বর্তমানে কেন্দ্রীয় সরকারের চূড়ান্ত সিদ্ধান্তের অপেক্ষায় আছে।

(খ) ৫টি কয়লাখনি বন্ধ হয়েছে এবং ৬টি এরিয়ার ৬৪টি কয়লাখনি বন্ধ করার প্রস্তাব আছে।

(গ) এই ৬৪টি খনির মোট ৭১৫১৮ জন শ্রমিক কর্মচারীর ক্ষতিগ্রস্থ হবার আশংকা আছে।

### পৌর এলাকার নিকাশী ব্যবস্থার উন্নতিকরণে বিদেশি সাহায্য

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রী অজয় দে ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের পুরসভা এলাকাগুলির নিকাশি ব্যবস্থার উন্নতিকরণের উদ্দেশ্যে বিদেশি সংস্থার সাথে যোগাযোগ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, তা কোন পর্যায়ে আছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) হ্যাঁ সি. এম. সি. এ. এলাকার বাইরে কয়েকটি পুরসভা এলাকায় নিকাশি ব্যবস্থার উন্নতি করবার উদ্দেশ্যে একটি জার্মান সংস্থার সাথে প্রাথমিকস্তরে কথাবার্তা শুরু করা হয়েছে। কলকাতা পুর কর্পোরেশন এলাকায় নিকাশি ব্যবস্থা উন্নয়নের জন্য বিশ্ব ব্যাঙ্ক এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করা হয়েছে।

(খ) জার্মান ব্যাংক কে. এফ. ডব্লু.-এর প্রতিনিধিরা দুবার কলকাতায় এসে আলোচনা করেছেন এবং কয়েকটি নির্বাচিত শহরের জলনিকাশি ব্যবস্থা সরেজমিন পর্যালোচনা করে এসেছেন। এই বিষয়ে কে. এফ. ডব্লু. এবং ভারত সরকারের সিদ্ধান্ত জানা গেলে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। বিশ্ব ব্যাঙ্ক এবং এ. ডি. বি. প্রতিনিধিরা কলকাতার নিকাশি ব্যবস্থার উন্নতির জন্য কলকাতা কর্পোরেশনের প্রস্তাব পরীক্ষা করছেন।

### শিল্পোদ্যোগীদের জন্য ইন্‌সেনটিভ স্কিম

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এই রাজ্যের পুঁজি বিনিয়োগ ইচ্ছুক শিল্পোদ্যোগীদের জন্য বিশেষ ইনসেনটিভ স্কিম চালু করা হয়েছে;

(খ) সত্যি হলে,

(১) উক্ত স্কিমটি কিরূপ; এবং

(২) কবে থেকে উক্ত স্কিম চালু করা হয়েছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত স্কিমে নতুন শিল্প গড়ার ও সম্প্রসারণের জন্য রুগ্ধ শিল্প পুনরুজ্জীবনের ক্ষেত্রে বহুবিধ সহায়তা প্রদান করা হয় যথা ঃ

(i) কোনও প্রকল্পে সম্ভাব্যতা পরীক্ষা করিবার জন্য অনুদান।

(ii) ক্যাপটিভ পাওয়ার জেনারেশন সেট ক্রয় ও স্থাপনার জন্য অনুদান।

(iii) বিদ্যুৎ শুল্কে ছাড়।

(iv) মূলধনী বিনিয়োগের ক্ষেত্রে অনুদান।

(v) বিশেষ ক্ষেত্রে স্ট্যাম্প ডিউটির জন্য অনুদান।

(vi) উৎপাদিত দ্রব্যের উপর বিক্রয় কর ছাড়।

(vii) কাঁচামাল ক্রয়ের উপর বিক্রয় কর ছাড়।

(viii) পাইপড় কোল গ্যাস রূপান্তরের জন্য অনুদান।

(ix) গ্রোথ সেন্টারে জমি বন্টনের ক্ষেত্রে সহজ শর্ত।

(x) রুগ্ন ও বন্ধ শিল্পের পুনরুজ্জীবনের জন্যে বিভিন্ন সহায়তা প্রদান।

(২) ইনসেনটিভ স্কিম ঐ রাজ্যে প্রথম রূপায়িত হয়, ১৯৭২ সালের ১লা জানুয়ারি থেকে।

সর্বশেষ স্কিমটি রূপায়িত হয়েছে ১লা এপ্রিল ১৯৯৩ থেকে।

***Question No.10 : Held over**

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment Motion from Shri Atish Chandra Sinha—M.L.A., Shri Abdul Mannan—M.L.A., Shri Saugata Roy—M.L.A., Shri Ambica Banerjee—M.L.A., Shri Pankaj Banerjee—M.L.A., and Shri Satya Ranjaṇ Bapuli—M.L.A. on the subject of rise in the prices of essential comodities.

The Notice is in order and I give my consent to it.

Now I call upon Shri Atish Chandra Sinha to ask for the leave of the House to move his adjournment Motion.

**Shri Atish Chandra Sinha :** Sir, I ask for leave of the House.

**Shri Rabin Deb :** Sir, We have objections to it.

... NOISE ...

**Mr. Speaker :** There is objection to it. Now I would request the Hon'ble members who are in favour of the leave to rise in their seats.

(At this stage several Cong. (I) members and Shri Kamal Kanti Guha and Shri Shovan Deb Chattopadhya rose in their seats.)

**Mr. Speaker :** I find there are 51 persons in support of the motion. It is the requisite number. As such the leave is granted. The Adjournment Motion will taken up at one (1'O Clock) for discussion and the discussion will continue for two hours. If any member wants vote the Motion that also have to be put before expiry of two hours. Under Rule 65 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. No question can be put at the end of the two hours debate.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received ten notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Reported death of one Wajed Akunji in the custody of Alipore Central Jail on 8.12.98 | : | Shri Deba Prasad Sarkar |
| (ii) | Reported killing of Chital Deers in Sundarban forest | : | Shri Sudhir Bhattacharjee |
| (iii) | Outbreak of malignant malaria in Calcutta | : | Shri Sultan Ahmed |
| (iv) | Non-supply of rice, wheat and sugar through ration shops in the areas under Uluberia Sub-Division | : | Shri Sanjib Kumar Das |
| (v) | Reported murder of one Pritam Bhattacharjee and one Rudra Parui in Howrah | : | Shri Ambica Banerjee & Shri Sailaja Kumar Das |
| (vi) | Erosion of river Ganga at Manickchak in Malda | : | Shri Ram Prabas Mondal |
| (vii) | Suspension of production by N.T.P.C. from 11.10.98 | : | Shri Unus Sarkar, Shri Rabin Deb and Shri Padmanidhi Dhar |
| (viii) | Deterioration of Law and Order situation in the State on 25.10.98 over a rumour | : | Shri Rabin Deb Shri Abu Ayes Mondal & Shri Sujan Chakraborty |

| | | |
|---|---|---|
| (ix) | Decision of the Union Govt. to close down 6 Public Undertakings : | Shri Debabrata Banerjee & Shri Pelab Kabi |
| (x) | Decision of the Union Govt. to close down 64 Coal Mines : | Shri Debabrata Banerjee & Shri Lakshman Bagdi |

I have selected the notice of Shri Sultan Ahmed on the subject of outbreak of malignant malaria in Calcutta.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, this statement will be made on the 16th December, 1998.

## PRESENTATION OF COMMITTEE REPORT

### Report of the Select Committee on the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1998

**Shri Rabindra Nath Mandal :** Sir, with your permission, I beg to present the Report of the Select Committee on the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1998.

### Seventh Report of the Committee on the Entitlements of the Members (1998-99)

**The Chairman (Hon'ble Speaker) :** I beg to present the Seventh Report of the Committee on the Entitlements of the Members, 1998-99.

### 25th, 26th, 27th, 28th and 29th Report of the Subject Committee on Agriculture (Marketing), Food & Supplies, Food Processing & Horticulture and Fisheries 1998-99

**The Chairman (Shri Saugata Roy) :** Sir, I beg to present :

(i) The 25th Report on the study visit of the Subject Committee on Agriculture, (Marketing), Food & Supplies, Food Processing & Horticulture and Fisheries, 1998-99 to the districts of Bankura and Purulia from 28th August, 1998.

(ii) The 26th Report on Action taken on the fifteenth, sixteenth, and nineteenth Report of the Subject Committee on Agriculture Marketing Department.

(iii) The 27th Report on Action taken on the 22nd Report of the Subject Committee on the Development of Fisheries.

(iv) The 28th Report on Action taken on the 23rd Report of the Subject Committee on the Pre-voting Budget Scrutiny on the demands for grants of the Department of Food Processing and Horticulture 1998-99.

(v) The 29th Report on the Activities of the Department of Food & Supplies with special reference to rise in price of some essential commodities.

## LAYING OF REPORT

### Annual Accounts of the North Bengal State Transport Corporation, 1990-91

**Shri Subhas Chakraborty :** Sir, I beg to lay the Annual Accounts of the North Bengal Transport Corporation along with the Audit Reports and Audit Certificate thereon for the year 1990-91.

**Mr. Speaker :** Now, I have some mention cases. I will take up mention cases upto 1.00 p.m. As many as can be covered will be takes up.

## MENTION CASES

**শ্রী মহবুবুল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মালদা জেলার চাষীদের স্বার্থে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা জানেন মালদা জেলায়

ভয়াবহ বন্যার ফলে কৃষকরা সর্বস্বান্ত হয়েছেন। বন্যার পরে রবি ফসলের জন্য মানুষ অধীর আগ্রহে তাদের চাষবাস করেছিল। কিন্তু রবি ফসল সরষে, আলু গম ইত্যাদি বিভিন্ন ফসল যখন তারা লাগিয়েছে, তখন তারা দেখছে যে, পোকার উপদ্রবে সমস্ত ফসল নষ্ট হয়ে যাচ্ছে। আমরা কাগজের মাধ্যমে দেখছি যে, মাননীয় কৃষিমন্ত্রীর ঘরে গিয়ে কৃষি বিপণন মন্ত্রী ঝগড়া করেছেন। তাঁকে সাধুবাদ জানাচ্ছি। মালদা জেলার চাষ আজকে সর্বস্বান্ত হওয়ার পথে। তাছাড়া বন্যার পরে যে মিনিকিট দেওয়ার কথা ছিল এবং সেই মিনিকিট অত্যন্ত নিম্ন মানের এবং যে পরিমাণ দেওয়ার কথা ছিল, তার থেকে সংখ্যায় কম দেওয়া হচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে চাষীদের স্বার্থ রক্ষা করা যায় এবং মিনিকিটের সংখ্যা বাড়ানো যায়।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই বছর ২৬শে অক্টোবর কিংবদন্তী নায়ক আবুল কাশেম ফজলুল হকের ১২৫তম জন্মদিবস পালিত হয়েছে। তিনি ছিলেন অবিভক্ত বাংলার অন্যতম রাজনৈতিক ব্যক্তিত্ব। ১৩ সাল থেকে ৪৭ সাল পর্যন্ত তিনি আইনসভার সদস্য ছিলেন। ৪৬ সালে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী হয়েছিলেন। এই আইনসভার সদস্যও ছিলেন তিনি ৩৪ থেকে ৩৬ সাল পর্যন্ত। পরিষদীয় রাজনীতিতে এক অসামান্য দক্ষতার পরিচয় দিয়েছিলেন তিনি। তিনি শের-এ বাংলা উপাধি পেয়েছিলেন। ২৪ সালে তিনি স্বাস্থ্য এবং শিক্ষামন্ত্রী হয়েছিলেন। ৩৫ সালে তিনি কলকাতা পুরসভার মেয়র নির্বাচিত হয়েছিলেন। মনেপ্রাণে তিনি ছিলেন একজন খাঁটি বাঙালি। তাঁর মধ্যে কোনরকম সাম্প্রদায়িকতা ছিল না। ধর্মভিত্তিক কোনও রাজনীতি ছিল না। জাত ধর্মনির্বিশেষে তিনি মানুষকে ভালবাসতেন। ২৬শে অক্টোবর বিধনাসভা ছুটি দেওয়া হয়েছিল কিন্তু তাঁর যথাযথা জন্মবার্ষিকী পালন করার জন্য আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সম্মান প্রদর্শন করে তাঁর নামে কিছু করা যায় কিনা।

**মিঃ স্পিকার ঃ** আপনাকে জানাচ্ছি যে আগামী ২৪শে ডিসেম্বর অ্যাসেম্বলি প্রাঙ্গণে তাঁর জন্মদিবস উদ্যাপন করার ব্যবস্থা করা হয়েছে। তাঁর ছেলে বাংলাদেশের মন্ত্রী তাঁকেও নিমন্ত্রণ করা হয়েছে। আশা করছি আপনারা সবাই উপস্থিত থাকবেন।

**শ্রী কমল গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ১২ সালের ২৬শে জুন তিন বিঘা হস্তান্তরিত হয়েছিল। আজ ৯৮ সাল। আমরা কি দেখলাম। আমরা দেখলাম বাংলাদেশ থেকে হাজার হাজার মানুষ এসে তিন বিঘায় দাঁড়িয়ে তারা বললেন আমরা এই ব্যবস্থা মানি না। দুই রাষ্ট্রের মধ্যে যে চুক্তি হয়েছে, সেই চুক্তি অনুসারে তিন বিঘার উপর আমাদের পুরো কর্তৃত্ব রয়েছে। আমরা ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারের কোনও কর্তৃত্ব মানব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে রাজ্য সরকার তিনবিঘার উপর একটা বিউটি স্পট করার জন্য, টুরিস্টরা যাতে সেখানে যায় তারজন্য কাজ শুরু করেছিলেন। সেই সময়ে বাংলাদেশের বি. ডি. আর., সেখানকার ছাত্ররা এসে সেই কন্ট্রাকটরকে তাড়িয়ে দিয়েছে। তারা বলছে চুক্তি হয়েছে ভারত সরকার আর বাংলাদেশের মধ্যে, সেই চুক্তি অনুসারে কর্তৃত্ব আমাদের, ভারত সরকারের কোনও কর্তৃত্ব চলবে না। আমরা জানি যে ৯২ সালে ২৬শে জুন ভারত সরকার আর আমাদের পশ্চিমবঙ্গ সরকার আমাদের বিভ্রান্ত করেছিলেন, বলেছিলেন ওদের কোনও কর্তৃত্ব নেই, ভারত সরকারেরই সার্বভৌমত্ব থাকবে। তারাই ওখানে কনট্রোলিং অথরিটি। ৯২ সালে সেখানে এই সংঘর্ষ হয়েছে গুলি চলেছে, দুজন মানুষ মারাও গিয়েছিল। আজকে তারাই এখানে গোলমাল করছে। ভারত সরকার, রাজ্য সরকার কিছুই জানেন না। আমি প্রধানমন্ত্রীকে একটা ফ্যাকস্ পাঠিয়েছি। গতকাল আমি আমাদের স্বরাষ্ট্রমন্ত্রীর কাছেও বলেছি। তিনি বলেছেন যে তাঁর কাছে কোনও খবর নেই। অথচ বাংলাদেশের ছাত্র, কৃষকরা, সাধারণমানুষ তিনবিঘার উপর দাবি জানাচ্ছে, হামলা করছে। এই ৩ বিঘা নিয়ে পশ্চিমবঙ্গের রাজনীতিতে একটা উত্তাল ঝড় বয়ে গিয়েছিল আপনি এটা জানেন। আমাদের ২ জন কর্মী শহীদ হয়েছে সেখানে। অথচ যে চুক্তি হয়েছে সেই চুক্তিকে অন্ধকারে রেখে বিভ্রান্ত করা হয়েছে। নরসিমা রাও এবং জ্যোতি বসুর মাধ্যমে রাজ্য সরকারের কাছে আবেদন করছি এবং দাবি করছি যে চুক্তি হয়েছে সেই চুক্তি এই বিধানসভার মধ্যে রেখে সত্য প্রকাশ করা হোক। না হলে আগামী দিনে সেখানে ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হবে এবং রাষ্ট্রের মধ্যে বিরাট গোলমাল শুরু হবে।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী এবং কৃষি ও বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত মাসে প্রাকৃতিক দুর্যোগে একদিকে বন্যায় মালদা, মুর্শিদাবাদ ও উত্তরবঙ্গ এবং আরেক দিকে নভেম্বরে যে প্রাকৃতিক দুর্যোগ হলো তাতে আমন ধান সমস্ত নষ্ট হয়ে গেছে এবং হুগলি ও

হাওড়াতে যে নতুন আলুর বীজ বসিয়ে ছিল সেই বীজ নষ্ট হয়ে গেছে। তাই কৃষি দপ্তরের কাছে পশ্চিমবঙ্গ সরকারের কাছে আবেদন যাতে নতুন করে আলু বসাবার জন্য এই সাহায্য করে। সমস্ত পানের বরজ নষ্ট হয়ে গেছে, রবিশস্য নষ্ট হয়েছে। এর ব্যবস্থা না হলে চালের দাম, রবি ফসলের দাম আরও বাড়বে। চাষীরা বঞ্চিত হচ্ছে আর মজুতদাররা ফায়দা লুটছে। তাই আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কাছে আবেদন এই কৃষক পশ্চিমবঙ্গ সরকারের কাছে আবেদন এই কৃষক পরিবারগুলির মুখে হাসি ফোটাবার জন্য নিশ্চয়ই ব্যবস্থা গ্রহন করবেন। সেখানে উচ্চ ফলনশীল আলু ও রবিশস্য হতে পারে তার জন্য বিনাসুদে সার, বীজ, ওষুধ ইত্যাদি সরবরাহ করা হয়।

**শ্রী আবদুস সালাম মুন্সী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জে ৬টি ডিপ টিউবওয়েল এবং ৮টি আর. এল. আই. ভেঙে গেছে। সাড়ে চার-পাঁচ হাজার বিঘা এলাকায় সেচ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে আছে, চাষীদের মাথায় হাত। কালিগঞ্জের ১ নং ব্লকে ডিপ টিউবওয়েলটি সেখানে চিফ্ ইঞ্জিনিয়র গিয়ে দেখেছেন এবং বলেছেন যে ৪ লক্ষ টাকা দিয়ে এটা সারানো হবে এবং প্রতি মাসে ১৭৫ টাকা করে নেওয়া হবে ওই ৪ লক্ষ টাকার খরচ বহন করতে হবে। আমি তাই এর প্রতিবাদ করছি এবং সরকারি খরচে এই ৬টি ডিপ টিউবওয়েল এবং ৮টি আর. এল. আই. চাষীদের স্বার্থে অবিলম্বে চালু করার জন্য মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে হিন্দুস্থান মোটর কারখানাটি গভীর সংকটের মধ্যে পড়েছে। কারখানার কর্তৃপক্ষ ৩ দিন লে-অফ করার চক্রান্ত করছে। অটোমেশনে ৩ দিন কাজ করছে আর ৩ দিন কাজ করছে না। আপনারা সংবাদপত্রে জেনেছেন যে এতে ১৪ হাজার লোক কাজ করে, তার মধ্যে ৭ হাজার লোককে ভি. আর. এস. স্কিমের মধ্যে ফেলার চেষ্টা করছে, যাদের ৪০ বৎসর বয়স হয়েছে বা যাদের ১০ বছর চাকরী হয়েছে তাদের কিছু টাকা দিয়ে বলছে বাড়ি চলে যাও। অথচ আমরা দেখছি যে উচ্চ বেতন দিয়ে বড় বড় অফিসার নিয়োগ করা হচ্ছে। আমি বলতে চাই আজকে হিন্দমোটর কারখানা বিড়লা গোষ্ঠীর মাদার ইউনিট। বিভিন্ন রাজ্যে তাদের অটোমোবিল ইন্ডাস্ট্রি আছে, সেখানে ৫০০ কোটি টাকা বিনিয়োগ করছে, কিন্তু এখানে ৭৫ কোটি টাকা বিনিয়োগ করছে।

১৯৫২ সালে যখন এই কারখানা তৈরি হয়েছিল তখন ৭৪৪ একর জমি লিজ দেওয়া হয়েছিল শিল্পায়ণের জন্য।

(এই সময় মাইক অফ হয়ে যায়)

[1-00 — 1-10 p.m.]

## DISCUSSION ON ADJOURNMENT MOTION

## (on rise in the prices of essential Comodities)

**মিঃ স্পিকার ঃ** নাউ আই কল আপন শ্রী অতীশচন্দ্র সিনহা টু মুভ হিজ মোশন।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

বিগত কয়েক বছর ধরে বিশেষ করে গত লোকসভা নির্বাচনের পর থেকেই সারা দেশের নিত্য প্রয়োজনীয় সামগ্রী লাফিয়ে লাফিয়ে আকাশ ছোঁয়া মূল্য বৃদ্ধির ফলে সারা দেশের সঙ্গে এই রাজ্যের আপামর জনসাধারণ বিশেষ করে দরিদ্র শ্রেণীর মানুষ জীবন ধারণের নূন্যতম প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করতে পারছেন না, উপরন্তু এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীদের অবৈধভাবে নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী এমনকি ভোজ্য তেল, রান্নার মশলা, কাঁচা সবজী, আলু, পেঁয়াজ, কাঁচা লঙ্কা, নুনের মতো সামগ্রী যা দরিদ্র মানুযের একমাত্র ভোজ্য এবং ব্যবহার্য তাও অবৈধভাবে মজুত করে ভোজ্য পণ্যের কৃত্রিম অভাব সৃষ্টি করছে এবং কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ উদ্দেশ্যমূলকভাবে বৃহৎ ব্যবসায়ীদের মুনাফা বৃদ্ধির জন্য দেশে পেঁয়াজের চাহিদা থাকা সত্ত্বেও বিদেশে পেঁয়াজ রপ্তানি করার ফলে পেঁয়াজের ঘাটতি আরও ব্যাপকভাবে দেখা দেয়। ফলে আবার পেঁয়াজ আমদানি করতে হয়। এতে আমদানি ও রপ্তানির জন্য এক শ্রেণীর ব্যবসায়ী অসাধু উপায়ে অতিরিক্ত মুনাফা করার সুযোগ পায় এবং জনসাধারণকে অস্বাভাবিক বেশি দামে পেঁয়াজ ক্রয় করতে বাধ্য করা হয়।

রাজ্য সরকার মজুতদার, মুনাফাখোর ও কালোবাজারিদের বিরুদ্ধে কোনও কড়া ব্যবস্থা তো নেইই নি উপরন্তু মজুতদার ও কালোবাজারিদের বিরুদ্ধে আইনগত এবং প্রশাসনিক কোনও ব্যবস্থা গ্রহণে ব্যর্থতার ফলে এরাজ্যেও নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর মূল্য সাধারণ মানুযের নাগালের বাইরে। রাজ্যের প্রশাসনিক নিস্ক্রিয়তার ফলে মুনাফাখোরেরা বেপরোয়া মনোভাব নিয়ে জিনিসপত্রের দাম অস্বাভাবিক ভাবে বাড়িয়ে দিয়েছে।

সুতরাং এই সভা রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অপদার্থতা, অযোগ্যতা ও জনস্বার্থবিরোধী কার্যকলাপের তীব্র নিন্দা করছে এবং অবিলম্বে মূল্য বৃদ্ধি রোধের ব্যবস্থা গ্রহণ করতে রাজ্য সরকারের কাছে এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি উপরোক্ত যে মুলতুবি প্রস্তাব আনলাম তাতে আপনিও নিশ্চয় স্বীকার করবেন যে, এটা বর্তমান দূর্মুল্যের বাজারে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এমন একটা অবস্থা সৃষ্টি হয়েছে গোটা দেশে এবং পশ্চিমবঙ্গে যে সাধারণ খেটে খাওয়া মানুষ, দরিদ্র শ্রেণীর মানুষ, তাদের জীবন নির্বাহ করা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। এ সম্বন্ধে অনেক পরিসংখ্যান দেওয়া যায় কিন্তু সময়ের অভাবে হয়তো তা দেওয়া যাবে না। আজকে এখানে ডঃ অমর্ত্য সেন-এর নোবেল পাওয়া নিয়ে আলোচনা হয়েছে। তিনি দুর্ভিক্ষ নিয়ে গবেষণা করেছেন। সেই দুর্ভিক্ষ এই অবস্থা চলতে থাকলে যে এখানেও সৃষ্টি হবে তাতে কোনও সন্দেহ নেই। এ বিষয়ে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার উভয়ই নাকে তেল দিয়ে ঘুমোনোর অবস্থা। তাদের যে এ বিষয়ে কিছু করার আছে, কোনও কর্তব্য আছে এই ভয়াবহ অবস্থার মোকাবিলা করার জন্য তার কোনও চেতনা বা উদাহরণ আমরা দেখতে পাচ্ছি না। সবচেয়ে দুঃখের কথা হচ্ছে, এশেনসিয়াল কমোডিটিস অ্যাক্ট বলে কেন্দ্রীয় সরকারের যে অর্ডিন্যান্স আনা হয়েছিল সেটা ল্যাপ্স হয়ে গেছে আজ থেকে দু-তিন মাস আগে। সেটা এখনও আর কার্যকর করা যাচ্ছে না। আমরা দেখছি, কেন্দ্রীয় সরকার এই আইনকে সিলেক্ট কমিটিতে পাঠিয়েছেন যে, এই আইনটাকে কি ভাবে সংশোধন করা যায়। একটা অর্ডিন্যান্স করার পর সেই অর্ডিন্যান্স ল্যাপ্স করে করে গেল। সেই সিলেক্ট কমিটিতে দু-জন সদস্য আছেন। একজন শ্যামবিহারী মিশ্র এবং অন্যজন হচ্ছেন সত্যপাল জৈন।

তারা দু'জনেই বি.জে.পি.র সদস্য। তাঁদের মধ্যে শ্যামবিহারী মিশ্র হচ্ছে অল ইন্ডিয়া ট্রেডার্স অ্যাশোসিয়েশনের সভাপতি। আজকে কেন্দ্রে বি.জে.পি. পরিচালিত সরকার কাদের স্বার্থে পরিচালিত হচ্ছে? এবং কাদের স্বার্থ সুরক্ষিত হচ্ছে? পরিসংখ্যান থেকে তুলে দিলে এটা পরিস্কার হবে। কিছু কিছু জিনিসের উৎপাদন হয়তো কমে থাকতে পারে, যেমন পিয়াঁজের উৎপাদন কমেছে। কিন্তু যাই হোক তাতে জিনিসের দাম, পিঁয়াজের দাম বাড়ার যৌক্তিকতা নেই। এতে ব্যবসায়ীদের সঙ্গে চোরাকারবারি, কালোবাজারিদের যোগসাজশ আছে, আমি বলব এর সঙ্গে

রাজ্যসরকারের এবং কেন্দ্রীয়সরকারেরও যোগসাজশ আছে। এটা ছাড়া এই অভাবনীয়, অভূতপূর্ব দাম বৃদ্ধির কোনও যৌক্তিকতা দেখতে পারছি না। দুঃখের বিষয় এই ব্যাপারে কোনও পদক্ষেপ কেন্দ্রীয়সরকার নিচ্ছেন না। রাজ্যসরকারের পক্ষ থেকেও অর্ডিন্যান্স ল্যাপ্স করে গেল। যে আইনটা হবে তাতে সাত বছর কারাদণ্ডের কথা বলা হয়েছিল, সেটা এখন সাত বছর থেকে কমিয়ে ২ বছর করা হয়েছে। যেটা নন্-বেল্এবেল্ অফেন্স ছিল সেটা এখন বেল্-এবেল্ অফেন্স হয়েছে। কি করা হয়েছে? এখানে রাজ্যসরকার বসে আছে। এই বিধানসভা থেকে বিভিন্ন সময়ে অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে সর্বদলীয় রেজোলিউশন গ্রহণ করা হয়েছে। কিন্তু এই বিষয়ে কোনও কিছু লিখে পাঠান নি বা বলেন নি। আপনারা বি.জে.পি.র বিরুদ্ধে কত কথা বলেন, কিন্তু এখনও এই ব্যাপারে বি.জে.পি.র বিরুদ্ধে কোনও আন্দোলন করেন নি। অর্ডিন্যান্স পরিবর্তন করে নতুন করে করা হোক যাতে কালোবাজারি, মুনাফাখোররা শাস্তি পায়। পশ্চিমবঙ্গে পিঁয়াজ হয়তো হয় না। কিন্তু এখানে অনেক আলু উৎপাদন হয়। প্রত্যেক বছর বলা হয় রেকর্ড পরিমাণ আলু উৎপাদন হয়েছে। এবারেও ৬০ লক্ষ টনের উপর আলু উৎপাদন হবে। আগের বছরও ৮০ লক্ষ টনের উপর উৎপাদন হয়েছে। তাহলে বাজারে আলুর কে.জি. ১০ টাকা কেন? লক্ষ লক্ষ টন চাল বাংলাদেশে পাচার হয়ে যাচ্ছে। তার জন্য বাজারে ১২-১৪ টাকা করে চালের কে.জি.। আপনারা চুপ করে বসে আছেন। বুদ্ধদেব বাবু বসে আছেন। আজকে কিসের জন্য সাধারণ মানুষকে ১২-১৪ টাকা কে.জি. করে চাল কিনে খেতে হচ্ছে? আমি জানতে চাই আজকে কি করে সাধারণ মানুষ জীবন নির্বাহ করবে? আমি জানতে চাই, এই সরকার কতজন হোডার্স, কতজন ব্ল্যাক-মার্কেটিয়ার্সের শাস্তির ব্যবস্থা করেছেন? আপনারা নাম-কা ওয়াস্তে ২-৪ জনকে ধরে পরে তাদের জামিনে ছেড়ে দেন। তার ফলে এখানকার ব্যবসাদাররা জ্যোতি বাবুর রাজত্বে স্বর্গ রাজ্যে বাস করছে। সুতরাং এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ না করলে যে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে তার থেকে মুক্তি পাওয়া যাবে না।

(গণ্ডগোল)

**মিঃ স্পিকার ঃ** আপনারা যত টাইম নেবেন তত আপনাদের গ্রুপ থেকে বাদ যাবে, আপনারা কম বলবেন। There is two hours for the motion. I am telling you again. if you disturb time will be deducted from your group. I have mentioned that time is fixed and that I cannot extend the time.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় বিরোধী দলের নেতার বক্তব্য শুনলাম এবং যে মূলতবী প্রস্তাব ওঁনারা রেখেছে সেটা পড়লাম।

(গণ্ডগোল)

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় বিরোধী দলের নেতা, তিনি ভাল করে জানেন যে, যে রাজনৈতিক দল দিল্লিতে সরকার চালাচ্ছে সেই দলের যে চরিত্র—

(গণ্ডগোল)

**Mr. Speaker :** I will close the debate. It cann't go on in this way. I will put it to vote straightway and close it. I can't allow debate to go on in this way. If the debate can't go on I will close it and put it to vote straightway. If you don't want the debate I will close it. আমার মনে হচ্ছে আপনারা ডিবেট চাননা, এই সব করতে চান। তাহলে এই সবই করুন, আমি বন্ধ করে দিয়ে ঘরে যাই। ডিবেটের কোনও দরকার নেই।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় বিরোধী দলের নেতা, আপনি যা আনতে চেয়েছেন তা আমি আপনাকে তালিকা দিয়ে জানাচ্ছি।

(গণ্ডগোল)

আমাকে বলতে দিন। মাননীয় বিরোধী দলের নেতা, আপনার এবং আপনার দলের এটা ভাবা দরকার যে, এখন দিল্লিতে কারা সরকার চালাচ্ছে। আপনি নিশ্চয়ই জানেন যে দল দিল্লিতে এখন সরকার চালাচ্ছে তারা চিরকাল ভারতীয় রাজনীতিতে ব্যবসায়ীদের দল হিসাবে পরিচিত। সাম্প্রতিককালে কিছু শিল্পপতিরা ওদিকে গিয়েছে। শিল্পপতিদের সমর্থন তারা এখন পাচ্ছে। কিন্তু চিরকালই বিজেপি ট্রেডার্স অ্যাণ্ড সংঘ ট্রেডার্সদের পার্টি হিসাবে চিহ্নিত। তারা ক্ষমতায় যাওয়ার ফলে ব্যবসায়ী মহল উঠে পড়ে লেগেছে। যার ফলে আজকে এই দুর্বিসহ অবস্থা চলছে। অতীশবাবুর বক্তৃতা আমি মন দিয়ে শুনেছি। তিনি কেন্দ্রীয় সরকার সম্বন্ধে মুল্যায়ন যা করেছেন তাতে আমি তাঁর সঙ্গে প্রায় একমত। কিন্তু আজকে তিনি বলুন তো এই মুহূর্তে

ভারতবর্ষের কোন রাজ্য সরকার দাম কমাতে পেরেছে? উড়িষ্যায়, মধ্যপ্রদেশে তো তাঁদেরই দল সরকারি ক্ষমতায় আছে, তারা কি দাম কমাতে পেরেছে? পারেনি, তারা এটা করতে পারে নি।

(প্রচণ্ড গণ্ডগোল)

বিরোধী দলের নেতা আমাদের কাছে প্রশ্ন রেখেছে, "আপনারা কি ব্যবস্থা নিয়েছেন?" আমি সোজাসুজি তাঁর প্রশ্নের জবাবে এখানে একটা তালিকা পেশ করছি, তিনি দয়া করে একটু লিখে নিন। তালিকাটা হচ্ছে—গত অক্টোবর-নভেম্বর মাস থেকে, যখন থেকে মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের চারজনকে নিয়ে একটা কমিটি করে দেন তখন থেকে প্রতিদিন আমরা আলোচনা করেছি এবং প্রতিদিন অ্যাকশন নিয়েছি, ব্যবস্থা নিয়েছি। আজ পর্যন্ত, অক্টোবর—নভেম্বর মাস থেকে ডিসেম্বর মাসের ৪ তারিখ পর্যন্ত কলকাতা পুলিশ ৮২টা কেস করেছে এবং ৯৫ জনকে কলকাতা শহরে গ্রেপ্তার করেছে। এই পরিপ্রেক্ষিতে যে জিনিস আটক করেছে তার মূল্য হচ্ছে ১ কোটি ৭ লক্ষ ৩৪ হাজার ২৪০ টাকা। আর কলকাতা পুলিশের বাইরে, রাজ্য পুলিশ ৪ঠা ডিসেম্বর পর্যন্ত ১৫৭ জনকে অ্যারেস্ট করেছে এবং ৭ কোটি ১২ টাকার মাল আটক করেছে।

(প্রচণ্ড গণ্ডগোল)

স্যার, এ কি হচ্ছে?

**মিঃ স্পিকার** ঃ বলতে দিন।

(প্রচণ্ড গণ্ডগোল)

**শ্রী সুব্রত মুখার্জি** ঃ গ্রেপ্তার করা, আর শাস্তি হওয়া, দুটো আলাদা জিনিস।

**মিঃ স্পিকার** ঃ Mr. Sinha, I see that the debate is not required. I think I should straightaway put this to vote. There's no use. Mr. Mukherjee, মিঃ মুখার্জি, আপনি বোধহয় বক্তৃতা করবেন? যখন করবেন তখন এঁরাও (ট্রেজারি বেঞ্চ) এইরকম করবেন। তখন কি ভাল লাগবে? বসুন। Why do you go on this way? Mr. Mukherjee, please take your seat. And, Mr. Rabin Mukherjee for the last time, please take your seat.

Mr. Tapas Banerjee, for the last time, take your seat, or I will be forced to take action. The debate has to go on.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** বিরোধীদলের নেতাকে আমি মনে করিয়ে দিচ্ছি, শুধু কলকাতা শহরে সরষের তেলের জন্য আমি গ্রেপ্তার করেছি ২০ জনকে এবং ৪৫ লক্ষ ৬৬ হাজার ৪২৬ টাকার সরষের তেল আমরা উদ্ধার করেছি। (তুমুল হট্টগোল)

(এই সময়ে তাপস রায়, তাপস ব্যানার্জি, রবীন মুখার্জি, অশোক দেব প্রভৃতি মাননীয় সদস্যরা উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন)

(গণ্ডগোল)

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন। Mr. Tapas Roy, please take your seat. Hon'ble Members, please take your seats. . . (noise continued) . . For the last time, Mr. Rabin Mukherjee, please take your seat. Mr. Mukherjee, take your seat. Mr. Sinha, I don't think the debate is required. I put it to vote? You don't want the debate. I put it to vote then? Mr. Tapas Roy, please take your seat. Mr. Roy, for the last time, take your seat. Shri Ashok Deb, take your seat also. Mr. Deb, take your seat. Mr. Roy, please, please take your seat. Mr. Tapas Roy, this is for the last time. If you do this, I will put it to debate straightaway. It can't go on, this is too much. I will put it to vote straightaway, I tell you. You can't go on this way. Mr. Atish Chandra Sinha, I think you cannot control your members. There is no use to carry on the debate. Please, I am on my legs. What's the matter? . . .

. . (noise and interruptions) . .

**Mr. Speaker :** Mr. Sinha, already 7 minutes and 40 seconds have been wasted. It would be deducted from Opposition's time.

(গণ্ডগোল) (একাধিক কংগ্রেস সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)

[1.20 — 1.30 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** ঃ আমি স্যার, অতীশবাবুকে জিজ্ঞাসা করছি যে, আমি বলতে পারব কি না?

(গণ্ডগোল) (একাধিক কংগ্রেস সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)

স্যার, আমি অনুরোধ করে বলছি যে বক্তৃতা করার কোনও অবকাশ নেই। আপনি স্যার, ভোট করুন। এই অবস্থায় আমি বক্তৃতা দিতে পারি না। আপনি ভোট করুন, হয়ে যাক। আমাকে বলতে না দিলে . . .

(গণ্ডগোল)

**মিঃ স্পিকার** ঃ তাহলে ওরাই বলুক, তারপর ভোট হয়ে যাক।

(গণ্ডগোল)

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** ঃ স্যার, ওরা বলবেন আর আমরা বলতে পারব না?

**মিঃ স্পিকার** ঃ বলুন না।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** ঃ কাকে বলবো আমি?

(গণ্ডগোল) (একাধিক কংগ্রেস সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)

**মিঃ স্পিকার** ঃ বসুন, বসুন, বসুন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** ঃ স্যার, ওরা না থামলে আমি বলব না। আগে ওদের বসতে হবে।

(গণ্ডগোল)

স্যার, আপনি আমাদেরও রক্ষা করুন। আপনি আমাদের প্রটেক্ট করুন।

**মিঃ স্পিকার** ঃ প্রটেক্ট করার কোনও ব্যাপার নেই। ওরা ডিবেট চাইলে ডিবেট হবে, না হলে হবে না।

(গণ্ডগোল) (একাধিক কংগ্রেস সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন।)

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** স্যার, ওরা না থামলে আমি একটা কথাও বলব না।

**মিঃ স্পিকার ঃ** শ্রী সুব্রত মুখার্জি বলুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** (গোলমালের মধ্যে) মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব আমাদের দলের মাননীয় সদস্য এনেছেন, আমি তাকে সমর্থন করছি। এখানে অভূতপূর্ব ব্যাপার দেখলাম। মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য বললেন কয়েকজনকে গ্রেপ্তার করেছেন। কিন্তু স্যার, একজনেরও সাজা হয়নি।

(গণ্ডগোল)

তার কারণটা গোপনে তদন্ত করুন।

(গণ্ডগোল)

মন্ত্রীদের বাড়িতে বড়বাজার থেকে বিনা পয়সায় পিঁয়াজ যায়, সরষের তেল যায় এবং অন্যান্য ভোজ্য দ্রব্য যায়। তারজন্য লোক দেখানো গ্রেপ্তার করেছেন কিন্তু একজনকেও সাজা দেন নি। আমাদের দলের মাননীয় সদস্যরা জানতে চেয়েছেন যে কতজনকে সাজা দেওয়া হয়েছে বলুন। আপনি বলতে পারেন নি। এটা আপনাদের ব্যর্থতা। আপনার দলের সদস্য কান্তি গাঙ্গুলি, তিনি যখন ভেজাল উদ্ধারে নামলেন আপনারই বিধনাসভা কেন্দ্রে তখন সেই ভেজাল উদ্ধার বন্ধ করার জন্য—ভেজাল কারবারিদের এবং চোরাকারবারিদের জন্য আপনি উঠে পড়লেন। এই কান্তি গাঙ্গুলি কে? এই কান্তি গাঙ্গুলি সবচেয়ে আগে বলেছিলেন যে দমদম দাওয়াই দিতে হবে। চোরা চালান কি ভাবে বন্ধ হবে? আপনারা তাকে বন্ধ করলেন না। বুদ্ধদেববাবু বললেন যে, চোরাচালানকারিদের গায়ে হাত দেওয়া যাবেনা। সবচেয়ে বেশি আলু যখন এখানে উৎপন্ন হল তখন আলু উধাও হয়ে গেল। আলুর সবচেয়ে বড় চোরাচালনাকারি হচ্ছে ঐ সামসুদ্দিন আমেদ। তাকে গ্রেপ্তার করার ক্ষমতা আছে? আজকে সরষের তেল ছেড়ে দিন, সামান্য শাক-সব্জির দামও বেড়ে যাচ্ছে, মাছের দামও বেড়ে যাচ্ছে। তেলের দাম তো লাফিয়ে লাফিয়ে বিনা কারণে ৮০/৮২ টাকায় চলে গেছে, আর আপনারা নিরবে চোখ বুজে আছেন। আজকে আপনারা এগুলি দেখছেন না তার কারণ বুদ্ধদেববাবুর সঙ্গে বহু মন্ত্রীর বাড়িতে গোপনে বিনা পয়সায় সরষের তেল বড়বাজার থেকে রপ্তানি হচ্ছে। ওরা যদি বিনা পয়সায় খায়, হারামের খায় তাহলে কেন মজুতদারদের রুখবে? ওরা যদি বিনা পয়সায় আলু পায় তাহলে কেন মজুতদারদের রুখবে? সেই জন্য মজুতদারদের রোকা হচ্ছে না।

(প্রচণ্ড গণ্ডগোল)

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** এবারে আপনি দয়া করে বসনু, আমাকে বলতে দিন। অতীশবাবু, আপনি একটু দেখুন। কেউ কারো কথা শোনেনা, অথচ আপনি নেতা হয়ে এখানে বসে আছেন। এটা হচ্ছে কি? (গোলমাল চলতে থাকে) আমাকে বলতে দেবেন কি দেবেন না? ... (গোলমাল) ...

(এই সময়ে দেখা যায় কংগ্রেস বেঞ্চ থেকে মাননীয় সদস্য সত্তয় বকসি এবং গৌতম চক্রবর্তী আলু, পেঁয়াজের মালা নিয়ে কলিমুদ্দিন সামস এবং বীরেন্দ্র কুমার মৈত্রকে দেন। তা নিয়ে তুমুল গোলমাল শুরু হয়।)

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন। মিঃ সিনহা, আমার কথা হচ্ছে, ডিবেট কি এইভাবে চলবে? If you want to debate it has to be done in a proper atmosphere. If you do not want to debate then I will put it to vote in straight way.

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আলোচনার জন্য যখন নোটিস দিয়েছিলাম ... প্রচণ্ড গোলমাল ...

স্যার, আমরা আলোচনার জন্য নোটিস দিয়েছি, স্বাভাবিক কারণে আমরা সরকার পক্ষ থেকে কিছু জানতে চাইব। ... প্রচণ্ড গোলমাল ...

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবু যখন বক্তব্য রাখছিলেন তখন উনি বললেন যে ৮২ জন কালোবাজারিকে উনি নাকি গ্রেপ্তার করেছেন। স্বাভাবিক কারণে আমাদের মাননীয় সদস্যারা জানতে চাইলেন যে কয় ঘন্টার জন্য গ্রেপ্তার করেছেন, কতদিন তাদের জেলে রেখেছেন, সেটা জানতে চাইবেন। তাতে যদি মন্ত্রী উত্তেজিত হয়ে যান এবং ঐ ভাবে বলেন তাহলে প্রোভোকেশনটা মন্ত্রীর কাছ থেকেই আসছে। মন্ত্রী যদি এই ভাবে অহং ভাব নিয়ে আলোচনায় অংশ গ্রহণ করেন তাহলে আমাদের সদস্যদের কনট্রোল করা অসম্ভব। কারণ বিরোধী সদস্যরা মন্ত্রীর রক্ত চক্ষু দেখে আলোচনায় অংশ গ্রহণ করবেনা। স্বাভাবিক কারণে মানুষের মধ্যে যে ক্ষোভ, মানুষের মধ্যে যে উত্তেজনা, আজকে কেন্দ্র বা রাজ্যের বিরুদ্ধে মানুষ স্বতস্ফুর্তভাবে ফেটে পড়েছে।

[1.30 p.m. — 2.15 p.m.] [including House adjourned]

তার প্রতিফলন হাউসে হওয়াটা স্বাভাবিক। কারণ সরকার পক্ষের গুরুত্বপূর্ণ মন্ত্রী যিনি সেই স্বরাষ্ট্রমন্ত্রীর এনফোর্সমেন্ট বিভাগের দায়িত্ব ছিল কালোবাজারিদের গ্রেপ্তার করা। কিন্তু তিনি অহং দেখালেন। ঔদ্ধত্ব যা দেখালেন তাতে এখানে আলোচনা সুষ্ঠভাবে হতে পারে না। আমি আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করছি, আলোচনার সুষ্ঠ পরিবেশ বজায় রাখতে গেলে তিনি ঔদ্ধত্ব ত্যাগ করে ভালভাবে বক্তব্য রাখুন এবং মাননীয় সদস্যারা যে প্রশ্নগুলি করেছেন ধৈর্য ধরে তার উত্তর দিন। এরকম একটা গুরুত্বপূর্ণ আলোচনা, যে আলোচনায় বিরোধী দলের নেতা অংশ গ্রহণ করেছেন, সেখানে রাজ্যের মুখ্যমন্ত্রীর থাকবার কথা। কিন্তু তিনি সভায় উপস্থিত নেই। এরকম যদি হয় তাহলে আমরাও রাজ্যপালের ভাষণের উপর আলোচনাকালে আমাদের দলের কোনও জুনিয়র সদস্যকে দিয়ে ডিবেট শুরু করব। তারজন্য আমি বলছি, ঔদ্ধত্ব ত্যাগ করে আলোচনায় অংশ গ্রহণ করুন। সরকার পক্ষ যদি মনে করে থাকেন যে, তাঁরা তাঁদের সংখ্যাগরিষ্ঠতার জোরে এখানে আলোচনা চালাবেন সেটা হবে না। তাহলে বিরোধীরাও তাদের ক্ষমতা অনুযায়ী প্রতিবাদ করবেন। আমি সরকার পক্ষের চিফ হুইপকে অনুরোধ করছি, উনি সরকার পক্ষের মেম্বারদের রেসট্রেইন করুন এবং বিরোধী পক্ষ যে প্রশ্নগুলি করেছেন তার উত্তর যাতে উনি ঔদ্ধক্ত পরিত্যাগ করে দেন সেটা দেখুন।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণভাবে সংসদীয় গণতান্ত্রিক ব্যয়স্থায় কিছু রীতিনীতি, সম্ভ্রম বোধ, শালীনতা ইত্যাদি থাকে। সেখানে যুক্তি তর্কের উপর ভিত্তি করে কিছু তর্ক-বিতর্ক হতেই পারে। কিন্তু এরকম একটা শর্ট অধিবেশন, সেখানে এরকম একটা বার্নিং ইস্যুর কথা চিন্তা করে আপনি ওদের অ্যাডজোর্নমেন্ট মোশনটা গ্রহণ করেছেন। এই সময়কালের কার্যক্রমকে বাদ দিয়ে একে প্রায়রিটি দিয়ে গ্রহণ করা হয়েছে, সেখানে আমরা বিরোধিতা করিনি। আমি নিজে বলেছিলাম যে, এটা অল পার্টি ইস্যু করা হোক এবং তার উপর আলোচনা হোক। কিন্তু সেটা সংকীর্ণ দলীয় মনোভাব থেকে আপনারা গ্রহণ করেন নি; না করে এখানে অ্যাডজোর্নমেন্ট মোশন নিয়ে এলেন। কিন্তু এতক্ষণ ধরে এখানে যা হল, হাউস পরিচালনার ক্ষেত্রে যে রীতি-নীতি, ঐতিহ্য, তাকে নস্যাৎ করা হয়েছে। আমি মনে করি, হাউসটা শুধুমাত্র সঠিকভাবে পরিচালনা . . . (তুমুল হট্টগোল) . . . আমি যেটা বলছিলাম, হাউসের বিজনেস সুষ্ঠভাবে পরিচালনার দায়িত্ব শুধুমাত্র সরকার

পক্ষের উপর থাকে না, এক্ষেত্রে বিরোধী পক্ষেরও একটা গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। কিন্তু সকাল থেকে অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি, এরকম একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে যেখানে আলোচনা হচ্ছে এবং সেখানে সরকার পক্ষ থেকে গঠিত টাস্কফোর্স সম্পর্কে যখন মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য মহাশয় বলছেন তখন তাঁকে প্রতিহত করা হয়েছে। আমি শুধু এটুকু বলতে চাই যে কংগ্রেসের প্রকৃতপক্ষে জনগণের দুর্দশা সম্পর্কে মমত্ববোধ নেই, তাই তারা এইভাবে বাধা দিয়ে হাউসকে ভ্যাণ্ডালিজমের মধ্যে নিয়ে যেতে চাইছেন। রাজনীতিতে একটা ভ্যাণ্ডালিজম সারা পশ্চিমবাংলায় ছড়ানো হচ্ছে। আজকে কংগ্রেস দল তাঁদের কৃতকর্ম, তাঁদের পাপ তাঁদের সমস্ত কিছু বইয়ে দেওয়ার চেষ্টা করছেন। আজকে ভারতবর্ষে এই রকম যে অর্থনৈতিক অবস্থা সেই অবস্থা কংগ্রেস দল দাঁড় করিয়েছে, এর জন্য কংগ্রেসকে অপরাধীর কাঠগড়ায় দাঁড় করানো উচিত। নিজেদের পাপ অন্যদের উপর বইয়ে দেওয়ার জন্য তাঁরা এইভাবে অশালীন আচরণ করছেন। আমি বিশ্বাস করি যাঁরা এখানে নির্বাচিত হয়ে এসেছেন—তবে আমি পরেশ পালের কাছ থেকে শালীনতা আশা করি না কারণ তিনি ভিকটোরিয়াতে যে ঘটনা ঘটিয়েছেন তা সকলে জানেন— কংগ্রেস দলের যাঁরা নির্বাচিত প্রতিনিধি যারা নেতা আছেন তাঁরা সংসদীয় রীতিনীতি বোঝেন। এই কংগ্রেস দলে প্রধান নেতা অতীশচন্দ্র সিনহা মহাশয় আছেন, মান্নান সাহেব আছেন, প্রফেসর সৌগত রায় আছেন, জ্ঞান সিং সোহন পাল মহাশয় আছেন, এবং সুব্রত মুখার্জি মহাশয় আছেন। আমি অনুরোধ করছি, যাঁরা সংসদীয় রীতিনীতি না মেনে অশালীন আচরণ করছেন তাঁদের শান্ত করে হাউস চালানোর জন্য আপনারা গুরুত্বপূর্ণ ভূমিকা নিন। তাতে আমরা সব রকম সহযোগিতা করব। এ পক্ষের বক্তব্য শুনতে দেবেন না, সংসদীয় ব্যবস্থায় এটা হয় না। আমাদের ধৈর্য আছে রুলিং পার্টি হিসাবে। আমার অনুরোধ সরকার পক্ষ থেকে যাঁরা বলবেন তাঁদের বলতে দিন, এই সভা পরিচালনা করার দায়িত্ব আপনারা গ্রহণ করুন। সরকার পক্ষ থেকে যাঁরা বলবেন তাঁদের বলতে দিন, ধৈর্য্য ধরে তাঁদের বক্তব্য শুনুন, এটা বিশৃঙ্খলের জায়গা নয়। এটা পরেশ পালদের আখড়া নয়। সেই জন্য অন্তত পক্ষে এই সভায় যে গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা হচ্ছে তার গুরুত্ব অনুধাবন করে হাউসকে চলতে দিন। তা না হলে এই রকম একটা বিষয়ের গুরুত্ব হালকা হয়ে যাবে। আপনারা যদি এই রকম দায়িত্বজ্ঞানহীন আচরণ করেন তাহলে পশ্চিমবাংলার মানুষের কাছে আপনাদের ম্যাসেজ চলে যাবে, সেটা আপনাদের পক্ষে ভাল হবে না। আপনারা যদি আমাদের বক্তব্য না শোনেন তাহলে আপনাদের বক্তব্য আমাদের পক্ষে শোনা সম্ভব হবে না এটা আমি বলতে পারি।

**মিঃ স্পিকার** ঃ এখন বিরতি, আমরা আবার মিলিত হবো ২-১৫ মিনিটে।

(At this stage the House is adjourned till 2.15 p.m.)

[2-15 — 2-20 p.m.] (after recess)

**Mr. Speaker :** Now I have some clarifications from you. I want to know if your party is interested in debate. If the debate has to go on then there cannot be any disturbances. Every member has a right to speak in the way he wishes to speak. Some members may think he is not saying correctly, or he is not answering fully or he is keeping things concealed. But you cannot put the Minister into saying, 'you have not said this, you have not said this.' His speech—he will write, he will speak. His speech cannot be written by you. That is the parliamentary system. আপনি এটা বলেন নি। এটা বলুন। এটা করেননি। ওটা করুন। এটা পাড়ার রক নয়। পার্লামেন্টের মধ্যে এরকম হয় না।

... (At this stage Congress (I) member, Shri Tapas Roy rose to speak) ...

Mr. Roy, please sit down. I am on my foot. Please sit down. If you do not want a debate I will put it on vote straightway. It cannot go on like this.

... (At this stage Shri Tapas Roy spoke something) ...

Mr. Roy, I am not going to debate with you. I am not going to learn from you. I am not going to debate with you. If you feel he is misleading then when you are going to speak you contradict, but not when he is making a speech.

Half an hour time has been lost. That will be deducted from your time.

Now Shri Subrata Mukherjee.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দলের পক্ষ থেকে যে প্রস্তাব আনা হয়েছে, এই প্রস্তাবের বিরোধিতা কি করে সরকার পক্ষের লোকেরা করলেন এটা আমার মাথায় ঢোকে না। রাজনৈতিক অনেক পার্থক্য মতের এবং আনুষঙ্গিক অনেক ব্যাপার থাকতে পারে। কিন্তু অর্থনৈতিক বিষয়ে, বিশেষ করে এই ধরণের সেনসিটিভ বিষয়, যা সমস্ত মানুষের—ব্যক্তি এবং সকলের বিষয়, সেখানে এই রকম আলাদা ভাবে একটা প্রস্তাব আমাদের আনতে হয়েছে। রবীনবাবু সরাসরি এই প্রস্তাবের বিরোধিতা করে আমাদের অবাক করে দিয়েছেন। ভাগ্য ভাল বিরোধী পক্ষের। এই প্রস্তাবের মূল কনসেপ্টকে কেন্দ্র করে সম্প্রতি ভারতবর্ষের কয়েকটি রাজ্যে নির্বাচন হয়ে গেছে। দেওয়ালের লেখা পড়ে যদি বুঝতে পারেন, তাহলে দেখবেন, প্রধানমন্ত্রী যেখানে থাকেন, সেখানে পেঁয়াজ এবং কয়েকটি জিনিসের দাম বেড়েছে এই কারণে তাঁদের ঘটি উল্টে গেছে। এখানেও হোত, এখুনি যদি এখানে ভোট হোত, তাহলে বামফ্রন্ট সরকার পুনরায় উঠতে পারতেন না। একটু আগে এখানে হৈহৈ হয়েছে। আমি সব হৈহৈ-কে সমর্থন করি না, ঠিক কথা। কিন্তু এটা তো ঠিক কথা, এখানে অতীত দিনের যাঁরা রয়েছেন তাঁরা ভাড়া বৃদ্ধির ব্যাপারে, মূল্যবৃদ্ধির ব্যাপারে কি করেছিলেন, একবার লাইব্রেরিতে গিয়ে দেখবেন কি হয়েছিল।

[2-20 — 2-30 p.m.]

কখনও মুখ্যমন্ত্রীকে খুন করবার চেষ্টাও হয়েছে এমন ঘটনাও ঘটেছে। সেই কারণে আমি অনুরোধ করব যে সব সময়ে রীতিনীতি মেনে চলার দরকার নেই, কোথাও কোথাও গুরুত্ব উপলব্ধি করে বামপন্থীরা সমর্থন করতে পারতেন, তাহলে তাঁদের দলের পক্ষেই ভাল হত। আগামীকালই আপনারা ধর্মঘট করছেন, কারা তার অন্যতম প্রধান উদ্যোগী—সিপিএম, সিটু, এ আই টি ইউ সি এবং টি ইউ সি। তাদের মধ্যে কোন ইস্যু অন্যতম—দ্রব্যমূল্য বৃদ্ধি। সারা ভারতবর্ষে এই দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে আগামীকাল ধর্মঘট করতে যাচ্ছেন অথচ আজেক অতীশ সিনহা মহাশয়ের আনা প্রস্তাবে আপনারা বিরোধিতা করছেন। এটা আপনারা কোন নীতিতে বিরোধিতা করছেন বুঝলাম না। স্বভাবতই এই কারণে আমাদের সদস্যরা উত্তেজিত হতেই পারে। কিছুক্ষণ আগে মাননীয় বুদ্ধদেববাবু বললেন যে, তাঁরা নাকি গ্রেপ্তার করেছেন ৭৬ জনকে, কখনও ৯৪জনকে, আবার কখনও ১২৯ জনকে। আমরা বারে বারে বলেছি যে আপনারা যে গ্রেপ্তার করেছেন তাদের নাম বলুন। গ্রেপ্তার করলে

তাদের নাম বলা শুধু মন্ত্রীর কর্তব্য নয়, বাধ্যতাও বটে। আপনি সভাতে যা বললেন তার সত্যতা প্রতিষ্ঠা করার দায়িত্ব আপনাকেই নিতে হবে। একজনের সম্পর্কে অভিযোগ করলে তাকে সাবস্টানশিয়েট করার দায়িত্ব আপনাকেই নিতে হবে। আপনি যাদের গ্রেপ্তার করেছেন তাদের নাম বলুন। আপনারা একটা মালিককেও গ্রেপ্তার করেন নি। গ্রেপ্তার করেছেন কতগুলো দোকানের কর্মচারিদের। দোকানে যারা কর্মচারী, কাজ করে তাদেরকে গ্রেপ্তার করেছেন। আপনারা কজনকে শাস্তি দিয়েছেন বলতে পারেন। রবীনবাবু আপনি শুনলে অবাক হয়ে যাবেন কোনও কালোবাজারি শাস্তি পায় নি। যাদের ধরা হয়েছে তাদের কাউকেও বেশিদিন গ্রেপ্তার করে রাখা হয় নি। সেই কারণেই আজকে আমাদের সদস্যদের উত্তেজিত হবার কারণ ছিল। মাননীয় বুদ্ধদেববাবু আপনি কি অস্বীকার করতে পারবেন, এখানে তো অসীমবাবুও আছেন তিনিও বলতে পারবেন, জিনিসপত্রের দাম দুটি কারণে বাড়ে—একটা হচ্ছে উৎপাদন কম হলে পরে এবং আরেকটা কারণ হলো কালোবাজির এবং মজুতদারদের জন্য। যদি উৎপাদন কম হয় তাহলে যোগান কম হবে এবং জিনিসপত্রের দাম বাড়বে। সেক্ষেত্রে একমাত্র পথ হল আমদানি করা। আপনাদের আমলে আজ পর্যন্ত কোনও কালোবাজারির কঠোর শাস্তি হয়েছে? এই তো এখানে সভা আলোকিত করে পেঁয়াজ আলুর মন্ত্রী বসে আছেন। (এই সময়ে কলিমুদ্দিন সামসের দিকে আঙ্গুল দেখিয়ে বলেন।) ওঁনার মতো এতোবড় কালোবাজারি আর কেউ নেই। এখানেও কালো জামা পরে বসে আছেন। কই পারেন নি তো ওঁনাকে গ্রেপ্তার করতে? আমরা বারে বারে বিধানসভার ভেতরে এবং বাইরে বলে এসেছি যে, পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি আলু উৎপাদন হয়েছে, কিন্তু এর সর্বনাশ হয়ে যাবে ব্যবস্থা না নিলে। কই আপনারা এর কোনও ব্যবস্থা নিতে পেরেছেন? কোনওভাবে আলুকে রক্ষা করতে পেরেছেন আমাদের উৎপাদিত আলু আমরাই বেশি দামে খাব। তারপর পেঁয়াজ চান, অসীমবাবু পেঁয়াজ চান পেয়ে যাবেন। দুশো টন পেঁয়াজ চাইলেই পেয়ে যাবেন কিন্তু অনেক বেশি দামে। সরষের তেল চান পেয়ে যাবেন। একশো টন তেল চান পেয়ে যাবেন। বেশি দাম দিয়ে কিনতে হবে। তাহলে উৎপাদন কম হচ্ছে কি করে আপনারাই বলুন। আজকে যদি তেল কম হত তাহলে এখানে মন্ত্রীগুলো এতো তেল চকচকে হতে পারত না। স্বভাবতই সদস্যদের উত্তেজিত হবার কারণ আছে। বুদ্ধদেববাবু তো নেই, ওঁনাদের পার্টিরই কান্তি গাঙ্গুলি মজুতদারদের বিরুদ্ধে কঠোর মনোভাব নিয়ে বাজারে নেমে পড়েছিলেন। মজুত উদ্ধারের কাজে নেমে পড়েছিলেন। সঙ্গে সঙ্গে বুদ্ধদেববাবু বললেন যে, তারা পুলিশ দিয়ে কাজ করাবেন। কিন্তু সরকার

কি একটাও ধরেছেন, কোনও ব্যবস্থা নিয়েছেন? সরকারের মজুতদারদের, কালো বাজারীদের উপরে কোনও হাত নেই। তবে আমি মনে করি এই অবস্থার সূত্রপাত আজকেই নয়, এর সুত্রপাত ১৯৯১ সাল থেকেই। আই এম এফ এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কে অর্থনীতির ফলে শুধু রাজ্যের নয়, গোটা দেশের মধ্যে একটা মন্দাভাব এসেছে। একটা বাজারি অর্থনীতি ভীষণভাবে কেন্দ্রীভূত হয়েছে এবং এরমধ্যে পড়ে যেসব দেশগুলো যেমন ইন্দোনেশিয়া একটা ডেথ ট্রাপের মধ্যে পড়েছে। মালয়েশিয়াও ডেথ ট্রাপের মধ্যে পড়েছে। মালয়েশিয়া যার মধ্যে পড়েছে। যার মধ্যে ব্রাজিল, আর্জেন্টিনা সমস্ত ল্যাটিন আমেরিকা আছে। তাই বলে আজকে লঙ্কাকে আটকোনা যাবে না, শাক এর দাম আটকানো যাবে না, বেগুন এর দাম আটকানো যাবে না, কুমড়োর দাম আটকানো যাবে না সব দাম লাফিয়ে লাফিয়ে উঠছে, অথচ দাম বৃদ্ধি আটকানো যাবে না। এই ব্যাপারে আজকে রাজ্য সরকারের কি কোনও দায়িত্ব নেই? তাহলে আপনারা কি করতে আছেন? তাই আমি মনে করি এটাকে সমর্থন না করে আপনারা সবচেয়ে বড় দুর্নীতি করেছেন, এর চেয়ে বড় দুর্নীতি আর হতে পারে না। এটাকে যদি সমর্থন না করেন তাহলে আগামীকাল কোন ইস্যুতে আপনারা ধর্মঘট করছেন? এখানে যারা খাদ্যমন্ত্রী রয়েছেন তাদের দু-একজনের পদত্যাগ করা উচিত। অন্তত আলু মন্ত্রীকে বাদ দিন এই সভা থেকে, যাতে আমাদের আলুটা অন্তত খেতে পারি।

**শ্রী সুভাষ নস্কর** ঃ মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় বিরোধী দলনেতা যে বিষয়টি উপস্থাপন করেছেন, সেটা নিজেরা ভাল করেই জানেন যে এই বিষয়ে মূলত দায়ী কেন্দ্রীয় সরকার। এখন সেই জায়গায় যারা ছিলেন তারা এখন নেই, সুতরাং যারা এখন সেখানে আছেন তাদের প্রতি এরা বিন্দুমাত্র সমালোচনা করছেন না। সেটারও একটা কারণ আছে, সেটা এখানে বলার দরকার নেই। এরা ব্যবসায়ীদের সম্পর্কে বরাবরই সাপোর্ট দিয়েছেন, এক্ষেত্রে সেটা নেই। ব্যবসায়ীদের নেতা মানেই কংগ্রেস। ইদানীংকালে রাজনৈতিক হাওয়া বুঝে তারা কোথাও কোথাও সাইড পরিবর্তন করেছেন। এইসব বিষয়ের প্রতি সমালোচনা করতে গেলে ঐ ইস্যুগুলি এসেই পড়ে। আমি কয়েকটি বিষয়ে এখানে উল্লেখ করে রাখি আমাদের কেন্দ্রীয় সরকার এর কাছে এই তথ্যগুলি থাকার কথা, নিশ্চয় তা আছে। সারা বছরে বা একটা নির্দিষ্ট বছরে সারা দেশে কোন কোন ফসল কতটা পরিমাণ উৎপাদিত হয়, সেই তথ্য বা রেকর্ড নিশ্চয় আছে। সারা দেশে মোট কত পরিমাণ শস্য বা ফসল লাগবে সেটা নিশ্চয় হিসাব আছে। যখন উৎপাদিত ফসল রাজ্য থেকে বিদেশে

পাঠানো হয় সেই হিসাবটা আগে করার দরকার ছিল, রাজ্যে হিমঘরের যেখানে সংরক্ষণের ব্যবস্থা করা হয় সেটা আরো বাড়ানো দরকার ছিল। সময় মতন সেইগুলির প্রতি নজর দেওয়া হয়নি। প্রাকৃতিক বিপর্য্যয় এর দরুণ ফসল উৎপাদন কম এইগুলি সবাই আমরা জানি। এটাও জানি মজুতদার ব্যবসাদাররা চিরকাল তাদের স্বার্থটা দেখেছেন, এবং চোরাপথে কি ভাবে ব্যবসা করা যায়, মজুত করে কৃত্রিম অভাব সৃষ্টি করে কিভাবে বাজারে দাম বাড়ানো যায়, তার চেষ্টা তারা করেন। এটা তাদের চারিত্রিক দিক। যেভাবে প্রচার হয়েছে, কাগজে, রেডিও, টিভিতে দাম বেড়ে যাচ্ছে, এই ব্যাপারে মাঝে মাঝে মন্ত্রিমহাশয়ও নিজে মুখে বলেছেন আলুর দাম এক্ষেত্রে ৭/৮ টাকা, দেখা গেল সেটা শোনার পরে ব্যবসাদাররা ঐ দামের উপরে আলো দু-একটাকা বাড়িয়ে দিয়ে তারা বিক্রি করতে লাগলেন। প্রচারমাধ্যমগুলি যেভাবে দামের খবর দেয় সেটা খুবই সাংঘাতিক। আমরা কাগজে রেডিওতে দেখলাম দার্জিলিঙে নুনের দাম ৪০ টাকা, আমাদের কমিটির একটা প্রোগ্রাম সেখানে ছিল, সেখানে গিয়ে আমরা দেখলাম ৪০ টাকা তো নয়ই, দাম যা ছিল তাই আছে। সুতরাং এই যে প্রচার হয়ে গেল দার্জিলিঙের লবণ ৪০ টাকা এতে চারিদিকে রটে গেল যে দাম বেড়েছে। এটা কিন্তু প্রচার মাধ্যমের জন্য ঘটছে। এই ব্যাপারে নির্দিষ্ট প্রস্তাব, আমাদের এখান থেকে কিছুটা শিক্ষা নেওয়া উচিত কোন জায়গায় কি করা দরকার। এশেনসিয়াল কমোডিটিস অ্যাক্টের মধ্যে যদি আলু, পেঁয়াজ লবণ রাখা হয় তাহলে এই ব্যবসার সঙ্গে যারা যুক্ত তাদের নিয়ন্ত্রণ করা যাবে। সুতরাং এই বিষয়ে আমাদের সরকার নিশ্চয় সচেষ্ট হবেন এবং সঠিক ভূমিকা পালন করবেন। চাষীরা যেসব সামগ্রী উৎপাদন করে তারা সব সময় চাইবে তার দামটা একটু বেশি পাই। তাই এর দাম এমন সময়ে নিয়ন্ত্রণ করতে হবে যখন চাষীদের কাছেই জিনিসটা থাকবে এবং তারা যাতে উৎপাদন খরচ ও লাভ পায়। কিন্তু এমন সময়ে দাম নিয়ন্ত্রণ করা হয় যখন তা আর চাষীদের হাতে থাকে না, এই ব্যাপারটা আমাদের বিশ্লেষণ করা দরকার এবং প্রকৃতপক্ষে কেন্দ্রের যে বি.জে.পি. সরকার তাদের মানুষ মারার নীতির নিন্দা জানিয়ে এবং বিরোধী পক্ষের নেতা যে প্রস্তাব রেখেছেন তার নিন্দা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন সরকারের দায় এই কথা বলার আগে যেটা বাস্তব পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে দ্রব্যমূল্য বৃদ্ধি এবং

নিত্য প্রয়োজনীয় জিনিস আজকে একটা নজিরবিহীন এবং ভয়াবহ সমস্যায় পর্যবসিত হয়েছে এবং যে সমস্যা একটা সরকারের অস্তিত্ব থাকবে কি থাকবে না তার উপর নির্ভরশীল। বাস্তবে আজকে সারা দেশে মূল্যবৃদ্ধি পরিস্থিতি যে জায়গায় এসে দাঁড়িয়েছে—কি রাজ্য, কি কেন্দ্র—কোনও জায়গাতেই সরকার আছে বলে মনে হয় না। জনসাধারণের প্রতি তাদের বিন্দুমাত্র মূল্যবৃদ্ধিজনিত সমস্যা—কি কেন্দ্র, কি রাজ্য—সহানুভূতি আছে বলে তাদের আচরণ দেখে বোঝা যায় না। দ্বিতীয় কথা হচ্ছে, কেন্দ্রীয় সরকার বলতে চাইছে প্রাকৃতিক দুযোর্গ মূল্যবৃদ্ধির অন্যতম কারণ। প্রথমত এই কথা সত্য নয়। এবং দ্বিতীয়ত প্রাকৃতিক দুর্যোগে যদি উৎপাদন কম হয় এবং মূল্যবৃদ্ধির কারণ হয়ে থাকে তাহলে সেই দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের উপরে বর্তায়। সেটা পূরণ করবার জন্য সামরিক অস্ত্র নির্মাণ ব্যয়, মন্ত্রী বা আমলাদের যে বিশাল ব্যয়, বিদেশ ভ্রমণের ব্যয় এবং প্রভূত পরিমাণ কালো টাকা যদি উদ্ধার করা যায় তাহলে এটা সামাল দেওয়া সম্ভব। এই টাকা দিয়ে নদী-সংস্কার, বাঁধ সংস্কার এবং জলনিকাশি ব্যবস্থা যদি সুষ্ঠভাবে করা যায় তাহলে খরা, বন্যা রোধ করা যেত, দেশের মানুষের এই অবস্থা হত না। এখন বি.জে.পি. সরকার বলছে তারা দশমাস ক্ষমতায় আছেন মূল্যবৃদ্ধির দায় তাদের নয়, তাদের পূর্ববর্তী সরকার এই মূল্যবৃদ্ধির জন্য দায়ী। এইকথা ঠিকই কেন্দ্রীয় সরকারের যে নীতি, সেই নীতিই মূল্যবৃদ্ধির পেছনে কাজ করছে। একদিকে মজুতদার, কালোবাজারি, অসাধু ব্যবসায়ীদের স্বার্থে যে অনুসৃত নীতি, অন্যদিকে বাজেট ঘাটতি, মুদ্রাস্ফীতি, পেট্রোল ডিজেলের মূল্যবৃদ্ধি, এইগুলো হচ্ছে মূল্যবৃদ্ধির কারণ। তার সঙ্গে আছে গ্যাট চুক্তি স্বাক্ষর করার ফলে শিল্পে মন্দা, কৃষি পণ্য বিদেশে রপ্তানি করা, আজকে এর জন্য নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বেড়েছে। প্রশ্ন হচ্ছে, বি.জে.পি. সরকার যদি মূল্যবৃদ্ধির জন্য তার পূর্ববর্তী সরকারকে দায়ী মনে করে, তার নীতি দায়ী মনে করে তাহলে দশমাস ক্ষমতায় এসে এই বি.জে.পি. সরকার সেই নীতি অনুসরণ করে চলেছে তখন তারা সেই দায়িত্ব থেকে স্খলন পেতে পারেনা। এই মূল্যবৃদ্ধির দায়িত্ব কেন্দ্রের না রাজ্যের এই পারস্পরিক দোষারোপের যে তরজা তার মধ্যে ভারতবর্ষের মানুষ নেই, এই দোষারোপের তরজার মধ্যে পশ্চিমবাংলার মানুষ নেই।

রাজায় রাজায় যুদ্ধ, উলুখাগড়ার প্রাণ যায়। পরস্পর পরস্পরের ঘাড়ে দোষ চাপাবার চেষ্টা করছেন। দেশের, রাজ্যের মানুষ মজুতদার, কালোবাজারি, অসাধু ব্যবসায়ীদের শিকার হচ্ছে। কেননা, কি রাজ্যে, কি কেন্দ্রে যেই সরকার থাকুক না

কেন, তারা ঐসব ব্যবসায়ীদের গায়ে হাত দেবেন না, গতিতে টিকে থাকার জন্য তাদের অনুকূল্য চাই। আপনারা জামিন অযোগ্যকে জামিনযোগ্য করলেন, তাতে কি হল? ইট অ্যামাউন্টস দা সেম। এটা ন্যাকেডলি হচ্ছে। কি কেন্দ্রে, কি রাজ্যে যারা আছেন, তারা ক'জন অসাধু ব্যবসায়ীকে অ্যারেস্ট করেছেন? বুদ্ধদেববাবু বললেন, অ্যারেস্ট করেছি। তাতে কি দাম কমেছে? বললেন মাণ্ডি আইন করবেন। তাতে কি জিনিসপত্রের দাম কমবে? অসীমবাবু জবাব দেবেন? দিল্লিতে দাম কম কিন্তু পশ্চিমবাংলায় কলকাতায় কেন বেশি এতদিন মাণ্ডি আইন করলেন না কেন? যখন গোটা ভারতবর্ষে উপ-নির্বাচন এল, তখন সব জায়গায় মূল্যবৃদ্ধির বিরুদ্ধে সাজো-সাজো রব দেখা গেল, তারপর আবার থেমে গেল। আজকে যে নুরুল ইসলাম, আনন্দ হাইতদের খাদ্য আন্দোলনের জন্য ক্ষমতায় এসেছেন, তাদের এই পশ্চিমবাংলাকে অসাধু, কালোবাজারি, মজুতদারদের হাতে তুলে দেবেন না। যদি আজকে জনসাধারণের জন্য চিন্তা থাকে, তাহলে কথায় নয়, কাজে দেখাবেন, সেইসব অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী দলের নেতার উত্থাপিত যে অ্যামেন্ডমেন্ড মোশন আপনি গ্রহণ করেছেন, সেইজন্য আপনাকে ধন্যবাদ জানাই। এটার প্রয়োজন ছিল। জনসাধারণের মধ্যে ক্ষোভ আছে। আমি এটাও জানি, কৃষি বিপনন মন্ত্রী হিসাবে দায়িত্ব আমারও আছে। আমি যে সব খানে সফল, সেটা আমি বলতে চাইছি না। মাননীয় বিরোধী দলের নেতা যে-কথা বললেন, সেটা আমি সম্পূর্ণটা অস্বীকার করছি না, ঠিকই আছে। আমাকে আজকে গৌতম চক্রবর্তী আলুর মালা দিয়ে কি দাম কমবে? আমার পাশের বাড়িতে আগুন লাগলে আমার বাড়িতেও লাগবে। শুধু কি পশ্চিমবাংলায় জিনিসের দাম বেড়েছে? যেখানে কংগ্রেসের রাজত্ব, সেখানে কি বাড়েনি? আমি একটা কথা বলতে পারি, যখন দিল্লিতে আলু ১৬ টাকায় বিক্রি হচ্ছিল—চন্দ্রমুখী আলু ১১.০০। আমি সব জায়গা থেকে তথ্য নিয়েছি। দিল্লি থেকেও খবর নিয়েছি। দু-একটা জিনিস ছাড়া সেখানকার তুলনায় এখানে অন্যান্য জিনিস-এর দাম কম আছে। আমি কখনও বলছি না আমি সফল মন্ত্রী। একটা কথা আপনাদের বলতে হবে, আমি কোথায় ফেল করেছি, আমার ব্যর্থতা কোথায়, কি করলে দামটা কমানো যেত। আপনারা বলছেন, আলু কেন বিহারে গেল? মাননীয় অর্থমন্ত্রী কোনও রকমে ঠেকিয়েছিলেন, না ঠেকালে আজ ১৫ টাকা হয়ে যেত। আমি বলছি আপনারা একটু শুনুন। আমাদের অনেকের ধারণা যে,

বিহারে কেন আলু গেল। বিহারে আলু আনতে যাবার কোনও বাধা ছিল না। চাষীরা ৫ টাকায় আলু বিক্রি করেছে। আগের বছরে সেই আলু একটা টাকাতেও তারা বিক্রি করতে পারে নি। ফেলে দিতে হয়েছে। সেদিন যদি বাধা দিতাম, অনেকেই বলেছে যে, আপনারা কেন বাধা দিলেন না? আমি যদি বাধা দিতাম, তাহলে আমাকে মারতে আসত। কালকে যখন আলু পচে যাচ্ছিল, আর আজকে ৫ টাকায়, এটা কি কলকাতার বাবুদের জন্য দরদ? এইকথা তারা বলত। কলকাতার বাবুদের জন্যও ভাবতে হবে, কৃষকদের জন্যও ভাবতে হবে। আপনারা যখন বলছেন তখন বলি যে, আলু আইন একমাত্র পশ্চিমবঙ্গেই রাখতে পেরেছি। বিহারে নেই। উত্তরপ্রদেশ উঠিয়ে দিয়েছে। সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের বলছে যে, আলুকে কন্টোলে রাখবেন না। আমরা শুনিনি। সেইজন্য এখনও পর্যন্ত আলুর দাম কমে যাচ্ছে। আমাদের কর্ণাটক থেকে আলু আনতেই হবে। আমরা আনার চেষ্টা করছি। আমরা ভালো কাজ করলেও আপনারা আপত্তি করবেন। আমি বলছি যে, এই উর্দ্ধগতির জন্য দায়ী কেন্দ্রীয় সরকারই। কেন্দ্রীয় সরকার বিনা বিবেচনায় এক্সপোর্ট করল। এশেনসিয়াল কমোডিটিস অ্যাক্ট লাঘব করল না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বাধীনতার পরে, বিশেষ করে ৬০ এর দশকে যে খাদ্য আন্দোলনগুলি হয়েছে, পশ্চিমবঙ্গের বুকে, এই হাউসে বোধহয়, তার দুটো সাক্ষী, জীবন্ত সাক্ষী এক হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রী এবং দুই আমি। আমরা সেদিন দেখেছি যে, গোটা ভারতে কংগ্রেস সরকারের দাপট, তারা সরকার চালাচ্ছেন। পশ্চিমবঙ্গের কংগ্রেস সরকার। কিন্তু সেই মূল্যবৃদ্ধির দিনে, দুর্ভিক্ষের দিন গোটা নিয়ন্ত্রণ জনগণের হাতে চলে এসেছিল। বাইরে মাঠে প্রান্তরে যে আন্দোলন শুরু হয়েছিল, এই বিধানসভার ভিতরে প্রতি মুহূর্তে তা আছড়ে পড়ত। আজকে সামান্য একটা ব্যাপারে বুদ্ধদেববাবু বিচলিত হলেন, আপনারা বিচলিত হলেন এবং হয়ে যে কথাগুলি বুদ্ধদেববাবু বললেন, যিনি আগামীদিনে মুখ্যমন্ত্রী হবেন পশ্চিমবঙ্গের, তাঁর মুখ থেকে অন্তত এটা আমি আশা করিনি। তিনি কতখানি বিচলিত হলেন, এর থেকেই প্রমানিত হল যে, উড়িয্যায় আপনাদের সরকার, উত্তর প্রদেশে আপনার সরকার। উনি এই কথা বলেন। আমি বুঝলাম যে, তিনি খুবই বিচলিত হয়ে পড়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা ভারতবর্ষে যারা সরকারে আছেন তাদের আমলে, সে কংগ্রেস হোক, আর বি.জে.পি. হোক, কিছু কিছু রাজ্যে তো কংগ্রেস আছেন, তাদের আমলে বণিকরা লুটেপুটে খাবে, সাম্রাজ্যবাদীরা ভারতবর্ষটাকে কুরে কুরে খাবে এটা আমাদের কাছে খুব স্বাভাবিক কিন্তু এবারে যে নিপুণতার সাথে ব্যবসায়ীরা আমাদের গোটা পশ্চিমবঙ্গকে একেবারে হায়েনার মতো খেয়ে ফেলল এটা ভাবা যায় না। কেন ভাবা যায় না। কেন ভাবা যায় না? আমরা অতীতে খাদ্য আন্দোলন দেখেছি। তখন তারা এই সাহস পায় নি। এখন এই সাহস পেল কেন? কারণ পশ্চিমবঙ্গে যে সরকার আছেন তাদের সাথে নামের তফাৎ হতে পারে ব্যক্তিত্বের তফাৎ হতে পারে কিন্তু চরিত্রের কোনও তফাৎ নেই। দ্বিতীয় কথা হল, অতীতে খাদ্য আন্দোলনের সময়ে, দুর্ভিক্ষের সময় সরকার ব্যবসায়ীদের নিয়ন্ত্রণ করেছিল। পশ্চিমবঙ্গের যুবসমাজ, কৃষক সমাজ বিশেষ করে যারা একেবারে স্কুলকলেজের চাকুরীজীবি, মাস্টারমশায় তারাও সোচ্চার হয়েছিলেন। মানুষকে অনুপ্রাণিত করেছিলেন। তারা আন্দোলনে ঝাঁপিয়ে পড়ার জন্য সকলকে আহ্বান জানিয়েছিলেন। তাদের সেই আহ্বান হাজার মানুষ সাড়া দিয়েছিলেন কিন্তু আজকে মধ্যবিত্ত সমাজ বলে কিছু নেই। মধ্যবিত্ত যারা ছিল তারা উচ্চমধ্যবিত্ত হয়ে গেছেন আর যারা উচ্চবিত্তে যেতে পারলেন না, তারা একেবারে নিচে নেমে গেলেন। তাদের মেরুদন্ড বলে কিছু নেই। কিন্তু লড়াইটা চিরকালের। যে কোনও আন্দোলনই হোক না কেন—স্বাধীনতা সংগ্রামই হোক বা গণ আন্দোলনই হোক তা মধ্যবিত্ত সমাজ থেকেই এসেছে। এতবড় একটা নক্কার জনক ঘটনা ঘটে গেল অথচ কোনওরকম প্রতিবাদ হল না। দাম তো বাড়া শুরু করেছিল জুন জুলাই মাস থেকে। শেষ পর্যন্ত দেখা গেল নাটক শুরু হল। পূজোর পর লোক দেখানোর জন্য কেউ থালা বাজালেন কিন্তু শেষ হয়ে গেল সাধারণ মানুষ, যারা কৃষক, যারা প্রতিদিন খেটে খায় সেই সঙ্গে তারাও শেষ হয়ে গেল। সেই সময়ে আন্দোলন হল না। আন্দোলন হল না কেন। যারা আন্দোলন করবে, আপনাদের স্বার্থে, আপনাদের টিকিয়ে রাখার স্বার্থে—তাদের আপনারা বিপথে নিয়ে গেছেন। আন্দোলনকারী বলে আজকে আর পশ্চিমবাংলায় কিছু নেই। হয় তাদের আপনারা টাকা দিয়ে কিনে নিয়েছেন, নাহলে পুলিশ দিয়ে, বন্দুক দিয়ে ভয় দেখিয়ে রেখেছেন। কাজেই আমার কথা হচ্ছে যুক্তি দিয়ে এ জিনিস ঠেকানো যাবে না। জিনিসের দাম বাড়ছে, চাল সবে উঠছে, নতুন ধান গৃহস্থের উঠানে উঠছে, এখন বাজারে চালের দাম বাড়ছে। চৈত্র বৈশাখ মাসে কোথায় গিয়ে চালের দাম দাঁড়াবে। চাষীরা বিকল্প চাষ যে করবে সেই বিকল্প

চাষের ব্যবস্থা হয় না। গ্রামে গ্রামে মিনিকিট যায় না। উত্তরবঙ্গে সার নেই। কৃষকরা মাথায় হাত দিয়ে বসে আছে। সবচেয়ে বড় কথা হচ্ছে যুবসমাজকে, কৃষকসমাজকে লড়াই করতে হবে। যারা নীতি কথা বলে, খবরের কাগজে যাদের শান্তি-শৃঙ্খলার কথা শুনি তাদের দিয়ে হবে না। যারা আমাদের শিশুপুত্রকে না খাইয়ে রেখেছে, আমাদের সংসারগুলোকে শেষ করছে তাদের বিরুদ্ধে উঠে দাঁড়াতে হবে। পরেশ পাল কি করলো ধ্বংসের চিহ্ন দেখে লাভ হবে না। এই রকম হাজার হাজার পরেশ পাল যদি সঠিক পথে আসে যুবকসমাজকে যদি দাঁড় করাতে পারে দল মত নির্বিশেষে তাহলে বানিয়াদের, বনিক সমাজকে প্রতিরোধ করা সম্ভব হবে এবং দেশের লোকের মুখে ভাত তুলে দিতে পারব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য্য** : মিঃ স্পিকার স্যার, বিরোধী দলের নেতা যে অ্যাডজর্নমেন্ট মোশন এনেছেন আমি তার বিরোধিতা করছি। আমি বিরোধিতা করছি তার কারণ তিনি তাঁর একটা অংশে বলেছেন কেন্দ্রের বি.জে.পি. সরকার এই মূল্য বৃদ্ধির জন্য তাদের দায়িত্বের কথা যা উল্লেখ করেছেন সেটা সঠিক ভাবেই করেছেন। কিন্তু তিনি রাজ্য সরকারকেও দায়ী করেছেন। সেই কারণে আমি তাঁর অ্যাডজর্নমেন্ট মোশনের বিরোধিতা করছি। আমি জানি এটা আপনারা সবাই জানেন যে মূল্য স্তর নিয়ন্ত্রণ করার চাবি-কাঠি রয়েছে কেন্দ্রীয় সরকারের হাতে। রাজস্ব নীতি, মুদ্রা নীতি এটাও কেন্দ্রীও সরকারের উপর নির্ভর করে, ব্যাঙ্কিং ব্যবস্থার নীতিও নিয়ন্ত্রণ করেন কেন্দ্রীয় সরকার এবং কোনও রাজ্য সরকার এই নীতিগুলি নিয়ন্ত্রণ করে না। আমদানি-রপ্তানি নীতি তাও কেন্দ্রীয় সরকার করেন। ভারতবর্ষের অর্থনৈতিক সংস্কারের নামে বাজারি অর্থনীতির নামে এবং উদারিকরণের যে নীতি কংগ্রেস সরকার নিয়ে ছিলেন আজ সেই নীতিকে কেন্দ্রের বি.জে.পি. সরকার তারা এগিয়ে নিয়ে যাচ্ছে এবং সেই নীতির রথের রশি হাতে বসে আছে সেই আই. এম. এফ. ওয়ার্ল্ড ব্যাঙ্ক, মাল্টিন্যাশনাল কর্পোরেশন প্রভৃতি সংস্থাগুলি। সাম্রাজ্যবাদী শক্তির কাছে আমাদের কেন্দ্রীয় সরকার আমাদের দেশের দরজাকে হাট করে খুলে দিয়েছে যা কংগ্রেস আমল থেকে শুরু হয়েছিল।

এবং সরকার পক্ষ এই ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই. এম. এফ. মাল্টিন্যাশনাল কর্পোরেশন—এদের সর্তের উপর দাঁড়িয়ে আমাদের দেশের অর্থনৈতিক নীতি কংগ্রেস

আমল থেকে নির্ধারিত হচ্ছে। এখনও আবার বি.জে.পি. সরকার সেটাকে আরো অনেক বেশি দূর এগিয়ে নিয়ে যাচ্ছে এবং এর ফলে দেশ জুড়ে লাগাম ছাড়া মূল্যবৃদ্ধি হচ্ছে। আরেকটা কথা মাননীয় সুব্রত মুখার্জি বলেছেন যে, বাজারি অর্থনীতির প্রভাবে হয়তো ঐ মূলবৃদ্ধি হবে—এটা সুব্রতবাবু বলেছেন। আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং বিশেষ করে আমি বলছি, জিনিস পত্রের দাম যে ভাবে মানুষের নাগালের বাইরে চলে গেছে এবং সাধারণ মানুষের নাভিশ্বাস উঠছে তা দেখেও কেন্দ্রীয় সরকার নীরব অবস্থায় আছে। কোনও ব্যবস্থা তাঁরা অবলম্বন করছেন না। এটা একটা জাতীয় ইস্যু। কেবল মাত্র পশ্চিমবাংলার জিনিসপত্রের দাম বেড়েছে আর অন্য কোনও রাজ্যের জিনিস-পত্রের দাম বাড়েনি, বিষয়টা যদি এই দাঁড়াত তাহলে নিশ্চয় রাজ্য সরকারকে দায়ী করা যেত। কিন্তু কংগ্রেস শাসিত রাজ্যে এমন কি বি.জে.পি. শাসিত রাজ্যেগুলোতে এবং সারা ভাবতবর্ষ ব্যাপি, সমস্ত রাজ্যে রাজ্যে যে ভাবে জিনিসপত্রের দাম মানুষের নাগালের বাইরে চলে গেছে সেখানে দাঁড়িয়ে এটা আজকে সম্ভব নয়। কোনও একটা রাজ্য সরকারের পক্ষে জিনিসপত্রের দাম, তার নীতি নির্ধারণ করা—এটা তার উপর নির্ভরশীল নয়। আলো জ্বলে উঠেছে। সময় শেষ হয়ে গেছে। তাই বিস্তৃত বক্তৃতার মধ্যে যেতে পারলাম না। আমি মাননীয় বিরোধী পক্ষের নেতার আনীত এই মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা আজকে দ্রব্যমূল্য বৃদ্ধির কারণে যে মূলতুবি প্রস্তাব এখানে এনেছেন আমার আশা ছিল সরকারের তরফে যারা বসে আছেন, যাঁরা ১৯৬৬/৬৭ সালের খাদ্য আন্দোলনে অংশ গ্রহণ করেছিলেন, দ্রব্য মূল্যবৃদ্ধির বিরুদ্ধে আন্দোলনে রত হয়ে মানুষের মুখে ভাষা যোগানোর চেষ্টা করেছিলেন তাঁরা আমাদের এই মুলতুবি প্রস্তাবকে সমর্থন করবেন। কিন্তু আজকে আমরা দুর্ভাগ্যবশতঃ দেখলাম, তাঁরা যেহেতু ক্ষমতায় আছেন, সেই ক্ষমতায় থাকার সুবাদে নিজেদের কালোবাজারি এবং পুঁজিপতিদের কাছে বিক্রি করে দিয়েছেন। এরপর হয়তো মাননীয় অর্থমন্ত্রী, বিশিষ্ঠ অর্থনীতিবিদ বলতে উঠে বলবেন আমরা তো পড়েছি, চাহিদা এবং যোগানের ঘাত প্রতিঘাতে জিনিসের দাম বাড়ে কমে। কিন্তু ৫২ লক্ষ মেট্রিক টন আলু উৎপাদন হলেও পশ্চিমবঙ্গে এর চাহিদা কম-বেশি ৩৫ লক্ষ মেট্রিক টন। আর, সেক্ষেত্রে পশ্চিমবাংলায় আলুর দাম হওয়া উচিৎ ছিল কম-বেশি ৫/৬ টাকা প্রতি কে.জি.। কিন্তু সেখানে আজকে ১১/১২ টাকা আলু কিনতে হচ্ছে। যোগান-উৎপাদন-প্রয়োজনের ভেতর কোথায় তারতম্য ঘটেছে? সেটা আপনারা বুঝতে পারছেন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় ১ কোটি ৩৫ লক্ষ মেট্রিক টন চাল উৎপাদন হয়েছে। আমাদের প্রয়োজন হচ্ছে ৬২/৬৫ লক্ষ মেট্রিক টন চাল। তাহলে কেন আজকে ১৬/১৭ টাকা দরে চাল খেতে হচ্ছে মানুষকে।

জুন মাসে দিল্লিতে ভেজাল সরষের তেল খেয়ে বহু মানুষ পঙ্গু এবং অনেক মানুষ মারা গেল। আর, আমাদের এখানে খাদ্যমন্ত্রী কলিমুদ্দিন সামস মহাশয় ফতোয়া জারি করলেন সরষের তেল বিক্রি চলবে না। আমরা পশ্চিমবঙ্গের মানুষ, আমরা সরষের তেল খাই। বিহার, উত্তরপ্রদেশের মানুষ বেশি করে তারা সেখানকার বাদাম তেল কেনে, দক্ষিণ ভারতের মানুষ নারকেল তেল কেনে। পশ্চিমবঙ্গ সরর্ষের তেল উৎপাদন করতে পারে না, বাইরের রাজ্য থেকে আমদানি করতে হয়। পশ্চিমবঙ্গে আমাদের প্রয়োজনীয় ভোজ্য তেল হিসেবে সরষের তেল ব্যবহার করা হয়, আর মন্ত্রী বলে দিলেন সরষের তেল বিক্রি করা যাবে না। পশ্চিমবঙ্গে ৩৫ টাকা কেজি সরষের তেল আজকে ৭২-৭৫ টাকা কেজি হয়ে গেল। আর রাজ্য সরকারের কাছে যখন জবাব চাইছি তখন মন্ত্রী পালিয়ে গেলেন। তার কারণ তাঁর কাছে যথাযোগ্য উত্তর নেই। পশ্চিমবঙ্গে তিনি ২০ জন তৈল ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করতে চাই, পশ্চিমবঙ্গে তেলের যোগান পোস্তাবাজার থেকে, সেই পোস্তাবাজারে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ কতদিন হানা দিয়েছে, কতজন মানুষকে গ্রেপ্তার করেছে, কত কুইন্টাল তেল বাজেয়াপ্ত করেছে এবং দাম কমানোর জন্য সঠিক কনো ব্যবস্থা নিয়েছেন? আরেকটা ব্যাপারে আমি এক মিনিট সময় নেবে। সেটা হচ্ছে যে, সি. ই. এস. সি. নামক একটা সংস্থা আজকে কলকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চলের গ্রাহকদের পকেট কিভাবে কাটছে সেটা বলব। একজন মানুষ মে মাসে বিদ্যুতের বিল দিয়েছেন ১৩২ টাকা আর নভেম্বর মাসে তাঁকে বিল দিতে বলা হয়েছে ৫০০ টাকা। আরেকজন মে মাসে বিদ্যুতের বিল দিয়েছেন ২৪২ টাকা আর নভেম্বর মাসে তাঁকে বিল দিতে বলা হয়েছে ৬৬৭ টাকা। অর্থাৎ কোন হিসাবে নেই। (এখানে মাইক অফ হয়ে যায়।)

(গণ্ডগোল)

[3-00 — 3-10 p.m.]

**শ্রী কলিমুদ্দিন শাম্‌স** ঃ আমার বেশি কিছু বলার নেই। ১৯৯১ সালে কংগ্রেসের মনমোহন সিং দেশের অর্থনীতি যে জায়গায় দাঁড় করিয়েছিলেন সেটা আপনারা

সকলেই জানেন। আমার দুঃখ আজ কংগ্রেস যে অ্যাডজর্নমেন্ট মোশন এনেছেন প্রাইস রাইজ সম্বন্ধে। কিন্তু আমি একটা কথা বলতে চাই যে দিল্লিতে আজ যে বি.জে.পি. সরকার আছে তারা কংগ্রেসের ভরসাতেই আছে। আজ যদি কংগ্রেস ইচ্ছা করত তাহলে সেখানে বি.জে.পি. সরকার থাকতে পারতো না। আমি মনে করি, আমার দল মনে করে যে কংগ্রেস এবং বি.জে.পি.র মধ্যে কোনও তফাৎ নেই। কংগ্রেসের শ্লোগান ইনক্লাব জিন্দাবাদ নয়, বি.জে.পি.-র শ্লোগান ইনক্লাব জিন্দাবাদ নয়। বি.জে.পি.ও বন্দেমাতরম্ বলে, কংগ্রেসও বন্দেমাতরম্ বলে। আমরা যারা বামপন্থার রাজনীতি করি, তারা মনে করি এই বন্দেমাতরম্‌টা দেশকে টুকরো টুকরো করার জন্য ব্যবহার করা হচ্ছে। (গণ্ডগোল) আমি মনে করি যে কংগ্রেস ও বি.জে.পি.-র মধ্যে কোনও তফাৎ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় এরা সত্যি কথা শুনতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে এখানে চালের কথা বলা হয়েছে। কংগ্রেস ৫০ বছরে যা করতে পারেনি, পশ্চিমবঙ্গে জ্যাতি বসুর নেতৃত্বে বামফ্রন্ট সরকার সেই কাজ করতে পেরেছে। কেন্দ্রীয় সরকার এফ. সি. আই.র মাধ্যমে পশ্চিবঙ্গের জনসাধারণকে আজেবাজে চাল খাওয়ানোর চেষ্টা করেছিল। কিন্তু সেটা আমরা করতে দিই নি। আমরা বলেছিলাম পশ্চিমবঙ্গে যে চাল উৎপাদন হচ্ছে সেই চাল আমরা প্রোকিওর করব লেভির মাধ্যমে, তারপর সেই চাল আমরা পশ্চিমবাংলার জনসাধারণকে খাওয়াবো। (গণ্ডগোল) মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের জনপ্রিয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নেতৃত্বে আমরা বার বার কেন্দ্রীয় সরকারকে বলেছি যে, পশ্চিমববাংলার খাদ্য নিয়ে আপনাদের ভাববার প্রয়োজন নাই। (গণ্ডগোল) এই যে বাংলাদেশে পশ্চিমবাংলার থেকে চোরাপথে চাল চলে যাচ্ছে, এর জন্য দায়ী কে? আমরা বার বার কেন্দ্রীয় সরকারকে বলছি, কিন্তু তারা কোন ব্যবস্থা গ্রহণ করছেন না। এমন কি তারা বহু ক্ষেত্রে পারমিশন পর্যন্ত দিয়ে দিচ্ছে। আমাদের লজ্জা করে যখন দেখি কংগ্রেস কেন্দ্রের বি.জে.পি. সরকারকে বাঁচিয়ে রাখছে। আমরা আশ্চর্য হয়ে লক্ষ্য করছি, কেন্দ্রীয় সরকার কখনো ষ্টেটের খাদ্য মন্ত্রীদের ডেকে জিজ্ঞাসা করেনা যে, তাদের কি কি প্রয়োজন আছে! স্পীকার স্যার, আমাদের পশ্চিমববাংলা খাদ্যশস্য, আমাদের চাল বাংলাদেশে চলে যাচ্ছে। একে যদি ঠেকানো না যায় তাহলে আগামী দিনে আরো বড় বিপদ দেখা দেবে। স্যার, এখানে কৃষি মন্ত্রী বসে আছেন। আপনি জানেন গোটা দেশের মধ্যে পশ্চিমবাংলা সব চেয়ে বেশি চাল উৎপাদন করে। কিন্তু দুঃখের কথা হচ্ছে, পশ্চিমবাংলার চাল বাংলাদেশে যাওয়া যদি বন্ধ করা না যায় তাহলে পশ্চিমবাংলাকে আরো বেশি ক্ষতির সম্মুখীন

হতে হবে। এ জিনিস অবিলম্বে বন্ধ করতে হবে। আমরা সব সময়ই এটা বন্ধ করতে চাই। কিন্তু কেন্দ্রীয় সরকার যদি এটা করতে না দেয় তাহলে আমরা অসহায় হয়ে পড়ব। এই অবস্থায় মাননীয় স্পীকার স্যার, আমি একটা কথাই শুধু আপনাকে বলতে চাই, কংগ্রেস আজকে এই যে অ্যাডর্জোণমেন্ট মোশান নিয়ে এসেছে, এটা দেখে আমার সেই কথাটাই মনে পড়ে যাচ্ছে,—'চোরের মায়ের বড় গলা'। আজকে দেশের এই অবস্থায় ওদেরও তো কিছু দায়-দায়িত্ব আছে। তাই আমি ওদেরও অনুরোধ করছি,—আসুন আমার সবাই মিলে এক সাথে কেন্দ্রের বি.জে.পি. সরকারকে বলি পশ্চিমবাংলার জনসাধারণের খাদ্য নিয়ে আপনারা খেলা করবেন না। আপনারা পশ্চিমবাংলার জনসাধারণের কথা একটু বিবেচনা করুন। আমি এই অ্যাডজর্নমেন্ট মোশনের বিরোধিতা করে যারা পশ্চিমবাংলার জনসাধারণের স্বার্থে লড়াই করতে চান তাদের সকলকে আহ্বান জানাচ্ছি বাম-পন্থীদের সাথে এক হয়ে বর্তমান কেন্দ্রীয় সরকারকে শেষ করার জন্য আন্দোলন করুন। এই কথা বলে, এই মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্পিকার স্যার, কংগ্রেস দলের পক্ষ থেকে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাব সম্পর্কে বলতে উঠে প্রথমেই আমি একটা ছোট ঘটনা এখানে উল্লেখ করছি। সেদিন আমি শিয়ালদা স্টেশন থেকে বারুইপুরে যাচ্ছিলাম। হঠাৎ স্টেশনের ভীড়ের মধ্যে দেখলাম একটা পকেটমার একজনের পকেট মেরে দৌড়চ্ছে। যার পকেট মেরেছিল সে 'পকেটমার, পকেটমার,' বলে চীৎকার করছিল। পকেটমার দু'বার পিছনের দিকে তাকিয়ে সামনের একটা লোকের দিকে ইঙ্গিত করে পকেটমার পকেটমার বলে চীৎকার করে ছুঁটে পালিয়ে গেল। কেউ বুঝতেই পারছিল না আসলে কে পকেটমার বা কে পকেট মেরেছে। আজকে এখানেও সেই একই জিনিস আমরা দেখছি। ৫০-এর দশকে যাঁরা এখানে বিরোধী দলে ছিলেন তাঁরা সেদিন বলেছিলেন, "জিনিসের দাম বাড়ল কেন, বিধান রায় জবাব দাও"। তাঁরা ৬০-এর দশকে বলেছিলেন, "জিনিসের দাম বাড়ল কেন প্রফুল্ল সেন জবাব দাও"। আবার ৭০-এর দশকে বলেছিলেন "জিনিসের দাম বাড়ল কেন সিদ্ধার্থ রায় জবাব দাও"। আজকে তাঁদের কাছে রাজ্যের সমস্ত মানুষ যখন জবাব চাইছে তখন তারা বলছেন,— অটল বিহারী বাজপেয়ী জবাব দাও? অথচ রাজ্য সরকারের হাতে রেশনিং ব্যবস্থা, রাজ্য সরকারের হাতেই সমস্ত আইন—এশেনসিয়াল কমোডিটিস অ্যাক্ট এবং মজুত ভাণ্ডার উদ্ধারের ক্ষমতা। কিন্তু পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার মজুতদারদের হাতে, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার মুনাফাখোরদের হাতে

বিক্রি হয়ে গেছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার আর তাঁদের কোনও ক্ষমতা নেই। আজকেই সকালবেলা আমি এই কলকাতা শহরে বাজার করেছি। শীতের দিনে শিমের দাম ৩০ টাকা কে.জি। এটা কেন হবে? এর কে জবাব দেবে? একটু পরেই এখানে অসীমবাবু পায়ের ওপর উঁচু হয়ে দাঁড়িয়ে দাঁড়িয়ে আন্তর্জাতিক বাজার অর্থনীতি, বিশ্বব্যাঙ্ক ইত্যাদির কথা বলবেন। কিন্তু এবারে তো লঙ্কার উৎপাদন ক্যানিং-এ কম হয় নি! কুমড়োর উৎপাদন হুগলিতে তো কম হয় নি! হয়ত বলবেন প্রোডাক্টশন কস্ট বেড়ে গেছে। প্রোডাকশন কস্ট কি এমন বেড়ে গেল যে, তার জন্য এত দাম বাড়বে? প্রোডাকশন কস্ট এমন কি বাড়ে নি যে, তার জন্য ক্যানিং-এর লঙ্কা ৭০ টাকা কেজি হবে, হুগলির কুমড়োর ২৫ টাকা কেজি হবে। তা হয় না।

[3-10 — 3-20 p.m.]

প্রডাকশন কস্ট বেড়ে গেছে—তারজন্য শিমের দাম ৩০ টাকা কিলো হয়নি, কড়াইশুঁটির দাম ৩০ টাকা কিলো হয়নি? আমরা দেখতে পাচ্ছি, খবরের কাগজে প্রতিদিন ছবি বেরুচ্ছে চোরাকারবারিরা আমাদের এই রাজ্য থেকে অবাধে জিনিসপত্র নিয়ে বাংলাদেশ এবং নেপালে চলে যাচ্ছে। কোনও সরকার যদি এই রাজ্যে থাকে, পুলিশ বা প্রশাসন বলে যদি কোনও ব্যবস্থা থাকে এই রাজ্যে তাহলে এই জিনিস এইভাবে চলতে পারে না। আসল ব্যাপার কি? আসল ব্যাপার হচ্ছে, এই সমস্ত চোরাকারবারিরা সি. পি. এমের লোক, বামফ্রন্টের লোক। পুলিশ এবং চোরাকারবারিরা যৌথভাবে পশ্চিমবঙ্গ থেকে লক্ষ লক্ষ টন চাল, গম থেকে শুরু করে আনাজ, শস্য প্রভৃতি জিনিসপত্র পাশের রাজ্যে নিয়ে চলে যাচ্ছে। এদের বিরুদ্ধে এই সরকারের ব্যবস্থা নেবার ক্ষমতা নেই, কারণ এই সরকার তাদের কাছে আত্মসমর্পণ করেছে। একটু আগে মন্ত্রিমহাশয় বক্তৃতা করলেন। পিঁয়াজের দাম যখন কমে যাচ্ছে তখন উনি ২ টাকা কিলো বেঁধে দিলেন। এইভাবে অসাধু ব্যবসায়ীরা একবার মুনাফা করলো আবার যখন নতুন আলু বাজারে উঠলো, তখন উনি মুনাফাখোরদের স্বার্থ রক্ষা করার জন্য আলুর দাম বেঁধে দিলেন। ঠিক তেমনিভাবে, সরষের তেলের দাম বেঁধে দেওয়া হয়েছে। এই হচ্ছে এই রাজ্যের বামফ্রন্টসরকারের কাজ, সুতরাং এই রাজ্যে সরকার যে নেই তা পরিস্কারভাবে বুঝতে পারছি। কারণ, এই সরকার সর্বক্ষেত্রে মুনাফাখোরদের কাছে আত্ম-সমর্পন করে বসে আছে। এখানে যে প্রস্তাবটি এসেছে এতে আংশিকভাবে কেন্দ্রীয় সরকারের দায়িত্বের কথা উল্লেখ করা হয়েছে।

এটা আমি স্বীকার করি, কারণ আমি মনে করি জিনিসপত্রের দাম বাড়ার জন্য কেন্দ্রীয় সরকারের যেমন দায়িত্ব আছে, ঠিক তেমনি রাজ্য সরকারেরও দায়িত্ব আছে। এই দায়িত্ব যৌথভাবে পালন করতে হবে। তা না হলে তারই পরিনাম, কেন্দ্রীয় সরকারের যে দল চালাচ্ছেন, তারা বিগর্ত বিধানসভাগুলির নির্বাচনে পরাজিত হয়েছেন, মানুষ তাদের বিচার করে দিয়েছেন, কারণ তারা তাদের দায়িত্ব পালন করতে পারেননি। কিন্তু আপনারাও সেই ভবিষ্যতের জন্য অপেক্ষা করে আছেন, মানুষের কাছে সেই রায় আপনাদের নিতে হবে। গুণ্ডামী করে, মস্তানি করে, অন্যায় করে যেভাবে আজকে নির্বাচনে জয়লাভ করলেন, আগামীদিনে আর জয়লাভ করতে পারবেন না, মানুষ আপনাদের বিরুদ্ধে রায় দেবে। ধন্যবাদ।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অতীশচন্দ্র সিনহা মহাশয় যে মূলতবী প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথমে আমি আনন্দ প্রকাশ করছি, বন্ধু শোভনদেব চট্টোপাধ্যায় এটা মেনেছেন, যে তৃণমূলের জোটসঙ্গ বিগত ২/৩টি রাজ্য বিধানসভার নির্বাচনে পরাজিত হয়েছেন, মানুষ কংগ্রেসের পক্ষে রায় দিয়েছেন, তেল, পিঁয়াজ এবং অন্যান্য জিনিসপত্রের মূল্যবৃদ্ধির বিরুদ্ধে। এটা তিনি স্বীকার করার জন্য আমি আনন্দিত। কিন্তু একথা জানি, পিঁয়াজের মূল্যবৃদ্ধির জন্য দায়ী মূলত কেন্দ্রীয় সরকার। তার কারণ, যে বছর ভারতবর্ষে ৯ লক্ষ টন পিঁয়াজের উৎপাদন কম হয়েছে, সেই বছরই ৩ লক্ষ টন পিঁয়াজ বিদেশে রপ্তানি করার জন্য অনুমতি দিয়েছেন এবং পিঁয়াজ আমদানি করার সিদ্ধান্ত নিয়েছেন তার অনেক পরে। এরজন্য মূলত দায়ী কেন্দ্রীয় সরকার। সাধারণত মুদ্রস্ফীতির জন্য কেন্দ্রীয় সরকারের যে বাজেট ঘাটতি ছিল সেই ঘাটতির ফলে মুদ্রাস্ফীতির হার বৃদ্ধি পেয়েছে—এ ব্যাপারে কোনও সন্দেহ নেই। কিন্তু তা বলে একথাও বলব, এই রাজ্যসরকারও দায়ী, তারা একথা কি অস্বীকার করতে পারবেন? খাদ্যমন্ত্রী একটু আগে বড় গলায় বক্তৃতা দিলেন। এই মানুষটাকে এখনও মন্ত্রী করে রাখা হয়েছে কেন একথা আমি জিজ্ঞাসা করতে চাই? পিঁয়াজ বাইরে থেকে আসে, সরষের তেল বাইরে থেকে আসে কিন্তু চাল পশ্চিমবাংলায় উৎপন্ন যেখানে হয়েছে ১ কোটি ২৬ লক্ষ টন সেখানে এই অপদার্থ খাদ্যমন্ত্রী সাড়ে ৩ লক্ষ টন চালও সংগ্রহ করতে পারলেন না। এখানে মানুষকে পি. ডি. এসের মাধ্যমে ৩০০ গ্রাম করে চাল দেন। এই দপ্তরকে রেখেছেন কেন, এই মন্ত্রীকে রেখেছেন কেন? এর কে উত্তর দেবে? হঠাৎ দেখলাম এই অসীমবাবু খবরের কাগজে বিবৃতি দিয়েছেন, চাল রাজ্যের বাইরে যাওয়া বন্ধ। আমি সংশ্লিষ্ট দপ্তরের অফিসারদের

কাছে জিজ্ঞাসা করায় তাঁরা বললেন, আমরা কিছু জানি না—অসীমবাবু কি অর্ডার দিয়েছেন। এই রাজ্যে দুই দপ্তরের ন্যুনতম কো-অর্ডিনেশন নেই। এইভাবে রাজ্য সরকার চলছে। এডিবেল অয়েল সাড়ে ৪ লক্ষ টন পশ্চিমবাংলার জন্য প্রয়োজন। সেই জায়গায় এরা পামোলিন আমদানি করলেন মাত্র ১৪ হাজার টন। যেখানে সাড়ে ৪ লক্ষ টন ভোজ্যতেলের প্রয়োজন, সেখানে ১৪ হাজার টন তেল রেশনে দিলে বাজারের দাম কমে যাবে? যায় না। এরজন্য এই খাদ্যমন্ত্রী দায়ী। তিনিই কোটি-কোটি টাকা ব্যবসায়ীদের মুনাফা করিয়ে দিয়েছেন এবং এরফলেই এক ধাক্কায় সরষের তেল ৪৪ টাকা থেকে ৭২ টাকা করে দিয়েছেন। ২৮শে আগস্ট আপনি একটা বিবৃতি দিলেন যে পশ্চিমবঙ্গে সরষের তেল বিক্রি নিষিদ্ধ। আপনি এতো মূর্খ যে আপনি জানেন না ভেজাল তেল হলেও নিষিদ্ধ ঘোষণা করার ক্ষমতা আপনার নেই, সেটা করবে হেল্‌থ ডিপার্টমেন্ট। আপনি সাংবাদিকদের ডেকে এ ব্যাপারে প্রেস কনফারেন্স করলেন। পরের দিন জ্যোতিবাবুর ধমক খেয়ে বললেন যে আমি এ কথা বলি নি, আমি ভেজাল তেল নিষিদ্ধ করার কথা বলেছি। আপনার তা করারও ক্ষমতা নেই। Your department does not have the power, কিন্তু আপনি বলে দিলেন ফলে সরষের তেলের দাম এক লাফে বেড়ে গেল। সেখানে যেটা নর্মাল ট্রেড চ্যানেল সেটা বন্ধ হয়ে গেল। তার ফলে আজকে মানুষকে ৭০/৭২ টাকা কে.জি. সরষের তেল কিনে খেতে হচ্ছে। ইঞ্জিন ব্রাণ্ডের তেল তো ৮১ টাকা কে.জি. দামে বিক্রি হচ্ছে। আপনাদের ফরোয়ার্ড ব্লকের সঙ্গে কি শেয়ারিং আমি জানি না কিন্তু এই লোকটিকে কেন মন্ত্রী রাখা হয়েছে তার জবাব আপনারা দিন। তারপর হঠাৎ করে দেখলাম অসীমবাবু প্রায়ই দ্রব্যমূল্য নিয়ে বিবৃতি দিচ্ছেন। কবে থেকে আপনার উপর এই দায়িত্বটা পড়লো আমি জানি না কিন্তু দেখলাম সি. পি. এমের পার্টি কংগ্রেস হওয়া পর্যন্ত আপনার কোনও বিবৃতি নেই। আপনার সমস্ত বিবৃতি অক্টোবরের শেষ, নভেম্বরের প্রথম থেকে। আপনি বিবৃতি দিয়ে বলছেন যে দাম কমানোর জন্য এই করেছি, তাই করেছি ইত্যাদি। কিন্তু আসলে ব্যাপারটা কি হয়েছে? ২৪শে অক্টোবর কোলকাতায় পিঁয়াজের দাম ৫০ টাকা কে.জি. সেখানে কলিমুদ্দিন সামস বিবৃতি দিলেন যে জার্মানি থেকে, ইরান থেকে পিঁয়াজ আসবে। যদি পিঁয়াজ আমাদানি করতেই হয় তাহলে কি কেউ তা বিবৃতি দিয়ে করে? লোকে চুপচাপ থাকে যাতে পিঁয়াজের দামটা বেড়ে না যায়। আর এরা আমদানির ব্যাপারে বিবৃতি দিয়ে দামটা শুধু বাড়িয়ে দিলেন কিন্তু তারপর এক ছটাক পিঁয়াজ আমদানি করেন নি। এরা শুধু বিবৃতিই দিলেন কিন্তু তা আমদানি

করার কোনও ক্ষমতাই এদের নেই। পিঁয়াজের দাম একটু কমলো কেন? তার কারণ, কর্নাটকের বেলারি থেকে পিঁয়াজ আসা শুরু হল। আপনি এখানে বললেন যে ২৫ টাকা পিঁয়াজের কে.জি. হবে। আপনি যেদিন বললেন ২৫ টাকা পিঁয়াজের কে.জি.—অসীমবাবু আপনার এই আইনটা জানা নেই যে Piaj is not a PDS item. আপনার দাম বেঁধে দেওয়ার ক্ষমতা নেই। তার পরের দিন দেখা গেল বাজারে ৩০ টাকা কে.জি. পিঁয়াজ বিক্রি হচ্ছে। এটা কি একটা রাজ্যসরকার চলছে? বুদ্ধদেববাবু বলে গিয়েছেন যে 'আমি এতো লোককে গ্রেপ্তার করেছি।' উনি একটা হিসাবও দিয়েছেন যে কলকাতায় ৯৫ জন এবং মফঃস্বলে ১৯৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু তিনি কি বলতে পারেন কোন আইনে তাদের গ্রেপ্তার করেছেন? আমি ফুড ডিপার্টমেন্টের অফিসারদের জিজ্ঞাসা করেছিলাম যে—আমি রির্পোর্টেও দিয়েছি যে ফুড ডিপার্টমেন্ট জানেন না কোন আইনে তাদের গ্রেপ্তার করা হয়েছে। আর গ্রেপ্তার করে কতক্ষণ তাদের রেখেছেন বা থানা থেকে তাদের জামিন হয়ে গিয়েছে কি না সেটা আমরা জানতে চাই। তার কারণ, এরা যে মজুত উদ্ধার করেছেন তার পরিমাণ হচ্ছে এক কোটি প্লাস সাত কোটি, তার মানে ৮ কোটি টাকার। আর পশ্চিমবঙ্গে এর দাম বাড়ার সময় ব্যবসায়ীরা কয়েক শো কোটি টাকা লাভ করেছে। তারপর আপনি বিবৃতি দিয়ে বললেন যে আলু পশ্চিমবাংলার বাইরে যাওয়া আমরা বন্ধ করে দিলাম। আপনার ক্ষমতা নেই আইনে যে আপনি বন্ধ করতে পারেন। You can only persuade. আপনি বলতে পারেন যে আলু আপনারা বাইরে পাঠাবেন না। এই আলু কত টাকায় বিক্রি হচ্ছে? যে পশ্চিমবাংলায় গত বছর আলু মার খাবার পর ৫০ লক্ষ টন উৎপাদন হয়েছে এবং ৩০ লক্ষ টন মাত্র আলুর প্রয়োজন সেখানে এই পশ্চিমবাংলার লোক কেন ১১ টাকা কে.জি. আলু কিনে খাবে? এখানে কি সরকার আছে? Is there any Government? সারা বছর ধরে আলু বাইরে চলে গেল, আটকাতে পারলেন না, হঠাৎ নভেম্বর মাসে ঘুম থেকে উঠে বললেন আমরা বাইরে আলুর চালান বন্ধ করে দিলাম। কেন্দ্রীয় সরকার মৌলিকভাবে দায়ী ছিলেন কিন্তু রাজ্য সরকারের যে দায়িত্ব তা তারা পালন করেন নি। যেমন পি. ডি. এসে চাল এবং এডিবল অয়েল দেবার দায়িত্ব আপনারা ঠিক মতন পালন করেন নি। পিঁয়াজের ব্যাপারে বিবৃতি দিয়ে আপনারা দামটা বাড়িয়ে দিলেন কিন্তু আমদানি করতে পারলেন না তেমনি আলুর ব্যাপারেও এখানে কোল্ড স্টোরেজে স্টকিং করতে পারলেন না এবং পরবর্তীকালে আলু বাইরে যাওয়া বন্ধ করতে পারলেন না। সর্বোপরি আপনারা ট্রেডারদের বিরুদ্ধে

ঠিকমতন ব্যবস্থা নিতে পারলেন না। কংগ্রেস আমলে আমরা ট্রেডারদের কোমরে দড়ি বেঁধে গ্রেপ্তার করে এনেছিলাম। আর আপনারা যেহেতু ট্রেডাররা আপনাদের পার্টি কংগ্রেসে চাঁদা দিয়েছে তাই তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারলেন না। বি.জে.পি. সরকার হচ্ছে ট্রেডারদের সরকার আর আপনারা—You are captive in the hands of traders, adulterators and profiteers. কাগজে বিবৃতি দেওয়া ছাড়া তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা আপনারা নিতে পারেন নি। আপনি অর্থনীতির ছাত্র, আমি দুঃখিত যে এতদিনে একটা cabinet committee on price. হল না। সারা বছর ধরে আপনারা সরষের তেল না পামোলিন তেল আনবেন সেটা ঠিক করতে পারলেন না। পিঁয়াজ আনবেন বাইরে থেকে সেই পলিসি আপনারা নিলেন পূজার পর যখন দামটা বেড়ে গেল, after it has touched the ceiling. আপনাদের হঠাৎ খেয়াল হল যে এ নিয়ে বিকেলে বিবৃতি দেওয়া দরকার। আমরা রোজ দেখছি যে টি.ভি.-তে বিবৃতি দিচ্ছেন। সারা বছর আপনি খোঁজ রাখলেন না, ব্যবস্থা নিলেন না। পশ্চিমবঙ্গ আজকে এ প্লাক ইন দি হ্যাণ্ডস অব প্রফিটিয়ারস। এই রাজ্যে পেঁয়াজ পোস্তায় জমা ছিল, সরষের তেল জমা ছিল। কিন্তু আপনাদের অপদার্থতায় তা বের হয়নি। তাই মূল্য বৃদ্ধির জন্য কেন্দ্রের বি.জে.পি. দায়ী হলেও, আপনারাও সমান ভাবে দায়ী। আমি কলিমুদ্দিন সামস সম্পর্কে কিছু বলতে চাই না, কারণ উনি ডিজঅনেস্ট। আপনি ডিজঅনেস্ট নন, কিন্তু আপনি অপদার্থ এটা প্রমাণ করেছেন। তাই, আমি এই মুলতবী প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় নেতা অতীশ সিনহা মহাশয় যে মুলতবী প্রস্তাব এনেছেন, আমি তার বিরোধিতা করে যে অল্প সময় আছে তার মধ্যে আমার বক্তব্য রাখছি। প্রথমত যে অস্বাভাবিক মূল্যবৃদ্ধির সামনে দাঁড়িয়ে আমরা আলোচনা করছি, এবারে মূল্যবৃদ্ধির মূল যে জায়গাগুলি সেটা আলোচনার মধ্যে এসেছে। মূল পেঁয়াজের ক্ষেত্রে প্রায় সমস্ত রাজ্যে পেঁয়াজের দাম বেড়েছে ৪৬ শতাংশ। ভোজ্যতেল মূলত সরষের তেলের দাম সমস্ত রাজ্যে মিলে ৮১ শতাংশ হয়েছে এবং আনাজের সামগ্রিক ভাবে ৫৭ শতাংশ মূল্য বৃদ্ধি হয়েছে আলুর দাম সমেত। এর মূল কারণ কি সেই সম্পর্কে সুব্রত মুখার্জি প্রশ্নটা রাখলেন। আমি আগেও বিভিন্ন জায়গায় বলেছি, আবারও বলছি।

এর মূল কারণ কি উৎপাদন হ্রাসে আছে, না অন্য কোথাও আছে। এটা লক্ষ্যনীয় যে সারা দেশে পেঁয়াজের উৎপাদন কমেছে ১৫ শতাংশ। সারা দেশে ভোজ্য তেল বিশেষ করে তৈল বীজের উৎপাদন কমেছে ১০ শতাংশ এবং আলুর ক্ষেত্রে উৎপাদন কমেছে ৩৫ শতাংশ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই উৎপাদন বৃদ্ধি কম দিয়ে এই মূল্য বৃদ্ধির ব্যাখ্যা করা যায় না। এই মূল্য বৃদ্ধির ব্যাখ্যা ঘাটতি বাজেট দিয়েও করা যায় না। এই মূল্য বৃদ্ধির মূল কারণ বলে আমরা মনে করছি কতকগুলি ভ্রান্ত নীতিতে আছে এবং কিছু অসাধু ব্যবসায়ীদের কার্যকলাপে আছে। ভ্রান্ত নীতির ক্ষেত্রে বিশেষ করে রপ্তানির ক্ষেত্রে বলা হয়েছে . . .

. . . প্রচণ্ড গোলমাল . . .

**মিঃ স্পিকার ঃ** Mr. Sinha, I am addressing you, Mr. Sinha. There was an agreement in my chamber during recess. I think that agreement should be honoured in letter and spirit. It should be honoured. What we do now ? আমি কি করবো এখন সেটা বলে দেবেন? বইটা কি ব্যবহার করব? দেয়ার হ্যাজ টু বি এ ফাইনালিটি। . . . গোলমাল . . .

একটু সভ্যতা দরকার। সবকিছুর একটা লিমিট থাকে। এই ব্যবহারটা জনগণের প্রতি দরদ প্রমাণ করেনা। আই অ্যাম সরি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যতই গোলমাল হোক আমি আমার বক্তব্য রাখব। এই মূল্য বৃদ্ধির কারণগুলি কি সেটা যেটুকু সময় আছে বিশ্লেষন করে কি কি পদক্ষেপ সারা ভারতবর্ষে, আর কি কি পদক্ষেপ রাজ্য স্তরে নেওয়া হয়েছে কি হয়নি, এটা আমাকে বলতে হবে। বিশ্লেষণের ক্ষেত্রে আমি যেটা বলতে শুরু করেছিলাম যে উৎপাদন যেটুকু হ্রাস হয়েছে তা দিয়ে মূল্য বৃদ্ধির ব্যাখ্যা করা যায় না। উৎপাদন হ্রাস যেখানে পেঁয়াজের ক্ষেত্রে হয়েছে মাত্র ১৫ শতাংশ, তা দিয়ে ৪৬৬ শতাংশ মূল্যবৃদ্ধির ব্যাখ্যা হয় না। একই রকমভাবে ভোজ্যতেলের মূল্যবৃদ্ধিরও ব্যাখ্যা হয় না। এখানে কতগুলো ভ্রান্ত কেন্দ্রীয় নীতি রয়েছে। যখন জানা গিয়েছিল, বিশেষ করে পেঁয়াজের ক্ষেত্রে উৎপাদন হ্রাস হচ্ছে, ঠিক সেই সময় সরকারিভাবে ২ লক্ষ মেট্রিক টন এবং বেসরকারি মতে তার চেয়েও বেশি পেঁয়াজ রপ্তানি করা হয়েছে। এক্ষেত্রে বলা প্রয়োজন রাজ্যের ক্ষেত্রে আমরা কি কি করেছি। আমরা প্রথমে চারজন মন্ত্রীকে নিয়ে একটি কমিটি করি

যাতে মাননীয় খাদ্যমন্ত্রী, মাননীয় কৃষি বিপণন মন্ত্রী, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং আমি নিজে আছি। সেখানে আমরা প্রথম যেটা করি, আমরা রাজ্য থেকে আলু বাইরে যাওয়া, অন্য রাজ্যে যাওয়া বন্ধ করি। আলু যাওয়া যদি বন্ধ না করতাম তাহলে দিল্লির মতো হত এখানে আলুর দাম। কোন আইনে আলু যাওয়া বন্ধ করলাম? সাধারণ আইনে এটা বন্ধ করা যায় না। মিঃ স্পিকার স্যার, আপনার পারমিশন নিয়ে বলছি, আমরা এটা বন্ধ করি খুবই সহজে, ১৪৪ ধারায়। আমরা যখন মনে করলাম যে এটা না করলে এই জায়গায় আইন-শৃঙ্খলা ভঙ্গ হতে পারে তখন আমরা আলু যাওয়া আটকাই। সাত-আট দিন আটকাবার পর ওড়িষ্যার মুখ্যমন্ত্রী আমাদের মুখ্যমন্ত্রীকে ফোন করেন এবং বলেন যে, 'আলু যদি ছেড়ে না দেন তাহলে ওড়িষ্যায় আলুর দাম ভীষণ বেড়ে যাচ্ছে।' তারপরও আমরা আলু ছাড়িনি। ছাড়তে শুরু করেছি নতুন আলু আসবার পর। চালের ক্ষেত্রে বলছি, বাংলাদেশের চাল যাওয়া আটকেছি। কেন্দ্রীয় সরকারের নির্বিকার রপ্তানি নীতির ফলেই এটা হচ্ছে এবং সেটা আপনারাই শুরু করেছিলেন ১৯৯১ সালে। তারপরও আমরা আটকেছি। কিন্তু তারপর মহামান্য হাইকোর্ট আমাদের খাদ্য দপ্তরকে অর্ডার দেন যে, তিন দিনের বেশি চাল আটকে রাখা যাবে না। আমরা জানাই আমাদের রাজ্যের চাল অন্য রাজ্যের শিলমোহর লাগিয়ে পাচার করা হচ্ছে। এর উপর দাঁড়িয়ে দিল্লির সরকারকে জানাই, রপ্তানি বন্ধ করুন।'

এরপর আসছি কালোবাজারির ব্যাপারে। আপনারা জানেন এবং আপনাদের সাংসদরাও সংসদে একই কথা বলেছেন, অত্যাবশ্যক পণ্য আইনের ১৯৮১ সালের পাশ হওয়া ধারা, যার ভিত্তিতে সবচেয়ে বড় শক্তি হাতে ছিল, সেটা খারিজ করে দিয়েছেন দিল্লির সরকার। সেখানে দাঁড়িয়ে অন্য আইনে ধরেছি, যে তথ্যটা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এখানে জানিয়েছেন। (কংগ্রেস বেঞ্চ থেকে ধ্বনি ঃ কোন আইনে ধরেছেন তাহলে?) সৌগতবাবু আপনাকে জানাচ্ছি যে, আমরা ধরেছি মোটর ভিইকল অ্যাক্টে, সেলস ট্যাক্স অ্যাক্টে, ক্যালকাটা পুলিশ অ্যাক্টে। আপনি প্রশ্ন করেছেন, জানুন একথা। যে আইনে ধরতে পারি সেই আইনটাই নেই। সেখানে দাঁড়িয়ে ২৫০-এর বেশি গ্রেপ্তার করেছি তাই নয়, ৮৪টি কেস হাইকোর্টে গেছে এবং সেখানে শাস্তি যা হবার হবে। এরপর আমরা ভেবেছি যে, শুধু এতে হবে না, আমরা বুঝেছি, নিজেদের পায়ের উপর দাঁড়াতে হবে। তাই পেঁয়াজের যেখানে মাত্র প্রয়োজনের ২৫ শতাংশ উৎপাদন করতাম, তার জন্য সিদ্ধান্ত নিয়েছি যে, আগামী তিন বছরের মধ্যে

প্রয়োজনের অন্তত ৭০ শতাংশ উৎপাদন করব, সরষের তেলের ক্ষেত্রেও প্রয়োজনের অন্তত ৭০ শতাংশ উৎপাদন করব।

[3-30 — 3-40 p.m.]

যদি সর্বভারতীয় স্তর থেকে ভরতুকি দিয়ে নিত্য প্রয়োজনীয় পণ্যগুলির গণ-বন্টন ব্যবস্থা চালু না করা যায় তাহলে এর থেকে বাঁচার পথ নেই। এর জন্য ভরতুকি লাগবে ১০ হাজার কোটি টাকা যেটা কেন্দ্রীয় বাজেটের ৪ শতাংশের চেয়েও কম। এই ব্যাপারে আপনারা আমাদের সহযোগিতা করুন। এই পাবলিক ডিসট্রিবিউশন সিস্টেমের উপর আঘাত এসেছে ১৯৯১ সাল থেকে। আমি আগেই বলেছি পরিবার পিছু ২০ কে.জি. চাল দেওয়া হতো সেটা অর্ধেক করে দেওয়া হয়েছে। এখানে দাঁড়িয়ে আমি বলব, সরবরাহ বাড়ানো হোক বা না হোক, আমাদের এখানে যে চাল উৎপাদন হয় তার থেকে আগামী বছর রেশন ব্যবস্থার জন্য আমাদের যে চালের প্রয়োজন তা রাজ্যের অভ্যন্তরে সংগ্রহ করব, আমরা ৫ লক্ষ টন আমাদের রাজ্যের মধ্য থেকে সংগ্রহ করব। আমরা বলেছি যে আপনারা ভরতুকি দিন। আমরা বলেছি এখানে যে ভরতুকি লাগবে অন্তত পক্ষে তার অর্ধেক কেন্দ্রীয় সরকার দিক। এই ব্যাপারে আমরা নৈতিক দিক থেকে যদি ঠিক থাকি তাহলে আপনারা বলুন আমাদের পাশে আপনারা আছেন। আপনারা বলুন ভরতুকি দিতে। একই সঙ্গে বলছি আলুর ব্যাপারে। আমাদের অতিরিক্ত হিমঘর স্থাপন করে, উৎপাদকদের মালিকানায় শুধু হিমঘর থাকুক, সমবায়ের মালিকানায় শুধু হিমঘর থাকুক, আমরা চাইছি না কোনও মধ্যসত্ত্বভোগী এখানে প্রবেশ করুক। এই করে আগামী বছর থেকে—(খুব কঠিন কাজ)—আমরা নিজেদের চেষ্টায় গণ-বন্টন ব্যবস্থা প্রসারিত করব। দেখি আপনারা পাশে থাকেন কিনা। সর্বশেষ আমি যে কথা বলতে চাই তা হলো যে পদক্ষেপগুলি আমরা নিচ্ছি তার মধ্যে একটা হলো, উৎপাদন বাড়ছে, নিজেদের তাগিদে গণ-বন্টন ব্যবস্থা চালু করব। এশেনসিয়াল কমোডিটি অ্যাক্ট, এই আইনটা ১৯৮১ সালের আইন, এই আইনের তিনটি ধারা সংশোধিত করা হয়েছে, ৩, ৬,(১), এবং ৭, যার মাধ্যমে এই আইনে যে শাস্তির বিধান ছিল সেটা লঘু করা হয়েছে তাই নয়, যে গুলি নন-বেলেবেল ছিল সেটা বেলেবেল করা হয়েছে। এর বিরুদ্ধে আপনারা আমাদের সঙ্গে থাকছেন। সর্বশেষ যে কথা বলতে চাই তা হলো, শুধু উৎপাদন বৃদ্ধির সাথে গণ-বন্টন ব্যবস্থায় হবে না, শুধু প্রশাসনিক স্তরে সরকারি ভাবে নয় এর সঙ্গে সংগঠিত ক্রেতা আন্দোলন হোক, গণতান্ত্রিক

পদ্ধতিতে সংগঠিত ক্রেতা আন্দোলন হোক। উল্টোদিকে সমবায়ের ভিত্তিতে হিমঘর এবং বিপণন আন্দোলন সঙ্গে প্রশাসনিক ব্যবস্থা এবং তার সাথে সাধারণ মানুষের ক্রেতা আন্দোলন যুক্ত হোক। হ্যাঁ, একটু দেরি করে শুরু করার কথা বলেছেন। আপনারাও তো দেরি করে শুরু করেছেন। কিছু মনে করবেন না আপনারাও দেরি করেছেন, দীর্ঘকাল আপনারা গণ-বন্টন ব্যবস্থার উপর আঘাত করেছেন। আপনারা দেরি করেছেন এখানেই। এখানে দাঁড়িয়ে আমরা এই পদক্ষেপ নিতে যাচ্ছি এবং এটা শুধু একদিন দুদিন নয়, লাগাতার থাকবে। তবে এটাও বলছি সাধারণ মানুষকে নিয়ে আমরা যখন আন্দোলনে নামবো তখন আপনারা কিন্তু আমাদের পাশে থাকুন। এই কথা বলে সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি এবং মুলতবি প্রস্তাবের বিরোধিতা করছি। আমরা যে পদক্ষেপ গুলি নিচ্ছি তা হলে নিজেদের উৎপাদিত বৃদ্ধি, নিজেদের চেষ্টায় গণ-বন্টন ব্যবস্থা এবং ক্রেতা আন্দোলন, এতে মূল্যবৃদ্ধি প্রশমন রাজ্য স্তরে করতে পারব। এই পদক্ষেপ লাগাতার থাকবে, এটা দু-এক দিনের ব্যাপার নয়। আপনারা দু-এক দিন নাটক করতে পারেন গোলমাল করতে পারেন কিন্তু আপনারা হারিয়ে যাবেন, আমারা থাকব। এই কথা বলে প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূল্যবৃদ্ধি সম্বন্ধে মুলতবী প্রস্তাবের উপর যে যে সদস্য, আমাদের দলের এবং ক্ষমতাশীন দলের সদস্য অংশগ্রহণ করেছেন তাঁদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু স্যার আজকে মাননীয় অর্থমন্ত্রী এবং মন্ত্রী সভার সদস্যদের কাছে একটা প্রতিশ্রুতি চাই। যেখানে কংগ্রেস সরকার আছে সেই সমস্ত রাজ্যে আপনাদের বিশেষ কোনও সদস্য নেই দু-একটা ছাড়া। কিন্তু একটা প্রতিশ্রুতি আপনারা দিন যে, আজকে আমরা মূল্যবৃদ্ধি সম্বন্ধে যে মুলতুবি প্রস্তাব আনলাম, আপনাদের কোনও সদস্য যেখানে কংগ্রেস সরকারে আছে সেখানে মুলতুবি প্রস্তাব আনবেন না। কারণ আপনাদের বক্তব্য থেকে পরিস্কার হয়েছে যে, এই মূল্যবৃদ্ধির জন্য রাজ্য সরকার আদৌ দায়ী নয়। মূল্যবৃদ্ধির সমস্ত কারণের জন্য দায়ী কেন্দ্রীয় সরকার। এখানে যেটুকু বেড়েছে, তার বিরুদ্ধে আপনারা আপ্রাণ চেষ্টা করেছেন, আপনারা সাধ্যের অতীত করেছেন—তার পরিসংখ্যানও দিয়েছেন। বলেছেন যে, অমুককে গ্রেপ্তার করেছেন, কত মাল বাজেয়াপ্ত করেছেন ইত্যাদি। আপনারা ধোয়া তুলসী পাতা। আপনাদের কিছুই করার নেই। এটা যদি বক্তব্য হয়, তাহলে আমি দুঃখিত, আমি এটা গ্রহণ করতে পারলাম না। মাননীয় অসীমবাবুকে আমি বলছি, আপনি বলুন, টোটাল প্রোডাকশন কত? শুধু

চালের প্রোডাকশন যদি দেখেন, তার মূল্য হবে প্রায় ১০ হাজার কোটি টাকা। যদি ৮ টাকা হিসাবে কেজি ধরেন, তাহলে যে পরিমাণ উৎপাদন হয়েছে তার মূল্য দাঁড়ায় প্রায় ১০ হাজার কোটি টাকা। এছাড়া ডাল আছে, তেল আছে, অন্যান্য দ্রব্য সামগ্রী যা আছে, সেগুলোকে আমি ধরলাম না। সেগুলোকে ধরলে মূল্য দাঁড়াবে প্রায় ২০ হাজার কোটি টাকা। আমি এবারে কলিমুদ্দিন সামসের ১৯৯৮-৯৯ সালের বাজেট থেকে কোট্ করে বলছি—During the year 1997-98 enforcement of the State registered 537 cases against the uncruplous traders. During that period 976 persons were arrested and commodities of Rs. 7.94 crores werc seized by the police as anti-corruption measures. গত বছরে আপনারা ৮ কোটি টাকার মাল বাজেয়াপ্ত করেছেন। আর এবারে আপনারা যে বক্তব্য তুলে ধরলেন—গত ছ'মাস ধরে যেখানে মূল্যবৃদ্ধি হয়েছে, সেখানে আপনারা বললেন যে ৮ কোটি টাকার মাল বাজেয়াপ্ত করেছেন। সেটা টোটাল উৎপাদনের কত পার্সেন্ট —.০০ পার্সেন্ট। এর পরিমাণ মাল বাজেয়াপ্ত করে বলছেন, বিরাট কাজ করেছেন। এটা যদি আপনাদের কৃতিত্ব হয়, এটাকে যদি বলেন আপনারা যথাসাধ্য করেছেন, তাহলে আমি বলব, আপনাদের ক্ষমতাসীন দলে থাকা উচিত নয়। কেননা, মানুষ যেখানে আজকে খেতে পাচ্ছে না, মূল্যবৃদ্ধি আজকে এমন জায়গায় গিয়েছে সেখানে মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষের নাভিশ্বাস উঠছে তারা কি করে দিন গুজরান করবে, সেখানে আপনারা ট্রেডারদের, কালোবাজারি এবং যারা মজুতদার, তাদের ধরছেন না। আবার যাদের ধরছেন, তারা থানাতে দু'কাপ চা খেয়ে ফিরে যাচ্ছে। যাদের আপনারা গ্রেপ্তার করছেন তারা আসল মালিক নয়, তারা কর্মচারী। ঐ সমস্ত মালিকদের যদি ধরে রাখতে পারতেন, তাহলে তাদের মনে ভয় ঢুকতো। মূল্যবৃদ্ধি হওয়া স্বাভাবিক।—যেমন পেঁয়াজের ক্ষেত্রে হয়েছে। কিন্তু ৭০০-৮০০ পার্সেন্ট বৃদ্ধি হওয়ার কোনও যৌক্তিকতা নেই। এটাতে আপনারা যে যুক্তি দিয়েছেন, এই যুক্তি যদি দেখান যে অন্য রাজ্যে হয়েছে, এখানেও হবে, অন্য রাজ্যে খুন হয়েছে এ রাজ্যেও হবে, অন্য রাজ্যে ধর্ষণ হয়েছে এখানেও হবে, তাহলে আপনারা অন্য রাজ্য থেকে ভাল বলে যে যুক্তি দেখান, তার কোনও প্রমাণ, তার কোনও হিসাব আপনারা কিন্তু দিতে পারছেন না। সুতরাং আমি বলব, আমি যে মুলতুবি প্রস্তাব এনেছি এটাকে আপনারা গ্রহণ করুণ এবং সর্বতোভাবে আত্মনিয়োগ করুন যাতে মূল্যবৃদ্ধির ফলে মুনাফাবাজদের হাতে সব বিকিয়ে যাবে না।

The motion of Shri Atish Chandra Sinha that —

"জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হ'ল—

বিগত কয়েক বছর ধরে গত লোকসভা নির্বাচনের পর থেকেই সারা দেশের নিত্য প্রয়োজনীয় সামগ্রীর লাফিয়ে আকাশ ছোঁয়া মূল্য বৃদ্ধির ফলে সারা দেশের সঙ্গে এই রাজ্যের আপামর জনসাধারণ বিশেষ করে দরিদ্র শ্রেণীর মানুষ জীবন ধারণের ন্যূনতম প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী এমনকি ভোজ্য তেল, রান্নার মশলা, কাঁচা লঙ্কা, নুনের মতো সামগ্রী যা দরিদ্র মানুষের একমাত্র ভোজ্য এবং ব্যবহার্য তাও অবৈধভাবে মজুত করে ভোজ্য পণ্যের কৃত্রিম অভাব সৃষ্টি করছে এবং কেন্দ্রীয় সরকার সম্পূর্ণ উদ্দেশ্যমূলকভাবে বৃহৎ ব্যবসায়ীদের মুনাফা বৃদ্ধির জন্য দেশে পেঁয়াজের চাহিদা থাকা সত্ত্বেও বিদেশে পেঁয়াজ রপ্তানি করার ফলে পেঁয়াজের ঘাটতি আরও ব্যাপকভাবে দেখা দেয়। ফলে, আবার পেঁয়াজ আমদানি করতে হয়। এতে আমদানি ও রপ্তানির জন্য এক শ্রেণীর ব্যবসায়ী অসাধু উপায়ে অতিরিক্ত মুনাফা করার সুযোগ পায় এবং জনসাধারণকে অস্বাভাবিক বেশি দামে পেঁয়াজ ক্রয় করতে বাধ্য করা হয়।

রাজ্য সরকারও মজুতদার, মুনাফাখোর ও কালোবাজারিদের বিরুদ্ধে কোনও কড়া ব্যবস্থাতো নেয়ই নি উপরন্তু মজুতদার ও কালোবাজারিদের বিরুদ্ধে আইনগত এবং প্রশাসনিক কোনও ব্যবস্থা গ্রহণে ব্যর্থতার ফলে এরাজ্যেও নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর মূল্য সাধারণ মানুষের নাগালের বাইরে। রাজ্যের প্রশাসনিক নিষ্ক্রিয়তার ফলে মুনাফাখোরেরা বেপোরোয়া মনোভাব নিয়ে জিনিসপত্রের দাম অস্বাভাবিকভাবে বাড়িয়ে দিয়েছে।

সুতরাং এই সভা রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অপদার্থতা, অযোগ্যতা ও জনস্বার্থবিরোধী কার্যকলাপের তীব্র নিন্দা করছে এবং অবিলম্বে মূল্য বৃদ্ধি রোধের ব্যবস্থা গ্রহণ করতে রাজ্যসরকারের কাছে এবং রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে।"

was then put and a Division was taken with the following result :

**NOES**

Abdul Razzak Molla, Shri

Abu Ayes Mondal, Shri

Adhikary, Shri Nisith

Bagdi, Shri Bijay

Bagdi, Shri Natabar

Bag, Shri Kartic Chandra

Bandyopadhyay, Shri Debabrata

Banerjee, Shri Debabrata

Barman, Shri Jogesh Chandra

Bera, Shri Dipak

Bhattacharyya, Shri Ashoke

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Kamalakshi

Biswas, Shri Kanti

Bose, Shri Shyamaprasad

Bouri, Shri Haradhan

Chakrabarty, Shrimati Kumkum

Chattopadhyay, Shri Jyoti Krishna

Chattopadhyay, Shri Tapash

Chaudhuri. Shri Amar

Chowdhury. Shri Nani Gopal

Das, Shri Paresh Nath

Das Thakur, Shri Chittaranjan

Deb, Shri Rabin

Dey, Shri Narendra Nath

Doloi, Shri Siba Prasad

Dutta, Shri Binoy

Dutta, Dr. Gouripada

Ganguly. Shri Bidyut

Ganguly, Shrimati Kanika

Gayen, Shri Nripen

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Sunil Kumar

Goswami, Shri Subhas

Hira, Shrimati Mili

Kabi, Shri Pelab

Kalimuddin Shams. Shri

Kundu, Shri Ranjit

Let. Shri Dhiren

Mahata, Shri Khagendra Nath

Majhi, Shri Tamal

Mandal, Shri Bhakti Bhusan

Mandal, Shri Prabhanjan

Mehboob Mondal, Shri

Mehta, Shri Nishikanta

Mirquasim Mondal, Shri

Mitra, Shri Biswanath

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Rabindranath

Mondal, Shri Subhas

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Pratyush

Mukherjee, Shri Srikumar

Mursalin Molla, Shri

Nanda, Shri Bhahmamoy

Nath, Shri Madanmohan

Oraon, Shri Jagannath

Omar Ali, Dr.

Paik, Shri Nikunja

Pakhira, Shri Ratan Chandra

Pramanik, Shri Sudhir

Rana, Shrimati Shakti

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Jatindra Nath

Roy, Shri Mrinal Kanti

Roy Chowdhuri, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Saha, Dr. Tapati

Samanta, Shri Rampada

Saren, Shri Subhas Chandra

Saresh, Shri Ankura

Sengupta, Shri Purnendu

Sk. Khabiruddin Ahmed, Shri

Shaw, Shri Prabin Kumar

Singh, Shri Lagan Deo

Sinha, Dr. Nirmal

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Suresh Chandra

Sarkar, Shri Deba Prasad

Tirkey, Shri Monohar

**AYES**

Abdul Mannan, Shri

Abdus Salam Munshi, Shri

Abu Hena, Shri

Abul Basar Laskar, Shri

Bakshi, Shri Sanjoy

Banerjee, Shri Tapas

Bapuli, Shri Satya Ranjan

Bhattacharjee, Sri Badal

Bhattacharjee, Shri Sudhir

Biswas, Shri Shashanka Shekhor

Chakraborty, Shri Gautam

Chatterjee, Shri Rabindra Nath

Chattopadhyay, Shri Shovandev

Das, Shri Sanjib Kumar

Deb, Shri Ashoke Kumar

Dey, Shri Gopal Krishna

Dutta, Shri Sabuj

Ghosh, Shri Nirmal

Goswami, Shri Mihir

Guha, Shri Kamal

Gulsan Mullick, Shri

Habibur Rahaman, Shri

Humayun Reza, Shri

Lahiri, Shri Jatu

Mahbubul Haque, Shri

Mainul Haque, Shri

Manjhi, Shri Ramjanam

Md. Sohrab, Shri

Mitra, Shri Asit

Mondal, Shri Ramprabesh

Motahar Hossain, Dr.

Mukherjee, Shri Sibdas

Panda, Shri Debisankar

Poddar, Shri Deokinandan

Quazi Abdul Gaffar, Shri

Ram, Shri Rampyare

Ray Chowdhury, Shri Biplab

Roy, Shri Tapas

Singha, Shri Sankar

Sinha, Shri Atish Chandra

Sk. Daulat Ali, Shri

The Ayes being 41 and Noes 82.

The Motion was lost.

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 40th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I present the 40th Report of the Business Advisory Committee which is as follows :

| | | |
|---|---|---|
| 11.12.98 Friday | The Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | ... 1 hour |
| 14.12.98 Monday | (i) Business remaining from the 11th December, 1998, if any<br>(ii) The City Civil Court (Amendment) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | ... 1 hour |
| 15.12.98 Tuesday | The Kalyani University (Amendment) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | ... 2 hours |

Now, I request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 40th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The motion was then put and agreed to.

## LEGISLATION

### THE WEST BENGAL SCHOOL SERVICE COMMISSIONER (AMENDMENT) BILL, 1998

**Shri Kanti Biswas :** Sir, I beg to introduce the West Bengal School Service Commission (Amendment) Bill, 1998.

(Secretary then read the Title of the Bill)

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal School Service Commission (Amendment) Bill, 1998, be taken into consideration.

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক ওয়েস্ট বেঙ্গল স্কুল সার্ভিস কমিশন নিয়ে যে অ্যামেন্ডমেন্ট আনছেন, বা যে সংশোধনী আনা হয়েছে ৪টি অঞ্চলের জায়গায় ৫টি অঞ্চল এবং উত্তরাঞ্চল ও পার্বত্য অঞ্চল নিয়ে যে সংশোধনী আনা হয়েছে আমি তাকে সমর্থন জানাচ্ছি। সঙ্গে সঙ্গে আমি এই প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই, শ্রীমতী শান্তা ছেত্রী দু-একটি সংশোধনী দিয়েছেন তিনজন সদস্য যেন পাহাড়ি এলাকা থেকে নিযুক্ত হয়, আমি সেটাকেও যোগ করার জন্য আবেদন জানাচ্ছি। স্কুল সার্ভিস কমিশন যখন তৈরি হয়, আমরা সেদিন তার বিরোধিতা করেছিলাম, আমাদের বিরোধিতা সেদিন যে সঠিক ছিল এই সম্পর্কে কোনও সন্দেহ নেই। শিক্ষা মন্ত্রী তিনি বলেছেন দু-একটি কমিশন রিজিওনাল কমিশন বাড়ালে নিশ্চয় পাহাড়ী এলাকার শিক্ষার যোগাযোগটা আরো বাড়বে এবং চাকরির সুবিধা তারা নিতে পারবে। বিভিন্ন পরীক্ষায় তারা বসতে পারবে। এতদিন পর্যন্ত একটিমাত্র কারণে তারা এটা তৈরি করেছিলেন—আমি সেদিনও বলেছিলাম—বলেছিলেন ইরেগুলারিটিস আছে, তা দূর করতে হবে, ম্যানেজিং কমিটিতে টিচার অ্যাপয়েন্টমেন্টে। তাই স্কুল সার্ভিস কমিশন তৈরি করলেন। এর বাইরে কোনও কারণ দেখাননি, একটিমাত্র কারণ তখন দেখিয়েছিলেন। আমি জানতে চাই, আজ পর্যন্ত তার কতটা অগ্রগতি হয়েছে? পশ্চিমবাংলায় ১০ হাজার শিক্ষকের প্রয়োজন, স্কুল চালানোর ক্ষেত্রে। কিন্তু যে পরীক্ষা হল ৯৮ সালের যে মাসে রিটিন পরীক্ষা তার রেজাল্ট বেরুল আগস্টে, আর ফার্স্ট উইক অব সেপ্টেম্বরে তার ইন্টারভিউ হয়ে গেল, কোথাও শুনছি সাউথ জোনে ৩০ জন শিক্ষকের চাকরি হয়ে গেছে ওয়েস্ট জোনে কাজ এগিয়েছে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই, পরীক্ষাটা যেভাবে নেওয়া হয়েছে সেটা দুর্নীতিযুক্ত। অনেক ছাত্র-ছাত্রী তারা অ্যাডমিট কার্ড পাননি, আমাদের ইস্ট জোনের হেড কোয়ার্টার হচ্ছে বর্দ্ধমান, বহু ছাত্র তারা অ্যাডমিট কার্ড পাননি। সেই সমস্ত ছাত্ররা যখন খোঁজ করতে গিয়েছে, তখন এস. এফ. আই.-এর ছেলেরা লিখে দিয়েছে, ওখানে তুমি চলে যাও, ঐখানে তোমার সেন্টার। পি. এস. সি. যে সুষ্ঠ ব্যবস্থায় পরীক্ষা নেয়, স্কুল সার্ভিস কমিশন এর সেই ব্যবস্থা

নেই, পরবর্তী কালে যখন রেজাল্ট বেরিয়েছে, রেজাল্ট এর ক্ষেত্রে কি হয়েছে আমি বলব না, তবে অনেক কৃতি ছাত্রছাত্রীর নাম সেখানে নেই। রেজাল্ট যেটা বেরিয়েছে তার প্যানেল টাঙানো হয়নি। ইস্ট জোন থেকে অনেক ছাত্রছাত্রী গিয়েছেন জানতে চেয়ে, তাদের নাম প্যানেলে আছে কিনা, কিন্তু জানানো হয়নি, পি. এস. সি. তারা জানিয়ে দেয়, এই নাম প্যানেলে আছে। আপনাদের দপ্তরে লোকেরা আছে, কিন্তু তারা জানান না কোন ছাত্র ফেল করছে আর কোন ছাত্র পাস করেছে।

[3-50 — 4-00 p.m.]

ইস্ট জোনের পরীক্ষার্থীর হাওড়া থেকে অন্যান্য জায়গা থেকে বর্ধমানে যাচ্ছে পরীক্ষা সংক্রান্ত খবর নিতে, কিন্তু সেখানে বোর্ডে টাঙ্গিয়ে দেওয়া হয়েছে। এখানে কোনও খবর নেই, এই স্কুল কমিশনের প্রতি ছাত্র-শিক্ষক, মানুষের কোনও শ্রদ্ধা থাকবে? কোনও জায়গায় কোনও খবর নিতে গেলে বলা হচ্ছে চলে যাও সল্টলেকে, চলে যাও বিকাশ ভবনে, এই যদি স্কুল সার্ভিস কমিশনের চরিত্র হয় তাহলে আপনি কিছু করতে পারবেন না। আবারও আমি বলছি এই স্কুল সার্ভিস কমিশনের ব্যাপারটা আপনারা নিয়ে গেছেন দলীয় সংকীর্ণ পর্যায়ে। হিলের ক্ষেত্রে তিনজনকে রাখার কথা বলা হয়েছে, আপনারা পাঁচ জনকেও দিয়ে দিতে পারেন, কারণ দার্জিলিঙে সি. পি. এমের কোনও অস্থিত্ব নেই। যেখানে আপনারা স্কুলে সার্ভিস কমিশন করেছেন তাতে আপনাদের দলীয় মানুষের প্রাধান্য বাড়ছে। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমি জানতে চাই, কতজনকে অ্যাপেয়েন্টমেন্ট দেওয়া সম্ভব হয়েছে। হাইস্কুলগুলোতে হেড মাস্টার নিয়োগ কি পদ্ধতিতে হবে তা আপনারা ঠিক করতে পারলেন না। মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আমার আরেকটি প্রস্তাব আপনি মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে যেমন স্কুল সার্ভিস কমিশনে করেছেন, তেমনি মাদ্রাসা স্কুলের শিক্ষক নিয়োগের জন্য যদি মাদ্রাসা স্কুলে সার্ভির্স কমিশন করেন তাহলে সেটা অনেক বেশি সুচিন্তিত হবে। আমি আবার আপনার কাছে অনুরোধ করছি স্কুল সার্ভিস কমিশনের বিষয়গুলো আপনি নতুন করে ভাববার চেষ্টা করবেন, যাতে করে সবাই সমানভাবে বিচার পায়। আমি যে কথা দিয়ে শুরু করেছিলাম সেই কথা দিয়েই শেষ করতে চাই, এই পরীক্ষা বন্দোবস্তের মাধ্যমে যে পরীক্ষার্থী মৌখিক পরীক্ষায় পাশ করেছে তাদের নামের তালিকা টাঙ্গিয়ে দিতে হবে। সমস্ত কিছু আপনি কন্ট্রোল করতে পারছেন না, এই ব্যাপারটা আপনি কন্ট্রোল করুন। যদি মনে করেন এটা স্কুল সার্ভিস কমিশন, সি. পি. এম. সার্ভিস কমিশন নয়,

**তাহলে আপনি প্যানেল টাঙ্গানোর ব্যবস্থা করুন, পরীক্ষার্থীদের অন্ধকারে রেখে দেবেন না। বি. টি.-তে যারা ফাস্ট ক্লাস পাচ্ছে তারা প্যানেলে স্থান পাচ্ছে না, পেছনের দরজা দিয়ে লোয়ার র‍্যাঙ্কের ছাত্র-ছাত্রীরা, যারা সি. পি. এম করে তারা সুযোগ-সুবিধা পাচ্ছে। মাননীয় শিক্ষামন্ত্রী আপনি এতদিনেও বিচার করার সময় পাননি স্কুলগুলি কি অবস্থায় চলছে।** এমন অনেক স্কুল আছে যেখানে কোনও লাইব্রেরিয়ান নেই। আমি আপনাকে এই ব্যাপারে বার বার বলেছি, আমি কোনও বিশেষ স্কুলের কথা বলছি না। আমি আবার বলছি, দু-তিনটি জিনিস আপনাকে করতে হবে। প্রথমত স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষাকে পাবলিক সার্ভিস কমিশনের মতো সু-চিন্তিতভাবে গ্রহণ করতে হবে; দ্বিতীয়ত নিয়মিত ফল প্রকাশ করতে হবে; তৃতীয়ত যারা যারা সেই পরীক্ষায় পাশ করছে তাদের নাম টাঙ্গিয়ে দিতে হবে এবং এর মধ্যে থেকেই আগামী দিনে টিচার নিয়োগ করতে হবে। আপনাকে আরেকটা ভাবতে হবে হেডকোয়ার্টার নিয়ে।

আপনারা দক্ষিণ ২৪ পরগণার হেড কোয়ার্টার করেছেন কলকাতায়। কাকদ্বীপ, বাসন্তীর মাস্টার মশাইকে আসতে হবে কলকাতায়। হাওড়া জেলার শেষ প্রান্তের শিক্ষককে আসতে হবে হাওড়ায়। এটা যদি পরিবর্তন না করেন, তাহলে মাস্টার মশাই-এর পক্ষে যোগাযোগ করা অসম্ভব হবে। আপনাদের সাব ডিভিসনে এস. আই. আছেন, জেলা-সদরে ডি. আই. অফিস, সেকেণ্ডারি কাউন্সিল আছে, হায়ার সেকেণ্ডারি কাউন্সিল আছে, আবার করলেন স্কুল সার্ভিস কমিশন। একজন হেড মাস্টার মশাই বা দায়িত্বশীল শিক্ষককে এত জায়গায় ছুটোছুটি যদি করতে হয়, তাহলে তিনি কতদিন স্কুলে থাকতে পারবেন? আমার মনে হয়, আবার আপনাদের ভেবে দেখার সময় এসেছে যে, আপনারা যে সিস্টেম চালু করেছেন, সেটা ঠিক আছে, না পরিবর্তন করা দরকার। যদি পর্যালোচনা করেন, তাহলে দেখবেন, আরও কিছু পরিবর্তনের দরকার আছে। আর, যদি মনে করেন যেটা করেছেন সেটা সঠিক, আমাদের দলের দৃষ্টিভঙ্গিতে করেছি, আমাদের দলের ছাত্ররাই, ছেলেরাই চাকরি পাবে, অন্য কাউকে চাকরি দেওয়া হবে না, তাহলে বলব এই বন্দোবস্ত সঠিক। তাহলে, স্কুল সার্ভিস কমিশন নামটি না রেখে, সি. পি. এম. কমিশন নাম দেওয়া উচিত। সব শেষে বলব, যে সংশোধনি এনেছেন, সেখানে পাহাড়ি এলাকার জন্য আর একটা রিজিওনাল কাউন্সিল করে, সেখানকার কৃতি ছাত্র-ছাত্রীদের পরীক্ষা গ্রহণের পর চাকরি দেওয়ার ব্যবস্থা করুন। আর বলব, পাহাড়ি এলাকার মানুষকে যেন প্রতিনিধিত্ব করার সুযোগ দেওয়া হয়। কলকাতা থেকে কিছু রিটায়ার্ড অফিসার,

রিটায়ার্ড জাজ কে নিয়ে গিয়ে বসিয়ে দিলেন, আর ঐ জায়গায় মানুষের প্রতিনিধিত্ব থাকবে না, এটা যেন না হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতি কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে পশ্চিমবঙ্গ বিদ্যালয় কর্তৃক যে সংশোধনী আনা হয়েছে, সেই প্রস্তাবকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। এই কমিশন গঠনের মধ্যে দিয়ে যখন আজকে ভারতবর্ষের ইতিহাসে একটা নতুন অধ্যায় সৃষ্টি হচ্ছে, তখন অযথা কিছু প্রতিবন্ধকতা এবং কল্পিত কিছু বাধার কথা উল্লেখ করে এটার বিরোধিতা করার জন্য বিরোধিতা এই প্রবণতা কংগ্রেসি বন্ধুদের মধ্যে লক্ষ্য করলাম। এই বিষয়টিকে সমর্থন না করার বা সমালোচনা করার কোনও কারণ তাঁর বক্তব্যের মধ্যে খুঁজে পাইনি। সারা ভারতবর্ষে যা নেই, তা এখানে তৈরি হল, এজন্য পশ্চিমবঙ্গ সরকারকে অভিনন্দন জানানো উচিত ছিল। সেটা তারা জানাতে পারলেন না, এই উদারতাটুকু তাদের মধ্যে নেই। আমি অবশ্যই এই বিষয়ে মন্ত্রীকে অভিনন্দিত করব। এই একটা পরিকল্পনার মধ্যে দিয়ে, একদিকে বামপন্থী আন্দোলন, যে আন্দোলন-এর মধ্যে দিয়ে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য দুরিকরণের যে প্রচেষ্টা শুরু হয়েছিল, তা করতে সমর্থ হয়েছে। এবং এই আন্দোলনের ফলে শিক্ষাক্ষেত্রের যে বিস্তৃতি সাবইকে শিক্ষার অঙ্গনে নিয়ে আসার পরিকল্পনা, শিক্ষকদের বেতন, ভাতা বৃদ্ধি, যে সম্মান, তার প্রতিষ্ঠা পশ্চিমবঙ্গ সরকার দেখিয়েছেন, এইজন্য অবশ্যই তাদের অভিনন্দন জানানো উচিত।

[4-00 — 4-10 p.m.]

আজকে এই সার্ভিস কমিশনের যে পরিকল্পনা এটা আমাদের কাছে কতখানি সময়োচিত এটা আমাদের মূল্যায়ন করা দরকার। কারণ ৭০ এর দশকে জায়গায় দাঁড়িয়ে ব্যভিচারে চূড়ান্ত নিদর্শন রেখে গিয়েছিলেন শিক্ষার ক্ষেত্রে। যেমন শিক্ষক নিয়োগের প্রশ্নে আমরা লক্ষ্য করেছি, আমরা দেখেছি অযোগ্য এবং শিক্ষার সাধারণ মান নেই এরকম অযোগ্য লোককে শিক্ষকতার পদে নিযুক্ত হতে। এইরকম অযোগ্যতা নিয়ে অনেককে শিক্ষকতার পদে বসিয়ে দেওয়া হয়েছে শুধুমাত্র নিজেদের ক্যাডার পোষার জন্য। ৭৭ সালের পর পশ্চিমবাংলায় অন্তত যোগ্যতার ভিত্তিতে, মানের ভিত্তিতে শিক্ষক নিয়োগের প্রথা চালু হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে মন্ত্রিমহাশয় সংশোধনী প্রস্তাব এনেছেন, এখানে কোনও অসুবিধা থাকতেই পারে সেই অসুবিধা মন্ত্রিমহাশয় তৎপরতার সঙ্গে দূর করবার চেষ্টা করবেন, আমরা তাঁর কাছে এই আশা করব। তিনি বিভিন্ন জেলায় যাচ্ছেন, বিদ্যালয়ের সমস্যা শুনছেন এবং সমস্যা সমাধানের

জন্য নতুন পরিকল্পান তৈরি করছেন এবং সমস্ত জায়গায়, সব বিদ্যালয়ে শিক্ষক শিক্ষিকা নিয়োগের বিষয়ে আজকে তাঁকে যে পরিকল্পনা তা একটা সার্থকরূপ পেতে চলেছে। সেখানে ৫টি বিভাগ নির্ণয় করেছেন। শুধু তাই নয় দার্জিলিং হিল এরিয়া— পার্বত্য অঞ্চলে যে একটা ভিন্ন কাঠামো রয়েছে সেই কাঠামোকে একটা মর্যাদা দিয়েছেন। সমতলে উন্নয়নের জন্য যে অর্থ ব্যয় হয় তার থেকে অনেক বেশি অর্থ ব্যয় হয় পার্বত্য অঞ্চলের উন্নয়নের জন্য। বামফ্রন্ট সরকার শিক্ষার ক্ষেত্রে কতটা তৎপর, কতটা কার্যকর ভূমিকা পালন করেন তা আমরা এই সংশোধনীর মধ্যে দেখেছি। দার্জিলিং সদর, কার্সিয়াং, কালিম্পং এই তিনটি জায়গায় এই নতুন বিভাগ, সেখানে দাঁড়িয়ে সার্থকভাবে পুনর্গঠনের দিকে এগিয়ে যাবেন আমরা এই আশা করব। একটা কথা বলা দরকার আগের নিয়োগ পদ্ধতিতে যোগ্যতার মানকে গুরুত্ব দেওয়া হলেও দেখা যেত বরাবর যে পদ্ধতিতে শিক্ষক নিয়োগ হত সেখানে একটা ফাঁক থেকে যেত, শিক্ষক নিয়োগ করতে দেরি হয়ে যেত। এই সংশোধনীর ফলে সেখানে একটা স্রোত তৈরি হবে, শিক্ষক শিক্ষিকাদের প্রতি মুহূর্তে পৌঁছে দেওয়া যাবে। পার্বত্য অঞ্চলে যে দূরত্বের সমস্যা সেটাও দূর করা যাবে বলে আশা করি। বিরোধী দলের বন্ধুরা অনর্থক বিরোধিতা না করে এই কমিশনকে সার্থকরূপ দেওয়া যায় কিনা সেকথা ভাবলে, একসাথে থাকলে সার্ভিস কমিশনকে নতুন নিদর্শন হিসাবে তৈরি করা যায়। এই আশা করে সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** এই বিলটাকে সমর্থন জানিয়ে দু একটি কথা বলতে চাই। আমার বিরোধী বন্ধু এই বিলটাকে সমর্থন করলেও, একটা বিষয় উল্লেখ করলেন এবং সেটা কনট্রাডিক্ট হল এই কারণে যে, সার্ভিস কমিশন যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছে, ওনার মতে সেই উদ্দেশ্য সাধিত হচ্ছে না। নানা রকম গোঁজামিল আছে। এইভাবে অভিযোগ করা হয়েছে। আবার পাশাপাশি তিনি মাদ্রাসার জন্য স্কুল সার্ভিস কমিশন গঠন করার কথা বলছেন এটা কিন্তু কন্ট্রাডিকশন হয়ে গেল। তাহলে এটাই আমরা ধরে নিচ্ছি যে, তিনিও আমাদের এই স্কুল সার্ভিস কমিশনকে সমর্থন করছেন। আমি যেটা উল্লেখ করতে চাই সেটা হচ্ছে যে, স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে একটা নিয়ম এখানে শিক্ষক নিয়োগের পদ্ধতি চালু করার জন্য এই সার্ভিস কমিশন চালু করা হয়েছে এবং এর ইন্টারভিউ হয়েছে এবং কতগুলি নাম্বার অব ভেকেন্সি আছে, সেই অনুযায়ী যে প্যানেল হচ্ছে সেই প্যানেল অনুসারে সেখানে অ্যাপয়েন্টমেন্ট পাঠানো হচ্ছে। এতে কোনও রকম অভিযোগ এখনও পর্যন্ত আমাদের কাছে আসেনি।

আমরা যারা জন প্রতিনিধি আমাদের কাছে এই সার্ভিস কমিশন সম্পর্কে কোনও রকম দলবাজি বা অন্য কোনও অভিযোগ আমাদের কাছে অন্তত আসেনি। আমি এই কথা বলব যে আঞ্চলিক যে দার্জিলিং পার্বত্য পরিষদ এর অন্তর্গত সার্ভিস কমিশন আদালাভাবে রিজিওনাল যেটা করা হয়েছে, তার প্রয়োজনীয়তা ছিল, আছে এবং সেখানকার ছেলে মেয়েরা যাতে সেই সুযোগ থেকে বঞ্চিত যাতে না হয়, তাদের কোনও অভিযোগ যাতে না থাকে, তারজন্যই এই দার্জিলিং পার্বত্য পরিষদ গঠন করা হয়েছে। তারা আর এইকথা বলতে পারবে না বা বলার সুযোগ থাকবে না যে, এখনও কেন বৈষম্য করা হচ্ছে এবং এই সার্ভিস কমিশন যা রিজিওনাল, দার্জিলিং পার্বত্য পরিষদের অন্তর্গত করা হল। এরজন্য আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই এবং আর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ভ্যাকেন্সি প্রচুর আছে বিভিন্ন স্কুলে, সেখানে যাতে আরও তাড়াতাড়ি নিয়োগ করা যায়, সেই ভ্যাকেন্সি যাতে ফিল আপ হয়, সেই দিকে নজর দিতে হবে। এর পাশাপাশি আর একটা ব্যাপারে বলি যে, আমরা প্রাইমারিতে দেখছি যে উত্তর ২৪ পরগণা জেলায় হাইকোর্ট মামলা চলছে, বহু শিক্ষক নিয়োগের সুযোগ থাকলেও প্রয়োজন আছে, অথচ সেখানে নিয়োগ করা যাচ্ছে না। হাইকোর্টে নানা রকম মামলা চলছে। আমি আপনার কাছে অনুরোধ জানাব যাতে এই ব্যাপারটা গুরুত্ব সহকারে দেখবেন এবং উত্তর ২৪ পরগণায় প্রাথমিক বিদ্যালয়ে যে শিক্ষকদের অভাব আছে, সেই অভাবটা যাতে দূর করা যায় সেটা দেখবেন। এইকথা বলে এই বিলটাকে সমর্থন জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

**Shrimati Shanta Chhetri :** Hon'ble Deputy Speaker, Sir, I, on behalf of Darjeeling Gorkha Hill Council and the people living in the area, thank the Hon'ble Minister Shri Kanti Biswas for conceding the demand raised by DGHC for constituting a separate regional school service commission in the hills. This new wing will go a long way in mitigating the hardships of the local boys and girls, both physically and financially.

In this connection, Mr. Deputy Speaker, I have something more to say. During British regime Darjeeling was not developed as an

administrative sector. As a result it remained backward educationally, financially and culturally.

For the Britishers, it was just a place for making money from the tea gardens, a place to escape to, from the scerching heat of the summer and for the sick for change of climate and steady recuperation. This mentality, very unfortunately, was inherited by our own brothers and sisters, our politicians of our Independant India. However, realisation dawned and everybody felt the need to do something for the people. The result was the creation of Darjeeling Gorkha Hill Council.

The Amendment No. 11 of 1998 is a step towards the path of the self-government. In order to enable the hill people to take one more step toward it, I request out of the five members, the power to nominate at least two members should be vested in the council.

I am sure, the Hon'ble Minister would give a thought to it and take necessary measures at the current session itself.

Thank you

[4-10 — 4-20 p.m.]

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষমন্ত্রীর অদূরদর্শিতার কত অভাব তা এই অ্যামেন্ডমেন্ড আনা দেখলেই বোঝা যায়। মাত্র এক বছর আগে যে বিল পাশ হলো তার এক বছরের মধ্যেই অ্যামেন্ডমেন্ড আনতে হলো। স্কুল সার্ভিস কমিশন পাশ হওয়ার পর যিনি অ্যামেন্ডমেন্ড এনেছেন সেই শ্রীমতী শান্তা ছেত্রী তিনি বলে ছিলেন তিনি তাঁর কাছে অনুরোধ করেছিলেন হিল এরিয়ার বিকল্প রিজিওনাল কাউন্সিল করা হোক। তিনি তখন কর্ণপাত করেন নি। আমাদের পল্লীগ্রামে একটা কথা আছে ঠেলার নাম বাবাজী। তখন তিনি কর্ণপাত করেন নি, যখন জি.এন.এল.এফের সুভায ঘিষিং ঠেলা দিলেন তখন মাননীয় মন্ত্রী বাধ্য হলেন নিজে থেকে রিজিওনাল কাউন্সিল গঠন করার জন্য এবং বিল আনালেন। শান্তা

ছেত্রী বলেছিলেন থ্রি মেম্বার্স টু বি নমিনেটেড বাই দি হিল কাউন্সিল, আজকে তিনি যদি এটা মেনে নেন তাহলে ভালো, না হলে আবার হয়তো কিছু দিন পরে সুভাষ ঘিষিং আবার ঠেলা দেবেন তখন অ্যামেন্ডমেন্ট আনবেন উনি। আগে যদি আনতেন তাহলে আজকে এই অ্যামেন্ডমেন্ট আনতে হতো না। আমি এই প্রসঙ্গে বলতে চাইছি এবং অসিত মিত্র মহাশয়ও বলেছেন যে এই স্কুল সার্ভিস কমিশন হওয়ার উদ্দেশ্য হলে টু চেক্ করাপশন অ্যাণ্ড টু অ্যাপয়েন্ট কম্পিটেন্ট টিচার্স। স্যার, এই স্কুল সার্ভিস কমিশন যে ছাঁচে হয়েছে আমরা তখন বলেছিলাম—১০ নম্বর আছে ম্যানেজিং কমিটির হাতে এবং যে যে সেন্টারগুলিতে পরীক্ষা হয়েছে সেখানে কি পদ্ধতিতে পরীক্ষা হয়েছে এবং এমন অনেক সেন্টারে একসঙ্গে দুটি প্রশ্নপত্র দেওয়া হয়েছে। সেখানে কত রকম গণ্ডগোল হয়েছে,—সেগুলি চেক করতে পারেন নি। এখন পর্যন্ত যে ইন্টারভিউ হবে রিটিন এবং অ্যাকাডেমিক এই দুটি নিয়ে ভাইভোভোসি হবে, তারপরে প্যানেল হবে কি না এবং এটা তৈরি করে টাঙিয়ে দেওয়া হচ্ছে না। যাঁরা প্যানেলে থাকবে না, যারা লো-মেরিটের ছেলেমেয়ে তারাই হয়তো এ্যাপয়েন্টমেন্ট পেয়ে যাবে। যে ভ্যাকেন্সি আছে সেগুলি নর্মাল ভ্যাকেন্সী, আর যেগুলি রিটায়ারমেন্টের জন্য বা মারা যাবার জন্য এবং অ্যাডিশনাল ভ্যাকেন্সি এগুলি যদি স্কুল সার্ভিস কমিশন না করলে ইউজলেস হয়ে যাবে। স্টুডেন্ট এবং টিচার্স রেসিও ১ঃ১৮, তাহলে ইন ফিউচার দেয়ার উইল বি নো অ্যাপয়েন্ট অব টিচার্স অ্যাণ্ড ভেরি পারপাস অব স্কুল সার্ভিস কমিশন উইল বি ইউজলেস।

সুতরাং এই পরিস্থিতিতে আজকে স্কুল সার্ভিস কমিশন চলছে, কাজ করছে। প্রথম পরীক্ষায় একটা গাফিলতি দেখা গিয়েছে। স্যার, আপনি শুনে আশ্চর্য হবেন—অ্যাসিস্ট্যান্ট টিচাররা কবে অ্যাপয়েনমেন্ট পাবে জানি না—মাননীয় মন্ত্রিমহাশয়কে মালদা গিয়ে ডি. আই. দের সঙ্গে নিয়ে মিটিং করতে হচ্ছে, কত নর্মাল ভ্যাকান্সি আছে তা জানা যাচ্ছে না। আজকে স্কুল শিক্ষক অ্যাপয়েনমেন্টের ক্ষেত্রে দিস ইজ দি পিক্চার দিস ইজ দি সিন। মাননীয় মন্ত্রিমহাশয় হেড মাস্টার পোস্টের ক্ষেত্রে ভালো ভাবে জানেন যে, ওয়ান-থার্ড অব দি হাই স্কুল/সেকেন্ডারি স্কুলস্ আর রানিং উইদাউট হেড মাস্টার। তিনি হচ্ছেন হেড অব দ্যা ইনস্টিটিউশন। তাহলে ঐ স্কুলগুলো কিভাবে চলবে? আজকে টিচার-ইন-চার্জ দিয়ে ঐসব স্কুলগুলো চালানো হচ্ছে। কিন্তু যাঁরা টিচার-ইন-চার্জ হচ্ছে সেইসব টিচাররা ঐ পদে থাকতে চাচ্ছেন না। আজকে যাঁরা সিনিয়র টিচার আছেন, নোবডি ওয়ান্টস টু কাম ফর দি পোস্ট অব টিচার-ইন-চার্জ। কারণ এই কাজে ঝুঁকি আছে, ঝামেলা আছে কিন্তু রেমুনারেশন

নেই। আগে এই রকম টিচার-ইন-চার্জ হলে পয়সা দেওয়া হত। কিন্তু আজকে তা দেওয়া হচ্ছে না। আবার হেড মাস্টারের অ্যাপয়েন্টমেন্টের জন্য অ্যাডভার্টাইজমেন্ট দেওয়া হচ্ছে না। কেবলমাত্র পয়সা বাঁচাবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় এই ব্যবস্থা করেছেন। শিক্ষার স্বার্থে নয়, দলীয় স্বার্থে, নিজেদের লোককে অ্যাপয়েন্টমেন্ট দেবার জন্য এই ব্যবস্থা করেছেন। সুতরাং সেই জন্য আমরা বলছি, যদি স্কুল সার্ভিস কমিশন শুধু মাত্র—আপনি হিল এরিয়ার জন্য রিজিওনাল কাউন্সিল করলেন, ভালো, আমরা সমর্থন করছি এবং সেই সঙ্গে অনুরোধ করছি ওখানে এই স্টেজে অ্যামেন্ডমেন্ট মেনে নিন যে, তিনজন মেম্বার হিল কাউন্সিল নমিনেট করতে পারবে, এই ক্ষমতা দিয়ে দিন। মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, রিকোয়েস্ট টু আসক্ হিজ কনসেন্ট, আপনি স্কুল সার্ভিস কমিশনের বক্তৃতায় বলেছেন, এটা সারা ভারতের মধ্যে 'ইউনিক'। হয়তো গিনেস বুকে নাম উঠে যেতে পারে। কিন্তু স্কুল সার্ভিস কমিশনকে এখনও পর্যন্ত আপনি প্রাইমারি ক্ষেত্রে কার্যকর করেন নি, কেবল মাত্র সেকেন্ডারি টিচারদের ক্ষেত্রে করেছেন। আমরা এর বিরোধিতা করেছিলাম, কারণ উদ্দেশ্যটা ঠিক নয়। মাননীয় কান্তিবাবু মুখে বলেন এক রকম আর কাজে করেন উল্টো। যদি সত্যি কোনও উদ্দেশ্য না থাকে তাহলে স্কুল সার্ভিস কমিশনের একটা যে পরীক্ষা হয়েছিল, যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছিল সেটা ঠিক মতো ইমপ্লিমেন্ট হয়েছে? সেখানে এক্সপিরিয়েন্স বলা হয় নি। ঐ পরীক্ষা নেওয়া থেকে আরম্ভ করে প্যানেল পর্যন্ত, তারপর কি হবে না হবে, যদি আপনি মনে করেন অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার আগে বিষয়টা রিভিউ করা প্রয়োজন তাহলে তাঁকে রিকোয়েস্ট করব সেটা রিভিউ করুন, পেনডিং রেখে দেবেন না। আজকে রিজিওনাল কাউন্সিলকে সাপোর্ট করছি এবং সেই সাথে অ্যামেন্ডমেন্ট গ্রহণ করার আবেদন জানাচ্ছি।

কয়েকদিন আগে ডেপুটেশনে গিয়েছিলেন মাদ্রাসার ছাত্র ইউনিয়ন। এবিষয়ে মাননীয় অসিত মিত্র এবং কাশেম সাহেব বলেছেন। উনি আবার মাদ্রাসা বোর্ডের প্রেসিডেন্ট হয়ে বসে আছে। মাদ্রাসায় টিচার অ্যাপয়েন্টমেন্টের জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে ডেপুটেশন দেওয়া হয়েছিল। আপনি বলেছিলেন, 'আমি দেখছি, এটা কনসিডার করছি।' টু অ্যাপয়েন্ট মাদ্রাসা টিচার—আলাদা একটা কিছু করুন বা স্কুল সার্ভিস কমিশনের মধ্যে কিছু করা যায় কিনা দেখুন। মাদ্রাসা স্টুডেন্টস ইউনিয়নও তাদের শিক্ষক নিয়োগের জন্য ডেপুটেশন দিয়েছিল। সুতরাং আপনি চিন্তা-ভাবনা করে এবিষয়ে কিছু ব্যবস্থা করুন।

যাইহোক, আমি আবার পাহাড়ের রিজিওনাল কাউন্সিল করার ক্ষেত্রে উক্ত অ্যামেন্ডমেন্ট গ্রহণ করার জন্য এবং শেষ পর্যন্ত আপনি যে এই হিল এরিয়া কাউন্সিল করেছেন তার জন্য আপনাকে সাপোর্ট করছি এবং ধন্যবাদ জানাচ্ছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** স্যার, মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রী এই সভায় যে সংশোধনী বিল উত্থাপন করেছেন তাকে সমর্থন করছি। এই বিলে দার্জিলিং পাহাড়ী এলাকার জন্য আলাদা একটা রিজিয়ন গঠন করতে চেয়েছেন স্কুল সার্ভিস কমিশনের অধীনে। এটা একটা বিশেষ জায়গা—বিশেষ ভাবধারা, ভাষা, ক্লাইমেট কণ্ডিশন। সব কিছু বিবেচনা করে এটা করা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় উক্ত বিষয়গুলো বিবেচনা করেই এই ব্যবস্থা নিয়েছেন।

এই যে আমাদের রাজ্যে সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নির্বাচন তথা নিয়োগের জন্য সুপারিশ করার নতুন ব্যবস্থা চালু হল এবং সেটা এখনও পর্যন্ত যেভাবে চলে আসছে তাতে আজ পর্যন্ত কেউ অভিযোগের আঙুল তুলতে পারেন নি। আমরা অনেক তিক্ত অভিজ্ঞতা নিয়ে এই পথে যেতে বাধ্য হয়েছি। ইতিপূর্বে স্কুল গুলোতে শিক্ষক নির্বাচন নিয়ে যে সমস্ত কাণ্ড ঘটত, যে দুর্নীতির অভিযোগ আসত, যে দলাদলির অভিযোগ আসত, যে অচলাবস্থা সৃষ্টির অভিযোগ আসত, তা থেকে রক্ষা করতে এই স্কুল সার্ভিস কমিশন গঠন করা হয়েছে, যার মাধ্যমে এর কাজ শুরু হয়েছে। এ ব্যাপারে যদি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে তথ্য থাকে তাহলে আমরা এর বর্তমান অবস্থা জেনে নিতে চাই। যে চারটি রিজিয়ন নিয়ে সার্ভিস কমিশন গঠন করা হয়েছে সেই চারটি রিজিয়নে আজ পর্যন্ত কতজন শিক্ষক নিয়োগ করা হয়েছে, প্রত্যেকটা রিজিয়নে পৃথক পৃথক ভাবে কত ভ্যাকান্সি ছিল এবং বিজ্ঞাপন দেওয়ার পরে কতজনকে নেওয়া হয়েছে এই প্রসঙ্গগুলো যদি বলেন তাহলে ভাল হয়। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন যে, রিজিয়ন হিসাবে সার্ভিস কমিশন গঠন করা হলেও প্যানেল ডিসট্রিক্ট ওয়াইজ হবে। কিন্তু দেখা গেছে এই প্যানেল ডিসট্রিক্ট ওয়াইজ হয় নি। বাঁকুড়া জেলাতে পুরুলিয়া, মেদিনীপুরের শিক্ষক নেওয়া হয়েছে। কি কারণে এটা হল বুঝতে পারছি না। তিনি বলেছিলেন জেলা ভিত্তিক প্যানেল গঠন করা হবে। আরও একটা বিষয় দেখা যাচ্ছে যে, বিশেষ করে হায়ার ক্লাসে, একাদশ দ্বাদশ শ্রেণীতে যেখানে একেকটা বিষয়ের জন্য একজন বা দুজন শিক্ষক থাকার কথা সেখানে দেখা যাচ্ছে, অনেক জায়গায় শিক্ষক

না থাকার জন্য সেখানে পঠন-পাঠনের বিশেষ অসুবিধা হচ্ছে। যে তৎপরতার সঙ্গে শিক্ষক নিয়োগ করার দরকার সেটা হচ্ছে না। এব্যাপারে দেরি হয়ে যাচ্ছে। তার ফলে ছাত্ররা সাফার করছে। এই কাজটা কি করে ত্বরান্বিত করা যায় মাননীয় মন্ত্রী মহাশয়কে সেটা দেখতে হবে এবং সেই মতো নির্দেশ দিতে হবে। আরেকটা ব্যাপার, একটা কথা উঠেছে যে, এই নির্বাচনের ফলাফল জানা যাচ্ছে না। এর ফলে শিক্ষকদের মধ্যে একটা প্রশ্ন দেখা দিয়েছে—সাধারণত পরীক্ষার্থীরা পরীক্ষা দেয়, তারপর ফল প্রকাশ হয়, তারা ফল জানতে পারে। কিন্তু এখানে ফল প্রকাশ হচ্ছে না। ফলে তাঁরা কতদিন সাস্পেনসে থাকবেন? তাঁরা ফল প্রকাশের জন্য অপেক্ষা করে থাকবেন, নাকি পরের বারের জন্য তৈরি হবেন? এই ফল প্রকাশের ব্যাপারে বাধা কোথায়? কেন প্যানেল প্রস্তুত হওয়ার পর তা প্রকাশ হচ্ছে না? এই ব্যাপারটা মাননীয় মন্ত্রিমহাশয় ব্যাখ্যা করবেন। এই বলে এই বিলকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Narbahadur Chettri :** Hon'ble Deputy Speaker Sir, I on behalf of my people from the hills expressed my heartfelt gratitude to the Hon'ble Minister for Education for bringing this amendment to the School Service Commission. This amendment would not have been necessary if the Hon'ble Minister had conceded our request at the time of presenting this current Bill on the floor of the House. But at that time despite his commitment he did not accept our request thereby curtailing the provisions of the Darjeeling Gorkha Hill Council Act and the accord by which Darjeeling Gorkha Hill Council was formed in 1988. The accord was signed by the representatives of the Central Government in presence of the Hon'ble Chief Minister. There was a provision that the Darjeeling Gorkha Hill Council will be created for overall development of the bills and for their economic, cultural and educational developments. But from that particular provision how escape the notice of the Education Minister and hence this amendment. However, I support the amendment and would like to request the Hon'ble Minister that to protect the interest of the hill people, to

protect the educational interest of the educated boys and girls, all the members in this proposed regional Council should be nominated by the Hill Council itself. Since education up to the Higher Secondary is a transfer subject to the DGHC, if the State Government time and again interfere this sphere, if it goes against the interest of the hill people, the very purpose of the Hill Council will be defeated and what I want to pinpoint is the ground reality in the hill is different from the plain. There is a difference not only in the demographic and climatic conditions, but overall cultural, linguistic, religious difference is also there. So, I request the Hon'ble Minister, please save DGHC and please protect the interest of the Hill people by nominating all the members by the DGHC. I hope that the interest of the hill people will be saved in the hands of the Hon'ble Minister and it will be protected by the State Government. I thank the Hon'ble Deputy Speaker for allowing me to speak. Thank you.

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি যে সংশোধনী বিধেয়ক এখানে উপস্থাপন করেছি তার ওপর যে সংশোধনী এসেছে আমি সেই সংশোধনীর বিরোধিতা করছি For two reasons I oppose this amendment. Firstly, the amendment has been mentioned in the paper under Section 2b but unfortunately in the Act itself, under Section 2b there is no relation with the School Service Commission. It is not an amendment of my proposal. It is a fresh amendment to the Act. Because the constitution of the regional commission has been dealt with in Section 3, sub-section IV, Clause B. So if any proposal is made under the separate section it may be constructed as a fresh proposal, not an amendment of the proposal which I have already placed in the House. So for legal reason as well this amendment can never be accepted by the House at all. Therefore, I am opposing the amendment.

[4-30 — 4-41 p.m.]

মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র যে কথাগুলি বলেছেন, আমি তাঁর সম্পর্কে দু-একটি বিষয় মন্তব্য করছি। তিনি বলেছেন কতগুলি পদ শূন্য আছে? এখন আমাদের কাছে সমস্ত তথ্য বিদ্যালয় মণ্ডলীর পরিচালক মণ্ডলীর কাছ থেকে আসে নি, তবে ইতিমধ্যে ৩ হাজারের উপর নাম বিভিন্ন কমিশনের পক্ষ থেকে বিদ্যালয়গুলিতে গেছে। ডিসেম্বর মাসের মধ্যে আরো ৪ হাজার নাম বিদ্যালয়গুলির কাছে পৌঁছবে। তবে কোন বিদ্যালয় নিয়োগপত্র জারি করেছে, না করেছে সমস্ত খবর আমাদের কাছে আসেনি। প্রধান শিক্ষক নিয়োগ করার জন্য—তার পরীক্ষা করার জন্য, সিলেবাসে কি কি বিষয়ে পরীক্ষা নেওয়া হবে—সেটা চূড়ান্ত হওয়ার পথে, এটা চূড়ান্ত হওয়ার পরে বিজ্ঞাপন প্রকাশিত হবে। মাদ্রাসার জন্য আলাদা কোনও সার্ভিস কমিশন গঠন করা হবে না। আমরা মাদ্রাসার উপর গুরুত্ব দিতে চাই, সেইজন্য ভিন্ন সার্ভিস কমিশন যদি গঠন করা হয়, তাহলে নিচু মানের বা নিম্নমানের শিক্ষক মাদ্রাসায় যাবে। তাতে মাদ্রাসার মান নিম্নগামী হবে। সেইজন্য আমরা আলাদা সার্ভিস কমিশন গঠন করার বিরোধী। আমরা চাই যোগ্যতর শিক্ষক মাদ্রাসা যাক, যেমন প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকেরা আসবে। সেইজন্য ভিন্ন সার্ভিস কমিশন গঠন করার বিরোধী, যেহেতু মাদ্রাসাকে উন্নত করতে চাই। তারপর এখানে হেড-কোয়ার্টার দূরে বলেছেন। কলেজ সার্ভিস কমিশনের হেড-কোয়ার্টার বিভিন্ন জায়গায় নেই, পাবলিক সার্ভিস কমিশনের হেড-কোয়ার্টার বিভিন্ন জেলায় জেলায় নেই। তবুও আমাদের স্কুল সার্ভিস কমিশন ৪টে জায়গায় আছে, আর একটা জায়গায় আমরা করছি। প্রথম দিকেই এই বিল উপস্থাপিত করার সময়ে আমি বলেছি, আমাদের পরিকল্পনা আছে, শেষ পর্যন্ত প্রতিটি জেলায় সার্ভিস কমিশনের সদর দপ্তর করব যাতে প্রতিটি জেলায় সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিযুক্ত হতে পারে। তারপর, মাননীয় সদস্য সোহরাব সাহেব বলেছেন, ১ বছরের মধ্যেই আবার অ্যামেন্ডমেন্ট আনতে হল কেন? সোহরাব সাহেব, সংবিধান পাশ করিয়েছেন ৪৮ বছর আগে। তারপর ৮৮ বার এই সংবিধান সংশোধন করেছেন—এটা নিশ্চয়ই আপনার মনে রাখা উচিত। যখন সংবিধান পাশ হয় তার ১ বছরের মধ্যেই পণ্ডিত নেহেরুর জীবদ্দশায় সংবিধান সংশোধন আনলেন। এটা নিশ্চয়ই আপনার ভুলে যাবার কথা নয়। আমি ১ বছরের মধ্যেই আনার জন্য যদি আমার দূরদর্শিতার অভাব হয়, তাহলে দূরদর্শিতার অভাব পণ্ডিত নেহেরুর, দূরদর্শিতার অভাব সর্দার

বল্লভ ভাই প্যাটেলের, দূরদর্শিতার অভাব যাঁরা সংবিধান তৈরি করেছিলেন। তাই বলছি, প্রয়োজন হলে পর সংশোধন করতেই হয়, সেইজন্য আমি সংশোধনী এনেছি। এরপর আপনি ৮০ : ১ এর কথা বলেছেন। আমি ৮০ : ১ কেন দিয়েছি—এই বিধানসভায় নতুন করে আর বলতে চাই না। কারণে-অকারণে উপর থেকে আমাদের উপর আইনের যে হুমকি আসে যার দ্বারা বিদ্যালয়ে শিক্ষাক্রম ব্যাহত হয় সেকথা আপনি জানেন। সেইজন্য বিজ্ঞপ্তি জারি করতে হয়েছে। কিন্তু ঐ বিজ্ঞপ্তির মূল্য না দিয়ে ১ হাজার অতিরিক্ত পদ সৃষ্টি করেছি মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে। সেক্ষেত্রে ঐ বিজ্ঞপ্তির ধার আমরা ধারিনি। বিজ্ঞপ্তি কেন প্রকাশ করতে বাধ্য হয়েছি সে কারণ আপনি জানেন। কিন্তু ১ হাজার অতিরিক্ত শূন্য পদ আমরা সৃষ্টি করেছি। আর এখানে প্যানেল টাঙানো হবে। কতকগুলি অসুবিধার জন্য প্যানেল টাঙাই নি। কিন্তু সার্ভিস কমিশনকে বলা হয়েছে, প্যানেল টাঙানো হবে এবং সমস্ত বিষয়ে যারা প্রার্থী তাদের সামনে হাজির করা হবে। সুভাষবাবু প্যানেল প্রকাশ করার কথা বলেছেন। আমি আগেই বললাম সে বিষয়ে আমরা সম্পূর্ণ সচেতন। আমরা কিছু গোপন রাখতে চাই না। নিরপেক্ষভাবে কম্পিউটারের সাহায্য নিয়ে আমরা প্যানেল তৈরি করেছি এবং সেই প্যানেল সময়মতো সাধারণ মানুষের সামনে প্রকাশ করা হবে। আর একজন দার্জিলিং-এর যিনি এম. এল. এ., তিনি বলেছেন, As education upto higher secondary level is being created as a transferred subject, why a separate service commission should not be instituted for the recruitment of teacher of Darjeeling? Yes, you have got some point. But in case of government schools though it is a transferred subject, the teacher of government school is recruited through Public Service Commission. At the same time, the requirement which has been given to the DGHC in the form of transfer subject, the employees required in these institutes are also recruited by the PSC, whose headquarter is at Calcutta. আমি এটাই শুধু বলতে চাই, আমরা সিদ্ধান্ত নিয়েছি যে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে প্রতিভাবান শিক্ষক, শিক্ষিকাদের আমরা নিয়োগ করতে চাই। এখানে যতখানি নিরপেক্ষতা বজায় রাখা সম্ভব সেই নিরপেক্ষতা বজায় রাখতে আমরা বদ্ধপরিকর সেখানে যে প্যানেল তৈরি করা হয়েছে সেই প্যানেল থেকেই এটা বোঝা যাচ্ছে। তবে শিক্ষক আমাদের আশা অনুযায়ী এখনও নিয়োগ করা যাচ্ছে না। আপনারা জানেন যে সরকারি

চাকরিতে নিয়োগ পি. এস. সি.-র মাধ্যমে হয়, পি. এস. সি. নিয়োগ করেন। সরকারি দপ্তরে যে ভেকেন্সি আছে তার ভিত্তিতে পি. এস. সি. বিজ্ঞাপন দেন, তালিকা হয়; প্যানেল হয় এবং সেখান থেকে নিয়োগ করা হয়। স্কুল সার্ভিস কমিশনের ক্ষেত্রে ব্যাপারটা হচ্ছে বিদ্যালয়ের পক্ষ থেকে ভেকেন্সি তালিকা পদ্ধতি অনুসারে আসার পর তবেই সেখানে আমরা নাম পাঠাতে পারি। এখনও পর্যন্ত যে ভেকেন্সি আছে সেই ভেকেন্সির তিন ভাগের এক ভাগ ভেকেন্সির তালিকা বিদ্যালয়ের পক্ষ থেকে পদ্ধতি অনুসারেও আসে নি। একটা বিদ্যালয় থেকে যে ভেকেন্সি তালিকা পাঠাবে সেটা কোন গ্রুপের বলতে হবে। ৫টা গ্রুপের শিক্ষক থাকে বিদ্যালয়ে। গ্রুপ সেটা বিদ্যালয়ই বলতে পারবে। তা ছাড়া গ্রুপও নিয়মিতভাবে পরিবর্তন হয়। একজন শিক্ষক যদি উন্নতমানের কোয়ালিফিকেশন অর্জন করেন তাহলে তার গ্রুপের পরিবর্তন হয়। এই সমস্যার মোকাবিলা কিন্তু পি. এস. সি.-কে করতে হয় না। তার সঙ্গে ১০০ পয়েন্ট রোস্টার আছে। একটা বিদ্যালয় থেকে ভেকেন্সি তালিকা পাঠাবে তার কোনটা সিডিউল কাস্টদের জন্য রিজার্ভর্ড, কোনটা সিডিউল ট্রাইবসদের জন্য রিজার্ভড, কোনটা ও. বি. সি.-দের রিজার্ভড, কোনটা ডেথ-ইন-হারনেস কেসের জন্য রিজার্ভড, কোনটা একজেমটেড ক্যাটাগরির জন্য রিজার্ভড সেটা বিবেচনা করতে হয়। স্কুলের কাছ থেকে এগুলি আসে। সরকারের হাতে এই তথ্য থাকে না। যেহেতু এটা নিয়মিতভাবে পরিবর্তন হয়ে যায় সেইহেতু এই অসুবিধার জন্য আমাদেরও পাঠাতে বিলম্ব হচ্ছে। এই কারণেই স্কুল সার্ভিস কমিশন কলেজ সার্ভিস কমিশন এবং পি. এস. সি.-র থেকে হাজার গুন বেশি জটিল। এই জটিল কাজ আমরা হাতে নিয়েছি। প্রতিভাবান শিক্ষকদের বিদ্যালয়ে নিয়োগ করার উদ্দেশ্যেই আমরা এই সিদ্ধান্ত করেছি। আমি আশা করি যে সকলের সহযোগিতা নিয়ে এ বিষয়ে আমরা সফলকাম হবো। সেইজন্য যে সংশোধনী আনা হয়েছে সেই সংশোধনী লিগ্যাল কারণে, টেকনিক্যাল কারণে গ্রহণ করা আদৌ সম্ভব নয়। এটা আমি গ্রহণ করছি না। আমি আশা করি, যে বিল আমি এনেছি তা সর্বসম্মতভাবে এখানে অনুমোদিত হবে, গৃহীত হবে এবং আপনাদের সকলের সহযোগিতা ও সাহায্য নিয়ে স্কুল সার্ভিস কমিশনের দ্বারা যোগ্য শিক্ষক আমরা পশ্চিমবাংলার বিদ্যালয়গুলিতে নিয়োগ করতে পারব। পশ্চিমবাংলার শিক্ষার মান যতটুকু উন্নত হয়েছে সেটা এর মাধ্যমে উন্নততর হবে—এই আশা রেখে সকলকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কান্তি বিশ্বাস :** এটা আমি গ্রহণ করছি না।

The motion of Shri Kanti Biswas that the West Bengal School Service Commission (Amendment) Bill, 1998, be taken into consideration, was then put and agreed to.

**Clause 1**

**Mr. Deputy Speaker :** There is no amendment to the Clause. The question that Clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 2**

**Mr. Deputy Speaker :** There is one amendment to Clause 2 by Shrimati Shanta Chhetri.

**Shrimati Shanta Chhetri :** Sir, I beg to move that the following proviso be added to 2(b) :

"Provided that so far as the Hill Region is concerned, at least three members of the Region should be nominated by Darjeeling Gorkha Hill Council".

**Mr. Deputy Speaker :** Mr. Kanti Biswas, do you accept the amendment ?

**Shri Kanti Biswas :** I don't accept the amendment. The motion of Shrimati Shanta Chhetri was then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal School Service Commission (Amendment) Bill, 1998, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was adjourned at 4.41 p.m. till 11 a.m. on Friday, the 11th December, 1998 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 11th December, 1998 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, Nil Ministers, Nil Ministers of State and Nil Members.

[11-00 — 11-01 a.m.]

**Mr. Speaker :** No member is present in the House.

The business fixed for to-day will be carried over and taken up on Monday, the 14th December, 1998.

The House stands adjourned till 11.00 a.m. on Monday, the 14th December, 1998.

## Adjournment

The House was adjourned at 11.01 a.m. till Monday the 14th December, 1998 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 14th December, 1998 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 01 Minister of State and 119 Members.

[11-00 — 11-10 a.m.]

**OBITUARY REFERENCE**

**Mr. Speaker :** Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Panchanan Bhattacharji, former member of this Assembly and Ms. Jane Webb a renowned social worker who breathed their last recently.

**Shri Panchanan Bhattacharji** died on the 12th December, 1998 at his residence at North Calcutta after a prolongned illness he was 82.

Born in 1917 in Calcutta he had his education at Maharaja Cossimbazar Polytechnic Institute, Scottish Church College and Calcutta University. By profession he was a writer and journalist. He was once the Editor of 'Daily Loka Bevak'. He authored as many as 18 books on various subjects such as History, Astronomy Psychology, Short-Stories, Poems, fictions, etc. He joined Trade Union movement as an associate of Dr. Suresh Chandra Bandyopadhya and Shri Debesh Sen. He suffered imprisonment for his active participation in the Tram Workers' movement. He was one of the founder member of I.N.T.U.C.

He was elected to the West Bengal Legislative Assembly from Noapara, 24-parganas constituency as a P.S.P. Candidate.

At the demise of Shri Bhattacharji the state has lost a veteran political leader as well as a trade Unionist.

**Ms. Jane Webb** a renowned social worker breathed her last on the 6th December, 1998 in Calcutta. She was 58.

Ms. Webb was born on 23rd July, 1940 in England. She had training in nursing at St. Margarette Hospital in Essex, United Kingdom and she was also proud to be a nurse. She came to India in the year 1973 with the mission to work for the arthopaedically handicapped children from less fortunate homes. She originally started working in Barisha with only one child. The Centre at Barisha, was contemplated by her in the model of JENNY LIND HOSPITAL, a children's clinic at Norwich, where she worked, and was inaugurated in 1974. It has a residential accommodation for 100 children and has been catering all sorts of Medical aids and appliances required for development of natural abilities, pride and confidence of children free of cost. She, with the assistance of a Swiss Organisation (Mibleu) has set up one new centre at Shantiniketan recently.

She was ordained MDE by Queen Elizabeth II at the Buckingham Palace in 1994.

Ms. Webb, who had a profound respect to the cultural heritage of India took the citizenship of India in the year 1995. She will be ever-remembered by the people of West Bengal for her involvement and dedication to work for the disabled of weaker sections.

At the demise of Ms. Webb the country has lost a great social worker and a neverfailing friend of the disabled.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceaseds.

(At this stage the Hon'ble Members rose in their seats for two minutes.)

Thank you ladies and gentlemen.

The secretary will send the message of condolence to the members of the bereaved families.

## STARRED QUESTION
### (to which oral answer was given)

.. (noise) ..

## QUESTION AND ANSWERS

**Mr. Speaker :** Starred Question Nos. 11 to 14, 16 to 19 22, 24 to 29, 31 and 32 are held over.

### কলকাতায় ট্রলি দোতলা বাস চালুকরণ

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় নতুন ট্রলি দোতলা বাস চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা চালু হবে বলে আশা করা যায়?

**শ্রী সুশান্ত ঘোষ :**

(ক) কলকাতায় ইলেকট্রিক ট্রলি বাস চালু করা সম্ভাবনার বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

(খ) এখনই এ ব্যাপারে কিছু বলা সম্ভব নয়।

(তুমুল গোলমাল)

(Several Congress (I) Hon'ble members rose to speak.)

## POINT OF INFORMATION

## (on physical assult on a female Athelete)

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব গুরুতর বিষয় উত্থাপন করা হয়েছে আমাদের পক্ষ থেকে এবং এস.ইউ.সি.-র পক্ষ থেকে। আপনি নিশ্চয়ই জানেন গত পরশু দিন রেড রোডে প্রকাশ্য দিবালোকে একজন মহিলা অ্যাথেলেট দৌড়াচ্ছিল, ফিজিক্যাল এক্সার্সাইজ করছিল, সেই সময় কিছু ইভ টিজার্স গাড়ি করে এসে তাকে ধাক্কা দেয় এবং তার উপর নির্যাতন করে। পুলিশ এটাকে শুধু মাত্র অ্যাক্সিডেন্ট বলে উড়িয়ে দেয়। এখানে পুলিশের কি রকম গাফিলতি দেখুন, তারা অভিযোগ করার পরেও পুলিশ সেটাকে একটা অ্যাক্সিডেন্ট বলে চালিয়ে দিতে চাইছে। এই হচ্ছে পুলিশের অবস্থা বুদ্ধদেববাবুর নেতৃত্বে। তারপর যখন কাগজে বার হলো হৈচৈ হলো তারপর তাদের দিবানিদ্রা ভঙ্গ হলো। তখন দেখা গেল গাড়ি কার, গাড়ির খোঁজ করা হলো। পরবর্তীকালে গাড়ি পাওয়া গেল কিন্তু দোষী ব্যক্তিদের খুঁজে পাওয়া যায় নি। তাড়াতাড়ি করে খোঁজ খবর আরম্ভ না করলে যে দোষী ব্যক্তিদের খুঁজে বার করা যায় না এই যে সাধারণ জ্ঞান সেই জ্ঞান পুলিশ প্রশাসন এবং মন্ত্রী হারিয়ে ফেলেছেন।

তাঁর আণ্ডারে যে সমস্ত পুলিশ কাজ করে তারা সেই জ্ঞান হারিয়ে ফেলেছে। তারফলে আজকে গোটা রাজ্যে এটা শুধু যে কলকাতার ঘটনা তা নয়, গোটা রাজ্যে মহিলাদের উপর যে ভাবে অত্যাচার হচ্ছে, যে ভাবে সাধারণ মানুষের উপরে অত্যাচার হচ্ছে, চুরি, ডাকাতি, রাহাজানি হচ্ছে, ফলে গোটা রাজ্যে চূড়ান্ত ভাবে আইনশৃঙ্খলার অবনতি ঘটেছে। আমি সেজন্য বলব আপনি বুদ্ধদেববাবুকে ডেকে এনে এখানে একটা স্টেটমেন্ট দেবার জন্য বলুন। আপনি আদেশ করুন, বুদ্ধদেববাবু এসে বলুন সেদিন কি হয়েছিল এবং তিনি কি অ্যাকশন নিয়েছেন, সে সম্পর্কে আমাদের কাছে ব্যাখ্যা দিন।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** Mr. Tapas Banerjee, please take your seat. I am on my leg. What is this? (noise and interruptions) Mr. Sinha, We

have decided in an all-party meeting that Question Hour will not be suspended come what may ...(noise)... Let me finish ...(noise)... I have heard the Leader of the Opposition very patiently ...(noise)... Please take your seat. এখন কথা হচ্ছে, আমরা বলেছি যে, আমরা কোশ্চেন আওয়ার কোনওদিন সাসপেন্ড করব না। যদি কোনও কিছু এরমধ্যে আসে, তাহলে উই উইল টেক ইট অ্যাট অ্যান অ্যাপ্রোপ্রিয়েট টাইম বাট লেট দি কোশ্চেন আওয়ার বি ওভার।

(গোলমাল)

[11-10 — 11-20 a.m.]

**শ্রী আবদুল মান্নান ঃ** স্যার, আপনি খুবই গুরুত্বপূর্ণ কথা বলেছেন যে, কোশ্চেন আওয়ার আমরা সাসপেন্ড করে অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেছি। আজকে ২২টি কোশ্চেন রয়েছে। তার মধ্যে ১৭টি কোশ্চেন আপনি হেল্ড ওভার করেছেন। মাত্র ৫টি কোশ্চেন আছে। এমনিতে আপনি সব প্রায় হেল্ড ওভার করে দিয়েছেন। গোটা রাজ্যে আজকে মহিলারা ইভ্ টিজারদের দ্বারা আক্রান্ত হচ্ছে। এখানে মহিলারা বাইরের রাজ্য থেকে এসে আক্রান্ত হয়েছেন। আমাদের লিডার অব দি আপোজিশন হাউসে বলেছেন; আমরা আশা করছি যে স্বরাষ্ট্রমন্ত্রী এখানে এসে বলবেন। বাইরে এই রকম একটা ঘটনা ঘটেছে, এতে লজ্জায় আমাদের মাথা হেঁট হয়ে যাচ্ছে। আজকে যেখানে ২২টি কোশ্চেন ছিল, সেখানে এরমধ্যে ১৭টি কোশ্চেন আপনি হেল্ড ওভার করে দিয়েছেন। আপনি এই রকম গুরুত্বপূর্ণ একটি বিষয়ে আলোচনা করতে দেবেন না। আপনি হাউস অ্যাডর্জন করুন। সংবাদপত্রে বিভিন্ন রকম রিপোর্ট বেরিয়েছে। অ্যাকচুয়ালি কি ঘটেছে তা আমরা জানি না। তাছাড়া বিকৃত খবরও বেরিয়েছে। প্রকৃতপক্ষে কি ঘটেছে তা আমরা জানি না। সেজন্য স্বরাষ্ট্রমন্ত্রী এখানে আসুন এবং তিনি উত্তরটা দিন। তারপর দেখা যাবে কি হবে। আপনি দয়া করে স্বরাষ্ট্রমন্ত্রীকে এখানে আসতে বলুন। অতীতের নজির টেনে আপনি এটা করুন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** হাউসের ডিসিপ্লিন এবং ডেকোরাম সম্পর্কে আপনি যে কথা বলেছেন, আমি তার সঙ্গে একমত। আমরা নর্মালি কোশ্চেন আওয়ার সাসপেন্ড করার পক্ষে নই।

আজকে সত্যিই পশ্চিমবাংলায় যে ঘটনা ঘটছে, কলকাতার বুকের উপর গত ১২ তারিখে যে ঘটনা ঘটেছে, কোনও শুভবুদ্ধিসম্পন্ন লোককে তার বিচলিত না করে পারে না। এরকম একটা অবস্থার মধ্যে, যে ভাবে আজকে মহিলাদের উপর আক্রমণ হল, শুধু মহিলা খেলোয়াড়ের উপরই নয়, কলকাতায় আজকে মহিলাদের অবাধে চলাফেরার প্রশ্নও এসেছে। আজকে কলকাতাকে আপনারা কার হাতে তুলে দিয়েছেন—দুষ্কৃতিদের হাতে, না পুলিশ প্রশাসনের হাতে? পুলিশ প্রশাসনের কুম্ভকর্ণের নিদ্রা ভাঙবে কি? আশ্চর্য এটা যে, এই অভিযোগ করার পরও সংশ্লিস্ট ও.সি. বলতে পারেন এটা নিছক দুর্ঘটনা এবং এটা নতুন কথা নয়, রেগুলার ইভ্‌টিজিং-এর ঘটনা। বারবার বলা হয়েছে, সরকার পক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। কিছুদিন আগে হাওড়া স্টেশনের যাত্রী নিবাসে বাংলাদেশি মহিলাকে ধর্ষণ করা হয়েছিল, তাতে গোটা পশ্চিমবাংলার সম্মান ভুলণ্ঠিত হয়েছিল। আজকে আমরা উদ্বিগ্ন। সেইজন্য আমাদের সিচুয়েশন ডিমাণ্ড, আজকে কোশ্চেন আওয়ার সাসপেন্ড করে পুলিশ মন্ত্রীকে আসতে বলুন এবং আলোচনা করুন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সঠিক ভাবেই উল্লেখ করেছেন যে, আমাদের এই প্রশ্ন উত্তর পর্ব ঠিক মতো হওয়া উচিত ছিল। কিন্তু বিরোধী পক্ষের সদস্যারা সময়টাকে নষ্ট করেছেন। আমরাও বলেছি যে, জাতীয় বাস্কেটবল খেলোয়াড় রেখা চৌধুরীর উপর শনিবার ইভটিজাররা যে আক্রমণ করেছে তার বিরুদ্ধে রাজ্য সরকার তৎপরতার সঙ্গে ব্যবস্থা নিচ্ছেন। এবং ইতিমধ্যেই, মারুতি গাড়ি আটক করা হয়েছে, গাড়ির মালিককে গ্রেপ্তার করা হয়েছে, তার চালককেও খুঁজে বার করা হয়েছে। (গোলমাল)। আমরা স্যার আপনার মাধ্যমে এটাও জানাতে চাই যে, বিরোধী পক্ষের সদস্যদের যে, রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রীর বাড়িতে একদল গিয়ে বিক্ষোভ দেখায়। উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী তার কন্যাকেও বিরক্ত করা হয়েছে। এরা বিশৃঙ্খলাকে প্রশ্রয় দিচ্ছে। আমরা রেখা চৌধুরীর উপর আক্রমণের নিন্দা করছি। পাশাপাশি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর বাড়ি গিয়ে যারা হামলা করেছে (গোলমাল) বিক্ষোভ দেখিয়েছে, তাঁর পরীক্ষার্থী মেয়েকে বিরক্ত করেছে, তাদেরও নিন্দা করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটাও জানাচ্ছি বেশ কিছুদিন ধরেই আমরা লক্ষ্য করছি, গোটা দেশ জুড়ে সাম্প্রদায়িক শক্তি বিভিন্ন দিন ধরে হামলা করছে। বম্বেতে দিলীপ কুমারের বাড়িতে হামলা করেছে, শাবানা আজমির বিরুদ্ধে কুৎসা

করেছে শিব সেনার নেতা বাল থ্যাকারে। এইগুলোর দিকে একটু তাকিয়ে দেখুন। এইগুলোর বিরুদ্ধেও ধিক্কার জানাবার ব্যাপার আছে। এই রাজ্যে কতিপয় ব্যক্তি তারা এখানে বিশৃঙ্খলা করার চেষ্টা করছে। দেশ জুড়ে বি.জে.পি. শিবসেনা হামলা চালাচ্ছে, এইগুলোর আমরা নিন্দা করছি। আর এর বিরুদ্ধে রাজ্য সরকার ব্যবস্থা নিচ্ছেন তৎপরতার সঙ্গে। এটা আমরা নিন্দা করছি, আর স্বরাষ্ট্রমন্ত্রীর বাড়িতে গিয়ে যারা বিক্ষোভ দেখিয়েছেন, তারও নিন্দা করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, পয়েন্ট অফ অর্ডার।

**মিঃ স্পিকার ঃ** হোয়াট পয়েন্ট অব অর্ডার।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই গুরুত্বপূর্ণ বিষয়টি আপনার মাধ্যমে সরকারের কাছে তুলে ধরার চেষ্টা করেছি। পয়েন্ট অব অর্ডার এই যে, স্বরাষ্ট্র মন্ত্রী বুদ্ধদের ভট্টাচার্য্যকে এই সভায় এসে, এই ঘটনা সম্পর্কে সরকার কি করেছে, সেই সম্পর্কে এখানকার কথা তুলে ধরতে হবে। এই জঙ্গলী রাজত্বে . . .

**মিঃ স্পিকার ঃ** নো পয়েন্ট অব অর্ডার।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** স্যার, আমি আপনাকে, এই হাউসকে শুধু এটুকু বলতে পারি যে বিষয় নিয়ে এসব হচ্ছে, সেই বিষয়ে। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী একটু বাদেই এই সভায় আসছেন। হাউস থেকে ডিমান্ড করলেই সঙ্গে সঙ্গে কেউ আসতে পারে না। উনি এখনই আসছেন। সুতরাং হাউসে কোনও গণ্ডগোল করা উচিত নয়, চুপচাপ থাকা উচিত।

(নয়েজ)

(এই সময় কংগ্রেসের মাননীয় সদস্যরা ওয়াক আউট করেন।)

*20 Not called.

*21 Not called.

(At this stage Shri Deba Prasad Sarkar walked out of the Chamber)

*22 Held Over.

| | |
|---|---|
| *23 | Not called. |
| *24-*29 | Held Over. |
| *30 | Not called. |
| *30 & *32 | Held Over. |

## STARRED QUESTIONS
## (to which answers were laid on the Table)

### জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৩) **শ্রী তপন হোড় ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ স্থাপনের কোনও প্রস্তাব বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ প্রস্তাবটি কার্যকর হবে বলে আশা করা যায়?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

### বিদ্যুৎকেন্দ্রগুলিতে কয়লা সরবরাহ

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫) **শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ইস্টার্ন কোল ইণ্ডিয়া লিমিটেড (ই.সি.আই.এল.) কর্তৃপক্ষ বর্তমান রাজ্যের নির্ধারিত বিদ্যুৎকেন্দ্রগুলিতে প্রয়োজনমাফিক কয়লা সরবরাহ করছে না; এবং

(খ) সত্যি হলে, উদ্ভূত পরিস্থিতিকে সামাল দেবার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ইহা সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**'সংখ্যালঘু ঋণ' প্রদানের নীতি**

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৬) **শ্রী সুধীর ভট্টাচার্য্য** ঃ সংখ্যালঘু বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি——

(ক) রাজ্যে সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত বেকারদের 'সংখ্যালঘু ঋণ প্রদানের নিয়ম নীতির কোনও ব্যবস্থা আছে কি না; এবং

(খ) থাকলে, ১৯৯৭-৯৮ সালে কতজন (জেলাভিত্তিক) এই সুযোগ লাভ করেছেন?

**সংখ্যালঘু বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ

(ক) না, 'সংখ্যালঘু ঋণ' এই নামে সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত বেকারদের কোনও ঋণ প্রদানের ব্যবস্থা নেই।

তবে জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের সহযোগিতায় বিজ্ঞাপিত সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের মধ্যে যারা আর্থিক দিক দিয়ে দুর্বল তাদের স্বনিযুক্তি প্রকল্পে ঋণ প্রদানের ব্যবস্থা আছে, এই ঋণ প্রকল্প ও সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের জন্য অন্যান্য প্রকল্প রূপায়নের জন্য ১৯৯৬ সালে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম স্থাপিত হয়েছে।

এই ঋণদান প্রকল্পের আওতাভুক্ত তারাই হবেন—

(১) যাঁরা সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা,

(২) যাদের পরিবারের বার্ষিক আয় অনুর্ধ ২২,০০ (বাইশ হাজার) টাকা এবং

(৩) যাদের সংশ্লিষ্ট প্রকল্পে পূর্ব অভিজ্ঞতা আছে।

প্রকল্পের জন্য প্রয়োজনীয় অর্থের ৮৫ শতাংশ যোগান দেবে জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম, ১০ শতাংশ দেবে রাজ্য সংখ্যালঘু

উন্নয়ন ও বিত্ত নিগম এবং ৫ শতাংশ দেবে উপভোক্তা নিজে। ঋণের অর্থ ৫ (পাঁচ) বছরে পরিশোধযোগ্য এবং সুদের হার ৭ শতাংশ। একজন ঋণ গ্রহীতা এই প্রকল্পে সর্বোচ্চ ১ (এক) লক্ষ টাকা ঋণ পেতে পারেন

(খ) ১৯৯৭-৯৮ সালে এই প্রকল্পের সুযোগ প্রাপ্তদের জেলাভিত্তিক সংখ্যা নিম্নরূপ ঃ—

| জেলা | | উপকৃতের সংখ্যা |
|---|---|---|
| বাঁকুড়া | — | ৬১ |
| বীরভূম | — | ৪৯ |
| বর্ধমান | — | ২০ |
| কলিকাতা | — | ৯২ |
| কোচবিহার | — | ৬ |
| দক্ষিণ দিনাজপুর | — | ১৮ |
| দার্জিলিং | — | ৬ |
| হুগলি | — | ৫৩ |
| হাওড়া | — | ২৯ |
| জলপাইগুড়ি | — | ১০ |
| মালদা | — | ৩৮ |
| মেদিনীপুর | — | ৬২ |
| মুর্শিদাবাদ | — | ২৭ |
| নদীয়া | — | ৩৪ |
| দক্ষিণ ২৪ পরগণা | — | ৪৫ |
| উত্তর ২৪ পরগণা | — | ৭৩ |
| পুরুলিয়া | — | ২৮ |
| উত্তর দিনাজপুর | — | ৩৬ |
| মোট | — | ৬৮৭ |

* Question Nos. 24 to 29 Held over.

## আসানসোল কর্মবিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত কর্মহীনের সংখ্যা

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৯) **শ্রী তাপস ব্যানার্জি :** কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোল কর্মবিনিয়োগ কেন্দ্রে ১৯৯৮ সালের ৩১শে মার্চ পর্যন্ত কতজন কর্মসন্ধানী পুরুষ ও মহিলার নাম নথিভুক্ত হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, বিগত দুই আর্থিক বছরে কতজন পুরুষ ও মহিলা উক্ত কেন্দ্রের মাধ্যমে চাকুরি লাভ করেছেন?

**কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আসানসোল কর্মবিনিয়োগ কেন্দ্রে ১৯৯৮ সালের ৩১শে মার্চ পর্যন্ত নথিভূক্ত পুরুষ ও মহিলা বেকারের সংখ্যা নিম্নরূপ—

পুরুষ : ৫৮,০০১

মহিলা : ১২,০৫১

(খ) বিগত আর্থিক বছরে চাকুরী প্রাপকের সংখ্যা নিম্নরূপ—

| আর্থিক বছর | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|
| ১৯৯৬-৯৭ | ৪৬৫ | ১৫ | ৪৮০ |
| ১৯৯৭-৯৮ | ৯৮ | ৩৯ | ১৩৭ |

* Question Nos. 31 & 32 Held over.

[11-20 — 11-30 a.m.]

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received one Notice of Adjournment motion from Shri Debaprasad Sarkar on the subject of reported assault on Smt. Rekha Chowdhury, National Basketball player near Calcutta Maidan on 12.12.98.

The subject matter of the notice relates to day-to-day matter of the administration and does not call for adjournment of the business of the House.

The Member may invite attention of the Minister concerned through Question, Mention, Calling Attention etc.

I therefore, withheld my consent to the Motion.

The Member may, however, read the text of the Motion as amended.

(Nobody read)

## CALLING ATTENTION (NOTICE)

**Mr. Speaker :** Today I have received three notices of Calling Attention on the following subjects, namely—

| Subject | | Name |
|---|---|---|
| i) Detorioration of law and order situation in Howrah. | : | Shri Ambica Banerjee |
| ii) Alleged irregular distribution of rationing commodities in Howrah District. | : | Shri Ramjanam Manjhi |
| iii) Reported assault on Smt. Rekha Chowdhury, National Basket-Ball player near Calcutta Maidan on 12.12.98. | : | Shri Sultan Ahmed and Shri Saugata Roy |

I have selected the notice of Shri Sultan Ahmed and Shri Saugata Roy on the subject of reported assault on Smt. Rekha Chowdhury, National Basket-Ball player near Calcutta Maidan on 12.12.98.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** স্বরাষ্ট্রমন্ত্রী এক্ষনি হাউসে আসছেন, উনি এই বিষয়টা বলবেন।

**মিঃ স্পিকার ঃ** ব্যস্ত হচ্ছেন কেন, বসুন না। মন্ত্রীকে আসতে দিননা, হি মে মেক স্টেটমেন্ট টু-ডে। বসুন, বসুন।

**শ্রী আবদুল মান্নান ঃ** হাউস আরম্ভ হওয়ার পরে আমরা আপনার কাছে আবেদন করেছিলাম আজকে কোশ্চেন আওয়ার সাসপেন্ড করে এই গুরুত্বপূর্ণ বিষয়টা আমাদের আলোচনার সুযোগ দিন। যে ঘটনাতে আমাদের রাজ্যের সম্মান লুণ্ঠিত হয়েছে, মাথা হেঁট হয়ে গেছে লজ্জায় আমাদের। বাইরের রাজ্যের একটা মেয়ে এখানে অপমানিত হয়েছে, লাঞ্ছিত হয়েছেন। সরকার এখনও কোনও অ্যাকশন নেন নি। এর আগে মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু বললেন যে, বাংলাদেশি একজন মহিলা ধর্ষিতা হয়েছেন। আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের সম্মানহানি হয়েছে। এই রকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে আমরা আবেদন করেছিলাম যে, কোশ্চেন আওয়ার সাসপেন্ড করে অন্তত স্বরাষ্ট্রমন্ত্রী আসা পর্যন্ত হাউস স্থগিত থাক। আপনি আমাদের দাবি রাখেন নি। আমরা ওয়াক আউট করেছিলাম। এখন কোশ্চেন আওয়ার হয়ে গেছে। আমরা অফিসিয়ালি কিছু জানতে পারিনি, কিন্তু আমরা শুনছি যে, আজকে যে কলিং অ্যাটেনশন দেওয়া হয়েছিল, আপনি সেটা অ্যাকসেপ্ট করেছেন। তবে কখন উত্তর দেবেন, তা আমি বুঝতে পারছি না। আমার মনে হয়, স্বাভাবিক কারণেই সদস্যরা উত্তেজিত। যেখানে রাজ্যের মান সম্মান জড়িত, সেক্ষেত্রে স্বরাষ্ট্রমন্ত্রীর উত্তর দেওয়া প্রয়োজন। সভার সদস্যরা যেভাবে উত্তেজিত হয়ে আছেন, তাতে এই অবস্থায় মেনশন করলে যে ঘটনা ঘটবে, তাতে সভাকে শান্ত রাখা যাবে না। আমরা আন অফিসিয়ালি খবর শুনছি যে, স্বরাষ্ট্রমন্ত্রী আসবেন বলছেন। তিনি যতক্ষণ না আসবেন, সেই সময় পর্যন্ত হাউস অ্যাডজর্ন রাখুন। এরপরেও যদি এইরকম আর একটা ঘটনা ঘটে সেটা খুবই অপমানকর হবে। আজকে মাননীয় সদস্য রবীনবাবু মন্ত্রীসভার পক্ষ থেকে বক্তব্য রাখার সুযোগ পান কিভাবে। এই ব্যাপারে উনি যদি বলেন, তাহলে মুশকিল। এই ব্যাপারে যদি মন্ত্রীসভার কোনও সদস্য বলতেন তাহলে আমরা মানতাম। কিন্তু উনি কবে থেকে এটা অ্যাকসেপ্ট করলেন।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** স্যার, কলকাতার পাশে হাওড়া জেলা, সেখানেও একই ঘটনা ঘটেছে। দুটো ছাত্রের হত্যাকে কেন্দ্র করে গত সপ্তাহে সাধারণ মানুষ সব ধর্ম নির্বিশেষে হাওড়া কোর্টে এসে উকিলদের সঙ্গে দেখা করেছিল। এই ব্যাপারে আমরা পুলিশকেও জানিয়ে ছিলাম। সেখানে আমরা ছিলাম এবং বাড়ির গৃহবধুরাও ছিল। স্যার, পুলিশ বলছে যে, আমরা নাকি ওখানে আসামীকে বের করে নিয়ে যাবার জন্য এসেছিলাম। সেখানে তারা গৃহবধূদের উপর লাঠি চার্জ করেছে। আমাদের উপর লাঠি চার্জ করেছে, আমরা কিছু বলছি না, কিন্তু গৃহবধূদের উপর পুলিশ কি করে লাঠি চার্জ করল? এই নপুংশক পুলিশ কি করে হল? এদের বিরুদ্ধে কে প্রতিবাদ জানাবে? এদের বিরুদ্ধে কে ব্যবস্থা নেবে? আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছ থেকে পুলিশের রিপোর্ট চাই না। উনি ইনডিপেনডেন্টলি কি দেন, সেটাই চাইছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আজকে নজিরবিহীন অবস্থার মধ্যে হাউসে আমরা আলোচনা করছি। আমরা আবেদন করেছিলাম যে, কোশ্চেন আওয়ার সাসপেন্ড করে এই হাউসে আলোচনার ব্যবস্থা করুন এবং পুলিশমন্ত্রীকে আসতে বলুন। আমরা তাঁর কাছে জানতে চাই যে, কলকাতা আজ কাদের হাতে—ইভ টিজারদের হাতে, দুর্বৃত্তদের হাতে, না সাধারণ মানুষের হাতে আছে? কলকাতায় যে ঘটনা ঘটছে, তাতে আমরা উদ্বিগ্ন। গত ১২ তারিখে যে ঘটনা ঘটেছে তা নতুন নয়, আশ্চর্য্যের বিষয় নয়। এই ঘটনা নতুন নয়। রেড রোডের ধারে প্রতিদিনই ইভ টিজিং এর ঘটনা ঘটছে। পুলিশের সঙ্গে—অফিসিয়ালি পুলিশের কর্তারা যুক্ত রয়েছেন বিষয়টা তাদের নজরে আসে না। ইভটিজিং এর জন্য মহিলা খেলোয়াড়দের অনুশীলনের কাজ ব্যাহত হচ্ছে। ৩০ ঘন্টা পরে যখন খবরটা কাগজে আসল এবং মন্ত্রীর নজরে এল তখন ধরবার চেষ্টা করা হচ্ছে, উদ্যোগ নেওয়া হচ্ছে। পুলিশ প্রাথমিক অবস্থায়, থানা ও.সি-র বক্তব্য ছিল যে এটা একটা পথ দুর্ঘটনা এবং এখনও পর্যন্ত আসামী ধরা পড়ে নি। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই হাওড়াতেও বাংলাদেশের মহিলা ধর্ষিত হল। এইভাবেই চলবে? ইভ-টিজিং বন্ধ করার জন্য সরকার কি পদক্ষেপ নিয়েছেন? রেড রোডের যারা আসামী তাদের ধরার জন্য সরকার কতদূর এগিয়েছেন?

[11-30 — 11-40 a.m.]

## CALLING ATTENTION (STATEMENT)

**মিঃ স্পিকার ঃ** আজকে একটা কলিং অ্যাটেনশন এসেছে ন্যাশনাল বাস্কেটবল প্লেয়ার শ্রীমতী রেখা চৌধুরীকে নিয়ে। আপনি আসার আগে আলোচনাও হয়েছে। আমি অ্যাডমিট করেছি। আপনি কিছু বলবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় স্পিকার মহাশয়, এখানে যে আলোচনা হচ্ছে, বিরোধীদলের সদস্যরা যে ক্ষোভ এবং উদ্বেগ প্রকাশ করেছেন আমি সেই ক্ষোভ এবং উদ্বেগের ভাগ নিতে চাই। শ্রীমতী রেখা চৌধুরী একজন নামকরা বাস্কেটবল খেলোয়াড়। তিনি যখন ময়দানে খেলার জন্য ছুটছিলেন, শরীর ঠিক করছিলেন সেই সময়ে যে ঘটনা ঘটেছে, ঘটনাটা মারাত্মক। মারুতি গাড়িটা গিয়ে অসভ্যতা করে এবং তাঁকে ধাক্কা মারার চেষ্টা করে। পুলিশ কমিশনারের সঙ্গে আমার নিজের কথা হয়েছে। আমি পুলিশ কমিশনারকে বলি যে আপনি একজন সিনিয়র অফিসারকে পাঠান। ওর ভার্সান অনুযায়ী মামলা হবে। আই উইটনেসের কাছ থেকে যে গাড়িটা পাওয়া গেছে তাকে যথাসম্ভব ধরার চেষ্টা করুন। উনি খবর দেন যে গাড়িটা আমরা পেয়েছি, লোকেট করেছি। আর একটা কথা বলি একজন অ্যাসিসট্যান্ট কমিশনার হাসপাতালে গিয়ে শ্রীমতী রেখা চৌধুরীর বিবৃতি নেন। তিনি বিবৃতিতে বলেছেন যে ওরা আমার সামনে এসে খারাপ কথা বলছিল, আমি সব কথা বুঝতে পারি নি। তারপর ওরা ধাক্কা মারল আমার কিছু করার ছিল না। একটা কথা ঠিক যে অপরাধীরা নিশ্চিতই অপরাধ করছিল। এটা একটা দিক। আরেকটা দিক হচ্ছে যে গাড়িটা গ্রেপ্তার করে আনা হয়েছে। গাড়ির মালিক রবীন রায়চৌধুরী এবং ড্রাইভার শঙ্কর দে। দু'জনকেই গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু একটা গণ্ডগোল হয়েছে। পুলিশ গতকাল থেকেই মামলা দিয়েছে অ্যাটেম্পট টু মার্ডার কিন্তু গতকাল থেকে আজ পর্যন্ত ইন্টারোগেট করে বুঝতে পারছেন কোথায় একটা গণ্ডগোল হচ্ছে। হয় গাড়ির নাম্বারের গণ্ডগোল আছে, নয় অন্য গাড়ি কি গাড়ির নেমপ্লেট পাল্টানো হয়েছে। এই গাড়ির হদিশ জানিয়েছে আই উইটনেস। (ভয়েস—কিন্তু পুলিশ তো বলছে যে, এটা পথ দুর্ঘটনা) কেউ যদি বলেন একথা, তাহলে ভুল করেছেন।

অম্বিকাবাবু, আমি ওই মহিলার বিবৃতির উপর এগোতে চাইছি, আমি পুলিশের বক্তব্য শুনতে চাই না। আমি শুধু এটা বলছি আসল কথা হচ্ছে যারা অপরাধ করেছে তাদের টেনে বের করা। আমি সব শেষে এটা বলতে চাই মাননীয় সদস্যরা যে উদ্বেগ দেখাচ্ছেন, আমি আপ্রাণ চেষ্টা করছি, কিন্তু শুধু এটা বলছি যে কলকাতায় এটা একটা লজ্জাজনক ঘটনা, কিন্তু এটাই কলকাতার একমাত্র ঘটনা নয়। কলকাতায় এই ঘটনা ঘটা সত্ত্বেও পুলিশ এবং নাগরিক তাদের সম্পর্কে সামগ্রিক ভাবে নেতিবাচক কথা বলবেন না।

(নয়েজ)

**Mr. Speaker :** He has replied. Member has right to ask question. Mr. Banerjee, don't go beyond procedure, take your seat. Mr. Roy, put your question.

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, অম্বিকাবাবু একজন সিনিয়র মেম্বার, তিনি হাওড়ার একটা ঘটনার কথা বলছিলেন, তাই উনি যখন বলছিলেন তখন আমি তার মধ্যে আমার কোশ্চেন করতে চাই নি। বুদ্ধদেববাবু হাওড়ার ব্যাপারে যেখানে দু'জন খুন হলো এবং পুলিশ মহিলাদের উপর লাঠি চার্জ করলো উনি বলতে পারতেন যে এ ব্যাপারে পরে বলব।

(ভয়েজ—আমাকে একটু বলতে দিন, শ্রী অম্বিকা ব্যানার্জি)

**মিঃ স্পিকার ঃ** আমি কি রুল বই ছেড়ে দেব? হাউজে একটা প্রসিডিওর আছে মন্ত্রীর বিবৃতির পরে একজন মেম্বার কোশ্চেন করবেন। মিঃ সৌগত রায় আপনি বলুন।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী আমাদের দৃষ্টি আকর্ষনী প্রস্তাবে যা বললেন আমরা শুনলাম, কিন্তু এই জবাবে সন্তুষ্ট হতে পারলাম না, তার কারন এটা পরিস্কার এই ব্যাপারে পুলিশের নেগলিজেন্স অব ডিউটি হয়েছে। ঘটনা ঘটে গেছে, ঘটনা ঘটবার ৩০ ঘন্টা পরে পুলিশ বলছে ইট ইজ এ কেস অব অটোমোবাইল অ্যাকসিডেন্ট। পরে যখন এই নিয়ে খবরের কাগজে বেরলো, হৈচৈ শুরু হলো তখন পুলিশ বলছে নো, ইট ইজ এ কেস অব ইভটিজিং। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে স্পেসিফিক ভাবে জানতে চাই হেস্টিংস থানার ও.সি.এ ব্যাপারে দায়ী। খবর পাওয়ার পর উনি বিবৃতি দিচ্ছেন যে আমাদের কাছে ইভটিজিংয়ের খবর নেই। এটা অ্যাকসিডেন্ট। পুলিশের এই সিয়ার নেগলেক্ট, এই ঘটনার পরিপ্রেক্ষিতে আমি মন্ত্রীর কাছে জানতে চাই যে পুলিশ অফিসারের এ ব্যাপারে ক্রিমিনাল নেগলিজেন্স অব ডিউটি ইনক্লুডিং ও.সি. অব দি হেস্টিংস পুলিশ স্টেশন তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছেন এবং রেড রোডে যে মহিলারা খেলাধূলা করার জন্য যান, তাদের ক্ষেত্রে যে ইভটিজিং হচ্ছে সেটা বন্ধ করার জন্য মন্ত্রী কোনও ব্যবস্থা নিচ্ছেন? যদি ব্যবস্থা না নেন তাহলে মন্ত্রীর বাড়ির সামনে ডেমোনস্ট্রেশন হলে মন্ত্রী রাগ করলে চলবে না। মানুষ তাদের ক্ষোভ কোথায় জানাবে? রাইটার্সে তো ঢুকতে পারছে না। ওঁর বাড়ির সামনে সুযোগ পেয়েছে মহিলারা গিয়ে ডেমোনেস্ট্রেশন

করেছে। আজকে পুলিশের বিবৃতির জন্য কলকাতার সম্মান চলে যাচ্ছে। হাওড়ার যাত্রী নিবাসে মহিলা ধর্ষিত হচ্ছে। আবার রেড রোডে এই রকম একটা ঘটনা ঘটলো। আজকে তাই মাননীয় মন্ত্রীর কাছে আমার দুটো প্রশ্ন, যে পুলিশ অফিসাররা ক্রিমিন্যাল নেগলিজেন্স দেখিয়েছে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন? আর, রেড রোডে যাতে আগামী দিনে ইভটিজিং না হয়, তার জন্য কি ব্যবস্থা নিয়েছেন?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** উনি প্রথমে যে প্রশ্ন করেছেন তার উত্তরে বলি, প্রাথমিকভাবে অভিযোগকারিনী বা প্রত্যক্ষদর্শীরা লিখিত ভাবে যে বক্তব্য পুলিশকে বলেছেন সেই কথাই শুনতে হয়েছে। প্রথম অভিযোগের ক্ষেত্রে এইসব প্রশ্ন আসেনি, অভিযোগকারিণী করে নি এবং আই-উইটনেসরাও করে নি। আমি বলার পর যে, 'আপনি একজন সিনিয়র অফিসারকে পাঠান, ওনার কাছ থেকে শুনুন কি ঘটেছিল'। উনি যা লিখে দিয়েছেন তাতেও তিনি বলছেন, 'চেঁচিয়ে চেঁচিয়ে কিছু বলছিল, কিন্তু কি বলছিল আমি বুঝতে পারি নি।' এখনও তাই বলছেন। আমি ধরে নিচ্ছি, গাড়ি দাঁড় করিয়ে মহিলাকে কিছু বলেছে এবং বদমায়েশি করেছে। কিন্তু প্রাথমিক ভাবে যদি প্রত্যক্ষদর্শীরা, অভিযোগকারিনী এই অভিযোগ না করে তাহলে পুলিশ নিজের থেকে কি করে বলে? এটা হল এক। দ্বিতীয়ত এই প্রশ্ন ওঠে না। কেননা, আমি ওনার বিবৃতি নেওয়ার পর পুলিশকে বলেছি ইভটিজিং পাবলিক ন্যুইসেন্স অ্যাটেম্পট টু মার্ডার—সব মিলিয়ে কেস দিন। এটা বলার পর এই অভিযোগ থাকে না। আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তরে বলি, রেড রোডের দু-পাশ ধরে . . . (গোলমাল) . . . এই বালককে নিয়ে মহামুশকিল।

সৌগতবাবুর আরেকটা প্রশ্নের উত্তরে বলি, এটা ঠিম২ য় ҫ, রেড রোডের দুপাশ ধরে যাতায়াতের সময় আমিও দেখেছি ওখানে ছেলে-মেয়েরা ছোটে, বেশির ভাগই খেলোয়াড়। আমি পুলিশ কমিশনার, বাজপেয়িকে জিজ্ঞাসা করেছি যে এটা কি, ওখানে ইভটিজিং নিয়মিত হয়? বললেন, 'আমাদের কাছে নিয়মিত হওয়ার খবর নেই। কিন্তু যেখানে হয় সেখানে সাধারণ ভাবে যে ব্যবস্থা নেওয়ার তা নেওয়া হয়। উক্ত এলাকাটা তার মধ্যে পড়ে না, ইভটিজিং এলাকার মধ্যে পড়ে না।' কিন্তু তা সত্ত্বেও আমি বলেছি, আগামীদিনে ওখানে কড়া ব্যবস্থা নিতে। এই হচ্ছে দুই। কিন্তু আমি সৌগতবাবুকে একটা কথা বলছি, আপনি অনেক কথা বলার ফাঁকে একটা কথা বললেন, এটা ঠিক বললেন না।

**শ্রী সৌগত রায় :** আপনি রেগে গেছেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** না, না, রেগে যাইনি। রেগে গেলে আমি অন্য জিনিস করতাম। আমি শুধু মাননীয় সৌগতবাবুকে বলছি, আমার অনুপস্থিতিতে আমার বাড়ির পরিবারকে বিরক্ত করার অধিকার কি কারো আছে? আমার মেয়ের আজকে পরীক্ষা। কালকে দেড় ঘন্টা পড়তে পারেনি। আজকে এই জিনিস কারো বাড়িতে গিয়ে করা, পশ্চিমবাংলার রাজনীতিতে এটা কখনও হয় নি। সৌগতবাবু আপনার বাড়িতে গিয়ে করলে আপনারও ভালো লাগতো না।

(গোলমাল)

## LAYING OF REPORT

### Report of the All Party Delegation of the West Bengal Legislative Assembly to Delhi.

**Shri Probodh Chandra Sinha :** Sir, I beg to lay the Report of the All Party Delegation of West Bengal Legislative Assembly to Delhi on some important issues of the State pursuant to a resolution adopted in the House on July 6, 1998.

### Annual Accounts of the North Bengal State Transport Corporation, 1991-92

**Shri Susanta Ghosh :** Sir, with your permission I beg to lay the Annual Accounts of the North Bengal State Transport Corporation along with the Audit Reports and Audit Certificate thereon for the year 1991-92.

### Annual Report of the West Bengal Power Development Corporation Ltd., 1997-98

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to lay the Annual Report of the West Bengal Power Development Corporation Ltd. for the year 1997-98.

## MENTION CASES

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১১ তারিখে দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে বন্ধ ছিল। কানোরিয়া জুট মিল যেখানে ৪ হাজার শ্রমিক কর্মচারী কাজ করেন সেই জুট মিলের মালিক পাসোরিয়া হঠাৎ ঐ বন্ধের দিন রাতের অন্ধকারে ঐ জুট মিলে লক-আউটের নোটিস ঝুলিয়ে দিয়েছে। তার পরের দিন অর্থাৎ ১২ তারিখ সকালবেলা শ্রমিক কর্মচারীরা এসে দেখে যে ঐ জুট মিলে লক-আউটের নোটিস ঝুলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় এর ফলে ১০-১২ হাজার মানুষ অনাহারে দিন যাপন করছে। ঐ কর্মচারিদের পাওনা টাকা, পি.এফের টাকা ই.এস.আইয়ের টাকা কানোরিয়া জুট মিলের মালিক তাদেরকে দেয় নি। কানোরিয়া জুট মিলের মালিক বে-আইনি ভাবে লক্-আউট করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি শ্রম-দপ্তরের কাছে অনুরোধ করছি যে, অবিলম্বে কানোরিয়া জুট মিলের মালিক পাসোরিয়াকে শ্রমিকদের স্বার্থে গ্রেপ্তার করা হোক।

**শ্রী সাধন পান্ডে ঃ** স্যার, আপনি দায়িত্বে আছেন। অনুরোধ করেছিলেন মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে আরেকটু থাকার জন্য। যে ঘটনাগুলো ঘটছে তার একটা শোচনীয় পরিণাম এই রাজ্যে হবে। আজকে সকালবেলা এই কলকাতাতে ৩ জনকে গুলি করে মারা হয়েছে। তাদেরকে একসট্রিমিস্ট বলা হয়েছে। আমার আশ্চর্য্য লাগছে যে স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর সিনেমা, যাত্রা এসব নিয়ে চলেছেন। কিন্তু তাঁর এই দপ্তর সম্বন্ধে কতটা চিন্তা আছে সেটা মাঝে মাঝে মুখ্যমন্ত্রী স্মরণ করিয়ে দিচ্ছেন। বড়বাজারে গিয়ে মুখ্যমন্ত্রী বললেন চুরি, ডাকাতি বাড়ছে। আর পুলিশ কমিশনার বলেছেন, 'জানিনা'। মন্ত্রীর মুখ চুপ। মুখ্যমন্ত্রী বলছেন আই.এস.আই. এজেন্ট ঘুরছে। কলকাতাতে ৩ জনকে গুলি করে মেরে তাদেরকে পি.জি. হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

মন্ত্রী চুপ করে আছেন। তিনি বললেন রাইটার্সে এটা নিয়ে মিটিং করব। দিনে দিনে এখানে মহিলাদের উপর আক্রমণ বাড়ছে। থানায় থানায় মন্ত্রী কমিটি করে দিয়েছেন। সেই কমিটিতে এল.সি. লোকদের নেওয়া হয়েছে। এই কমিটি করে মন্ত্রী বলেছিলেন আইনশৃঙ্খলা ভাল হবে। ওনাকে ডেকে পাঠিয়ে ভাল করে বলুন।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী, অর্থমন্ত্রী সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় ভাঙনের ফলে ভয়াবহ

অবস্থার সৃষ্টি হয়েছে। এখানকার ১১টি ব্লকে এই সমস্যা দেখা দিয়েছে। জলঙ্গী থানার মধ্যে সরকার পাড়া গ্রাম, বিশ্বাসপাড়া গ্রামগুলো বন্যায় অর্ধেক ভেঙেছে আর বাকি অর্ধেকটা কয়েকদিনের মধ্যে পদ্মার গর্ভে চলে যাবে। এব্যাপারে এখানকার গ্রামবাসীরা দলমত-নির্বিশেষে আন্দোলনের পথে নামছে। তারা আগামীকাল সকালে ব্লক অফিসে অবস্থান করবে।

পরেদিন ডি.এম. অফিসে ৫/৬টি গ্রামের সমস্ত মানুষ ধর্না দেবেন এবং তারা সিদ্ধান্ত নিয়েছেন আমরণ বসা হবে যতক্ষন পর্যন্ত বিকল্প ব্যবস্থা না হয়, যতক্ষণ পর্যন্ত ভাঙনের প্রতিরোধ ব্যবস্থা রাজ্য সরকারের পক্ষ থেকে না করা হয় ততক্ষণ পর্যন্ত তারা এই দাবি থেকে সরে আসবে না। তাই এই ভয়াবহ অবস্থার মধ্যে ওখানকার মানুষরা যেতে বাধ্য হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্যণ করতে চাই, অবিলম্বে এইসব মানুষদের বাঁচানোর স্বার্থে, ভাঙন প্রতিরোধের স্বার্থে অর্থ বরাদ্দ করা হোক এবং কেন্দ্রীয় সরকার যাতে এই দায়িত্ব পালন করতে বাধ্য হয় তারজন্য বার বার রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি তোলা হোক যাতে ৫/৬টি গ্রামের—সরকার পাড়া, বিদুপুর মধুবনা, দুল্লাভের পাড়া এবং বিশ্বাসপাড়া—এই সমস্ত পাড়ার মানুষগুলি ভাঙনের হাত থেকে রক্ষা পায়। এই সমস্ত এলাকার মানুযরা ভয়ে ভীত হয়ে ব্লকের সামনে জড়ো হয়েছে। তাদের এই প্রতিরোধের দাবীতে সহমত পোযন করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক এই দাবী আমি আপনার মাধ্যমে রাখছি এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্যন করছি।

[11-50 — 12-00 Noon.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১১ই ডিসেম্বর তথাকথিত বামপন্থী রাজনৈতিক দল ভারত বন্ধ ডেকে দিল। এর ফলে সর্বত্র সেদিন এই বন্ধের মাধ্যমে গোটা পশ্চিমবাংলাকে অচল করে রেখেছিল। ঐদিন রাইটার্স বিলডিংস্-এর ৩ জন মন্ত্রী হাজির হয়েছিলেন। স্বয়ং মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী হাজির হয়েছিলেন। পশ্চিমবাংলার মানুষকে সেদিন কাজ থেকে দূরে সরিয়ে রেখেছিলেন বন্ধ ডাকার মাধ্যমে। দৈনিক মজুরেরা যাতে দৈনিক মজুরি না পায় তার ব্যবস্থা করেছিলেন। দিন আনা, দিন খাওয়া মানুষদের কর্ম-দক্ষতা সেদিন স্তব্ধ করে দিয়ে রাইটার্স বিল্ডিংস-এ ৩ জন মন্ত্রী হাজির হয়েছিলেন। ঐ ৩ মন্ত্রীর উপস্থিত থাকাকালীন সেদিন রাইটার্স বিলডিংস্-এ একটি ঘরের ফাইল জ্বালিয়ে দেওয়া হল। মাননীয়

অর্থমন্ত্রী সেদিন আগুন নেভাবার চেষ্টা করেছিলেন। কিন্তু ঐ আগুন লাগার জন্য কোনও তদন্ত কমিটি হল না। যেদিন রাইটার্স বিলডিংস-এ কোনও কর্মচারীরা উপস্থিত নেই, কোনও আমলা উপস্থিত নেই, সেদিন ৩ জন মন্ত্রীর উপস্থিতিতে কেন, কিভাবে, কার উদ্দেশ্যে এবং কার হাতে কতকগুলি ইমপ্টার্ন্ট ফাইল জ্বালিয়ে দেওয়া হল? আমাদের কাছে খবর আছে, এটা একটা বিরাট চক্রান্ত এবং অনেকগুলি গুরুত্বপূর্ণ ফাইল ইচ্ছা করে জ্বালিয়ে দেওয়া হয়েছে। কারণ, কর্মচারীরা থাকবে না, আমলারা থাকবে না, দর্শকেরা রাইটার্স বিলডিংস-এ আসবেন না, রাইটার্স বিল্ডিংস্ ফাঁকা থাকবে—এই ফাঁকার সুযোগ নিয়েই এই সমস্ত জরুরি দলিল দস্তাবেজ জ্বালিয়ে দেওয়া হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করি মাননীয় মুখ্যমন্ত্রীকে অবিলম্বে তদন্ত কমিটি করে আগুন লাগার কারণ খুঁজে বের করুন, কারণ গুরুত্বপূর্ণ ফাইল জ্বলে গেছে এবং এই সম্পর্কে এই হাউসকে ইমিডিয়েট ওয়াকিবহাল করুন।

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলায় গত ২৫ অক্টোবর এবং ৩১ অক্টোবর দুটি জায়গায় একটি বেড়াবেড়িতে এবং আর একটি বলপাইতে তৃণমূলের তাণ্ডব লক্ষ্য করলাম। ২৫ অক্টোবর তৃণমূলের নেত্রী, শ্রীমতী মমতা ব্যানার্জী বেড়াবেড়িতে গিয়ে নাটক শুরু করলেন। ঐদিন আমাদের বেড়াবেড়িতে ছাত্র-যুব সম্মেলন হচ্ছিল। ১৫ জন মহিলা সমেত সর্বমোট ১২৫ জন ডেলিগেট নিয়ে যুব সম্মেলন হচ্ছিলো। আঞ্চলিক পর্যায়ে যুব সম্মেলন করছিল। সেই সম্মেলনে অতর্কিতে তৃণমূলের গুণ্ডারা আক্রমণ করলেন। এর ফলে ৬ জনকে হাসপাতালে ভর্তি করতে হল এবং ১ জন মহিলাকে তলপেট থেকে শুরু করে একেবারে পা অবধি যেভাবে ওরা মারলো তা ভাবা যায় না। কলেজে পড়া একজন ১৮ বছর বয়সী যুবতীকে শ্লীলতাহানি করলেন তৃণমূলের গুণ্ডারা। দেখা গেল, একজন ৬৫ বছরের বৃদ্ধা, তার পাড়ায় ঘটনা হচ্ছে, সে যখন বলতে গেল যে কি হচ্ছে তখন তাকেও রেহাই দেওয়া হল না। একজন ৭০ বছরের বৃদ্ধা, তাকেও ওরা রেহাই দেয় নি। এইভাবে তৃণমূল কংগ্রেসের লোকরা সেখানে অত্যাচার চালিয়েছে। তারপর স্যার, বলপাই গ্রামে আমরা দেখলাম ঐ তৃণমূল কংগ্রেসের লোকরা একটা লাইব্রেরি পুড়িয়ে দিল এবং সেখানে ৫ হাজার বই সম্পূর্ণভাবে পুড়ে গেল। সেখানে গোটা একটা বাজার তারা ধ্বংস করে দিল। প্রায় দু'দিন ধরে সেই লাইব্রেরিটি পুড়তে থাকলো। ডি.এম. হস্তক্ষেপ করার পর সেটা বন্ধ হল। স্যার, এইভাবে যারা তান্ডব চালিয়েছে তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুলতান আহমেদ ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় আমার এলাকার তার প্রতি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকাতে একটি মাত্র কারখানা—অনন্তপুর টেকসটাইল লিমিটেড গত ১৪ই আগস্ট থেকে বন্ধ। কারখানাটির মালিক শ্রমিকদের কোনও কিছু না জানিয়ে, নোটিস না দিয়ে, সরকারি নিয়মনীতির তোয়াক্কা না করে হঠাৎ কারখানাটি বন্ধ করে দিয়েছেন। এর ফলে প্রায় দু হাজার শ্রমিক পরিবার ডাইরেক্টলি এবং ইনডাইরেক্টলি বহু ফ্যামিলি রাস্তায় বসেছে। তাদের কোনও রকম পি.এফ. লোন পর্যন্ত দেওয়া হচ্ছে না। অবিলম্বে এই কারখানাটি খোলানোর ব্যবস্থা করার জন্য মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুজন চক্রবর্তী ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, তমলুক একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মহকুমা। অদূরে ভবিষ্যতে এটি জেলা হবে বলেই সকলের আশা। সেখানে জুলাই মাসে, এ.ডি.এম. বদলি হয়ে গিয়েছেন, সেপ্টেম্বরে এস.ডি.ও. বদলি হয়েছেন, এস.ডি.পি.ও. বদলি হয়ে গিয়েছেন। তারা সকলে চার্জ দিয়ে চলে গিয়েছেন। এই অবস্থায় পদগুলি চার্জ দিয়ে চলছে। মেদিনীপুরের এ.ডি.এম. তমলুকের অতিরিক্ত জেলাশাসকের দায়িত্বে আছেন। সপ্তাহে একদিন তাকে পাওয়া যায়। এর ফলে সাধারণ মানুষ কাজে গিয়ে বিফল মনোরথ হয়ে ফিরে আসেন। স্থায়ী ভাবে সেখানে অতিরক্তি জেলা শাসক না থাকায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে বিলম্ব হচ্ছে। তারপর আসামীদের কোর্টে এনেও ম্যাজিস্ট্রেটের অভাবে তাদের ফেরত পাঠাতে হচ্ছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে তাই আবেদন, তমলুকের যে পদগুলি খালি আছে অবিলম্বে সেখানে স্থায়ী ভাবে লোক পাঠানো হোক। সেখানে স্থায়ীভাবে অতিরিক্ত জেলাশাসক, মহকুমাশাসক, এস.ডি.পি.ও. পাঠানো হোক।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা এবং পশ্চিমবঙ্গের ল' অ্যাণ্ড অর্ডার ভেঙ্গে পড়েছে। এর আগেও আমরা দেখেছি যে পাঞ্জাব থেকে পুলিশ এসে এখানে টেরোরিস্টদের গুলি করে মেরেছে। গত কয়েক মাস ধরে

কলকাতা শহরে কিডন্যাপিং-এর কেস হচ্ছে। ৯ ঘন্টা আগে আজকে সকাল ৬টার সময় পার্ক স্ট্রিটের উপর উত্তরপ্রদেশের পুলিশ তাদের একজন ডি.এস.পি.-র নেতৃত্বে একটি টেরোরিস্ট গ্রুপ অ্যাটাক করে। আর কলকাতা পুলিশ ঘুমিয়ে ছিল। সেখানে তিনজন টেরোরিস্ট মারা যায়। এখানে এখন স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রী নেই। এটা লজ্জার কথা। উনি থাকলে আমি জিজ্ঞাসা করতাম যে ওনার পুলিশ কি করছিল? উত্তরপ্রদেশ থেকে পুলিশ এসে ক্রিমিন্যালদের টেরোরিস্টদের অ্যাটাক করছে, এ.কে. ফর্টিসেভেন রাইফেল থেকে গুলি চলছে পার্ক স্ট্রিটের বুকের উপর, তিনজন টেরোরিস্টকে উত্তবপ্রদেশের পুলিশ মেরেছে অথচ সেখানে কলকাতা পুলিশের একজন কনস্টোবলকেও পাওয়া যায় নি। আমার কাছে খবর আছে যে তিন দিন থেকে উত্তরপ্রদেশের পুলিশ কলকাতা শহরে বসে আছে। তারা লালবাজারে গিয়েছিল বলতে যে আমাদের সাহায্য করুন এখানে একটা কিডন্যাপিং হতে পারে, উত্তরপ্রদেশ থেকে টেরোরিস্টরা এসেছে অথচ লালবাজার থেকে কোনও সাহায্য তারা পায় নি। এটা লজ্জার বিষয় যে কলকাতা শহরে পশ্চিমবঙ্গে পাঞ্জাব, ইউ.পি., দিল্লি থেকে টেরোরিস্টরা এসে থাকছে। কলকাতা শহরকে তারা হেভেন ভেবে এখানে এসে অ্যাটাক করছে। আর দিল্লিতে লালকৃষ্ণ আডবানি সাহেব বসে আছেন, আর বুদ্ধদেববাবু, কলকাতায় বসে বলছেন যে দিল্লিতে এবং বোম্বে আইন-শৃঙ্খলা ভেঙ্গে পড়েছে। কিন্তু কলকাতায় আমরা দেখছি যে খুবই আনসেফ। আমার এলাকা থেকে হাফ কিলো মিটারের মধ্যে এই ঘটনা ঘটেছে। আমি সকাল বেলায় আপনাকে ফোন করেছিলাম। এটা একটা সিরিয়াস ব্যাপার। আপনি তখন বাথরুমে ছিলেন, আপনার সঙ্গে কথা বলা যায়নি। এখানে বুদ্ধদেববাবু থাকলে তাকে জিজ্ঞাসা করতাম। উত্তরপ্রদেশ থেকে পুলিশ এসে টেরোরিস্টদের গুলি করছে, তাদের ধরছে, কিন্তু কলকাতা পুলিশ তাদের কোনও সাহায্য করছে না। পার্ক হোটেলের মতো বড় বড় হোটেলে বসে তারা হাউজ আউট করছে, আর এই সমস্ত অ্যাকটিবিটিজগুলি কলকাতার বুকে চালিয়ে যাচ্ছে। এটা আমাদের লজ্জার বিষয়। আমরা আপনার মাধ্যমে আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী বুদ্ধদেববাবুর কাছ থেকে এই ব্যাপারে স্টেটমেন্ট চাই। আজকে কলকাতা শহরকে তারা হেভেন ভাবছে। আপনি ওনাকে ডেকে পাঠান। উনি এখানে এসে এই ব্যাপারে উত্তর দিন। এই বিষয়ে হাউস তার কাছ থেকে জানতে চায়।

**শ্রী রঞ্জিত কুণ্ডু ঃ** (অনুপস্থিত)

[12-00 — 12-10 p.m.]

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকার রাষ্ট্রায়াত্ব যে ৮টি কারখানা বন্ধ করে দিচ্ছে তার মধ্যে ৬টি কারখানা পশ্চিমবঙ্গে, আর একটি হচ্ছে আর.আই.সি., যেটার মূল শাখা আমার এলাকার বরানগরে। এই আর.আই.সি. কারখানাটি আমাদের পূর্ববঙ্গ থেকে আগত রিফিউজিদের ইকনমিকের দিকে লক্ষ্য রেখে ৫০ দশকের গোড়ার দিকে করা হয়েছিল। কিন্তু রিফিউজিদের প্রবলেম যেমন আছে, তেমনি এই কারখানাটি সম্পূর্ণভাবে আজকে বিকেন্দ্রীকরণ করার নামে বন্ধ করে দিচ্ছে। এর ফলে এখানে বর্তমানে সাড়ে বারো শত যে কর্মী আছে তারা সম্পূর্ণভাবে বেকার হয়ে যাবে এবং তাদের মাত্র ২৫ পারসেন্ট যে ভি.আর.এস.-এর শ্লোগান দিয়েছে, তার বাইরে যারা আছে তাদের সম্পূর্ণভাবে বাড়িতে আঙ্গুল চোযা ছাড়া আর কোনও উপায় নেই। কিন্তু দিল্লিতে শিল্পমন্ত্রী সেকেন্দার বক্স সাহেব যে বিবৃতি দিচ্ছেন, আর এখানকার সি. এম. ডি. অর্থাৎ তাদের যে ম্যানেজিং ডাইরেক্টর যে নোটিস দিয়েছেন তার মধ্যে একটা স্ববিরোধিতা আছে। সেখানকার শিল্পমন্ত্রী যে ভি.আর.এস.-এর পরিকল্পনা দিয়েছিলেন তার সঙ্গে এদরে পরিকল্পনা অনেক প্রভেদ আছে, গলদ আছে। সেজন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি যে আমাদের এখানকার শিল্পমন্ত্রী এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী যেন এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের কর্তৃপক্ষের সঙ্গে তৎপরতার সঙ্গে আলোচনা করেন। আমাদের ইউনিয়নের শ্রমিকরা আগামীকাল দিল্লিতে যাচ্ছেন এবং সেখানে গিয়ে তারা এর প্রতিবাদ করবেন। তারা সেখানে গিয়ে মন্ত্রীর সঙ্গে দেখা করে এর প্রতিকারের চেষ্টা করবেন। আমার কথা হচ্ছে, আজকে সম্পূর্ণ ভাবে যে টাকা ভি. আর. এস.-এর নামে দিতে হচ্ছে তার চেয়ে অনেক কম টাকায় করা যেত যদি একটা পরিকল্পনা মাফিক বিকল্প ব্যবস্থার মাধ্যমে করা যেত। আমাদের রিজিওন্যাল কমিটি আছে, সেই কমিটি যে প্রস্তাব দিয়েছিল তাতে ৪০ কোটি টাকা তারা চেয়েছিল। কিন্তু ভি.আর.এস.-এর মাধ্যমে প্রায় ৭০ থেকে ৮০ কোটি টাকা লাগবে। এর মধ্যে দিয়ে যে নৃশংস শ্রমিক বিরোধী কার্যকলাপের ইচ্ছা রয়েছে, সেই ইচ্ছার আমাদের প্রতিবাদ জানানো দরকার। আমি আশা করব যে এখানকার অ্যাসেম্বলি থেকে একটা সর্ব দলীয় সিদ্ধান্ত নিয়ে, একটা প্রস্তাব গ্রহণ করা হোক এবং সেটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হোক।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন যে, গত কয়েক দিনের মধ্যে বেশ কয়েকটি বড় বড় কারখানা এই রাজ্যে বন্ধ হয়ে গেছে। আমরা সকলেই চিৎকার করছি যে কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিচ্ছে। কিন্তু এই রাজ্যের সবচেয়ে দুটো বড় কারখানা বিড়লা সিনথেটিকস কারখানায় প্রায় ৫ হাজার লোক কাজ করে, আর কানোরিয়াতে প্রায় ৪।। হাজার লোক কাজ করে এবং বিড়লা সিনথেটিকস-এর সঙ্গে জি. আই. এস. কটন মিল, সেখানে প্রায় ৫ হাজার লোক কাজ করে। কয়েকদিনের মধ্যে এই বড় বড় কারখানাগুলি বন্ধ হয়ে যাবে। তার সঙ্গে আমার এলাকার হিন্দুস্থান অয়্যারের—১১ তারিখ এখানে হরতাল হল, ঠিক তার পরের দিন সকাল বেলায়—২ হাজার পরিবারকে চাকরির বাইরে ফেলে দেওয়া হয়েছে। আজকে তারা অনাহারের বিরুদ্ধে লড়ছে, একটা ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এই ভয়াবহ অবস্থান জন্য আমাদের কনসার্নড মিনিস্টার যিনি আছেন, তিনি এখানে নেই, আমি পরিষদীয় মন্ত্রীকে বলব যে, এই বিড়লা সিনথেটিকস, কানোরিয়া, হিন্দুস্থান অয়্যার, অনন্তপুরা টেক্সটাইল, যেগুলি বন্ধ হচ্ছে, সেই ব্যাপারে একটা স্টেটমেন্ট দিন। কয়েকদিনের মধ্যে প্রায় ৫/৬টি কারখানা বন্ধ হচ্ছে যেখানে প্রায় ৫০ হাজার শ্রমিক রয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ময়ূরাক্ষী কটন মিলের কথা বলি। এখানে স্মল স্কেল-এর মন্ত্রী নেই, থাকলে ভাল হত। আজকে কয়েক বছর ধরে ময়ূরাক্ষী কটন মিলের ৩০০ শ্রমিককে গেটের বাহিরে রাখা হয়েছে। আপনারা কেন্দ্রীয় সরকারের কথা বলেন, কিন্তু এটাতো রাজ্য সরকারের কারখানা। আমি জানি না, রাজ্যের মন্ত্রী কি করছেন। আজকে হাই কোর্টের অর্ডার রয়েছে, তা সত্ত্বেও তাদের বাইরে রেখে দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে স্মল স্কেল ইণ্ডাস্ট্রির মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তার পরদিন হিন্দুস্থান অয়্যারের ২,০০০ শ্রমিককে চাকরির বাইরে ফেলে দেওয়া হয়েছে। তারা আজকে অনাহারে লড়ছেন। এই ভয়াবহ পরিস্থিতির জন্য, কনসার্ন মন্ত্রী নেই, তাই পরিষদীয় মন্ত্রীকে বলতে অনুরোধ করছি, এই যে কানোরিয়া জুটমিল, বিড়লার জি. আই. এম. কটন মিল, অনন্তপুর কটন মিল ইত্যাদি যেসব মিল বন্ধ হয়ে গেছে তা নিয়ে কনসার্ন মিনিস্টার যাতে একটি বিবৃতি দেন। এর ফলে ১২-১৩ হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছেন। ময়ূরাক্ষী কটন মিল সম্পর্কে বলি, এখানে কয়েক বছর ধরে ৩০০ শ্রমিককে গেটের বাইরে ফেলে রাখা হয়েছে। আমরা কেন্দ্রীয় সরকার এবং মালিকদের কথা বলি, কিন্তু এটা রাজ্য সরকারের একটা কারখানা। হাইকোর্ট থেকে অর্ডার দেওয়া সত্ত্বেও এই মিলের ৩০০ শ্রমিককে কয়েক বছর ধরে গেটের

বাইরে ফেলে রাখা হয়েছে। এই ব্যাপারে আমি মাননীয় স্মল স্কেল ইন্ডাস্ট্রি মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় সদস্য বন্ধুদের আমি জানাতে চাই। বর্তমান কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের ৬৪টি কোলিয়ারি এবং ৬টি এরিয়া অফিস বন্ধ করে দেবার সিদ্ধান্ত যা নিয়েছেন তার প্রতিবাদ জানাবার জন্য একটি সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করতে আমি মাননীয় সদস্যদের কাছে আবেদন রাখছি আপনার মাধ্যমে। তারা ৮টি কারখান বন্ধ করে দেবার যে সিদ্ধান্ত নিয়েছেন তারমধ্যে ৬টি কারখানাই পশ্চিমবঙ্গে এবং তারমধ্যে একটি কারখানা আমার এবং বারাবনীর বিধায়ক শ্রী মানিক উপাধ্যায়ের কনস্টিটিউয়েন্সির অন্তর্গত। 'ইস্কো' কারখানা সম্পর্কে আপনারা জানেন যে, দীর্ঘদিন টালবাহানা করবার পর তারা ইস্কো মর্ডানাইজেশন স্কিমে ৫০০ কোটি টাকা দিতে রাজি হয়েছেন, কিন্তু আজ পর্যন্ত তার কোনও টাকা পাওয়া যায়নি। এর আগেও আমরা এ-ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছি। তারজন্য মাননীয় সদস্যদের কাছে আমার আবেদন, এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে বি.জে.পি. সরকারের বিরুদ্ধে এখানে ঐক্যবদ্ধভাবে একটি প্রস্তাব গ্রহণ করা হোক। এসব ঘটনার পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গে ৭২,০০০ শ্রমিক কর্মচ্যুত হতে বসেছেন। এই সঙ্গে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে মাননীয় কয়লা মন্ত্রীর ই.সি.এল. নিয়ে যে আলোচনা হয়েছে তার বিষয়বস্তু জানতে চাই, তারপর আসুন, আমরা এখানে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুজন চক্রবর্তী ঃ** মিঃ স্পিকার স্যার, মর্যাদাপূর্ণ এই বিধানসভার সদস্য হিসাবে প্রথম দিন বলতে উঠে বিধানসভার সম্মানীয় সদস্যদের প্রতি আমার ধন্যবাদ জ্ঞাপন করছি। বারুইপুর বিধানসভা নির্বাচনে বারুইপুরের মানুষ আমার প্রতি যে বিপুল আস্থা প্রকাশ করেছেন তারজন্য আমি আপনার মাধ্যমে তাঁদের অভিনন্দন জানাচ্ছি। তাঁদের আমি একথা জানাতে চাই, বারুইপুরের নির্বাচকমণ্ডলী আমার প্রতি যে আস্থা প্রকাশ করেছেন তার মর্যাদা দেবার আমি চেষ্টা করব।

মিঃ স্পিকার স্যার, আপনি নিশ্চয়ই জানেন, কলকাতার পাশে অবস্থিত বারুইপুর দক্ষিণ ২৪-পরগনা জেলার একটি বিশিষ্ট বাণিজ্যিক, সাংস্কৃতিক এবং ভৌগলিক অঞ্চল। কলকাতা-বারুইপুর রাস্তাটির অবস্থা ভালই, কিন্তু অস্বাভাবিক যান চলাচলের কারণে সেখানে আর একটি বিকল্প রাস্তার জরুরি প্রয়োজন দেখা দিয়েছে। তার

জন্য কলকাতা-বারুইপুর একটি বিকল্প একসপ্রেস ওয়ে করবার জন্য আমি বামফ্রন্ট সরকারের কাছে আবেদন জানাচ্ছি।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী গৌতম চক্রবর্ত্তী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, গত বর্ষার সময় মালদা জেলায় ২৮ লক্ষ মানুষের মধ্যে ২৬ লক্ষ মানুষ গঙ্গা মহানন্দা সহ বিভিন্ন নদীর জলে আক্রান্ত হয়ে বন্যার কবলে পড়েছিল। আজকে প্রায় ডিসেম্বর শেষ হতে চলেছে, এই পিরিয়ডে যে সমস্ত উন্নয়ন মূলক কাজ বিশেষ করে সেচ দপ্তরের কাজ এই সময় হয়, অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি বিগত বন্যায় শুধুমাত্র মালদা জেলায় অর্থনৈতিক ক্ষতি হয়েছে ১,২০০ কোটি টাকা মালদা জেলায় এখনও পর্যন্ত ইরিগেশনের কাজ করার জন্য কোনও রকম টেণ্ডার করা হলো না, ল্যাণ্ড একুইজিশনের জন্য কোনও রকম নোটিস করা হলো না। মালদা জেলার ২৮ লক্ষ মানুষ আজ ভীত সন্ত্রস্ত। বিগত বন্যায় মালদার মানুষ প্রায় তিন মাস জলের তলায় ছিল। এই বন্যার পরেও যদি প্রশাসন নড়েচড়ে না বসে তাহলে আবার মালদার মানুষ আগামী দিনে বন্যার কবলে পড়বে। বন্যার সময় রিলিফ মিনিস্টার ফিনান্স মিনিস্টার এবং মুখ্যমন্ত্রী মালদার সারকিট হাউসে গিয়েছিলেন, সেখানে অনেক বড় বড় বক্তব্য রেখেছিলেন, এই করে দেব সেই করে দেব বলে অনেক কথা বলেছিলেন। কিন্তু এই কাজের মরসুমে কাজের জন্য কোনও অর্থ বরাদ্ধ করা হয়নি। কাজের যখন সময় তখন ল্যাণ্ড একুইজিশন করা হয় নি, কাজের যখন সময় তখন টেন্ডার কল করা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মন্ত্রীসভা আর কত দিন মালদার মানুষ তথা বাংলার মানুষকে ধাপ্পা দিয়ে রাখবে? আমি আপনার মাধ্যমে এই প্রশাসনের কাছে এই মন্ত্রীসভার কাছে এই সরকারের কাছে দাবি জানাচ্ছি, মালদার লক্ষ লক্ষ মানুষকে বন্যার হাত থেকে রক্ষা করার জন্য অবিলম্বে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী মোজাম্মেল হক** (হরিহরপাড়া) ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আইন এবং বিচারমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় কোটি কোটি টাকার সম্পত্তি আছে। আমি বিষয়টা ইতিপূর্বে বহু জনকে জানিয়েছি, সংশ্লিষ্ট বিভাগকে জানিয়েছি। আমরা দুঃখের সঙ্গে লক্ষ করছি, মুর্শিদাবাদ জেলায় যে মতিঝিল আছে সেখানে প্রতিদিন হাজার হাজার টাকার মাছ চুরি হয়ে যাচ্ছে। এই বিষয়ে আমি বারে বারে জানানো সত্বেও ব্যবস্থা নেওয়া হয় নি। তার জন্য মুর্শিদাবাদ

জেলা ক্ষতিগ্রস্ত হচ্ছে, সরকার ক্ষতিগ্রস্থ হচ্ছে। তারপর হারা মতিঝিল মৌজায় বি.ডি.ও. অফিসের ধারে পাকা রাস্তার পাশে অত্যন্ত ইমপর্টান্ট জায়গায় ২ একরেরও বেশি জমি আছে, সেটা বে-আইনি ভাবে দখল হয়ে যাচ্ছে, জোর করে সেখানে লোকজন বসিয়ে দেওয়া হচ্ছে। পুলিশ প্রশাসনের নাকের ডগায় এই ঘটনা ঘটছে কয়েক লক্ষ টাকার সম্পত্তি এইভাবে নষ্ট হয়ে যাচ্ছে। প্রশাসন জানা সত্ত্বেও এখনও পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয় নি। মুর্শিদাবাদ জেলায় যে ট্যুরিজিম শিল্পের সম্ভাবনা আছে তাকে ডেভেলপ করার সদিচ্ছা নিশ্চয়ই বামফ্রন্ট সরকারের আছে। সেখানে হাজার দুয়ারিকে কেন্দ্র করে মুর্শিদাবাদের ট্যুরিজিমের ক্ষেত্রে ডেভেলপমেন্ট করা যায়। সেখানে মুর্শিদাবাদের কোটি কোটি টাকার সম্পত্তি বে-আইনি ভাবে বেদখল হয়ে যাচ্ছে এটা খুবই মর্মান্তিক ঘটনা। এর ফলে মুর্শিদাবাদ জেলার সমস্ত মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে, বামফ্রন্ট সরকারের যে উন্নয়ন মূলক দৃষ্টিভঙ্গি সেটা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে আইন এবং বিচার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই মুর্শিদাবাদ জেলায় যে কোটি কোটি টাকার সম্পত্তি আছে সেটা রক্ষা করা হোক এবং বে-আইনি দখলকারীদের উচ্ছেদের ব্যবস্থা করা হোক। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে হাউস স্টার্ট হবার সময় থেকে পুলিশ মন্ত্রীর অনেক কিছু দুর্বলতা নিয়ে, সরকারের দুর্বলতা নিয়ে অনেক মেম্বার বলেছেন এবং তার সাথে সাথে মেনশনে স্বরাষ্ট্র দপ্তরের অথর্বতা এবং অকর্মণ্যতা নিয়ে অনেকে বলেছেন। আমার বারাবনী কনস্টিটিউয়েন্সি এরিয়ার সি.এল.ডব্লু., চিত্তরঞ্জনে গত ২/১২/৯৮ তারিখে সুধীর সাউ ওরফে ডমুয়া, তার বয়স ২৬ বছর—দু'জনেই সরকার পক্ষের সমর্থক তাকে বাবলু শর্মা গুলি করে। গুলিবিদ্ধ হবার পর তাকে সিরিয়াস অবস্থায় সি. এল. ডব্লু.-র চিত্তরঞ্জন হাসপাতালে অ্যাডমিট করা হয়। ৩ তারিখে সে মারা যায়। ২ তারিখে তাকে গুলি করে, আজকে ১৪ তারিখ— স্বরাষ্ট্রমন্ত্রী এমনই অথর্ব যে আজ পর্যন্ত আসামী অ্যারেস্টেড হয়নি। সরকারের তরফে এখানে যে মেম্বাররা বলছেন সাধারণ মানুষকে, গরিব মানুষকে দেখা দরকার, তাদের বলি, তাঁদের নিজেদের সমর্থক, তারা জুয়া খেলে, না কি করে জানি না, কিন্তু মারার অধিকার কারও নেই। কাউকে স্পট্ ডেড্ করে দেবার অধিকার নেই। কিন্তু পশ্চিমবাংলায় এমনই সরকার যে, তাদের সমর্থক যার বয়স মাত্র ২৬ বছর, তার ছেলেমেয়ে আছে, তারা এখন চীৎকার করছে। তাকে গুলি করে মারার পর

আসামী বুক চিতিয়ে চিত্তরঞ্জনে ঘুরে বেড়াচ্ছে। পুলিশ এখনও তাকে অ্যারেস্ট করেনি। তাই আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে একটাই অনুরোধ করছি যে, অন্যায়ের বিরুদ্ধে আসুন, যারা অন্যায় করছে তাদের হঠাবার বা আইনসঙ্গত ব্যবস্থা নেবার চেষ্টা করুন।

**শ্রী রবীন মুখার্জী ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কারণ আপনি নিশ্চয়ই জানেন এবং হাউসের মাননীয় সদস্যরাও জানেন যে গত ৮/৪ তারিখে রাজ্যের অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী ডানলপ খোলার জন্য একটি মিটিং করেন। সেখানে দুটি ইউনিয়নকেই ডাকা হয়েছিল এবং লোকাল এম.এল.এ. হিসাবে আমিও উপস্থিত ছিলাম। সেই মিটিংয়ে মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করে বলেছিলেন যে ডানলপের ম্যানেজেরিয়াল টেক ওভার করা হবে। আজ পর্যন্ত মুখ্যমন্ত্রীর দৃঢ় পদক্ষেপ এবং ম্যানেজেরিয়াল টেক ওভারের কোনও সিদ্ধান্তের কথা জানা যায় নি। আজকে প্রায় এক বছর হল ডানলপ কারখানা বন্ধ আছে। ডানলপের ব্যাপার নিয়ে আজকে পশ্চিমবাংলার এবং সারা ভারতবর্ষের প্রত্যেক শ্রমিকই জানেন যে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী একটা ঐতিহাসিক সিদ্ধান্ত গ্রহণ করে ঘোষণা করেছিলেন এবং বলেছিলেন যে ডানলপের ম্যানেজেরিয়্যাল টেক ওভার করা হবে। এরপর আমি শ্রম দপ্তরে এবং অর্থমন্ত্রীর দপ্তরে বহুবার গিয়েছি এবং খবর নিয়েছি। আমি অর্থমন্ত্রীর সঙ্গে দেখা করেছি এবং বহুবার শ্রমমন্ত্রীর সঙ্গে দেখা করেছি। রাজ্য সরকারের পক্ষ থেকে এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছে ডানলপ অধিগ্রহণের ব্যাপারে কোনওকিছু লেখা হয় নি। তাই আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে, তিনি যাতে আবার পুনরায় ডানলপের দুটি ইউনিয়ন, লোকাল এম. এল. এ. এবং লোকাল এম. পি-কে ডানলপের সর্বশেষ পরিস্থিতি জানান। কারণ ছাবারিয়ার ফ্রন্ট ম্যান 'গুহ', যে শ'ওয়ালেসকে আজকে তুলে দিয়েছে এবং শ'ওয়ালেসকে শেষ করেছে, বেঙ্গল কেমিকেলকে শেষ করেছে, সেই 'গুহ' আবার এসে উপস্থিত হয়েছে। সে ডানলপকে ছিবড়ে করে ডানলপের ১০০ কোটি টাকার সম্পত্তি বিক্রি করে, ডানলপকে শেষ করে দিয়ে বিদেশে অর্থ নিয়ে যাবার, পালিয়ে যাবার চেষ্টা করছে। তাই আমি আপনার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুকে অনুরোধ করছি, উনি বৈঠক ডেকে গত ৮/৪ তারিখে ডানলপকে অধিগ্রহণ করা হবে বলে যে ঘোষণা করেছিলেন, আবার পুনরায় মিটিং ডাকুন।

(এই সময়ে মাইক অফ হয়ে যায় এবং পরবর্তী বক্তা বলতে ওঠেন।)

[12-20 — 12-30 p.m.]

**শ্রী কমল মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী তথা নগরোন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি এর আগেও বিধানসভায় বলেছিলাম যে হুগলি জেলার চন্দননগর শহরে কোনও বৈদ্যুতিক চুল্লী নেই। অথচ চন্দননগরের পূর্বদিকে হুগলি নদী তার ডানদিকে ভদ্রেশ্বর পৌরসভা এবং বাঁদিকে হুগলি চুচুড়া পৌরসভা। এই দুটি পৌরসভাতে ইলেকট্রিক চুল্লী আছে। কিন্তু চন্দননগর শহরের মানুষের বহুদিনের দাবি এখানে ইলেকট্রিক চুল্লী করা হোক। এই শহরটিতে বহু মানুষ বাস করেন এবং কেউ মারা গেলে ওলাইচন্ডীতলায় যে শ্মশানঘাট আছে সেখানে তাদের দাহ করা হয়। কিন্তু দুঃখজনক ব্যাপার হচ্ছে বহুবার বলা সত্ত্বেও সেখানে কোনও ইলেকট্রিক চুল্লীর ব্যবস্থা হল না। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, প্রাক্তন পরিবহনমন্ত্রী ভবানী মুখোপাধ্যায় তিনি বাড়ি বাড়ি ঘুরে গণস্বাক্ষর অভিযানে নেমেছেন, যাতে চন্দননগর শহরে বৈদ্যুতিক চুল্লীর ব্যবস্থা করা হয়। চন্দননগর শহর ফরাসী অধ্যুষিত শহর এবং বহু ঐতিহ্যবাহী শহর, এখানে যাতে ইলেকট্রিক চুল্লীর ব্যবস্থা করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে পৌর ও নগরোন্নয়ন মন্ত্রীর কাছে আবেদন করছি এবং অবিলম্বে যাতে কাজ শুরু হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে দৃষ্টি আকর্ষণ করছি। আমার ফলতা বিধানসভায় এক নম্বর মল্লিকপুরে হুগলি নদী প্রবাহিত হয়েছে। ওখানে কাটাখালি খাল-এর কাছে বিষ্ণুপুর ব্লকের যষ্ঠী তলাতে ৯০/১০০ বিঘার কৃষি আছে। সেখানে একটি ইঁট ভাঁটা তৈরি হয়েছে এবং তারা সমস্ত জমিটা অধিগ্রহণ করেছে। এই বামফ্রন্ট সরকারেরই প্রাক্তন মন্ত্রী প্রভাস রায়ের পরিকল্পনা ছিল ওখানে একটা কৃষি প্রকল্প তৈরি করবেন। কিন্তু আজকে দেখা গেল ওখানে ফায়ার লাইসেন্স দেওয়া হয়েছে এবং ইঁট ভাঁটা তৈরি হল এবং অনেক কমরেডের ঘরে টি.ভি., রেডিও গেল। এই ইঁট ভাঁটা তৈরি হওয়ার ফলে আশেপাশের সমস্ত চাষের জমি আজকে ক্ষতিগ্রস্থ হয়েছে। ওখানকার মানুষেরা এই ব্যাপারে গণস্বাক্ষর সংগ্রহ করে বি. ডি. ও. থেকে আরম্ভ করে সমস্ত দপ্তরে জমা দিয়েছে, কিন্তু প্রশাসন নীরব দর্শক হয়ে আছে। পরিস্থিতি এমন জায়গায় গিয়ে পৌঁছেছে যে সেখানকার মানুষ বিক্ষুদ্ধ হয়ে উঠেছে।

আমি ঐ এলাকার বিধায়ক তাই আমার কাছেও দরখাস্ত করেছে। ঐ সমস্ত জমিতে যদি কৃষি প্রকল্প গড়ে উঠত তাহলে গরিব চাষীরা উপকৃত হত। তারা আজকে হাহুতাশ করছে। ঐ ইঁট ভাঁটার আশেপাশে একশ বিঘা জমিতে কোনওরকম ফসল উৎপন্ন হচ্ছে না। এই ব্যাপারে আমি সেচ দপ্তরেরও দৃষ্টি আকর্ষণ করতে চাই।

**শ্রী রামচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খেজুরী থানায় একটি মৎস বন্দরের পরিকল্পনার কথা মৎস্যমন্ত্রী গত বছর এবং এই বছরের গোড়া থেকে বলে আসছেন। ইনল্যাণ্ড ফিশ কালচার, ব্রাকিশ ওয়াটার কালচার, অ্যাকুয়া কালচার, এই তিনটির সমন্বয়ের ক্ষেত্রে খেজুরী খুব গুরুত্বপূর্ণ জায়গা। ঠিক শঙ্করপুরের পরেই এই বন্দর খুব উপযোগী। বারবার বলা সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। সেখানে একটা কলেজও হচ্ছে, ইন্ডাস্ট্রিয়াল ফিশ এবং ফিশ কালচার পড়ানো হবে। তাই মন্ত্রিমহোদয়কে বিশেষ ভাবে জানাতে চাই, সেখানে বিশেষ গুরুত্ব দিয়ে একটি মৎস বন্দর করার পরিকল্পনা নিন এবং বাস্তবে তা রূপায়িত করুন।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করতে চাই। কাটোয়া মহকুমা হাসপাতালে প্রায় প্রত্যেকটা বেড খারাপ, ম্যাট, চাদর নেই। এই ঠাণ্ডায় রোগীরা খুব কষ্টের মধ্যে আছে, তাদের অসুস্থতা আরও বাড়ছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কাটোয়া হাসপাতালে গিয়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন এই ব্যাপারে ব্যবস্থা নেবেন। কিন্তু কিছুই হয়নি। এই প্রচণ্ড ঠাণ্ডার হাত থেকে রোগীদের বাঁচানোর জন্য যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী হরিপদ বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা থেকে মাত্র ৩০ কিলোমিটার দূরে জগদ্দল, নৈহাটি, আমডাঙা, খড়দা বিধানসভার মধ্যবর্তী জায়গায় বর্তীর খাল অবস্থিত। সেখানে ৩ লক্ষ বিঘা জমিতে একন শিল্পাঞ্চলের বিষাক্ত জল নামছে। বিশেষ করে ক্লোরাইড ইণ্ডিয়া, নিক্‌কো পাইপ এবং নিক্‌কো কেবল্‌স, এই তিনটি কারখানার জল আমরা টেস্ট করেছি রিভার রিসার্চ ইনিস্টিটিউ থেকে। তার রেজাল্ট অত্যন্ত খারাপ। বলছে, বায়ো কেমিক্যাল কনটেন্টস খুব বিষাক্ত। নিক্‌কো পাইপে ১৬, নিক্‌কো কেবলসে ১৬ এবং ক্লোরাইড ইরিডয়া, যাদের এক্সাইড ব্যাটারি, তাদের ৫২। ডিসলভ্‌ অক্সিজেনও খুব হাই। ফলে তিন লক্ষ বিঘা জমিতে চাষবাস খুব

ক্ষতিগ্রস্থ হচ্ছে, চাষীদের হাতে পায়ে ঘা হচ্ছে, ফসল নষ্ট হচ্ছে, মাছ মরে যাচ্ছে। প্রায় ১৩টি খাল দিয়ে যে জল বের হবার কথা, তা নোয়াই দিয়ে বেরেচ্ছে এবং বিদ্যাধরীতে পড়ছে। বর্তীর জল শুকোচ্ছে না। বর্তীতে ঠিক মতো চাষ করতে পারলে আমন বোরোর মরসুমে ৩ লক্ষ ৬০ হাজার টন ধান উৎপাদন করা যেতে পারে, যার মূল্য হবে প্রায় দুশো কোটি টাকা। এবং ১ কোটি শ্রম দিবস সৃষ্টি হবে। ফলে ৫টি বিধানসভার কৃষকদের আর্থিক স্বয়ম্ভরতা আসবে। আমাদের এই ৫টি বিধানসভা কেন্দ্রের কৃষকদের কৃষিকার্য করার জন্য সহায়তা করুন, এই আবেদন আমি করছি এবং পচা খাল দিয়ে যে জল বর্তির বিলে পড়ছে, ক্লোরাইড ইণ্ডিয়া, নিকো কেবল, নিচেক টায়ার ইত্যাদির বিযাক্ত জল পাইপ লাইন দিয়ে বর্তির বিলে না ফেলে, কল্যানি রোডের পশ্চিম পাশ দিয়ে নয়নজলি দিয়ে যদি ফেলা যায়, তাহলে ওই বিযাক্ত জল বর্তির বিলে পড়ে না, তাহলে কৃষকরা উপকৃত হতে পারে। এছাড়া ত্রিমোহিনী থেকে নোয়াই পর্যন্ত যদি পাকা খাল করা যায়, তাহলে কৃষকরা উপকৃত হতে পারে। স্যার, ৫টি বিধানসভা কেন্দ্রের লক্ষ লক্ষ কৃষকরা দীর্ঘদিন যাবৎ ভুগছে। আজকে থেকে ৩০ বছর আগে ৩ লক্ষ বিঘা জমিতে আমন ধানের চাষ হত এবং এটা কেটে নেওয়ার উচ্ছে ঝিঙের চাষ হত। কিন্তু আজকে এই জমিতে পলি পড়ে পড়ে উচু হয়ে গেছে। পলতা থেকে কাঁকিনাড়া পর্যন্ত ৩০ বছর আগে ওখানে ৩-৫টি ডিপ টিউবওয়েল ছিল। আজকে সেখানে ৫০-৬০টি ডিপ টিউবওয়েল হয়েছে। সুতরাং তার জলও ওই বর্তির বিলে পড়ছে। ফলে জল শুকোচ্ছে না। স্যার, সোনারপুরে সাইফন সিস্টেমের মাধ্যমে যেভাবে জল নিকাশি ব্যবস্থা করা হয়েছে, সেইভাবে এখানেও ওই সাইফন সিস্টেমের মাধ্যমে খয়রাপুর খালের মাধ্যমে যদি গঙ্গায় ফেল হয়, তাহলে ভালো হয়। এইকথা বলে শেষ করছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী শেখ দৌলত আলি ঃ** (অনুপস্থিত।)

**শ্রী অমর চৌধুরী ঃ** স্যার, কলকাতায় স্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার যে ফরেন একস্‌চেঞ্জ শাখাটি আছে, সেটা চক্রান্ত করে বোম্বাইতে নিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে এবং সেটা প্রতিরোধ করার চেষ্টা হচ্ছে। এই বিষয়ে ২৪শে মার্চ ১৯৯৭ আমাদের অ্যাসেম্বলিতে এটা রেজলিউশন গ্রহণ করা হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও এই চক্রান্ত ধারাবাহিকভাবে চলছে। এটাকে প্রতিরোধ করতে হবে। আমি জানি যে, গত বছর

৮০০ কোটি টাকা লাভ হওয়া সত্ত্বেও এটাকে সরিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে বোম্বাইতে। এই ব্যাপারে যদি বাধা না দেওয়া যায়, তাহলে পূর্বাঞ্চলে শিল্প সর্বোতিঃভাবে ক্ষতিগ্রস্থ হবে। এই ব্যাপারে আমি স্যার, আপনার মাধ্যমে এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকারের ব্যবস্থা করার জন্য আবেদন করছি।

## ZERO HOUR

**শ্রী সৌগত রায় ঃ** (অনুপস্থিত।)

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে ভূমি সংস্কার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বারাবান বিধানসভা কেন্দ্রের যে সমস্ত ভেস্টেড ল্যান্ড আছে, সেই ল্যান্ড গরিব মানুষ যারা ভূমিহীন, তাদের ঠিকমতো ডিস্ট্রিবিউট করা হচ্ছে না। তার সাথে সাথে সেই সমস্ত গরিব মানুষ এস সি এস টি। যারা দীর্ঘদিন যাবৎ মাথা গুঁজে যে জায়গায় আছে, সেই জায়গা এখনও পর্যন্ত তাদের নামে হয়নি এবং বারবার ডিপার্টমেন্টকে বলা সত্ত্বেও এবং এই হাউসে সেশন আওয়ারের সময় আমরা বারে বারে বলেছি। কিন্তু এই সরকারের তরফ থেকে সেইদিকে নজর নাই। সেই সাথে তাদের বলা হচ্ছে যে, ৫২ বছরের রেকর্ড আছে কি নেই। সেটা যদি না থাকে, তাহলে সেই সার্টিফিকেট পাওয়া যায় না। সেই সার্টিফিকেট না হলে বেকারের সমস্যা ঘোচানো যাবে না। তাদের এমপ্লয়মেন্ট একস্চেঞ্জের কার্ড হচ্ছে না। আমি আবেদন করছি যে, তাদের রেকর্ড ভুক্ত করা হোক। সেই সার্টিফিকেট নিয়ে তারা যাতে এমপ্লয়মেন্ট একস্চেঞ্জের কার্ড করাতে পারে তারজন্য হাউসের কাছে নিবেদন রাখছি।

**শ্রী চিত্ত বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। ভয়াবহ সংবাদ। করিমপুর এর মধুগাড়ি গ্রামে পঞ্চায়েত সেই সঙ্গে আরও তিনটি গ্রাম পঞ্চায়েত সীমান্ত বরাবর এই গ্রাম পঞ্চায়েত ভয়াবহ ভাঙনের সম্মুখীন এবং বাংলাদেশের সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছে। জলঙ্গীর বিধায়ক ইউনুস সরকারও বলেছেন যে সরকার পাড়ার লাগোয়া মধুগাড়ি এবং হোগলাগাড়ি গ্রাম পঞ্চায়েতগুলো বিভিন্ন সময়ে ভেঙেছে ভয়াবহভাবে এবং আস্তে আস্তে গ্রাস করে নিচ্ছে। আগামীদিনে করিমপুরের দিকে এগোচ্ছে। এই করিমপুর একটা গঞ্জ। ৫০/৬০ হাজার লোকের বাস। এই ভাঙন যদি অব্যাহত থাকে তাহলে এক ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। তাই আমি মাননীয় সেচমন্ত্রীর কাছে

আবেদন জানাচ্ছি যাতে অবিলম্বে এই এক থেকে দেড় কিলোমিটার জায়গা মধুগাড়ি থেকে সরকারপাড়ার সঙ্গে লাগোয়া হিসাবে বাঁধিয়ে দেওয়া হোক। তাহলে এই ভাঙনের হাত থেকে মানুষ রক্ষা পাবে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সর্বত্র বিদ্যুৎ চুরি হচ্ছে, ভয়াবহ সমস্যা। এর ফলে দেখা যাচ্ছে যে যারা বিদ্যুতের গ্রাহক তারা ক্ষতিগ্রস্থ হচ্ছেন। ঠিকমতো বিদ্যুৎ পাচ্ছেন না। লালবাগ শহরে বিদ্যুতের অবস্থা খুবই ভয়াবহ। বহু বছর ধরে একটা সাবস্টেশন হওয়ার কথা কিন্তু হয়ে উঠছে না। গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি এই ব্যাপারে সরকারিভাবে কোনও পদক্ষেপ নেওয়া হচ্ছে না। আমাদের গ্রামে তিনজন গ্রাহক পয়সা দিয়ে বিদ্যুৎ নেন। আর তিনশোরও বেশি আছেন যারা হুক করে বিদ্যুৎ নেয়। এমন কি যারা সরকারি কর্মচারী, বিদ্যুৎ নেওয়ার ক্ষমতা আছে তারাও বিদ্যুৎ চুরি করছে। বিদ্যুৎ পাওয়ার জন্য যারা চেষ্টা করছেন তারাও বিদ্যুৎ পাচ্ছে না। যে সমস্ত প্রসিডিওর আছে সেইগুলো সরলকরণ করার জন্য আমি অনুরোধ করছি। আর এই বিদ্যুৎ চুরি হচ্ছে এই চুরির বিরুদ্ধে বিদ্যুতমন্ত্রী যেন ব্যবস্থা গ্রহণ করেন আর যারা গ্রাহক তারা সঠিকভাবে বিদ্যুৎ পেতে পারে।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী সাধন পান্ডে ঃ** স্যার পশ্চিমবঙ্গের বিদ্যুত পরিস্থিতি নিয়ে বলছি এখানে এখন বিদ্যুতমন্ত্রী উপস্থিত আছেন তাঁর দৃষ্টি আকর্যণ করছি। প্রত্যেক দিন কলকাতায় লোডশেডিং চলছে। আমরা ইলেকট্রিকের বড় বড় বিল পাচ্ছি। মন্ত্রিমহাশয় চেষ্টা করছেন তাদের জব্দ করতে। মন্ত্রিমহাশয়কে অপমান করার জন্য আলিমুদ্দিন স্ট্রিট থেকে ডেকে পাঠিয়ে ধমক দেওয়া হচ্ছে। অদ্ভুত পরিস্থিতির মধ্যে আমরা আছি। এন. টি. পি. সি. বলছে আমরা বিদ্যুৎ প্রোডাকশন করছি। মন্ত্রিমহাশয় বলতে পারেন বিদ্যুৎ কি আসছে না? এটা শিল্পপতি এই রকম ভাবে বিল বাড়িয়ে যাচ্ছে। আমি মন্ত্রিমহাশয়ের কাছে একটা অ্যাডভাইস দিচ্ছি যে কলকাতা শহরে আরেকটা ডিস্ট্রিবিউশন কোম্পানিকে অ্যালাউ করুন, লেট দেয়ার বি কম্পিটিশন বিটুইন টু কোম্পানিজ। সি.ই.এস.সি. করছে, আরেকটা কোম্পানিকে আসতে দিন। কম্পিটিশন হোক। না হলে মিটার থেকে ডিপোজিট থেকে শুরু করে গরিব মানুষ কোনও রিলিফ পাচ্ছে না। এটা কোম্পানি মনোপলি ভাবে ব্যবস্থা করছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা হাইকোর্টের কর্মচারীরা দীর্ঘদিন ধরে তাদের নতুন বেতনক্রম শুরু করার জন্য আন্দোলন করছিলেন। কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি ৫ জন বিচারপতিকে নিয়ে একটা কমিটি গঠন করলেন, এঁরা এই কর্মচারিদের পে-স্কেল, গ্রেড ইত্যাদি বিষয় কি হওয়া উচিত, কি উচিত নয় দীর্ঘ দিন তদন্ত করে পশ্চিমবঙ্গের রাজ্যপালের কাছে তাঁদের মতামত পেশ করেছেন। এই কমিটির সেই রিপোর্ট রাজ্যপালের কাছে গেল না। এই রিপোর্ট রাইটার্স বিল্ডিংয়ের চিফ সেক্রেটারি নিয়ে এক তরফা ভাবে রাজ্যপালের সাথে ওই কমিটির রিপোর্ট নিয়ে আলাপ-আলোচনা না করে আইন দপ্তরের নীতি নির্দ্ধারণ না মেনে ওই ৫ জন বিচারপতির তাঁদের যে সিদ্ধান্ত তাকে বাতিল বলে ঘোষণা করে দিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় এমন একটা ব্যবস্থা কায়েম হয়েছে যেখানে আজকে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি দ্বারা গঠিত ৫ জন বিচারপতির নতুন বেতনক্রমের রিপোর্ট তা রাজ্যপালের কাছে গেল না। আমি মাননীয় আইন মন্ত্রীর কাছে আবেদন করছি যে উনি আবার নতুন করে বিষয়টাকে দেখুন এবং সেই বর্ধিত হারে বেতন দেওয়ার ব্যবস্থা করুন।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** স্যার, আপনার মাধ্যমে বন দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনে চিতল হরিণ হত্যা করা হচ্ছে। সলমন খান যে হরিণ শিকার করে ছিল সেটা নিছক কৌতূকপ্রিয় হয়ে। কিন্তু সুন্দরবনের সাধারণ মানুষ এই হরিণ হত্যার সঙ্গে জড়িত এবং আশে পাশের বাজারে ১০০-১২০ টাকা কেজি দরে এই হরিণের মাংস বিক্রি হচ্ছে। বন বিভাগের কর্মচারীদের সাথে বোটম্যান, চোরা শিকারি এবং শাসক দলের লোকজন এর সঙ্গে জড়িত এবং তারা এই কাণ্ড করে বেড়াচ্ছে। হেতালবাড়ি থেকে আরম্ভ করে গোসাবা, হিঙ্গলগঞ্জ প্রভৃতি জায়গায় এই মাংস বিক্রি হচ্ছে। সুন্দরবনে এই প্রজাতির হরিণ নষ্ট হতে যাচ্ছে। বন দপ্তরের কর্মচারিদের সাথে চোরা শিকারিদের যোগসাজস করে ঐ হরিণ মারা আগামী দিনে বন্ধ করার আবেদন জানাচ্ছি। স্যার, আপনি হয়তো জানেন, বাঁদরের আওয়াজ শুনে চিতল হরিণরা আসে। কিন্তু ঐ চিতল হরিণ শিকার করার জন্য একদল লোক গাছে উঠে বাঁদরের ডাক নকল করে ডাকতে থাকে এবং চিতল হরিণ এল তাদের গুলি করে হত্যা করছে। আর, এই কাজের সাথে শাসক দলের লোকেরা যুক্ত রয়েছে। তাই আমি আপনার মাধ্যমে অবিলম্বে এবিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের বিবৃতি দাবি করছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোটা উলুবেড়িয়া মহাকুমার একটা গুরুত্বপূর্ণ সমস্যার বিষয়ে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ সপ্তাহ যাবৎ উলুবেড়িয়া মহকুমার রেশন দোকানে চাল, ডাল, চিনি, তেল তো দূরে অস্ত—সাপ্লাই করা হচ্ছে না। আবার প্রশাসন থেকে তিন টাকা চার পয়সা লিটার প্রতি কেরোসিন তেলের দাম ঠিক করে দেওয়ায় ওখানকার কোনও কোরোসিন তেল ডিলার তেল তুলছে না বা দিচ্ছে না। ফলে চাল, ডাল, চিনির সাথে কেরোসিন তেলও পাওয়া যাচ্ছে না। এই দ্রব্যমূল্য বৃদ্ধির বাজারে মানুষের নাজেহাল অবস্থা। এবিষয়ে যথাযত ব্যবস্থা নেবার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি গত ২১ তারিখে সুন্দরবন এলাকায় যে ঝড়-ঝঞ্ঝা সংগঠিত হয়েছে তাতে কৃষকরা বিপদগ্রস্ত হয়ে পড়েছে। মাঠে জল দাঁড়িয়ে গেছে এবং ৬ হাজার ঘর-বাড়ি পাথর প্রতিমায় ভেঙ্গেছে এবং সাগর, নামখানা এর সঙ্গে যুক্ত হয়েছে। পাথর প্রতিমায় যেখানে ৬ হাজার ঘর-বাড়ি ভেঙ্গেছে সেখানে সরকার মাত্র ২৫০টা ত্রিপল পাঠিয়েছেন আর কিছু করেন নি। এছাড়া, দক্ষিণ শিবগঞ্জ এবং দক্ষিণ লক্ষ্মীনারায়পুরে পি.এইচ.ই.-র তত্ত্বাবধানে যে পানীয় জল প্রকল্প হওয়ার কথা ছিল তা এখনও পর্যন্ত হল না। এদিকে আবার মাননীয় অর্থমন্ত্রী প্রতিশ্রুতি দিচ্ছেন মাথাপিছু ৪০ লিটার করে পরিশ্রুত পাণীয় জল দেবেন। আর, সুন্দরবন সড়কের ঢোলা থেকে রামগঙ্গা পর্যন্ত বেহাল অবস্থা। মাননীয় মন্ত্রিমহাশয়কে বারবার বলা সত্বেও তাঁর ঘুম ভাঙ্গছে না। এজন্য মন্ত্রিমহাশয়ের বাড়ি বা দপ্তরের সামনে ধর্ণা দিতে হবে কিনা জানিনা। এই এলাকায় রেশন ব্যবস্থা ঠিক রাখতে এটাই একমাত্র সড়ক পথ। এর মাধ্যমে মাল-পত্র সরবরাহ করা হয়ে থাকে। পাশাপাশি আমি আর একটা কথা জানিয়ে দিতে চাই, তা হচ্ছে, যদি সুন্দরবনের পাথর প্রতিমা এলাকায় এই মৌলিক সমস্যার আসু সমাধান না হয় তাহলে বাধ্য হব অনশন করতে এবং মন্ত্রিমহাশয়ের বাড়ির সামনে ধর্ণা দিতে।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী নির্মল ঘোষ ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। এই রাজ্যের ১০ লক্ষ বীমা কর্মচারী ই.এস.আই. হাসপাতাল গুলো থেকে ভাল চিকিৎসার সুযোগসুবিধা পাচ্ছেন না। স্যার দীর্ঘদিন ধরে এই রাজ্যের হাসপাতালগুলোর অবস্থা খুব খারাপ। সেখানে ডাক্তার থাকে তো ওষধ থাকে না.

আবার ওষুধ থাকে তো ডাক্তার থাকে না। সেই একই অবস্থা এই রাজ্যের ই.এস.আই. হাসপাতালগুলোর। দীর্ঘদিন মন্ত্রী ছিলেন না, কিন্তু এখন মন্ত্রী এসেছেন এই ই.এস.আই. হাসপাতালগুলোকে আধুনিকীকরণ করে সেখানে আরও আধুনিক চিকিৎসার ব্যবস্থা করে বীমা কর্মচারীরা যাতে সেই আধুনিক চিকিৎসা ব্যবস্থার সুযোগসুবিধা লাভ করতে পারে, তার জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। শিয়ালদহের ই.এস.আই. হাসপাতালের অবস্থা নরককুণ্ড হয়ে আছে। এছাড়া হাওড়ার বালটিকুরি ই.এস.আই. হাসপাতাল বজবজের ই.এস.আই. হাসপাতাল, গৌরিহাটি ই.এস.আই. হাসপাতাল, শ্রীরামপুরের ই.এস.আই. হাসপাতাল ইত্যাদি হাসপাতালগুলোরও অবস্থাও খুব খারাপ। কলকাতার আশেপাশের ৫-৭টি ই.এস.আই. হাসপাতালের অবস্থা খুবই খারাপ। অবিলম্বে এই হাসপাতালগুলোকে আধুনিকীকরণ করে আধুনিক চিকিৎসা ব্যবস্থা গড়ে তোলার দরকার। ই.এস.আই. হাসপাতালগুলোর আধুনিকীকরণ করতে আর কতদিন লাগবে? এই হাসপাতালগুলোতে যদি ৮ পারসেন্ট টাকা খরচা হয় তাহলে তার এক টাকা খরচা করবে এই রাজ্য আর বাকি ৭ টাকা আসবে ই.এস.আই.-এর সেন্ট্রাল ফান্ড থেকে। ই.এস.আই. কর্পোরেশনের টাকার অভাব নেই, তাহলে এই রাজ্যের ১০ লক্ষ বীমা কর্মচারীরা কেন আধুনিক চিকিৎসার সুযোগ পাবেন না? তাঁরা কেন ভাল হাসপাতালের সুযোগ পাবেন না? এই ব্যাপারে আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীকে বলতে চাই যে, এই ব্যাপারে রাজ্য সরকার যে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছেন ই.এস.আই. হাসপাতালগুলোতে সেই প্রতিবন্ধকতাগুলো দূর করে অবিলম্বে ই.এস.আই. হাসপাতালগুলোকে আধুনিকীকরণ করে সেখানে আধুনিক চিকিৎসার ব্যবস্থা করা হোক এবং ই.এস.আই. হাসপাতালগুলোতে যাতে এই রাজ্যের ১০ লক্ষ বীমা কর্মচারী আধুনিক চিকিৎসার সুযোগ-সুবিধা পান সেদিকে দৃষ্টি দেওয়া হোক।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে আমার সাবজেকট চেঞ্জ করতে চাই।

**মিঃ স্পিকার ঃ** এভাবে সাবজেকট চেঞ্জ করা যায় না।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** আমি তারজন্য আপনার অনুমতি চাইছি।

**মিঃ স্পিকার ঃ** আচ্ছা বলুন।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা সমস্যা নিয়ে সমস্ত সদস্যদের অবহিত করতে চাই। কেন্দ্রীয় সরকার সম্প্রতি একটা নির্দেশ জারি করেছেন যে, পশ্চিমবঙ্গে অবস্থিত ৬৪টি কোলিয়ারি তাঁরা বন্ধ করে দিতে চান। অতীতে দেখেছি প্রধানমন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে, মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। এই সংস্থা যখন কেন্দ্রীয় সরকার থেকে ন্যাশনালাইজড করা হয়েছিল তখন এই সংস্থার পিছনে কেন্দ্রীয় সরকার ৪ হাজার কোটি টাকা ব্যয় করেছিলেন। এই ৪ হাজার কোটি টাকা কোন উদ্দেশ্য খরচা হয়েছে তা এখনও মাপাজোকা হয় নি।

স্যার, যে কোনও ব্যাপার নিয়েই কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকার সি.বি.আইয়ের দাবি করেন। আবার অনেক ব্যাপারে সি.বি.আই. এনকোয়ারির বিরোধিতা করেন। কিন্তু স্যার, এটা একটা বিরাট সমস্যা। এই ৪ হাজার কোটি টাকা কি কি কারণে খরচা হয়েছে—রাজ্য সরকার যদি কেন্দ্রীয় সরকারের কাছে এই সংস্থার বিরুদ্ধে এনকোয়ারির দাবি করেন তাহলে দেখবেন অনেক তথ্য বেরিয়ে আসবে। বিগত ৩/৪ জন ঐ সংস্থায় সি.এম.ডি. ছিলেন এবং ২০ থেকে ২৫ জন জি. এম. ছিলেন। তারা এখন বর্তমানে কোটি কোটি টাকার মালিক হয়েছে। এঁরা আসানসোল, কলকাতা এবং বোম্বেতে কোটি কোটি টাকার সম্পত্তি বাড়িয়েছেন। আর ২ লক্ষ শ্রমিক কর্মচারীকে মৃত্যুর মুখে ঠেলে দিয়েছেন। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, ই.সি.এলের বিরুদ্ধে সি.বি.আই. দিয়ে তদন্ত করার ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভারত সরকারের কাছে দাবি জানাচ্ছি, ভারতীয় পেটেন্ট আইন, ১৯৭০ যেটা সংশোধন করার চেস্টা করছেন আমাদের আই. এম. এফ. বিশ্ব ব্যাঙ্ক ও বিশ্ব বাণিজ্য সংস্থার নির্দেশে মাথা নত করে, দেশের ভেষজ শিল্প, ওষুধ শিল্পের যে স্বাধিকার ছিল সেই স্বাধিকারকে ক্ষুন্ন করে, তা অবিলম্বে বন্ধ করা হোক। গত ১১ তারিখে এর প্রতিবাদে ৫৬টি গণ-সংগঠনের ডাকে সারা দেশে ধর্মঘট পালিত হয়েছে। তাদের ২৪ দফা দাবির মধ্যে অন্যতম দাবি ছিল এই পেটেন্ট আইন সংশোধন বাতিল করা। এফ.এম.আর.এ. আই. এবং ডব্লু.বি.এম.এস.আর.ইউ. অর্থাৎ ওয়েস্টবেঙ্গল সেল্‌স রিপ্রেজেনটেটিভ ইউনিয়নের পক্ষ থেকে সারা রাজ্য জুড়ে এর বিরুদ্ধে প্রতিবাদ জানানো হয়েছে। এই আইন সংশোধনের বিরুদ্ধে ইতিমধ্যেই আমাদের মাননীয়

মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি লিখেছেন, প্রতিবাদপত্র পাঠিয়েছেন। কিন্তু রাজ্য জুড়ে যে প্রতিবাদ দিবস পালিত হয়েছে এই বার্তা ভারত সরকারের কাছে পাঠানো হোক—এই দাবি আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে জানাচ্ছি।

**শ্রী তপন হোড়ঃ** স্যার, এই বিধানসভায় এবং লোকসভায় মহিলাদের যে ৩৩ ভাগ রিজারভেশন সেই রিজারভেশন নিয়ে দীর্ঘদিন ধরে একটা টাল-বাহানা চলছে। আমরা বিধানসভায় এটা নিয়ে একটা সর্বদলীয় প্রস্তাব সমর্থন করেছিলাম এবং ৬-১১-৯৮ তারিখে আমাদের এই বিধানসভায় বক্তব্য বা দৃষ্টিভঙ্গি সেখানে পৌঁছে দিয়েছিলেন। কিন্তু আপনি লক্ষ্য করে দেখবেন, ভারত বন্ধের দিন লোকসভায় এই মহিলা বিল আনার চেষ্টা করা হয়েছিল এবং এটা উদ্দেশ্য প্ররোদিতভাবে করা হয়েছিল এবং সেখানে আমরা নাটকও দেখেছি। এই সংসদীয় রাজনীতিকে ভারতবর্ষে কিভাবে কলুসিত করতে পারে পশ্চিমবঙ্গ বিধানসভায় এঁদের (কংগ্রেসিদের) কার্যকলাপ আমরা জানি। মহিলাদের যে ন্যায় সঙ্গত অধিকার সেই অধিকার রক্ষার স্বার্থে তারা আন্দোলন সংগঠিত করছে এবং সেই আন্দেলনের মাধ্যমে তাদের দাবি বিভিন্ন দিক থেকে উঠছে। তাতে লোকসভায় সংবিধান সংশোধন করার যে বিল (মহিলাদের জন্য) সেই বিল আনার ক্ষেত্রে একটা চক্র কি ভাবে চক্রান্ত করে যাচ্ছে। এই চক্রের চক্রান্তের দ্বারা এটাই পরিস্কার হয়ে যাচ্ছে যে, কিছুতেই এই বিলটি যাতে না আনা যায় তারজন্য চেষ্টা করছে। আমি এই বিধানসভার পক্ষ থেকে এই কথাই বলতে চাই, সমস্ত রকমের চক্রান্তকে উপেক্ষা করেই এই বিল লোকসভায় উত্থাপিত করার চেষ্টা হয়েছে, কিন্তু সেখানেও বাধা দেবার চেষ্টা হচ্ছে।. . .

(এই সময়ে মিঃ স্পিকার পরবর্তী বক্তাকে ডাকায় মাইক অফ হয়ে যায়।)

[1-00 — 1-10 p.m.]

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি হুগলি জেলার সব চেয়ে বড় মোটর তৈরির কারখানা—হিন্দমোটর কারখানা সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, এই কারখানাটিতে ১৪ হাজার শ্রমিক কাজ করেন। বিড়লা কর্তৃপক্ষ তাদের এই কারখানা সম্পর্কে রাজ্য সরকার এবং রাজ্যের মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে জানিয়েছেন যে তারা সপ্তাহে তিন দিন কারখানা

চালাবেন এবং বাকি তিন দিন লে অফ দিতে হবে। স্যার, আজকে আমি জানতে চাই যে পশ্চিমবাংলায় শ্রম দপ্তর বলে কিছু আছে কিনা? শ্রমমন্ত্রী রাইটার্স বিল্ডিং-এ প্রতিদিন আসেন কিনা? ক'দিন রাইটার্স বিল্ডি-এ তাকে পাওয়া যায়? স্যার হিন্দমোটর কারখানাতে বিড়লারা আধা ফৌজ নামিয়ে কারখানার অভ্যন্তরেই শ্রমিকদের উপর জুলুম, অত্যাচার চালাচ্ছে বলপ্রয়োগ করে তাদের ছাঁটাই করার চেষ্টা করছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি অনুরোধ করব যে তিনি বিড়লাদের এই অত্যাচারী ভূমিকার বিরুদ্ধে ব্যবস্থা নিন। সঙ্গে সঙ্গে শ্রমমন্ত্রী যাতে প্রতিদিন রাইটার্স বিল্ডিং-এ আসেন তার ব্যবস্থা করুন। আমরা যারা শ্রমিকদের স্বার্থের সঙ্গে জড়িত-সিটুও আছেন— আমরা রাইটার্স বিল্ডিং-এ গিয়ে শ্রমমন্ত্রী মহাশয়কে পাই না। তিনি আলোচনায় থাকেন না। হিন্দমোটরের শ্রমিকরা বিড়লাদের শোষনের হাত থেকে যাতে মুক্তি পায় তার ব্যবস্থা করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী সরেশ আঁকুড়ে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে কাঁকসা থানা এলাকায় গত ১১ তারিখে ভারত বন্ধের দিন যখন কমরেড আশিস গোস্বামী এবং তার দেহরক্ষী নবান্ন উৎসব সেরে ফিরছিলেন সেই সময় রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা বিজেপি ও তৃণমূলের গুণ্ডারা তার উপর বোমা মারে। কমরেড আশিস গোস্বামী তার ফলে স্কুটার থেকে ছিটকে পড়ে যান। পড়ে গিয়েও তিনি পালাবার চেষ্টা করেন কিন্তু সেই সময় ঐ গুণ্ডারা কমরেড আশিস গোস্বামীর উপর আরও ২/৩ বোমা মারে ফলে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলেই তিনি মারা যান। গ্রামবাসীরা সঙ্গে সঙ্গে ছুটে যায় এবং কিছু পুলিশও ছুটে যায়। সেখানে সেই গুণ্ডাদের সঙ্গে পুলিশের গুলি চালাচালিও হয়। তারপর ঐ গুণ্ডারা গ্রামে গিয়ে বেশ কয়েকটি ঘরে আগুন দিয়ে ছুটে পালিয়ে যায়। স্যার, ঐ বিজেপি ও তৃণমূলের গুণ্ডা যারা কমরেড আশিষ গোস্বামীকে খুন করেছে তাদের গ্রেপ্তারের দাবি জানাচ্ছি। এই ঘটনার প্রতিবাদে আজকে কাঁকসা থানা অঞ্চলে ১২ ঘন্টার বন্ধ পালিত হচ্ছে। তাছাড়া সারা বর্ধমান জেলা জুড়ে এই খুনের প্রতিবাদে ধিক্কার দিবস পালন করা হচ্ছে। আমি দোষীদের শাস্তি দাবি করছি।

**শ্রী প্রত্যুয মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিজেপি পরিচালিত কেন্দ্রীয় সরকার আজ সারা দেশের উপর যে ভাবে আক্রমণ শুরু করেছে, যে ভাবে ধ্বংসাত্মক নীতি নিয়ে চলেছে তাতে গোটা দেশের শিল্প পরিস্থিতি এবং অর্থ ব্যবস্থা

ভেঙ্গে তছনছ হয়ে যাচ্ছে। এর মধ্যে অন্যতম হচ্ছে ইস্টার্ন কোলফিল্ড লিমিটেডের দ্বারা পরিচালিত পুরোপুরি রাষ্ট্রায়ত্ত ৬৪টি কয়লাখনি বন্ধ করে দেওয়ার প্রচেষ্টা। স্যার, এই ঘটনার জন্য আমরা উদ্বিগ্ন। ইতিমধ্যে হাউসে ব্যাপারটি উত্থাপন করা হয়েছে। স্যার, আমরা দেখছি কেন্দ্রের বিজেপি পরিচালিত সরকার পশ্চিমবঙ্গ সরকারকে সেন্ট্রাল অ্যাসিস্টেন্স দেওয়ার ব্যাপারে কোনও সহায়তা করছেন না। এমন কি বন্যাত্রানের টাকা পর্যন্ত তারা দেন নি। আজকে আমরা দেখছি, গোটা পশ্চিমবাংলার অর্থ ব্যবস্থাকে বিপর্যস্ত করার জন্য ঐ কয়লাখনিগুলি সহ ৬টি রাষ্ট্রায়ত্ত সংস্থাকে বন্ধ করে দেওয়ার চক্রান্ত চলছে। স্যার, রাজ্য সরকারের মাধ্যমে আমি কেন্দ্রীয় সরকারকে জানাতে চাই যে, যে ধরণের চক্রান্ত তারা করছেন, যেভাবে প্ল্যান মোটিভ নিয়ে তারা চলেছেন তার বিরুদ্ধে গোটা পশ্চিমবঙ্গবাসী প্রতিবাদ জানাচ্ছে। আজকে স্যার, কয়লাখনির ৭২ হাজার শ্রমিক ছাঁটাই-এর সম্মুখীন। এটা কিন্তু হবার কথা নয়। স্যার, আপনি জানেন, রিভাইভাল অব কোন ইন্ডাষ্ট্রির জন্য যে কমিশন তার রিপোর্ট পেশ হয়েছে। তাতে তিনি বলেছেন যে, না, এটাকে আরো ডেভেলপ করার সুযোগ আছে। এটা মডার্নাইজ করতে পারলে আরো বেশি পরিকল্পনা মাফিক উন্নয়ন হতে পারে এবং প্রোডাকশন একটা নির্দিষ্ট মাত্রায় পৌঁছাতে পারে। কাজেই আজকে কেন্দ্রীয় সরকারের এই ধরণের কার্যকলাপের বিরুদ্ধে গোটা পশ্চিমবঙ্গের তরফে, হাউসের তরফে এবং ব্যক্তিগত ভাবে আমরা প্রতিবাদ জানাচ্ছি। গত ১১ই ডিসেম্বর গোটা পশ্চিমবঙ্গসহ সারা ভারতবর্ষব্যাপী ধর্মঘটের মধ্যে দিয়ে এই প্রতিবাদ জানানো হয়েছে এবং আগামীদিনে আরো বলিষ্ঠ প্রতিবাদ যাতে হয় তার জন্য দাবি জানাচ্ছি। যদিও আমরা জানি যে, আমাদের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় কয়লা মন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন এবং তাদের বাধ্য করেছেন এটা যাতে না হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা যাতে গ্রহণ করা যায়। এই পশ্চিমবাংলায় এত খারাপ অবস্থার মধ্যে দাঁড়িয়ে, এই চরম ফিসকেল ডেফিসিটের মধ্যে দাঁড়িয়ে কেন্দ্রের বঞ্চনা এবং প্রাইভেটাইজেশনকে ঠেকানো এবং সেই চেষ্টাকে সামনে রেখে ২৫০ কোটি টাকা আমাদের একসচেকার দিয়ে আজকে এই কয়লা খনিকে বাঁচাবার জন্য চেষ্টা করা হচ্ছে। আমি পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। আর কেন্দ্রীয় সরকারের জঘণ্য চক্রান্তের বিরুদ্ধে যথাযথ ভাবে প্রতিবাদ যাতে ধ্বনিত হয় তার জন্য আমি আমার বক্তব্য রাখলাম এবং আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে এই বক্তব্য পাঠানোর জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ মহকুমায় রাস্তা-ঘাটের অবস্থা শোচনীয়। রাস্তার সর্বত্র গর্ত হয়ে আছে ফলে যানবাহন চলাচলের অযোগ্য হয়ে উঠেছে। বেশির ভাগ সময়ে দুর্ঘটনা ঘটছে। আরামবাগ থেকে কলকাতা মাত্র ৮০ কিলো মিটার রাস্তা। এই রাস্তা আসতে ৪ ঘন্টারও বেশি সময় লাগছে আরামবাগ থেকে জয়রামবাটি, আরামবাগ থেকে বর্ধমান, আরামবাগ থেকে তারকেশ্বর ইত্যাদি সর্বত্র রাস্তা খারাপ হয়ে আছে। কাজেই অবিলম্বে এই রাস্তাগুলি যদি সংস্কার না হয় তাহলে প্রতি নিয়ত যে দুর্ঘটনা হচ্ছে, যানবাহন চলাচল বন্ধ হচ্ছে সেটার কোনও সুরাহা হবে না। আপনি জানেন যে আরামবাগ মহকুমায় কোনও ট্রেন নেই, বাসের উপরে সকলকে যাতায়াত করতে হয়। স্বাভাবিক কারণে এই বাস রাস্তা যাতে সংস্কার করা হয় তার জন্য আমি পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডঃ তপতী সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে এই সভায় উপস্থিত করতে চাই। গত ১১ই ডিসেম্বর পার্লামেন্টে .

. . . (নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশন) . . .

**মিঃ স্পিকার ঃ** বসুন বসুন, আমি দাঁড়িয়েছি। লোকসভার অভ্যন্তরীণ ব্যাপার নিয়ে এখানে আমরা আলোচনা করতে পারি না অ্যাজ ইট ওয়াজ পার্লামেন্টারি ডিবেট। লোকসভার ভেতরে যদি কিছু ঘটেও থাকে, সেটা নিয়ে আলোচনা করতে পারি না। তার জন্য লোকসভায় বিষয় নিয়ে উনি যদি কিছু বলে থাকেন সেটা বাদ যাবে।

**শ্রী লক্ষণ বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর, শিল্পমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে পশ্চিমবঙ্গের ৬টি রাষ্ট্রায়ত্ব কারখানা এবং ৬৪টি কোলিয়ারি বন্ধ করে দিয়ে ৭২,০০০ শ্রমিককে ছাঁটাই করবার জন্য তৈরি হয়েছে কেন্দ্রীয় সরকার। গত ২২.১০.১৯৯৮ তারিখে বোর্ড মিটিংয়ে তারা সিদ্ধান্ত নিয়েছেন যে, ঐ ৬৪টি কোলিয়ারি বন্ধ করে দেওয়া হবে এবং তার সাথে সাথে ৭২,০০০ শ্রমিককে ছাঁটাই করা হয়। তাঁরা বলছেন, আমাদের সেস ব্যবস্থা যা রয়েছে সেটা যদি তুলে দেওয়া হয় তাহলে কোলিয়ারিগুলি বাঁচতে পারে এবং লাভবান হতে পারে। আপনি জানেন যে, সেসের সাতে ই.সি.এফ.-এর লসের কোন কারণ নেই, কাজেই বক্তব্যটা যুক্তিহীন। লসটা

হচ্ছে কোথায়? চার হাজার কোটি টাকা দেওয়া হয়েছিল খনিগুলোকে আধুনিকীকরণ করবার জন্য, কিন্তু চার হাজার কোটি টাকা খরচ করে তারা ৪,০৪০ কোটি টাকা লস করেছেন। কাজেই কথাটা ঠিক নয়। যদি কেন্দ্রীয় সরকার এ-ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ না করেন তাহলে কয়লাখনি অঞ্চলসহ পশ্চিমবঙ্গের অর্থনীতি ধ্বংস হবে এবং তারফলে একটা বিপর্যয় নেমে আসবে এখানে। আজকে কেন্দ্রীয় সরকার সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে প্রাইভেট মালিকানার হাতে তুলে দেবার একটা সর্বনামা নীতি গ্রহণ করেছেন। এটা যদি আটকানো না যায় তাহলে সমস্ত কয়লাখনিগুলি বন্ধ হয়ে যাবে, ফলে একটা অর্থনৈতিক বিপর্যয় ঘটবে এবং তারফলে ব্যবসা-বাণিজ্য পর্যন্ত বন্ধ হয়ে যেতে পারে। যাতে এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যায় তারজন্য প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলতে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

[1-10 — 2-15 p.m. including adjournment]

**শ্রী অজয় দে** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কলকাতার বুকে হাসপাতালগুলির যে অবস্থা হয়েছে, সেখানে চিকিৎসার কোনও ব্যবস্থা নেই। দীর্ঘদিন ধরে গ্রামের মানুষ যারা চিকিৎসিত হতে হসপিটালগুলিতে আসছেন তাদের চিকিৎসার কোনও ব্যবস্থা হচ্ছে না। অথচ দেখা যাচ্ছে, সরকার হসপিটালগুলিতে ফি বাড়িয়ে দিয়েছেন। গ্রামাঞ্চলে সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টার বা প্রাইমারি হেল্‌থ সেন্টারগুলি যা রয়েছে সেখানেও কোনওরকম চিকিৎসার ব্যবস্থা নেই।

একটা এক্সরে করাতে গেলে দীর্ঘদিন ঘুরতে হয়। আমার নির্বাচনী এলাকার মধ্যে অবস্থিত ফুলিয়ায় ৫০-৬০ হাজার মানুষ বাস করে, সেখানে একটা স্বাস্থ্যকেন্দ্র আছে। সেখানে দীর্ঘদিন একজন ডাক্তার দিয়ে আউটডোর চালানো হয়। সরকার আজ থেকে ৩ বছর আগে এই স্বাস্থ্যকেন্দ্রকে পি.এইচ.ই.-তে রূপান্তরিত করবে বলে সিদ্ধান্ত নেয়। কিন্তু আজ পর্যন্ত সেখানে পরিকাঠামো কোনও পরিবর্তন করা হয় নি। সেই স্বাস্থ্য কেন্দ্রে কোনও এক্সরে মেসিন নেই, ইনডোরের কোনও ব্যবস্থা নেই কোনও প্যাথোলজিস্ট নেই কিছু নেই। তাই আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দাবি জানাচ্ছি অবিলম্বে এই স্বাস্থ্যকেন্দ্রের ব্যাপারে তিন বছর আগে সরকার যে সিদ্ধান্ত গ্রহণ করেছিল, এই স্বাস্থ্য কেন্দ্রকে পি.এইচ.ই. হিসাবে ট্রিট করা হবে, সেটা যেন কার্যকর করা হয়।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, গত কয়েক দিন ধরে আমি একটা বিষয় ভাবছি। আমার মনে হয়েছে যে অক্টোবর নভেম্বর মাসে এই রাজ্যে হিংসাত্মক ঘটনা কম হয়েছিল। কিন্তু আবার দেখতে পাচ্ছি ডিসেম্বর মাস পড়তে না পড়তেই গ্রামে সংঘর্ষের ঘটনা বেড়ে গিয়েছে। আজকে স্যার দু'জন শাসন দলের সদস্য বলছিলেন যে তাঁদের কর্মী খুন হয়েছে। আজকে কাগজে আছে যে সি.পি.এম.-এর নেতা মারা গিয়েছে, তারজন্য মগরাহাটের উস্থিতে বন্ধ হয়েছে। তারপর দেখতে পাচ্ছি কাঁকসায় ৪১ জন সি.পি.এম. সমর্থককে গ্রেপ্তার করা হয়েছে, কারণ তারা ১০০টা বাড়ি পুড়িয়ে দিয়েছে, ৩০০ মতো লোক গ্রাম থেকে পালিয়ে গিয়েছে। সি.পি.এম-এর একটা লোক খুন হয়েছে, মগরাহাটের উস্থিতে এই ঘটনা ঘটেছে, কাঁকসায় ঘটনা ঘটেছে, আরামবাগের খানা কুলে সংঘর্ষ হচ্ছে, গড়বেতায় হচ্ছে, কেশপুরে হচ্ছে শালবনীতে হচ্ছে। গ্রামবাংলায় এখন ফসল কাটার সময়, এই সময় সংঘর্ষ শুরু হয়েছে। সি.পি.এম. ক্যাডারদের হিংসাত্মক পথ অবিলম্বে প্রত্যাহার করাই উচিত। তারা আজকে হিংসার পথ অবলম্বন করেছে। কোথাও কোথাও মানুষ রুখে দাঁড়াচ্ছে। সি.পি.এম. ক্যাডারদের হাতে মানুষ একচেটিয়া ভাবে মার খেয়ে এসেছে, কোনও কোনও জায়গায় আজকে মানুষের প্রতিরোধ হচ্ছে। পুলিশ আজকে এই ক্যাডারদের বাঁচাতে পারছে না। সি.পি.এম. দীর্ঘদিন ধরে কনট্রোল্ড টেরর, নিয়ন্ত্রিত সন্ত্রাস চালিয়ে এসেছে। আজকে কোথাও কোথাও বাধাপ্রাপ্ত হচ্ছে, কোথাও কোথাও মানুষ তার প্রতিকার করছে। এই ধরণের বিশৃঙ্খলা যাতে না হয় তার জন্য সি.পি.এম.-কে হিংসার রাজনীতি থেকে বিরত থাকার অনুরোধ জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি আবার মিলিত হবো ২-১৫ মিনিটে।

[2-15 — 2-17 p.m.] (After recess)

## LEGISLATION

### The Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1998

and

### The City Civil Court (Amendment) Bill, 1998

**Mr. Speaker :** I think, the Minister will withdraw The Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1998 and The City Civil Court (Amendment) Bill, 1998.

**শ্রী নিশীথ অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিলটি আর একটি বিলের উপরে নির্ভরশীল। সেই বিলটি আনা যায় নি। এই কারণে আমি এটাকে উইথড্র করার জন্য আপনার পারমিশন চাইছি।

**Mr. Speaker :** Leave to withdraw both the Presidency Small Cause Courts (West Bengal Amendment) Bill, 1998 and the City Civil Court (Amendment) Bill, 1998 be granted was then put and agreed to.

## Adjournment

The House was then adjournment at 2-17 p.m. till 11 a.m. on Tuesday, the 15th December, 1998, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 15th December, 1998 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 6 Ministers of State and 141 Members.

[11-00 — 11-10 a.m.]

## STARRED QUESTIONS
### (to which Oral Answers were given)

### নিয়ন্ত্রিত বাজার থেকে আদায়ীকৃত অর্থের পরিমাণ

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪০) **শ্রী আব্দুল মান্নান** ঃ কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে কতগুলি নিয়ন্ত্রিত বাজার থেকে কি হারে মার্কেট ফি আদায় করা হয়েছে;

(খ) আদায়ীকৃত অর্থের মোট পরিমাণ কত;

(গ) উক্ত আর্থিক বছরে উন্নয়নমূলক কাজের জন্য কতগুলি বাজারে কি পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে;

(ঘ) শেওড়াফুলি নিয়ন্ত্রিত বাজারে উক্ত আর্থিক বছরে মার্কেট ফি বাবদ আয় কত; এবং

(ঙ) উন্নয়নমূলক কাজ বাবদ ব্যয়িত অর্থের পরিমাণ কত?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ**

(ক) ৩৮টি নিয়ন্ত্রিত বাজার থেকে বিভিন্ন কৃষি পন্যের উপর নিম্নলিখিত হারে মার্কেট ফি আদায় করা হয়েছে ঃ-

তন্ডুল জাতীয় শস্য ঃ ১/২ শতাংশ

ডাল জাতীয় শস্য ঃ ১ শতাংশ

পাট জাতীয় শস্য ঃ ১ শতাংশ

আলু জাতীয় শস্য ঃ কুইন্ট্যাল প্রতি ১ টাকা

(খ) ১৪.৩৭ কোটি টাকা।

(গ) ৩৩টি নিয়ন্ত্রিত বাজারে উন্নয়নমূলক কাজের জন্য সর্বমোট ৫.৩৩ কোটি টাকা ব্যয়িত হয়েছে।

(ঘ) ৪১.৮৭ লক্ষ টাকা।

(ঙ) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ৯৪ লক্ষ টাকা উন্নয়নমূলক কাজের পরিকল্পনা নেওয়া হয়েছে। উক্ত আর্থিক বছরে ৫.৭৮ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি বলেছেন ৩৮টি নিয়ন্ত্রিত বাজার থেকে মোট ১৪ কোটি ৩৭ লক্ষ টাকা গত ৯৭-৯৮ সালের আর্থিক বছরে ফিস বাবদ আদায় করেছেন। তার মধ্যে ৩৩টি রেগুলেটেড মার্কেট এর উন্নয়নমূলক কাজের জন্য ৫.৩৩ কোটি টাকা ব্যয় এর কথা বলেছেন, শেওড়াফুলিতে দেখা যাচ্ছে ঐ সময়ে ফি বাবদ আয় হয়েছে ৪১.৮৭ লক্ষ টাকা; কিন্তু আপনার ব্যয় করার কথা ছিল ৯৪ লক্ষ টাকার। আপনি করেছেন মাত্র ৫ লক্ষ ৭৮ হাজার টাকা। আমার প্রশ্ন ৩৮টি নিয়ন্ত্রিত বাজার থেকে মার্কেট ফি আদায় করছেন, রেগুলেটেড মার্কেট অ্যাক্ট অনুযায়ী। কিন্তু দেখা যাচ্ছে আপনি ৩৩টির উন্নয়নমূলক কাজের জন্য ব্যয় করেছেন বলেছেন, তাহলে বাকি ৫টি কোন কোন রেগুলেটেড মার্কেট আছে যেখানে উন্নয়নমূলক কাজ করছেন না, সেইগুলির নাম কি, এবং কেনই বা সেখানে উন্নয়নমূলক কাজ করছেন না? কারণটাই বা কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** নামগুলি হল, বাঁকুড়া জেলার সিমলাপাল, মুর্শিদাবাদ জেলার কান্দি, দার্জিলিং জেলার কালিংপঙ, উত্তর ২৪ পরগণা জেলার অর্ন্তগত বারাসাত, মেদিনীপুরের ঘাটাল। এই নিয়ন্ত্রিত বাজারগুলি থেকে যে

আয় তা অত্যন্ত নগণ্য, সংশ্লিষ্ট কর্মচারিদের মাহিনা দিতেই চলে যায়। কারণটা হচ্ছে যে টাকাটা ঐসব মার্কেট থেকে রোজগার হয় সেই টাকাতে কর্মচারিদের বেতনই হয়না, সেইজন্য ওখানে কিছু করা যায়নি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে টাকাটা মার্কেট ফি বাবদ আদায় করা হয় সেই টাকাটা ঐ পাঁচটি মার্কেটের ক্ষেত্রে কম বলে সেখানে কোনও উন্নয়নমূলক কাজ করা সম্ভব হয়নি। কিন্তু যেখানে টাকা বেশি আদায় করা হয় সেখানে বেশি ব্যয় করা যাবেনা কেন? ১৪ কোটি ৩৭ লক্ষ টাকা আদায় করেছেন, কিন্তু ৫ কোটি ৪৩ লক্ষ টাকা আপনি খরচ করেছেন। এখনও নয় কোটি টাকা উদ্বৃত্ত রয়েছে, সেই টাকাটা বাজার ডেভেলপমেন্টের জন্য লাগানো হল না কেন?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমাদের মার্কেট ফি বাবদ যে টাকাটা আয় হয় তার থেকেই আমাদের বেতন দিতে হয় এবং ২০ পারসেন্ট ডেভেলপমেন্ট বাবদ রিজার্ভ করতে হয়। গত বছরে পঞ্চায়েত নির্বাচন এবং সংসদীয় নির্বাচনের নোটিস জারি হওয়ার পরে আমরা কোনও উন্নয়নমূলক কাজ করতে পারিনি। সেইজন্য ঐ বছরে অনেক কম কাজ হয়েছে। আর শেওড়াফুলি বাজারের ক্ষেত্রে ন্যাবার্ডের কাছ থেকে একটা টাকা পাওয়ার কথা ছিল, কিন্তু টাকা না পাওয়ার জন্য কাজগুলো করা সম্ভব হয়নি। এই বছরে আমরা কাজগুলো করব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমি শুধু ১৯৯৭-৯৮ সালের প্রশ্নই দিয়েছি, আরও পিছনের প্রশ্ন আমি দিইনি, কারণ আমি জানি আপনি উত্তর দিতে পারবেন না। মন্ত্রীসভার মধ্যে আপনি হচ্ছেন এক বিরল দৃষ্টান্ত। ৪৫টি রেগুলেটেড মার্কেট আছে, কিন্তু কোনও রেগুলেটেড মার্কেটেই কমিটি আপনি করেননি। সব জায়গাতে নমিনেটেড কমিটি রয়েছে। অ্যাডমিনিস্ট্রেটর রয়েছে। রেগুলেটেড মার্কেট অ্যাক্ট অনুযায়ী যেখানে বিধায়করা ভাইস-চেয়ারম্যান এবং ডি.এম. বা এস.ডি.ও.-রা চেয়ারম্যান হওয়ার কথা, সেখানে কোনও জায়গাতেই আপনারা কমিটি করলেন না। বছরের পর বছর ধরে রেগুলেটেড মার্কেটগুলো থেকে ফি আদায় করা হচ্ছে, কিন্তু মার্কেটগুলোর যে দুরাবস্থা তা এগ্রিকালচারাল সাবজেকট কমিটি ভিজিট করে দেখে এসেছে। কোনও জায়গাতেই আপনি অ্যাসুওরেন্স ফুলফিল করেননি। আপনার বিবৃতি অনুযায়ী দেখা যাচ্ছে যে,

শেওড়াফুলিতে ৯৪ লক্ষ টাকার স্কিম নেওয়া হয়েছিল, কিন্তু ৫ লক্ষ ৭৮ হাজার টাকা আপনি সেখানে খরচ করতে পেরেছেন, অর্থাৎ ৮৯ লক্ষ টাকার কাজ এখনও বাকি আছে। আনফরচুনেটলি আমি বলতে বাধ্য হচ্ছি, এই মন্ত্রীসভার আপনি হচ্ছেন একজন মন্ত্রী যার কাছে যাওয়াটা ছেড়ে দিয়েছি। আপনার কাছে বহুবার গিয়েছি কিন্তু কোনও সদুত্তর পাইনি। আপনি এক মিনিটের জন্য দেখা করার সময় পাননা, এতই ব্যস্ত। যেহেতু এই প্রশ্নটার সাথে আমার বিধানসভা কেন্দ্রের স্বার্থ জড়িত আছে, সেইহেতু, আমি জিজ্ঞাসা করছি। তবে এই সমস্ত প্রবলেমগুলো কোশ্চেন আওয়ারে সলভ্ হয় না। যতবার ওনার ঘরে দেখা করতে গিয়েছি উনি একবারও কথা বলেননি। বলেছেন টাইপ করে দরখাস্ত দিয়ে যাবেন। দিস্তা, দিস্তা আমি টাইপ করে ওনাকে চিঠি দিয়েছি, কিন্তু কোনও কাজ হয়নি। আমি ফ্রাস্টেটেড হয়ে গেছি। ১৯৯৬ সালের পর থেকে আমি ওনার কাছ অনেকবার গিয়েছি, কিন্তু আজ পর্য্যন্ত কোনও কাজ হয়নি।

এখানেও কোনও পজিটিভ্ উত্তর পাচ্ছি না, সেইজন্য ক্ষোভ প্রকাশ করলাম।

৯৪ লক্ষ টাকার উন্নয়নমূলক কাজের মধ্যে শেওড়াফুলি রেগুলেটেড মার্কেটের জন্য ৫ লক্ষ ৭৮ হাজার টাকার কাজ হয়েছে, বাকি টাকার কাজ কবে নাগাদ করবেন এবং কি কি কাজ করবেন, সেটা বলবেন।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** কোনওখানেই কমিটি নেই, এই কথাটা ঠিক নয়। কয়েকটি জায়গায় নেই, সেটা আমরা নোট করেছি। (নয়েজ) ৯৪ লক্ষ টাকার মধ্যে ৬০ লক্ষ টাকার কাজ বাজার চত্বরের জন্য, সেখানে ন্যাবার্ডের টাকা পাওয়ার কথা ছিল। সেখানে আমরা একটা সবজী মান্ডি করব। আপনি আমার সঙ্গে আলোচনা করার সময় পাচ্ছেন না, এটা দুর্ভাগ্য। কিন্তু আপনি একদিনও ফিরে যাননি, আপনার সমস্ত কাজই হয়েছে,। কোন কোন কাজ হয়নি, সেটা বলুন। কোন কোন কাজ হয়েছে তার জন্য নোটিস দিন, উত্তর দেব।

**শ্রী আব্দুল মান্নান :** আমি জানতে চেয়েছিলাম, বাকি টাকার কাজ কবে নাগাদ সম্পূর্ণ হবে?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই আর্থিক বছরের মধ্যেই সেই টাকার কাজ হবে, আরও বেশি হবে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোন কোন জেলায় কোন কোন পরিকল্পনার কাজ সম্পূর্ণ হয়েছে, কোনটা হয়নি, কতদিনের মধ্যে হবে?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এটা এক্ষুনি বলতে পারব না, নোটিস দিলে বলতে পারব।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, তমলুকে একটি রেগুলেটেড মার্কেট আছে। দীর্ঘ ২৫ বছর ধরে, আমারা নিজেরাও ৫/৬ বছর যুক্ত ছিলাম, সেখানে কোনও কাজ হয়নি, যদিও সেখান থেকে প্রচুর ট্যাক্স বাবদ টাকা তোলা হয়। সেখানে একটি মার্কেট করার প্রশ্ন আছে। পান কিছু স্টোর হচ্ছে না। আমার তাই স্পেসিফিক প্রশ্ন মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে তমলুক মিনি মার্কেটের ডেভেলপমেন্টের কাজ কবে করবেন? আমরা দেখছি, উন্নয়নের নাম করে মিটিং হচ্ছে, আর খাওয়া দাওয়া হচ্ছে, আর কিছুই হচ্ছে না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন করছেন, আমি সেই ব্যাপারে বলছি যে, আমি ২৫ বছরের কথা বলতে পারব না, তবে একটা কথা বলতে পারি যে, ওইখানে কোনও টাকা আগে তোলা হচ্ছিল না। গত ৩ বছরে তোলা হচ্ছে। ওখানে একটা জমি পানবাজার করার জন্য তমলুকে অ্যাকোয়ার করে রাখা আছে। সেই টাকাটা দেওয়া হয়নি। ওখানে এত সংখ্যক কর্মী আছে, যার বেতন দিয়ে বেশি টাকা বাঁচানো যাচ্ছে না। ওই যে জমি ছিল, তার দাম অনেক বেড়ে গেছে। তা সত্ত্বেও আমরা ওই জায়গাটাকে কিনছি। ওখানে পানবাজার করার চেষ্টা করব। ওই অ্যাকোয়ার জমির দাম সুদ সহ ১ কোটি টাকা। ওটা অনেক আগে অ্যাকোয়ার করা হয়েছে। এখন সুদ দিয়ে ওই জায়গাটাই কিনছি। ওইটা ছেড়ে দেওয়ার কথা হচ্ছিল। তবে আমরা ওখানেই এই বছরই পানবাজার করার চেষ্টা করছি।

**শ্রী কমল গুহ ঃ** মাননীয় মন্ত্রিমহোদয়, আপনি বলছেন যে, মার্কেট থেকে আদায় হয়, তার থেকে বেতন দিতে হয়। নিয়ম হচ্ছে যে, মার্কেট কমিটি ৫০ পারসেন্ট বেতন দেবে, আর গভর্নমেন্ট দেবে ৫০ পারসেন্ট। এই নিয়মের কি কোনও পরিবর্তন হয়েছে?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** নিয়মের কোনও পরিবর্তন হয়নি এবং নিয়মের পরিবর্তন কতরার জন্য আমাদের একটা কমিটি করা হয়েছে। তারা এটা বিচার বিবেচনা করছে।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** স্যার, আমার বিধানসভা এলাকায় দুটো মার্কেট কমিটি আছে। একটা হচ্ছে ঝাঁকড়া এবং আর একটা চন্দ্রকোণা। আপনি বললেন যে, রেগুলেটেড মার্কেট কমিটির উন্নয়নের জন্য কোনও টাকা দেওয়া যায় নি। টাকা পয়সা আছে কিন্তু ২২টা কোল্ড স্টোরেজ করার কথা ছিল কিন্তু হয়নি। যদি আমরা কোনও মাস্টার প্ল্যান সাবমিট করি, তাহলে আপনি বা অর্থ দপ্তর উন্নয়নের জন্য টাকা দিতে পারবেন কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমার বিভাগ থেকে দিতে পারব না। আপনার টাকা আপনার ওখানেই খরচ হবে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** স্যার, ধুলিয়ান রেগুলেটেড মার্কেট সেখানে অনেকদিন থেকে কোনও কমিটি নেই এবং সেই মার্কেটে অনেক টাকা সত্ত্বেও কোনও ডেভেলপমেন্ট ওয়ার্ক হচ্ছে না। এই ব্যাপারে কোনও ব্যবস্থা গ্রহণ করছেন কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমি আপনার সঙ্গে অনেকটাই একমত। ধুলিয়ানের কোনও ডেভেলপমেন্ট এর কাজ করতে পারিনি। আমরা জঙ্গিপুরে জমি কেনার জন্য ডি.এমকে বলেছি। ওখানে একটা অফিস নেই। এই ব্যাপারে আপনাদের কোনও সাজেশন যদি থাকে, তাহলে সেটা দিলে আমরা সেটা করার চেষ্টা করব।

দ্বিতীয় নাম্বার হচ্ছে। আমরা একটা রিভিউ কমিটি করেছি, এই কমিটি তার সম্বন্ধে। সেইজন্য আমরা একটা করতে পারিনি। আমরা কমিটি করে দেব। ওই রিপোর্ট আপনার সামনে আসবে অ্যামেন্ডমেন্টের জন্য। ডেভেলপমেন্টের কাজটা বন্ধ থাকবে না। ওখানে একজন সেক্রেটারি ছিলেন, তিনি ভালো কাজ করেন নি। তাকে সরিয়ে দেওয়া হচ্ছে। ডি.এমকে বলা হয়েছে যে ওখানে একজন উপযুক্ত এ.ডি.এমকে চার্জ দিতে যাতে কাজগুলি হয়। ওখানে নতুন অফিসার বসানো হচ্ছে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** স্যার, আমার এলাকায় যে রেগুলেটেড মার্কেট আছে, সেখানের থেকে চেকিং এর ঠিকমতো ব্যবস্থা নেই। এর ফলে চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। কারণ যারা মার্চেন্টম্যান নয়, তারা চাষীদের কাছ থেকে সেই টাকা আদায়

করে নিচ্ছে। এর ফলে চাষীদের উপর ওভার ট্যাকসেশন হচ্ছে। একেই তো চাষীরা ফসলের নায্য দাম পায় না। তার উপর এই ওভার ট্যাকসেশন। আর চেকপোস্টগুলি বন্ধ করার কোনও পরিকল্পনা আপনার আছে কিনা? লালবাগ আর এম সিতে অন্য আর এম সি থেকে লোক নিয়ে চালানো হচ্ছে। সেখানে নতুন লোক নিয়োগের কোনও পরিকল্পনা আপনাদের আছে কি?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই প্রশ্নের সঙ্গে যদিও কোনও সম্পর্ক নেই, তবুও আপনার অবগতির জন্য জানাই যে আমরা কোন চাষীর কাছ থেকে ট্যাক্স আদায় করি না। যারা ক্রেতা, যারা কিনে বাইরে নিয়ে যায় তাদের কাছ থেকে নেওয়া হয়। কিছু ক্ষেত্রে ওভার ল্যাপিং হলেও হতে পারে। সেজন্য লালবাগকে আলাদা করে দেওয়া হয়েছে। কাশিমবাজারকে আলাদা করে দেওয়া হয়েছে। চেকপোস্ট বন্ধ করার কোনও পরিকল্পনা আমাদের নেই।

## রাজ্যে আই.সি.ডি.এস. প্রকল্প

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) **ডাঃ রামচন্দ্র মন্ডল** ঃ সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, রাজ্যে জেলাভিত্তিক আই.সি.ডি.এস. প্রকল্পের মধ্যে কয়টি জেলায় সি.এ.আর.ই. ফুড সাপ্লাই বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত নির্দেশের কারণ কি;

(গ) সি.এ.আর.ই. যে পুষ্টিকর খাদ্য সরবরাহ করতো তার বিকল্প কী ধরনের পুষ্টিকর খাদ্যের ব্যবস্থা করা হয়েছে; এবং

(ঘ) উক্ত খাদ্যের জন্য প্রতিটি শিশু বা মায়ের কত পরিমাণ অর্থ গড়ে ধার্য করা হয়েছে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত নির্দেশের কারণ হল সি.এ.আর.ই. এর ভৌগলিক একত্রীকরণ নীতি ও সীমিত উৎস।

(গ) স্থানীয় খাবার হিসাবে চাল ও ডালের খিচুড়ির ব্যবস্থা করা হয়েছে।

(ঘ) উক্ত খাদ্যের জন্য প্রতিটি শিশু বা মায়ের উদ্দেশ্যে বিকল্প খাদ্য ব্যবস্থা (স্থানীয় খাদ্য) মাথা পিছু গড়ে ৮০ পয়সা (আশি পয়সা) হিসাবে প্রতিদিন ধার্য্য করা আছে। কিন্তু দারুণ অপুষ্ট ও গর্ভবতী বা প্রসূতি মায়ের জন্য গড়ে ১ টাকা ৬০ পয়সা (এক টাকা যাট পয়সা) হিসাবে ধার্য করা আছে।

**শ্রী রামচন্দ্র মন্ডল ঃ** প্রথম প্রশ্নের উত্তর দেবার সময় উনি জানালেন যে রাজ্যে জেলা ভিত্তিক আই.সি.ডি.এম. প্রকল্পের মধ্যে কয়েকটি জেলাকে—৫টি জেলাকে বাইরে রাখা হয়েছে। ইনক্লুডিং সাউথ ২৪ পরগণা। বাকীগুলোকে রাখা হয় নি। আপনি বলেছেন ইউনিফর্ম পলিসি—ভৌগলিক একত্রীকরণ। কি ভাবে একত্রীকরণ ঠিক করা হল ৫টা জেলাকে বাদ দিয়ে।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আপনি জানেন যে কেয়ারের পক্ষ থেকে এটাকে ঠিক করা হয়। আমাদের উপর এটা নির্ভর করে না। প্রত্যেকটা জেলাতেই একটা দুটো বাদ গেছে। কারণ হচ্ছে ৫৮টা আই.সি.ডি.এস প্রোজেকটে কেয়ার খাবার বন্ধ করেছে। কেয়ারই সেটা করেছে।

**শ্রী রামচন্দ্র মন্ডল ঃ** এই যে পুষ্টিকর খাদ্যের ব্যবস্থা করা হয়েছে, চাল ডাল দিয়ে যে খিচুড়ির ব্যবস্থা করা হয়েছে কিন্তু কেয়ার যে ফুড দেয় সেটা তো একটা হোলসাম ফুড। সয়াবিন ইত্যাদি দিয়ে তৈরি। তার ফলে একটা পুষ্টিকর খাদ্য তৈরি হচ্ছে। চাল ডাল দিয়ে তৈরি খিচুড়ির সঙ্গে এটাকে তুলনা করা যায় কিনা? এ ব্যাপারে কি আপনি কোনও নিউট্রিশন এক্সপার্ট এর সঙ্গে কথা বলেছেন। কেরালাতে কিন্তু আমি দেখেছি নিউট্রিশন এক্সপার্টের সঙ্গে তারা আলোচনা করে নেয়। খিচুড়ির সঙ্গে এই ফুডের তুলনা করা যায়। অ্যাকসেপটিবিলিটি অব দি চিলড্রেন তাদের যে ফুড দেওয়া হচ্ছে সেটা কি যুক্তিযুক্ত?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আমাদের যারা নিউট্রিশন এক্সপার্ট আছেন তাদের সাথে কথা বলেছি। আমরা দিল্লি গভর্নমেন্টের সাথে যোগাযোগ করেছি, ইউনিসেফের সাথেও যোগাযোগ করেছি। এই ধরণের খাবার ফুড প্যাকেট করে দেওয়া যায় কিনা। ফুড প্যাকেট করে যদি দেওয়া যায় তাহলে আমাদের নিতে কোনও অসুবিধা নেই। সে নিয়েও আমরা আলোচনা করেছি।

**শ্রী রামচন্দ্র মন্ডল ঃ** চাল ডালের কথা হচ্ছে, টেন্ডার করা হচ্ছে। আগস্ট মাস থেকে বন্ধ করে দিলেন। সেই থেকে বন্ধ হয়ে আছে। টেন্ডার মানে লো কোয়ালিটি এবং সেখানে চাল, ডালের কোয়ালিটি মেনটেন করা যাচ্ছে না। এটা ৮০ পয়সা এবং ১.৬০ পয়সা বলছেন এটা ১৯৮১ সালে ধার্য ছিল এবং আজ ১৯৯৮ সালেও চলছে, অথচ এখন নয়গুন জিনিসের প্রাইস ইনক্রিজ করেছে। আপনি কি করে সেই প্রাইসে চাল ডাল দেবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আগে দিল্লির সরকারের সাথে যে চুক্তি ছিল এখন সেই চুক্তি নেই। স্বাভাবিক ভাবেই এটার গোটাটা রাজ্য সরকারের উপর পড়েছে। রাজ্য সরকারের আর্থিক সীমাবদ্ধতা আছে, তবে আমরা চেষ্টা করছি এ ক্ষেত্রে কিছু বাড়ানো যায় কি না এবং তার জন্য ভাবনাচিন্তা করছি এবং অর্থ দপ্তরের সাথে এ ব্যাপারে যোগাযোগ করা হচ্ছে। আর খাবার বন্ধ করার কথা বলেছেন, সেটা হচ্ছে আমরা অর্থদপ্তরের অনুমোদন আশা করছি এর মধ্যে পাব। পেলেই আমরা এটা দিতে পারব। আর টেন্ডার পদ্ধতির কথা বললেন, এ ব্যাপারে সরকারি নিয়মের মধ্যেই কাজ করতে হয়।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে আমাদের দার্জিলিং এর টি-গার্ডেন, আর্বান এরিয়া এবং ফরেস্ট ভিলেজে আই.সি.ডি.এস. প্রকল্পের কাজ শুরু করার কোনও ভাবনা-চিন্তা সরকারের আছে কিনা?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আমরা এর মধ্যেই একটা সিদ্ধান্ত নিয়েছি, বিভিন্ন জায়গায় আমরা চেষ্টা করছি। আমরা সিদ্ধান্তগত ভাবে কেন্দ্রীয় সরকারের কাছে আরও বেশি কোটা চাইছি, যদি দেয়। তাহলে আমরা সব জায়গাতেই পূর্ণভাবে শুরু করতে পারব।

**ডাঃ নির্মল সিনহা ঃ** মিঃ স্পিকার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাসা উনি বললেন রাজ্য সরকারের কাছে বা অর্থদপ্তরের কাছে বরাদ্দ বাড়াবার বা সাহায্যের জন্য বলেছি। সেই জন্য সমস্ত জায়গায় চাল, ডালের টেন্ডার যেখানে হয় সেগুলি বন্ধ আছে। কিন্তু আমার এলাকা মগরায় টেন্ডার হয়েছে পুরনো সিডিউল অনুযায়ী। নতুন করে যদি বরাদ্দ বাড়ে তাহলে এই টেন্ডার বন্ধ হয়ে যাবে, নাকি নতুন বাড়তি বরাদ্দ অনুযায়ী খাদ্য সরবরাহ হবে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এটা অবিলম্বে বিভিন্ন জায়গায় শুরু করব।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি আই.সি.ডি.এস. প্রকল্প যে সব ব্লকে চালু আছে, সেই প্রকল্পগুলি দেখ-ভালের জন্য এবং কর্মী নিয়োগের ব্যাপারে সেই এলাকার বিধায়ককে সভাপতি করে একটা কমিটি রয়েছে। কিন্তু সম্প্রতি যে সব জায়গায় এন.জি.ও. দের উপর দায়িত্ব দেওয়া হয়েছে বা যেখানে এন.জি.ও.রা চালু করেছে বা চালু করতে যাচ্ছে, সেখানে ব্লক স্তরে বিধায়ককে সভাপতি করে কমিটি করা নেই। যেখানে এন.জি.ওরা চালাচ্ছে সেখানে কমিটি তৈরি করে রিক্রুটমেন্ট, সুপারভিশন, মনিটরিং এগুলি করার কথা ভাবছেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** চিন্তা-ভাবনা আছে।

**শ্রী কিরীটি বাগদি ঃ** আমার ইন্দপুর বিধানসভা কেন্দ্রে আই.সি.ডি.এসের অফিসার সি.ডি.পি.ওরা আছে। তাদের উপর রানিবাঁধ খাতরা ১ নম্বর ব্লকেরও পরিচালন ভার দেওয়া হয়েছে। এই সেন্টারগুলির অবস্থা অত্যন্ত শোচনীয়। দেখাশোনা করার অবস্থায় থাকে না। আমার প্রশ্ন হচ্ছে নুতন করে সি.ডি.পি.ও. নিয়োগ করার কোনও পরিকল্পনা আছে কিনা?

[11-30 — 11-40 a.m.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** সি.ডি.পি.ও. পোস্ট পি.এস.সি. থেকে ইন্টারভিউর মাধ্যমে পূরন করা হয় এবং সেই ভাবে সমস্ত জায়গায় লোক দিয়ে দেওয়া হবে। বর্তমানে কিছু পাওয়া গেছে সেটা দিয়ে দেওয়া হচ্ছে।

**শ্রী অজয় দে ঃ** এই যে প্রকল্পগুলো চলছে তাতে সরকারি নিয়ম হচ্ছে হাজার লোকসংখ্যা পিছু একটা করে সেন্টার করা। অনেক জায়গায় রুরাল-আরবান মিক্সড হয়ে আছে। আমার এলাকায় ১৯৯১-র সেনসাস অনুযায়ী পপুলেশন হচ্ছে ২ লক্ষ ৭৬ হাজার। অর্থাৎ ২৭৬টা সেন্টার হওয়া উচিৎ। কিন্তু অনেক কম আছে, অনেক জায়গায় নেই। তাই আমার প্রশ্ন ঐসব এলাকার ক্ষেত্রে কি চিন্তা-ভাবনা করছেন এবং শহর ও গ্রামাঞ্চল আলাদা করে সবাইকে কভারের ক্ষেত্রেই বা কি ভেবেছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এটা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ঠিক করা হয়। যে সমস্ত জায়গায় পপুলেশন বেড়েছে সেখানে যাতে কোটা দেওয়া হয় সে জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছি। এছাড়া সাড়ে সাতশো এবং হাজারের উপরে যে

সংখ্যাটা আছে সেটা কমিয়ে দেওয়া যায় কিনা সে ব্যাপারেও কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব দিয়েছি। কিন্তু ওঁরা উক্ত বিষয়গুলোর ক্ষেত্রে এখনও আমাদের কিছু জানায় নি।

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** আমার বিধানসভা এলাকা বাগদা কেন্দ্রে গত সেনসাস অনুযায়ী ১৪০টা সেন্টার দেওয়া হয়েছিল। কিন্তু বর্তমানে লোকসংখ্যা বেড়ে দু-লক্ষ হয়েছে। এজন্য অতিরিক্ত সেন্টার কবে নাগাদ দেবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আমি আগেই বলেছি, যতক্ষণ দিল্লি থেকে এ সম্পর্কে কোনও সিদ্ধান্ত নেওয়া না হবে ততক্ষণ রাজ্য সরকারের পক্ষ থেকে কিছু করা সম্ভব নয়।

**শ্রী সুভাষ নস্কর ঃ** আপনি সাড়ে ৭০০ বা হাজারের মধ্যে সেন্টারের কথা বলেছেন। কিন্তু ন্যাচারাল বেড়িয়ার অর্থাৎ নদী-নালা বা দূরবর্তী অঞ্চলগুলোর জন্য এই রকম অতিরিক্ত ছোট ছোট ৪০০/৫০০ করে কোনও সেন্টার করার পরিকল্পনা আছে কিনা?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** সুন্দরবন, দার্জিলিং এবং বিভিন্ন দুর্গম এলাকায় যাতে আরো ছোট করে সেন্টার আনা যায় সেজন্য কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছি।

### মহকুমা কারাগারগুলির উন্নয়ন প্রকল্প

***৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৫) **শ্রী কমল মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন মহকুমা কারাগারে গ্যাসচুল্লি স্থাপন, স্থায়ীভাবে ফার্মাসিস্ট নিয়োগ ও সাব-জেলারের আবাসন নির্মাণের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কতদিনের মধ্যে উক্ত সিদ্ধান্ত কার্যকর হবে বলে আশা করা যায়?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কোনও সময়সীমা বলা সম্ভব নয়। যতদূর সম্ভব দ্রুতগতিতে কাজ এগোচ্ছে।

**শ্রী কমল মুখার্জি ঃ** আপনি একটা লিখিত উত্তর দিয়েছিলেন যে এইগুলি করা হবে। অর্থাৎ প্রত্যেকটা সাবজেলে যেখানে ফার্মাসিস্ট নেই, সেখানে সেগুলো দেওয়ার ব্যবস্থা করা হবে। এবং আরো বলেছিলেন, এটা অর্থমন্ত্রকের বিবেচনাধীন আছে। আমি জানতে চাইছি, এটা বর্তমানে কি অবস্থায় আছে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আমাদের বিভিন্ন সেন্ট্রাল জেলে গ্যাস ওভেন বসেছে। ডিস্ট্রিক্ট জেলে বসেছে। সাব-জেলগুলোতে কিছু বসাবার চেষ্টা করছি। আমরা আশা করছি, যত তাড়াতাড়ি সম্ভব এটা করতে পারব। এ বিষয়ে আমাদের একটা পরিকল্পনা নেওয়া আছে। কিন্তু আর্থিক সীমাবদ্ধতার কথাটাও মাথায় রাখতে হবে। সেই জন্য সাব-জেল, ডিস্ট্রিক্ট জেল এবং মহাকুমা জেলের সর্বত্র গ্যাস ওভেন বসাতে দেরি হচ্ছে।

কোয়ার্টার করার ক্ষেত্রেও আর্থিক সীমাবদ্ধতা রয়েছে। আর, যে সমস্ত জায়গায় ফার্মাসিস্ট পোস্ট নেই সেখানে ফার্মাসিস্ট পোস্ট ক্রিয়েট করার জন্য ফিন্যান্স দপ্তরে লেখা হয়েছে। এটা পাশ হয়ে গেলে আমরা দিতে পারব। যতক্ষণ পাওয়া যাচ্ছে না ততক্ষণ দেওয়া সম্ভব হচ্ছে না।

**শ্রী কমল মুখার্জি ঃ** আমার চন্দননগর বিধানসভা এলাকার মধ্যে চন্দননগর সাব-ডিভিসন কারাগার আছে। এ ব্যাপারে আমি লিখিত ভাবে বারে বারে আপনাকে জানিয়েছি যে ঐ কারাগারটির অবস্থা এত খারাপ যে সেটা যেকোনও সময়ে ভেঙে পড়তে পারে। সেখানে ফার্মাসিস্ট নেই। জেলে যারা বন্দী আছে তারা অসুস্থ হয়ে পড়লে বিশ্রি অবস্থার সৃষ্টি হয়। এ ব্যাপারে আপনি আমাকে জানিয়েছিলেন যে বিল্ডিং রিপেয়ারের জন্য কিছু টাকা পি.ডাব্লু.ডি. কে দেওয়া হয়েছে। আমি পি.ডাব্লু.ডি. কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেছিলাম। তারা বলেছেন যে, জেল ডিপার্টমেন্ট যে টাকা দিচ্ছেন তাতে ছাদ রিপেয়ার করা যাবে না। ৬টি ঘরের মধ্যে ৩টি ঘর কনডেমড আছে। যেকোনও সময়ে সেগুলো ভেঙে পড়তে পারে।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আপনি যেটা বললেন সে ব্যাপারে যাতে ব্যবস্থা নেওয়া যায় সেটা আমি দেখব। একটা কথা মাননীয় সদস্যদের জানা দরকার যে, আমাদের জেলগুলো ১১০ থেকে ১১৫ বছরের পুরানো। বিভিন্ন জেলগুলো ভগ্নদশা অবস্থায় আছে। এরজন্য যে পরিমাণ অর্থের দরকার সেটা সর্বক্ষেত্রে আমরা পাই

না। এই অর্থ না পাওয়ার জন্য সব কিছু সময়মতো আমরা শুরু করতে পারি না। তবে আপনার ব্যাপারটা আমি খোঁজ নিয়ে দেখব।

**শ্রী কমল মুখার্জি ঃ** জেলে যারা কারারক্ষী আছে তাদের অনেকেই দুর্নীতির সঙ্গে জড়িত। এ ব্যাপারে আমরা যারা নন্‌-অফিসিয়াল ভিজিটার্স আছি তাঁরা কি কিছু করতে পারেন? বা আপনার দপ্তর থেকে এ ব্যাপারে কোনও নজরদারির ব্যবস্থা আছে কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** একটা গাইড লাইন আছে। যদি না থাকে তাহলে সেটা পাঠিয়ে দেব। যারা এই ধরনের দুর্নীতির সঙ্গে যুক্ত তাদেরকে ইতিমধ্যেই আমরা শাস্তি দিয়েছি। যেমন বিভিন্ন সাব-জেলে এই ধরনের দুর্নীতির জন্য আমরা হেড ওয়াডার। চিফ হেড ওয়াডার এদেরকে শাস্তি দিয়েছি। কারোর ৫-৭টা ইনক্রিমেন্ট কেটে নেওয়া হয়েছে। আপনি লিখিত ভাবে এই ব্যাপারটা জানালে আমরা সাধ্যমতো ব্যবস্থা করব।

**শ্রী অধীররঞ্জন চৌধুরী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জানতে চাই যে, পশ্চিমবঙ্গের জেলগুলিতে যারা বন্দী আছে তাদের চিকিৎসার জন্য জেলগুলিতে মোট কতজন এম.বি.বি.এস. ডাক্তার আছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এর জন্য নোটিস দিতে হবে। এটা কোশ্চেনের সাথে রিলেটেড নয়। আমাদের যে সমস্ত ডিস্ট্রিক্ট জেল আছে সেই সমস্ত ডিস্ট্রিক্ট জেলেই ডাক্তার দিয়েছি, সেন্ট্রাল জেলগুলোতেও ডাক্তার দিয়েছি। আর সাব-জেলে আমাদের যেটা বলা আছে যে হাসপাতালের যারা ডাক্তার আছেন তারা সাব-জেলেও দেখবেন। কিন্তু তাঁরাও কাজের চাপে সেটা দেখতে পারছেন না। এর জন্য আমরা অর্থ দপ্তরের কাছে ডাক্তারের জন্য অনুমোদন চেয়ে পাঠিয়েছি। অর্থ দপ্তর অনুমোদন করলে আমরা ডাক্তারের ব্যবস্থা করতে পারব।

**ডঃ নির্মল সিনহা ঃ** মাননীয় কারামন্ত্রীর কাছে একটা ব্যাপারে প্রশ্ন করছি যে, সম্প্রতি সেলিম নামে একজন কুখ্যাত ডাকাত ডায়মন্ডহারবার সাব-জেলে আটক আছে। ঐ সাব-জেলে অন্য যে সমস্ত কয়েদি আছে তাদের কাছ থেকে জোর করে টাকা আদায় করা হচ্ছে। এ ব্যাপারে আপনার কাছে কোনও খবর আছে কিনা জানিনা। যদি কোনও খবর না থাকে তাহলে ঐ ব্যাপারে তদন্ত করে ঐ জেলের দুর্নীতির সঙ্গে জেলের কারোর সংযোগ আছে কিনা সেটা জানাবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এরকম খবর আমার কাছে নেই। তবে আমি এটা তদন্ত করে দেখব।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, রাজ্যে যে সমস্ত কারাগারগুলো আছে, ২-১টি বাদ দিয়ে বাকি কারাগারগুলিতে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে আপনি কোনও সংস্কারের ব্যবস্থা করেছেন কিনা জানাবেন কি?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** আমাদের বিভিন্ন জায়াগায় যে কারাগারগুলি আছে সেগুলি সম্পর্কে আমি আগেই বলেছি, সেইসব কারাগারগুলির অবস্থা ভাল নয়। কারণ, ১০০ বছর, ১১০ বছরের পুরানো কারাগারগুলি আছে। কাজেই আমরা এগুলির উন্নতি করার চেষ্টা করছি। আপনারা লক্ষ্য করে দেখবেন, প্রেসিডেন্সি জেল এবং আলিপুর জেলের আগে কি অবস্থা ছিল, আর এখন তাদের পরিবর্তন কিভাবে সাধন করা হয়েছে। এগুলির সংস্কার করা হয়েছে। বিভিন্ন জায়গায় মহিলাদের যে কমপ্লেক্স ছিল, সেই মহিলা কমপ্লেক্সগুলি এত ছোট ছিল যে, সেখানে আগে একটা পদ্ধতি ছিল যে যারা সেখানে মহিলা ওয়ার্ডার আছে তাদেরকে ওদের সাথেই রেখে দিতে হত এখন আমরা ২৩টি নতুন মহিলা কমপ্লেক্স করেছি এবং তার পরিসর অত্যন্ত বড়। কাজেই আমরা পদক্ষেপ নিচ্ছি, তবে একেবারে সমস্তটা করে উঠতে পারিনি, বিভিন্ন জায়গায় কিছু কিছু কাজ আমরা করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, মহকুমা জেলে মহিলা আসামীদের থাকার জন্য কোনও ব্যবস্থা করবেন কি আলাদাভাবে? কারণ এখন মহিলা আসামী প্রচুর বাড়ছে। সেইসব মহিলা আসামী ধরার পর তাদের সাব-জেলে রাখার ব্যবস্থা নেই। সুতরাং তাদের থাকার জন্য কোনও ব্যবস্থা করবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** সাব-জেলে রাখার ব্যবস্থা আছে। আমরা মহিলা কমপ্লেক্সকে বাড়ানোর চেষ্টা করছি। তবে সমস্ত সাব-জেলে এদের থাকার ব্যবস্থা নেই, তা নয়। দু-একটি জায়গায় ডিফিকালটি আছে, তাদের সাথে সাথে অন্য জায়গায় আমরা পাঠিয়ে দিচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** প্রশ্নটা জেলের স্বাস্থ্য সম্পর্কে করা হচ্ছে। পশ্চিমবাংলার জেলগুলিতে লক্ষ লক্ষ টাকার ওষুধ কেনা হয় কয়েদীদের প্রয়োজনের উপর নির্ভর

করে। কিন্তু যত লক্ষ টাকার ওষুধ কেনা হয়, দেখা যাচ্ছে, তার সিকি ভাগ ওষুধ কয়েদীদের জন্য ব্যবহার করা হয়না। একটা র‍্যাকেট পশ্চিমবাংলার জেলগুলিতে আছে। সংশ্লিষ্ট স্বাস্থ্য দপ্তর এবং কারাগার দপ্তরের বিভিন্ন কর্মচারীরা মিলিতভাবে এই কাজে সহায়তা করছে এবং এর ফলে লক্ষ লক্ষ টাকার ওষুধ কারাগার থেকে বাইরে বেরিয়ে খোলাবাজারে বিক্রি হয়ে যাচ্ছে। এই বিষয়ে বার বার আপনার নজরে আনা হয়েছে এবং এই ব্যাপারে স্পেসিফিক ঘটনা নিয়েও বলা হয়েছে। আপনি এই ব্যাপারে সঠিক কি পদক্ষেপ নিয়েছেন এবং কতজনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** ওষুধের ব্যাপারে আপনি খুব ভাল করেই জানেন, দীর্ঘ ৩০/৪০ বছর ধরে আগে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে কারাগারগুলিতে ওষুধ সাপ্লাই দেওয়া হত। দীর্ঘ বছর পরে সেটা বন্ধ হয়ে যায়। বন্ধ হয়ে যাবার পর আমরা বিভিন্ন জায়গা থেকে এই ওষুধ নিয়ে নানা ধরণের খবর পাই, দুর্নীতির খবর বিভিন্ন জায়গা থেকে পাই। পাবার পর আমরা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করি। পরবর্তীকালে আমরা ঠিক করে প্রায় ১৯৩ রকমের ওষুধ এখন আমরা নিজেরাই সাপ্লাই দিচ্ছি। ই.এস.আইয়ের যে প্যাটার্ন আছে সেই প্যাটার্ন অনুসারে আমরা সাপ্লাই দিচ্ছি। আমরা নতুন ব্যবস্থা চালু করেছি এবং এটা চালু করার ফলে আজকে আপনি ওষুধের যে কথা বলছেন সেটা প্রায় অনেকাংশে এখন নেই। আমরা একটা সিসটেম ইনট্রোডিউজ করেছি, ওষুধ আমরা নিজেরা সাপ্লাই দেব এবং বন্দীদের যদি ওষুধের দরকার হয় তাহলে সেটা কিনে দেবে আর এমপ্লয়ি যারা আছে সেই এমপ্লয়িদের জন্য ১৯৩ রকমের ওষুধ দিচ্ছি। আর তার বাইরে যদি কিছু দরকার হয় তাহলে সেটা কিনতে হবে এবং তার বিল সাবমিট করতে হবে। কাজেই অনেকাংশে নেই বললেই চলে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** কয়েদীদের যে ওষুধ দেওয়ার কথা সেই ওষুধ বাইরে চলে যাচ্ছে। কয়েদীদের দেওয়া হচ্ছে না, লক্ষ লক্ষ টাকার ওষুধ কেনা হচ্ছে কিন্তু কয়েদীদের দেওয়া হচ্ছে না এবং তার কোনও হিসাবও নেই?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এইরকম খবর আমার কাছে আসেনি। যদি লিখিতভাবে দেন তাহলে আমি দেখব।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার দপ্তর সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী যে সমালোচনা করেছেন সেটা কাগজে বেরিয়েছে, আশা করি আপনার তা নজরে

এসেছে। এখন ভারতবর্ষে একটা টপিক নিয়ে খুব আলোচনা হচ্ছে যে বহু আনডার ট্রায়াল প্রিজনার বিভিন্ন জেলে রয়েছেন। পশ্চিমবঙ্গের ব্যাপারে আপনি কি সংখ্যাটা বলতে পারেন যে উইদাউট এনি কনভিকশন বহু বছর ধরে জেলে জেলে রয়েছেন এরকম বন্দীদের সংখ্যাটা কত? সেই লিস্টটা কি করতে পেরেছেন? তাদের কি করে রিলিফ দেওয়া যায় সেটা কি ভেবেছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** এ সম্পর্কে সমস্ত তথ্য সংগ্রহ করে আমরা জুডিসিয়াল ডিপার্টমেন্টের কাছে পাঠিয়ে দিয়েছি। সঠিক সংখ্যাটা জানতে হলে নোটিস দিতে হবে, এখনই বলতে পারব না।

* Question No. 36 Held over

**বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ**

***৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের সাম্প্রতিক ভয়াবহ বন্যায় মুর্শিদাবাদ ও মালদহ জেলায় ক্ষয়ক্ষতির পরিমাণ ও মৃতের সংখ্যা (জেলাওয়ারি হিসাবে) কত;

(খ) উক্ত প্রাকৃতিক দুর্যোগের জন্য কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ কত; এবং

(গ) রাজ্য সরকার ৩০শে নভেম্বর ১৯৯৮ পর্যন্ত উক্ত বন্যার জন্য ত্রাণ বাবদ কত টাকা ব্যয় করেছে?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ**

(ক) ক্ষয়ক্ষতির পরিমাণ (আর্থিকমূল্যে) ও মৃতের সংখ্যার জেলাওয়ারি হিসাব নিচে দেওয়া হল।

| জেলার নাম | ক্ষয়ক্ষতির পরিমাণ | মৃতের সংখ্যা |
|---|---|---|
| মুর্শিদাবাদ | ১১৮ কোটি ৮৪ লক্ষ ৭৩ হাজার টাকা | ১০৭ |
| মালদহ | ৪৩০ কোটি ৭২ লক্ষ ৫৪ হাজার টাকা | ৭১ |

(খ) ১৯৯৮-৯৯ আর্থিক বছরে দুর্যোগ ত্রাণ তহবিল-এ কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ ৩২ কোটি ১ লক্ষ ৭৫ হাজার টাকা। এছাড়া, কেন্দ্রীয় সরকার সাম্প্রতিক বন্যায় বিধ্বস্ত। ক্ষতিগ্রস্ত পরিকাঠামো সংস্কারের জন্য কেন্দ্রীয় পরিকল্পনা সহায়তা বাবদ ৭৫ কোটি টাকা রাজ্য সরকারকে মঞ্জুর করেছেন। এরমধ্যে ৭০ শতাংশ ঋণ ও ৩০ শতাংশ অনুদান হিসাবে ধরা হয়েছে। এবং

(গ) রাজ্য সরকারের ত্রাণ বিভাগে থেকে উক্ত বন্যায় ত্রাণ বাবদ মুর্শিদাবাদ জেলায় ৭ কোটি ২৫ লক্ষ ৭১ হাজার ৬৩০ টাকা এবং মালদহ জেলায় ১২ কোটি ৬ লক্ষ ২০ হাজার ৬৬৮ টাকা বরাদ্দ করা হয়েছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এ ব্যাপারে কেন্দ্রের কাছ থেকে কিছু টাকা পেয়েছেন এবং রাজ্য কিছু খরচ করেছে। আমার অতিরিক্ত প্রশ্ন, বন্যা কবলিত হয়ে যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন যাদের ফসল নষ্ট হয়েছে যারা মারা গিয়েছেন, যাদের ঘরবাড়ি ভেসে গিয়েছে তাদের বা তাদের পরিবারবর্গকে কি হারে ক্ষতিপূরন দিচ্ছেন জানাবেন কি?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, যারা মারা গিয়েছেন তাদের প্রত্যেকের জন্য ২০ হাজার টাকা,যাদের ঘরবাড়ি পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ২ হাজার টাকা, যাদের ঘরবাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ১ হাজার টাকা করে দেওয়া হচ্ছে।

[11-50 — 12-00 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, এই যে মৃতের সংখ্যা যেটা বলেছেন মুর্শিদাবাদে মৃতের সংখ্যা হচ্ছে ১৬০, আর মালদহে মৃতের সংখ্যা হচ্ছে ৭১ জন। আমার প্রশ্ন হচ্ছে বন্যার পরে আন্ত্রিক, কলেরা ইত্যাদিতে যারা মারা গেছে তাদের সংখ্যা এর সঙ্গে যুক্ত করলে কত দাঁড়াবে সেটা কি আছে?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** আপনি নোটিস দিলে জানিয়ে দেব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ত্রাণ এবং পুনর্বাসন যাতে সুষ্ঠুভাবে হয় তার জন্য জেলা এবং ব্লকস্তরে কোনও সর্বদলীয়

কমিটি গঠন করেছেন কিনা? যদি না হয় তাহলে এই ত্রাণ এবং পুনর্বাসনের জন্য যে টাকা, সেই টাকা কি ভাবে খরচ করা হচ্ছে?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** আমরা যে টাকা দিয়ে থাকি সেটা ডি.এমকে পাঠিয়ে দেই। উনি ব্লকস্তরে যে ত্রিস্তর পঞ্চায়েত আছে জেলাপরিষদ আছে তাদের টাকাগুলি বিতরন করেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, পুনর্বাসন এবং ত্রাণের জন্য যে টাকা পেয়েছেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেই টাকার শতকরা কত ভাগ এখন পর্যন্ত খরচ করা হয়েছে, আর কত ভাগ খরচ করা হয়নি সেটা জানাবেন কি?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** আমরা কেন্দ্রীয় সরকার থেকে যা পেয়েছি সেটা আমরা দিয়েছি। কেন্দ্রীয় সরকার বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তার জন্য ৭৫ কোটি টাকা রাজ্য সরকারকে মঞ্জুর করেছে। তার মধ্যে ৭০ শতাংশ ঋণ ও ৩০ শতাংশ অনুদান হিসাবে ধরা আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই টাকার কত অংশ আপনি ইউটিলাইজ করেছেন, আর কত অংশ আন-ইউটিলাইজ রয়েছে?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** আমরা যেটা পেয়েছি তার পুরোটা দিয়েছি। রাজ্য সরকারের ত্রাণ বিভাগ থেকে বন্যায় ত্রাণ বাবদ মুর্শিদাবাদ জেলায় ৭ কোটি ২৫ লক্ষ ৭১ হাজার ৬৩০ টাকা এবং মালদা জেলায় ১২ কোটি ৬ লক্ষ ২০ হাজার ৬৬৮ টাকা বরাদ্দ করা হয়েছে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বলেছেন যে, মৃতের জন্য ২০ হাজার টাকা, যাদের ঘর-বাড়ি পুরোপুরিভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তাদরে জন্য ২ হাজার টাকা, আর যাদের ঘর-বাড়ি আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের জন্য ১ হাজার টাকা দিচ্ছেন। একটা মানুষের জীবনের দাম ২০ হাজার টাকা হয় কিনা আমি জানিনা। তবে যাদের ঘর-বাড়ি সম্পূর্ন ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের জন্য যে দুই হাজার টাকা দিচ্ছেন, এতে কি হবে? কাজেই এটা বাড়াবার জন্য সরকারের পক্ষ থেকে কোনও চিন্তা করছেন কিনা জানাবেন কি?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** এটা আমরা বাড়াবার চেষ্টা করছি। আগে এক হাজার টাকা এবং ৫০০ টাকা করে দেওয়া হত। এখন সেটা বাড়িয়ে ২ হাজার টাকা এবং ১ হাজার টাকা করা হয়েছে। এটা এখন বাড়াবার চেষ্টা চলছে।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি যখন মালদা গিয়েছিলেন তখন বলেছিলেন যে, যাদের গৃহ সম্পূর্নভাবে ভেঙ্গে গেছে তাদের বিল্ডিং গ্রান্ট দেবেন। আজকে ২৫ পারসেন্ট লিস্ট থেকে বাদ দিতে বলেছেন। এটা কেন বলেছেন সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** বন্যায় ক্ষতিগ্রস্তদের ঘরবাড়ি নির্মানের জন্য নাবার্ড থেকে আমরা যে ঋণ নিয়েছি তা থেকে আপাতত মালদা জেলায় ৩০ কোটি টাকা পাঠিয়েছি এবং সেটা ফ্যাক্স বার্তায় তাদেব জানিয়েছি। মুর্শিদাবাদ জেলায় ৮ কোটি টাকা পাঠিয়েছি।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যাদের বন্যায় ঘরবাড়ি ভেঙ্গে গেছে তাদের ২০০০ করে টাকা দিয়েছেন বলে বলেছেন। কিন্তু বন্যায় যাদের জমি ভেঙ্গে চলে গেছে তাদের জমির দাম দেবার ব্যবস্থা করবেন কিনা জানাবেন কি?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** এখনও জমির দাম কেউ চায়নি, ডি.এম.-এর কাছে কেউ আসেনি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মালদা এবং মুর্শিদাবাদ রেশম শিল্প একটা বিরাট শিল্প। এই রেশম শিল্পে বন্যার কারণে যে ক্ষয়ক্ষতি হয়েছে টাকার পরিমানে তা কত এবং ঐ ক্ষতি পূরণের জন্য আপনার দপ্তর কি ব্যবস্থা নিয়েছে?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** নোটিস দিলে জানাব।

**শ্রী হবিবুর রহমান ঃ** গৃহনির্মানের টাকা পাঠানো হয়েছে বলে বলেছেন। কিন্তু, আপনার নিশ্চয়ই মনে আছে যে, মুর্শিদাবাদ গিয়ে অর্থমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং আপনি খুব গর্ব সহকারে বলেছিলেন, আমরা পূজার পরে পরেই গৃহ নির্মানের টাকা ক্ষতিগ্রস্তদের হাতে তুলে দেব, কিন্তু দেখা যাচ্ছে এখনও পর্যন্ত সে ব্যাপারে এনকোয়ারি পর্যন্ত কমপ্লিট হয়নি, ফলে গৃহনির্মানের টাকাও তারা পাননি। শুধু তাই নয়, এখনও পর্যন্ত বন্যার ত্রাণ সামগ্রীও বিলি-বন্টন করা হয়নি। এ ব্যাপারে কিছু বলবেন কি?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, আমরা ত্রাণ সামগ্রী পাঠিয়েছি এবং সেটা সময়মতই পাঠিয়েছিলাম। গৃহ নির্মানের টাকা সম্পর্কে যে কথা বললেন সেক্ষেত্রে টাকা যা বরাদ্দ ছিল তা শেষ হয়ে গিয়েছিল, তারজন্য নাবার্ড থেকে ঋণ করে ৩০ কোটি টাকা পাঠিয়েছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** যাদের ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, সম্পূর্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদের তালিকা পঞ্চায়েত তৈরি করেছে। এক্ষেত্রে পঞ্চায়েতের টোটাল অ্যাসেসমেন্ট হচ্ছে ৩৪০০ পরিবার, কিন্তু সেটা একসিড করে ৩৬০০ করেছেন। কাজেই তালিকাটা সংশোধন করবার জন্য আপনার দপ্তর থেকে কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা? ঋণ দেবার ক্ষেত্রেই বা দেরি হচ্ছে কেন? মালদা এবং মুর্শিদাবাদ এই ৩০ কোটি এবং ৮ কোটি টাকা কিভাবে দেওয়া হয়েছে?

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই অবহিত আছেন যে, বন্যায় ক্ষতিগ্রস্ত ঘরবাড়ির যে তালিকা পঞ্চায়েত তৈরি করেছে সেটা সাত দিন টাঙিয়ে রাখার জন্য নির্দেশ দিয়েছিলাম। তাতে যদি কোনও ত্রুটি থেকে থাকে সেটা সংশোধিত হয়ে ডি.এম.-এর কাছ থেকে যে লিস্ট আসবে সেইমতো দেবার চেষ্টা করবো।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বন্যায় আক্রান্ত হয়ে যাঁরা মারা গিয়েছিল তাদের আপনি ২০ হাজার টাকা অনুদান দেবেন। আপনাদের সরকারের যে নিয়ম তা হলো বন্যার সময় সাপে কেটে বা জলে ডুবে মারা গিয়েছে তাদের পোস্টমর্টেম না হলে সেই সাহায্য দেওয়া হয় না। বিগত বন্যায় মালদা মুর্শিদাবাদ এমন বহু জায়গা ছিল যেখান থেকে মানুষের কোথাও যাওয়ার উপায় ছিল না। সুতরাং তারা কোনও ভাবেই পোস্টমর্টেম করতে পারেনি। যারা সাপে কেটে এবং জলে ডুবে মারা গিয়েছে তাদের ক্ষয়ক্ষতি দেওয়া হবে কিনা জানতে চাই।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** আমরা জানি বন্যার সময় এই রকম একটা পরিস্থিতি তৈরি হয়। ডি.এম.কে বলেছিলাম বন্যায় মারা গিয়েছে সেই সত্যতা দেখে তালিকা পাঠান, তাদেরকে আমরা টাকা দেব। এই ভাবে করা হয়েছে।

## STARRED QUESTIONS
### (to which Answers were laid on the table)

### পেঁয়াজ আমদানি

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৫) **শ্রী তপন হোড় এবং শ্রী সুভাষ গোস্বামী** ঃ কৃষি (বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, সম্প্রতি রাজ্য সরকার বিদেশ থেকে পেঁয়াজ আমদানি করেছে;

(খ) সত্যি হলে, ৩০শে নভেম্বর ১৯৯৮ পর্যন্ত কত পরিমাণ পেঁয়াজ আমদানি করা হয়েছে;

(গ) উক্ত আমদানিতে কত অর্থ ব্যয়িত হয়েছে; এবং

(ঘ) রাজ্যে বছরে পেঁয়াজের চাহিদা কত?

**কৃষি (বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) আনুমানিক ২.৫০ লক্ষ মেট্রিক টন।

*Question No. 39 & 40 : Held over

### আসানসোলে পশু চিকিৎসা কেন্দ্র

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৮) **শ্রী তাপস ব্যানার্জি** ঃ প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, বর্ধমান জেলার আসানসোলে একটি পশু চিকিৎসা কেন্দ্র আছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত কেন্দ্রটির বর্তমান অবস্থা কিরূপ?

**প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কেন্দ্রটি চালু আছে, তবে বাড়িটির অবস্থা ভাল নয়।

*Question No. 42 & 43 : Held over

**পেঁয়াজ সঙ্কট**

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৭) **শ্রী সঞ্জয় বক্সি** ঃ কৃষি (বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে পেঁয়াজ সরবরাহে সঙ্কটের কারণ কি;

(খ) উক্ত সঙ্কট দূরিকরণের জন্য কি কোনও বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে; এবং

(গ) করে থাকলে, তা কি?

**কৃষি (বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অকালবর্ষনের ফলে রাজ্যের অন্যতম সরবরাহকারী রাজ্যগুলিতে পিঁয়াজের ফলন মার খাওয়ার ফলে ও পরিবহন খরচ উল্লেখযোগ্যভাবে বেড়ে যাওয়ার ফলে আমদানি অস্বাভাবিক রকম কমে যাওয়া।

(খ) ভবিষ্যতে অন্য রাজ্যের উপর নির্ভরতা কমাবার উদ্দেশ্যে কৃষকদের মধ্যে প্রদর্শনী ক্ষেত্র স্থাপনের ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

(গ) রাজ্যের ৬টি জেলার চাষীভাইদের কাছে পিঁয়াজ উৎপাদনের প্রযুক্তি পৌছে দেওয়ার জন্য হাতে কলমে প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে।

## MOTION OF NO-CONFIDENCE

**Mr. Speaker :** I have received under rule 199 of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly a notice of a motion of no-confidence in the Council of Ministers. The motion is as follows : "This Assembly expresses its want of confidence in the Council of Ministers". I

find that the notice is in order. Now according to rule 199(1)(a) leave to make the motion shall be asked for after questions and before the list of business for the day is entered upon. Hon'ble Leader of the Opposition may seek leave of the House to move his motion.

**Shri Atish Chandra Sinha :** Sir, I seek leave of the House to move this no-confidence motion.

**Mr. Speaker :** Those who will support the motion will please stand.

Fortyeight(48) members have stood in support of this motion. As such the motion is admitted. I will fix a date and allot time for discussion of the motion.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received two notice of Adjournment Motion. The first one is from Shri Pankaj Banerjee on the subject of detorioration of law and order situation in the State and the second one is from Shri Jatu Lahiri on the subject of reported killing of four criminals by the Uttar Pradesh Police in Calcutta on 14.12.98.

The subject matters of both the Motions relate to day-to-day administration of the Govt. and do not call for adjournment of the business of the House.

The Members may call attention of the Ministers concerned through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

## CALLING ATTENTION (NOTICE)

**Mr. Speaker :** Today, I have received nine motions of Calling Attention on the following subjects, namely :-

| | Subject | | Names |
|---|---|---|---|
| i) | Progress of Subarnyarekha Barrage Project | : | Shri Sailaja Kumar Das |
| ii) | Closure of diffirent Industrial Units in the State | : | Shri Rabin Mukherjee & Shri Ramjanam Manjhi |
| iii) | Delay in construction of Bus Terminus at Ram Ganga, Pathar Pratima, South 24-Parganas by the West Bengal Surface Transport Corporation. | : | Shri Gopal Krishna Dey |
| iv) | Acute crisis of dirnking water in the areas under Hirapur Assembly Constituency | : | Shri Shyamadas Banerjee |
| v) | Erosion of river Padma in the areas under Madhugari, Shikarpur, Hoglaberia and Harekrishnapur Gram Panchayats. | : | Shri Chittaranjan Biswas |
| vi) | Reported killing of four(4) criminals by the Policemen of Uttar Pradesh in Calcutta on 14.12.98 | : | Shri Abdul Mannan Shri Sultan Ahmed & Shri Ajoy Dey |
| vii) | Setting fire to Balpai Daulatchak General Library under Khanakul | | |

| | | |
|---|---|---|
| Police Station, Hooghly on 31.10.98 | : | Shri Binoy Dutta & Shri Bansi Badan Maitra |
| viii) Reported murder of Shri Malay Ghosh, CITU Leader at Hind Motor Railway Station. | : | Shri Joyti Krishna Chattapadhyay Shri Binoy Dutta |
| ix) Deplorable condition of Chandernagore Municipality | : | Shri Kamal Mukherjee |

I have selected the notice of Shri Abdul Mannan, Shri Sultan Ahmed & Shri Ajoy Dey on the subject of Reported Killing of four(4) criminals by the policemen of Uttar Pradesh in Calcutta on 14.12.98.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Mr. Speaker, Sir, the statement will be made on 22nd December.

## FALICITATION

### (on Performance in Asiad By Smt. Jyotirmoyee Sikdar)

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি অভিনন্দন জানাতে গিয়ে নিজে রোমাঞ্চিত এবং গর্বিত। বিষয়টি হ'ল, আপনারা সকলেই জানেন, এই মুহূর্তে আমরা যখন অধীর আগ্রহে অপেক্ষা করছিলাম, এবারের ত্রয়োদশতম এশিয়াডে আমরা সোনা ছাড়া থেকে গেলাম, সেই সময়ে বাংলার গর্ব এশিয়াডে জ্যোতির্ময়ী, অজ পাড়া গাঁয়ের নবগ্রামের একজন মহিলা, তিনি প্রচন্ড পরিশ্রমের মধ্যে দিয়ে ভারতবর্ষকে সোনা এনে দিলেন। পশ্চিমবাংলার মানুষ হিসাবে যখন আমরা সকলে একটা প্রচন্ড উন্মাদনার মধ্যে আছি বিশ্বজয়ী একজন বাঙালি অধ্যাপক প্রফেসর অমর্ত্য সেন তাঁকে অভিনন্দন জানানোর জন্য, সেই সময়ে জ্যোতির্ময়ী আমাদের রাজ্যকে ভারতবর্ষের সামনে অনেকটা উঁচুতে পৌঁছে দিলেন। এই প্রসঙ্গে আমি বলতে চাই, স্বাধীনতার ৫০তম বর্ষে এই রকম মুহূর্তে গত বছর অলিম্পিকে এই

পশ্চিমবাংলা থেকে লিয়েন্ডার পেজ ভারতকে একটা পদক এনে দিয়েছিলেন। আমরা গর্বিত যে, ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের সময়ে বাঙালি যে অগ্রণী ভূমিকা গ্রহণ করেছিল সাম্রাজ্যবাদী শক্তিকে প্রতিহত করতে, স্বাধীনতার পর সেই বাঙালি ভারতবর্ষকে অনেক কিছু উপহার দিয়েছে। কেন্দ্রের যখন কোনও রকম ক্রীড়ানীতি নেই, কোনও রকম স্পোর্টস পলিসি নেই, কোনও প্ল্যানিং নেই, কোনও রকম ট্রেণিংয়ের বন্দোবস্ত নেই, সেই রকম সময়ে আমরা খবরের কাগজে দেখলাম তার প্রচন্ড পরিশ্রম, নিষ্ঠা, একাগ্রতা, ডিটারমিনেশনের মধ্যে থেকে যে ভাবে ব্যক্তিগত ইভেন্টে সোনা জয় করলেন, তারজন্য আমরা গর্বিত। আর কয়েক ঘন্টা পরে তার সবচেয়ে প্রিয় ইভেন্ট আটশো মিটার শুরু হবে। আমাদের ইচ্ছা এবং শুভেচ্ছা রইল তিনি ঐ ইভেন্টে আটশো মিটারে তিনি জয়লাভ করবেন এবং সোনা জিতবেন। এই শুভেচ্ছা আমরা জানাচ্ছি। বাঙালি জাতি হিসাবে আজকে আমাদের একটা গর্বের দিন, উন্মাদনার দিন। সেই হিসাবে আমি এই হাউসের পক্ষ থেকে এবং আমাদের পক্ষ থেকে উষ্ণ অভিনন্দন জানাচ্ছি। সঙ্গে সঙ্গে রাজ্য সরকারের কাছে আবেদন করব, গ্রামে গঞ্জে এই সমস্ত যে প্রতিভা আছে, ট্যালেন্ট আছে। তাদের তুলে এনে ট্রেনিং দিয়ে খেলাধূলায় পাঠাবার জন্য একটা নিয়ম নীতি গ্রহন করা হোক এবং একটা সর্বাত্মক প্রচেষ্টা গ্রহন করা হোক। আপনার মাধ্যমে এই আমার আবেদন

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার, স্যার, রবীনবাবুর সঙ্গে সম্পূর্ণ একমত হয়েই আমি বলছি যে, আমরা শুধু ভারতবাসী হিসাবে নই, বাঙালি হিসাবে গর্বিত। যেখানে ভারতবর্ষের মধ্যে বিশেষ করে বাংলা থেকে ফুটবল, ক্রিকেট শুধু কয়েকজন মাত্র আসে, সেখানে জ্যোতির্ময়ী অনেক প্রতিভাময়ী। তিনি যে আশা পূরণ করেছেন তার জন্য আমরা অত্যন্ত গর্বিত, আমরা অন্যন্ত আনন্দিত। আজকে হাউস থেকে এই ব্যাপারে একটা রেজলিউশন করে জানানো উচিত তার ফ্যামিলিকে, সেই সঙ্গে তাঁকেও পুরস্কৃত করার ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার যেন করেন এই আবেদন আমি এখানে রাখলাম।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার স্যার, এই ব্যাংকক এশিয়াডে জ্যোতির্ময়ী শিকদার যে ১৫শত মিটারে সোনা পেয়েছেন এটা অত্যন্ত আমাদের কাছে গর্বের বিষয়। আপনারা জানেন, কিছুদিন আগে লর্ডসে সৌরভ গাঙ্গুলি সেঞ্চুরি করেছিলেন,

তার জন্য এখান থেকে আমরা তাঁকে ধন্যবাদ জানিয়েছিলাম। আমরা জ্যোতির্ময়ীকেও ধন্যবাদ জানাচ্ছি। ওরা নিজেরা খেটেখুটে পরিশ্রম করে যে জায়গা করেছেন, কিন্তু আমাদের এখানে বোর্ডে যে সমস্ত ব্যক্তিরা হয়ে গিয়েছে সেই সি.এ.বি. বলুন, অ্যাথলেটিক্স সংস্থা বলুন ভারতবর্ষের ক্রীড়াজগতের সমস্ত ক্ষেত্রে এত ব্যর্থতা যা ভাবা যায়না। এশিয়াডে দেখা যাচ্ছে, ভারতবর্ষের থেকে অনেক ছোটখাটো দেশগুলি যেভাবে ক্রীড়াক্ষেত্রে তারা নিজেদের এগিয়ে নিয়ে যাচ্ছে, সেখানে আমাদের সেই অবস্থাটাও নেই। জ্যোতির্ময়ী শিকদার অনেক নিচ থেকে উঠে এসেছেন তিনি ব্যক্তিগত চেষ্টা করেছেন, এই ব্যাপারে যেটুকু পরিকাঠামো থাকা দরকার, যে উন্নত ব্যবস্থা থাকা দরকার. যেগুলি নেই, সেই বিষয়গুলির প্রতি আমাদের নজর দেওয়া দরকার। এশিয়াডে মেয়েদের ফুটবলে ৩৬টি গোল খেয়েছে, এদের একজন আবার প্রেসিডেন্ট তার ব্যর্থতার জন্য আমাদের ফুটবল টিমের এই অবস্থা আমাদেরই ফুটবল টিম এশিয়াডে সোনা পেয়েছিল, এখন তাদের স্থান অনেক নিচের দিকে নেমে এসেছে। আজকে সৌরভ গাঙ্গুলি বলুন, জ্যোতির্ময়ী বলুন আরো অনেক জ্যোতির্ময়ী শিকদার সৌরভ গাঙ্গুলির মতো খেলোয়াড় অলিতে গলিতে আছে, তাদেরকে যাতে ঠিকমতো প্রশিক্ষণ দিয়ে তুলে আনা যায় এই আবেদনও আমি জানাচ্ছি।

**শ্রী সাধন পান্ডে ঃ** আমাদের বাংলার ছোটবোন যে প্রাইজ পেয়েছে আমরা সবাই তাতে গর্বিত। এই ব্যাপারে আপনি হাউস থেকে একটা প্রস্তাব নিশ্চয় নেবেন। আমার একটাই দুঃখ বামফ্রন্টের চিফ হুইপ ২২ বছর পরে বলছেন একটা প্রস্তাব দিন যাতে ক্রীড়া দপ্তরকে সাহায্য করতে পারে, যে কাজটা আপনাদের করার দরকার ছিল সেটা বলছেন এখন করতে হবে, করলেন না। যদি কেউ একটা প্রাইজ পেয়ে যায় তাতে আমরা সবাই গর্বিত। প্রাইজ পাওয়ার যে রাস্তাটা সেটায় যে মদত দিতে হবে, রসদ যোগাতে হবে, সেই ব্যবস্থাটা নেই, যদি প্রাইজ পায় তাহলে আমরা সবাই উল্লসিত, খুব ভাল। যতক্ষণ না প্রাইজ পাবে, প্রাইজ এর রাস্তায় পাঠানো বা এই ব্যাপারে ব্যবস্থা করা সেই ব্যাপারে কোনও ব্যবস্থা নেই। আমাদের দুঃখ ২২ বছর পরেও আপনারা যেটা করলেন না, সেটা আপনারা আর করবেনও না, আপনাদেরও আর বেশিদিন নেই, সবই আমাদের করতে হবে।

**শ্রী মহঃ ঈয়াকুব ঃ** মিঃ স্পিকার স্যার, এশিয়াডে ভারত একটা সোনা পেয়েছে, জ্যোতির্ময়ী শিকদার যেভাবে সোনা জিতেছেন তাঁর জন্য তিনি প্রশংসার যোগ্য। তিনি ভারতের মুখ রক্ষা করেছেন তাঁর জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। বাংলার গৌরব, বাংলার মুখ উজ্জ্বল করেছেন, সেইজন্য আমি অভিনন্দন জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, জ্যোতির্ময়ী শিকদার, বাংলার মেয়ে এশিয়াডে ১৫০০ মিটার দৌড়ে সোনা পেয়েছে তার জন্য তাকে আমি অভিনন্দন জানাই। সেই সঙ্গে সঙ্গে প্রার্থনা করি আরও ৮০০ মিটার দৌড় যেটা বাকি আছে সেখানেও সে যাতে সোনা জিততে পারে ঈশ্বর তাকে সেই শক্তি দিন। এর আগে আমাদের দেশেরই একজন মেয়ে পি.টি.উষা একটি গেমসে একাধিক সোনা জেতার রেকর্ড করেছিলেন, জ্যোতির্ময়ী শিকদারও যাতে সেই গৌরব পেতে পারে তার জন্য ঈশ্বর তাকে আরও শক্তি দেবেন। আর মাননীয় সদস্য সাধন পান্ডের বক্তব্যের সঙ্গে আমি একমত, কেউ পদক পেলেই তার সম্পর্কে আমরা প্রশংসা করি। বাইশ বছর ধরে এখানে একটা সরকার চলছে, আরও পদক দেশকে এনে দেবার জন্য এরা কি ব্যবস্থা নিয়েছেন! জ্যোতির্ময়ী শিকদারের গৌরবে আমরা গৌরবান্বিত হয়েছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের মুখ্যসচেতক যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। জ্যোতির্ময়ী শিকদার আমাদের রাজ্যের দেবগ্রামের মেয়ে, তিনি আমাদের রাজ্য এবং দেশবাসীকে উদ্দীপ্ত করেছে। একটু আগে সাধন পান্ডে মহাশয় বললেন, এখানে শুধু বাইশ বছরে একটা সোনা পেল। উনি জানেন না এর আগে লিয়েন্ডার পেজ, ক্রিকেটার সৌরভ গাঙ্গুলি, মান্তু ঘোষ, কস্তুরী চক্রবর্তী, এরা সবাই আমাদের রাজ্যের। কিছুদিন আগে মাসাদুর রহমান, তিনি ইংলিশ চ্যানেল অতিক্রম করেছিল, তিনিও আমাদের রাজ্যের ছেলে। জ্যোতি নামের যা কিছু সবই ভালো। আমাদের রাজ্যের ক্ষেত্রে জ্যোতিবাবু, খেলাধূলার ক্ষেত্রে জ্যোতির্ময়ী শিকদার পদক এনেছেন। জ্যোতির্ময়ী শিকদারকে অভিনন্দন জানাই এবং তিনি যাতে আরেকটা পদক পান সেই প্রার্থনা করি এবং আশা করি রাজ্য সরকার তাকে অভিনন্দন জানাবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জ্যোতির্ময়ী শিকদার এশিয়াডে যে স্বর্ণপদক পেয়েছেন সেটা আমাদের কাছে গৌরবের, আমাদের দেশের গৌরবের। কিন্তু এখানে অভিনন্দন জানাতে গিয়ে কেন্দ্র বা রাজ্য সরকারের ভূমিকা নিয়ে যে তরজা সেটা করা ঠিক নয়। বাস্তব কঠোর সত্য যেটা সেটাকে স্বীকার করে নেওয়াই ভালো, কি কেন্দ্র, কি রাজ্য - উদাসীন হওয়া সত্ত্বেও এরা নিজস্ব প্রচেষ্টায় যেভাবে সাফল্য অর্জন করেছে সেটা অভিনন্দন যোগ্য। অভিনন্দন জানাতে গিয়ে এই ধরনের তরজার কোনও অর্থ হয় না।

**শ্রী কমল গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সুযোগ পেলেই অভিনন্দন জানাবার সুযোগটা গ্রহণ করি। এখানে কিছু বললে পরের দিন খবরের কাগজে উঠবে, এলাকার লোক জানতে পারবে। হাউস থেকে বেরিয়ে যাবার পরে খেলাধূলা সম্বন্ধে আমরা কতটা কাজ করছি, কত দায়বদ্ধতা পালন করছি। এই সমস্ত স্পোর্টস কাউন্সিল, স্পোর্টস অ্যাশোসিয়েশনগুলো ঘুঘুর বাসা হয়ে আছে। পার্টিবাজী হচ্ছে, কোনও কাজ হচ্ছে না। আবেগও সৃষ্টি হয়। কিন্তু এই আবেগটাকে সরিয়ে রেখে আমরা যদি সত্যিকারের ক্রীড়ামোদী হই, পশ্চিমবঙ্গ সরকার যদি ক্রীড়া ক্ষেত্রে সত্যিই উন্নতি চায়, সেক্ষেত্রে বিধায়কদেরও দায়িত্ব আছে, সেই দায়িত্ব সরকারের আমাদের উপর ন্যস্ত করা উচিত - আপনার মাধ্যমে সেই আবেদন জানাই।

**শ্রী পূর্নেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এশিয়াডে ভারতের যে সোনার খরা চলছিল, তা দূর করল আমাদের বাংলার মেয়ে জ্যোতির্ময়ী শিকদার। খুব দরিদ্র পরিবারের মেয়ে হওয়া সত্ত্বেও নিজের অধ্যাবসায়ের দ্বারা এই গৌরব তিনি অর্জন করছেন। ২২ বছর ধরে পশ্চিমবঙ্গ সরকার খেলাধূলার উন্নতির জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে - বিভিন্ন স্টেডিয়ামও তৈরি করছে। বরং আমাদের জাতীয় কোনও ক্রীড়ানীতি নেই। আজকে জ্যোতির্ময়ী শিকদার-এর গৌরবে কোনও বিতর্ক সৃষ্টি করা চলে না। পশ্চিমবঙ্গ সরকার ক্রীড়া ক্ষেত্রে কি আবেদন রেখেছে, সেটা গ্রামাঞ্চলে গেলে জানতে পারবেন। তাই সবার কাছে অনুরোধ করব, এই গৌরবের সময় কোনও কটাক্ষ না করে আসুন ভারত সরকারকে এই দাবি জানাই, আমাদের একটি জাতীয় ক্রীড়া নীতি গঠন করুন এবং প্রতিভাবান যে সমস্ত অ্যাথলিট রয়েছে, তাদের প্রত্যন্ত গ্রাম থেকে, শহরাঞ্চল থেকে খুঁজে নিয়ে তাদের উপযুক্ত সাহায্য করি, যাতে তারা আরও উন্নতি করতে পারে। এই প্রচেষ্টা আমাদের করা উচিত। এই কথা বলে জ্যোতির্ময়ী শিকদারকে আবারও অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা বাঙালি তথা ভারতীয় হিসাবে গর্বিত, আনন্দিত যে, আমাদেরই বাংলার মেয়ে জ্যোতির্ময়ী শিকদার এশিয়াডে সোনা জিতে বাংলা তথা ভারতের মুখ উজ্জ্বল করেছেন। পৃথিবীতে আমাদের সম্মান তুলে ধরেছেন। ১৫০০ মিটার দৌড়ে তিনি মাত্র ৪ মিনিট ১২

সেকেন্ডে সোনা জিতেছেন। ১২ বছর পর এটা ঘটেছে। বাংলা যে ভারতবর্ষের মধ্যে একটি অন্যতম শ্রেষ্ঠ স্থান, সেটা বারে বারে প্রমাণিত হচ্ছে। হোয়াট বেঙ্গল থিংকস টুডে, ইন্ডিয়া থিংকস টুমরো, এটা আবারও প্রমাণিত হ'ল।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে জ্যোতির্ময়ী শিকদারকে অভিনন্দন জানাচ্ছি। তাঁর কৃতিত্বে বাঙালি হিসাবে আমরা গর্বিত। কিন্তু ভারতবাসী হিসাবে এশিয়াডে আমাদের দেশের অ্যাচিভমেন্ট দেখে আমরা হতাশ। বাংলা অতীতে অনেকবার ভারতবর্ষকে পথ দেখিয়েছে। যাতে করে পশ্চিমবঙ্গ ভারতবর্ষকে আবার অতীতের মতো পথ দেখাতে পারে এবং বিশ্ব সভায় ভারতবর্ষ একটা উন্নত আসন গ্রহণ করতে পারে।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এশিয়াডে বাংলার নদীয়ার দেবগ্রামে ভারতের সাফল্যের পতাকা হাতে সোনার জ্যোতিতে উদ্ভাসিতা জ্যোতির্ময়ী শিকদার, তিনি এশিয়াডে সোনা জয় করেছেন। এটা আমাদের ক্ষেত্রে খুবই গৌরব এবং যে সময় আমরা ডঃ অমর্ত্য সেনকে সম্মান জানাচ্ছি নোবেল প্রাপ্তির জন্য, ঠিক তারপরই এই ঘটনা ঘটে। তাই সততই আমাদের মনে পড়ে আমাদের ভারতের গ্রাম গ্রামান্তরে বহু প্রতিভা এখনও লুক্কায়িত আছে। সেই প্রতিভার সন্ধান আমাদের করা উচিত এবং এই সন্ধান যদি আমরা ঠিক মতো করতে পারি তাদের খেলাধূলা, পড়াশোনা এবং সমস্ত জগতে তাদের যদি সঠিক পথে পৌঁছে দিতে পারি, তাহলে এটা নিশ্চই ভারত আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লবে।

**Mr. Speaker :** Mr. Rabindra Nath Mondal has raised the matter of expressing congratulation to Jotirmoyee Sikdar. Though we are all very happy that a daughter of this State has brought credit to this country at the National level. We must also recognise the fact that overall India has done very poor performance in Asiad and it does not give us credit to claim something extraordinary. The question over here is that the state of Sports in our country is very poor and neglected, be it in West Bengal and any other parts of India. The young of India - the youth of this State need that sports has to be promoted in a bigger scale - Government should come forward, more investment has to be done and it has to be

less politicised. It has to be taken to the rural grassroot level. It has to be formed of a movement, the people's movement. Sports has become to be part of everybody's life of youth of India not only the youth of West Bengal and that has to be understood by all of us, as politicians, administrators, social workers - by all of us. Because without sports, being a part of daily activities of the young people of India we will not get better products. It has to be understood. When we were younger of age played sports not for the purpose of getting medals or winning prizes, played for the sake of playing, participating sports and game, athelectics that should be the attitude, we should be brought about. An attempt to commercialise sports is being made also, that it to be understood. Even in Calcutta Football Grounds now very multinational companies again are coming in the fray. This is again an attack on the grassroot level, how far it will parcolate I do not know. But let us come all together. Definitely the achievement of Jotirmoyee Sikdar is very great. A girl coming from rural Bengal on her own endeavours struggling much to rise of that position has to be recongnised. At the same time we cannot underline the fact that we are not doing well in sports and one should do in a large country like India compare to any other country, we are not in a very enviable position. I definitely agree with you that we should send recommendation to Jotirmoyee Sikdar and I am sure that the House will adopt the uanimous decision to congratulate her. In an appropriate term we will send the wording to her, the message to her that she is congratulated by the House, the people of the State and at the same time, I would call upon the Sports Department of this State Government to go more into details in sporting activities for the youth of Bengal specially for the rural Bengal. With these words, the matter ends.

## MENTION CASES

[12-30 — 12-40 p.m.]

**শ্রী দিলীপকুমার দাস ঃ** স্যার, আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার রায়গঞ্জে ১৯৯৮ সালে শহর এবং গ্রাম মিলিয়ে মোট ৬০ জন খুন হয়েছে। সেখানে পুলিশের ভূমিকা এমনই জঘন্য যে যারা খুন করছে তাদের গ্রেপ্তার না করে নিরীহ ছেলেদের গ্রেপ্তার করছে এবং এই খুনের সঙ্গে যারা জড়িয়ে আছে তারা বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। স্যার, আমরা মেনশন দিই। দীর্ঘদিন ধরে লক্ষ্য করছি, আমরা মেনশন কেসগুলো দিই কিন্তু সেগুলোর কোনও তদন্ত হয় না। আমরা বিধানসভায় আসি, বলি, চলে যাই। স্যার, রায়গঞ্জ এর এমন অবস্থা যে মানুষ তাদের ছেলেদের নিয়ে রাস্তায় বেড়িয়ে বাড়ি ফিরে আসবে কিনা সন্দেহ। গত ১১ তারিখে ব্যাংক থেকে টাকা তুলে এক ব্যবসায়ী আসছিল - ১ লক্ষ ২৫ হাজার টাকা নিয়ে, পাবলিক তাকে ধাওয়া করে, তখন সে নন গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশনের সেক্রেটারি তার বাড়িতে ঢুকে যায়। সেখান থেকে পুলিশ ১ লক্ষ ২৫ হাজার টাকা উদ্ধার করে। তাহলে ব্যাপারটা কোথায় দাঁড়াচ্ছে। নন গেজেটেড পুলিশ অ্যাশোসিয়েশন এর লোকেরা ছিনতাই এর সঙ্গে যুক্ত রয়েছে। গত পরশুদিন আমার ছেলে টুয়েলভ্ ক্লাসে পড়ে। সে পড়ে ফেরার পথে দেখতে পায় যে রাস্তায় দুটো মস্তান তার ক্লাসের এক সহপাঠীকে ধরে মারধোর করছে। তখন সে বলে কি ব্যাপার তোমরা ওকে মারছ কেন, সঙ্গে সঙ্গে গুলি করে, আমার ছেলে বেঁচে যায় কিন্তু আমার বিধানসভা কেন্দ্র সেখানেই আমার ছেলের কোনও নিরাপত্তা নেই। এই অবস্থা যদি চলতে থাকে, এই কারণে আপনার কাছে অনুরোধ জানাচ্ছি।

(মাইক অফ)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিশ্ব ব্যাংক পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় স্বাস্থ্যকেন্দ্রগুলোকে উন্নত করার জন্য, পরিষেবা এবং পরিকাঠামো বৃদ্ধি করার জন্য দেড়শো কোটি টাকা ঋণদান করেছে। প্রত্যেকটা সাবডিভিসনাল হাসপাতাল রুরাল হাসপাতালগুলোকে শুরু করা হবে। আমি আপনার মাধ্যমে দুঃখের সঙ্গে জানাচ্ছি যে রায়দিঘী হাসপাতাল ৫০টা বেড, পুরন্দরপুর রুরাল হাসপাতাল ৫০টা বেড, মথুরাপুর রুরাল হাসপাতাল

৫০টা বেড এই সমস্ত হাসপাতালগুলো পরিষেবার মধ্যে আসছে। দু বছর হয়ে গেল বিশ্ব ব্যাংক যে টাকা দিয়েছেন স্বাস্থ্যদপ্তর সেই টাকার ৪ ভাগের এক ভাগ টাকাও খরচ করতে পারে নি। বিশ্বব্যাংকের টাকা খরচ করতে না পারার ফলে যে পরিকাঠামো তৈরির কথা ছিল তা করতে পারেন নি। বিশ্বব্যাংক তাদের ঋণ বন্ধ করে দেবার হুমকি দিয়েছে। হাসপাতালে ভালো যন্ত্রপাতি থাকা দূরের কথা, সেখানে জানালা-দরজা নেই, ছাদ থেকে জল পড়ে। বিশ্বব্যাংক টাকা দিচ্ছে কিন্তু সেই টাকা খরচ করার ক্ষমতা স্বাস্থ্য দপ্তরের নেই। স্বাস্থ্য দপ্তর সব দিক থেকেতো ব্যর্থ। তাই আমি আপনার মাধ্যমে বলছি শুধু আমাদের এই কয়টি হাসপাতালেই নয় পশ্চিমবাংলায় যত স্বাস্থ্যকেন্দ্র আছ সেখানে কাজ করার জন্য পরিকাঠামো তৈরি করতে পারেন নি। তার ফলে প্রত্যেকটি মহকুমা স্বাস্থ্যকেন্দ্রগুলি ধুঁকছে। কলকাতার বড় বড় হাসপাতালগুলির উপর চাপ আসছে। সাবডিভিসনাল হাসপাতাল, ডিস্ট্রিক্ট হাসপাতালগুলি অত্যন্ত নিম্নমানের। সেখানে ডাক্তার নেই, ওষুধ নেই, জীবনদায়ী ওষুধ নেই তার ফলে সেই সব হাসপাতাল থেকে রোগীরা কলকাতায় এসে হাসপাতালের বারান্দায় শুয়ে থাকে। কয়েকদিন আগে আমি এন.আর.এস. হসপিটালে গিয়েছিলাম সেখানে দেখলাম বারান্দায় রোগীরা শুয়ে, সেখান দিয়ে হেঁটে যাওয়া যাচ্ছে না। আর এদিকে সাবডিভিসনাল হসপিটাল, ডিস্ট্রিক্ট হসপিটালগুলি খালি পড়ে আছে। অর্থাৎ সবাই কলকাতায় পালিয়ে আসছে। এর চেয়ে দুর্ভাগ্যের বিষয় আর কি থাকতে পারে? স্বাস্থ্য দপ্তর সম্পূর্নভাবে ব্যর্থ। এই দপ্তরের থাকার কোনও প্রয়োজনীয়তা আছে বলে মনে হয় না। স্বাস্থ্যমন্ত্রীকে বলুন বিবৃতি দিতে কেন তিনি টাকা খরচ করতে পারছেনা না। আজকে লোকেরা চিকিৎসা করাতে পারছে না। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি। স্বাস্থ্যমন্ত্রী পদত্যাগ করুন, কারণ তিনি সম্পূর্নভাবে ব্যর্থ। তিনি সম্পূর্নভাবে অযোগ্য তাই ওঁনার পদত্যাগ করা উচিত।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** আমি কয়েকদিন ধরেই এই ব্যাপারটা আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি গোচরে আনার চেষ্টা করছি। হাওড়া শহর যেটা মিনি ভারতবর্ষ বলে পরিচিত। সেই শহরে অরাজকতা চলছে, সেখানে ল'অ্যান্ড অর্ডারের কোনও প্রশ্নই নেই। গত কয়েক দিন ধরে কতগুলি মার্ডার হয়ে গেল। বারবার আপনার দৃষ্টি আকর্যণ করা সত্বেও কোনও কিছু হল না। গতকাল রাত ৮টার সময় আমাদের নেতৃস্থানীয় কংগ্রেস কর্মী পরিতোষ ভট্টাচার্য তাঁর বাড়ির সামনে নির্মমভাবে নিহত হলেন। তিনি এর আগে বারবার পুলিশ প্রোটেকশন চেয়ে ছিলেন। কতগুলি ব্র্যান্ডেড ক্রিমিনাল তারা বছরের পর বছর হাওড়া শহরে ক্রাইম করে বেড়াচ্ছে, কিন্তু

তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। বিভিন্ন মার্ডার কেসে তারা ওয়ানটেড। সাধারন মানুষের সহযোগিতা করা সত্বেও সেই সমস্ত ক্রিমিনালদের অ্যারেস্ট করা হচ্ছে না। কয়েকদিন আগে দুজন ছাত্র নিহত হল। বাড়ির গৃহবধুরা, মহিলারা হাওড়া কোর্টে তাদের আইনজ্ঞের কাছে আবেদন রেখে ছিলেন যে আপনারা কেউ দাঁড়াবেন না। যখন তাঁরা চলে আসার উদ্যোগ করছিল ঠিক সেই সময় পুলিশ তাদের উপর লাঠি চার্জ করে। এই সমস্ত লোকের পলিটিক্যাল অ্যাফিলিয়েশন থাকা সত্বেও সেখানে সব পার্টির লোক জমায়েত হয়েছিলেন, সেখানে মহিলাদের উপর লাঠি চার্জ করা হল। এখানে অ্যাথ্‌লিট রেখা চৌধুরীর উপর অত্যাচার করার কথা বলা হল কিন্তু মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে পারছি না। পরিতোষ ভট্টাচার্য তিনি বহু দিন ধরে বলেছিলেন তাকে হত্যার চেষ্টা করা হচ্ছে কিন্তু তিনি পুলিশ প্রোটেকশন চেয়ে পান নি। খবর পেয়ে আমরা গিয়ে দেখি তিনি মৃত। আজকে নাকি মর্গে পোস্ট মর্টেম হবে না। এটা আমি বুঝতে পারছিনা কি রকম রাজত্ব চলছে। আমি আশা করছি, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ঐ ব্রান্ডেড ক্রিমিন্যালদের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্যার, আজকে যখন পশ্চিমবঙ্গের সরকারি হাসপাতালগুলোর পরিষেবা সম্পূর্ন ভেঙ্গে পড়েছে এবং রাজ্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের ভয়াবহ মূল্যবৃদ্ধিতে জন-জীবন বিপর্যস্ত ঠিক সেই মুহূর্তে রাজ্য সরকার আবার নতুন করে সরকারি হাসপাতালে চার্জ বৃদ্ধি করে জনস্বাস্থ্যের উপর চরম আঘাত নামিয়ে এনেছেন। ১লা ডিসেম্বর থেকে সমস্ত সরকারি হাসপাতালে বেড ভাড়া থেকে আরম্ভ করে পরীক্ষার চার্জ, ইত্যাদি ক্ষেত্রে ফি কয়েক গুন বাড়ানো হ'ল। অতীতে ১৯৯২ সালে যখন সরকারি হাসপাতালে চার্জ বৃদ্ধি করা হয়েছিল তখন বলা হয়েছিল পরিষেবার উন্নতি করতে হবে। কিন্তু তা হয়নি। আপনারা জানেন সরকারি হাসপাতালে পরিষেবা কি অবস্থায় এসে দাঁড়িয়েছে। ওষুধ নেই, চিকিৎসার ব্যবস্থা নেই, সবর্ত্র সমাজ বিরোধীদের দৌরাত্ম্য। শিশু পাচার শিশু বদলের ঘটনা এবং অবহেলার ফলে রোগীর মৃত্যু পর্যন্ত ঘটছে।

স্যার, আপনি জানেন, ১৯৯৬ সালের ৬ই মে সুপ্রিম কোর্টের ডিভিসন বেঞ্চ কনস্টিটিউশনের ২১ নম্বর ধারায় একটা গুরুত্বপূর্ণ রায় দিয়েছিল। তা হচ্ছে 'একটা

কল্যাণমূলক রাজ্যে জনস্বাস্থ্য রক্ষায় হাসপাতাল পরিষেবার দায়িত্ব সরকারকে নিতে হবে'। কিন্তু সরকারি হাসপাতাল পরিষেবার দায়িত্ব দূরে থাক যে ভাবে জনস্বাস্থ্য পরিষেবা বে-সরকারি করনের দিকে ঠেলে দেওয়া হচ্ছে তাতে কল্যাণমূলক রাষ্ট্রের যে ভূমিকা তা থেকে সরে যাওয়া হচ্ছে এবং উত্তরোত্তর অবধি অর্থনীতির যে অবসম্ভাবি পরিনতি তাতে শিক্ষা, স্বাস্থ্যকে বে-সরকারিকরনের দিকে ঠেলে দেওয়া হচ্ছে। আজকে জনস্বাস্থ্য রক্ষার যে ছিঁটে-ফোঁটা সুযোগও ছিল নতুন করে সরকারি হাসপাতালে চার্জ বৃদ্ধি করে তা থেকে জনসাধারনকে বঞ্চিত করা হচ্ছে। আমি সরকারি হাসপাতালে চার্জ বৃদ্ধির এই জনবিরোধী স্বাস্থ্যনীতির পরিবর্তন করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় পাত্রসাহেব থেকে বিষ্ণুপুর যে রাস্তা আছে সেটা দীর্ঘদিন মেরামত হচ্ছে না। এর ফলে বাস এবং যান চলাচল করতে পারছে না। অতিসত্ত্বর এটা মেরামতির আবেদন জানাচ্ছি।

**শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। বর্যার আগে থেকে আমার বিধানসভা কেন্দ্রের শালতোড়া থেকে মুরুলিয়া ভায়া তিলুড়ি রাস্তাটার বেহাল অবস্থা। এই রাস্তাটার কাজের জন্য স্যাংশন হওয়া সত্বেও আজ পর্যন্ত কাজ শুরু হয়নি। পূর্ত দপ্তরের ইঞ্জিনিয়রদের এ বিষয়ে বলতে গেলে তাদের অফিসে পাওয়া যায় না। ঐ রাস্তাটার এমন অবস্থা যে, যে কোনও সময় দুর্ঘটনা ঘটতে পারে। ঐ রাস্তা দিয়ে দামোদর সিমেন্টের ৩০০/৪০০ গাড়ি যাতায়াত করে। তার ফলে রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ। অপরদিকে পুরুলিয়া জেলার রাস্তার মধ্যে ন্যাবার্ডের কাজ হয়েছে। তার ফলে বাঁকুড়া জেলার রাস্তাটুকু অত্যন্ত খারাপ অবস্থায় আছে। এরজন্য আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যাতে অবিলম্বে পূর্ত দপ্তর বাঁকুড়া জেলার পূর্ত দপ্তরকে এই ব্যাপারে তদারকি করে তাড়াতাড়ি কাজ শুরু করার কথা বলেন।

**শ্রী সুভাষচন্দ্র সরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ন বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নয়াগ্রাম এলাকার গোপিবল্লভপুর ব্লকের নুড়িশোল প্রস্তাবিত একটা স্বাস্থ্যকেন্দ্র দীর্ঘদিন ধরে পড়ে আছ। নুড়িশোলের ২০ কিলোমিটারের মধ্যে আর কোনও স্বাস্থ্যকেন্দ্র নেই। নুড়িশোলে স্বাস্থ্যকেন্দ্র তৈরির কাজ যাতে সত্ত্বর শুরু হয় তার জন্য আমি

আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অপরদিকে গোপিবল্লভপুরে একটা ব্লক স্বাস্থ্যকেন্দ্র আছে। ঐ ব্লক স্বাস্থ্যকেন্দ্রকে রুরাল স্বাস্থ্যকেন্দ্রে যাতে পরিণত করা হয় তারজন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। কারণ গোপিবল্লভপুর সাবডিভিসনাল টাউনে পরিণত হয়েছে, এখানে লোকসংখ্যা বেড়েছে, বিরাট গঞ্জ করা হচ্ছে। সুতরাং গোপিবল্লভপুরের ব্লক স্বাস্থ্যকেন্দ্রকে রুরাল স্বাস্থ্যকেন্দ্রে পরিণত করার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যসরকারের চতুর্থ পে-কমিশনের রিপোর্ট বেরিয়েছে। এরজন্য ধন্যবাদ জানাই। এই পে-কমিশনের সুপারিশ রাজ্যসরকারি কর্মচারিদের ক্ষেত্রে কার্যকর হয়েছে, কিন্তু রাজ্যের শিক্ষক ও শিক্ষাকর্মিদের ক্ষেত্রে পে-কমিশনের সুপারিশ কার্যকর হয় নি। শিক্ষক ও শিক্ষাকর্মিদের ক্ষেত্রে রোপা - ৯৮ সুপারিশগুলো কার্যকর হয় নি। যাতে এটা দ্রুত কার্যকর হয় তার জন্য আমি দাবি জানাচ্ছি। আমরা জানি রাজ্যসরকারের আর্থিক সীমাবদ্ধতা আছে। আরেকটা কথা বলতে চাই যে এই রাজ্যের কর্ম সংস্কৃতি বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী প্রায়ই বলেন। এই কর্মসংস্কৃতি বিষয়ে বলছি যাতে রাজ্যসরকারি কর্মচারিরা ভালভাবে কাজ করেন সে ব্যাপারেও দাবি জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, পশ্চিমবঙ্গে ভয়াবহ বেকার সমস্যা রয়েছে। আমরা দেখছি পশ্চিমবঙ্গের বিভিন্ন দপ্তরে অনেক শূন্য পদ রয়েছে। ভ্যাকেন্সি আছে কিন্তু এইসব পদগুলো পূরণ করা হচ্ছে না। এখন অবসরের বয়স ৫৮ থেকে বাড়িয়ে ৬০ বছর করা হয়েছে। এই কারণে ভ্যাকেন্সি আরও কমেছে। ফলে বেকারদের সুযোগ আরও নষ্ট হচ্ছে। আমি আপনার মাধ্যমে বলব যে রাজ্যসরকার অবিলম্বে যাতে অবসরের বয়স ৬০ বছর থেকে কমিয়ে ৫৮ বছর করেন। এটা না করলে বেকার ছেলেমেয়েদের ভবিষ্যৎ নষ্ট হয়ে যাবে। এই ভ্যাকেন্সিগুলো পূরণ হবে না। একদিকে আমরা শিল্পের উন্নতি করে, কৃষির উৎপাদনের মধ্যে দিয়ে, শিল্প উৎপাদনের মধ্যে দিয়ে, কুটির শিল্পের উন্নতির মধ্যে দিয়ে আমরা বেকার সমস্যার সমাধান করতে চাই। তখন সরকারি কর্মচারিদের অবসরের ক্ষেত্রে বয়স ৬০ বছর করার ফলে আরও বেশি করে বেকার সমস্যার সৃষ্টি হচ্ছে। ভ্যাকেন্সিগুলো পূরণ করা যাচ্ছে না। আমি সেজন্য অবসরের বয়স ৬০ বছর

থেকে কমিয়ে ৫৮ বছর করার জন্য রাজ্যসরকার যাতে পুনর্বিবেচনা করেন তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি এই হাউসে, গতকাল পার্ক স্ট্রিট এলাকায় যেখানে গুলি চালাচালি চলেছে সেটার উল্লেখ করছি।

কিন্তু আমি দুঃখ প্রকাশ করছি, যে আজকে স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশমন্ত্রী হাউসে নেই। উনি পার্টির সেন্ট্রাল কমিটির মিটিং-এ দিল্লি চলে গেছেন। গতকাল ঘটনা ঘটার পরে উনি হাউসে এসেছিলেন। তখন এত বড় ঘটনা ঘটলো, ৪ জন ডাকাত মারা গেল তাসত্বেও পুলিশমন্ত্রী হাউসে কোনও বিবৃতি দিলেন না। আমি মনে করি, হাউস চলাকালীন এটা হাউসের অবমাননা। যে ঘটনা গতকাল হয়েছে কাগজ পড়লে লোমহর্ষক হিন্দি সিনেমার মতোন মনে হয়। উত্তর প্রদেশের পুলিশ কলকাতায় এল, কলকাতায় এসে ডাকাতদলের উপর নজর রাখলো, তারপর সকালবেলায় বিড়লা প্ল্যানেটোরিয়ামের কাছ থেকে চেজ্ করে পার্ক স্ট্রিট এবং উড স্ট্রিটের মোড়ে ওভারটেক করলো এবং তাদেরকে গুলিতে ঝাঁঝরা করে দিল। গতকাল আমি এস.এস.কে.এম. হাসপাতালে গিয়েছিলাম, তখন দেখলাম ২ জন ডাকাত মৃত্যুর সাথে লড়ছে আর ১ জন মারা গেছে। এই ঘটনায় দুটি জিনিস প্রমান করছে কলকাতায় আন্তঃ রাজ্য ক্রিমিনাল বা ইন্টার-ন্যাশনাল ক্রিমিনালদের সেফ্ শেলটার হয়ে দাঁড়িয়েছে। এর আগে গোর্খা বলে একজন ক্রিমিনাল ধরা পড়লো। সারা ভারতবর্ষে যত টেরো-রিস্ট সে শিখ্ টেরোরিস্টই হোক বা অন্য কিছু আপনি জানেন কসবা থেকে তিলজলায় আসা একজন টেরোরিস্টকে পাঞ্জাব পুলিশ মারলো - বা নর্থ ইস্টার্নের উত্তরপ্রদেশের মাফিয়াই হোক, সবাই জানেন কলকাতায় গেলে কিছু হবে না এবং স্ট্রেঞ্জ ব্যাপার হচ্ছে, কলকাতার পুলিশ বিশেষ কিছু জানত না। এর সমস্ত কৃতিত্বই উত্তরপ্রদেশ পুলিশের, সমস্ত কৃতিত্বই উত্তরপ্রদেশ পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্সের তারাই এই কৃতিত্বের দাবির অধিকারী। আজকে কলকাতা শহরে সাধারণ লোকের নিরাপত্তা বিঘ্নিত হয়ে যাচ্ছে। কলকাতায় আজকে এইসব অপরাধীদের একটা সেফ্ শেলটার হয়ে দাঁড়াচ্ছে। সাধারণ মানুষ কিছুই জানে না, যে কোনও সময়ে গুলি চলতে পারে। এরা যোধপুর পার্কে ছিল। কলকাতা পুলিশের এই ব্যর্থতার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে অবিলম্বে তদন্ত ঘোষনা করা হোক এবং পুলিশের কাছে যে তথ্য আছে আন্তরাজ্য ডাকাত এবং টেরোরিস্ট

তারা কলকাতায় কতজন আছে সেই ব্যাপারে হোয়াইট পেপার এই হাউসের সামনে প্লেস করা হোক। আমার খবর আছে, পাকিস্তানি আই.এস.আই. এই রাজ্যে আছে। মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু এই কথা সেদিন স্বীকার করেছেন।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** (নট্ কল্ড্)

**শ্রী হিমাংশু দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার কাটোয়া এবং কালনা এই দুটি মহকুমার ১৪/১৫টি অঞ্চল গঙ্গা এবং ভাগীরথীর ভাঙ্গনে বিপন্ন। এই এলাকাগুলিতে ফরাক্কা বাঁধ তৈরি হওয়ার পরে এই ভাঙ্গন ১২ মাস দেখা যাচ্ছে। বহু জনপথ, জমি-জায়গা, পাকা রাস্তা এবং বিদ্যালয় এই ভাঙ্গনের কবলে ধ্বংস হচ্ছে। তাই এই এলাকার জন্য একটা তদন্ত করে যাতে একটা মাস্টার প্ল্যান করা যায়, সুপরিকল্পনা মাফিক এই ভাঙ্গনকে রদ করা যায় তারজন্য আমি দাবি করছি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা এবং মুর্শিদাবাদ জেলায় যখন বন্যা আসে তখন দেখি সবাই তৎপর হয়ে ওঠে, আবার বন্যা যখন শেষ হয়ে যায় তখন আমরা সবাই ঘুমিয়ে পড়ি। তাই পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী, অসীমবাবু এবং গণেশবাবু মালদায় যখন বন্যা দেখতে গিয়েছিলেন তখন আমরা ঘেরাও করেছিলাম। তখন ওনারা বলেছিলেন, সেন্ট্রাল গভর্নমেন্টের ২টি লং স্পার করার কথা সেই ২টি লং স্পার আমরাই করব। সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা কেটে রাজ্য সরকারের পক্ষ থেকে সেই ২টি লং স্পার করা হবে ২৮ এবং ২৯ নম্বর স্পার। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, রাজ্য সরকারের পক্ষ থেকে মাত্র ২৪ নম্বর স্পার করা হচ্ছে, কিন্তু ২টি লং স্পার নির্মানের পরিকল্পনা আজ পর্যন্ত রাজ্য সরকারের পক্ষ থেকে দেখতে পাচ্ছি না। তাই আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করছি, হাজার হাজার মানুষের কাছে আপনারা যে কথা দিয়ে এসেছিলেন - সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা কেটে ২টি লং স্পার নির্মান করার কথা, সেই ২টি লং স্পার নির্মান করুন এবং তার সঙ্গে ২টি সর্ট স্পার যেটা রাজ্যসরকারের পক্ষ থেকে করার কথা, মোট ৪টি স্পার অবিলম্বে নির্মান করার চেষ্টা করুন। সঙ্গে সঙ্গে সেখানে বন্যা প্রতিরোধের জন্য বাঁধ করার কথা বলেছিলেন। কিন্তু সেই বাঁধ করার জন্য যে ল্যান্ড অ্যাকুইজিস করা দরকার তার নোটিস পর্য্যন্ত এখনও দেওয়া হয়নি। অবিলম্বে এ দিকে দৃষ্টি দেবার জন্য আমি দাবি জানাচ্ছি।

**ডঃ নির্মল সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ন বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত শনিবার উস্তি থানা এলাকাতে আমাদের এক পার্টির নেতা এবং প্রাক্তন প্রধান, গ্রাম সম্পাদক, তাকে খুন করা হয়েছে। উস্তি থানা, মগরাহাট থানা এবং মন্দিরবাজার থানা এলাকায় সমাজবিরোধীদের দিয়ে চক্রান্ত করে কংগ্রেসিরা বিগত কয়েক বছর ধরে আমাদের কর্মী, সমর্থকদের এবং নেতাদের খুন করিয়েছে। শুধু তাই নয়, বিগত কয়েক বছর ধরে মগরাহাট থানাতে কংগ্রেসিরা - বর্তমানে কংগ্রেসি এবং তৃণমূলী - সি.পি.এমকে ওখানে কি ভাবে পর্যুদস্ত করা যায়, বামফ্রন্ট সরকারকে কি ভাবে পর্যুদস্ত করা যায় তার জন্য চক্রান্ত করে চলেছে। সমাজবিরোধীদের উস্কানি দিয়ে এবং সমাজবিরোধীদের সাহায্য নিয়ে তারা পুলিশ প্রসাশনকে পঙ্গু করে দেবার একটা ষড়যন্ত্র করেছে। এই ষড়যন্ত্র কি ভাবে চলছে সেটা আমি বলছি। নভেম্বরের ১৮ তারিখে পুলিশ কাঁটাপুকুরিয়া গ্রামেতে তৃণমুলীদের দ্বারা আক্রান্ত হল, পুলিশের গাড়ি ভেঙ্গে দেওয়া হল। কেস যদিও হয়েছে কিন্তু একজন ছাড়া আর কারুকে অ্যারেস্ট করা হয়নি যদিও শতখানেক লোক সেখানে আসামী। তার পর দিন ১৯ তারিখে ঝিনকিহাটে আবার পুলিশ হেকেল্ড হল, ওখানে তাদের গাড়ি ভাঙ্গা হল। এসব তৃণমূলীরা করছে কিন্তু এখনও পর্য্যন্ত সেখানে কেস করা হল না। অথচ উল্টে দেখা যাচ্ছে যে আমাদের নেতা যারা খুন হয়ে যাচ্ছেন সেই খুনের আসামীদের ধরার ব্যাপারে পুলিশ প্রশাসনের তৎপরতা নেই। এমন কি সমাজবিরোধীরা রাজনৈতিক উদ্দেশ্যে আমাদের কর্মী,সমর্থক, নেতৃত্বকে চিঠি দিয়ে গুলি পর্য্যন্ত করছে। সেখানে গুলি হয়ে গিয়েছে কিন্তু তা সত্বেও সেখানে এখনও আসামীদের ভালো ভাবে ধরা হয়নি বা সব আসামীদের ধরা হয়নি। এই এলাকায় আমাদের প্রধান এল.সি.এম. তিনি বাড়ি থাকতে পারছেন না। তাকেও চিঠি দিয়ে খুন করার হুমকি দেওয়া হয়েছে। আমাদের জেলা পরিষদের কর্মাধ্যক্ষ এবং জেলা কমিটির নেতৃত্ব, তিনিও বাড়ি থাকতে পারছেন না। এইসব ঘটনা ঘটছে। শুধু তাই নয়, সেখানে নির্দোষ মানুষদের চক্রান্ত করে আমাদের সমর্থক হলে - অ্যারেস্ট করে পাঠিয়ে দেওয়া হচ্ছে। সেখানে তৃণমূলীরা চাপ সৃষ্টি করার ফলে নির্দোষদেরও গ্রেপ্তার করা হচ্ছে। এমন কি জড়িত না থাকা সত্বেও আমাদের পার্টির নেতৃত্বকে সেখানে খুনের আসামী করে দেওয়া হচ্ছে। এ ব্যাপারে কোনও তদন্ত করা হচ্ছে না। এফ.আই.আরে নাম না থাকলেও প্রথম আসামীর সাথে আমাদের সমর্থকদের গ্রেপ্তার করে পাঠিয়ে দেওয়া হচ্ছে। স্যার, এর ফলে এই এলাকাতে ডাকাতি হওয়া সত্বেও মানুষ পুলিশের উপর এতো আস্থা

হারিয়েছে যে তারা ভয়েতে ওখানে কেস পর্য্যন্ত করতে যাচ্ছে না। পুলিশ প্রশাসনের একটা অংশ এবং তাতে শুধু থানা নয়, থানার উর্ধতন মহলও এর সঙ্গে ইনভলভড। এরজন্য একটা তদন্ত, একটা কমিশন করা দরকার। এটা আমি দাবি করছি। যারা দোষী তাদের অবিলম্বে শাস্তির দাবি করছি।

**শ্রী মন্মথ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে গোবরডাঙ্গা পৌরসভা অবস্থিত। বছর তিনেক পূর্বে সেখানে একটি হাসপাতাল তৈরি হয়েছে। লক্ষ লক্ষ টাকা খরচ করে সেই হাসপাতালটি তৈরি হয়েছে এবং সেখানে থাকার প্রচুর ব্যবস্থাও আছে। কিন্তু হাসপাতালটি এখনও চালু হয়নি। সেইসব ঘরগুলি ওখানকার যারা সমাজবিরোধী, মস্তান তাদের আবাস স্থলে রূপান্তরিত হয়েছে। এর ফলে এলাকায় দারুন ক্ষোভের সৃষ্টি হয়েছে। মাঝে মাঝে সেখানকার মানুষ ধর্মঘট ইত্যাদির মাধ্যমে দাবি করছেন যে হাসপাতালটি অবিলম্বে চালু হোক। স্যার, আমারও দাবি যে এই হাসপাতালটি অবিলম্বে চালু হোক। এটা চালু না হওয়ায় এলাকার প্রায় লক্ষাধিক মানুষ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। অবিলম্বে হাসপাতালটি চালু করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় Caledonian জুট মিল বেশ কিছুদিন ধরে বন্ধ আছে। আমি বারবার সরকারকে বলেছি, মন্ত্রী বিদ্যুৎ গাঙ্গুলিকে, শান্তি ঘটক এবং মাননীয় মুখ্যমন্ত্রীকেও বলেছি কিন্তু আজ পর্যন্ত তার কোনও সুরাহা হয়নি। সেখানে প্রায় ৩৫০ জন শ্রমিক কাজ করেন। তাদের এমন একটা অবস্থা হয়েছে যে তারা অনাহারে দিন কাটাচ্ছে, তাদের ছেলেমেয়েরা পড়াশুনা করতে পারছে না। আমি আপনার কাছে অনুরোধ করব যাতে এই মিলটি অবিলম্বে চালু করা যায় তার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হোক। আমি গতকালও মন্ত্রীর সঙ্গে কথা বলেছি। প্রত্যেকবার তিনি বলছেন যে, আমরা মিটিং করার ব্যবস্থা করব, কিন্তু দেখা যাচ্ছে যে কোনও ব্যবস্থা হচ্ছে না। আমরা কাগজের মাধ্যমে বলছি যে ইন্ডাস্ট্রি চালু করব, নুতন ইন্ডাস্ট্রি খুলছি, অথচ যে সমস্ত পুরানো ইন্ডাস্ট্রি আছে সেগুলি দিনের পর দিন বন্ধ হয়ে আছে। আজকে এগুলি সম্পর্কে ভাবা দরকার। শুধু আমার এলাকা নয়, ডানলপ থেকে শুরু করে অনেক ইন্ডাস্ট্রি আছে যেগুলি বন্ধ হয়ে আছে। হাউসে মন্ত্রীর সঙ্গে এ নিয়ে অনেক

কথা হয়েছে, কিন্তু দেখা যাচ্ছে যে কোনও ব্যবস্থা করা হচ্ছে না। আজকে নিউ সেন্ট্রাল জুট মিল, সেখানে সরকার থেকে টাকা দেবার কথা, মন্ত্রী অসীমবাবু বলেছিলেন যে শুক্রবারে টাকা দেবেন। কিন্তু আজ পর্যন্ত তা দেওয়া হয়নি। একেই যারা বেকার হয়ে আছে, চাকরি পাচ্ছে না, তার উপরে যদি শ্রমিক ছাটাই হয় তাহলে অবস্থা আরো খারাপ হবে। আমি আশা করব যে, আপনি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবেন যাতে অবিলম্বে এই মিলটি চালু করার ব্যবস্থা করেন।

**শ্রী নিকুঞ্জ পাইক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষিণ ২৪ পরগণা জেলায় পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে এবং আজ পর্যন্ত পরপর ২০টি মার্ডার হয়েছে এবং এই মার্ডারের পিছনে প্রত্যক্ষ মদত আছে কংগ্রেস এবং তৃণমূলের। স্যার, গতকাল বাবলু শ্রীবাস্তবের একজন সঙ্গীকে উত্তর প্রদেশের পুলিশ এসে খুন করেছে। দক্ষিণ ২৪ পরগণা জেলায় এই যে অসংখ্য মার্ডার হল তার সঙ্গে কংগ্রেস এবং তৃণমূল যুক্ত আছে। এই বাবলু শ্রীবাস্তব-এর নরসিমা রাওয়ের সঙ্গে ওঠা বসা ছিল, এটা সকলেই জানেন। আমার আশংকা এই বাবলু শ্রীবাস্তবের সঙ্গে কংগ্রেসের যোগ ছিল এবং তাদের দিয়ে এই পশ্চিমবাংলায় একটা ষড়যন্ত্র একটা সন্ত্রাসের কায়েম করার চেষ্টা করেছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রিমহাশয়কে এই বিষয়ে তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আবেদন জানাচ্ছি।

## PRESENTATION OF COMMITTEE REPORT

### The 41st Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 41st Report of the Business Advisory Committee as follows :- 16th December, 1998, on Wednesday, The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1998 as reported by the Selected Committee (Consideration & Passing) One Hour. Now I request the Parliamentary Affairs Minister to move the Motion for acceptance of the House.

**Shri Probodh Chandra Sinha :** Sir, I beg to move that the 41st Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The Motion was then put and agreed to.

**মিঃ স্পিকার ঃ** আশা করি আপনাদের সম্মতি আছে? (সকলের সম্মতি জ্ঞাপন) তাহলে এটা গৃহীত হল। এখন জিরো আওয়ার। আমার কাছে ২৬টি নাম আছে। এটা ১।। টার মধ্যে ক্লোজ করতে চাই। কাজেই আপনারা আধ মিনিট করে সময় পাবেন। শ্রী পঙ্কজ ব্যানার্জি বলুন।

## ZERO HOUR

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, টালিগঞ্জ, ঢাকুরিয়া এবং যাদবপুর অঞ্চলে ১০টি কারখানা ছিল, তার মধ্যে ৯টি কারখানা বন্ধ হয়ে গেছে। ১০টি কারখানার ভেতর ৯টি কারখানা বন্ধ হয়ে যাওয়ার ফলে প্রায় ১৪,০০০ শ্রমিক নতুন করে কাজকর্ম হারাচ্ছেন। আমরা বারবার সংশ্লিষ্ট দপ্তরের কাছে আবেদন করেছি, আলোচনা করেছি, দেখা-সাক্ষাৎ করেছি, ঘন ঘন মিটিং হয়েছে ওদের সঙ্গে, কিন্তু কারখানা খোলেনি। একটিমাত্র কারখানা জয় ইঞ্জিনিয়ারিং চালু ছিল, কিন্তু তার অধিকাংশ জমি বিলি বন্টন হয়ে গেছে। রাজ্য সরকারের অনুমতি নিয়ে তারা কারখানা ওখান থেকে স্থানান্তরিত করে দিচ্ছেন। অর্থাৎ ১০টির মধ্যে ১০টি কারখানাই বন্ধ হয়ে যাচ্ছে। এরকম একটা গুরুতর বিষয় সম্পর্কে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীকে অনুরোধ করব, বন্ধ কারখানাগুলি খুলবার ব্যবস্থা করে যাতে ঐসব শ্রমিকদের রুজির ব্যবস্থা করা যায় সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের পরিবহন মন্ত্রীর বিষয়টা টেক-আপ করা দরকার। মেট্রো রেল বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। আজও দমদম থেকে সার্ভিস বন্ধ হয়ে রয়েছে। তারা ভাড়া কয়েক দফায় বাড়িয়েছেন। ভাড়া বৃদ্ধিটা কংগ্রেস আমলে হচ্ছিল। গতকাল কংগ্রেসিরা দমদম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে হামলা করেছেন। কিন্তু তৃণমূল কংগ্রেসের নেতা নেত্রীরা বেঙ্গল প্যাকেজের কথা যা বলছিলেন সেসব কোথায় গেল জানি না। মেট্রোরেল সম্প্রসারণের কাজ হচ্ছে না এবং তারজন্য অগনিত যাত্রী দুর্ভোগ করছেন। কাজেই মেট্রোরেল সম্প্রসারণের বিষয়টা পরিবহন মন্ত্রী কেন্দ্রীয় সরকারের সঙ্গে টেক-আপ করুন এই দাবি জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** অনুপস্থিত।

**শ্রী অঙ্গদ বাউরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার রামচন্দ্রপুর ড্যাম থেকে একটি সেচ-নালা শুরু হয়েছে। নালাটি আমার বিধানসভা কেন্দ্রের ভেতর দিয়ে এসেছে এটা আমার সৌভাগ্য। কিন্তু এক বছর ধরে সেচনালাটি বন্ধ রয়েছে। সেখানে মোরোমের যে রাস্তাগুলি রয়েছে সেগুলোও একটা একটা করে শেষ করে দেওয়া হয়েছে। কাজেই নালাটির কাজ যাতে এখনই শুরু করা হয় তারজন্য সেচমন্ত্রীর কাছে আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে বার্ধক্য ভাতা, বিধবা ভাতা ইত্যাদি যেসব ভাতা চালু রয়েছে তাতে অর্থের পরিমান অত্যন্ত কম এবং সেটাও নিয়মিত পাওয়া যায় না। অনেক কেসই জেলা দপ্তরে ফাইল বন্দি হয়ে পড়ে থাকে। কাজেই বিষয়টা দেখবার জন্য এবং এই খাতে নন্‌-প্ল্যানের টাকা বাড়াবার জন্য দাবি করছি।

**শ্রী শৈলজা দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপানার মাধ্যমে স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মেদিনীপুর জেলার প্রাথমিক স্কুল পর্ষদ ইতিমধ্যে শিক্ষক নিয়োগের জন্য ব্যবস্থা গ্রহন করেছে। শিক্ষক নিয়োগের জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম চাওয়া হয়েছিল এবং তার পরিপ্রেক্ষিতে একজনের পেছনে ২০ জনের নাম গিয়েছিল। কিন্তু মেদিনীপুর জেলা প্রাথমিক স্কুল পর্ষদ শাসক দল এবং মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সঙ্গে ষড়যন্ত্র করে ১ : ২০ বাতিল করে দিয়ে ১ : ৫ নাম ডাকা হয়েছে একমাত্র সেখানে রাজনীতি করবার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, যে ১৫ জনের নাম বাদ গেছে তাদের আবার ইন্টারভিউতে ডাকা হোক।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি ও সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পিংলা ব্লকে গত খরাতে ব্যাপক ক্ষতি হয়েছে চাষে। তারপর ঝড় এবং অতিবর্ষণের ফলে ফসলহানী হওয়ায় সেখানকার সাধারণ চাষীরা দূরবস্থার মধ্যে পড়েছেন। এই দুরবস্থাকে যাতে তারা অতিক্রম করতে পারেন তারজন্য আগামী বোরো মরশুমে যাতে তারা সেচের জল পান এবং সহজ শর্তে ঋণ পেতে পারেন তার জন্য ব্যবস্থা করতে অনুরোধ করছি।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** স্যার, আমাদের এই রাজ্য পশ্চিমবাংলায় আইনশৃংখলা ভাঙ্গার জন্য একটা চক্রান্ত চলছে। সম্প্রতি আমরা দেখতে পাচ্ছি পাকিস্তানের আই.এস.আই-এর কার্যকলাপ এখানে বেড়েছে। আমরা দেখেছি পাঞ্জাবের উগ্রপন্থীরা এখানে ঘাঁটি গাড়বার চেষ্টা করছে, আসামের ইউ.এল.এফ-এ উগ্রপন্থীরা ঘাঁটি গাড়বার চেষ্টা করছে। আমরা এখানে দেখেছি উত্তরপ্রদেশ থেকে এসে গতকাল তারা কি ঘটনা ঘটিয়েছে। উত্তরপ্রদেশ থেকে দাউদের সঙ্গীসাথীরা এসে এখানে কি ঘটনা ঘটিয়েছে। স্যার, এখানে আইন শৃংখলার পরিস্থিতি কি রকম ভাল আপনি জানেন। ২২ বছর ধরে ওদের তৈরি নৈরাজ্য থেকে একটা ভাল জায়গায় আনতে পেরেছে, মানুষকে অন্ততপক্ষে একটু শান্তি দেবার চেষ্টা করেছে। আবার সেই আইন শৃংখলা ভাঙ্গার একটা চক্রান্ত চলছে। আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করব,এই চক্রান্তের ব্যাপারে কড়া নজর রাখুন এবং উপযুক্ত ব্যবস্থা করুন।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কৃষি ও সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি যে বন্যা হয়ে গেল তাতে নদীয়া বাদ যায় নি। আমার শান্তিপুর এলাকা সহ নদীয়ার বেশ কিছু এলাকায় মিনি বন্যা হয়েছে। `স্যার, বন্যার পর থেকে শান্তিপুর শহর এবং গ্রাম এলাকার তিনটি মৌজা চরহরিপুর, সুতারাগড়চর এবং চরজিজিরার প্রায় ৪ হাজার একর জমি এখনও জলের তলায়। স্যার এই ৪ হাজার একর জমির প্রায় ২-৩ হাজার ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী তাদের জমিতে চাষ আবাদ করতে পারেনি। তারা রবি শস্য বুনতে পারেনি এবং বোরো চাষও করতে পারবে না। এই ব্যাপারে আমি বারে বারে ব্লকে বলেছি, জেলাপরিষদে বলেছি, ডি.এম-কে বলেছি, এস.ডি.ও-কে বলেছি, তাঁরা কোনও কর্ণপাত করেনি। এখানে দুটি ক্যানালের ব্যবস্থা না করলে জল নিকাশের কোনও ব্যবস্থা হবে না। তাতে চাষীদের দূরবস্থা বাড়বে।

**শ্রী দিলীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আবার। এখন ধান কাটার মরশুম। বহু ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী এবং সেই সঙ্গে পাট্টা প্রাপ্ত পাট্টাদার এবং ভূমিহীন কৃষকরা ধান কাটছে। এই সি.পি.এম-এর গুন্ডা বাহিনী জোর করে লুঠপাট করে নিয়ে গিয়েছে তাদের ধান। আমি স্যার আপনার মাধ্যমে একটা নাম বলছি, রায়গঞ্জব্লকে রমজান আনসারি এবং খলিল আনসারির মাত্র ৫ বিঘা জমি, জমি চাষবাস করে সে সংসার চালায়।

জোর করে রাতের বেলায় সি.পি.এম-এর লোকেরা ধান লুঠপাট করে নিয়ে যায়। থানায় এই ব্যাপারে জানানো হয়, আমি নিজে গেছি থানায় এবং বলেছি যে ধানগুলি উদ্ধার করুন। কিন্তু পুলিশ আজ পর্যন্ত ধানগুলি উদ্ধার করে নি। এই রকম হাজার হাজার ঘটনা উত্তর-দিনাজপুরে ঘটছে, পুলিশ কিছু করছে না।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জেলায় ডাইরিয়া এবং আন্ত্রিক এক মহামারি আকার ধারণ করেছে। বন্যার পর আন্ত্রিকের সংখ্যা বাড়ছে, মাঝখানে একটু কম হলেও এখন বাড়ছে। জলঙ্গীতে ৩ জন মারা গিয়েছে। রানিনগর হাসপাতালে বি.এম.ও.এইচ. নেই, অবিলম্বে সেখানে বি.এম.ও.এইচ. পাঠানো দরকার। সেখানে বেশ কিছু রোগী ভর্তি হয়ে রয়েছে কিন্তু তাদের চিকিৎসা করা যাচ্ছে না। অবিলম্বে ওই হাসপাতালে কিছু ডাক্তার পাঠানো দরকার এবং পর্যাপ্ত ঔষধ পাঠানো দরকার। এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহনের জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান এবং আরামবাগে স্টেট হাইওয়ে যে রাস্তাটি আছে, বর্ধমান, হুগলি এবং মেদিনীপুর জেলার ব্যাপক অংশের মানুষ এই রাস্তা দিয়ে যাতায়াত করেন এবং মালপত্রও যাতায়াত করে। রাস্তাটি বর্তমানে অচল হয়ে পড়েছে। গত এক বছরে দুর্ঘটনায় বহু মানুষ মারা গেছেন। বর্ধমান হতে আরামবাগ পর্যন্ত রাস্তাটি সত্বর যাতে মেরামত করা হয়, তারজন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে ধান কাটার পরে ধানের দাম কমে যায়, চালের দামও কমে যায়। বর্তমানে চালের দাম ১১ টাকা কে.জি. চলছে। পরে চালের দাম কোথায় গিয়ে দাঁড়াবে তা বলা যাচ্ছে না। সারা পশ্চিমবাংলায় চাষীরা বোরো চাষে জলের জন্য ভুগছে। তারা বুঝতে পারছে না, বোরো চাষে আদৌ জল দেওয়া হবে কিনা। সারা পশ্চিমবাংলায় বোরো চাষে কোথায় জল দেওয়া হবে এবং কত একর জল দেওয়া যাবে তা সরকারের পক্ষ থেকে এবং সেচ দপ্তরের পক্ষ থেকে যেন ঘোষণা করা হয়।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৪২ সালে ভারত ছাড়ো আন্দোলনের ফলে একটা জাতীয় সরকার গড়ে উঠেছিল, তার নাম ছিল 'তাম্রলিপ্ত সরকার'। ১৭ই ডিসেম্বর তার প্রতিষ্ঠা দিবস। বালিয়া এবং সাঁতারা নামে দুটি জাতীয় সরকার গড়ে উঠেছিল। স্থায়িত্বের দিক থেকে সেই সরকার ২১ মাস চলেছিল। সেই সরকারের প্রতিষ্ঠাতা ছিলেন সতীশ সামন্ত। কলকাতায় যাতে তাঁর মূর্তি প্রতিষ্ঠিত হয় তারজন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি জাতীয় সরকারের সর্বাধিনায়ক ছিলেন, তাঁর একটা মূর্তি থাকবে না, এটা ভাবা যায় না। সেই সঙ্গে সঙ্গে, এই বিধানসভায় যাতে তাঁর একটা মূর্তি স্থাপিত হয় তারজন্যও অনুরোধ জানাচ্ছি।

**Shrimati Santa Chhetri :** Hon'ble Speaker, Sir, Let me draw your attention to the absence of any rescue homes for the vagrant and delinquent children in Darjeeling hill areas. At present such children are being accommodated in a home of Jalpaiguri. far off from Darjeeling.

I therefore, request the Hon'ble Social Welfare and Jail Minister to take a humanitarian view of the matter and initiate measure to set up homes in Darjeeling hill areas as soon as possible.

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ইতিমধ্যে বিষয়টি আলোচিত হয়েছে। আমরা সবাই অভিনন্দন জানিয়েছি। বাংলা এবং ভারতের গর্ব জ্যোতির্ময়ী গতকাল এয়োদশ গেমসে স্বর্নপদক পেয়েছেন ১৫০০ মিটারে দৌড়ে। আমরা ক্ষোভের সঙ্গে লক্ষ্য করছি, এশিয়াডের সংগঠক তাঁরা ভুলে গিয়েছিলেন, তিনি সোনার পদক পেতে যখন ভিকট্রি স্টান্ডে দাঁড়িয়েছিলেন, তাঁকে যখন পদক পরানো হচ্ছিল তখন যারা সোনা পেতে পেতে ক্লান্ত হয়ে উঠেছে, সেই চিনের জাতীয় সঙ্গীত বাজানো হল। এশিয়ান গেমসের মতো গুরুত্বপূর্ণ খেলা যখন চলছে, সেখানে সংগঠকদের এই যে ত্রুটি তারজন্য আমরা ক্ষোভ প্রকাশ করছি। জ্যোতির্ময়ী শিকদারকে আমরা অভিনন্দন জানিয়েছি আমি আমার পক্ষ থেকে আবার তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় বিদ্যুতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বরাবনি বিধানসভা কেন্দ্রে যারা দীর্ঘদিন যাবৎ গ্রামে বাস

করছেন, খালি বারাবনি নয়, সারা পশ্চিমবাংলায় গ্রামে যেখানে গরীব মানুষরা দীর্ঘদিন যাবৎ বাস করছেন তাঁরা দীর্ঘদিন যাবৎ বাস করা সত্ত্বেও আজ পর্যন্ত আলোর মুখ দেখতে পান না। আলোর মুখ দেখতে পায় নি, এই রকম অনেক মৌজা সারা পশ্চিমবাংলায় রয়েছে, এই রকম অনেক মৌজায় যেখানে সরকারের প্রচুর মেটেরিয়ালস্ পড়ে আছে, সেখানে আজ পর্যন্ত আলো পৌছোয় নি। শালানপুর ব্লকে মহিষকুন্ডায় সেখানে ট্রান্সফরমার পোল এবং আদার মেটিরিয়ালস দীর্ঘদিন যাবৎ পড়ে আছে, সেখানে আলো যায়নি। সাজনা বলে একটি মৌজা আছে সেখানে মাল মেটিরিয়ালস পড়ে আছে, সেখানে আলো পর্যন্ত পৌছায়নি। বারাবনি ব্লকের আমনালা, অবিধপুর, চটি, রানিডাঙ্গা, নপাড়া, বানিফোলা এই সমস্ত জায়গায় গ্রামগুলিতে দীর্ঘদিন যাবৎ মাল মেটিরিয়ালস পড়ে আছে, কিন্তু বিদ্যুতায়িত হয়নি। তাই আমি আপনার মাধ্যমে এই অথর্ব সরকারের বিরুদ্ধে পাবলিক এর সমর্থনে যে সমস্ত মানুষ আমরা এখানে এসেছি তাদের সকলের দাবি ওঠা দরকার এই অথর্ব সরকারের সত্বর চলে যাওয়া দরকার। বিদ্যুৎমন্ত্রীর পদত্যাগ করা দরকার। সাধারণ মানুষের রক্ত শোষণ করে এরা আর কতদিন এখানে বসে থাকবেন? দীর্ঘদিন যাবৎ গরিব মানুষের টাকা মিসইউজ করা হচ্ছে, এই ব্যাপারে ডিপার্টমেন্টের তদন্ত হওয়া দরকার। দিনের পর দিন ডিপার্টমেন্টের মাধ্যমে বুলেটিন দেখানো হচ্ছে প্রজেক্ট দেখিয়ে দেওয়া হচ্ছে, বিদ্যুতায়িত করা হচ্ছে। দীর্ঘদিন যাবৎ ছেলেরা বেকার হয়ে বসে আছে, তাদের চাকরির কোনও সুযোগ নেই, বেকার ছেলেরা লেখাপড়া শিখে কো-অপারেটিভ এর মাধ্যমে কিছু একটা করে খাবে তারও ব্যবস্থা হচ্ছে না সামান্য বিদ্যুৎ এর অভাবে। তাই বিষয়টি দেখার জন্য আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগণা জেলার প্রত্যন্ত এলাকা হচ্ছে পাথরপ্রতিমা। ঐ এলাকায় বিদ্যুৎ এর সংযোগ করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে দরবার করার পরেও এলাকায় সার্ভের কাজ কমপ্লিট হয়েও রামগঙ্গায়, দক্ষিণ রায়পুরে, দিগম্বপুরে, পূর্ণচন্দ্রপুরে, এই সমস্ত বিস্তীর্ণ এলাকায় আজ পর্যন্ত বিদ্যুৎ পৌছায়নি। ৮৮টি মৌজার মধ্যে ৭টি মৌজায় বিদ্যুৎ গিয়েছে। বাকিগুলিতে গত ২১ বছরে বিদ্যুৎ এর কোনও ব্যবস্থা করেননি। অথচ কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি মৌজায় বিদ্যুৎ

পৌছানোর কথা ছিল গ্রামের দরিদ্র মানুষ বিশষ করে আদিবাসী তফসিলী সম্প্রদায়ের মানুষের বাড়িতে লোকদ্বীপের মাধ্যমে আলো পৌছানোর ব্যবস্থা ছিল, কিন্তু আমার ওখানে ১৪টি দ্বীপের মধ্যে মাত্র ৫টি জায়গায় আমরা দাবি করেছিলাম, বাকিগুলিতে অচেরাচরিত থেকে বিদ্যুৎ সরবরাহ করার কথা, ইতিমধ্যে মন্ত্রী আশ্বাসও দিয়েছিলেন ভরতপুর কুমির প্রকল্পে কাঠের চুল্লির মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হবে, বাংলার শেষ লোকালয় জি ব্লক সেখানেও আর একটা কাঠের চুল্লিতে গোসাবার মতো বিদ্যুৎ পৌছে দেওয়া হবে। অত্যন্ত দূর্ভাগ্যের বিষয়, কলকাতাতে বিদ্যুৎ নিয়ে সংকট থাকলেও বহুজাতিক সংস্থার কাছে যখন রাজ্য সরকার আত্মসমর্পণ করে গোয়েঙ্কার কাছে আত্মসমর্পণ করছে তখন গ্রামীন বিদ্যুৎ প্রকল্প কোন অবস্থায় থাকবে, তাই আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি বিদ্যুৎ মন্ত্রীর প্রতি, বিষয়টি ভেবে দেখার জন্য

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়া বর্ধমান রোড, কাটোয়া বহরমপুর রোড এর যে অবস্থা হয়েছে, সেখানে প্রতিদিন বাস দুর্ঘটনা ঘটছে। প্রানহানিও হচ্ছে। এই অবস্থায় এই রাস্তা যদি অবিলম্বে মেরামতি না হয় তাহলে যানবাহন চলাচল অযোগ্য হয়ে যাবে। তাই আমি দাবি করছি, অবিলম্বে রাস্তা মেরামতি করে যানবাহন চলাচলের উপযোগী যাতে করা যায় তার ব্যবস্থা করার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে দেশের যে অবস্থা তা আমরা সবাই জানি। বিশেষ করে আসানসোল মহকুমায় শালানপুর এলাকায় আইন শৃংখলার ভীষণ অবনতি হয়েছে। সেখানে গত ১৫দিনে ৭টি ডাকাতি হয়েছে। গতকালও রাত্রি ১২টার সময় একটা ডাকাতি হয়। আমাদের ওয়েস্ট বেঙ্গল ইউনিয়ন অব জার্নালিস্ট অ্যাশোসিয়েশনের সহ-সভাপতি এবং বর্ধমান জেলার সভাপতি বিশ্বদেব ভট্টাচার্যর বাড়িতে গতকাল একঘন্টা ধরে ডাকাতি হয়েছে রাত্রি ১২.১৫ মিনিট থেকে। ঠিক তার পাঁচ মিনিট আগে যখন ডাকাতরা দরজা ভাঙ্গছে তখন তিনি লোকাল থানায় ফোন করেন। লোকাল থানা ওখান থেকে ছয়-মিনিটের ডিসটেন্স। কিন্তু পুলিশ আসে ১.৩৫ মিনিটে। পুলিশের সামনে আরও ১৫ মিনিট ধরে ডাকাতি হয় এবং তারা সমস্ত জিনিসপত্র নিয়ে যাওয়ার সময় বোমা মারতে মারতে চলে যায়। যাওয়ার সময় ডাকাতরা তার মেয়ে এবং ভাইয়ের স্ত্রীকে সঙ্গে নিয়ে যাচ্ছিল, কিন্তু

কান্নাকাটি করাতে তাদের ছেড়ে দেয়। তারা যাওয়ার সময় বলে গেছে আগামী ২০ তারিখে এসে বাড়ির সবাইকে হত্যা করবে। এই ধরনের ঘটনা পুলিশের সামনে ঘটেছে। আর আমাদের হোম মিনিস্টার দিল্লিতে গিয়ে বসে আছেন।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাজার দর যখন অগ্নি মূল্য, যখন জিনিসপত্রের দাম সাধারন মানুষের ধরা ছোঁয়ার বাইরে সেই সময় আমরা দেখতে পাচ্ছি গ্রামীন এলাকায় মডিফায়েড রেশনিং এলাকায় চাল একশ্‌ গ্রাম, চিনি পঞ্চাশ গ্রাম, গম কখনও দেওয়াই হচ্ছে না, পাম তেল দেওয়া হচ্ছে না - জাহাজ নাকি এখনও ক্লিয়ার হয়নি। আমরা কংগ্রেসের আমলে দেখেছি যখন জিনিসপত্রের দাম বাড়ত তখন নিত্যপ্রয়োজনীয় জিনিস রেশন দোকানের মাধ্যমে জনসাধারনকে দেওয়া হত। কিন্তু আজকে রেশনে সেই সমস্ত জিনিস অমিল, গ্রামের মানুষ হাহাকার করছে। ফাটকাবাজদের কল্যানে গ্রামবাংলায় আজকে এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আপনার কাছে অনুরোধ এই অবস্থার পরিবর্তন ঘটিয়ে গ্রামের মানুষের এই দূর্দশার পরিবর্তন ঘটাবেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল কংগ্রেসের ছেলেরা সরা রাজ্যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের দূর্নীতির বিরুদ্ধে আন্দোলন কর্মসূচি হিসাবে বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের সামনে তারা ডেপুটেশন এবং বিক্ষোভ দেখাচ্ছিল। দমদম এলাকার কংগ্রেস কর্মীরা তাদের এলাকার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের সামনে বিক্ষোভ দেখাচ্ছিল। সেই বিক্ষোভ দেখানোর জন্য মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কিছু ঠ্যাঙ্গাড়ে বাহিনী গুন্ডা তারা টাউন কংগ্রেসের অফিসে সমস্ত জিনিস তছনছ করে দিয়েছে। এমন কি ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধী, মহাত্মা গান্ধী এবং নেতাজীর যে সমস্ত ছবি ছিল সেগুলো মাটিতে ফেলে পা দিয়ে ভেঙ্গে দিয়েছে। যেভাবে তারা ভাঙ্গচুর করেছে তার জন্য আমি পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দোষী পুলিশ অফিসারের শাস্তির দাবি করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। যার দৃষ্টি আকর্ষণ করা দরকার তিনি তো ঘুমিয়ে রয়েছেন, তিনি যতক্ষন না জেগে থাকেন, তার থেকে বেশি ঘুমিয়ে থাকেন, তিনি

হচ্ছেন আমাদের শ্রমমন্ত্রী। আমাদের রাজ্যে একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, কিন্তু সেই ব্যাপারে আমাদের সরকারের কোনও উদ্যোগ আছে বলে মনে হয়না। স্যার, কানোরিয়া জুট মিল আবার বন্ধ হয়ে গেছে, এই নিয়ে ছয়বার লকআউট হল। আমি জানিনা কোন অধিকারে, কোন সাহসে কারখানার মালিক এই কাজ করছেন। যে রাজ্যের মুখ্যমন্ত্রী বাইশ বছর ধরে রাজত্ব করছেন বলে অহঙ্কার করেন, সেই রাজ্যের কারখানা মালিকরা রাতের অন্ধাকারে আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে কারখানা লকআউট করে পশ্চিমবঙ্গ ছেড়ে চলে গেছেন। কোথায় চলে গেছেন কেউ জানে না। অবিলম্বে এই লক-আউট তুলে দেবার জন্য সরকারের উদ্যোগ নেওয়া উচিত। ছয় হাজার শ্রমিক-কর্মচারীর জীবিকা এর সাথে জড়িত আছে।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। প্রতি বছর নির্বাচনের আগে দেখা যায় সরকার কিছু বেকার লোককে নিয়োগ করে থাকেন। এই পঞ্চায়েত নির্বাচনের আগেও অনেক শিক্ষক নিয়োগ করার জন্য সার্কুলার দিয়েছে, ইন্টারভিউও হয়েছে। তার জন্য যে কমিটি গঠন করা হয়েছে, তাতে আমাদের কোনও সদস্য নেই। ফলে, যারা সুযোগ পাচ্ছেন বা পাবেন, তারা কিন্তু যোগ্যতা অনুযায়ী পাবার চেষ্টা করবেন না, শিক্ষার মান কমবে। আপনারা এবং আমরাও গর্ব করে থাকি শিক্ষার মান বাড়ানোর চেষ্টার জন্য। কিন্তু দেখছি, যারা শিক্ষক হচ্ছেন, তারা বেশির ভাগই কোনও না কোনও দলের সঙ্গে জড়িত। শুধু তাই নয়, অনেক স্কুল বন্ধ হয়ে আছে, অনেক জায়গায় শিক্ষক নেই, অধ্যক্ষ নেই, হেড মাস্টার নেই। পশ্চিমবাংলার শিক্ষার উন্নতির জন্য এসব দলীয় রাজনীতির বন্ধের দরকার। এটা না করলে আগামী দিনে শিক্ষার মান কমবে। আমি আশা করব মাননীয় শিক্ষামন্ত্রী দলমত নির্বিশেষে শিক্ষক নিয়োগের চেষ্টা করবেন।

**শ্রী অধীররঞ্জন চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়,, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সারা বাংলায় রবি চাযের মরশুম শুরু হয়েছে। এই বিধানসভাতে দুই-তৃতীয়াংশ সদস্যই গ্রামাঞ্চল থেকে এসেছেন, তাঁরা নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন যে, সার ঠিক মতো না পাওয়ায় বাংলার কৃষকদের মাথায় হাত পড়ছে। সারা পশ্চিমবাংলায় সারের সংকট চাষীদের দূরবস্থার মধ্যে ফেলে দিয়েছে। এম.ও.পি., ডি.ও.পি. কমপ্লেক্স সার সরকারি ব্যবস্থাপনায় পাওয়া না

গেলেও বাজারে বেআইনিভাবে বিক্রি হচ্ছে, কৃষকরা কয়েক হাজার গুণ বেশি মূল্য দিয়ে তা কিনছে। আলু চাষীরা কমপ্লেক্স সার পাচ্ছে না। এইরকম চরম সংকটের মুহূর্তেও আমরা দেখছি সরকার উদাসীন। তাই মাননীয় মন্ত্রীর কাছে দাবি, তিনি এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহন করুন।

**শ্রী রবীন ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গরমকালে বিদ্যুৎ যায়। কিন্তু এই শীতকালেও যখন পাখা বন্ধ থাকে, এই সময়ও দিনে ১০/১২ ঘন্টা করে লোডশেডিং হচ্ছে। ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, যেখানে অধিকাংশ কারখানা বন্ধ, সেসব জায়গায় বিদ্যুৎ থাকছে। উলুবেড়িয়া হাসপাতালে বিদ্যুতের অভাবে অপারেশন পর্যন্ত হতে পারছে না। তাই, যাতে বিদ্যুতের সুষ্ঠু ব্যবস্থা হয়, তার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আমরা আবার মিলিত হব বেলা ২.১৫-এর সময়। (At this stage, the House was adjourned till 2.15 p.m.)

[2-15 — 2-20 p.m.] (After adjournment)

## LEGISLATION

## THE KALYANI UNIVERSITY (AMENDMENT) BILL, 1998

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to introduce the Kalyani University (Amendment) Bill, 1998.

(Secretary then read the Title of the Bill)

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to move that the Kalyani University (Amendment) Bill, 1998, be taken into consideration.

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী এই হাউসে যে দি কল্যানী ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯৮ এনেছেন, সেই ব্যাপারে কয়েকটা কথা বলব। কিন্তু আমার বক্তব্যের সবটাই এই বিল সম্পর্কে থাকবে না। রাজ্যের উচ্চ শিক্ষা প্রসঙ্গেও কয়েকটি কথা যেগুলি এরসঙ্গে যুক্ত সেই কথাগুলি আমি এখানে

তুলে ধরার চেষ্টা করব। প্রথমে এই বিলটার সম্বন্ধে বলি যে, আমরা বিলের সাধারণভাবে বিরোধিতা করিনি। তার কারণ এই বিলটার মূল উদ্দেশ্য হচ্ছে মুর্শিদাবাদ এবং নদীয়া জেলার সমস্ত কলেজ, সেগুলি এতদিন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে ছিল, সেগুলি কল্যানি বিশ্ববিদ্যালয়ের অধীনে নিয়ে যাওয়া। এর আগে কল্যানি বিশ্ববিদ্যালয়ের অধীনে মোট ৪টি কলেজ এবং দুটো ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল এবং নোটিফায়েড করেছিল এইভাবে যে, কয়েকটি বিশেষ থানা এবং ২৪ পরগণা থানার বীজপুরে, তার অধীনে যে কলেজগুলি, সেগুলি কল্যানি বিশ্ববিদ্যালয়ে অধীনে থাকবে। এই নতুন বিলের ফলে মুর্শিদাবাদ এবং নদীয়ায় ১৩ এবং ১৫ সব মিলিয়ে ২৮টি কলেজ। কল্যানি বিশ্ববিদ্যালয়ের অ্যাফিলিয়েটিং এর কাজটা, কলেজ ইন্সপেকশনের কাজটা পরীক্ষা নেওয়ার কাজটা কল্যানি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত হবে। আমি জানি না, মাননীয় মন্ত্রী বলেছেন যে, এতে কোনও আর্থিক দায় নেই। কিন্তু আমার কাছে আশ্চর্য লাগছে যে, যদি এতগুলি কলেজ কল্যানি বিশ্ববিদ্যালয়ের অধীনে আসে, তাহলে কল্যানি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ামক অর্থাৎ কন্ট্রোলার অব একজামিনেশনস্ দপ্তর বড় করতে হবে এবং ইন্সপেক্টর অব কলেজেস্ সেটাকেও বড় করতে হবে। তার জন্য নতুন স্টাফ লাগবে। তার কোনও প্রভিসন মাননীয় মন্ত্রী এই বিলে রাখেন নি। এটা আমার কাছে খুব পরিস্কার নয়। দ্বিতীয় বক্তব্য হচ্ছে পোস্ট গ্র্যাজুয়েট বাড়ানো হোক এবং কয়েকটা সাবজেকটে এম.এ, এম.এস.সি, এম.কম. এগুলি চালু আছে এবং আন্ডার গ্র্যাজুয়েট কল্যানি বিশ্ববিদ্যালয়ে বাড়ানো হয় না। কিন্তু এখনও পর্যন্ত যে সিট আছে সেই সীমিত সিট ধরেই এম.এস.সি. ফিজিকস্ মাত্র ২২টা সিট আছে।

[2-20 — 2-30 p.m.]

এম.এস.সি. কেমিস্ট্রিতে ২০টা সিট আছে। এই যে এত কম সিট আছে, যদি কল্যানি বিশ্ববিদ্যালয়ে আরও বেশী কলেজ আসে তাহলে সমস্ত পোস্ট গ্র্যাজুয়েট সিট বাড়ানো দরকার হবে। এই সিট বাড়াতে গেলে আরও শিক্ষকের প্রয়োজন হবে কিনা এটাও মাননীয় শিক্ষামন্ত্রীকে ভেবে দেখতে বলি। এর কোনও প্রভিসন - ফিনানসিয়াল প্রভিসন তাঁর বিলের ক্ষেত্রে নেই। কল্যানি বিশ্ববিদ্যালয়কে কিছুদিন আগে নতুন আকার দেওয়া হয়েছে। কল্যানি বিশ্ববিদ্যালয় করা হয়েছিল মূলত কৃষি সংক্রান্ত বিষয়ে। কৃষি বিশ্ববিদ্যালয় বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় করা হয়েছে। আর্টস, সায়েন্স, কমার্স ফ্যাকাল্টি কল্যানি বিশ্ববিদ্যালয়ে রয়েছে। এতদিন সত্যিই এর লোড

কম ছিল। মাত্র ৪টি অ্যাফিলিয়েটেড কলেজ ছিল। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে প্রস্তাব করব সিট বাড়ানোর ব্যাপারটা বিচার করবেন। এই বিল আনা হয়েছে এই যে কল্যানি এলাকায়, মুর্শিদাবাদ, নদীয়া ছাড়া বিভিন্ন কাউন্সিলগুলো কিভাবে তৈরি হবে, এই কথা বলেছেন। এরা ফ্যাকাল্টি কাউন্সিল ফর পোস্ট গ্র্যাজুয়েট ইন আর্টস, ফ্যাকাল্টি কাউন্সিল ফর পোস্ট গ্র্যাজুয়েট ইন সায়েন্স, ফ্যাকাল্টি কাউন্সিল ফর পোস্ট গ্র্যাজুয়েট ইন ইঞ্জিনিয়ারিং, ফ্যাকাল্টি ফর পোস্ট গ্র্যাজুয়েট ইন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট। একটা আন্ডার গ্র্যাজুয়েট ফ্যাকাল্টি তৈরি করুন। আমার এখানে দুটো সাজেশন আছে। ফ্যাকাল্টি কাউন্সিলের ব্যাপারে পোস্ট গ্র্যাজুয়েট ফ্যাকাল্টি কাউন্সিল আছে। সেখানে রিসার্চ স্কলারদের কোনও রিপ্রেজেন্টেশন নেই। আমি মাননীয় মন্ত্রীকে বলব পোস্ট গ্র্যাজুয়েট কাউন্সিলে যাতে রিসার্চ স্কলারদের গ্রহন করা হয়। দ্বিতীয়ত আন্ডার গ্র্যাজুয়েটদের ফ্যাকাল্টি কাউন্সিলে এক্স-স্টুডেন্টদের কোন রিপ্রেজেন্টেশন নেই। মাননীয় মন্ত্রীর কাছে আমার সাজেশন হচ্ছে যে এক্স-স্টুডেন্ট যারা উইথ টিচিং ব্যাক গ্রাউন্ড এরকম দুজনকে নেওয়া যায় কিনা। তাহলে যারা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন তারাও প্রত্যক্ষভাবে যুক্ত থাকবেন। আমরা চাই কল্যানি বিশ্ববিদ্যালয় একটা পূর্ণ বিশ্ববিদ্যালয় হয়ে উঠুক। মুর্শিদাবাদ এলাকার অনেক এম.এল.এ. বলেছেন তাদের একটা সেন্টিমেন্ট ছিল, এতদিন কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে পড়াশোনা করছেন, এখন সেটা চলে গেল। ৫৭ সালে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের অধীনে থেকে তাঁরা বি.এ. পাশ করেছেন। এখন সেটা চলে যাচ্ছে সকলেরই খারাপ লাগছে। মাননীয় মন্ত্রী নিশ্চয়ই জানেন যে কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ এবং বহরমপুর কৃষ্ণনাথ কলেজ খুব ভালো কলেজ। কৃষ্ণনাথ কলেজ একটা বিখ্যাত কলেজ। এর পুরো বাড়িটা সেটা কেমব্রিজ ধাঁচের তৈরি করা হয়। পুরনো গথিক আর্ট রয়েছে সমস্ত বাড়িটা জুড়ে। কিন্তু এখানে একটা কথা আমি বারবার - গত ১০/১২ বছর ধরে বলে আসছি বামফ্রন্টের শিক্ষানীতির ব্যাপারে। পশ্চিমবাংলায় কলেজ চালু করা দরকার। এ ছাড়া কোনও উপায় নেই। যেগুলো পুরনো প্রতিষ্ঠিত কলেজ তাদের অটোনমি দিতে হবে। একটা বিশ্ববিদ্যালয় তাকে একগাদা কলেজ জুড়ে দিলে, কলেজের পঠনপাঠন ব্যাহত হবে। ইউ.জি.সি. ভারতবর্ষে অন্যান্য রাজ্যে অটোনমি কলেজ প্রতিষ্ঠা করার জন্য টাকা দিয়েছে। পশ্চিমবঙ্গের সরকার এই জায়গায় আটকে আছে। অটোনমাস কলেজকে স্বীকার করছেন না। মাননীয় মন্ত্রীর কাছে আমার বক্তব্য আপনাদের গোঁয়ারতুমি ত্যাগ করুন। প্রেসিডেন্সি কলেজে যেখানে সমস্ত ক্ষেত্রে পোস্ট গ্র্যাজুয়েট স্টাডি রয়েছে সেখানে আপনারা অটোনমি দিচ্ছেন

না। আপনাদের কাছে আমাদের অনুরোধ অটোনমাস কলেজ গহণ করুন। আমার আপনার কাছে নিবেদন যে নদীয়া এবং মুর্শিদাবাদ এক একটা কলেজে পোস্ট গ্র্যাজুয়েট ফ্যাকাল্টি চালু করুন। আপনি কল্যানিতে নাম্বার না বাড়াতে পারেন তাহলে কৃষ্ণনগর গভঃ কলেজকে যেমন হুগলির মহসীন কলেজে পোস্ট গ্র্যাজুয়েট ডিপার্টমেন্ট আছে তেমনি নদীয়ার কৃষ্ণনগর গভঃ কলেজ এবং বহরমপুর কে.এম. কলেজে পোস্ট গ্র্যাজুয়েট ডিপার্টমেন্ট চালু করুন। আমার মনে হয় এটা চালু করা যাবে এবং করা উচিত, তাতে শিক্ষার ডিসেন্ট্রালাইজেশান হবে। আপনি যদি বলেন কলকাতা ইউনিভার্সিটির সেন্টিমেন্টের কোনও মানে নেই, আমি তার সাথে এক মত। এর জন্য মুর্শিদাবাদ, নদীয়ার ছেলেরা বলতে পারে না আমরা কলিকাতা ইউনিভার্সিটির গ্র্যাজুয়েট। কারণ কলিকাতা ইউনিভার্সিটি চালাতে পারছে না। কলিকাতা ইউনিভার্সিটির অধীনে ১৭৪টা কলেজ আছে। কোনও ইউনিভার্সিটির পক্ষেই ১৭৪টা ডিগ্রি কলেজের অ্যাফিলিয়েশন, ইন্সপেকশন করে পরীক্ষা নেওয়া সম্ভব নয়। এটা ১০০টার কম করতে পারলে ভালো হত। কলিকাতা ইউনিভার্সিটির পরীক্ষা আগের থেকে ভালো হয়েছে কিন্তু পরীক্ষার স্টান্ডার্ড ভালো হয়েছে কি না জানি না। আমার দ্বিতীয় কথা হচ্ছে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয় স্বীকার করবেন আমাদের হাউসে উচ্চশিক্ষা নিয়ে ডিবেটের কোন সুযোগ নেই। যখন শিক্ষার বাজেট আসে তখন হাফ-ডজন মন্ত্রী থাকেন, কাজেই উচ্চশিক্ষা নিয়ে আলোচনার তেমন সুযোগ থাকে না। আমরা কাগজে দেখেছি পশ্চিমবাংলায় উচ্চশিক্ষার মান কমে যাচ্ছে। সে দিন লেডিজ স্টাডি গ্রুপ বলে একটা সংস্থা আমাদের মুখ্যমন্ত্রীকে ডেকে ছিলেন এবং তাঁকে জিজ্ঞাসা করেছিলেন আপনি কি জানেন কলকাতার ভালো ছেলেরা কলকাতার বাইরে চলে যাচ্ছে পোস্ট গ্র্যাজুয়েট এবং আন্ডার গ্র্যাজুয়েট কোর্স পড়তে? তাতে উনি বলেছিলেন আমার জানা নেই। আমি মন্ত্রীকে জানিয়ে রাখি আমাদের সময়ে পোস্ট গ্র্যাজুয়েট পড়তে যেত দিল্লি বা অন্যান্য জায়গায়, তার কারণ কলিকাতা ইউনিভার্সিটির রেজাল্ট ঠিক সময়ে বের হত না। তাই পুনার ফাগুসেন, দিল্লি ইউনিভার্সিটি, বোম্বের সেন্ট জেভির্য়াস কলেজে যেত। কলকাতার মাইগ্রেশন ছিল না। কিন্তু গত ২০-২২ বছর রাজ্যের শিক্ষার স্ট্যান্ডার্ড এমন করেছেন যে পশ্চিমবঙ্গের ভালো ছেলেরা বাইরে চলে যাচ্ছে। আপনি জানেন ইন্ডিয়া-টুডে পত্রিকা একটা সার্ভে করেছে এই উচ্চশিক্ষার মান সম্পর্কে। তাতে ভারতবর্ষের প্রথম ১০টি আর্টস এবং সায়েন্স কলেজের মধ্যে আমাদের প্রেসিডেন্সি কলেজ আছে। কিন্তু ভারতবর্ষের প্রথম ১০টি কমার্স কলেজের মধ্যে পশ্চিমবঙ্গের কোনও কলেজ নেই।

ভারতবর্ষের প্রথম ১০টি ল' কলেজের মধ্যে পশ্চিমবঙ্গের একটা নেই। মেডিসিনের ব্যাপারে পশ্চিমবঙ্গের একটাও কলেজ নেই ভারতবর্ষের প্রথম ১০টি কলেজের মধ্যে। খড়গপুর আই.আই.টি. কলেজ বাদ দিলে ভারতবর্ষের প্রথম ১০টির মধ্যে পশ্চিমবঙ্গের কোনও কলেজ নেই। আপনারা বলছেন উচ্চশিক্ষায় পরীক্ষা ঠিকমতো হচ্ছে, কিন্তু দ্রুত মান নেমে যাচ্ছে। আপনাদের নীতিই হচ্ছে সার্চ ফর মিডিওক্রিট যার ফলে মাঝারী করে দেওয়া হচ্ছে। আপনি সেটা ভুলে গেছেন এবং আপনার সরকার সেটা ভুলে গেছে যে শিক্ষার মূল লক্ষ্য হল সার্চ ফর একসেলেন্স তার মানে উৎকর্য সাধন। সেই উৎকর্য সাধন হতে দিচ্ছেন না। প্রেসিডেন্সি কলেজের শিক্ষকরা,ছাত্ররা বলেছেন আমরাও বিধানসভায় বলেছি যে প্রেসিডেন্সি কলেজকে কলিকাতা ইউনিভার্সিটি থেকে মুক্ত করে দিন। তাহলে ঠিকমতো চলবে, তার একটা স্ট্যাটাস আছে, প্রেস্টিজ আছে। কিন্তু আপনারা জিদ করে করলেন না। আপনারা ট্রান্সফার পলিসি চালু করলেন। প্রেসিডেন্সি কলেজে যারা ভালো টিচার তারা জানেন গভঃ সার্ভিসকারী ঝাড়গ্রাম বা নদীয়াতে যেতে হবে।

[2-30 — 2-40 p.m.]

এবং তার ফলে প্রেসিডেন্সি কলেজের স্ট্যান্ডার্ড খারাপ হয়ে গেছে। মেডিসিনটা আপনার অধীনে না হলেও আর সমস্ত বিষয়গুলো আপনার অধীনে। আমার মনে হয় এক্ষেত্রে আপনাদের সেলফ অ্যানালেসিস করা দরকার। আপনারা অনেক জিনিসই দেরি করে শিখছেন। আপনারা প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ ২/১ বছর হ'ল এলাও করেছেন। কিন্তু এটা যদি ১২ বছর মহারাষ্ট্রের চলে যেত না। আপনি প্রাইভেট মেডিক্যাল কলেজ করতে চাননি তার ফলে সমস্যাটা রয়ে গেছে। আমি আপনাকে বলব, উচ্চশিক্ষার ক্ষেত্রে স্টান্ডার্ডটা একটু দেখুন। আর স্টান্ডার্ডটা ভালো হবে কি করে? সমস্ত অ্যাকাডেমিক অ্যাপয়েন্টমেন্টটাই পুরাপুরিটা পার্টির কব্জায় চলে গিয়েছে যে। কিছুদিন আগে দেখলাম, কেন্দ্রীয় সরকারের ডাকা শিক্ষামন্ত্রীদের সম্মেলনে আপনি স্বরস্বতী বন্দনার বিরোধিতা করছেন। এ বিষয়ে আমিও আপনাকে সমর্থন করি। কিন্তু আপনি বলুন আই.সি.এস.আর., আই.সি.এস.এস.আর. প্রভৃতি ক্ষেত্রে যেমন বি.জে.পির হিন্দুত্ববাদী লোক নিয়াগ হয়েছে এখানেও তেমনি কি সি.পি.এম.পার্টির লোকেদের ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ করা হচ্ছে না? শুভঙ্কর চক্রবর্তীকে আপনারা রবীন্দ্র বিশ্বভারতীর ভাইস চ্যান্সেলর করে দিলেন। অশোকবাবুকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর করে দিলেন। আর, এগুলো আপনারা

করছেন একেবারে নেকেডলি। আবার, ভারতী রায় যখন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভি.সি. থেকে অবসর নিলেন তখন তাকে পার্টির রাজ্যসভার এম.পি. করে পাঠিয়ে দিলেন। রমেন পোদ্দার ভাইস চ্যান্সেলরের পদ ছাড়লে তাঁকেও রাজ্যসভার সদস্য করে পাঠিয়ে দিলেন। শিক্ষার সমস্ত ক্ষেত্র আপনাদের পার্টির লোকেরা ১০/২০ বছর ধরে নিয়ন্ত্রণ করছে। সেইসব লোকেরা তো আপনাদের সমর্থন করবেনই। গত ২২ বছরে পার্টির বাইরে কোনও অ্যাপয়েন্টমেন্ট হয়নি। আজকে একটা ফ্যাকাল্টি থেকে নিয়ে লেকচারার অ্যাপয়েন্টমেন্ট, সব ক্ষেত্রেই আলিমুদ্দিন স্ট্রিটের শিক্ষা সেলের, [**] অনুমোদন লাগে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নাম বাদ যাবে।

**শ্রী সৌগত রায় ঃ** আপনার নামে নাম স্যার, আপনি বাদ দিয়ে দিতে পারেন। আপনাদের পার্টির সেক্রেটারি, তিনি হচ্ছেন সুপার ভাইস চ্যান্সেলর, তাঁর এস.ও.এস. না হলে ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর থেকে লেকচারার কোনও পদেই নিয়োগ সম্ভব নয়। আপনাদের পার্টির স্ট্যাম্প ছাড়া তো কোথাও চাকরি হবে না। এবং এর ফলে অ্যাকাডেমিক স্টান্ডার্ডটা ডেটোরিয়েট করে যাচ্ছে। আজকে তাই আমি মনে করি, যতক্ষণ না আপনাদের এই নোংরামিগুলো বন্ধ হচ্ছে ততক্ষণ কলকাতা বিশ্ববিদ্যালয়ের থেকে ৩৪টা কলেজকে কল্যানি বিশ্ববিদ্যালয়ের আন্ডারে নিয়ে গেলেও অবস্থার উন্নতি হবে না। এবং পশ্চিমবাংলা শিক্ষাক্ষেত্রে দিন দিন পেছিয়ে যাবে। তাই আমি বলতে চাই, পার্টির লোক দেখে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া অবিলম্বে আপনাদের ছাড়তে হবে। আমি আর একটা বিষয়ে বলে শেষ করব। কলেজ শিক্ষকরা ধর্মঘট করেছিলেন। তাঁদের ব্যাপারে দুটো জি.ও. বেরিয়েছিল। একটা ২৭.৭. এবং আরেকটা ৬.১১ তারিখে। এতে কলেজ শিক্ষকদের নতুন পে-স্কেলের ব্যাপার ছিল। শিক্ষকদের এই নতুন পে-স্কেল, যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট ঘোষনা করেছেন তার ৮০ শতাংশ টাকাই কেন্দ্রীয় সরকার দিচ্ছেন। কিন্তু আপনারা এখানে এটা এখনও ইমপ্লিমেন্ট করেন নি। অন্যান্য রাজ্যের ইউনিভার্সিটিগুলো লো ফাস্ট ইনস্টলমেন্টের টাকা দিয়ে দিয়েছে। কিন্তু আপনারা এটা এখনও দিলেন না। সেন্ট্রাল ইউনিভার্সিটির শিক্ষকদের ক্ষেত্রে রিটায়ারমেন্টের বয়স ৬২ করে দেওয়া হয়েছে। আপনারা এক ধাক্কায় সরকারি কর্মচারিদের অবসরের বয়স সীমা ৫৮ থেকে ৬০ করে দিলেন। কিন্তু পশ্চিমবঙ্গের শিক্ষকদের ক্ষেত্রে এটা কবে ৬০ থেকে ৬২

Note *Expunged as ordered by the chair.

করবেন? আপনারা তো ৬৫ থেকে ৬০ করে দিয়েছেন। সারা ভারতবর্ষে কলেজ রিটায়ারমেন্টের এজ বেড়েছে। আমাদের এখানে কেন বাড়বেনা? এ ব্যাপারে আপনি কবে জি.ও. ইস্যু করবেন? পে-স্কেল দেবার ক্ষেত্রে শিক্ষকদের দায়বদ্ধতার কথা আমি অস্বীকার করি না। শিক্ষকদের ভালো করে পড়াতে হবে, প্রাইভেট টিউশন বন্ধ করতে হবে - এগুলো নিশ্চয় আপনি করবেন। কিন্তু যে টাকার অধিকাংশ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসছে সেটা এখানে অবিলম্বে ইমপ্লিমেন্ট করা দরকার। আমি দেখছি, আপনারা ঠেকে ঠেকে শেখেন। সেই প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ, মেডিক্যাল কলেজ মানলেন, কিন্তু অনেক দেরি করে। যে স্ট্যান্ডার্ড ছিল সেটা ডেটোরিয়েট করছেন। আজ অটোনমাস কলেজগুলোতে তার অ্যাকাডেমিক অ্যাপয়েন্টমেন্ট পার্টির হাতে রাখার জন্য চেষ্টা করছেন। এই অ্যামেন্ডমেন্ট এনে কল্যানি বিশ্ববিদ্যালয়ের উন্নতি হবে না। তা সত্ত্বেও বলছি আমরা ডিসেন্ট্রালাইজেশনের বিরুদ্ধে নই। তাই আমরা এই বিলের বিরোধিতা করছি না। এর সঙ্গে সঙ্গে কৃষ্ণনাথ কলেজ ও কৃষ্ণনগর কলেজে পোস্ট গ্র্যাজুয়েট ডিপার্টমেন্ট চালু করার দাবি জানাচ্ছি। এবং তাদেরকে অটোনমি দেওয়ারও দাবি জানাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ রায়, এটা বিলের উপর আলোচনা। অথচ এখানে আপনি মন্ত্রীকে প্রশ্ন করলেন যে, কেন টিচারদের পে-স্কেল ডিক্লেয়ার করা হয়নি। এটা ঠিক নয়। কারণ এটা বিলের উপর আলোচনা। ভেবেছিলাম আপনি অন্য কিছু বলবেন। কিন্তু আপনি তা না বলে অন্য দিকে চলে গেলেন। এটা আশা করা যায় না।

**শ্রী সুনীলকুমার ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী শ্রী সত্যসাধন চক্রবর্তী মহাশয়ের আনীত কল্যানি ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯৮ কে আমি সর্বতভাবে সমর্থন করছি। নদীয়া ও মুর্শিদাবাদ দুটি সীমান্তবর্তী জেলা। সারা রাজ্যেই জনসংখ্যা বৃদ্ধি প্রাপ্ত হয়েছে। গোটা রাজ্যের প্রাথমিক বিদ্যালয় থেকে আরম্ভ করে বিশ্ববিদ্যালয় পর্যন্ত ছাত্র-ছাত্রীদের ভীড় হচ্ছে। সেক্ষেত্রে যে বিশ্ববিদ্যালয়গুলো রয়েছে সেগুলো বিভিন্ন ভাবে বিকেন্দ্রীকরণ করা ছাড়া গত্যন্তর নেই। পশ্চিমবঙ্গের প্রকৃত শিক্ষা ব্যবস্থাকে যদি সচল রাখতে হয় তবে দেশের বিশ্ববিদ্যালয়গুলোকে বিভিন্ন ভাবে বিকেন্দ্রীকরণ করতে হবে। এর মধ্যে দিয়েই, কল্যানি বিশ্ববিদ্যালয়ে অত্যন্ত গর্বের সাথে সেখানে পঠন-পাঠন চলছে। কিন্তু আজ পর্যন্ত নির্দিষ্ট সময়-সীমা ছিল না। নতুন করে আজকে কল্যানি ইউনিভারসিটি

বিলের যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে তাতে কল্যানি ইউনিভারসিটিকে আরও বেশি শক্তিশালী করা হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, নদীয়া ও মুর্শিদাবাদ জেলার বিভিন্ন গ্রামাঞ্চলে যে সমস্ত কলেজগুলো আছে সেই সমস্ত কলেজগুলোতে আজকে অনেক গরিব মানুষের ছেলে-মেয়েদের ভীড় হচ্ছে এবং সেই দূরত্ব থেকে কলকাতায় আসা যাওয়া করে পঠন-পাঠন করা অসম্ভব হচ্ছে। আমরা জানি যে, সমস্ত গরিব মানুষের ছেলেমেয়েরা পড়াশুনা করছে তাদের মধ্যে অনেক মেধাবী ছাত্র-ছাত্রীও আছে আজ গ্রামাঞ্চল থেকে অনেক মেধাবী ছাত্র-ছাত্রী বেরোচ্ছে। সেই সমস্ত মেধাবী ছাত্র-ছাত্রীদের পঠন-পাঠনের সুযোগ করে দেওয়ার ব্যাপারটা ক্যালকাটা ইউনিভারসিটি একা পেরে উঠছেন না এবং তার ফলে আজকে অন্যান্য ইউনিভারসিটিগুলো যেমন নর্থ বেঙ্গল ইউনিভারসিটি, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়, কলকাতা বিশ্ববিদ্যালয়, কল্যানি বিশ্ববিদ্যালয় রয়েছে। সেজন্য এই কলেজগুলোকে কল্যানি ইউনিভারসিটির সঙ্গে যুক্ত করে দিলে এদের পঠন-পাঠনের সুযোগ করে দেওয়া সম্ভব হবে।

[2-40 — 2-50 p.m.]

নদীয়া এবং মুর্শিদাবাদ একেবারে পাশাপাশি দুটি জেলা। সুতরাং একসাথে করলে এই দুটি জেলার ছাত্র-ছাত্রীদের উপকারই হবে। আপনারা চিৎকার করবেন না (কংগ্রেসিদের উদ্দেশ্য করে)। এই দুই জেলার ছাত্র-ছাত্রীরা আমাদের কাছে এসে বলে একটা সার্টিফিকেট করে দিন যাতে কলকাতার হোস্টেলে জায়গা পাই। আমরা জানি, এই সমস্ত ছাত্র-ছাত্রীদের ২০০/৩০০/৪০০/৫০০ কিলোমিটার ভেঙ্গে প্রত্যেকদিন যাতায়াত করতে হয়। এরফলে বাস কিংবা ট্রেনে যে ভিড় হয় সেই ভিড়ের মধ্যে এইসব ছাত্র-ছাত্রীরা আসে, বিশেষ করে পরীক্ষার সময়ে তাদের আসা একেবারে অসম্ভব হয় এবং কোনও কোনও দিন ট্রেন যদি দেরিতে আসে তাহলে পরীক্ষা দেওয়া পন্ড হয়ে যায়। তাই এই অবস্থায় কল্যানি বিশ্ববিদ্যালয়ের সীমানা বাড়িয়ে যেটা নদীয়া এবং মুর্শিদাবাদ করা হয়েছে সেটা অত্যন্ত যুক্তিযুক্ত হয়েছে। আমি একে পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। এ ছাড়া কল্যানি বিশ্ববিদ্যালয়কে আলাদাভাবে প্রশাসনিক ক্ষেত্রে সমস্ত রকমের সুযোগ-সুবিধা দিয়ে আরো বেশি করে সেখানে পঠন-পাঠনে সুযোগ বৃদ্ধি করার সুযোগ হবে। শুধু তাই নয়, নিয়মিত যে পরীক্ষা ব্যবস্থা চালু আছে যেটা কংগ্রেস আমলে ছিল না সেটা আরো সুন্দর হবে। সুনির্দিষ্টভাবে পরীক্ষা নেওয়ার জন্য এই যে বিকেন্দ্রীকৃত ব্যবস্থা - এম.এ.,

এম.এস.সি., ইঞ্জিনিয়ারিং, প্রযুক্তিবিদ্যার যে সুযোগ কল্যানি বিশ্ববিদ্যালয়কে বাড়তি দেওয়া হচ্ছে তারফলে গ্রামে-গঞ্জের গরিব মেধাবী ছাত্র-ছাত্রীদের প্রভূত সুযোগ হবে এবং সুনির্দিষ্ট দিনে পরীক্ষা ব্যবস্থা যাতে কংগ্রেসিদের মুখে ঝামা ঘসে দিতে পারে তারজন্য সমস্ত রকমের ব্যবস্থা করা হয়েছে। সেইজন্য আজকে কল্যানি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ২টি জেলা যুক্ত করা হয়েছে এবং এটা যুক্তিযুক্ত হয়েছে। এখানে বক্তৃতা দেবার সময়ে সৌগতবাবু সেন্টিমেন্টের কথা তুলেছেন। কিসের সেন্টিমেন্ট? একজন মুর্শিদাবাদের ছাত্র কিংবা ছাত্রীকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়তে গেলে কত মাথার ঘাম পায়ে ফেলে আসতে হবে। কতজনকে এরজন্য বঞ্চিত হতে হয়। আর এখানে সেন্টিমেন্টের কথা তুলছেন? পাশাপাশি দুটি জেলা কল্যানি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত হলে এতে সেন্টিমেন্টের কি আছে? সুতরাং সেন্টিমেন্টের কথা তুলে সুড়সুড়ি দেবেন না জনগণের মনে। তারপর এখানে অটোনমাস বডির কথা বলা হচ্ছে। কতগুলি কলেজকে এক জায়গায় নিয়ে এসে পরীক্ষা ব্যবস্থা যদি ঠিকমতো চালানো হয় তাহলে কমপিটিশন আরো ভাল হয় এবং এই কমপিটিশনের মধ্য দিয়ে কে ভাল, কে মন্দ ছাত্র-ছাত্রী, তার বিচার আরো সুন্দর হয়। সেইজন্য গোটা বিশ্ববিদ্যালয়কে ঘিরে কতকগুলি কলেজ একসাথে করা পড়াশুনার দিক থেকে খুবই ভাল ব্যবস্থা। আজকে এখানে বলছেন (কংগ্রেসিরা) শিক্ষার মান কমে গেছে। কোথায় কমে গেছে? শিক্ষাক্ষেত্রে স্টাটিসটিক্স এই কথা বলে না। শিক্ষা-দীক্ষা ক্ষেত্রে পশ্চিমবাংলার ছেলে এবং মেয়েরা নিজেদের স্থান করে নিচ্ছে গোটা ভারতবর্ষে, বিভিন্ন জায়গায়, এমন কি পৃথিবীর বিভিন্ন জায়গায়। সুতরাং আজকে আপনারা কি করে বলেন যে, পশ্চিমবাংলায় শিক্ষার মান নিচে চলে যাচ্ছে? এইসব ধোঁকা দেওয়ার কথা বলবার কোনও মানে হয় না। কতগুলি ইউনিভার্সিটির মধ্যে শিক্ষা ব্যবস্থাটাকে বিভক্ত করে তা ছড়িয়ে দেওয়া হচ্ছে জনগণের সুবিধার জন্য। আপনারা জানেন যে আজকে গ্রামগঞ্জের ছেলেমেয়েরা ব্যাপকভাবে পড়ার জন্য এগিয়ে আসছে। গ্রামের গরিব, সাধারণ মানুষের ছেলেমেয়েরা আজকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিকে স্থান করে নিচ্ছে। সে ক্ষেত্রে দেখা যাচ্ছে উচ্চ শিক্ষার জন্য তাদের ৫শো/৬শো কিঃমিঃ দুরত্ব থেকে কলকাতা ইউনিভার্সিটিতে পড়তে আসতে হচ্ছে। ফলে স্থানাভাবের সঙ্গে সঙ্গে পঠন-পাঠনও ঠিকমতো হচ্ছে না। নিঃসন্দেহে এই বিলের মাধ্যমে যে ব্যবস্থা করা হচ্ছে তাতে পঠন পাঠনের সুযোগ বৃদ্ধি পাবে এবং গ্রামের গরিব, মধ্যবিত্ত শ্রেণীর ছেলেমেয়েরা বাড়তি সুযোগ পাবে। আজকে কল্যানি ইউনিভার্সিটির মধ্যে নদীয়া, মুর্শিদাবাদকে ধরা হচ্ছে ফলে তাদের সুযোগ বৃদ্ধি পাবে। এখানে

কংগ্রেসের যারা চিৎকার করছেন তাদের বলি, আপনাদেরই সৌগতবাবু কিন্তু বিকেন্দ্রীকরণকে সমর্থন করছেন। কাজেই আপনারা যারা চিৎকার করছেন তারা বোধহয় শিক্ষার ব্যাপারে ভাঁড়ে মা ভবানী। আপনাদের বলি, আপনারা চুপ করুন তা না হলে আপনাদের সমর্থনকে আপনারা নিজেরাই কুঠারঘাত করবেন। এই বিলকে পুনরায় সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হরিপদ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়, আজ এই সভায় যে 'দি কল্যানি ইউনিভার্সিটি (অ্যামেন্ডমেন্ট) বিল ১৯৯৮' উত্থাপন করেছেন রাজ্যের উচ্চশিক্ষা ব্যবস্থার নতুন বিন্যাস করে তা আমি সমর্থন করছি। এই বিল আইনে পরিণত হলে নদীয়া ও মুর্শিদাবাদ জেলার সমস্ত স্নাতক স্তরের কলেজ কল্যানি বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রনে আসবে। এই ব্যবস্থার ফলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর থেকে চাপ অনেকটা হ্রাস পাবে। এবং কল্যানি বিশ্ববিদ্যালয়ের বর্তমান সাংগঠনিক ও প্রশাসনিক কাঠামোটি পুরোপুরি কাজে লাগানো সম্ভব হবে। প্রকৃতপক্ষে কল্যানি বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামোর পূর্ণ ব্যবহার আজও করা হয়নি। কল্যানি বিশ্ববিদ্যালয়ের অধিকারে প্রচুর জমি আছে। ইউ.জি.সি'র আর্থিক সাহায্যে অনায়াসেই বাড়তি স্থান সংকুলানের ব্যবস্থা হতে পারে। কল্যানি বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রনে এলে নদীয়া, মুর্শিদাবাদ জেলার কলেজগুলির পরিচালন ব্যবস্থায় কলকাতার সঙ্গে দূরত্বজনিত অসুবিধা সহজেই দূর হবে বলে মনে করি। বামফ্রন্ট সরকার রাজ্যে সর্বস্তরের শিক্ষা ব্যবস্থা সম্প্রসারণের নীতি অনুসরণ করে আসছে। আলোচ্য বিলটিকে সেই নীতি কার্যকর করার দিক থেকে একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে মনে করা যায়। কল্যানি বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রনের এলাকা বিস্তৃত হওয়ায় এই এলাকার আঞ্চলিক প্রয়োজন বিবেচনা করে নুতন কলেজ স্থাপন এবং নতুন পাঠ্য বিষয়ের প্রবর্তনের সুযোগ অবশ্যই বাড়ানো সম্ভব হবে। এই এলাকায় প্রাচীন ঐতিহ্যমন্ডিত বেশ কিছু কলেজ রয়েছে। নতুন কলেজের মধ্যেও উপযুক্ত পরিকাঠামো সম্পন্ন একাধিক কলেজ রয়েছে। দৃষ্টান্তস্বরূপ কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ, বহরমপুর কে.এন.কলেজ বা চাকদহ কলেজের নাম উল্লেখ করা যায়। এইসব কলেজে কোনও বিষয়ে এম.এ., এম.এস.সি. পড়াবার ব্যবস্থা অনায়াসেই করা যেতে পারে। সকলেই জানেন, যত ছাত্রছাত্রী অনার্স নিয়ে পাস করে তাদের সকলে স্থানাভাবে স্নাতোকত্তর কোর্সে ভর্তি হবার সুযোগ পায় না। প্রকৃতপক্ষে অনার্স গ্রাজুয়েটদের মধ্যে প্রায় অর্ধাংশ উচ্চতর শিক্ষার সুযোগ পায় না। এই সীমাবদ্ধতা কাটিয়ে ওঠার ব্যবস্থার কথা আমাদের ভাবতেই হবে। উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণের জন্যও কল্যানি

বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রন এলাকা বাড়ানোর উদ্যোগ সমর্থন করা আমাদের কর্তব্য। গ্রামাঞ্চলের যারা অনার্স নিয়ে পাশ করেন তাদের অধিকাংশই এম.এ. বা এম.এস.সি.তে পড়ার সুযোগ পান না। এর ফলে তারা সুযোগ পাবেন। একটি বিষয়ে আমি সরকার এবং এই সভার সকলের মনোযোগ আকর্ষণ করছি। কল্যানি বিশ্ববিদ্যালয়ের অধীনে ইঞ্জিনিয়ারিং পড়াবার ব্যবস্থা যেমন হয়েছে অদূর ভবিষ্যতে তেমনিভাবে এক বা একাধিক মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার কথাও আমাদের বিবেচনা করা উচিত। যদি মেডিকেল কলেজ করা যায় তাহলে খুব ভাল হয়। কারণ আমাদের রাজ্যে ডাক্তারী পড়াবার জন্য যথেষ্ট ব্যবস্থা এখনও আমরা গড়ে তুলতে পারিনি। স্বাভাবিকভাবে কল্যানি বিশ্ববিদ্যালয়ের আন্ডারে মেডিকেল কলেজ করা হোক, এই প্রস্তাবটি আমি সংযোজন করার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী অধীররঞ্জন চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮১ সালের এই যে কল্যানি ইউনিভার্সিটি অ্যাক্ট তাকে সংশোধন করার জন্য এই বিল আনা হয়েছে। স্বাভাবিকভাবেই এই বিলকে আমি সমর্থন করছি। কারণ আমরা নিছক বিরোধিতা করার জন্য বিরোধিতা করিনা, আমরা গঠনমূলক বিরোধিতা করি। শিক্ষা ক্ষেত্রকে বিকেন্দ্রীকরণ করাকে আমরা পুরোপুরি সমর্থন করি। স্বাধীনতার পর থেকে আমরা দেখেছি যে, কেন্দ্রের কংগ্রেস সরকারের নেতৃত্বে সারা ভারতবর্ষে শিক্ষা, খাদ্য এবং স্বাস্থ্যকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ব্যাপক প্রয়াস শুরু হয়েছিল। কল্যানি ইউনিভার্সিটির কথা বলতে গেলে প্রথমেই আমাদের সেই প্রয়াত মুখ্যমন্ত্রী ডঃ বিধানচন্দ্র রায়ের কথা মনে পড়ে। ডঃ বিধানচন্দ্র রায়ের স্বপ্ন ছিল এই শিল্প নগরী যার নাম ছিল কল্যানি। বামফ্রন্ট সরকারের আমলে সেই স্বপ্ন দেখা আমরা ভুলে গেছি। নুতন করে স্বপ্ন দেখলেও, আমার পূর্ববর্তী বক্তা যে বক্তব্য রাখলেন, বিরোধী দলের যারা বক্তব্য রাখলেন এবং ট্রেজারি বেঞ্চে যারা আছেন, তাদের সমস্ত বক্তব্যর সারমর্ম যদি টানি তাহলে দেখব যে আজকে পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থা অত্যন্ত নিম্ন মানের। স্যার, আমি জানি যে, ইউনিভার্সিটি একটা পাবলিক সেকটর আন্ডারটেকিং-এর মধ্যে পড়ে। পশ্চিমবাংলার অন্যান্য পাবলিক সেকটর আন্ডারটেকিং যাকে বলা হয় সিক ইন্ডাস্ট্রি, আজকে পশ্চিমবাংলার ইউনিভার্সিটিগুলি সেই সিক ইন্ডাস্ট্রির মধ্যে অন্তর্ভূক্ত হতে চলেছে। আমার আগের বক্তা কল্যানি ইউনিভার্সিটিতে মেডিকেল কলেজ করার কথা বললেন। উনি জানেন যে, পশ্চিমবঙ্গের প্রয়াত রাজ্যপাল নুরুল

হাসানের স্মরণে ওখানে একটা অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিকেল সায়েন্সে ধাঁচে একটা মেডিকেল কলেজ করার চেষ্টা শুরু হয়েছিল। পশ্চিমবঙ্গ সরকার সারা জীবন ধরে পশ্চিমবঙ্গের মানুষকে কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা শুনিয়ে এসেছেন কিন্তু আমরা দেখেছি যে নুরুল হাসানের নামে যে কলেজটি তৈরি হতে চলেছিল সেই সময়ে ভারতবর্ষের যোজনা কমিশনের ভাইস চেয়ারম্যান শ্রী প্রনব মুখার্জি ১০ কোটি টাকা দান করেছিলেন। তাসত্বেও আজ পর্যন্ত সেই কলেজ খোলা গেলনা খোলার কোনও সম্ভাবনা আজ পর্যন্ত দেখছি না। তাই স্বাভাবিকভাবে প্রশ্ন জাগে আজকে সরকারের সদর্থক মানসিকতা ইচ্ছা এবং অভিপ্রায় নিয়ে? বহরমপুরে আমার বাড়ি। এখানকার যে কে.এন. কলেজ, এটা অক্সফোর্ড ইউনিভার্সিটির রেপলিকা যখন কলকাতা বিশ্ববিদ্যালয় তৈরি হয়নি তখন এই কে.এন. কলেজে বার্নিয়ার মতে পর্যটক এসেছিলেন। এক সময়ে এই কে.এন. কলেজে সূর্য সেনের মতো ব্যক্তিত্ব পড়াশুনা করেছেন। আজকে তার দিকে তাকালে আমাদের হৃদয় ভারাক্রান্ত হয় বহরমপুরের ঐ কে.এন. কলেজে পোস্ট গ্রাজুয়েট পড়ানোর ব্যবস্থা হল না। এর পিছনে কারণ কি? যারা বলছেন যে গরিব ছেলেদের জন্য কল্যানি ইউনিভার্সিটি অ্যাক্ট সংশোধন করার প্রস্তাব আনা হয়েছে, তারা যদি ইতিহাসের ভৌগলিক দিক থেকে বিচার করে দেখেন তাহলে দেখবেন যে নর্থ বেঙ্গল একদিকে, আর একদিকে কলকাতা এবং মাঝখানে প্রায় ৬ শত কিলোমিটার দূরত্ব যার মধ্যে কোনও ইউনিভার্সিটি নেই। এই সরকার ২২ বছরেও কোনও ব্যবস্থা নেয়নি। কল্যানি ইউনিভার্সিটি হলে মুর্শিদাবাদ এবং নদীয়ার কি সুবিধা হতে পারে জানা নেই, কারণ মুর্শিদাবাদ থেকে কল্যানি যাওয়া থেকে কলকাতায় যাওয়া অনেক সহজ ব্যাপার। বাই রোডে কলকাতা যাওয়া অনেক সহজ আমাদের জেলা থেকে। কাজেই যে যুক্তির উপর দাঁড়িয়ে একথা বলা হয়েছে তার আমি বিরোধিতা করি। এক সময় পশ্চিমবঙ্গের ইউনিভার্সিটিগুলি ভারতবর্ষেই নয়, পৃথিবীতে একটা সুনির্দিষ্ট স্থান অধিকার করেছিল। পশ্চিমবঙ্গের ইউনিভার্সিটিগুলি থেকে জগদীশচন্দ্র বোস, প্রফুল্ল ঘোষ, সি.ভি.রমনের মতো দিকপালগণ একে একে বেরিয়েছিলেন এবং তারা এক একটা দিক সৃষ্টি করতে পেরেছিলেন। আজ যদি ঐসব ইনস্টিটিউশনের দিকে তাকাই তাহলে দৃশ্যপটে যে দৃশ্য ফুঁটে ওঠে সেটা বিবর্ণ। আমরা তাই জানতে চাই, এতগুলো বছরের মধ্যে সেখান থেকে সায়েন্টিফিক ডিসকভারি কি হয়েছে? কিছুই হয়নি। আমাদের যে পি.এইচ.ডি. পড়ানো হয় যদি লক্ষ্য করা যায় দেখা যাবে সেখানে রিপিটেটিভ টপিকস, সাধারণ টপিকের উপর পি.এইচ.ডি হচ্ছে, নিজস্বতা কিছু পাওয়া

যাচ্ছে না। তাই আমাদের ইউনিভার্সিটিগুলির এশিয়া এবং বিশ্বে যে উজ্জ্বল স্থান ছিল সেটা আজকে নেমে যেতে বসেছে। ভারতবর্ষ এবং এশিয়ার পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের ইউনিভার্সিটিগুলোর স্থান কোথায় সেটা আমি উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে জানতে চাইব। এটা তো অস্বীকার করবার উপায় নেই, আজকে রিসার্চার যারা পি.এইচ.ডি. করতে যান তাদের প্রফেশরদের বাড়ির কাজ করে দিতে হয়! একথা অস্বীকার করতে পারবেন না। আজকে ইউনিভার্সিটিগুলিতে আউটমোটেড, আউট ডেটেড সিলেবাস পড়ানো হয়। সেখানে নতুন কোর্স ইন্ট্রোডিউস করবার ব্যবস্থা লক্ষ্য করা যাচ্ছে না। তাই বলতে চাই, আজকে ইউনিভার্সিটি একটা সিক ইন্ডাস্ট্রিতে পরিণত হয়েছে। অথচ ইউনিভার্সিটি মানে হচ্ছে থিঙ্ক ট্যাঙ্ক, কারণ ওখান থেকে নানা জিনিস উদ্ভাবন হয়। আবিস্কার হয়। এডমন্ড বার্কের কথা অনুযায়ী এডুকেশন এজ দি চিফ ডিফেন্স অব নেশন। আমরা তাই এডুকেশনকে বরাবর গুরুত্ব দিয়ে থাকি। আজকে একথা অস্বীকার করবার উপায় নেই যে, বিগত ২২ বছরে শিক্ষার মান দ্রুত নেমে গেছে। এর কারণ হচ্ছে পলিটিসাইজেশন অব এডুকেশন, শিক্ষাকে রাজনৈতিকরণ করা হয়েছে। একথা আমিই শুধু বলছি না, কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস-চ্যান্সেলর সুশীল মুখার্জি বলেছিলেন, 'মার্কসবাদ নিডস অ্যান ইয়েসম্যান ইন এভ্রি লেভেল'। অর্থাৎ মার্কসবাদ প্রতি ক্ষেত্রে একজন করে ইয়েস-ম্যান চাই। তিনি বলেছিলেন - নট ইভন ইন অ্যান ইসলামিক স্টেট লাইক পাকিস্তান দেয়ার ইজ নো সাচ পলিটিক্যাল ইনডেকট্রিনেশন। অথচ আমরা দেখছি, এখানে যে কোনও ক্ষেত্রে শিক্ষার প্রথম মান ধরা হচ্ছে কে কতটা রাজ্য সরকারের বশ্যতা স্বীকার করছেন তার উপর। সেখানে এফিসিয়েন্সি গুরুত্ব পায় না। ওবিডিয়েন্সি গুরুত্ব পায়। তাই আমরা দেখছি, ইউনিভার্সিটিগুলিতে প্রমোশন নিয়ে মারামারি হয়, অথচ শিক্ষার মান উন্নয়নের জন্য ব্যবস্থা নেওয়া হয় না। সেখানে শিক্ষার র‍্যাঙ্ক অনুযায়ী কেউ স্থান পান না। কিন্তু ইউনিভার্সিটিতে যারা টিচার হিসাবে নিযুক্ত হয়েছেন তাঁরা নিশ্চয়ই ভারতবর্ষে একটা স্থান পাবেন। অথচ কাজে লাগুক বা না লাগুক শিক্ষক নিয়োগের ব্যবস্থা আছে। পশ্চিমবঙ্গের ইউনিভার্সিটিগুলিতে শিক্ষকদের জব সিকিউরিটি আনলিমিটেড অথচ সেখানে শিক্ষার মান রক্ষার দিকে লক্ষ্য নেই, শাস্তির কোনও ব্যবস্থা নেই। তাই আমরা দেখছি, প্রাথমিক লেভেল থেকে শুরু করে উচ্চশিক্ষা স্তর পর্যন্ত একই অবস্থা চলছে। মালদায় শিক্ষক নিয়োগের জন্য প্যানেল পাঠানো হ'ল, কিন্তু তার বিরুদ্ধে সুপ্রিম কোর্টে কেস হ'ল এবং সুপ্রিম কোর্ট সেই প্যানেল ওয়াশ

করে দিলেন। আবার নতুন করে শিক্ষক নিয়োগ করা হচ্ছে। প্রাইমারি লেভেল যে অবস্থা, উচ্চশিক্ষার ক্ষেত্রেও সেই একই অবস্থা বিদ্যমান।

[3-00 — 3-10 p.m.]

তাই আজকে এই বিলের বিরোধিতা না করলেও - প্রথমে যে কথা বলেছিলাম কন্সট্রাকটিভ ক্রিটিসিজিম আমরা চাই। আমরা ক্রিটিসিজিম করব এবং সাজেশনও রাখব। স্যার, তাই আমি বলতে চাই যে বহরমপুর কলেজে কেন আজকে পোস্ট গ্রাজুয়েট চালু হল না? মন্ত্রিমহাশয় জানেন যে এই কলেজ শতবর্ষ প্রাচীন কলেজ, এই কলেজ মুর্শিদাবাদ জেলার আশা আকাঙ্খার প্রতীক। এই বহরমপুর কলেজে এখনও পর্যন্ত কেন পোস্ট গ্রাজুয়েট চালু হল না সেটা মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাইব। মুর্শিদাবাদের বহরমপুরে কল্যানি ইউনিভার্সিটির একটা আঞ্চলিক অফিস দাবি করছি এবং সেখানে যাতে পোস্ট গ্রাজুয়েট চালু হয় তার দাবি করছি। আজকে আমরা দেখতে পাচ্ছি বিচারের অসুবিধার জন্য হাই-কোর্টকে ডিসেন্ট্রালাইজ করা হচ্ছে, সারকিট বেঞ্চ বসানো হচ্ছে, জজ কোর্ট করা হচ্ছে সাব-ডিভিশনাল কোর্ট করা হচ্ছে, আবার শুনছি ব্লকে কোর্ট হবে। ডিসেন্ট্রালাইজ যখন হচ্ছে তখন আমাদের জেলার মানুষ সেই ডিসেন্ট্রালাইজের সুযোগ থেকে বঞ্চিত হবে কেন? এই প্রশ্ন আমি উচ্চশিক্ষামন্ত্রীর কাছে রাখতে চাইছি। কলিকাতা থেকে শিলিগুড়ির দূরত্ব ৬০০ কিলোমিটার, এই দূরত্বের মধ্যে এখনও পর্যন্ত একটা ইউনিভার্সিটি এই সরকারের নেতৃত্বে গড়ে ওঠেনি। তাই আমার দাবি বহরমপুর কলেজ, শতবর্ষ প্রাচীন কলেজ, সেখানে পোস্ট গ্রাজুয়েট চালু হোক এবং সেখানকার ছাত্র-ছাত্রীদের সুযোগ সুবিধার ব্যবস্থা করা হোক। আমরা দেখেছি যে ইউ.জি.সি. অর্থাৎ ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের টাকা ছাড়া পশ্চিমবাংলায় কলেজ বা ইউনিভার্সিটি চলতে পারে না। কেন এটা হবে? একটা কলেজ স্বয়ংসম্পূর্ণ হওয়া দরকার। আমি কাগজে দেখলাম যে বর্তমানে পশ্চিমবাংলায় যে সব কলেজ বা ইউনিভার্সিটি আছে সেখানে শিক্ষক বা অধ্যাপকরা রিসার্চ ওয়ার্ক করছে না. ইউ.জি.সি-র গ্রান্ট নিয়ে তারা কোনও সাইনটিফিক রিসার্চ করছে না, তাঁরা শুধু সেমিনার করছে, কারণ স্যার সেমিনারে মধু আছে। একটা সেমিনার করলে ৫০-৬০ হাজার টাকা বরাদ্দ আসে। শুধু সেমিনারের মধ্যে দিয়ে একটা উচ্চশিক্ষা প্রকৃত উন্নয়ন হয় না। রিসার্চের উন্নয়ন দরকার পি.এইচ.ডি. যে গুলি করা হচ্ছে তার মান উন্নয়নের দরকার আছে। স্যার, আমরা দেখেছি গ্রামবাংলা থেকে যে সমস্ত ছাত্রীরা কলেজে পড়তে আসে

তাদের হোস্টেল ফেসিলিটি অত্যন্ত নগন্য, এই সমস্ত ছাত্রীদের থাকার কোনও ব্যবস্থা নেই, তাদের বাবা-মা দায়িত্ব নিয়ে পাঠাতে চায় না। ছাত্রীদের ইচ্ছা থাকলেও তাদের বাবা-মার আপত্তিতে কলিকাতায় আসতে পারে না। তারা উচ্চ শিক্ষা নিতে পারে না। আমি জানতে চাই কল্যানি ইউনিভার্সিটিতে ছাত্রীদের হোস্টেলর এমন কি ব্যবস্থার অঙ্গীকার করা আছে এই বিলের মাধ্যমে । ছাত্রীদের হোস্টেলের বিষয়টা গুরুত্বের সঙ্গে দেখা দরকার। আজকে বিশ্বজুড়ে উইম্যান্‌স লিবারেশন নিয়ে আলোচনা হচ্ছে নারী কল্যান নিয়ে সেমিনার চলছে। সেখানে পশ্চিমবাংলায় কলেজ বা ইউনিভার্সিটিতে ছাত্রীদের জন্য এমন হোস্টেল ফেসিলিটি আছে কি যা নিয়ে আমরা গর্ব করতে পারি? তাই আমি উচ্চ শিক্ষামন্ত্রীকে এই বিষয়গুলি দেখার জন্য আবেদন জানাচ্ছি। আজকে আমরা শিক্ষাটা সাধারণ এবং দুঃস্থ ছাত্রদের জন্য চেয়েছিলাম এবং বামপন্থী বন্ধুরাও চেয়েছিলেন। কিন্তু এডুকেশন হ্যাজ become the privilege of rich and influential elements। স্যার, আজকে শিক্ষা ব্যবস্থা এমন হয়েছে তাতে শিক্ষা অর্জন করতে গেলে পয়সা চাই, তা না হলে হবে না। কলেজে ডিগ্রি নিতে গেলে একই জিনিসের পুনরাবৃত্তি হচ্ছে। আজকে সবচেয়ে বড় কারণ হল নেপোটিজিম। আজকে যদি শাসক দলের কোনও ব্যক্তির সঙ্গে জানাশোনা থাকে তাহলে সে যে কোনও কলেজে যে কোনও ইউনিভার্সিটিতে ভর্তি হতে পারবে। সবচেয়ে বড় কথা হল ইভেলুয়েটর, যাঁরা অ্যানসারের মারকিং দেন। তাঁদের উপর ছাত্রদের ভবিষ্যত নির্ভর করছে। তাঁরা কয়েক সেকেন্ডে অ্যানসারের মারকিং করে দিচ্ছেন। কিন্তু আমরা দেখেছি, যখনই তার বিরোধিতা করে কোনও দাবি করা হয়েছে নতুন করে আবার উত্তরপত্র পরীক্ষা করা হোক এবং নতুন করে নম্বরের ব্যবস্থা করা হোক, তখনও দীর্ঘসূত্রে দেখেছি। এটি খুবই কমন ফিচার। এর জন্য একটা ছেলে যে খুব পড়াশুনা করল, সে ভবিষ্যৎ সম্পর্কে আশাবাদী হল, কিন্তু এই পরীক্ষা পদ্ধতির জন্য, তার উত্তরপত্রে নম্বর দেওয়ার যে পদ্ধতি, সেইক্ষেত্রে ইভ্যালুয়েটর এর একটা বড় ভূমিকা থাকে, তাঁদের গাফিলতিতে পশ্চিমবঙ্গের বহু ছাত্রের ভবিষ্যৎ নষ্ট হয়েছে। আগামী দিনে এই ব্যাপারে বিলের মধ্যে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে তা আমরা জানতে চাইব। সর্বোপরি, পশ্চিমবঙ্গের এই যে শিক্ষা, যা নিম্নমানে ধাবিত হচ্ছে, আমরা এক সময়ে গর্ব করে বলতাম, কলকাতা হচ্ছে কালচারাল ক্যাপিটাল। যেমন দিল্লিকে বলা হয় পলিটিক্যাল ক্যাপিটাল, বোম্বেকে বলা হয় কমার্সিয়াল ক্যাপিটাল, তেমনি কলকাতাকে বলা হত কালচারাল ক্যাপিটাল। আমাদের সেই গর্ব শেষ হয়ে যাচ্ছে। পশ্চিমবাংলায় শিক্ষা ব্যবস্থার ক্রম-অবনতির

জন্য আজ কে দায়ী সেই কথা আমরা পশ্চিমবঙ্গের উচ্চশিক্ষা মন্ত্রীকে জিজ্ঞাসা করব। আমরা বিলকে সমর্থন করছি। কারণ আমরা শিক্ষার উন্নয়নে বিশ্বাসী। আমরা চাই শিক্ষা ব্যবস্থা মজবুত হোক। যে সমস্ত বিষয়ে নজর দিলে শিক্ষার অগ্রগতি হতে পারে, সেদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, কল্যানি বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিধেয়ক, ১৯৯৮, যেটি আজকে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী এখানে পেশ করেছেন, এই বিলকে সমর্থন করে দু'একটি কথা বলতে হয়। সেটি হচ্ছে, ট্রেন চলতে চলতে ডিরেল্ড্ হলে কি হয় - দুর্ঘটনা হয়। দুর্ঘটনা হলে মানুষ মারা যায়। আজকে কংগ্রেসের অবস্থা এমন হয়েছে যে তারা চলতে চলতে ডিরেল্ড হয়ে গেছেন, ইতিমধ্যে মারা গেছেন। তা আবার সুনিশ্চিত করছেন। এখানে অনেক কথা বললেন, ধান ভানতে শিবের গীত গাইলেন। আসল কথাটা হচ্ছে মুর্শিদাবাদ এবং নদীয়াতে যে কলেজগুলা আছে, সেগুলো কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে কল্যানি বিশ্ববিদ্যালয়ে যুক্ত হবে। সেইজন্য এই বিল এখানে এসেছে, এবং তার উপরেই আলোচনাটা যাবে। কিন্তু আলোচনাটা কোন স্তরে গেছে? কংগ্রেসের কাছ থেকে আমাদের শিখতে হবে? কংগ্রেসের কাছে আমরা দেখিনি ১৯৭২-৭৭ সালে কি হয়েছিল? এখানে মাননীয় বিধায়ক অধীর চৌধুরী মহাশয় এবং আরও অনেকে অনেক কথা বলে গেলেন। এখানে ল্যাঁ বার্নার কথা উল্লেখ করলেন - তিনি কে.এন. কলেজে এসেছিলেন। আমি যতটুকু জানি, ল্যাঁ বার্নার একজন ফরাসি চিকিৎসক ছিলেন। তিনি কবে ঔরঙ্গজেবের গৃহ চিকিৎসক ছিলেন এবং কে.এন. কলেজে এসেছিলেন তা আমি জানি না। আজকে এই বিলটি খুবই উপযুক্ত সময়ে আনা হয়েছে। কল্যানি বিশ্ববিদ্যালয় একটা সময়ে করা হয়েছিল। আমাদের পশ্চিমবাংলা হচ্ছে কৃষি প্রধান এলাকা। কাজেই এখানে কৃষি শিক্ষা যাতে আধুনিক ভাবে হতে পারে, কৃষি শিল্প হতে পারে, স্বয়ং সম্পূর্ণ হতে পারে, কৃষি যাতে স্বনির্ভর হতে পারে, তার জন্য কল্যানি বিশ্ববিদ্যালয়ে কৃষি সংক্রান্ত টেকনিক্যাল বিষয় দেখবার জন্য এটা হয়েছিল। পরে ফিশারি এবং অ্যানিমাল হাজব্যান্ড্রি তার সাথে যুক্ত করা হয়েছিল এবং অন্যান্য একটা ইনফ্রাস্ট্রাকচার সেখানে করা হয়েছে। আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীকে বলব, এখন প্রয়োজন বেড়েছে। প্রয়োজনের তাগিদে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে আপনাকে যেতে হয়েছে। তারপর বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যেতে হয়েছে। এখন নদীয়ায় যেতে হচ্ছে। অর্থাৎ ক্রমশ বাড়ছে। আপনার কাছে আমার প্রস্তাব থাকছে, বহরমপুরে, সেখানে যাতে

বিশ্ববিদ্যালয় হতে পারে - সেটা চৈতন্যদেবের নামে হতে পারে বা আরও বিখ্যাত যদি কেউ থাকেন, তাঁর নামে হতে পারে।

[3-10 — 3-20 p.m.]

বহরমপুরে সেখানে একটা বিশ্ববিদ্যালয় হওয়ার প্রয়োজন আছে। আগামী ১০/২০ বছরে হলেও এটা খুবই অপরিহার্য। এই বিলের যে বিষয়বস্তু এরা সেটাকে নিয়ে যেভাবে জলঘোলা করছে তার সেই রকম প্রয়োজন নেই। গঠনমূলক আলোচনা করুন শিক্ষার উপরে কথা বলবেন, তাদের কাছে শিক্ষা শিখতে হবে, তারা বলছেন এই কথা বামপন্থী না হলে অধ্যাপক হতে পারবে না, এই যে কথাগুলি তারা বলছেন, এই কথাগুলি তারা বলেন কি করে? এদের মধ্যে যারা অধ্যাপক আছেন আমাদের মাননীয় সদস্য সৌগত রায় তিনি যে শব্দ চয়ন করেন আচরণ করেন, সেটা অধ্যাপকসুলভ কিনা ভেবে দেখতে বলব। কাজেই এই যে বিলটা এসেছে, এটা উপযুক্ত সময়েই এসেছে। আমরা ভেবে দেখতে বলছি, সুবিচার করতে বলছি, আপনারাও দেখেছেন ১৯১৩ সালে রবীন্দ্রনাথ ঠাকুর শান্তিনিকেতন থেকে নোবেল প্রাইজ পেয়েছেন, ৯৮ সালে অমর্ত্য সেন নোবেল প্রাইজ পেয়েছেন। নোবেল প্রাইজ পেয়েছেন বোলপুর শান্তিনিকেতন থেকে, তাই শান্তিনিকেতনকে শিক্ষার পীঠ হিসাবে ঘোষণা করা উচিত। নোবেল লরিয়েটরা সেখানে আছেন। আগামী ২১ তারিখে শান্তিনিকেতনে ছাত্রছাত্রীরা বিশ্বভারতীর উদ্যোগে অমর্ত্য সেন মহাশয়কে সম্বর্দ্ধনা জানাবে, সেখানে বোলপুরের সাংসদ আরো যারা জনপ্রতিনিধি আছেন সমস্ত নাগরিকবৃন্দ মিলে ২২ তারিখে ডাক বাংলোর ময়দানে সম্বর্দ্ধনার ব্যবস্থা করেছে, বিষয়টি একটু অপ্রাসঙ্গিক হচ্ছে। বোলপুর শান্তিনিকেতন সেখানে যাতে শিক্ষার ইনফ্রাস্ট্রাকচার বাড়ানো যায়, ভবিষ্যতে যাতে আরো বিশ্ববিদ্যালয় গড়তে পারে, ৫টি কলেজ হতে পারে, সেখানে শিক্ষার পাঠ হতে পারে, সেটা চিন্তা ভাবনা করে দেখবেন। আপনাদের যদি মিনিমাম সংস্কৃতিবোধ চেতনা থাকতো তাহলে বিধানসভার মধ্যে এই ধরণের চিৎকার চেঁচামেচি করতেন না। এই বিলটি উপযুক্ত সময়েই এসেছে, পুনরায় মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ডেপুটি স্পিকার ঃ** অনারেবিল মেম্বাররা একটু মন দিয়ে শুনুন একটা বিশ্ববিদ্যালয় বিল নিয়ে আলোচনা চলছে এবং শিক্ষা সংস্কৃতি নিয়ে আলোচনা হচ্ছে, এখানে আপনারা যদি হাটবাজার বসিয়ে দেন তাহলে বিলের গুরুত্বটা কমে যাবে।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, কল্যানি বিশ্ববিদ্যালয় সংশোধনী যে বিল উপস্থিত করা হয়েছে, সেই বিলকে আমি সাধারণভাবে সমর্থন করছি। বিলের কয়েকটি ধারা মন্ত্রিমহাশয়ের কাছে বিচার বিবেচনা করার জন্য উপস্থিত করছি। স্নাতকোত্তরে অধ্যয়ন ফ্যাকালটির ব্যাপারে অধ্যাপক বিভিন্ন সংস্থা থেকে নিয়ে কমিটি গঠন করার কথা হলেও, আমি লক্ষ্য করলাম গবেষকদের মধ্যে থেকে কোন প্রতিনিধি রাখার কোনও সংস্থান নেই। যদিও সেই গবেষকদের বিভিন্ন সুযোগ সুবিধা সম্পর্কে উল্লেখ করা আছে। তাই আমি মনে করি, গণতান্ত্রিকভাবে যখন আমরা সমস্ত বিষয়টা বিচার বিবেচনা করছি তখন গবেষকদের মধ্যে থেকে একজনকে রাখা উচিত। দ্বিতীয় ব্যাপার হচ্ছে নয় নম্বর ধারায় স্নাতকোত্তর অধ্যয়নের ফ্যাকাল্টির ক্ষমতা সম্পর্কে বলা হলেও, এই কাউন্সিল কতদিন অন্তর বসবে সেটা লিপিবদ্ধ না থাকার ফলে সংকট দেখা দেবে। কারণ আমরা অতীতের অভিজ্ঞতায় দেখেছি এই কমিটিগুলি শেষ পর্যন্ত তাদের মর্জির উপরে চলে। এই ব্যাপরে একটা বাধ্যতামূলক নিয়ম করা উচিত। পঞ্চম পৃষ্ঠায় প্রাক-স্নাতক অধ্যয়ন পরিষদ গঠনের কথা বলা হয়েছে। সেখানে আমি মনে করি যারা বিভিন্ন কলেজ থেকে পাশ করে বেরিয়েছে এবং শিক্ষাগত পেশায় নিযুক্ত রয়েছে দশ বছর মেয়াদের পরে একজন প্রাক্তন ছাত্রদের যদি এই কমিটিতে নেওয়া উচিত বলে আমি মনে করি। যেটা কলকাতা বিশ্ববিদ্যালয়ের কোর্ট ইলেকশনে রয়েছে, ফাইনান্সে যদিও। আপনি নতুনভাবে যখন কল্যানি বিশ্ববিদ্যালয় গঠন করতে যাচ্ছেন তখন প্রাক্তন ছাত্র-ছাত্রীদের নিয়ে চিন্তা ভাবনা করা উচিত। আমাদের পশ্চিমবাংলায় উচ্চ শিক্ষার মান উচ্চ না নিম্ন তার আলোচনার মধ্যে আমি যেতে চাইছি না। এই ব্যাপারে অনেকের অনেক রকম মত থাকতে পারে। তবে সব কিছুতেই আমরা পিছিয়ে আছি বলে বিরোধী বন্ধুরা যেটা মনে করে সেটা ঠিক নয়। আপনারাতো দেখলেন খেলাধূলার ক্ষেত্রে আমাদের পশ্চিমবাংলা প্রথম সারিতে গেছে। উৎকর্ষতার মান নানান পরিস্থিতিতে বদল হতে পারে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার শিক্ষাকে বে-সরকারিকরণ করে ছাত্র-ছাত্রীদের কাছে পৌঁছে দেওয়ার চেষ্টা করছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপর যে চাপ ছিল সেটা এগিয়ে নিয়ে এসে শিক্ষার প্রসার ঘটানোর জন্যই আজকে এই বিল আনা হয়েছে। সেইদিক থেকে এই বিলটির তাৎপর্য অপরিসীম। কল্যানি বিশ্ববিদ্যালয়ে আরও নতুন নতুন স্ট্রিম চালু করা হোক যাতে ছাত্র-ছাত্রীরা সুযোগ পান সেদিকে নজর দেবেন। তাই এই বিলকে আমি সমর্থন করছি এবং ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উচ্চ শিক্ষামন্ত্রী কল্যানি বিশ্ববিদ্যালয় সংশোধনী বিধেয়ক বিল ১৯৯৮ নিয়ে এসেছেন সেই বিলকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং দু-একটি কথা বলছি। এই বিলের মাধ্যমে নয়টি সংশোধনী প্রস্তাব এসেছে, দুটি নতুন ধারায় প্রতিস্থাপন রয়েছে। ২৩শের ক ও খ ধারায় সন্নিবেশন কমিটি ফর্মসের কথা বলা হয়েছে। নদীয়া ও মুর্শিদাবাদ জেলাকে এই কল্যানি বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা হয়েছে। এই কল্যানি বিশ্ববিদ্যালয়ের আন্ডারে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছিল। সেইসময় দেখা গেল, কৃষি বিদ্যালয়কে আলাদা ভাবে রেখে আর্টস, সায়েন্স, কমার্সকে একদিকে রেখে, ইঞ্জিনিয়ারিংকে সরিয়ে রেখে যখন বি.সি.কে.বি. তৈরি হ'ল তখন কয়েকটি রিসার্চের ব্যবস্থা ডিপার্টমেন্টের মধ্যে রয়ে গেল। কেন এটা হ'ল এবং কেন বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় হ'ল, এটা চিন্তার বিষয়। যখন এই ইউনিভার্সিটি গঠিত হল চারটি কলেজ এবং একটি ইনিঞ্জনিয়ারিং কলেজ নিয়ে হয়েছিল। বর্তমানে ২৮টি কলেজ যুক্ত করা হল। ফলে এই সংশোধনী বিলটা সময়োপযোগী হয়েছে। এর ফলে রাজ্য প্রশাসনের উপর কোন আর্থিক চাপ পড়বে না, এটা ঠিক মনে হল না। যখন ২৮টি কলেজকে যুক্ত করা হল, তখন অবশ্যই আর্থিক চাপ বাড়বে। এর জন্য একটা অ্যাডিশনাল স্যাংশনের ব্যবস্থা রাখা দরকার ছিল। এটা ভালো ভাবে রাখার জন্য গভর্নমেন্টের রিঅর্গানাইজেশনের দরকার। রিঅর্গানাইজেশন এবং স্টাফিং প্যাটার্ন ঠিক মতো করার প্রয়োজন আছে। ইউনিভার্সিটির স্ট্যান্ডার্ড যদি ভালো ভাবে গড়ে ওঠে, ক্যালকাটা ইউনিভার্সিটির স্ট্যান্ডার্ড এর মতো করে গড়ে তোলা যায়, তাহলে এই ইউনিভার্সিটি লক্ষনীয় হয়ে থাকবে এবং একে শক্তিশালী করতে পারবে। এই কথা বলে, এই যে অ্যামেন্ডমেন্ড বিল আনা হয়েছে, একে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয় যে ভাবে এই সংশোধনী বিল উপস্থাপন করেছেন, আমি তাকে পরিপূর্ণ ভাবে সমর্থন করি।

প্রকৃতপক্ষে আমাদের পশ্চিমবঙ্গ সরকার, বিশেষ করে বামফ্রন্ট সরকার শিক্ষার সার্বিক প্রসারের জন্য আন্তরিক ভাবে যে চেষ্টা চালাচ্ছেন, আজকের এই সংশোধনী বিল সেই চেষ্টারই একটি অঙ্গ বলে আমি মনে করি। বিশেষ করে স্কোপ অব

এডুকেশন একটা উদ্দেশ্য, দ্বিতীয় উদ্দেশ্য হচ্ছে ডিসেন্ট্রালাইজেশন, বিকেন্দ্রীকরণ। তৃতীয় উদ্দেশ্য হল প্রপার অ্যাডমিনিস্ট্রেটিভ সিস্টেম প্রবর্তন করা। এই কয়েকটি উদ্দেশ্য বাস্তবায়িত করবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী এই সংশোধনী এনেছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৭৪টি কলেজ রয়েছে। এতগুলো কলেজ নিয়ে বিশ্ববিদ্যালয় পরিচালনা করা কষ্টসাধ্য, এটা উপলব্ধি করেই উচ্চশিক্ষা মন্ত্রী বিকেন্দ্রীকরণ চেষ্টা করছেন। শিক্ষাকে বাস্তবমুখী করার জন্য এই বিল এনেছেন। নদীয়া, মুর্শিদাবাদ, উত্তর ২৪ পরগণার বীজপুর থানা এলাকার কলেজ বা উচ্চশিক্ষা কেন্দ্রগুলিকে আনার চেষ্টা করছেন এই সংশোধনী বিলের মাধ্যমে। তাছাড়া সংশোধনী বিলের ৫ নাম্বার ধারায় এক্স অফিসিও মেম্বার বিশেষভাবে সেক্রেটারি, হায়ার এডুকেশন ডিপার্টমেন্ট, গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল, এইকথা সংযোজন করে তিনি প্রকৃতপক্ষে শিক্ষা পরিচালন ক্ষেত্রে একটা সুস্পষ্ট ধারণা দেওয়ার চেষ্টা করেছেন। তাছাড়া বিলে যে ১৯৮১ সালের যে আইন, সেই আইনের ২২ ধারার পরে তিনি পোস্ট গ্র্যাজুয়েট যে কাউন্সিল, সেই পোস্ট গ্র্যাজুয়েট কাউন্সিল কিভাবে গঠন করা হবে, কাদের নিয়ে গঠন করা হবে, তাদের কার্যকলাপ কিভাবে নিয়ন্ত্রিত হবে, সেই সম্বন্ধে সুস্পষ্ট ভাবে এই সংশোধন বিলে উপস্থাপন করেছেন। তাছাড়া এই সংশোধনী বিলের মধ্যে মূল আইনের ২৩ ধারার পরে ২৩ ক, এবং খ এই ধারাগুলি নতুনভাবে সংযোজন করে বিভিন্ন বিষয় আন্ডারগ্র্যাজুয়েট যে শিক্ষা ব্যবস্থা অর্থাৎ ফ্যাকাল্টি অব আর্টস, ফ্যাকাল্টি অব সায়েন্স, ফ্যাকাল্টি অব কমার্স, ফ্যাকাল্টি অব এডুকেশন ইঞ্জিয়ারিং টেকনোলজি, তার বিভিন্ন বিভাগগুলি, প্রত্যেক বিভাগকে পৃথক পৃথক পরিচালন করার জন্য পড়াশুনার ব্যবস্থা এই সংশোধনীতে রাখার চেষ্টা করেছেন । তিনি শিক্ষা এবং উচ্চ শিক্ষার সঙ্গে যুক্ত মানুষদের নির্বাচনের মাধ্যমে যুক্ত করে বামপন্থী গনতান্ত্রিক চেতনাকে প্রকাশ করার চেষ্টা করেছেন। তিনি কাউন্সিলের ৪জন অধ্যক্ষকে নির্বাচনের মাধ্যমে নেওয়া হবে সেটা রেখেছেন। তাছাড়া সার্টিফিকেট দেওয়া, ডিপ্লোমা দেওয়া, পরীক্ষার দিন নির্ধারণ করা, ভর্তির দিন নির্ধারণ করে দেওয়া, গবেষণার সুষ্ঠভাবে ব্যবস্থা করা, শিক্ষাব্যবস্থা সুষ্ঠভাবে নিয়ন্ত্রিত হবে কিভাবে, তা এই সংশোধনী বিলের মধ্যে তিনি আনার চেষ্টা করেছেন। তাই তাঁকে ধন্যবাদ এবং এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী এখানে কল্যানি ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯৮ এনেছেন, সেটা আমরা আমাদের দলের তরফ থেকে সমর্থন করছি। আমরা এই আশায় সমর্থন করছি যে, এই অ্যামেন্ডমেন্ট

বিলের দ্বারা মুর্শিদাবাদ এবং নদীয়ায় প্রায় ৩০টা কলেজ এই ইউনিভার্সিটির আওতায় আসছে, সেই কলেজগুলির পঠনপাঠন যে ব্যবস্থার মধ্যে আছে, সেই ব্যবস্থা আরও উন্নত হবে এবং এই দুটি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা আরও বেশি করে পড়বার সুযোগ পাবে এবং বিশেষ করে পোস্ট গ্র্যাজুয়েট কোর্স যেখানে ভর্তি হওয়া খুবই দুষ্কর কলকাতা ইউনিভার্সিটিতে, এই দুটো জেলার ছাত্র-ছাত্রীরা তাদের পোস্ট গ্র্যাজুয়েট ক্লাস-এ ভর্তি হওয়ার সুযোগ সুবিধা আরও বাড়বে। আমি কয়েকটি কথা মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে রাখতে চাইছি। সেটা হচ্ছে যে, এই পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ভর্তি হওয়ার নিরিখ কি হবে?

[3-30 — 3-40 p.m.]

সেটা হচ্ছে আমাদের দুটো জেলা মুর্শিদাবাদ, নদীয়ার ছাত্রছাত্রীরা গ্র্যাজুয়েট হওয়ার পর উচ্চশিক্ষার জন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবার জন্য চেষ্টা করে। সেখানে দেখা যায় যে কলকাতায় যে সমস্ত কলেজগুলো আছে যেখানে আরও পঠন-পাঠনের সুযোগ বেশি সেখানে ছাত্রছাত্রীরা ভর্তি হওয়ার সুযোগ পায় পোস্ট গ্র্যাজুয়েট ক্লাসে। মুর্শিদাবাদ, নদীয়া জেলার ছাত্রছাত্রীরা ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হয়। ভর্তির যে সাধারণ নিয়ম আছে, তদ্বির, তদারকি ছাড়া - প্রেশার, ট্যাকটিকস ছাড়া ভর্তি হওয়ার যে সাধারণ নিয়ম গ্র্যাজুয়েশনে কত নম্বর পেল। সেটাই ভর্তি হওয়ার নিরিখ। সেই নিরিখ যদি বর্তমান থাকে তাহলে সেখানেও কলকাতার ছেলেরাই কল্যানি ইউনিভার্সিটিতে পোস্ট গ্র্যাজুয়েট করবার সুযোগ পাবে। সেখানে মুর্শিদাবাদ, নদীয়ার ছেলেদের জন্য আলাদা করে কোনও ব্যবস্থা থাকবে কি? যাতে করে সেখানে ছেলেরা গ্র্যাজুয়েট হবার পর আরও বেশি করে পড়বার সুযোগ পায়, সে জায়গা থাকবে তো। আমি জানতে চাইছি। সুনীলবাবু তখন বলছিলেন। তাঁকে বলি পশ্চিমবঙ্গে ৮টা ইউনিভার্সিটির মধ্যে স্টেট কনট্রোল্ড ইউনিভার্সিটি ৬টা। আর যেটা সেন্ট্রাল গভর্নমেন্টের আন্ডারে - ইন্দিরা গান্ধি ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি, আর বিশ্বভারতী। আপনারা সবাই জানেন যে ৮টা ইউনিভার্সিটির মধ্যে বিদ্যাসাগর ইউনিভার্সিটি যদিও ৮১সালে স্থাপিত হয় আপনারা সবাই জানেন যে আমরা বিদ্যাসাগর ইউনিভার্সিটি চালু হবার পথে এনেছিলাম। সুতরাং আমরা বলতে পারি কলকাতা বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর ইউনিভার্সিটি পর্যন্ত সব কটাই কংগ্রেস আমলে চালু হয়েছে। সুনীলবাবু আপনি বলতে চেয়েছিলেন আপনারা অনেকগুলো ইউনিভার্সিটি করেছেন কংগ্রেস কিছুই করে নি, এটা সত্য নয়, সম্পূর্ণ অসত্য কথা। যাই হোক

আমি এই নিয়ে বিতর্ক সৃষ্টি করতে চাই না। এই নিয়ে বিতর্ক করে কোনও লাভ নেই। আজকে যে গুরুত্বপূর্ণ বিল এসেছে সেটা নিয়েই আলোচনা সীমাবদ্ধ রাখবার চেষ্টা করব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলেজগুলো - কলকাতা বিশ্ববিদ্যালয়ের ২১৯টা কলেজ, কল্যানি বিশ্ববিদ্যালয়ের ৬টা কলেজ, আজকে আমরা দেখছি যে এই কলেজগুলোতে পড়াশুনা হয় না। মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী আমার সঙ্গে একমত হবেন কিনা জানি না, হাউসের মধ্যে সবাই বলতে চেয়েছে কলেজ হচ্ছে কিন্তু আমরা দেখছি যে এই কলেজগুলোতে শিক্ষক নেই। আমি নিজে ব্যক্তিগতভাবে অনেকগুলো কলেজের সাথে যুক্ত আছি, আমি জানি সেখানে শিক্ষক পাওয়া যাচ্ছে না। স্লেট পরীক্ষায় পাশ করে প্যানেল হয়ে আছে, কলেজ সার্ভিস কমিশনে, সেখানে বারবার লিখেও আমরা শিক্ষক পাচ্ছি না। আমরা সেখানে কোনওরকমে ক্লাস করবার জন্য পার্ট টাইম দিয়ে চালাতে হচ্ছে। পার্ট টাইমের এমন অবস্থা সেখানে পার্ট টাইম শিক্ষকদের জন্য ইউ.জি.সি. ৪শো টাকা নির্ধারিত করেছেন, সেটাও আমরা পাচ্ছি না। আমরা কোথাও এক হাজার করে দিচ্ছি, কোথাও দেড় হাজার করে দিচ্ছি। সেই টাকাটাও ছাত্রদের ঘাড়ে চাপিয়ে দিচ্ছি। তাদের কাছ থেকে বেতন বাড়িয়ে নিচ্ছি। সেই বেতন তাদের কাছ থেকে আদায় করে এই সমস্ত কলেজগুলো চলছে। কলিকাতা ইউনিভার্সিটির আন্ডারে ২১৯টি কলেজ আছে এবং কল্যানি ইউনিভার্সিটির আন্ডারে ৬টি কলেজ আছে। সেখানে যদি যান তাহলে দেখবেন দুটোর পর ক্লাস হচ্ছে না। আমাদের কান্তিরাজ কলেজে যে গভর্নিং বডি আছে সেখানে বহুবার ছাত্রদের সঙ্গে, ইউনিয়নের সঙ্গে, শিক্ষকদের সঙ্গে আলোচনায় বসেছি কিন্তু দেখা গেছে একপক্ষ আরেক পক্ষকে দোষারোপ করে চলে যাচ্ছে। ছাত্রদের জিজ্ঞাসা করলে বলে শিক্ষকরা আসেন না, আর শিক্ষকদের জিজ্ঞাসা করলে বলে ছাত্ররা প্রাইভেট টিউশনি পড়ার জন্য একটা-দেড়টার পরে চলে যায়। আরেকটা জিনিস আমি না বলে থাকতে পারছি না যেহেতু এটা শিক্ষা নিয়ে আলোচনা হচ্ছে। আমরা সবাই গনতন্ত্রে বিশ্বাসী। এক একটা কলেজে ইউনিয়নের ইলেকশনকে নিয়ে যে তান্ডব চলে তা বিশ্বাস করা যায় না। ছাত্র সংসদের যে নির্বাচন হয় তার এক-দেড় মাস আগে থেকে সেই কলেজের পঠন-পাঠন বন্ধ হয়ে যায় এবং এর জের তার পরও এক-দেড় মাস চলে। ৩৬৫ দিনের মধ্যে ১৫০ দিন ক্লাস হয় কিনা সন্দেহ। পরীক্ষার জন্য, তার পর বিভিন্ন নির্বাচনে কাউন্টিংয়ের জন্য কলেজ বন্ধ থাকে তাই তখন পড়াশুনা হয় না। তাই বলছি ৩৬৫ দিনের মধ্যে ১৫০ দিন ক্লাস হয় কি না সন্দেহ। এর পর এমন অনেক অধ্যাপক আছেন যারা থাকেন না,

কলকাতা থেকে ডেলি-পাসেঞ্জারি করেন। সপ্তাহে নূন্যতম যে ক্লাস নেওয়ার কথা তা নেন না। এর ফলে এমন একটা অবস্থার সৃষ্টি হয় যে ছাত্রছাত্রীদের পড়াশুনার অসুবিধা হয়। তার পর প্রাইভেট টিউশনিতে পড়া ছাড়া তাদের পাশ করার আর কোনও রাস্তা থাকে না। এই অবস্থার মধ্যে আমরা এই উচ্চ শিক্ষা ব্যবস্থাকে নিয়ে গিয়েছি। আমি আশা করব মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন তার মাধ্যমে যে অসুবিধার কথাগুলি আমরা বললাম সেগুলি তিনি দূরিভূত করার চেষ্টা করবেন। পঠন-পাঠনের সুব্যবস্থার দিকে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী তাঁর দৃষ্টি রাখবেন। এটা আমরা সবাই জানি এবং মাননীয় মন্ত্রী নিশ্চয়ই স্বীকার করবেন যে আজকে রাজ্য সরকারের বাজেটের সিংহভাগ শিক্ষা দপ্তরের জন্য ব্যয় করা হয়। আপনারা ঢাক-ঢোল পিটিয়ে বলেন যে আমরা শিক্ষার জন্য এত এত টাকা ব্যয় করছি। কিন্তু পুরো টাকাটাই শিক্ষকদের বেতন দিতে চলে যায়। ক্লাস-রুম, ল্যাবরেটরি বা অন্যান্য ডেভেলপমেন্ট ওয়ার্ক করার জন্য যে অর্থের প্রয়োজন তা ইউ.জি.সি-র টাকা না পেলে হয় না। কাজেই উন্নয়নের জন্য যে টাকার প্রয়োজন সেই সাহায্য পায় না, ফলে এমন অবস্থার সৃষ্টি হয় যে অবস্থা উচ্চশিক্ষার ক্ষেত্রে বাঞ্ছনীয় নয়। এখন সরকার বলছে বেতন বাড়িয়ে পার্ট টাইম শিক্ষক নিয়োগ করে ক্লাস চালাবেন। বেসরকারি উদ্যোগে কলেজগুলি চলছে। ৭,৮টি ইঞ্জিনিয়ারিং কলেজ পশ্চিমবঙ্গে স্থাপন করা হয়েছে। কর্নাটক, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ অনেকগুলি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করা হয়েছে, তাই এখানে আমাদের সরকারের ঘুম ভেঙ্গেছে। বহরমপুরে একটা ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করা হয়েছে। তবে আপনারা দু-রকম ব্যবস্থা চালু করেছেন, বি.ই. কলেজে পড়তে গেলে ২০, ২৫টাকা বেতন দিলেই হয় অবশ্য বি.ই.-র ব্যাপারে আমার সঠিক জানা নেই, কিন্তু বহরমপুরে ৪টে স্ট্রিম নিয়ে কলেজ স্থাপিত হয়েছে আর বাকিগুলি পরে হবে শুনছি। সেখানে ছাত্র বা ছাত্রীকে ভর্তি হতে গেলে ২৫০০ টাকা বেতন এবং হোস্টেল খরচের জন্য মনে হয় আরো ৫০ টাকা দিতে হবে। অর্থাৎ সেই ছাত্র-ছাত্রীর শিক্ষার জন্য তাঁর অভিভাবককে প্রতি মাসে ৪/৫ হাজার টাকা খরচ করতে হবে। এর ফলে তো দু-রকম শিক্ষা ব্যবস্থা চালু, হচ্ছে। শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ একটা ডিমড ইউনিভার্সিটি। সেখানে ২৫/৩০ টাকা দিয়ে রেগুলার কোর্সে ইঞ্জিনিয়ারিং পড়ানো হচ্ছে। আর, নতুন যে ইঞ্জিনিয়ারিং করেজ সেখানে এখনও ভালো শিক্ষক যাননি, যাবেন কিনা তাও জানিনা, সেখানে ছাত্র-ছাত্রীদের ভর্তি হতে হলে ৩/৪ হাজার টাকা বেতন দিয়ে পড়তে হচ্ছে। এটা তো দু'রকমের শিক্ষা ব্যবস্থা হয়ে যাচ্ছে। আপনারা আবার নিজেদের

মার্কসবাদী বলেন এবং শ্রেণীহীন সমাজ ব্যাবস্থার কথা বলেন। কিন্তু এক্ষেত্রে আপনারাই তো নতুন শ্রেণী সৃষ্টি করছেন। ছেলেরা বলছে, গর্ভনিং বডি নতুন মাইনে আদায় করছে এবং আরো বলছে শিক্ষক নিয়োগ করতে পারা যাবেনা। কারণ, নতুন বেতন কমিশনের রিপোর্টের পর শিক্ষকদের বেতন এমন একটা জায়গায় পৌঁছে গেছে যে সরকারি বাজেট থেকে তা দেবার ক্ষমতা নেই। তাই তাঁরা বলছেন, বাইরের পার্ট টাইম শিক্ষক নিয়োগ করে ক্লাস চালাও। এটা তো দু'রকম ব্যবস্থা হয়ে যাচ্ছে। একটা কলেজ সরকারি ব্যবস্থাপনায় চলছে, ক্লাস হচ্ছে। সরকারি শিক্ষকরা ১৫/১৬ হাজার টাকা বেতন পাচ্ছেন। এই তো, আমার নিজের এলাকার কান্দীরাজ কলেজে ১৯টা শিক্ষকের পদ খালি রয়েছে। সার্ভিস কমিশনে লিখেও পাচ্ছিনা। সেখানে ক্লাস যাতে বাদ না যায়, ছাত্র-ছাত্রীরা গভর্নিং বডির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে না পারে তার জন্য এক হাজার টাকা দিয়ে পার্ট টাইম শিক্ষক নিযুক্ত করতে হচ্ছে। সেই শিক্ষকের শিক্ষাগত যোগ্যতা কিন্তু সরকারি শিক্ষকের থেকে কম নয়। তাহলে কেউ এক হাজার টাকা আর কেউ ১৫ হাজার বেতন পাচ্ছে। অন্যদিকে ছাত্রদের ক্ষেত্রেও কেউ বিশ টাকা আবার কেউ পাঁচ হাজার টাকা মাইনে দিয়ে ইঞ্জিনিয়ারিং কলেজে পড়ছে। শিক্ষা ক্ষেত্রে এই যে দু'রকম ব্যবস্থা এটা কিন্তু সুস্থ পদক্ষেপ বলে মনে হয়না। আমি জানিনা এই অবস্থার পরিবর্তন কি করে হবে। এই অবস্থা থেকে মুক্তি পাওয়ার পথ মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় তার জবাবী ভাষণে ব্যক্ত করবেন।

আমাদের মুর্শিদাবাদ জেলাতে একটা ইউনিভার্সিটি হয় আপনারা জানেন কে.এম.কলেজের কথা, এই কলেজ ক্যালকাটা ইউনিভার্সিটির কয়েক বছরে আগে থেকে চলছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করব যাতে এই কলেজে পোস্ট গ্রাজুয়েট কোর্স এবং বহরমপুরে একটা ইউনিভার্সিটি চালু করা যায় তার জন্য তিনি নিশ্চয় আগামী দিনে চিন্তা-ভাবনা করবেন।

আরেকটা বিষয় হচ্ছে, অনেকদিন ধরে আমাদের নিজেদের পক্ষ থেকে কান্দীতে একটা ল-কলেজ স্থাপনের চেষ্টা চলছে। কিন্তু করা যাচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, মুর্শিদাবাদ, নদীয়া ইত্যাদি কলেজগুলো যতক্ষণ না কল্যানি ইউনিভার্সিটিতে ট্রান্সফার্ড হয়ে যাচ্ছে ততক্ষণ কিছু করতে পারব না। কান্দীতে ল-কলেজ করার ক্ষেত্রে আমরা অনেকটা এগিয়ে গেছি। তাই মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে সহযোগিতার আবেদন জানাচ্ছি। আমরা আশা করছি, অতি সত্ত্বর উচ্চশিক্ষা দপ্তর থেকে ঐ ল-কলেজ অনুমোদন পাবে এবং আমরা এটা চালু করতে পারব।

প্রাসঙ্গিক ভাবে বলে রাখি আমরা যে ল-কলেজ করছি তাতে সরকারি সাহায্য চাই না। কারণ সরকারি সাহায্য চাইলে অনেক গড়িমসি হবে। সরকারের সাহায্য দেওয়ার সামর্থ্য কমে গেছে। আমরা সেই কলেজটিকে স্বশাসিত, স্বনির্ভর ভাবে চালানোর জন্য পরিকল্পনা গ্রহণ করেছি এবং সেই ভাবে প্রস্তাব উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে পাঠিয়েছি। আমি আশা করব, আমরা কাঁন্দীতে এই কলেজটা যাতে তাড়াতাড়ি চালু করতে পারি তার জন্য সহানুভূতির সঙ্গে আপনি এটা বিবেচনা করবেন। আমি এই বিলটাকে সমর্থন করছি এই কারণে যে, মুর্শিদাবাদ ও নদীয়া জেলার ছাত্র-ছাত্রীরা আগামী দিনে উচ্চশিক্ষা লাভ করার জন্য অনেক সুযোগ-সুবিধা পাবে। এই কথা বলে এই বিলকে আবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে, আজকের এই বিলের আলোচনায় সরকার এবং বিরোধী পক্ষের যে মাননীয় সদস্যরা অংশগ্রহণ করেছেন তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। এটা দেখে আমার ভাল লাগল যে এই সংশোধনী বিলকে সকলেই সমর্থন জ্ঞাপন করেছেন। কল্যানি বিশ্ববিদ্যালয়ের অধীন নদীয়া এবং মুর্শিদাবাদ যে কলেজগুলো আছে সেই কলেজগুলোকে কল্যানি বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রনাধীনে আনার জন্য এই বিলের সংশোধনী আনা হয়েছে। হাউসে এই যে বিলটা সকলের সম্মতি লাভ করেছে তার জন্য আমি হাউসকে ধন্যবাদ জানাই। এই বিল সম্পর্কে বলতে গিয়ে আমাকে খুব কম কথায় অতীতের কয়েকটা কথা বলতে হবে। ১৯৭০ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের তদানীন্তন ভাইস-চ্যান্সেলর ডঃ এস.এন.সেন দিল্লির সরকারের কাছে একটা চিঠি লেখেন। সেই চিঠিতে তিনি বলেন যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অতীতে গৌরব যাই হোক না কেন বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ের অবস্থা খুব সঙ্গীন। তার কারণ হিসেবে তিনি দুটো জিনিস উল্লেখ করেন। একটা হচ্ছে অর্থের অপ্রতুলতা। মাত্র১৫-১৬ লক্ষ টাকা বিশ্ববিদ্যালয় বছরে পেত। দ্বিতীয়ত কলকাতা বিশ্ববিদ্যালয়ের বিশাল আকৃতি এবং বিপুল দায়িত্ব ও বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী। তাঁর আবেদনক্রমে ইউ.জি.সি. একটা কমিটির তৈরি করে। সেই কমিটির নাম গণি কমিটি। ৬ই জুলাই ১৯৭৪ সালে সেই কমিটি তার প্রতিবেদন পেশ করেন। সেই প্রতিবেদনে পরিস্কার ভাবে বলা আছে সামারি অব রেকমেন্ডেশন, চ্যাপ্টার (১১), এর মধ্যে একটা হচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে পরিমাণ কলেজ এবং যে বিপুল পরিমাণ ছাত্র আছে সেটা কলকাতা বিশ্ববিদ্যালয়ের সংকট তৈরি করেছে। দ্বিতীয়ত কলকাতা বিশ্ববিদ্যালয়ের সীমা, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং কলকাতা মিউনিসিপ্যাল

কর্পোরেশনের বাইরে হওয়া উচিত নয়। অর্থাৎ কলকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হবে সেই সব কলেজ যে সেব কলেজগুলো কলকাতা মিউনিসিপ্যাল এরিয়া এবং হাওড়া মিউনিসিপ্যাল এরিয়ার মধ্যে পড়ে। আর এর বাইরের কলেজগুলোকে বলেছেন অন্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত করে দেওয়া হোক। এবং দেখবেন তারই পরিপ্রেক্ষিতে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় গঠন করা হয় এবং তারই পরিপ্রেক্ষিতে আমি বলব এবং এর পরে ভবতোষ দত্ত কমিশন বলেছেন।

[3-50 — 4-00 p.m.]

এ ব্যাপারে একটা ঐকমত্য আছে, যাঁরা বিশেষজ্ঞ তাঁরাও বলেছেন যে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের এই বিপুল দায়িত্ব, ভাবুন, একটা বিশ্ববিদ্যালয় বছরে সাড়ে ৬০০ পরীক্ষা নেয়। আমাদের পশ্চিমবাংলায় সাড়ে ৩ লক্ষ ছাত্র-ছাত্রী আন্ডার গ্রাজুয়েট কলেজে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে হচ্ছে, ২ লক্ষ ১৫ হাজার। বর্ধমান বিশ্ববিদ্যালয়ে হল ৭৫ হাজার। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে ২৭ হাজার। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে ২২ হাজার আরও কল্যানি বিশ্ববিদ্যালয়ে সব মিলিয়ে ৭ হাজার। আমরা দুটি বিষয়ে কিন্তু গুরুত্ব দিয়ে কাজ শুরু করেছি। একটা হল, কলকাতা বিশ্ববিদ্যালয়ে যেখানে তৎকালীন ভাইস চ্যান্সেলর বলেছিলেন ১৫/১৬ লক্ষ টাকা মাত্র পাই এবং তিনি বলেছিলেন ফান্ডই হচ্ছে আমাদের বড় কনস্ট্রেন্ট, সেখানে এ বছর এখনও পর্যন্ত কলকাতা বিশ্ববিদ্যালয়কে আমরা প্রায় ৩০ কোটি টাকা দিয়েছি। তাসত্বেও অর্থের অপ্রতুলতা আছে। কিন্তু আমাদের ভাবতে হবে, যা আমাদের আছে - ঠিকই আরো অনেক কিছু করা দরকার - কিন্তু যা আছে সেটাকে সঠিকভাবে ব্যবহার করা যেটাকে বলি ওয়াইজ হ্যাজবেনডিং অব রিসোর্সেস অর্থাৎ আমাদের যা সম্পদ আছে সেটাকে সঠিকভাবে ব্যবহার করা। কল্যানি বিশ্ববিদ্যালয়কে এ বছর কত টাকা এ পর্যন্ত দিয়েছি? প্রায় সাড়ে ৮ কোটি টাকা। তার ছাত্র কত? ৭ হাজার, সব মিলিয়ে - পোস্ট গ্রাজুয়েট, আন্ডার গ্রাজুয়েট। সুতরাং বিশেষজ্ঞ কমিটি যে সুপারিশ করেছে আমরা সেটা কার্যকর করছি আর্থিক এবং অন্য দিক থেকেও। দ্বিতীয়ত নদীয়া এবং মুর্শিদাবাদ ছেলেদের পোস্ট গ্রাজুয়েট ভর্তির সমস্যা কোথায়? কলকাতা বিশ্ববিদ্যালয় তো খুশিমতো তারা বাড়িয়েছেন, কিন্তু পোস্ট গ্রাজুয়েট আসন বাড়ানো যায় না। তার একটা সীমাবদ্ধতা আছে। তাহলে এই ২ লক্ষ ১৫ হাজার যারা ছাত্র-ছাত্রী তাদের দাবি হচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ে পোস্ট গ্রাজুয়েট আসনের দিকে, আর কল্যানির ঐ ৪টে জেনারেল ডিগ্রি কলেজের ছাত্র-

ছাত্রীদের তাদেরও দাবি হচ্ছে ঐ আসনগুলির দিকে। কলকাতার সঙ্গে যুক্ত থাকলে কিন্তু জেলার কলেজগুলির ছাত্র-ছাত্রীদের সুযোগ সুবিধা সীমিত হয়ে যায়। তার কারণ ঐ ৪টে কলেজের আপনারা জানেন - সাধারণত ইন্টারনাল ছাত্রদের নিতে হয়, কোথাও ৮০ ভাগ, কোথাও ৮৫ ভাগ আবার কোথাও ৯০ ভাগ, আমরা বিশ্ববিদ্যালয়ের ছাত্র, সুতরাং আমাদের দাবি আগে। অন্য বিশ্ববিদ্যালয় থেকে ছাত্ররা ভাল নম্বর পেলেও ওখানে ভর্তির জন্য যেতে পারেনা বা করানো যায়ও না। ফলে কি হয়? এটা ঠিকই বলেছেন, অনেক ছাত্র বাইরে চলে যায়। খুব নাম করা বিশ্ববিদ্যালয়ে যায়, তা নয়। কানপুরে একটা জায়গা আছে যেখানে মুর্শিদাবাদ থেকে অনেক ছেলে যায়। আপনারা কানপুরে গিয়ে দেখবেন, একটা অঞ্চলের নাম হয়ে গেছে প্রায় মুর্শিদাবাদ অঞ্চল। সেখানে মুর্শিদাবাদের ছেলে-মেয়েরা পোস্ট গ্রাজুয়েট পড়তে যায়। কেন না, এইসব ছেলে-মেয়েরা এখানে পোস্ট গ্রাজুয়েট পড়তে পারে না। তারা হয়তো একেবারে ওপরের দিকে নেই। কিন্তু তারা অনার্স পাশ করেছে। আমাদের এখানে সাধারণ নম্বর পেলে ভর্তি হওয়া যায় না। কলকাতা বিশ্ববিদ্যালয় ফার্স্ট ক্লাস বা খুব হাই সেকেন্ড ক্লাস না পেলে পরে কোনও বিষয়ে ভর্তি করবে না। কিন্তু যারা অর্ডিনারি সেকেন্ড ক্লাস পেয়ে উচ্চ শিক্ষা লাভ করতে চাইছে তারা কোথায় যাবে? তারা তখন প্রতিবেশী রাজ্যগুলিতে চলে যায় যেখানে বিশ্ববিদ্যালয় নয়, আন্ডার গ্রাজুয়েট কলেজেও পোস্ট গ্রাজুয়েট পড়াবার বন্দোবস্ত আছে। সুতরাং আমি আপনাদের সঙ্গে একমত, বিশেষ করে সৌগতবাবু, অতীশবাবু এবং সুধীরবাবুরা যা বলেছেন পোস্ট গ্রাজুয়েট আমাদের আসন বাড়াতে হবে। আমি একমত যে আন্ডার গ্রাজুয়েট কলেজেও যেখানে উপযুক্ত পরিকাঠামো আছে এবং আমি শিক্ষক পাবো সেখানে পোস্ট গ্রাজুয়েট পড়ানোর সুযোগ বাড়াবো। ইতিমধ্যে আমরা করেছি, প্রেসিডেন্সি কলেজে জুলজি, কেমিস্ট্রি, জিয়োলজি এবং ফিজিক্স এর জন্য এখানে পোস্ট গ্রাজুয়েট খুলেছি। হুগলির মহসিন কলেজে ফিজিওলজিতে পোস্ট গ্রাজুয়েট পড়ার বন্দোবস্ত করা হয়েছে। দার্জিলিং গভর্ণমেন্ট কলেজে অনেকদিন থেকেই পোস্ট গ্রাজুয়েট পড়ার বন্দোবস্ত আছে। হায়ার সেকেন্ডারি কাউন্সিলের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেছি এবং বিশ্ববিদ্যালয়গুলির কাছেও এই চিঠি পাঠানো হচ্ছে আপনারা আপনাদের বিশ্ববিদ্যালয়ের অধীন কোথায় কোথায় পোস্ট গ্রাজুয়েট খোলা যায় সেটা আপনারা চিহ্নিত করুন, চিহ্নিত করে আমাদের জানান, আমরা ব্যবস্থা নেব।

আপনাদের আমি বলতে পারি যে, আমরা এই ধরনের পোস্ট গ্রাজুয়েট আরও খোলার জন্য আন্ডার গ্রাজুয়েট কলেজের ব্যবস্থা নেব। মাননীয় সদস্য সৌগতবাবু যথার্থভাবেই বলেছেন যে কল্যানি বিশ্ববিদ্যালয়ে পোস্ট গ্রাজুয়েটে আসন আমাদের আরও বাড়াতে হবে। তার কারণ, এই যে কলেজগুলি আমরা যুক্ত করলাম এই কলেজের ছাত্রছাত্রীদের যে দাবি সেই দাবিটা আমাদের মেটাতে হবে। সেই দিক থেকে পরবর্তী পদক্ষেপ হিসাবে কি ভাবে আসন বাড়ানো যায় এবং নতুন নতুন বিষয়—ইতিমধ্যেই কিছু নতুন বিষয় খোলা হয়েছে। কল্যানি বিশ্ববিদ্যালয়ে আমি কিছুদিন আগে গিয়েছিলাম। সেখানে এনভায়রনমেন্টাল সায়েন্সে নতুন খোলা হল। এগুলি আমরা উদ্যোগ নিয়েছি, এগুলি আমরা করব। আপনারা দেখবেন, পশ্চিমবঙ্গে যেটা আমরা বলি আনইভন ডেভেলপমেন্ট আমাদের ডেভেলপমেন্ট হয়েছে কিন্তু আনইভন। কলকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চল মিলে অধিকাংশ ছাত্রছাত্রী, কলেজ ইত্যাদি হত। মফঃস্বলের দিকে আগে সেইভাবে দৃষ্টি দেওয়া হত না। ইদানিং কিন্তু আমরা জেলাতে নতুন নতুন কলেজ করছি, নতুন নতুন বিষয় দিচ্ছি। আপনারা দেখবেন, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেন্ট আমরা করছি, নতুন সাবজেক্ট জিওগ্রাফি পোস্ট গ্রাজুয়েট খোলার বন্দোবস্ত হয়েছে। গণি কমিটির যে রেকমেন্ডেশন ছিল - করেসপনডেন্স কোর্স, সেটা আমরা চালু করছি। ওপন ইউনিভার্সিটি আমরা করেছি, প্রায় এক হাজার ছাত্র হয়ে গিয়েছে। আমরা চাইছি শিক্ষাকে সব জায়গায় ছড়িয়ে দিতে এবং বিশেষ করে বিজ্ঞান শিক্ষাকে ছড়িয়ে দিতে। সৌগতবাবু বললেন যে আর্থিক দায়িত্ব সম্পর্কে আপনারা কিছু বললেন না কেন? ইতিমধ্যে আপনি কিন্তু দেখবেন এখানে কতকগুলি পোস্ট আছে আরও একটা নতুন পোস্ট আমরা দিয়েছি। তাদের কনট্রোলার অব এগজামিনেশন, ইন্সপেক্টার অব দি কলেজেস ইতিমধ্যে আছে। কল্যানি বিশ্ববিদ্যালয়ে এগুলি অন্তর্ভুক্ত না হলেও বিশ্ববিদ্যালয়ের দাবি ছিল যে আরও কিছু পোস্ট তাদের দিতে হবে। তার কারণ তারা ইতিমধ্যেই পরীক্ষা নিয়েছেন। আর ইতিমধ্যেই ইঞ্জিনিয়ারিং কলেজ দুটি নয়, ৪টি কল্যানি বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হয়েছে বহরমপুর, কল্যানি গভর্নমেন্ট কলেজ, যোটা ইঞ্জিনিয়ারিং কলেজ, সল্টলেক ইঞ্জিনিয়ারিং কলেজ, বানতলা ইঞ্জিনিয়ারিং কলেজ। আগামী বছর আরও অন্তত দু-তিনটি ইঞ্জিনিয়ারিং কলেজ কল্যানি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত হবে। তারপর কয়েকটা ম্যানেজমেন্ট ইন্সটিটিউটও আমরা শুধু ইঞ্জিনিয়ারিং কলেজই করছি না, ম্যানেজমেন্ট ইন্সটিটিউশন করছি। পোস্ট গ্রাজুয়েট, আন্ডার গ্রাজুয়েট সেগুলি আমরা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত করছি এবং কল্যানির সঙ্গে যুক্ত হবে। অর্থাৎ আমাদের উদ্দেশ্য হল,

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, কল্যানি বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় এই সমস্ত বিশ্ববিদ্যালয়গুলি তাদের পূর্ণ রূপে বিকশিত হোক। শুধু মাত্র কয়েকটা ডিপার্টমেন্ট নিয়ে নয়, আরও বেশি ফ্যাকাল্টি, ডিপার্টমেন্ট যাতে হয় এবং আরও জেলার ছাত্ররা জেলাতে থেকেই পড়াশুনা করতে পারে, কলকাতার দিকে তাদের আসতে না হয় তার অংশ হিসাবে আমরা বলেছি—এর আগেও আমরা ডিসেন্ট্রালাইজেশনের কথা বলেছি। মফঃস্বলের কলেজগুলিতে সায়েন্স ইত্যাদি কে.এন. কলেজ সম্পর্কে বলেছেন মাননীয় সদস্য বহরমপুরের, মুর্শিদাবাদের আমরা দেখব। সেখানে কিন্তু অনেক নতুন অনার্স সাবজেক্ট দিয়েছি। ইলেকট্রনিক্স, কমপিউটার সায়েন্স ইত্যাদি। ওখানকার অধ্যক্ষের সঙ্গে আমার কথা হয়েছে যে তারা পোস্ট গ্রাজুয়েটে কোন সাবজেক্ট খুলতে চান এ সম্পর্কে তারা সমীক্ষা করে জানালে পরে আমরা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কথা বলে নিশ্চয় উদ্যোগ নেব। আমি কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজে গিয়ে বলেছি আমরা এখানেও আগামী দিনে যাতে পোস্ট গ্রাজুয়েট সাবজেক্ট খোলা যায়— কোন কোন বিষয় খোলা যায় সেটা দেখে আমরা উদ্যোগ নেব। তবে আমরা ধীরে করতে চাই। উচ্চ শিক্ষার ক্ষেত্রে সাত-তাড়াতাড়ি চিন্তা ভাবনা না করে করলে পরে কোনও অসুবিধার সম্মুখীন হতে হয়। কিন্তু আমরা দৃঢ়ভাবে অগ্রসর হচ্ছি। আপনারা এখানে যে কথা বললেন, যে সাজেশনস দিলেন সেগুলি সঠিক, সে দিকে আমরা এগুবার চেষ্টা করছি। অনেকে শিক্ষার মান সম্পর্কে বলেছেন। আমি এই প্রসঙ্গে বেশি কিছু বলতে চাই না। কিন্তু বারবার আমার একটা কথা মনে হয় যে এগুলি তথ্য নির্ভর হলে ভাল হয়। আগেও এখান থেকে ছেলেরা বাইরে যেত। শুধু এখান থেকে বাইরে কেন, ইংল্যান্ড, আমেরিকাতেও যাচ্ছে। আগেও যেত এখনও অনেকে যায়। এখন বিদেশে পড়তে যাওয়ার সংখ্যাটা একটু বেড়েছে। বিদেশি বিশ্ববিদ্যালয়গুলি আপনারা দেখছেন এখানে এসে ছাত্রদের নিয়ে নিচ্ছে। এখানে এসে মেলা করছে বাইরের বিশ্ববিদ্যালয়গুলি। সে দিকে একটা টান আছে। দিল্লিতে কয়েকটা বিশ্ববিদ্যালয় হয়েছে যেখানে কেন্দ্রীয় সরকার প্রভূত পরিমানে টাকা ব্যয় করেন।

[4-00 — 4-09 p.m.]

জওহরলাল ইউনিভার্সিটি যে টাকা পায়, আমাদের কলকাতা ইউনিভার্সিটি তা ভাবতে পারে না। দিল্লি ইউনিভার্সিটি যে টাকা পায় আমাদের কলকাতা ইউনিভার্সিটি তা ভাবতে পারেনা। সত্যেন সেন চিঠি দিয়েছেন যে, ফান্ডের অভাবে, মাত্র ১৫/১৬

লক্ষ টাকা আমরা পাই সেই ৭০ সাল থেকে, কি করে বিশ্ববিদ্যালয় চালাব? আমি সেই দীর্ঘ আলোচনাতে যেতে চাইনা। তার কারণ প্রশ্নটা আজকে ভারতবর্ষের সমস্ত জায়গায় উঠেছে। আমি যখন ইংল্যান্ডে গিয়েছিলাম তখন অক্সফোর্ড ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর আমাকে বলেছিলেন যে, আমাদের সমস্ত মেরিট আমেরিকায় চলে যাচ্ছে, আমরা ভাল ছেলে পাচ্ছি না। আর একটা জিনিস ভাবতে হবে। আজকাল যারা ইউনিভার্সিটিতে বা হায়ার সেকেন্ডারিতে খুব ভাল রেজাল্ট করেন তারা এই জেনারেল ডিগ্রিতে আসেনা। তারা ইঞ্জিনিয়ারিং, মেডিকেল, ম্যানেজমেন্ট বা অন্যান্য দিকে চলে যাচ্ছে বিভিন্ন কারণে আর্থিক সুবিধা বা অন্যান্য কারণ থাকতে পারে। এখন কি পার্লামেন্টে আমি যখন সদস্য ছিলাম, আমরা আলোচনা করেছিলাম যে আই.এ.এস, আই.পি.এস-তে ভাল ছেলেরা আসছে না। তার ফলে আমাদের অ্যাডমিনিসট্রেশনের মান নেমে যাচ্ছে। আমার মনে আছে সেই সময়ে পার্লামেন্টে আমাদের একটা বিতর্ক হয়েছিল। তা আমি সেই ব্যাপারে যাচ্ছি না। প্রশ্ন যে আমাদের এখানে কি ভাল ইন্সটিটিউশন আছে? অবশ্যই আমাদের ভাল ইন্সটিটিউশন আছে। অবশ্যই কলকাতা বিশ্ববিদ্যালয়ে কতকগুলি ডিপার্টমেন্ট আছে যার তুলনা ভারতবর্ষে নেই। পৃথিবীর যে কোনও ইউনিভার্সিটির ডিপার্টমেন্টের সঙ্গে তার তুলনা করতে পারি। যাদবপুর ইউনিভার্সিটিতে এখন সব বিষয়ে রিসার্চ হয় সেটা কেন্দ্রীয় সরকার টাকা দেয়। আপনারা অনেকে জানেন এবং সৌগতবাবু ভাল করেই জানেন যে কেন্দ্রীয় সরকার যাদবপুর ইউনিভার্সিটির কতকগুলি বিভাগকে বেছে নিয়েছে এবং তারা অনেক টাকা দিচ্ছেন, সেখানে রিসার্চ হচ্ছে তারা রিসার্চ করছে। ইউ.জি.সি. আমাদের পশ্চিমবাংলায় অনেকগুলি বিশ্ববিদ্যালয়ের অনেকগুলি ডিপার্টমেন্টকে বেছে নিয়েছে। স্পেশাল ডেভেলপমেন্টের জন্য তারা টাকা দিচ্ছে। সুতরাং আমাদের এখানেও গবেষণা হচ্ছে, ডিপার্টমেন্টের উন্নতি হচ্ছে। কিন্তু এটাও ঠিক যে আমরা যতটা উন্নতি হলে ভাল হয় বলে মনে করি সব ক্ষেত্রে হয়ত তা হচ্ছে না। সেগুলি আমাদের আলোচনা করে ঠিক করতে হবে। যে কোথায় আমাদের দুর্বলতা আছে। কিন্তু ঢালাও ভাবে আমরা যদি বলে দিই যে কিছুই হচ্ছে না তাহলে কিন্তু যে ছেলেগুলি ভাল ফল করে বাইরে যাচ্ছে, সুনাম অর্জন করছে তাদের প্রতি সুবিচার আমরা করব না। আমি বারবার বলেছি যে আমরা সজাগ আছি যে কোন কোন জায়গায় আমাদের দুর্বলতা আছে, কি ভাবে সেগুলিকে ভাল করা যায়। আপনারা দেখেছেন যে, আমরা পশ্চিমবাংলার সমস্ত ইন্সটিটিউটগুলির যারা ডাইরেকটর, যারা হেড, তাদের নিয়ে কিছুদিনের মধ্যে রাজ্যপালও ছিলেন, আমরা তাদের মতামত চেয়েছি, আমরা বলেছি যে আমরা একটা কমিটি করব। কোন জায়গায় আমাদের

দুর্বলতা আছে সেটা আমাদের বলুন, কোথায় আমাদের টাকা দিতে হবে সেটা বলুন? টাকার অভাবে আজকে পশ্চিমবাংলার উন্নয়ন বন্ধ হবে, এটা আমরা হতে দিতে পারিনা। আমরা দিনের পর দিন এই কাজগুলি হাতে নিয়েছি, এগুলি আমরা করব এবং এক একটা করে কিন্তু ধীরে ধীরে এই কাজগুলি করছি। এটা ঠিক. মাননীয় সদস্য অতীশ সিনহা মহাশয় বলেছেন যে, আপনি প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ করলেন অন্যান্য জায়গায়, এই ফিস তারা তোলে। কি করা যাবে বলুন তো? সুপ্রীম কোর্টের জাজমেন্ট আপনি তো জানেন। সব রাজ্যে সুপ্রীম কোর্টের জাজমেন্ট এই রকমই। আমরা যদি প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ করি, আমরা একটা কমিটি করে দিয়েছি কল্যানি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নেতৃত্বে যে সুপ্রীম কোর্টের জাজমেন্ট এবং অন্যান্য দিক বিচার করে কলেজগুলির ফি কি হওয়া উচিত সেটা তারা ঠিক করে দেবেন। এক্ষেত্রে কিন্তু সুপ্রীম কোর্টের জাজমেন্ট মেনে আমাদের চলতে হবে এবং তার ফলে যে বৈষম্যের কথা বলেছেন সেই বৈষম্য থাকবে। অন্য রাজ্যেও আছে, শুধু আমাদের রাজ্যে নয়। আমাদের সামনে প্রশ্নটা হচ্ছে, তাহলে আমরা কি প্রাইভেট কলেজ করব? আমরা যদি সিদ্ধান্ত নেই যে প্রাইভেট কলেজ করব তাহলে সুপ্রীম কোর্টের সিদ্ধান্ত মানতে হবে। আর যদি সিদ্ধান্ত নেই যে, এই বিষয়ে বৈষম্য আছে আমরা প্রাইভেট কলেজ করব না তাহলে আপনি আমাকে বলবেন যে, মহারাস্ট্র, কর্ণাটক-এর ছেলেরা এগিয়ে চলেছে, আর আমাদের ছেলেরা বাইরে চলে যাচ্ছে, আপনি কিছু করছেন না কেন? আপনি ল-কলেজের কথা বলেছেন। ব্যাঙ্গালোরে যে ল-ইউনিভার্সিটি হয়েছে তাতে কত ফি দিতে হয় বলুন তো? আপনারা যে সেন্টার অব একসিলেন্স-এর কথা বলেছেন, ভারতবর্ষের অন্যান্য জায়গায় তার ফি-এর পরিমানটা বলুন তো? আমাদের এখানে যে সেন্টার অব একসেলেন্স ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, খড়গপুরে ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট অব টেকনোলজি তার ফি প্রচুর পরিমানে বেড়ে গেছে। আমরা এটা মনে করি যে তাহলেও আমাদের রাজ্যে এই ধরনের সেন্টার অব একসেলেন্স গড়ে তুলতে হবে। আমি আর একটি কথা বলছি, আমি সৌগতবাবুর সঙ্গে একমত। হায়ার এডুকেশনে সেন্টার অব একসেলেন্স না থাকলে, আমরা মেধাকে যদি যর্থাথ গুরুত্ব না দিই, তাহলে উচ্চশিক্ষা অনেক পরিমানে ব্যর্থ হবে। আমরা চাই এখানে সেন্টার অব একসেলেন্স গড়ে উঠুক। আমরা আমাদের সীমিত ক্ষমতায় সেটা গড়ে তুলব। অন্য বিষয়ে যা বলেছেন সেসব নিয়ে বাজেটের সময় আলোচনা হবে।

উনি টিচারদের পে-স্কেল সম্বন্ধে বলেছেন। আমাদের শিক্ষকরা উন্মুখ হয়ে রয়েছেন, তাঁরা নতুন পে-স্কেল চাইছেন। কিন্তু বিষয়টা দিল্লি থেকে পরিস্কার হয়নি। ১৭ই নভেম্বর তাঁরা আমাদের বলেছেন - জি.ও. বার করুন। কিন্তু ইউ.জি.সি. নোটিফিকেশন এবং রেগুলেশন না করলে আমরা জি.ও. বের করতে পারি না। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিও জি.ও. বের করতে পারছে না, কারণ ইউনিভার্সিটি অফিসারস, লাইব্রেরিয়ানস - এদের কেরিয়ার অ্যাডভান্সমেন্টের কি হবে সেটা বলা নেই। বহু বিষয়ে ইউ.জি.সি. বলে দিয়েছেন, কিন্তু সেটা বলা নেই। ফিকসেশন কিভাবে করব সেটাও বলা নেই। তারজন্য শিক্ষকরা নতুন স্কেলে বেতন পাচ্ছেন না। তবে আমরা জি.ও. রেডি করে রেখেছি। দিল্লি থেকে ফাইনাল হয়ে এলেই সেটা ইস্যু করব। ওয়েবকুটার সঙ্গে এই নিয়ে আমার কথা হয়েছে। আমিও তো একদিন ওদের আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলাম। আমাদের রাজ্য এক্ষেত্রে একদিনও দেরি করবে না। সব রাজ্যে ইউ.জি.সি-র নোটিফিকেশনের জন্য অপেক্ষা করছে, আমরাও অপেক্ষা করছি। ইতিমধ্যে আমাদের দপ্তরের সচিব দিল্লি গেছেন। আমাদের কত টাকা লাগবে 'এরিয়ারের জন্য সেটা ক্যালকুলেট করে আগাম তাঁদের দিয়ে আসতে বলেছি তাঁকে, যাতে জি.ও. বের হবার সঙ্গে সঙ্গে টাকাটা শিক্ষকদের দিয়ে দিতে পারি। এরজন্য আমরা যতদূর উদ্যোগ নেওয়ার নিয়েছি। এখন ইউ.জি.সি-র নোটিফিকেশন হলেই এটাকে আমরা কার্যকর করতে পারব। আমরা ২০ পারসেন্ট টাকা দেব এবং সেন্টার ৮০ পারসেন্ট টাকা দেবেন। সেন্টার টাকা দিলে আমরা দেব। সুতরাং শিক্ষকরা নতুন বেতনক্রম নিশ্চয়ই পাবেন।

আবার আপনাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি বিলকে সমর্থন করেছেন বলে। আমরা এই বিল যখন প্রয়োগ করব তখন নদীয়া এবং মুর্শিদাবাদ উন্নতি ঘটবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে এক্ষেত্রে যে সমস্যা রয়েছে তারও খানিকটা সমাধান করতে পারব।

সকলকে ধন্যবাদ দিই এই বিল সমর্থন করবার জন্য।

The motion of Shri Satya Sadhan Chakraborty that the Kalyani University (Amendment) Bill, 1998, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 - 13 and the Premble**

The question that Clauses 1 to 13 and the Premble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Satya Sadhan Chakraborty :** Sir, I beg to move that the Kalyani University (Amendment) Bill, 1998, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 4-09 p.m. till 11 a.m. on Wednesday, the 16th December, 1998 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 16th December, 1998 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 8 Ministers of State and 117 Members.

### STARRED QUESTIONS
### (to which oral answers were given)

[11-00 — 11-10 a.m.]

**চুঙ্গিকর আদায়ের কর্মী**

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯) **শ্রী আব্দুল মান্নান ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চুঙ্গিকর/পণ্য প্রবেশকর আদায়ের জনও কত জন কর্মী নিযুক্ত ছিলেন;

(খ) বর্তমানে তাঁরা কোন কাজে নিযুক্ত আছেন; এবং

(গ) রেভেনিউ ইন্টেলিজেন্সি বিভাগে তাঁদের কত জনকে নিযুক্ত করা হয়েছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) চুঙ্গিকর বিলোপের প্রাক্‌কালে ১৪৫৪ জন কর্মী কর আদায়ের কার্যে নিযুক্ত ছিলেন।

(খ) বর্তমানে নিযুক্ত ১,৩৫১ জন কর্মীর মধ্যে ১,২৪৩ জন রেভিনিউ ইন্টেলিজেন্স অধিকারে এবং অবশিষ্টরা প্রবেশ কর অধিকারে নিযুক্ত আছেন।

(গ) ১,২৪৩ জনকে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ১৯৯৫ সালে এনট্রি ট্যাক্স তুলে দেওয়া হয়েছে। এখানকার কর্মীদের ১৩৫১ জনের মধ্যে ১২৪৩ জন কর্মীকে রেভিনিউ ইনটেলিজেন্স অধিকারে নিয়োগ করেছেন। এই গুলি কোন সময়ে নিয়োগ করেছেন? কত বছর বাদে নিয়োগ করেছেন?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** ওদের নিযুক্ত করার দিন হচ্ছে সেপ্টেম্বার ৯৮' সালে।

**শ্রী আবদুল মান্নান ঃ** ১৯৯৫ সাল থেকে ১৯৯৮ সাল এই ৩ বছর প্রায় ৪ মাস, এই সময় ধরে তাদের কি কাজ ছিল এবং কত বেতন দিয়েছেন?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** বেতন দিতে হয়েছে গড়ে ৬ কোটি টাকা থেকে ৮ কোটি টাকা-বছরে বছরে যে ভাবে বেতন বৃদ্ধি পেয়েছে। দেরি হওয়ার প্রথম কারণ হলো আইন তৈরি করা। আপনাদের এই বিধানসভায় এনে আপনাদের অনুমোদন নিয়েছি। তারপর পাবলিক সারভিস কমিশনে অনেক সময় গিয়েছে। যেহেতু, এটা নতুন আধিকারিক, সেই কারণে একটা রিক্রুটমেন্ট রুল তৈরি করতে হয়েছে। আপনারা অবগত আছেন যে ট্রান্সফার পলিসি একটা ঠিক করতে হয়েছে। কারণ কলিকাতার আশেপাশে তারা কাজ করতেন, তাঁদের গ্রামের মধ্যে দূরে নিয়ে যেতে হয়েছে। এই সময় তাঁরা পেনডিং কেস যে গুলি ছিল সেটা করেছেন, অ্যাপিল কেস যে গুলো ছিল, ক্লেম কেস যে গুলো ছিল এবং রিফান্ড কেস যে গুলো ছিল সেই গুলো করেছেন। এই সময় মূলত এই কাজ গুলো তাঁরা করেছেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমি যদি ভুল না করি, চুঙ্গিকরের অফিস ৫টি ছিল। এখন ডাইরেক্টর অব রেভিনিউ ইনটেলিজেন্স হয়েছে, মোট কতগুলি এই বিভাগের অফিস হয়েছে এবং কোথায় হয়েছে বলতে পারবেন?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** মূল অফিস হেডকোয়ার্টার্স তো আছে তার সঙ্গে তিনটি ডিভিসন হয়েছে - প্রেসিডেন্সি ডিভিসন, জলপাইগুড়ি ডিভিসন এবং বর্ধমান ডিভিসন। এই অফিসগুলি জেলায় গিয়েছে। এ ছাড়া ২৫টি রিজিওনাল অফিস হয়েছে, ১৮টি জেলায় ১৮টি এবং যেগুলি গুরুত্বপূর্ণ মহকুমা আসানসোল, হলদিয়া এবং বারাকপুর এখানে ৩টি এবং কলিকাতায় অতিরিক্ত ৪টি মোট ২৫টি আঞ্চলিক অফিস সৃষ্টি করা হয়েছে। এই সমস্ত অফিসে কর্মীরা সেপ্টেম্বরের নির্দেশ রেখার ভিত্তিতে ৬ই অক্টোবরের অব্যবহিত পরেই যোগ দিয়েছেন। আগের থেকে অফিসের সংখ্যা বেড়েছে। এই সমস্ত কর্মীরা সি.এম.ডি.এ. এলাকা এবং কলিকাতার আশেপাশের চেকপোস্টে কাজ করতেন তাঁদের গোটা রাজ্যে ছড়িয়ে দেওয়া হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি এই যে কর্মীদের এই বিভাগে নিয়োগ করেছেন তাঁদের কি র‍্যাঙ্ক দিয়েছেন? আগে সাব-ইন্সপেক্টর ছিল সেটা বাদ দিয়েছেন, পিয়ন বাদ দিয়েছেন এখন কন্সটেবল নিয়োগ করেছেন। এই যে ১২৪৩ জনকে নিয়োগ করেছেন তাঁদের র‍্যাঙ্ক কি দিয়েছেন এবং এই আড়াই মাসে কতটা কাজ করতে পেরেছে?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** এখানে র‍্যাঙ্ক অনেকগুলো আছে। আমি প্রথমত সাধারণভাবে বলে দিচ্ছি। আমাদের রেভেনিউ ইনটেলিজেন্স ডাইরেক্টরোটে যারা যোগ দিয়েছে, ১,২৪৩ জনের মধ্যে, গ্রুপ 'এ', 'বি', 'সি' এবং 'ডি' করে এক এক করে বলছি। তারপর র‍্যাঙ্কগুলো বলে দিচ্ছি। গ্রুপ -'এ'-৫২ জন, গ্রুপ -'বি'-৪৮১ জন, আর গ্রুপ -'সি' এবং 'ডি'তে ৭৭০ জন, মোট ১,২৪৩ জন নিযুক্ত হয়েছে। পদগুলো এইরকম - এমনিতে উপরে যে রকম ডাইরেক্টর ছিলেন, সেইরকম ডাইরেক্টর আছেন। ডেপুটি ডাইরেক্টর যেরকম ছিলেন, সেইরকম আছে। অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর এবং তারপরে জোনাল অফিসার, অ্যাসিস্ট্যান্ট জোনাল অফিসার, এই পদগুলো আগে ছিল না। তার নিচে স্পেশ্যাল অফিসার (ল') একজন আছেন এবং ইন্সপেক্টরের পদ আমরা অনেক সৃষ্টি করেছি। এত ইন্সপেক্টর পদ কিন্তু আগে ছিল না। এই পদগুলো যেহেতু পরিদর্শন করে তথ্য সংগ্রহের, পদগুলো নতুন হয়। বস্তুত এখন যারা কাজে নিযুক্ত আছে, তাদেরই আমরা কাজে নিযুক্ত করতে চাইছি। পাবলিক সার্ভিস কমিশনের সঙ্গে আমাদের মতের বিনিময় করতে হয় অনেকটা। এছাড়া ইউ.ডি. ক্লার্ক আছে, এল.ডি. ক্লার্ক আছে, টাইপিস্ট আছে, পিওন আছে এবং রেভেনিউ ইনটেলিজেন্স কনস্টেবল আছে। আগে যারা চেকপোস্টে কাজ করতেন, তাঁদের আমরা মূলত রেভেনিউ ইনটেলিজেন্স কনস্টেবল পদে নিযুক্ত করেছি। এই হচ্ছে এই পদগুলোর নাম এবং এই হচ্ছে গ্রুপ-'এ', 'বি', 'সি', এবং 'ডি' এর রেশিও।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, ১৯৯৫ সালে চুঙ্গিকর দপ্তর উঠে গেছে। আপনি তাঁদের আবার ১৯৯৮ সালের সেপ্টেম্বর মাসে কাজে নিযুক্ত করেছেন। এই যে দীর্ঘ সময়, এই সময়ে আপনি মোট কত টাকা মাইনে হিসাবে একাংশ কর্মচারীকে দিয়েছেন? আপনি বসিয়ে বসিয়ে কত টাকা দিলেন - আমি আপনার কাছে মোট টাকার হিসাবটা জানতে চাইছি।

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** আমি আগেই হিসাবটা দিয়েছি, টাকার পরিমাণও বলেছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আপনি বলেছেন, বছরে ৬-৮ কোটি টাকা হিসাবে দিয়েছেন। দ্যাট ইজ নট দি কমপ্লিট আনসার। আমি টোটাল ইনভলভমেন্ট কত হয়েছে সেটা জানতে চাইছি।

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** ১৯৯৫-৯৬তে ৬.৪ কোটি টাকা, ১৯৯৬-৯৭তে ৭.৪৪ কোটি টাকা এবং ১৯৯৭-৯৮তে ৮.১১ কোটি টাকা দিয়েছি। এই হিসাবে আমি ৬-৮ কোটি টাকা বলেছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, এই রেভেনিউ ইনটেলিজেন্সে ১২৪৩ জনকে পুনর্নিয়োগ করা হয়েছে। আমার যতদূর ধারনা, রেভেনিউ ইনটেলিজেন্স'এর মানে হচ্ছে যাতে সরকারের রেভেনিউটা বাড়ে, যারা সরকারের রেভেনিউ ফাঁকি দিচ্ছে, সরকারের সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের ধরা। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, এদেরকে মূলত আগেকার পেন্ডিং যে সমস্ত কাজ ছিল, সেই সমস্তগুলোর সমাধান করবার কাজে লাগানো হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, এই যে ১২৪৩ জনকে নিয়োগ করা হলো রেভেনিউ ইনটেলিজেন্স ডাইরেক্টোরেটে, এরফলে রেভেনিউ কতখানি বেড়েছে, বা কিভাবে এদেরকে ইউটিলাইজ করা হচ্ছে রেভেনিউ বাড়াবার জন্য?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** আমি একটু আগে উত্তর দেবার সময়ে বলেছিলাম, ইতিমধ্যে যারা রেভেনিউ ইনটেলিজেন্সে নিযুক্ত হয়েছে এদের সংখ্যা সবচেয়ে বেশি ১,২৪৩ জন। আর এন্ট্রি ট্যাক্স ডাইরেক্টোরেটে বকেয়া কাজ দেখার জন্য যাদের থাকতে হচ্ছে, এদের সংখ্যা খুবই কম-১০৮ জন। মূল যে সংখ্যা, তারা কিন্তু এই পরিদর্শনে যাবেন, কি কাজ করবেন - যে বিলটি আপনারা অনুমোদন করেছিলেন তাতে আছে, সেখানে পরিস্কারভাবে লেখা আছে। বিলটি ১৯৯৬ সালের জুলাই মাসে এখানে অনুমোদিত হয়। এদের কাজ হচ্ছে, মূলত রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠাগুলি এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানের সঙ্গে রাজ্যের কোনও না কোনও কর আদায় যুক্ত আছে তাদের তথ্য সংগ্রহ করার কাজ। রাজ্যের ক্ষেত্রে উদাহরণ হিসাবে আমি বলছি, এদের আমরা প্রথমত সেই কাজে নিযুক্ত করব যেটাকে আমরা প্রমোদ কর বলি। এক একটা জেলায় যে সিনেমা হলগুলো আছে, কিছু হয়তো আইনগত কারণে, মহামান্য হাইকোর্টে কেসে আটকে আছে, যেগুলো চালু আছে তার সিটের সংখ্যা কটা থেকে শুরু করে, ঠিক রেভেনিউ কত আদায় করা উচিত - এই কাজটি করবেন। এটি আমি একটি অপেক্ষাকৃত সহজ উদাহরণ

দিলাম। এবারে আমি একটি কঠিন উদাহরণ দিচ্ছি। ইন্ডিয়ান রেলওয়েজ আসলে কিন্তু সেলস ট্যাক্সের ক্ষেত্রে তার স্ট্যাটাস হচ্ছে ট্রান্সপোর্টারের। আবার তাঁরা হচ্ছেন সবচেয়ে ইমপর্টান্ট ট্রান্সপোর্টার। তাঁরা আমাদের কাছে ঠিকমতো তথ্য দিচ্ছেন কিনা তা দেখবেন। শুধুমাত্র হাওড়া, শিয়ালদহ বা নিউ জলপাইগুড়ি স্টেশন নয়, আরও অনেক স্টেশন আছে যেগুলি গুরুত্বপূর্ণ স্টেশন, মাল ওঠানামা করে। এই কটি গুরুত্বপূর্ণ কাজের সঙ্গে এরা যুক্ত হবেন। আমি দুটি উদাহরণ দিলাম। এই কাজটি কিন্তু বাড়বে, এই তথ্যগুলো তাঁরা যখন আদায় করছেন। যে যে দপ্তরের আধিকারিকরা যুক্ত আছেন তারা সেটা বিবেচনা করবেন এটাই লিখিতভাবে বলা আছে। তারা সেখানে কর্মাসিয়াল এবং এনটারটেনমেন্ট ট্যাক্স আদায় করার জন্য যুক্ত আছেন।

[11-10 — 11-20 a.m.]

**দূষণ নিয়ন্ত্রণ আইনলঙ্ঘনকারী শিল্প**

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, বিগত ১৯৯৭ - ৯৮ আর্থিক বছরে দূষণ নিয়ন্ত্রণ আইন লঙ্ঘনের জন্য এ রাজ্যের কতগুলি শিল্পসংস্থার বিরুদ্ধে কলিকাতা হাইকোর্টের পরিবেশ বেঞ্চ কর্তৃক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;

(খ) সত্যি হলে, মোট কতগুলি শিল্পসংস্থার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; এবং

(গ) শাস্তিমূলক ব্যবস্থাগুলি কী কী?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) মোট সাতটি শিল্প সংস্থার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(গ) শিল্প সংস্থাগুলি বন্ধ রাখার আদেশ প্রদান করা হয়।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ৭টি শিল্প সংস্থায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই শিল্প সংস্থাগুলো কি, কি, রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের অধিগৃহিত শিল্প থাকলে জানাবেন কি?

**শ্রী মানব মুখার্জী ঃ** আপনার প্রশ্নের মধ্যে একটি বিষয় শুধু উল্লেখ করা হয়েছে যে মহামান্য হাইকোর্টের নির্দেশে কত শিল্পকে বন্ধ করা হয়েছে। হাইকোর্টের নির্দেশ অনুসারে যে যে শিল্পগুলোকে বন্ধ করতে বলা হয়েছে আমরা সেগুলোই বন্ধ করেছি। ইতিমধ্যেই হাইকোর্টের নির্দেশে ৭টি শিল্প যথা - ফসফেট অ্যান্ড কোম্পানি, বি.এন কেমিক্যালস, এম এস দুর্গা এন্টারপ্রাইজ, উইমকো লিমিটেড অ্যাশোসিয়েটেড সিমেন্ট ইন্ডাস্ট্রিজ এটা শুকনা শিলিগুড়িতে অবস্থিত। এছাড়া ইস্টার্ন স্পিনিং মিল-বারাসাতে অবস্থিত এবং মানসী এন্টারপ্রাইজ কলিকাতা-৬তে অবস্থিত। এই শিল্প সংস্থার মালিকানার ধরন কি বেসরকারি না সরকারি সেটা এখনই বলা সম্ভব নয়। যদি জানতে চান বিস্তারিত নিয়ে বলতে পারব।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কলিকাতার পরিবেশ বেঞ্চের আদেশ নামা অনুযায়ী পশ্চিমবঙ্গের দূষণ নিয়ন্ত্রণ পর্যদ এ পর্যন্ত কি কি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছেন জানাবেন কি?

**শ্রী মানব মুখার্জী ঃ** প্রথম বিষয় হচ্ছে গ্রিণ বেঞ্চ পরিবেশের ক্ষেত্রে যে সিদ্ধান্ত নিন না কেন সেই আদেশ চোখ কান বুজে মেনে নিতে হবে। আদালতের নির্দেশে পলিউশন কন্ট্রোল বোর্ডকে কাজ করতে হয়, সুতরাং প্রত্যেকটি বিষয়ের সঙ্গে পলিউশন কন্ট্রোল বোর্ড যুক্ত আছেন।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী তাঁর ভাষণ প্রসঙ্গে বলেছিলেন এবং সবাই এটা অবগতও আছেন যে, পশ্চিমবঙ্গের দূষণ নিয়ন্ত্রণ পর্যদ অঞ্চলে পাবলিক গ্রিভেন সেল করবে। ওই সেলগুলো যে খোলা হয়েছে তাতে যত অভিযোগ আসছে তার নিষ্পত্তি হচ্ছে কিনা জানাবেন কি?

**শ্রী মানব মুখার্জী ঃ** নিশ্চিতভাবে কত অভিযোগ এসেছে এই সংখ্যাটা এখনই আমার পক্ষে বলা সম্ভব নয়। যেহেতু পর্যদের সঙ্গে সম্পর্কিত সেই কারণে পলিউশন কন্ট্রোল বোর্ড এর সঙ্গে যুক্ত নয়। তবে পলিউশন কন্ট্রোল বোর্ড নিজস্ব পরিবেশের সংক্রান্ত ব্যাপারে যথেষ্ট সচেতন এবং তাদের সচেতনতা যথেষ্ট বৃদ্ধি পাচ্ছে। আগের থেকে অনেক সংখ্যক অভিযোগ আসছে সেগুলো দূষণ নিয়ন্ত্রণ পর্যদ দ্রুততার সঙ্গে পদক্ষেপ গ্রহণ করছে।

**শ্রী সঞ্জীব দাস ঃ** মাননীয় মন্ত্রী বললেন যে হাইকোর্টের নির্দেশ অনুসারে ৭টি শিল্পকে বন্ধ করে দিয়েছে। আমি আপনার কাছে জানতে চাই যে আপনার দপ্তর থেকে পরিবেশ দূষণের ব্যাপারে কোন শিল্পকে অভিযুক্ত করছেন এবং

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** এখন পর্যন্ত আমরা ২৫৪টি শিল্প সংস্থাকে চিহ্নিত করেছি। চিহ্নিত করার পাশাপাশি কতকগুলি শাস্তিমূলক ব্যবস্থা আমরা গ্রহণ করেছি। এক নম্বর হচ্ছে, ব্যাঙ্ক গ্যারান্টি জমা রাখা। কোনও কোম্পানির বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগ আসবার পর দূষণ নিয়ন্ত্রণ পর্যদ এর যারা বিশেষজ্ঞ তারা সেটাকে চিহ্নিত করেন, চিহ্নিত করার পরে আমরা কোম্পানিকে নোটিস দিয়ে বলি, একটা নির্দিষ্ট সময়ের মধ্যে দূষণ নিয়ন্ত্রণ এর ব্যবস্থা করতে হবে। কারখানা বন্ধ করাটা আমাদের কাজ নয়, দূষণ যাতে না করে, খোলা সেটা আমাদের কাজ। যে সময়ের মধ্যে কাজ নির্দিষ্টভাবে করার কথা সেক্ষেত্রে অভিযোগের গুরুত্ব এবং কারখানার ব্যাপক কাজের পরিধি বিবেচনা করে, ব্যাঙ্ক গ্যারান্টি জমা রাখতে বলা হয়, নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ না করলে ব্যাঙ্ক গ্যারান্টি ফরফিটেড হয়ে যাবে। দ্বিতীয় ব্যবস্থা যেটা করার সেটা হচ্ছে, আমরা ক্লোজার নোটিস দিই, আমরা বলে দিই নির্দিষ্ট সময়ের মধ্যে যদি কাজ না হয় তাহলে আমরা ক্লোজার নোটিস দেব। আমরা রিপোর্ট পেয়েছি, ২৫৪টির মধ্যে ২৫১টি শিল্পের ক্ষেত্রে তারা কিছু ব্যবস্থা গ্রহণ করবার চেষ্টা করছেন। এরপরেও যদি কোনও শিল্প সেই ব্যবস্থা গ্রহণ না করে তাহলে আমরা কারখানা বন্ধ করে দেবার নির্দেশ দিতে পারি। আমরা জলসরবরাহ বন্ধ করে দিতে পারি, সি.ই.এস.সি. বা এস.ই.বি.কে নির্দেশ দিতে পারি বিদ্যুৎ ব্যবস্থা বন্ধ করে দেবার জন্য। আমরা দ্বিতীয় ব্যবস্থা সবে গ্রহণ করতে শুরু করেছি, বাস্তবায়িত এখনও হয়নি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** দক্ষিণ কলকাতায় ইস্টার্ন ডিস্টিলারি বলে একটি কারখানা আছে, আপনার দপ্তর তার এফ্লুয়েন্ট টেস্ট করে বলেছিল এতে টকসিট মেটিরিয়ালস আছে। এটা পরিশোধ না করে এফ্লুয়েন্ট বাইরে বের করে দেওয়া চলবে না, তা সত্ত্বেও কারখানাটি তাদের টকসিট মেটিরিয়ালস চারিদিকে ছড়িয়ে যাচ্ছে। বিশেষ করে টালি নালা দিয়ে সরাসরি সেটা পাচার করে দেওয়া হচ্ছে। আপনার দপ্তরে নিজে গিয়ে বলেছিলাম, আধিকারিকরা বলেছিলেন দেখবেন, কিন্তু তারা দেখেননি। আপনি নিজে সক্রিয়ভাবে যদি এটা দেখেন বা টকসিট অ্যাফ্লুয়েন্ট এর ব্যাপারে যদি কিছু ব্যবস্থা গ্রহণ করেন তাহলে ভাল হয়।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** আপনি যদি নির্দিষ্টভাবে, একটু সময় করে, এই ব্যাপারটা নিয়ে আমার কাছে আসেন, তাহলে আমি নিশ্চয় দেখব।

**দুর্গাপুর ব্যারেজের পলি উত্তোলন**

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১৬) **শ্রী দেবব্রত ব্যানার্জী ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দুর্গাপুর ব্যারেজে পলি উত্তোলনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কত দিনের মধ্যে উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এরূপ কোনও পরিকল্পনা সেচ ও জলপথ দপ্তরের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী দেবব্রত ব্যানার্জী ঃ** দামোদর নদীতে চরের সৃষ্টির ফলে এর নাব্যতা যেমন হ্রাস পেয়েছে বিপুলভাবে, তেমনিভাবে প্রতি বছরে দেখা যাচ্ছে বর্ষার সময় দামোদর এর কূলবর্তী কয়েকটি গ্রামের মানুষ ক্ষতিগ্রস্থ হচ্ছে। এই বিষয়ে মাইথন এবং পাঞ্চেৎ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করলে তারা বলেন এইগুলি রাজ্য সরকার করবেন। রাজ্য সরকারের পক্ষ থেকে এই প্রসঙ্গে কথাবার্তা চালাবার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** না, এখনও পর্যন্ত তেমন কোনও আলোচনা হয়নি।

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** আমাদের জেলায় যেখানে পানীয় জলের অভাব আছে এবং এই পানীয় জল মূলত দামোদর নদী থেকে আহরিত হয়। খানিকটা অংশ অজয় নদী থেকেও হয়। আসানসোল, রানিগঞ্জ এবং দুর্গাপুরের মতো শহরগুলির পানীয় জল এবং কারখানার র্ ওয়াটার দামোদর থেকে আসে। আমরা শুনেছি এই জল বৃদ্ধির ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার, দামোদর ভ্যালি কর্পোরেশন এবং বিহার সরকারের সাথে ত্রি-পাক্ষিক চুক্তির ফলে যে পরিমান জল পাওয়ার কথা তা দিতে তারা রাজি নয়। যখন শিল্পের প্রসার ঘটছে এবং জনসংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে তখন পানীয় জল যাতে আরও বেশি পাওয়া যায় সে সম্পর্কে কি কোনও আলোচনা হয়েছে?

[11-20 — 11-30 a.m.]

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** মূল প্রশ্নটির সঙ্গে এই প্রশ্নটির কোনও সম্পর্ক নেই।

**শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় ঃ** মাইথন ও পাঞ্চেতে ডি-সিলটিং ভয়ঙ্করভাবে হচ্ছে। আজকে দামোদর নদীতে পলি পড়ে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার ফল ভোগ করতে হচ্ছে বর্ধমান এবং হুগলির লোকেদের। হঠাৎ করে জল ছাড়লেই বর্ধমান এবং হুগলির বিস্তীর্ণ অঞ্চল প্লাবিত হয়। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাই, মাইথনের জল ধারনের ক্ষমতা হ্রাস পেয়েছে, তার সঙ্গে ডি-সিলটিংের প্রশ্নটিও যুক্ত, এই ব্যাপারে আপনি বলবেন কি?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** মাইথন জলাধারটি রক্ষণা-বেক্ষণের কাজ ডি.ভি.সি. করে। সমস্ত জলাধারগুলিতেই পলির স্তর বৃদ্ধি পেয়েছে। যে পরিমাণ জল ধরে রাখার কথা ছিল, সেই পরিমাণ জল তারা ধরে রাখতে পারছে না। এটা ডি.ভি.সি. এবং কেন্দ্রীয় সরকারের ব্যাপার, এখানে রাজ্য সরকারের কিছু করনীয় নেই।

**শ্রী অসিত মাল ঃ** অনেক নদীতে ইরিগেশন দপ্তরের বাঁধ আছে এবং এক্স জমিদারি বাঁধও আছে। নদীতে বন্যা দেখা দিলে বা নদীর বাঁধ ভেঙ্গে গেলে ইরিগেশন দপ্তর সেটার রিপেয়ারের কাজ করছে কিন্তু এক্স-জমিদারি বাঁধ যেটা পঞ্চায়েত সমিতির আন্ডারে, তাদের টাকা না থাকার জন্য তারা সারাই করতে পারছে না। এই ক্ষেত্রে সেচ দপ্তরের কি এই এক্স-জমিদারি বাঁধগুলো নিয়ে নেওয়ার কোনও পরিকল্পনা আছে?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** এক্স-জমিদারি বাঁধ বিভিন্ন জায়গায় আছে। সেগুলো আইনগত ভাবে সেচ দপ্তরের আওতায় আসেনি এবং সেচ দপ্তরও সেই বাঁধগুলিকে গ্রহণ করার ক্ষেত্রে এখনও পর্যন্ত কোনও পরিকল্পনা গ্রহণ করেনি।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** দেখা যাচ্ছে পলি পড়ে ড্যামগুলো ভর্তি হয়ে যাচ্ছে, সেইগুলোর জল ধরে রাখার ক্ষমতাও কমে যাচ্ছে। এক্ষেত্রে ইরিগেশন ডিপার্টমেন্ট এক্সপার্ট টিম দিয়ে পলি তোলা বা জল ধরে রাখার জন্য কোনও পরিকল্পনা করেছে কি? যদি করে থাকে, তাহলে কত দিনে শুরু করবে?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** সামগ্রিকভাবে সমস্ত জলাধারগুলোতেই পলি পড়েছে। পলি কাটার জন্য বিশেষ এক্সপার্ট লোক লাগে বলে আমার মনে হয় না। তবে,

এইগুলো করার জন্য বিপুল পরিমান অর্থের প্রয়োজন হয়, যা সব ক্ষেত্রে পাওয়া যায় না।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** যে কারণে আজকে নিম্ন দামোদরের এলাকায় বন্যা হচ্ছে, তা থেকে মুক্ত করার জন্য পলি সরানোর কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** সব জায়গায় রিমুভ করার দায়িত্ব আমাদের নয়। বিশেষ করে ডি.ভি.সি.-র আন্ডারে যে সমস্ত জলাধার আছে, তাদের রক্ষণা-বেক্ষণের দায়িত্ব ডি.ভি.সি.-র। অন্যান্য জলাধার, যেমন ময়ূরাক্ষী এবং কংসাবতী বা পুরুলিয়ার যে সমস্ত ড্যাম তৈরি হয়েছে, সেইগুলো আমরা নীতিগতভাবে মনেকরি সংস্কার করার প্রয়োজন আছে, কিন্তু আর্থিক অস্বচ্ছলতার জন্য করা যাচ্ছে না।

**শ্রী সমর হাজরা ঃ** দামোদরে পলি পড়ে বর্ষার সময় একদিক ভেঙে যায়। কিছু লোক বালি কাটার ব্যবসা করে, ইরিগেশনের বাঁধ যেখানে, সেখান থেকে কেটে রাস্তা করে, তাতে বন্যা দেখা যায়। এইগুলো রোধ করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** সাধারণত জেলা কর্তৃপক্ষ বালি তোলার অনুমতি দেয়। সেচ দপ্তর সরাসরি কোনও অনুমতি দেয় না। কিন্তু যেসমস্ত জায়গায় দেখা যায় এই বালি তোলার জন্য বাঁধের ক্ষতি হচ্ছে, সেখানে দপ্তরের তরফ থেকে নিষেধ করা হয়, কারো কারো নামে এফ.আই.আর. করা হয় এবং জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হয়, যাতে যত্রতত্র বালি না তোলা হয়, বাঁধগুলি যাতে নষ্ট না হয়।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** পলিটা একটা কমন ফ্যাক্টর সমস্ত নদীর ক্ষেত্রেই। বললেন ড্রেজিং করে তোলা সম্ভব হচ্ছে না। কিন্তু যে সমস্ত জায়গায় সয়েল ইরোসান হচ্ছে, বা বেড়ে যাচ্ছে, সেসব ক্ষেত্রে আটকাবার জন্য কি করছেন?

[11-30 — 11-40 a.m.]

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** ভূমি সংরক্ষণের জন্য বিভিন্ন প্রকল্প আছে। সামাজিক বন সৃজন ইত্যাদি আছে। স্বভাবতই ব্লক স্তরে বা বন দপ্তরের মাধ্যমে বন সৃজনের মাধ্যমে ভূমি সংরক্ষণের কাজটা করা হয়। আমরা বিভিন্নভাবে তাদের সেই সমস্ত পরিকল্পনা রূপায়নের ক্ষেত্রে সহযোগিতা করি।

**শ্রী খাড়া সোরেন ঃ** স্যার, দূর্গাপুর ব্যারেজের পলি উত্তোলন সম্পর্কে বলা হয়েছে। উত্তর দিনাজপুরের বিভিন্ন নদীতে যে পলি পড়ছে তার উত্তোলনের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** সামগ্রিকভাবে বাস্তবে যে নদীর আয়তন আছে, তাতে যে পরিমান পলি পড়েছে, সেই পরিমান পলি অপারেশন এর কোনও পরিকল্পনা নেই। ক্ষেত্র বিশেষে দুটো একটা নদীতে, কিছু নির্দিষ্ট জায়গাতে সেই পরিকল্পনা আছে। পশ্চিম দিনাজপুরের নদীগুলিতে সেই ধরনের কোনও পরিকল্পনা নেই।

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** বিভিন্ন নদীর বেড় উঁচু হয়ে আসছে। ইছামতি নদীতে বন্যা হচ্ছে। এই বন্যা প্রতিরোধের জন্য কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** পরবর্তী সময়ে প্রশ্ন আছে। জানিনা সেই প্রশ্ন উঠবে কিনা। তবে আপনি যখন জিজ্ঞাসা করলেন তখন বলি যে, ইছামতির মোট দৈর্ঘ্য হচ্ছে ৯৪ কিলোমিটার। এই ৯৪ কিলোমিটার ব্যাপি নদী সংস্কার করার কোনও পরিকল্পনা নেই। কিন্তু যে সমস্ত জায়গায় নদীর বেড় উঁচু হয়ে গেছে, সেই জায়গাগুলি সংস্কার করে স্বাভাবিকভাবে সমস্ত জায়গায় একটা লেভেল এনে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। এই ধরনের পরিকল্পনাই আমরা করছি।

### মাধ্যমিক শিক্ষাবর্ষের সময়সূচি পরিবর্তন

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭) **শ্রী কমল মুখার্জী ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মাধ্যমিক শিক্ষাবর্ষের সময়সূচি পরিবর্তন করার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, তা কিরূপ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই মুহূর্তে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী কমল মুখার্জী ঃ** মাধ্যমিক শিক্ষাবর্ষ আগে জানুয়ারি থেকে ডিসেম্বর মাস পর্যন্ত হত। বর্তমানে মে থেকে এপ্রিল পর্যন্ত হচ্ছে। এখন আমরা ক্লাস টেনে উঠলে মে মাসে তাদের পড়াশোনা শুরু হল। ডিসেম্বরে তাদের টেস্ট পরীক্ষা দিতে হচ্ছে। অর্থাৎ ৪ মাস তাদের পঠন পাঠন কমে যাচ্ছে। এই ব্যাপারে আপনাদের মতামত কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যে সমস্যার কথা আপনি বলেছেন, প্রকৃতপক্ষে এটা একটা সমস্যা। আমরা যখন শিক্ষাবর্ষ পরিবর্তন করি, তখন আমরা বিবেচনা করেছিলাম যে, ভারতের অন্যান্য রাজ্যে যে প্রথা প্রচলিত আছে সেটা হচ্ছে মে মাসে শিক্ষা বর্ষ শুরু হয়। আমরা যদি অন্য সময় রাখি, তাহলে যারা অন্য রাজ্য থেকে আসে, তাদের অসুবিধা হবে বা আমাদের এখান থেকে অন্য রাজ্যে যদি কোনও ছাত্র যায়, তাহলে অসুবিধা হবে।

এই কথাটা বিবেচনা করে আমরা মে মাস থেকে শিক্ষা বর্ষ শুরু করার যে পরিকল্পনা শুরু করেছিলাম তার সবটুকু বাস্তবায়িত হয়েছে তা নয়। ডিসেম্বরে টেস্ট পরীক্ষা না হয়ে যদি আরও কিছুদিন পরে হত তাহলে পঠনপাঠনের সুযোগ আরও কিছুটা পাওয়া যেত। অথচ পাঠ্যসূচি অপরিবর্তিত রয়েছে সে জন্য কিছু সমস্যা সৃষ্টি হয়েছে। যদি বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ বিষয়টা বিবেচনা করে টেস্ট পরীক্ষা একটু পিছিয়ে নিতে পারেন, তাহলে এই সমস্যার সমাধান করা যেতে পারে। যে সমস্যার কথা ভেবে শিক্ষাবর্ষ পরিবর্তন করা হয়েছিল, জানুয়ারি মাস থেকে শিক্ষাবর্ষ শুরু করলে সেই সমস্যারই পুনরাবৃত্তি ঘটবে।

**শ্রী কমল মুখার্জী ঃ** তাহলে আপনি স্বীকার করলেন ক্লাস টেনের ছাত্র-ছাত্রীদের ৪ মাস সময় কমে গেছে। এই বিষয় কোনও বিশেষজ্ঞ কমিটি করে সেই কমিটির পরামর্শ নিয়েছেন কি বা কোনও ভাবনা-চিন্তা আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** বিশেষজ্ঞ কমিটির কোনও বিষয় এটা নয়। ৪ মাস কমেছে তা নয়, এক মাসের কিছু বেশি সময় কমেছে। বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারা যদি এগিয়ে আসেন, তাহলে সমস্যার সমাধান হতে পারে।

**শ্রী কমল মুখার্জী ঃ** সাধারণভাবে ডিসেম্বর মাসে পরীক্ষা হত, পরীক্ষার পরে শিশুদের মানসিক বিকাশের জন্য শীতকালে শিক্ষামূলক ভ্রমণ হত। বর্তমান শিক্ষাবর্ষের কারণে শিক্ষামূলক ভ্রমণ বন্ধ হয়ে গেছে। এই ব্যাপারে কোনও ভাবনা-চিন্তা আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** শীতকালে ভ্রমণ না করে বসন্তকালেও তো ভ্রমণ হতে পারে। বসন্তকালে ভ্রমণ করলে অসুবিধা হওয়ার কথা তো নয়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** বর্তমান শিক্ষা বর্ষ পরিবর্তনের কোনও প্রয়োজন আছে কিনা এই বিষয়টা সংশ্লিষ্ট শিক্ষক, অভিভাবক, ছাত্রছাত্রীদের মতামত যাচাই করার কোনও ভাবনা-চিন্তা আপনার আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই মুহূর্তে সে রকম কোনও পরিকল্পনা নেই।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়, যেটা বলেছেন যে স্কুলের প্রধান শিক্ষকরা যদি ইচ্ছা করেন তাহলে পরীক্ষা পিছিয়ে দিতে পারেন। বাস্তবে নভেম্বরের শেষ সপ্তাহ থেকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক টেস্ট পরীক্ষা শুরু হয়, তারপর মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এর ফিস নেওয়ার নির্দিষ্ট সময় হয়ে যায়। তিন মাস ক্লাস করা সম্ভব হয় না। প্রধান শিক্ষকদের কোনও ফ্রিডম নেই। এটা স্থির হয়েছিল যে পাঁচ বৎসর পরে যে সমস্ত রেকগনাইজড টিচার অর্গানাইজেশন আছে তাদের সঙ্গে বলে এটাকে রিভিউ করা হবে। এখনও পর্যন্ত কোনও রিভিউ করেন নি। রিভিউ করার কোনও পরিকল্পনা আপনাদের আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মূলত ভারতবর্ষের বাকি রাজ্যগুলোতে মে, জুন মাস থেকে শিক্ষাবর্ষ শুরু হয়। তার কোনও মৌলিক পরিবর্তন হচ্ছে না। তাই পর্যালোচনার কোনও অবকাশ নেই। এই সময়টাকে যাতে ভালভাবে ব্যবহার করা যেতে পারে তার জন্য শিক্ষাবিদ্, শিক্ষকদের সঙ্গে আলোচনা করে থাকি সুযোগ পেলেই। এই সময়ের মধ্যেই যাতে আরও পড়াশুনার সুযোগটা সম্প্রসারিত করা যায় সে বিষয়ে আলোচনা হয়। এর বেশি কিছু করা সম্ভব নয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, শিক্ষাবর্ষ পরিবর্তনের কারণটা বলেছেন। আমার জিজ্ঞাস্য—কারণটা সর্বভারতীয় ভিত্তিতে এইরকম করতে হয়, যদিও এই শিক্ষাবর্ষের কিছু সমস্যার কথা আপনি স্বীকার করেছেন।

এ ক্ষেত্রে আমার জিজ্ঞাস্য সারা ভারতবর্ষে যদি কোথাও ভ্রান্তি একটা থাকে, এ রকম দৃষ্টান্ত আছে হোয়াট থিঙ্কস বেঙ্গল টু-ডে, ইন্ডিয়া থিঙ্কস টুমোরো। এখানে আমাদের যে প্রথাটা ছিল যে ব্যবস্থা ছিল সেটা যখন বিজ্ঞানসম্মত তা আপনিতো এতো শিক্ষামন্ত্রীদের সম্মেলনে গেছেন সেখানে কি ভারত সরকারের দৃষ্টি এই বিষয়ে

আকর্ষণ করেছেন? বা ব্যবস্থা করবেন যাতে শিক্ষা বর্ষটা পরিবর্তন হতে পারে? আমাদের পশ্চিমবাংলা যে জায়গায় ছিল সেই জায়গায় আনতে পারব।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** বিষয়টা ভারত সরকারের এক্তিয়ারে নয়। বিভিন্ন রাজ্যের যে মধ্যশিক্ষা পর্ষদগুলি আছে তারা সিদ্ধান্ত করেন। রাজ্য সরকার এ ব্যাপারে ভূমিকা পালন করে না, এটা কেন্দ্রীয় সরকারের বিষয় নয়। দ্বিতীয় কথা, আপনি যেটা বললেন যে বাংলা আগে চিন্তা করে বাকি ভারতবর্ষ পরে চিন্তা করে, কিন্তু বিষয়টা এমনই যে এটা আমরা আগে চিন্তা করে নিতাম আমরা শিক্ষাবর্ষ পরিবর্তন করি। কিন্তু এই রাজ্যের ছাত্রছাত্রী যারা অন্য রাজ্যে যেতে চাইবে বা অন্য রাজ্য থেকে আবশ্যিকভাবে এই রাজ্যে আসতে চাইবে তারা বিপদে পড়বে। তাই এই বিষয়টি বাইরে রেখে এই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া উচিত।

**শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম ঃ** আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি আমাদের পশ্চিমবাংলায় বিরাট সংখ্যক সাঁওতাল ভাষাভাষী ছাত্রছাত্রী মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষা গ্রহণ করছে। আমাদের বামফ্রন্ট সরকার সাঁওতাল ভাষায় ছাত্রছাত্রীদের প্রাথমিক স্তরে শিক্ষা দেন এবং অলচিকি হরফকে স্বীকৃতি দিয়েছেন এবং অলচিকি স্ক্রিপটে বই সরবরাহ করা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি আজকে পশ্চিমবাংলায় কতগুলি প্রাথমিক স্কুলে অলচিকি মাধ্যমে সাওঁতাল ভাষায় শিক্ষার কাজ চলছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন জিজ্ঞাসা করেছেন তার উত্তর আমার জানা আছে, কিন্তু উত্থাপিত প্রশ্নের সাথে তার কোনও প্রকার প্রাসঙ্গিকতা নেই, তাই এটার উপর দেওয়া সম্ভবপর নয়।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করেছেন কিন্তু অন্যান্য রাজ্যে যে ছুটি দেওয়া হয় যেমন সামার ভেকেশান ছুটি দেওয়া হয়, পূজোর ছুটি দেওয়া হয় সেটা নেই। আমার অতিরিক্ত প্রশ্ন আপনি অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলেছেন শিক্ষাবর্ষ পরিবর্তন হয়েছে কিন্তু পাঠ্যসূচির পরিবর্তন হয়নি। আমার প্রশ্ন হচ্ছে এই শিক্ষাবর্ষের সাথে সামঞ্জস্য রেখে পাঠ্যসূচি তৈরি করা, যাতে এই যে ক্ষতিটা হচ্ছে সময়ের অপচয় হচ্ছে সেটা যাতে না হয়। এই রকম পাঠ্যসূচি তৈরি করার কোনও পরিকল্পনা আছে কি না? এবং থাকলে কত দিনের মধ্যে এটা তৈরি হবে এই শিক্ষাবর্ষের সাথে সামঞ্জস্য রেখে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** পাঠ্যসূচির বিষয়টা নবম, দশম, একাদশ শ্রেণীর ক্ষেত্রেই প্রযোজ্য। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক শিক্ষার সাথে যুক্ত। আগে নবম শ্রেণীতে যে বিষয়গুলি পড়ানো হতো বা উচ্চমাধ্যমিকের একাদশ শ্রেণীতে যে বিষয়গুলি পড়ানো হতো এখন যদি শিক্ষকদের পক্ষ থেকে শ্রেণী বিন্যাস করা হয় যদি নবম শ্রেণীর পাঠ্যসূচিকে বৃদ্ধি করা হয় এবং একাদশ শ্রেণীর পাঠ্যসূচি পরিবর্তন করা হয় তাহলে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকের মোট যে পাঠক্রম তার পরিবর্তন করার কোনও প্রয়োজন হয় না। নবম এবং একাদশ শ্রেণীর ক্ষেত্রে যে সময়টা পাওয়া যাবে সেই সময়টায় যদি একটি বেশি পড়ানো হয় তাহলে যে সময়টা কমে যাচ্ছে নবম এবং দশম শ্রেণীর ক্ষেত্রে সেই সময় তাকে পরিগ্রহণ করবার জন্য নবম এবং একাদশ শ্রেণীতে যদি বেশি পড়ানো হয় তাহলে সমস্যা হয় না। এই জন্য মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকের গোটা পাঠক্রম পরিবর্তন করার কোনও প্রশ্ন নেই, এটা ঠিক আছে। কিন্তু ক্লাসে কোনটা পড়ানো হবে এই সামঞ্জস্য বিধান হলে পরে এটা সম্ভব হতে পারে।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জিজ্ঞাস্য আমাদের পশ্চিমবঙ্গে প্রাথমিক স্তরে শিক্ষকদের ট্রান্সফারের ব্যবস্থা আছে। কিন্তু মাধ্যমিক বা উচ্চ-মাধ্যমিক স্তরের শিক্ষকদের ট্রান্সফারের ব্যবস্থা আছে কিনা? না, থাকলে তার জন্য কোনও চিন্তা-ভাবনা করছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমি দুঃখিত। এখানে 'মাধ্যমিক শিক্ষাবর্ষের সময়সূচি পরিবর্তন' নিয়ে প্রশ্ন চলছে। আপনার প্রশ্ন এর সাথে রিলেটেড নয়, তাই উত্তর দেওয়া সম্ভব হচ্ছে না।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** আপনি এই যে সময়সূচি পরিবর্তন করেছিলেন তাতে আপনার আর্গুমেন্ট ছিল যে, 'ছাত্রদের সুবিধা হবে।' কিন্তু প্রতি বছরই বঙ্গীও প্রকাশক সমিতি, পশ্চিমবঙ্গ প্রধান শিক্ষক সমিতি-সহ বিভিন্ন শিক্ষক সমিতি এবং পশ্চিমবঙ্গ অভিভাবক সমিতি আপনার কাছে আবেদন করেছে, আন্দোলন করেছে, ঐ সময়সূচির পরিবর্তন করার জন্য। যে সময়সূচি করা হয়েছে তাতে ছাত্র-ছাত্রীদের আদৌও কোনও মঙ্গল হয়নি। আমার প্রশ্ন ঐ সময়সূচি নতুন করে পরিবর্তন করার কথা আপনি ভাবছেন কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যখন শিক্ষাবর্ষ পরিবর্তন করা হয় তখন সমস্ত শিক্ষক সংগঠনকে আলোচনায় ডাকা হয়েছিল। সেই আলোচনা সভায় প্রধান শিক্ষক সমিতির

পক্ষ থেকে তাঁদের সাধারণ সম্পাদক শিক্ষাবর্ষ পরিবর্তনের জন্য বক্তব্য রাখার ক্ষেত্রে অগ্রনী ভূমিকা গ্রহণ করেছিলেন। এই হচ্ছে এক নম্বর। দ্বিতীয়ত, প্রকাশক সমিতির সারা বছর ধরে ব্যবসা করার দিকে লক্ষ্য রেখে সময়সূচির পরিবর্তনের কোনও কথা উঠে না। আর, অভিভাবক সমিতি বলে কোনও সমিতি নেই। জনা-কয়েক মানুষের একটা ঘরোয়া সংগঠন আছে। তাদের কথা বিবেচনা করার কিছু নেই।

## মুর্শিদাবাদ ও মালদা জেলায় নদী ভাঙ্গন প্রতিরোধ

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ ও মালদা জেলার পদ্মা ও গঙ্গা নদীর ভাঙ্গন প্রতিরোধে সরকার কী কী পদক্ষেপ নিয়েছে; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে এই উদ্দেশ্যে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৮-৯৯ সালে মুর্শিদাবাদ ও মালদা জেলায় পদ্মা ও গঙ্গা নদীর ভাঙ্গন রোধে নিম্নবর্ণিত পদক্ষেপগুলি নেওয়া হয়েছে ঃ

### মুর্শিদাবাদ জেলা

(১) নদীর ভাঙ্গনরোধে যে যে কাজগুলি হাতে নেওয়া হয়েছে এবং বর্তমানে চালু আছে তা হল ঃ

(১.১) ফরাক্কা থানার পরাণপুর মৌজায় মহেশপুর মুশকীনগর অঞ্চলে প্রায় ৬০০ মি দৈর্ঘ্যের কাজ;

(১.২) সূতী থানা এলাকায় ইমামবাজারের কাজ;

(১.৩) সামশেরগঞ্জ থানা এলাকায় ১৫নং স্পারের পুননবীকরণ।

(১.৩.১) ধুলিয়ানপুর অঞ্চলের বাগমারী নদীর মোহনায় প্রায় ২৫০ মি. দৈর্ঘ্যের কাজ;

(১.৩.২) ধুলিয়ান পুর অঞ্চলে ২নং স্পারের উজানে ক্ষতিগ্রস্থ কাজের পূনর্নবীকরণ।

(১.৪) লালগোলা থানা এলাকায় ঃ

(১.৪.১) বয়ড়া মৌজায় ১৯৯৬-৯৭ সালে করা সম্পূর্ণ কাজের মেরামতি;

(১.৪.২) বয়ড়া সুইসের উজানে চিন্তামনি গ্রামে প্রায় ২০০ মি দৈর্ঘ্যের কাজ;

(১.৪.৩) বয়ড়া মৌজার বি.এস.এফ ক্যাম্পের ভাটিতে ১৯৯৬-৯৭ সালে সম্পূর্ণ করা ক্ষতিগ্রস্থ ১১৫ মি. দৈর্ঘ্যের কাজের মেরামতি;

(১.৪.৪) বিলবোর-চৌপড়া অঞ্চলের ভাটিতে ক্ষতিগ্রস্থ কাজের পুনর্নবীকরণ।

(১.৫) রানিনগর থানা এলাকার শিবনগর মৌজায় নলবোনা গ্রামে প্রায় ৬০০ মিটার দৈর্ঘ্যের কাজ।

(১.৬) জলঙ্গী থানা এলাকার বিশ্বাসপাড়ায় প্রায় ৬৫০ মি দৈর্ঘ্যের কাজ।

(২) মুর্শিদাবাদ জেলায় বর্ষার পূর্বে ১৫.০২ কোটি টাকার কাজ হাতে নেওয়া হয়েছিল। এরমধ্যে আনুমানিক ৩.৫০ কোটি টাকার কাজ সম্পন্ন হয়েছে। দেশব্যাপী সংসদীয় নির্বাচন ও রাজ্যব্যাপী পঞ্চায়েত নির্বাচনের পরিপ্রেক্ষিতে বোল্ডার সরবরাহ প্রয়োজনের তুলনায় কম হওয়ায় অনেকগুলি কাজই অসম্পূর্ণ থেকে গেছে। উপরিউক্ত কাজগুলির মধ্যে আলাইপুর (আখেরিগঞ্জ) এলাকার ৩.৬৭ কোটি টাকার আনুমানিক ব্যয়ে ৩৬০ মি দৈর্ঘ্যের কাজও অন্তর্ভুক্ত ছিল। কিন্তু উপরোক্ত কাজটি শুরুই করা যায় নি। অসম্পূর্ণ ও শুরু না হওয়া কাজগুলি পদ্মা নদীর জলস্তর নেমে যাওয়ার সঙ্গে সঙ্গেই পুনরায় শুরু করা হবে।

(৩) গত বর্ষায় গঙ্গা-পদ্মা নদীর বিধ্বংসী বন্যার প্রকোপে ও প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে এই বন্যার ফলে উদ্ভুত অভূতপূর্ব নিকাশি সমস্যার কারণে পদ্মানদীতে প্রবল জলস্ফীতি দেখা দেয়। এর ফলে এই জেলা বন্যা ও ভয়াবহ ভাঙ্গনের শিকার হয়।

নিম্নবর্ণিত স্থানগুলি প্রবল ভাঙ্গনের মুখোমুখি ঃ

(৩.১) ফরাক্কা থানা এলাকায় ঃ

অর্জুনপুর মৌজা, পরাণপাড়া মৌজার সাঁকোপাড়া ও খোদাবন্দপুর;

(৩.২) সুতী থানা এলাকায় ঃ

চন্দ্রপুর, বাজিতপুর, আওরঙ্গাবাদ গার্লস স্কুলের নিকটস্থ এলাকা;

(৩.৩) সামশেরগঞ্জ থানা এলাকায় ঃ

কমলপুর মৌজা, ধুলিয়ান পৌর অঞ্চলের অনুপ নগর ও লাবপুর মৌজা, জগতাই মৌজা ও লালপুর মৌজার লালপুর - ঘোষপাড়া;

(৩.৪) লালগোলা থানা এলাকার বয়ড়া মৌজা;

(৩.৫) ভগবান গোলা থানা এলাকার আলাইপুরে (আখেরিগঞ্জ) হাতে নেওয়া ভাঙ্গনরোধী কাজের ঠিক উজানে; এবং

(৩.৬) জলঙ্গী থানার বিশ্বাসপাড়ার ভাটিতে সরকারপাড়া ইত্যাদি অঞ্চল।

উপরোক্ত এলাকাগুলির ভাঙ্গনরোধী প্রকল্প রচনার প্রাথমিক সমীক্ষার কাজ শেষ হয়েছে ও পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্যদের কারিগরি কমিটির আসন্ন সভায় সেগুলি অনুমোদনের জন্য পেশ করা হবে।

**মালদা জেলা**

**১৯৯৭-৯৮ সালে নির্মিত ৫নং রিটায়ার্ড বাঁধটি ১৯৯৭-এর বর্ষায় গঙ্গার ভাঙ্গনের ফলে বিপদজনকভাবে নদীর কাছে চলে আসে এবং মানিকচক থানায় গোপালপুরের ৬নং রিটায়ার্ড বাঁধ নির্মাণ করা জরুরি হয়ে ওঠে। বর্ষার পূর্বে নিম্নলিখিত বন্যা ও ভাঙ্গনরোধী প্রকল্পগুলির কাজ হাতে নেওয়া হয় ঃ**

**(১) মানিকচক থানায় গোপালপুর মৌজায় ৬নং রিটায়ার্ড বাঁধ নির্মাণ;**

**(২) মালিকচক থানায় ভূতনীদ্বীপে ৪নং রিটায়ার্ড বাঁধ নির্মাণ;**

(৩) ৫নং রিটায়ার্ড বাঁধের সামনে গোপালপুরে ২ কিমি দীর্ঘ ভাঙ্গনরোধী কাজ;

(৪) কালিয়াচক থানায় ১৯৯৭ সালে বর্ষায় ক্ষতিগ্রস্থ ২৪নং স্পার, ২০নং স্পার ও ৯নং স্পারের মজবুতীকরণ।

উপরোক্ত কাজগুলির মধ্যে গোপালপুরের ৬নং ও ভূতনীতে ৪নং রিটায়ার্ড বাঁধ দুটির নির্মাণকাজ দেশব্যাপী সংসদীয় নির্বাচন ও রাজ্যব্যাপী পঞ্চায়েত নির্বাচনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় জমি অধিগ্রহনের পর্যাপ্ত সময় না পাওয়ায় ও জমির মালিকেরা স্বেচ্ছায় বাঁধ নির্মাণের জন্য জমি ছাড়তে রাজী না হওয়ায় শুরু করা যায় নি।

ভাঙ্গনরোধী কাজ স্পারগুলি মজবুতীকরণের কাজগুলিও (ক্রমিক নং৪) সময়মতো বোল্ডার সরবরাহ করতে না পারার জন্য ব্যাহত হয়েছে। উল্লেখ করা যেতে পারে, কাজগুলি শুরু করার মুখে রাজমহলের সুখসেনা অঞ্চল থেকে পশ্চিমবঙ্গে বোল্ডার সরবরাহের ওপর বিহার সরকার নিষেধাজ্ঞা জারি করেন এবং সর্বোচ্চ প্রশাসনিক স্তরে হস্তক্ষেপের ফলে নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয়, বেশ কিছু কালক্ষেপের পর। সেহেতু, বর্ষার পূর্বে শুরু করা কাজগুলি অসম্পূর্ণ থেকে যায়। ভাঙ্গনরোধী ও মজবুতীকরণের কাজে আনুমানিক ব্যয় হয়েছে ৩.৭৫ কোটি টাকা। এই কাজগুলির প্রকল্প ব্যয় ছিল ১১.৮৭ কোটি টাকা।

১৯৯৮ সালের বিধ্বংসী বন্যায় গোপালপুরে গঙ্গার ৫নং রিটায়ার্ড বাঁধটি ভেঙে যায়। ১৯৯৮-৯৯ ও ১৯৯৯-২০০০ সালের জুন মাস পর্যন্ত যে সময় পাওয়া যাবে তার মধ্যে পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের কারিগরি কমিটির অনুমোদন সাপেক্ষে নিম্নলিখিত বন্যা বিরোধী ও ভাঙ্গনরোধী কাজগুলি হাতে নেওয়ার পরিকল্পনা আছে ঃ

(১) মানিকচক ও কালিয়াচক থানায় ৬নং রিটায়ার্ড বাঁধ আনুমানিক ৬.৯০ কোটি টাকা ব্যয়ে নির্মাণ;

(২) মানিকচক থানায় ভূতনী দিয়াড়ায় আনুমানিক ৩.৫০ কোটি টাকা ব্যয়ে ৪নং রিটায়ার্ড বাঁধ নির্মাণ;

(৩) কালিয়াচক থানায় গঙ্গার বামতীরে ১৭ কোটি টাকা আনুমানিক ব্যয়ে দুটি স্পার নির্মাণ;

(৪) কালিয়াচক থানায় ২০নং স্পারটি পুননবীকরণ (আনুমানিক ব্যয় ৬.৫০ কোটি টাকা);

(৫) কালিয়াচক থানায় ২০নং ও ৭নং স্পারের মধ্যবর্তী মারজিনাল বাঁধের মজবুতীকরণ, (আনুমানিক ব্যয় ২৭.৮৪ লক্ষ টাকা);

(৬) ভূতনী দিয়াড়ার ঘেরবাঁধের মজবুতীকরণ (আনুমানিক ব্যয় ৬৩ লক্ষ টাকা);

(৭) ইংলিশবাজার থানায় ফরাক্কা ব্যারেজের বামদিকের অ্যাফ্লাক্স বাঁধের বাগমারী থেকে কালিন্দ্রীর সড়কসেতু পর্যন্ত সম্প্রসারণ (আনুমানিক ব্যয় ৩.৫০ কোটি টাকা)

এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে ফরাক্কা ব্যারেজের বাম অ্যাফ্লাক্স বাঁধের সম্প্রসারণের দায়িত্ব ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, মালদহ শহর গত বন্যায় প্লাবিত হওয়া ও সেচ ও জলপথ বিভাগের পুনঃপুনঃ অনুরোধ সত্ত্বেও এই বাঁধটি সম্প্রসারণের কোনও উদ্যোগ ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ নিচ্ছেন না। মালদা জেলার স্বার্থে এই বাঁধ অসুবিধা সত্ত্বেও রাজ্য সরকার সম্প্রসারণের কাজ হাতে নিতে বাধ্য হচ্ছেন। কেন্দ্রীয় সরকারের জলসম্পদ মন্ত্রকের দৃষ্টি এই বিষয়ে আকর্ষণ করা হয়েছে।

(খ) ১৯৯৮-৯৯ সালে গঙ্গ-পদ্মার ভাঙ্গনরোধে কেন্দ্রীয় সরকারের বিশেষ সহায়তা প্রাপ্ত খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৬০ কোটি টাকা মাত্র। মোট ৬০ কোটি টাকার মধ্যে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার-এর তরফে দেয় অর্থের শতকরা হার ৫০:৫০।

এ ছাড়াও দশম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী মুর্শিদাবাদ ও মালদা জেলায় বিশেষ বিশেষ কয়েকটি কাজে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৫ কোটি ৫০ লক্ষ টাকা।

[11-50 — 12-00 Noon.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রিমহাশয় আপনি মুর্শিদাবাদ ও মালদা জেলার পরিকল্পনার কথা বলেছেন। আমার জিজ্ঞাস্য এই যে অ্যাফ্লেক্স বাঁধ যেটার কথা বলেছেন, আর গঙ্গা, পদ্মার যে দূরত্ব, ফরাক্কা ব্যারেজ হওয়ার পর থেকে যেভাবে গঙ্গা-পদ্মার ভাঙন বেড়েছে, তারফলে দূরত্ব যেভাবে কমে আসছে তার পরিনতি মারাত্মক, যদি পদ্মা এবং গঙ্গা মিলে যায়। ইতিমধ্যে বহু জমি চলে গেছে। এই যে অ্যাফ্লেক্স বাঁধ ২০০ কিলোমিটার সূতি থানা থেকে লালগোলা এই অ্যাফ্লেক্স বাঁধই একমাত্র এই গঙ্গা-পদ্মা মিলনের ক্ষেত্রে বাধা অর্থাৎ যেটা রুখতে পারে। কিন্তু এই বাঁধ রক্ষনা-বেক্ষনের ব্যাপারে আপনার দপ্তর তৎপর নন। কারণ পুলিশ প্রশাসন থাকা সত্বেও ইতিমধ্যে এই বাঁধের মাটি কেটে নিয়ে যাওয়া হচ্ছে এবং এই মাটি কেটে ঠিকাদাররা ইঁট তৈরি করছে। যারফলে বাঁধের বহু জায়গা ভেঙে গেছে। ফলে দুই নদীর দূরত্ব মারাত্মকভাবে কমে যাচ্ছে। আমার প্রশ্ন, অ্যাফ্লেক্স বাঁধ থেকে এই যে মাটি কেটে নিয়ে যাচ্ছে তা রক্ষনা-বেক্ষন করা হচ্ছে না। এটা একটা বিপদের আশঙ্কা। এটা রুখতে আপনার দপ্তর কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল :** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, দুটি অ্যাফ্লেক্স আছে, একটা মালদায় এবং আর একটা মুর্শিদাবাদে। এই দুটি অ্যাফ্লেক্স বাঁধের দেখভাল করার দায়িত্ব আমাদের নয়, ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের। তারাই এটা দেখভাল করেন। যেহেতু বাঁধগুলি পশ্চিমবাংলার স্বার্থের সঙ্গে জড়িত সেহেতু এগুলি রক্ষনা-বেক্ষন করার জন্য ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের সঙ্গে আমরা বারে-বারে যোগাযোগ করি এবং তাদের দৃষ্টি আকর্ষণ করি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** রিটায়ার্ড বাঁধ - যে পঞ্চম রিটায়ার্ড বাঁধটি ভেঙে গেল, যারফলে মালদায় বন্যা মারাত্মক রূপ নিল এবং পরবর্তী পর্যায়ে পঞ্চম রিটায়ার্ড বাঁধ ভেঙে যাওয়ার পর ষষ্ঠ রিটায়ার্ড বাঁধ করার জন্য ১২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল, সেই কাজ শুরু করতে দেরি হল, যারফলে যতটুকু কাজ হয়েছিল সবই গঙ্গার জলে চলে গেল। আমার বক্তব্য, খানিকটা আপনাদের অপরিনামদর্শিতার জন্য যে সময়ে টাকা বরাদ্দ করা হয়েছিল সেই সময়ে কাজটা শুরু করা গেল না কেন, যারফলে বিরাট পরিমান টাকার বাঁধ ভেঙে গেল। এই সম্পর্কে আপনার দপ্তরের বক্তব্য কি?

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** দুটি বিষয় আছে। একটা গঙ্গার ভাঙনের বিরুদ্ধে প্রতিরোধের কিছু ব্যবস্থা এবং বন্যার জল মালদা শহরে এবং গ্রামে যাতে না ঢোকে তারজন্য বাঁধ করা এই দুটি পরিকল্পনা আমাদের আছে। আমরা ১৯৯৫ সালে একটা পঞ্চম রিটায়ার্ড বাঁধ করেছিলাম গঙ্গা যার থেকে ৮০০ মিটার দূরে। দেখা গেল, বছরেই সেই ৮০০ মিটার ভেঙে যার থেকে রিটায়ার্ড বাঁধের দূরত্ব দাঁড়িয়ে গেল ১৫০ মিটার। যখন আমরা বুঝলাম এই বাঁধ রাখা সম্ভব হবে না তখন আমরা ষষ্ঠ রিটায়ার্ড বাঁধ তৈরি করার পরিকল্পনা তৈরি করি। কিন্তু আপনি জানেন, জমি অধিগ্রহণ আইন আগে যেটা ছিল, রিক্যুইজিশন করার পরেই দপ্তর কাজ করতে পারতো। কিন্তু ভারত সরকারের ১৯৮৪ সালের অ্যাক্টে যেটা বলা আছে সেটা হচ্ছে, জমির ক্ষতিপূরণ না দিয়ে কারো কাছ থেকে জমি নেওয়া যাবে না। সেই অ্যাক্ট অনুসারে কাজ করতে গিয়ে জমি পেতে দেরি হয়েছে। যারফলে বাঁধ করতে পারিনি। যখন এই দূরত্বটা এগিয়ে আসছে তখন আমরা প্রতিরোধ করার চেষ্টা করেছিলাম, কিন্তু দূর্ভাগ্যবশত রক্ষা করা যায়নি। এ বছর ষষ্ঠ রিটায়ার্ড বাঁধ তৈরির জন্য জমি অধিগ্রহণের জন্য ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনের কাছে খুব সম্প্রতি প্রোপোজাল পাঠিয়ে দিয়েছি এবং তারা আন্তরিকতার সঙ্গে যাতে করে জমি পাওয়া যায় তার চেষ্টা করছেন। সেই জমি পেলে আশা করছি ষষ্ঠ রিটায়ার্ড বাঁধ করতে পারব। অপর দিকে ভাঙন রোধের যে পরিকল্পনা আছে সেই অনুযায়ী টেন্থ ফিনান্স কমিশন-তাদের যে এক্সপার্ট কমিটি এসেছিলেন তাদের রেকমেনডেশন অনুযায়ী যে ধরনের কাজ তারা করতে বলেছিলেন সেই ধরনের কাজের দিকে আমরা অগ্রসর হচ্ছি। শুধু তাই নয়, যে গৌড় বাঁধ ভেঙে মালদহে বন্যা হয়েছিল সেটাও মেরামত করার কাজের পরিকল্পনা নিয়েছি।

## STARRED QUESTIONS
## (to which answers laid on the table)

## 4TH PAY COMMISSION

*47. (Admitted Question No.*47) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether the State Government has implemented the recommendations of the 4th Pay Commission for State Government employees;

(b) if so, from which date; and

(c) the total additional annual burden in the exchequer ?

**Minister-in-charge of Finance Deptt.**

(a) The Govt. has published the West Bengal (Revision of pay & Allowances) Rules, 1998 under F.D.Notification no.7306-F dated 16-10-98.

The benefit of revised pay scales has been allowed to the Government employees. As the pay Commission's Report includes the Non-Govt. employees also who are covered under Resolution no.11832-F dt. 27-11-95, Finance Deptt. has requested all other Departments in memo no.7485-F dt.28-10-98 to finalise pay Rules for the Non-Govt. employees under each Department after observing due procedures.

(b) The revised scales have come into force from 1-1-96.

Pay has been fixed in the revised scale from 1-1-96 to 31-3-97 nationally and payment has been made from 1-4-97.

(c) The additional annual burden will be approximately Rs.2000 crore

**ইছামতী, যমুনা ও বিদ্যাধরী নদীর সংস্কার**

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৩) **শ্রী নীরোদ রায়চৌধুরী** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ মহকুমার ইছামতি, যমুনা ও বিদ্যাধরী নদীর সংস্কার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

১) ইছামতী নদী সংস্কারের জন্য দুটি স্বল্পমেয়াদি এবং একটি দীর্ঘমেয়াদি প্রকল্প রাজ্য সরকারের বিবেচনার মধ্যে আছে।

২) যমুনা বেসিন জলনিকাশি প্রকল্পের কাজ বর্তমানে চালু অবস্থায় আছে।

৩) বিদ্যাধরি নদী (নোনাগাঙ)-র সংস্কারের লক্ষ্যে একটি দীর্ঘমেয়াদি প্রকল্প রচনা করা হয়েছে।

(খ) প্রকল্পগুলি প্রণয়নের এবং প্রয়োজনীয় কারিগরি ছাড়পত্র ও প্রশাসনিক অনুমোদন লাভের বিভিন্ন স্তরে আছে। প্রকল্পভিত্তিক অবস্থা নিম্নরূপ ঃ

**ইছামতী নদী**

ইছামতী নদীর অববাহিকায় তীব্র নিকাশি সমস্যার সম্ভাব্য স্থায়ী সমাধানের উপায় নির্দ্ধারণ করার জন্য প্রাথমিক সমীক্ষার কাজ চলছে। অন্তর্বর্তী সময়ে সমস্যার তীব্রতা কিছুটা লাঘব করার জন্য দুটি স্বল্পমেয়াদি পরিকল্পনা হাতে নেওয়া হচ্ছে।

**স্বল্পমেয়াদি পরিকল্পনা**

১) ইছামতী নদীর উৎস মুখে মাজদিয়ায় ৩০৭ মিটার দৈর্ঘ্যে নদীটি সংস্কার করার জন্য আনুমানিক ২৪.৩৮ লক্ষ টাকা ব্যয়বিশিষ্ট একটি প্রকল্প রচিত হয়েছে।

প্রকল্পটি বর্তমানে পশ্চিমবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ পর্ষদের কারিগরি কমিটির অনুমোদনের অপেক্ষায় আছে।

আশা করা যায় যে আগামী বর্ষা (জুন, ১৯৯৯)-র আগেই প্রকল্পটির কাজ শুরু করা যাবে।

২) বনগাঁ শহরকে বন্যার হাত থেকে রক্ষা করা এবং শহর এলাকার নিকাশি সমস্যার সমাধানে প্রয়োজনীয় প্রকল্প রচনার কাজ হাতে নেওয়া হয়েছে। বর্তমানে জরীপের কাজ শুরু করা হয়েছে।

আশা করা যায় যে আগামী বর্ষার পরের কাজের মরশুমে কাজ শুরু করা সম্ভব হবে।

**দীর্ঘমেয়াদি পরিকল্পনা**

গত বছরে মাজদিয়া থেকে বনগাঁ পর্যন্ত জরিপের কাজ করা হয়েছে। এবছর বনগাঁ থেকে বসিরহাট পর্যন্ত জরিপ করার পরিকল্পনা আছে। জরিপ শেষ হলে প্রকল্প রচনার কাজ হাতে নেওয়া হবে।

**যমুনা নদী**

যমুনা বেসিন জল নিকাশি প্রকল্পটির আনুমানিক ব্যয় ৯২৮ লক্ষ টাকা। ১৯৯৮ সালের অক্টোবর মাস পর্যন্ত এই প্রকল্পে ৬৯৫ লক্ষ টাকা ব্যয়িত হয়েছে। প্রকল্পের কাজ শেষ করতে আরও ৫ বছর সময় লাগবে।

**বিদ্যাধরি নদী**

বিদ্যাধরি নদী (নোনাগাঙ)-র সংস্কারের লক্ষ্যে প্রণীত প্রকল্পটির আনুমানিক ব্যয় ৫ কোটি টাকা। প্রকল্পটি বর্তমানে কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রকের অধীনস্থ পাটনার জি.এফ.সি.সি.-র পরীক্ষাধীন অবস্থায় আছে।

**মহাবিদ্যালয়ে কেন্দ্রীয় হারে আর্থিক সুবিধা**

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৮) **শ্রী নির্মল দাস ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের মহাবিদ্যালয়/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষাকর্মীদের কেন্দ্রীয় সরকারের ঘোষণা অনুযায়ী আর্থিক সুবিধা প্রদান কত দিনের মধ্যে শুরু হবে; এবং

(খ) কেন্দ্রীয় সরকারের কর্মীদের চাকুরির বয়সসীমা ২ বছর বৃদ্ধির অনুরূপ মহাবিদ্যালয়/বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চাকুরির বয়ঃসীমা ২ বছর বৃদ্ধির সুযোগ কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কেন্দ্রীয় সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের আদেশনামা প্রকাশিত হলে এই বিষয়ে সত্বর পদক্ষেপ দেওয়া হবে।

(খ) বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

**মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীতকরণ**

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, রাজ্যের মাধ্যমিক স্তরের স্কুলকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার মাধ্যমে রাজ্যে আগামী শিক্ষাবর্ষ থেকে কলেজগুলিতে উচ্চমাধ্যমিক পড়ানো বন্ধ করা হচ্ছে; এবং

(খ) বর্তমানে রাজ্যে উচ্চমাধ্যমিক স্কুলের মোট সংখ্যা কত?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের সকল মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিকে উন্নীত করার কোনও পরিকল্পনা নেই। কলেজগুলি হতে উচ্চ মাধ্যমিক পাঠক্রম বন্ধ করে দেওয়া হবে কি না তা সংশ্লিষ্ট বিভাগ বলতে পারবে। এই বিভাগের পক্ষ থেকে এ বিষয়ে কিছু বলা সম্ভব নয়।

(খ) ১,৬৯৮।

**মুর্শিদাবাদে পর্যটনকেন্দ্র**

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫২) **শ্রী ঈদ মহম্মদ ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদে প্রস্তাবিত পর্যটনকেন্দ্র স্থাপনের বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

মুর্শিদাবাদে পর্যটন কেন্দ্র স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকার অর্থ মঞ্জুর করেছে। জমি অধিগ্রহণের জন্য বিচার বিভাগকে পর্যটন দপ্তর অর্থ মঞ্জুর করেছে। প্রাথমিকভাবে যে স্থানে পর্যটক আবাস নির্মাণের কাজ শুরু হয়েছিল সেই স্থানে প্রত্নতত্ত্ব বিভাগ আইনগত আপত্তি জানায়। বিষয়টির সমাধানের জন্য সমস্তপ্রকার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। হাজারদুয়ারি প্রাসাদ থেকে ৩০০ মিটার দূরবর্তী বিকল্পস্থানে পর্যটন কেন্দ্র নির্মাণের জন্য বিচারবিভাগের সাথে যোগাযোগ করা হয়েছে। শীঘ্রই প্রকল্পের কাজ শুরু হবে আশা করা হচ্ছে।

**দূষণের দায়ে ধর্মস্থান**

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮) **শ্রী অশোক দেব ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দূষণ, নিয়ন্ত্রণ পর্ষদ এবং কলকাতা ও রাজ্য পুলিশের বিধি লঙ্ঘনের দায়ে এ পর্যন্ত মন্দির, মসজিদ, গির্জা বা অন্যান্য ধর্মস্থানের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, তার সংখ্যা কত (আলাদাভাবে); এবং

(গ) উক্ত বিষয়ে কী ব্যবস্থা নেওয়া হয়েছে (আলাদাভাবে)?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) দুটো মন্দির ও একটি মসজিদ।

(গ) মাননীয় কলিকাতা হাইকোর্টের মারফত পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের রিপোর্ট অনুসারে জরিমানা ধার্য্য করা হয়েছে।

**উচ্চশিক্ষায় ভর্তির ক্ষেত্রে সংরক্ষণ**

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৪) **শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, উচ্চশিক্ষার ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তির জন্য তপসিলি জাতির ক্ষেত্রে ২২ শতাংশ, তপসিলি উপজাতির ক্ষেত্রে ৬ শতাংশ আসন সংরক্ষণের জন্য বিদ্যালয়/মহাবিদ্যালয়গুলিকে নির্দেশ দেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, সর্বত্র এই নির্দেশ পালন করা হচ্ছে কি?

**অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সাধারণত পালিত হচ্ছে।

## পানিহাটি মহাবিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০০) **শ্রী নির্মল ঘোষ ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি---

(ক) পানিহাটি মহাবিদ্যালয়ের স্নাতক স্তরে বিজ্ঞান বিভাগ চালু করার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ বিভাগটি চালু হবে বলে আশা করা যায়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) একত্রে যথাসময়ে বিষয়টি খতিয়ে দেখা হবে।

## পুরুলিয়া জেলায় সেচপ্রকল্প

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৭) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৫ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত পুরুলিয়া জেলার বিভিন্ন সেচপ্রকল্প কি পরিমাণ অর্থ ব্যয়িত হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৫ থেকে ১৯৯৮ পর্যন্ত তিনটি আর্থিক বছরে (১৯৯৫-৯৬, ১৯৯৬-৯৭ এবং ১৯৯৭-৯৮) পুরুলিয়া জেলার বিভিন্ন সেচ প্রকল্পে মোট ১৮ কোটি ৬৪ লক্ষ টাকা ব্যয়িত হয়।

এর মধ্যে ১৬ কোটি ২০ লক্ষ টাকা ব্যয়িত হয় রাজ্যের পরিকল্পনা খাত থেকে এবং বাকি ২ কোটি ৪৪ লক্ষ টাকা ব্যয়িত হয় পরিকল্পনা বহির্ভূত খাত থেকে ১৮টি নির্মিত সেচ প্রকল্পের রক্ষণাবেক্ষণ বাবদ।

### প্রাথমিক শিক্ষক নিয়োগে অগ্রগতি

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩১১) **শ্রী শ্যামাদাস ব্যানার্জী** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে সরকার কতদূর অগ্রসর হয়েছে; এবং

(খ) কবে নাগাদ শিক্ষক নিয়োগের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ

(ক) যেহেতু প্রাথমিক শিক্ষকদের নিয়োগ কর্তা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ- এবং নিয়মিত ভাবে তারাই শিক্ষক নিয়োগ করে থাকেন - সেজন্য জেলাস্তরে এই নিয়োগ পদ্ধতি অনুযায়ী ব্যবস্থা গৃহীত হচ্ছে।

(খ) শিক্ষক নিয়োগের কাজ ধারাবাহিকভাবে চলছে।

*Question No. 60 Held over.

### দূষণ প্রতিরোধে পদক্ষেপ

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮১) **শ্রী সঞ্জয় বক্সী** ঃ পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ সালে কলকাতায় দূষণ প্রতিরোধে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল;

(খ) কলকাতাকে ঘিরে থাকা 'মারাঠা ডিচ' খাল কি দূষিত; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত খালকে দূষণমুক্ত রাখার জন্য কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ সালে কলকাতা দূষণ প্রতিরোধকল্পে "ক্যালকাটা এনভায়রণমেন্টাল ম্যানেজমেন্ট কমিটি" নামে একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। পরিবেশের রক্ষণাবেক্ষণ, কলকাতার ধারণ ক্ষমতার এবং দূষণ ভারের পরিমাপন, দূষণ দূরীকরণ এবং প্রাকৃতিক সম্পদের সুরক্ষণ প্রভৃতি দেখাশোনার ভার নিয়েছে এই কমিটি। এই কমিটিকে সাহায্য করার জন্য একটি "কোর" কমিটিও গঠন করা হয়েছে। এই "কোর" কমিটি কলকাতার দূষণভার, দূষণ নিয়ন্ত্রণ পদ্ধতি, প্রাকৃতিক সম্পদের রক্ষণাবেক্ষণ এবং পরিবেশ সুরক্ষণের কাজ দেখাশোনা করবে এবং ওই উচ্চ পর্যায়ের কমিটির কাছে দায়ী থাকবে।

এই কোর কমিটি কলকাতার পরিবেশ উন্নয়নের ব্যাপারে কি কি পদক্ষেপ নেওয়া যেতে পারে তার প্রাথমিক তালিকা তৈরি করেছে এবং কিছু পদক্ষেপ গ্রহণ করা শুরু হয়েছে।

(খ) 'মারাঠা ডিচ' মাটি ভরাট করে সার্কুলার রোডে পরিণত করা হয়েছে। সুতরাং, মারাঠা ডিচের পূর্ণ অস্তিত্ব বর্তমানে আর নেই। গঙ্গার চিৎপুর লকগেট থেকে যে খালটি বেলেঘাটার মধ্য দিয়ে ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসের তলা দিয়ে বিধাননগরের মধ্যে ইস্টার্ন চ্যানেল হয়ে কেষ্টপুর খালের সঙ্গে যুক্ত হয়েছে, তার নাম বেলেঘাটা সার্কুলার ক্যানাল। এই খালটিতে পলি পড়ে বর্তমানে এর ধারণক্ষমতা অনেক কমে এসেছে। ফলে অন্যান্য খালগুলির মতো বেলেঘাটা সার্কুলার ক্যানালও সংস্কারহীন অবস্থায় রয়েছে। খালের দুধারে এবং ঢালে ঝুপড়ি করে জনবসতি গড়ে উঠেছে।

(গ) বর্তমানে প্ল্যানিং বোর্ডের উপদেষ্টা শ্রী সি.ডি. শেষাদ্রির নেতৃত্বে একটি কমিটি গঠিত হয়েছে। এই কমিটির রিপোর্ট শীঘ্রই হাতে পাওয়া যাবে এবং কমিটির সুপারিশ হাতে পেলে সরকার পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন।

## NO. OF NEW RECOGNISED COLLEGES

*62. (Admitted Question No.*509) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Higher Education Department be pleased to state—

(a) how many new Colleges have been recognised by the Education Department in the State during 1997-98 (till February, 1998); and

(b) the total number of students in such Colleges ?

**The Minister-in-charge of the Higher Education Deptt.**

(a) Three colleges have been established in 1997-98.

(b) The total number of students admitted in these three colleges in 652.

## মুর্শিদাবাদ জেলায় বন্যা প্রতিরোধ ব্যবস্থা

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩২) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বন্যা প্রতিরোধে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে;

(খ) উক্ত খাতে ১৯৯৭-৯৮ সালে এবং ১৯৯৮-৯৯ সালের ৩১শে অক্টোবর পর্যন্ত কি পরিমাণ অর্থ ব্যয় হয়েছে; এবং

(গ) তন্মধ্যে কেন্দ্রীয় সরকারের সাহায্যের পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলায় বন্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজগুলি সেচ ও জলপথ দপ্তরের অধীনস্থ বহরমপুর ইরিগেশন ডিভিসন এবং গঙ্গা অ্যান্টি ইরোশন ডিভিসনের মাধ্যমে করা হয়। প্রথমোক্ত ডিভিসনটি গঙ্গা-পদ্মা নদী বাদে

জেলার অন্যান্য নদীগুলি (যেমন ভাগীরথী, ভৈরব, জলঙ্গি, ময়ূরাক্ষী, কুয়ে, বাবলা, দ্বারকা, ব্রাহ্মণী, বেলে ইত্যাদি)-র উপর বন্যা প্রতিরোধী কাজগুলি করে এবং দ্বিতীয়োক্ত ডিভিসনটি শুধুমাত্র গঙ্গা-পদ্মা নদীর উপর ভাঙ্গন নিরোধক কাজগুলি করে।

গত বর্ষার আগে মুর্শিদাবাদ জেলায় বন্যা প্রতিরোধে নিম্নলিখিত কাজগুলি করা হয়েছে ঃ

| ক্রমিক নং | থানা | নদীবাঁধ | কাজের আনুমানিক দৈর্ঘ্য |
|---|---|---|---|
| ১ | নবগ্রাম | তিতিডাঙ্গা জুরনকান্দি বাঁধ | ২ কি.মি. |
| ২ | খড়গ্রাম | কান্দি ইন্দ্রডাঙ্গা পাড়া বাঁধ | ৩.৫ কি.মি. |
| ৩ | ” | ব্রাহ্মনী নদীর দক্ষিণ তীরের বাঁধ | ৫০০ মিটার |
| ৪ | কান্দি | লেহেলাই ঠাকুরানিচক্ বাঁধ | ১.৫ কি.মি. |
| ৫ | ” | পূর্বতন জমিদারী বাঁধ | ৩০০ মিটার |
| ৬ | ” | চুয়াতোর নদীর রাজারাম-পুর-মন্ডলপুর বাঁধ | ২৫০ মিটার |
| ৭ | ” | কান্দি গাঙ্গেড়্ডা বাঁধ | ৩৫০ মিটার |
| ৮ | ” | গোবরহাটি কুটিরপাহাড় বাঁধ | ৮০০ মিটার |
| ৯ | ভরতপুর | ইব্রাহিমপুর জারুনি বাঁধ | ২০০ মিটার |
| ১০ | ” | চৈতপুর সুন্দরপুর বাঁধ | ১২০ মিটার |
| ১১ | ” | পানুটি মন্ডলপুর বাঁধ | ১ কি.মি. |
| ১২ | ” | চাঁদপুরকল্লা বাঁধ | ১০০ মিটার |
| ১৩ | বড়োএগ্র | মালিয়ান্দি বিল-পাঁচযুপি বাঁধ | ২০০ মিটার |

| ক্রমিক নং | থানা | নদীবাঁধ | কাজের আনুমানিক দৈর্ঘ্য |
|---|---|---|---|
| ১৪ | রেজিনগর | মিএগ্রা বাঁধ | ৫০ মিটার |
| ১৫ | বহরমপুর | নাটাতলা চৌড়িগাছা বাঁধ | ২০০ মিটার |
| ১৬ | লালগোলা | গঙ্গা-ভাগীরথি বাঁধ | ১ কি.মি. |
| ১৭ | ডোমকল, দৌলতপুর, রানিনগর, ভগবানগোলা, ইসলামপুর | ভৈরবনদীর পাড়ে | ৩ কি.মি. |
| ১৮ | বহরমপুর, রেজিনগর, রঘুনাথগঞ্জ, লালবাগ | ভাগিরথী নদীর পাড়ে | ২.৫ কি.মি. |
| ১৯ | ভগবানগোলা | গোবড়ানালা খালের পাড়ে | ৩০০ মিটার |

এছাড়াও বর্ষার আগে অগ্রিম আহ্বান করা দরপত্রের মাধ্যমে বর্ষার সময়ে বিভিন্ন বাঁধে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণমূলক কাজ করা হয়েছে।

**ভাঙ্গন নিরোধক কাজ**

গঙ্গা-পদ্মা নদীর ভাঙ্গনরোধে মুর্শিদাবাদ জেলায় যে কাজগুলি গত বর্ষার আগে হাতে নেওয়া হয়েছিল এবং বর্তমানে চালু অবস্থায় রয়েছে সেগুলি হল ঃ

| ক্রমিক নং | থানা | নদীবাঁধ | কাজের আনুমানিক দৈর্ঘ্য |
|---|---|---|---|
| ১ | ফরাক্কা | পরাণপুর মৌজার মহেশপুর মুশকীনগর অঞ্চল | ৬০০ মিটার |
| ২ | সুতী | ইমামবাজার | |

| ক্রমিক নং | থানা | নদীবাঁধ | কাজের আনুমানিক দৈর্ঘ্য |
|---|---|---|---|
| ৩ | সামশেরগঞ্জ | --- | ১৫নং স্পারের পুনর্নবীকরণ |
| ৪ | সামশেরগঞ্জ | ধুলিয়ানপুর অঞ্চলে বাগমারি নদীর মোহনায় | ২৫০ মিটার |
| ৫ | সামশেরগঞ্জ | ধুলিয়ানপুর পুর অঞ্চলে ২নং স্পারের উজানে | ক্ষতিগ্রস্থ কাজের পুনর্নবীকরণ। |
| ৬ | লালগোলা | বয়ড়া মৌজায় | ১৯৯৬-৯৭ সালে করা সম্পূর্ণ কাজের মেরামতি। |
| ৭ | ” | বয়ড়া স্লুইসের উজানে চিন্তামনি গ্রামে | ২০০ মিটার |
| ৮ | ” | বয়ড়া মৌজার বি.এস.এফ-ক্যাম্পের ভাটিতে | ১৯৯৬-৯৭ সালে সম্পূর্ণ করা ক্ষতিগ্রস্থ ১১৫ মিটার দৈর্ঘ্যের কাজের মেরামতি। |
| ৯ | ” | বিলবোর-চৌপড়া অঞ্চলের ভাটিতে | ক্ষতিগ্রস্থ কাজের পুনর্নবীকরণ। |
| ১০ | রানিনগর | শিবনগর মৌজায় নলবোনা গ্রামে | ৬০০ মিটার |
| ১১ | জলঙ্গী | বিশ্বাস পাড়ায় | ৩৫০ মিটার |

(ক) **১৯৯৭-৯৮ আর্থিক বৎসর**

<u>পরিকল্পনা খাতে</u>

| ডিভিসন | কাজের জন্য খরচ |
|---|---|
| বি.আই.ডিভিসন | |

জি.এ্যা-ই. ডিভিসন - **১৯৫.২১ লক্ষ টাকা**

**<u>পরিকল্পনা বহির্ভূত খাতে</u>**

বি.আই.ডিভিসন - **৮৮.৮৪ লক্ষ টাকা**
জি.এ্যা-ই. ডিভিসন -

**১৯৯৮-৯৯ আর্থিক বৎসর**
**<u>(৩১.১০.৯৮ পর্যন্ত)</u>**

**<u>পরিকল্পনা খাতে</u>**

| <u>ডিভিসন</u> | <u>কাজের জন্য খরচ</u> |
| --- | --- |
| বি.আই.ডিভিসন - | ৫৩.৩৭ লক্ষ টাকা |
| জি.এ্যা-ই. ডিভিসন - | |
| | -------------------- |

পরিকল্পনা বহির্ভূত খাতে

বি.আই.ডিভিসন - <u>১০২.১৬ লক্ষ টাকা</u>
জি.এ্যা-ই ডিভিসন -

দশম অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী মুর্শিদাবাদ ও মালদা জেলায় গঙ্গা-পদ্মা নদীর ভাঙ্গনজনিত সমস্যার মোকাবিলায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ ঃ

১৯৯৭-৯৮ - পাঁচ কোটি পঁচিশ লক্ষ টাকা (এর মধ্যে মুর্শিদাবাদ জেলার জন্য রাজ্য সরকার কর্তৃক স্থিরীকৃত অর্থের পরিমাণ ৩ কোটি ২৫ লক্ষ টাকা)

১৯৯৮-৯৯ - ৫ কোটি ৫০ লক্ষ টাকা। (এর মধ্যে মুর্শিদাবাদ জেলার জন্য রাজ্য সরকার কর্তৃক স্থিরীকৃত অর্থের পরিমাণ ৩ কোটি ৪০ লক্ষ টাকা)

মুর্শিদাবাদ ও মালদা জেলায় গঙ্গা-পদ্মা নদীর ভাঙ্গন জনিত সমস্যার মোকাবিলায় যোজনা কমিশন বর্তমান আর্থিক বছরে (১৯৯৮-৯৯) ৩০ কোটি টাকা অর্থ সাহায্য পশ্চিমবঙ্গকে দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের

কাছে সুপারিশ করেছেন। এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকার এ বাবদ দুটি কিস্তিতে মোট ১০ কোটি টাকার অর্থ সাহায্য মঞ্জুর করেছেন। এরমধ্যে ৭ কোটি টাকা ঋণ হিসাবে এবং ৩ কোটি টাকা অনুদান হিসাবে।

এই মঞ্জুরিকৃত ১০ কোটি টাকার কেন্দ্রীয় অর্থ সাহায্যের মধ্যে মুর্শিদাবাদ জেলার জন্য প্রস্তাবিত বরাদ্দের পরিমাণ ৬ কোটি ৬৭ লক্ষ টাকা।

## FLOODS IN MALDA

*64. (Admitted Question No.*46) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Irrigation & Waterways Department be pleased to state—

(a) the reasons for large-scale floods in Malda district this year; and

(b) whether any specific faliure of the Irrigation and Waterways Department was responsible for the same ?

**Will the Minister-in-charge of the Irrigation & Waterways Department :**

(a) The Ganga Basin faced an unprecedented flood this year affecting 8 districts of West Bengal and a large number of districts in the upper States of Uttar Pradesh (more than 50) and Bihar (more than 25). Neighbouring Country of Bangladesh was also ravaged by the flood of the Ganga/ Brahmaputra whereby almost 2/3rd of its geographical area remained inundated for about two months.

The flood discharge of Ganga reached a record high of 26,80,000 cusecs on 7th Sept.'98 and the same passed down Farakka Barrage. Considerable flood spill entered Malda district through the breach on the 5th Retired

Embankment on the left bank of the river at P.S. Manikchak and Kaliachak. The water level of the Ganga reached 26.565M, which is the highest so far in post-barrage situation and had exceeded the levels of 1971 when the district of Malda was equally ravaged by flood of the Ganga.

The flood in Malda was primarily caused by breaching of the 5th Retired Embankment by erosion at Gopalpur in P.S. Manikchak, 25 km. upstream of Farakka Barrage, on 22.6.98. The flood spill gradually spread with continued rise of the water level of Ganga, thereafter over-topped Malda-Manikchak road on 25-26th August, 1998 and entered Malda town through the gap between the broad gauge line and the Left Afflux Bundh of Farakka Barrage.

As per opinion of Experts, the flood of Malda can not be prevented by more construction of flood embankments which failed by erosion one after the other. The long term solution lies in deflecting the flow of Ganga which has been hugging the left bank for a long time now. The issue of deflecting the flow of the river by construction of two long spurs was recommended by the two Committees of Experts, which studied the problem in great depths. The responsibility of the construction of long spurs lies with the Farakka Barrage project Authority under Govt. of India and, unfortunately for the State Govt., the Govt. of India could not be activated to take steps for defecting the flow of the Ganga midstream which is essential not only to reduce erosive pressure on the left bank but also for appropriate functioning of the Farakka Barrage. Skewed

flow of the river through the barrage on account of cor tinued swing of the, river towards the left on the u[ stream has resulted in complete choking of a number ( left hand bays of the barrage.

The rivers Mahananda and Fulahar which outfall in th Ganga were also in spate due to very heavy precipetatio in upper catchment areas of these rivers and their inabil ity to drain into the Ganga which had been rulling hig since later part of July, 1998. The Fulahar reached highes recorded level and stayed at the high flood stage for prolonged period of 26 days causing breaches at tw points. One of the two breaches was, however, inflicte by the local inhabitants. The Tangon, which also carrie a considerable flood discharge from Bangladesh, floode its catchment area inundating a part of the National High way-34, after being unable to discharge into the Gang because of its high level. The Mahananda also reached a extremely high stage and continued to be there for prolonged period of more than 20 days causing extrem drainage congestion in the Malda town which receive flood spill of the Ganga through the gap in the Left Afflu Bundh of Farakka Barrage. It spilled its banks beyond the Town Protective Embankment and inundated low lying areas of Malda Town.

It has been reported that there have been some peculiari- ties in the monsoon of this year. The monsoon trough which alternates between the Sub-Himalayan West Bengal and Gangetic West Bengal shifted further north this year and remained stationary there for the major part of the

monsoon period, causing heavy and continued rains in the Himalayas and creating near draught situation in several southern districts.

The flood in the Ganga Basin in 1998 - more appropriately in the Ganga-Bramhaputra-Meghna Basin will be remembered for another feature which is the coincidence of floods of the Ganga and the Bramhaputra in Bangladesh exceeding by far the drainage capacity of the Meghna, the combined outfall artery of these two major rivers of Indian Subcontinent. This feature is, however, an outcome of the change in monsoon pattern as discussed in the preceding para. The drainage congestion in Bangladesh caused severe afflux in the water levels of the Ganga-Padma both upstream and downstream of the barrage, something unprecedented so far.

It was necessary to construct the 6th Retired Embankment as the river came very close (within 60M) to the 5th Retired Embankment at a place called Gopalpur in P.S. Manikchak. The land which was required for construction of the 6th Retired Embankment was to be processed through L.A.Act, 1894 which requires about 18 months to complete the formalities. But since the Retired Embankment is to be completed within a period of 4 to 5 months, such construction cannot materialise unless land owners of the land voluntarily part with their land for the construction.

The construction of the 5th Retired Embankment was possible within the short period as people voluntarily parted with their lands. In 1998, however, the situation was dif-

ferent because of two elections which took place in the month of January and April'98. The machinery which could have been mobilised for motivating the people to part with their land pending formal acquisition, was busy in conducting the elections.

(b) When the embankment was partly eroded, an all-out attempt was taken to close the breach by a ring bundh of a smaller length. This, however, could not be followed up because of continued rise of the water level in the Ganga during July - August, 1998.

- No -

## ভ্যালু অ্যাডেড ট্যাক্স

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, রাজ্যে কয়েকটি নির্বাচিত সামগ্রীর ক্ষেত্রে ভ্যালু অ্যাডেড ট্যাক্স ব্যবস্থা চালু করা হয়েছে;

(খ) সত্যি হলে, কোন আর্থিক বছর থেকে উক্ত ট্যাক্স ব্যবস্থা চালু করা হয়েছে; এবং

(গ) ৩১শে অক্টোবর, ১৯৯৮ ট্যাক্স বাবদ সংগৃহীত অর্থের পরিমাণ কত?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, তবে প্রয়োগ স্থগিত রাখা হয়েছে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

## কে.জি. স্কুল নির্মাণে সরকারি নিয়ন্ত্রণ

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮) **শ্রী কমল মুখার্জী ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন এলাকায় কে.জি. স্কুল তৈরির ব্যাপারে সরকারের কোনও নিয়ন্ত্রণ আছে কি; এবং

(খ) ঐ ধরনের স্কুলগুলিতে যেসব পাঠ্যপুস্তক পড়ানো হয়, সেগুলি সরকারীভাবে অনুমোদিত কি?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের অনুমোদিত পাঠ্য পুস্তক শুধু সরকারী এবং সরকারী সাহায্যপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ে পড়ানো হয়। উল্লিখিত কে,জি, স্কুলগুলির পাঠ্যপুস্তক সম্পর্কে আমাদের কাছে কোনও বিশদ তথ্য নেই; কাজেই সে বিষয়ে কিছু বলা যাচ্ছে না।

## গঙ্গা নদীর নাব্যতা বৃদ্ধি

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৫) **শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গঙ্গা নদীর নাব্যতা বৃদ্ধি করার জন্য কি কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না। এইরূপ কোনও পরিকল্পনা এখনও পর্যন্ত সেচ ও জলপথ বিভাগ কর্তৃক গৃহীত হয়নি।

## পবিত্র সরকার কমিশনের রিপোর্ট

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পবিত্র সরকার কমিশনের রিপোর্ট প্রকাশে কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ এই রিপোর্ট প্রকাশ করা হবে বলে আশা করা যায়?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ আছে।

(খ) শীঘ্রই প্রকাশ করা হবে।

### রবীন্দ্র রচনাবলী

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৮) **শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) ঃ** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের ব্যবস্থাপনায় রবীন্দ্র রচনাবলী মোট কতগুলি খন্ডে প্রকাশিত হবে;

(খ) তারমধ্যে, (১) কতগুলি খন্ড প্রকাশিত হয়েছে; এবং (২) বাকি খন্ড বা খন্ডগুলি কত দিনে প্রকাশ করা সম্ভবপর হবে?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ষোলটি খন্ডে প্রকাশিত হবে।

(খ) (১) পনেরটি খন্ড এ পর্যন্ত প্রকাশিত হয়েছে;

(২) বাকি খন্ডটির প্রকাশনার কাজ চলছে এবং যথাশীঘ্র সম্ভব প্রকাশিত হবে।

### পঞ্চায়েতের পরিচালনায় স্কুল

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৪) **শ্রী অশোক দেব ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের পঞ্চায়েত সমিতি ও পুরসভার তত্ত্বাবধানে কিছু প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করার প্রস্তাব বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) রাজ্যে ৩১-১০-১৯৯৮ পর্যন্ত এ ধরনের কতগুলি বিদ্যালয় চালু হয়েছে?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এরূপ কোনও প্রস্তাব এই বিভাগের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**পুরুলিয়া জেলায় অসম্পূর্ণ সেচ প্রকল্প**

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৮) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কতগুলি সেচ প্রকল্প অ-সম্পূর্ণ অবস্থায় আছে; এবং

(খ) উক্ত প্রকল্পগুলির কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরুলিয়া জেলায় সেচ ও জলপথ বিভাগের মোট ১৪টি সেচ প্রকল্প অসম্পূর্ণ অবস্থায় আছে।

(খ) অসম্পূর্ণ ১৪টি প্রকল্পের মধ্যে ১১টির কাজ আগামী ২০০০ সালের মার্চ মাসের মধ্যে এবং বাকি ৩টির কাজ ২০০১ সালের মার্চ মাসের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

**বাগজোলা, নোয়াই খাল সংস্কার**

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৬) **শ্রী নির্মল ঘোষ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, বাগজোলা, খরদহ, নোয়াই-সোনাই খালসহ জল নিষ্কাশনী প্রকল্পটির প্রথম পর্যায়ের কাজ শুরু হয়েছে;

(খ) সত্যি হলে, প্রথম পর্যায়ে প্রকল্পটির জন্য ৩১-১০-১৯৯৮ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে; এবং

(গ) দ্বিতীয় পর্যায়ের কাজ কবে নাগাদ শুরু হবে, এবং বরাদ্দ টাকার পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। নোয়াই খাল ছাড়া বাগজোলা, খড়দহ খাল ও সোনাই খালের পলি অপসারণের কাজ চলছে।

(খ) বাগজোলা খাল

(১) আপার বাগজোলা খাল - ১০৮.৬৬ লক্ষ টাকা।

(২) লোয়ার বাগজোলা খাল - ১৩৭.০০ লক্ষ টাকা।

খড়দহ খাল ও অ্যান্টিম্যালেরিয়া খাল

- ২২.৫১ লক্ষ টাকা

(খড়দহ মিউনিসিপ্যালিটির তরফে ব্যয়িত ৩.৪১ লক্ষ টাকা সমেত)

নোয়াই খাল

কোনও খরচ হয়নি (কাজ হয়নি)

সোনাই খাল

এই খালটির জন্য উত্তর দমদম পৌরসভার খরচের হিসাব সেচ বিভাগের কাছে নেই।

আপার বাগজোলা খাল

রাজারহাট টাউনশিপের কথা মাথায় রেখে আপনার বাগজোলা খালের সম্পূর্ণ সংস্কারের জন্য একটি প্রকল্প রচনার কাজ হাতে নেওয়া হয়েছে। অনুমান করা যায় যে প্রকল্পটির ব্যয় দাঁড়াবে ২০০ কোটি টাকার ওপর।

অর্থের যোগান সম্বন্ধে সুনির্দিষ্ট ব্যবস্থা হলে, কাজ শুরু করা যাবে।

<u>লোয়ার বাগজোলা খাল</u>

অবৈধ দখলদারি উচ্ছেদ সাপেক্ষে বাকি অংশের পলি অপসারণের কাজ খুব শীঘ্রই শুরু করা যেতে পারে।

বাকি অংশের কাজের জন্য অর্থ বরাদ্দের পরিমাণ ৬২ লক্ষ টাকা।

<u>খড়দহ খাল ও অ্যান্টিম্যালেরিয়া খাল</u>

খড়দহ খাল (জলমগ্ন অংশ বাদে) ও অ্যান্টিম্যালেরিয়া খালে বাকি কাজের জন্য প্রচেষ্টা করা হচ্ছে এবং কোনও কোনও স্থানে জানুয়ারি, ১৯৯৯-এর মাঝামাঝি সময় কাজ শুরু করা যাবে বলে আশা করা যায়। তবে খালের জলমগ্ন অংশে ফেব্রুয়ারি, ১৯৯৯-এর আগে পরিস্থিতি বিচার করা সম্ভব হবে না। তারপরে ঐ অংশে কাজের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

সর্বমোট প্রকল্পের বরাদ্দের পরিমাণ ৩৯.৮৯ লক্ষ টাকা।

<u>নোয়াই খাল</u>

সংশোধিত প্রকল্পটি বর্তমানে ন্যাবার্ড-এর পরীক্ষাধীন অবস্থায় আছে। প্রকল্পটি ন্যাবার্ড অনুমোদন করলেই কাজ শুরু করা যাবে। কাজ শুরু করার সঠিক সময় এই অবস্থায় বলা যাচ্ছে না।

<u>সোনাই খাল</u>

এই খালটির বিষয়ে সেচ বিভাগের হাতে বর্তমানে কোনও পরিকল্পনা নেই।

**গঙ্গাবক্ষে ভাসমান হোটেল**

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯১) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গঙ্গাবক্ষে ভাসমান হোটেল তৈরি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, গঙ্গাবক্ষের কোন স্থানে উক্ত হোটেল নির্মাণ হবে;

(গ) উক্ত হোটেল নির্মাণের ফলে পরিবেশ দূষণের সম্ভাবনা আছে কি না; এবং

(ঘ) উক্ত হোটেল নির্মাণে কি পরিমাণ অর্থ ব্যয়িত হবে বলে আশা করা যায়?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য সরকারের কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

[12-00 — 12-10 p.m.]

## Adjournment Motion

**Mr. Speaker :** To-day I have received four notices of Adjournment Motion. The first one is from Shri Shyamadas Banerjee on the subject of reported robbery in the residence of Shri Biswadeb Bhattacharjee at Rupnarayanpur near Asansol on 14.12.98. The second one is from Shri Ajoy Dey on the subject of detorioration of law and order situation in the State. The third one is from Shri Kamal Mukherjee on the subject of apart in the incident of robbory in trains and the fourth one is from Shri Sudhin Bhattacharjee, Shri Gopal Krishna Dey, Shri Abul Basar looker, Shri Sultan Ahmed and Shri Sk. Daulat Ali on the subject of illegal prostitution in the road side resorts in the South 24-Parganas.

Yesterday I withheld my consent to an Adjournment Motion on the subject matter of the second Motion. The second Motion in thus out of order and I reject it.

The subject matters of the first, third and fourth Motion relates to day-to-day administration of the Government and do not call for adjournment of the business of the House.

The Members may call attention of the concerned Ministers through Calling Attention, Motion, Question etc.

I, therefore, withhold my consent to all the three Motions.

One Member of the party may, however, read the tont of his Motion as amended.

**শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা তার কাজ আপাতত মূলতুবী রাখছেন। বিষয়টি হল- গত রবিবার ১৩ই ডিসেম্বর, '৯৮, রাত্রি ১১টা ২৫ মিঃ-এ রূপনারায়ণপুরে দৈনিক লিপির চিফ অডিটর এবং ওয়েস্ট বেঙ্গল অব জার্নালিস্ট-এর বর্ধমান-পশ্চিমবঙ্গ শাখার সভাপতি শ্রী বিশ্বদেব ভট্টাচার্য্যের বাড়িতে ১৬/১৭ জন যুবক হানা দিয়ে উক্ত বাড়ির দরজা সিমেন্টের স্ল্যাব দিয়ে যখন ভাংছিল তখন শ্রী ভট্টাচার্য্য শালানপুর থানায় ফোন করেন। ডাকাতেরা প্রায় ১ ঘন্টা ধরে বাড়ির সমস্ত জিনিসপত্র নিয়ে যায়। বাড়ির সকলকে এবং শ্রী ভট্টাচার্য্যের বৃদ্ধ বাবা ও নাবালিকা কন্যাকে পর্যন্ত মারধোর করে। ডাকাতরা ডাকাতি করে চলে যাবার পর পুলিশ শ্রী ভট্টাচার্য্যের বাড়িতে আসে। অবিলম্বে শ্রী ভট্টাচার্য্যের বাড়িতে ডাকাতির সঙ্গে যুক্ত ডাকাতদের গ্রেপ্তার এবং চুরি হওয়া জিনিসপত্র উদ্ধারের দাবি জানাচ্ছি।

## CALLING ATTENTION (NOTICE)

**Mr. Speaker :** Today, I have received four notices of Calling Attention on the following subjects, namely :-

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Reported sale of Philips T.V. Factory to Videocon | : | Shri Saugata Roy |
| ii) | Construction of Truck Terminus at Budge Budge | : | Shri Ashok Kumar Deb |

iii) Stalemate situation at Hindustan Motors at Uttarpara, Hooghly. : Shri Abdul Mannan

iv) Re-Construction of Chandipur Bridge in Malda district. : Shri Ram Prabesh Mondal

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of stalemate situation at Hindustan Motors at Uttarpara, Hoogly.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 21st December.

## CALLING ATTENTION (STATEMENT)

**Mr. Speaker :** Now the Minister-in-charge of Health & Family Welfare Department will make a statement on the subject of outbreak of Malignant Malaria in the areas under Calcutta Municipal Corporation.

(Attention called by Shri Sultan Ahmed on the 10th December, 1998.)

**Shri Partha Dey :** Mr. Speaker Sir, I rise to make a statement in connection with the Calling Attention raised by Shri Sultan Ahmed MLA on the 10th December, 1998 on the subject of outbreak of Malignant Malaria in the areas under Calcutta Municipal Corporations follows.

| Unit | Blood smear Exam. | Total Malaria +ve | P.V. cases | P.f. cases | Malaria Confirmed | Deaths Suspected | S.P.R.% | P.f. % |
|---|---|---|---|---|---|---|---|---|
| C.M.C.Area | 122667 | 37444 | 34629 | 2815 | 34 | 8 | 30.52 | 7.51 |
| Other Zonal areas | 24668 | 544 | 542 | 2 | - | - | 2.20 | 0.36 |
| Total of C.M.U.H.O. Areas | 147335 | 37988 | 35171 | 2817 | 34 | 8 | 32.72 | 7.87 |

In India Plasmodium Vivax is commonest (60-70%) followed by P.falciparum (30-45%). P.falciparum is a tertian variety of malaria & may develop severe & complicated & even may lead to death if the timely treatment is not taken. The uncomplicated p.f. malaria very well recovers on early diagnosis & prompt treatment. Hence all p.f. malaria are not malignant.

This year surveillance or case detection has increased but the percentage of plasmodium falciparum malaria is low to the range between 7.41 to 7.51 which is lower to that of the previous years ranging from 12% to 16%. This year 34 malaria confirmed deaths & 8 suspected malaria deaths have occured upto the month of October 1998. Analysis of the confirmed deaths revealed that the elderly & senior age group ranging from 50 yrs. to 92 yrs. suffered maximum fatality of having 17 deaths i.e. about 50% Younger & middle age group ranging from 20 yrs. to 49 yrs. had about 14 deaths and 5 yrs. to 10 yrs. age group suffered 2 deaths. The elderly & senior persons due to their age & low vitality could not tolerate the infection & in some there were other primary causes and the p.f. infection only became a precipitating or associated factor. In some cases only repeated examinations could reveal the p.f. infection & in some cases it was too late to survive with treatment. The varying manifestations of the p.f. infection strictly fits to it's characteristics as have been found as the cause of death. Not only in Govt. hospitals but also in private nursing homes and hospital like Bellevue clinic, Lansedown nursing home & Peerless hospital, R.K. Mission Seva Pratisthan & Swadesh Basu hospital malaria deaths occured. Even the case of malaria death was detected at home treated by local practitioners. In suspected deaths also elderly & senior persons died 4 in nos. out of total eight deaths and 3 deaths occured in the age group of 20-41 yrs.

and died at the age of 18 yrs. Some cases could not be diagnosed early primarily & said to be died of cerebral malaria numbering 5 (five), some had Diabetic neuropathy & dehydration, low general condition, chronic renal failure. Anopheles stephensi is the principal vector in Calcutta & its main transmission period is from July to December with peaks in October, November & December.

**The following Prime Activities have been undertaken for the control & prevention of malaria in Calcutta.**

1) For early case detection & prompt diagnosis & treatment 60 (sixty) malaria Microscopy centres (Malaria Clinics) including 37 (Thirty seven) of Calcutta Municipal Corporation are functioning. In addition a good nos. of Private Clinical establishments like Pathology Clinics & Hospitals & Nursing Homes & Voluntary Organisations are also engaged in malaria Microscopy for early diagnosis thereby prompt treatment.

2) 42 (forty two) fever treatment depot are functioning under C.M.U.H.O.

3) In Calcutta 10 (Ten) hospitals are engaged for supplying scheduled antimalarial drugs round the clock 24 hrs. on production of valid prescription of Registered Medical Practitioners.

4) Steps have been taken for reorganisation of the peripheral staff under C.M.U.H.O. by defining the population of each of their activity in the specific areas of C.M.C. Wards. Moreover 22 ward level health units consisting of one Medical officer, 4 multipurpose health workers and 4 field spray workers have been established on decentralisation

under Borough health units and it will be increased by the C.M.C. in a phased manner.

5) Source reduction of mosquito breeding places and application of larvicidal oil application for prevention of mosquito breeding is carried out by Calcutta Municipal Corporation. For reduction of mosquito breeding sources & prevention of mosquito breeding, a squad/team of officer & staff of the office of the Dy. D.H.S. (Malaria) is regularly visiting the Govt. hospitals & advising them for source reduction & also carryingout larvicidal oil/ Biolarvilide for prevention of mosquito breeding.

6) Information & Cultural Affairs Deptt. Govt. of West Bengal, Mass Media Division of the Health Deptt. and the Calcutta Corporation have been involved for creating peoples awareness against Malaria and for its prevention & control through different Mass Medias. Hoardings & Banners also on Malaria prevention & control displayed in different places of the city by the Calcutta Municipal Corporation. Posters, Leaflets & Books also distributed from the office of Dy. D.H.S. (Mal.) to different units/organisations.

7) Calcutta Municipal Corporation observed Malaria Month during this year.

8) Trainings of officers & staff are also held.

9) Voluntary organisations have been involved through trainings for creating mass awareness regarding malaria prevention & control.

10) Intersectoral meetings with Calcutta Corporation are held from time to time.

Supply from N.M.E.P. (G.O.I.), Delhi was inadequate in respect of Tab. Primaquine (7.5 mg.) which kills the gametocytes of malarial infection in the circulating blood also in the liver in case of p.v., thereby transmission of malaria continued. Further letter has been sent for supply through Govt. machinery.

Again N.M.E.P. (G.O.I.), Delhi was requested to supply Ecofriendly, target oriented materials like Biolarvicides for prevention of mosquito breeding in sources but it has not yet been supplied.

**Further steps to be taken :**

1) The above processes & activities as from 1 to 10 will be strengthened.

2) More stress will be made on I.E.C., M.I.S., Training Programmes & peoples participation through different organisations.

3) Calcutta Municipal Corporation have been enlisted by the N.M.E.P. (G.O.I.) for the World Bank assisted Enhanced malaria control programme.

4) This year Govt. have been moved for consideration of the procurement of Biolarvicide.

5) Again it is under consideration of the Residual Insecticidal spray in the vulnerable areas of calcutta.

It is noticed that the fever cases who are attending the malaria clinics of C.M.C., diff. Govt. establishments & others just

with the onset of fever for getting their blood tested and taking the full course of presumptive treatment. the mortality amongst them is negligible.

[12-10 — 12-20 p.m.]

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় মন্ত্রী তাঁর স্টেটমেন্টে বলেছেন যে, ম্যাকসিমাম নাম্বার অব ম্যালেরিয়া কেসেস কলকাতা শহরে ৩,৪৪৪। তারমধ্যে উনি যে ফিগার দিয়েছেন ৩৪ জন মারা গেছেন। এতে আমি ডিফার করছি। এছাড়া ফর দি কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন অব ম্যালেরিয়া ইন ক্যালকাটা সরকার কি ব্যবস্থা নিয়েছেন, কারণ কলকাতা শহরে ম্যালেরিয়া স্প্রেড করছে। আই অ্যাম পুটিং থ্রি নেমস, এরা মারা গেছেন। এই নামগুলি ওঁর তালিকায় আছে কিনা জানতে চাই। নামগুলি হল, শিলা মেহেরা, ফাদার'স নেম দিলীপ মেহেরা, ৩৫।১, এ.জে.সি. বোস রোড, কলকাতা, বয়স সাড়ে তিন বছর, ২রা নভেম্বর মারা গেছে। দ্বিতীয় নাম, ললিত নারায়ণ মিশ্র, বাবার নাম সিদ্ধেশ্বর মিশ্র, ৪২ বছর বয়স, ২৫শে নভেম্বর মারা গেছেন। এবং তৃতীয়, মহঃ সিরাজ, ৯৮ লিনটন স্ট্রিট, ৪১ বছর বয়স, ২৮শে নভেম্বর মারা গেছেন। এই নামগুলি আপনার তালিকায় আছে কিনা জানাবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি নিজে বলেছেন যে, সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে প্রাইমাকুইন, এন.এম.ই.পি. পাচ্ছেন না। আমি জানতে চাই, ম্যালেরিয়া ইর‍্যাডিকেশন-এর ব্যাপারে স্টেট গভর্নমেন্ট কি করেছেন? ফর প্রিভেনশন অব মসকুইটো ব্রিডিং স্টেট গভর্নমেন্ট কি করেছেন? কলকাতা শহরে ম্যালিগনেন্ট ম্যালেরিয়া নিয়ে হাসপাতালে গেলে মানুষ চিকিৎসা পাচ্ছেন না, বেড পাচ্ছেন না, ফলে মানুষ মরছেন। বেসিক্যালি গত দুই বছরে কলকাতা শহরে ম্যালিগনেন্ট ম্যালেরিয়া বেড়েছে। তার জন্য আমি ডিমান্ড করব, মন্ত্রিমহাশয় যে স্টেটমেন্ট করেছেন সেটা ঠিক কিনা দেখতে হাউস কমিটি করা হোক।

**মিঃ স্পিকার ঃ** (Noise) Let me finish. Take your seat. According to Rule you can put your questions. Put your questions. That is the Rule. মিঃ আহমেদ, আপনি যে প্রশ্ন করেছেন তার মধ্যে আমি যেটা বুঝলাম তা হলো ৩টি নাম আপনি বলেছেন যারা ম্যালেরিয়ায় মারা গেছে তারা ওই তালিকায় আছে কিনা। আর ম্যালেরিয়ার ব্যাপারে রাজ্য সরকার কি করেছে সেটা জানতে চেয়েছেন। বাকিটা আমি কিছু বুঝিনি। মন্ত্রী যদি উত্তর দিতে পারেন দিন।

**শ্রী পার্থ দে ঃ** নামের তালিকা যেটা আছে সেটা এখন আমার কাছে নেই আপনি নামগুলি দেবেন আমি ভেরিফাই করে বলে দেব। দ্বিতীয় হচ্ছে আমি আমার স্টেটমেন্টে বলেছি স্টেট গভর্নমেন্ট কি করেছে, গভর্নমেন্ট অব ইন্ডিয়া থেকে কি এক্সপেক্ট করছি। Malaria cradication programme is a Central Government's Programme. Without Government of India's help there cannot be any successful Malaria Eradication Programme. It should be very clear. অন্য কোনও স্পেসিফিক কোশ্চেন থাকে সেটা করতে পারেন আর যেটা বলেছেন যে ম্যালেরিয়া ফিবার আছে এবং ফিবার নিয়ে স্টেট গভর্নমেন্টের হসপিটালে ভর্তি হতে পারে নি এই রকম আমার জানা নেই There are so many hospitals. May be one or two hospitals are overcrowded. But there are many hospitals where we can easily treat Malaria patients. There will be no dearth of seats in the hospitals. In any of the Government hospitals in Calcutta we can treat malaria patients.

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** Mr. Bapuli, you are not entitled for this. Take your seat. It is not your question. Mr. Dey, ৩টি নাম উনি যেটা বলেছেন আপনি সেটা ভেরিফাই করে জানিয়ে দেবেন।

**শ্রী পার্থ দে ঃ** হ্যাঁ, জানিয়ে দেব।

## PRESENTATION OF REPORT

### The 30th Report of the Subject Committee on Agriculture, Agriculture (Marketing), Food & Supplies, Food Processing & Horticulture and Fisheries, 1998-99.

**Shri Rampada Samanta :** Sir, with your permission, I beg to present the 30th Report of the Subject Committee on Agriculture Agriculture (Marketing), Food And Supplies, Food Processing & Horticulture and Fisheries, 1998-99, on Post Flood, and Post Drought situations in different districts and the activities of the Bidhan Chandra Krishi Viswa Vidyalaya.

## LAYING OF REPORTS

### Annual Accounts and Audit Report of the West Bengal Industrial Infrastructure Development Corporation, 1993-94

**Shri Probodh Chandra Sinha :** Sir with your permission, I beg to lay the Annual Accounts and Audit Report on the working and affairs of the West Bengal Industrial Infrastructure Development Corporation for the year 1993-94.

### Audit Certificate, Certified Accounts and Audit Report on the Accounts of the Calcutta Metropolitan Development Authority, 1994-95

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Audit Certificate, Certified Accounts and Audit Report on the Accounts of the Calcutta Metropolitan Development Authority for the year 1994-95.

### Annual Accounts of the South Bengal State Transport Corporation for 1991-92 and 1992-93

**Shri Sushant Ghosh :** Mr. Speaker Sir, I beg to lay the Annual Accounts of the South Bengal State Transport Corporation along with the Audit Report and the Audit Certificate thereon for the years 1991-92 and 1992-93.

## LAYING OF RULES

### Amendments to the West Bengal Zilla Parishads (Election, Constitution and Administration) Rules, 1964

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to lay the amendments to the West Bengal Zilla Parishads (Election, Constitution and

Administration) Rules, 1964, published under Notification NO.605/PN/O/I/3R-2/97, dated the 16th February, 1998.

**Amendment in the rules regulating the recruitment to the posts of Extension Officer for Panchayat**

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to lay the amendment in the rules regulating the recruitment to the posts of Extension Officer for Panchayat, published under Notification No.4590/PN/O/III/2E-78/97, dated the 25th September, 1997.

**Amendments to the West Bengal Panchayat (Constitution) Rules, 1975**

**Dr. Surya Kanta Mishra :** Sir, I beg to lay amendments to the West Bengal Panchayat (Constitution) Rules, 1975, published under Notification No.847/PN/O/1/1A-3/98, dated the 12th March, 1998.

**Amendment to the West Bengal Panchayat (Consitution) Rules, 1975**

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to lay the amendments to the West Bengal Panchayat (Constitution) Rules, 1975, published under the Notification No.1263/PN/O/I/1A-3/98, dated the 11th April, 1998.

**Amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1975**

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to lay the amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1974, published under Notification No.4994/PN/O/I/3R-1/97, dated the 7th November, 1997.

## Amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1974

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to lay the amendments to the West Bengal Panchayat (Election) Rules, 1974, published under Notification No.1183/PN/O/I/3R-1/97 (Pt. III), dated the 3rd April, 1998.

## The West Bengal Trade Unions Rules, 1998

**Shri Santi Ghatak :** Sir, I beg to lay the West Bengal Trade Unions Rules, 1998, published under Notification No.907-IR, dated the 4th August, 1998.

[12-20 — 12-30 p.m.]

## MENTION CASES

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছেই একটা আবেদন রাখতে চাইছি। আজকে পরাধীন ভারতে আমাদের বিশ্বকবি রবীন্দ্রনাথ নোবেল পুরস্কার পেয়েছিলেন, স্বাধীন ভারতে ডঃ অমর্ত্য সেন, বাংলার গৌরব, বঙ্গসন্তান তিনি নোবেল প্রাইজ পেয়েছেন। আমি বিধানসভায় আপনার কাছে রাখতে চাইছি, আমরা বিধানসভার সমস্ত সদস্য যাতে তাঁকে সম্মান জানাতে পারি তার জন্য ডঃ অমর্ত্য সেনকে এখানে আমন্ত্রণ জানানো হোক। আমরা বিধানসভায় তাঁকে বিশেষভাবে সম্মানিত করতে চাই। ভারত স্বাধীন হবার পর একজন বঙ্গ সন্তান তিনি নোবেল প্রাইজ পেয়েছেন। তিনি এই কলকাতাতেই আছেন, আমরা সকলে এই সময়ে তাঁকে যদি সম্মান জানাতে পারি, আমার মনে হয়, তাহলে সেটা সারা পশ্চিমবাংলার মানুষের পক্ষে তাঁকে সম্মান জানানো হবে। আমার আবেদন, সমস্ত রাজনৈতিক দল একমত হয়ে তাঁকে যাতে এই সম্মান জানাতে পারি, বিধানসভায় এটি একটি প্রস্তাব আমি আপনার মাধ্যমে রাখছি। আপনি অনুগ্রহ করে আমরা যাতে তাঁকে সকলে সম্মান জানাতে পারি, সেইভাবে আপনি একটা উদ্যোগ নিন।

**মিঃ স্পিকার ঃ** উনি আজকে বাংলাদেশ যাচ্ছেন। আগামী ২৭শে ডিসেম্বর তাঁকে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে সম্বর্ধনা জানানো হবে, এইরকম একটা প্রোগ্রাম হয়েছে। সমস্ত মেম্বার সেখানে ইনভাইটেড হয়েছেন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, দক্ষিণ চব্বিশ পরগনা জেলার হাসপাতাল এম.আর.বাঙ্গুর হাসপাতাল হচ্ছে জেলা সদর হাসপাতাল। এখানে সুদূর সাগর থেকে ভবানীপুর পর্যন্ত মানুষ চিকিৎসার জন্য আসেন। পঞ্চাশের দশকে দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় এই হাসপাতালটি তৈরি হয়েছিল। ছ'শ শয্যা বিশিষ্ট এই হাসপাতালটি যে সময়ে তৈরি হয়েছিল, সেই সময়ের তুলনায় আজকে জনসংখ্যা একশো গুণ বেড়ে গেছে। কিন্তু এই হাসপাতালটির কোনও সম্প্রসারণ ঘটেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগেও আমি বিধানসভার সদস্য ছিলাম। ১৯৭৪ সালে হাসপাতাল সংলগ্ন ১৪ বিঘা জমি হাসপাতাল অধিগ্রহণ করে মডার্ন ইক্যুপমেন্টস দিয়ে চিকিৎসা ব্যবস্থাকে বাঁচিয়ে রাখার জন্যে। অথচ আজকে ২১ বছর হয়ে গেল ওই বাঙ্গুর হাসপাতালটির সম্প্রসারণের কোনও ব্যবস্থাই হয়নি। যারফলে গোটা দক্ষিণ ২৪ পরগনার অসুস্থ মানুষেরা ফিরে যাচ্ছে। চিকিৎসার ব্যবস্থা নেই। এক একটা শয্যায় ৩-৪ জন করে রোগী পড়ে আছে। মাটিতেও রোগী পড়ে আছে। অথচ ১৪ বিঘা জমি যে হাসপাতালটি সম্প্রসারণের জন্য অধিগ্রহণ করা হয়েছিল তার কিছুই হয়নি। সুতরাং অবিলম্বে ওই হাসপাতালটির সম্প্রসারণের দরকার।

**শ্রী কিরীটি বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার পৌরসভার শ্রমিক কর্মচারীরা গত তিন মাস ধরে কোনও বেতন পাচ্ছে না। তারা ৩০.১১.৯৮ তারিখে রিলে করে অনশন করছে। তার কোনও মীমাংসা হয়নি। ওখানে ৫ জন শ্রমিক কর্মচারী অনাহারে অচিকিৎসায় মারা গেছে। সেই কারণে আমার পৌরমন্ত্রীর কাছে দাবি যে অবিলম্বে এর ব্যবস্থা করা হোক। ওখানকার যিনি পৌরপ্রধান তিনি তৃণমূল কংগ্রেসের, তিনি বলছেন যে সরকার থেকে তারা টাকা পাচ্ছে না। সেই কারণে তারা শ্রমিকদের বেতন দিতে পারছে না। সেইজন্য আমার আবেদন অবিলম্বে এর ব্যবস্থা নেওয়া হোক। কারণ বাঁকুড়ার পরিবেশ অত্যন্ত খারাপ হয়ে পড়েছে, অবিলম্বে দূষণ মুক্ত করার দরকার।

**শ্রী অসিত মাল ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বীরভূম জেলার নগরা মোড় থেকে মহারাজ নন্দ কুমারের গ্রাম ভদ্রপুর যাবার রাস্তা ভয়াবহ খারাপ। যে কোনও সময় বাস দুর্ঘটনা হতে পারে। পূর্ত দপ্তর অতি সত্বর নগরা মোড় থেকে ভদ্রপুর পর্যন্ত রাস্তা মেরামতের জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, কৃষকরা সমবায় থেকে ঋণ নেয়, এবং বিভিন্ন জায়গার থেকে ঋণ নিয়ে চাষাবাদ করে থাকেন। কিন্তু তারা যে চাষাবাদ করছে সেই ফসলে পোকা ধরে নষ্ট হয়ে যাচ্ছে। এই কারণে কৃষকরা বারে বারে দাবি করেছে যে তাদের পণ্য ক্ষতিগ্রস্থ হচ্ছে এবং কৃষকরা যাতে সুসংহত শষ্য বিমা পায় তার জন্য তারা রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছে।

**শ্রী পরেশচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মুর্শিদাবাদ জেলার হাসপাতালগুলোতে ডাক্তারের ভীষণ অভাব। আমার ওখানে সাবসিডিয়ারি হেলথ সেন্টারে কোনও ডাক্তার নেই, বলতে গেলে ওই কেন্দ্রটি বন্ধ হতে চলেছে। ওখানে ৬ জন ডাক্তার চাওয়া হয়েছিল পাওয়া গেছে মাত্র দুজন ডাক্তার। যারফলে ওখান থেকে রোগীদের কলকাতার হাসপাতালে এবং অন্যান্য নার্সিংহোমে ভর্তি করার জন্য ছোটাছুটি করতে হচ্ছে। সেই কারণে আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি যে যাতে সত্বর হাসপাতালগুলোতে ডাক্তার দেওয়া হয়।

**শ্রী চিত্তরঞ্জন মুখোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল, আমাদের ৩টি বিধানসভা কেন্দ্র নিয়ে দাশপুর থানা গঠিত। এরমধ্যে ২৪টি অঞ্চল রয়েছে। ২টি পঞ্চায়েত সমিতি রয়েছে। এখানে বসবাস করেন সাড়ে ৪ লক্ষ মানুষ। এই বিশাল এলাকায় শুধুমাত্র একটি থানা। এই থানাটি থেকে বিশাল এলাকায় শান্তিশৃঙ্খলা রক্ষা করা অসম্ভব। বিভিন্ন এলাকায় চলাচলের জন্য যে রাস্তা তাও অত্যন্ত অপ্রতুল, এমন কি মাটির রাস্তার জন্য সেখানে পুলিশের গাড়িও ঢোকে না। ফলে বিশাল এলাকায় শান্তিশৃঙ্খলা রক্ষা করা অসম্ভব হয়ে পড়েছে, সম্প্রতি তৃণমূল এখানে লুণ্ঠন খুন শুরু করেছে। তার ফলে শান্তিশৃঙ্খলা রক্ষা করা অসম্ভব হচ্ছে। তাই একটি থানাকে ২ ভাগ করে এলাকায় যাতে শান্তিশৃঙ্খলা রক্ষা করা যায় এবং এলাকার মানুষ শান্তিতে বসবাস করতে পারেন এই ব্যাপারে যদি উদ্যোগ নেন তাহলে ভাল হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[12-30 — 12-40 p.m.]

**श्री रामजनम मांझी :** आदरणीय अध्यक्ष जी, मै आपके माध्यम से श्रम मंत्री का ध्यान आकर्षित कहाना चाहता हूं। पशिचम बंगाल के अन्दर सारे

कारखाने बन्द हो चुके है। गौरीपुर जूट मिल जो १९५७ में चल रहा था बन्द होने से मजदूरों की हालत दयनीय हो गयी है। करीव-करीव २६ मजदूर मौत का शिकार हो चुके है। और मजदूर भुखमरी का शिकार हो रहे है। इसलिए मै श्रम मंत्री से अनुरोध करता हूं कि गौरीपुर जूट मिल को खुलवाने की व्यवस्था करे। आप जानते है कनोड़िया जूट मिल ५ वर्ष में ५ वार वन्द हो चुका है। इसके मालिक शिव रतन पसारी कानोड़िया कारखाने के १२ हजार मजदूरो के भविष्य के साथ खिलवाड़ कर रहा है और उसे भूख-मरी का शिकार वना चुका है। इसलिए मै अनुरोध करता हूं कि कनोड़िया जूट मिल के मालिक शिव रतन पसारी को तत्काल एरेस्ट किया जाए और कारखाने को चालु करने की व्यवस्था किया जाए।

किसी को भी मजदूरो की जिन्दगी के साथ खिलवाड़ करने का अधिकार नही है। आपलोग मजदूरो के परिवारों की वदहाली की ओर भी देखे, पशु को भी इस तरह का जीवन जिना पसन्द नही होगा, उस तरह की जिन्दगी जिने को ये मजदूर वेवश है। सर, एक वार फिर गौरीपुर जूट मिल एवं अन्य कारखानों को जल्द-से-जल्द खुलवाने का मै श्रम मंत्री से अनुरोध करता हूं।

**শ্রী নৃপেণ গায়েন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত নভেম্বর মাসে আমাদের রাজ্যে যে ঘূর্ণিঝড় হয় তাতে কমবেশি সব জেলায় ক্ষতি হয়েছে। সুন্দরবন এলাকায় ২টি জেলায় উত্তর এবং দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় এখানেও ফসলের ক্ষতি হয়েছে। অতি বৃষ্টির জন্য এখানে সমস্যা সৃষ্টি হয়েছে। সুন্দরবন এলাকায় যে স্বল্প জলাধার আছে তাকে কেন্দ্র করে চাষীরা চায এর জন্য উদ্যোগ নিচ্ছে। সমস্যা হচ্ছে বীজের। যে ধান উৎপন্ন হয়েছে তাতে বীজ হবে না। সেইজন্য কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে সুন্দরবনের কৃষকরা ধানের বীজ পায়, গমের বীজ পায়, তৈলবীজ পায়, সব্জীর বীজ পায় এই সমস্ত বীজগুলি পঞ্চায়েতের মাধ্যমে দেওয়ার ব্যবস্থা করলে ভাল হয়। তা নাহলে সুন্দরবনের চাষীরা অনাহারে দিন যাপন করতে বাধ্য হবে। এখন যে ফসল মাঠে আছে অধিকাংশ পঞ্চায়েত এলাকায় দেখা যাচ্ছে সেই ফসলের অর্ধেক এর বেশি ফসল নষ্ট হয়ে গেছে। জলের মধ্যে পড়ে থেকে ধানের যে অঙ্কুর উদ্যোগ হয়েছে, সেই ফসলের থেকে জীবন ধারণের জন্য কোনও খাদ্যশস্য হবে না। ঐ সমস্ত পঞ্চায়েত এলাকায় ফসলের যে ক্ষতি হয়েছে তাতে চাষীরা খুবই বিপদাপন্ন। সেচ বিহীন এলাকা ও এক ফসলী এলাকায়

পঞ্চায়েতের মাধ্যমে সেচের জলের ব্যবস্থা করা, যাতে কিছু ধান এবং অন্যান্য জিনিস তারা উৎপন্ন করতে পারে। তবে সর্বত্র এই সুযোগ জলাধারের আশেপাশে যে সমস্ত জমিজমা আছে তাদের যদি বীজ দেওয়া যায় তাহলে সুন্দরবন এলাকার ক্ষেতমজুররা তারা সেখানে কাজ পাবেন। এইজন্য আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি পঞ্চায়েতের মাধ্যমে ধান এবং সব্জীর বীজ এবং গমের বীজ যাতে সুন্দরবন এলাকার চাষীরা পান তার ব্যবস্থা করা হোক।

**শ্রী আবুআয়েশ মন্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বর্ধমান জেলায় মেমারিতে বাঁকা নদীর উপরে ঝিকরা ব্রিজটি সাত বছর আগে ভেঙে গেছে। ঐ সেতুটির উপর দিয়ে চল্লিশ হাজার লোক যাতায়াত করে। ওখানে বর্তমানে অস্থায়ী কাঠের সেতু করে যাতায়াত ব্যবস্থা বজায় রাখা হয়েছে। ঐ সেতুটির ব্যাপারে বার বার ডিপার্টমেন্ট অফিসারকে বলা সত্ত্বেও এবং এই বিধানসভায় একাধিকবার উল্লেখপর্বে উল্লেখ করা সত্ত্বেও আজ পর্যন্ত কাজের নূন্যতম অগ্রগতি দেখা যাচ্ছে না। এই ব্যাপারে মানুষের মনে গণ অসন্তোষ দেখা যাচ্ছে এবং তারা রাস্তা অবরোধ করার পরিস্থিতিও সৃষ্টি করছেন। বার বার বলা সত্ত্বেও মাত্র চারটি থাম তৈরি করে কাজ বন্ধ করে দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এই ব্যাপারে বার বার আবেদন করেছি, আপনার কাছে অনুরোধ জরুরি ভিত্তিতে ঐ সেতুটি পুনর্নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী তারক ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রী, পুলিশমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার বাগবাজার, শ্যামবাজার, ভূপেন বোস অ্যাভিনিউ ব্রাঞ্চ থেকে একশ কোটি টাকার উপর জালিয়াতি হয়েছে, লোপাট হয়েছে। এই বিষয়ে সি.বি.আই. এনকোয়ারি করে কয়েকজনকে গ্রেপ্তার করেছে। কিন্তু পরবর্তীকালে জনসাধারণের আশঙ্কা পুরো ব্যাপারটা ধামা চাপা দেওয়ার চেষ্টা চলছে এবং তদন্তের কাজ নাকি বন্ধ আছে। এই একশ কোটি টাকা জালিয়াতির ব্যাপারে ব্যাঙ্কের উর্দ্ধতন অফিসার যেমন জড়িত আছে, তেমনি পশ্চিমবাংলার ক্ষমতাসীন দলের প্রভাবশালী কয়েকজন ব্যক্তিও নাকি এর সঙ্গে জড়িত আছে। এই বিষয়টা ধামা চাপা দেওয়ার চেষ্টা হচ্ছে, তাই আমি আপনার মাধ্যমে রাজ্যের অর্থমন্ত্রী, পুলিশমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জনস্বার্থে এই বিষয়টা সবাইকে অবহিত করুন। সি.বি.আই. এনকোয়ারি চাপা দেওয়ার কেন চেষ্টা হচ্ছে, এর পেছনে কোনও রাজনৈতিক হাত আছে কিনা এবং দোষীরা যাতে শাস্তি পায় তার জন্য আবেদন করছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী দেবব্রত ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় যে কটি পি.এস.ইউ. বন্ধ করার সিদ্ধান্ত বর্তমান কেন্দ্রীয় সরকার নিয়েছেন, তার মধ্যে আমাদের জেলায় এম.এম.সি., বায়ো-জেল, আসানসোলের সাইকেল কর্পোরেশন অব ইন্ডিয়া এবং আর.আই.সি.র একটা ইউনিট আছে। এদের মোট শ্রমিক সংখ্যা ১০ হাজারের মতো। যদিও আমরা জানি, এইসব কারখানা বন্ধের প্রেক্ষাপট তৈরি হয়েছিল '৯১ সালে তদানীন্তন কংগ্রেস সরকারের আমলে। তারা ২৮শে ফেব্রুয়ারি কাট অফ ডেট ঘোষণা করেছে এবং কলেজে ঐ তারিখের মধ্যে ভলান্টারি সেপারেশন স্কিম কার্যকর করতে হবে। স্বাভাবিক ভাবেই একটা ভয়, হতাশা, উত্তেজনার সৃষ্টি হয়েছে মানুষের মনে। এই বিষয়ে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রত্যুষ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এন.এইচ.-৬ এ দীর্ঘদিন থেকেই যানজটের সৃষ্টি হচ্ছে এবং তা অবসানের জন্য কোনও ব্যবস্থাই নেওয়া হচ্ছে না। ইতিমধ্যে আমরা জানি, হলদিয়াতে ইন্ডাস্ট্রিয়াল স্টেট গড়ে তোলা এবং কয়েকটি কারণে যানজট কমছে না। ফলে প্রতিদিন কলকাতা এবং হাওড়াতে যারা আসছেন, তারা নিদারুণ দুর্ভোগের মধ্যে পড়ছেন। এই বিষয়ে আগেও সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি, কিছু ব্যবস্থাও নিয়েছে সরকার। যেমন, কোনা এক্সপ্রেসওয়ে, আন্দুল রোড, গৌরি ব্রিজ, ইত্যাদি। আমি বলতে চাই, এন.এইচ.-৬ রানিহাটি পর্যন্ত ৪ লেন ট্রাফিক সিস্টেম এবং ক্রেনের ব্যবস্থা সরকারের পক্ষ থেকে করুন। এটা না হলে স্বাভাবিক জীবনযাত্রা খুবই ব্যহত হচ্ছে। আশা করব মাননীয় পূর্তমন্ত্রী এই বিষয়ে তৎপরতার সঙ্গে ব্যবস্থা অবলম্বন করবেন।

**Smt. Shanta Chhetri :** Hon'ble Speaker. Sir, with regard to the establishment of Circuit Bench of Calcutta High Court for North Bengal which we have so long demanded to the established at Siliguri since long. It is a fact that neither the report of the three Judges reflect any particular venue nor Full Court of Calcutta High Court took any final decision selecting the same cases before Calcutta High Court have disposed of without discussing

any merit. I will request the Hon'ble Law Minister that the reports of the three Judges committee of the Calcutta High Court be placed before the Assembly and a discussion be held in this floor recalling the report and recommendation of the West Bengal Government.

**Mr. Speaker :** Smt. Shanta Chhetri, it is a matter of within the jurisdiction of Hon'ble High Court. We don't discuss the matter which is in the jurisdiction of Hon'ble High Court. How can we ask that report be placed and discussed. Because High Court never discuss what is happening inside the Assembly. We don't interfere. This thing is not done.

**শ্রী বংশীবদন মৈত্র ঃ** স্যার আমি মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত পঞ্চায়েত নির্বাচনের পর আমার বিধানসভা এলাকার খানাকুলে তৃণমূল এবং বি জে পির নেতৃত্বে ভাঙচুর লুঠ পাট অগ্নিসংযোগের ঘটনা আজ ৬ মাস হয়ে গেল অব্যাহত আছে। স্কুল কমিটিতে যে নির্বাচন হয়েছে, সেখানে তারা বোমাবাজি এই সমস্ত করছে। নমিনেশন ফাইল করতে দিচ্ছে না। এই রকম ঘটনা ঘটেই চলেছে। আমাদের পার্টির সমর্থকদের দোকানপাট, বাজার হাট বন্ধ করে দিচ্ছে। জমিতে নামতে দিচ্ছে না। চাযের যে সব জমি আছে, সেখানে নামতে দিচ্ছে না। বিগত ১৬.১০.৯৮ তারিখে রঞ্জিতবাড়ির দশটি গ্রামে ৩৪টি বাড়ি লুঠ করেছে। ৮-৯ টি বাড়িতে আগুন ধরিয়ে দিয়েছে। এই বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী শক্তি রাণা ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর দুই নম্বর ব্লক, সাঁকরাইল এবং ঝাড়গ্রামের কিছু অংশ নিয়ে আমার নির্বাচন ক্ষেত্র এখানে প্রায় ৪ লক্ষ মানুষ বসবাস করেন। সেখানে তফসিলি জাতি, উপজাতি এবং অনগ্রসর মানুষের সংখ্যাই বেশি। দুঃখের বিষয় এই যে, স্বাধীনতার ৫২ বছর পরেও সেখানে কোনও সরকারই উচ্চশিক্ষার জন্য কোনও কলেজ স্থাপন করেন নি। উচ্চশিক্ষা নিতে গেলে তাদের ৬০-৬৫ কিলোমিটার দূরে তাদের যেতে হয়। তবে কোনও কোনও সময় সুযোগ থাকে, আবার কোনও কোনও সময় সুযোগ থাকে না। সেইজন্য শিক্ষাদরদী এই

সরকারের কাছে আমার অনুরোধ যে, সাঁকরাইল ব্লকের কুলটিকরি গ্রামের অনগ্রসর শ্রেণীর মানুষের জন্য যেন কলেজ স্থাপন করা হয়। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি হচ্ছে যে, যে চাষ করেছে, সে ধান কাটবে। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের কথা যে, রাজ্য সরকারের এই ঘোষিত নীতি যারা বিরোধী রাজনৈতিক দলভুক্ত চাষী পাট্টাদার, তাদের ক্ষেত্রে সেই নীতি কার্যকর হচ্ছে না এবং ২৪ পরগনার কুলতলী থানায় এই রকম একটা জ্বলন্ত দৃষ্টান্ত হচ্ছে - মৌপিট ভাষা গুড়গুড়িয়া অঞ্চলের পূর্ব গুড়গুড়িয়ায় পাট্টা চাষীরা তাদের চাষ করে। তাদের সেই চাষ করা ধান সি পি এমের দুষ্কৃতিরা কেটে নিয়েছে এবং রায়ত চাষী প্রবোধ হালদারের ২২ বিঘা জমির ধান কেটে নিয়েছে এবং সেখানে প্রবোধ হালদার এর জমির ধান যাতে কেটে নিতে না পারে, তার জন্য সেখানে পুলিশ ক্যাম্প ছিল। গত ১০ তারিখে সেখানে গিয়ে সেখান থেকে পুলিশ ক্যাম্প সরিয়ে দেন। তারপর গতকাল এবং পরশু তার জমির ধান সি পি এম দুষ্কৃতীরা কেটে নিয়ে যায়। এই খবর পাওয়া মাত্রই আমি রাইটার্সে যাই এবং অ্যাডিশনাল ডিজির সঙ্গে কথা বলি এবং তিনি এস পিকে ফোন করেন এবং বলেন যে, সেখানে পুলিশ গেছে। কিন্তু আজকে খবর পেলাম যে, সমস্ত ধান কেটে নিয়েছে। আমি জানতে চাই যে, আজকে স্বরাষ্ট্র দপ্তর, পুলিশ দপ্তর বুদ্ধদেববাবু চালাচ্ছেন, নাকি [***] চালাচ্ছে এবং সরকারের ঘোষিত নীতি বিরোধী রাজনৈতিক দলভুক্ত চাষীর ক্ষেত্রে, পাট্টাদারের ক্ষেত্রে প্রযোজ্য কিনা। আমি এই ব্যাপারে অবিলম্বে যাদে ধান কেটে নেওয়া হয়েছে, সেই ধান সিজ করে নেওয়া হয় এবং রায়ত চাষীকে তার ধান যাতে ফেরত দেওয়ার ব্যবস্থা করা হয়, তার জন্য স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ এইমাত্র মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার, মাননীয় কান্তি গাঙ্গুলি, যিনি মেয়র পরিষদের সদস্য, বিশিষ্ট নেতা তিনি এই সভার সদস্য নন, তার নাম এই সভায় তুলেছেন। (গোলমাল)

---

Note [*Expunged as ordered by the Chair]

**মিঃ স্পিকার ঃ** নাম করা যাবে না, নাম বাদ যাবে।

**শ্রী সুভাষ মন্ডল ঃ** মাননীয় স্পিকার স্যার। একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি ভূমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, গত ২১ বছরে পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য হয়েছে। এটা সকলেরই জানা কিন্তু এই কয়েক বছরের মধ্যে বহু মামলা উচ্চ আদালতে, নিম্ন আদালতে আটকে আছে। বছরের পর বছর তার ফয়সালা হচ্ছে না। গরিব চাষী, বর্গাদাররা হয়রান হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকারের ঘোষিত নীতি ছিল ল্যান্ড ট্রাইব্যুনাল গঠন করার মধ্যে দিয়ে এই সমস্ত মামলার দ্রুত নিষ্পত্তি করা। আমি ভূমিরাজস্ব মন্ত্রীর কাছে দাবি রাখছি ল্যান্ড ট্রাইব্যুনাল গঠন করা যায় এবং তার রূপায়ণ করার মধ্যে দিয়ে ভূমিসংস্কার এর অগ্রগতিকে আরও বেশি করে এগিয়ে নিয়ে যাওয়া যায়।

**শ্রী মোরশেলিন মোল্লা ঃ** (অনুপস্থিত)

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের চটশিল্পে প্রায় ২৫ থেকে ৩০ হাজার শ্রমিক কাজ করে। চটশিল্পের মালিকরা বেআইনিভাবে ভাগওয়ালা ভাউচার প্রথা চালু করেছে। তার ফলে শ্রমিকরা ভীষণ অসুবিধার সম্মুখীন হচ্ছে। সুতরাং আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই ভাউচার প্রথা চালু করে যে নিয়োগ চুক্তি রয়েছে এবং প্রায় ১২০ কোটি প্রভিডেন্ট ফান্ডের টাকা ফাঁকি দিয়েছে। মাননীয় শ্রমমন্ত্রী যাতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন আপনার মাধ্যমে সেই আবেদন রাখছি।

**Shri Md. Abdul Karim Choudhury :** Mr. Speaker, Sir, with your permission, I would like to draw the attention of the Health Minister to a matter of serious public importance. Sir, the District Health Committee has decided to start construction of a post mortem morgue within Islampur S D Hospital. Sir, the Islampur S D Hospital is situated in the heart of the town. So the residents of the town have raised objection against the construction of the morgue there because the Health Dept has already acquired about 25 bighas for the Hospital's annexation at another place in the town. The people want that the construction of the P M morgue

should be built in the annexe buildings because otherwise the morgue will pollute the environment of the town. So the residents want shifting of this morgue to that place. Thank you, Sir.

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দামোদর ভাঙন সম্পর্কে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার অন্ডাল ব্লকে মদনপুর জি.পির বাক্সা, পূর্বা এবং শ্রীরামপুর জি.পির অধিকাংশ এবং রামপ্রসাদপুর জি.পির অধিকাংশ এলাকা নদী গর্ভে চলে গেছে। কয়েক হাজার বিঘা জমি নদী গর্ভে চলে গেছে। এর মধ্যে কিযেনরা আবার বালি তোলার জন্য এর মাত্রা বাড়িয়ে দিয়েছে। এর ব্যবস্থা না করলে অন্ডাল শহর নদী গর্ভে চলে যাবে। অপর দিকে গন্ডঘোশ ব্লকের রূপসা, বৈতানপুরের অবস্থা আরও শোচনীয়। ৩৫ চেনের কাজ হওয়ার কথা এবং ওয়ার্ক অর্ডার হলো ২০ চেনের কিন্তু ২ জন ঠিকাদারের কাজ না করার জন্য কাজ বাকি রইল। রায়না ব্লকের হরিপুর এবং রায়না-২ ব্লকের অন্যান্য অংশ এবং জামালপুর ব্লকের বিস্তীর্ণ এলাকা দামোদর নদী গর্ভে চলে যাচ্ছে। এর মধ্যে যদি ব্যবস্থা না নেওয়া যায় তাহলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। তাই আমি আপনার মাধ্যমে সত্বর ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় সেচমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাইছি। পি.জি. হসপিটালের কি অবস্থা আপনি স্যার দেখুন। গত ১৬.১২.৯৮ তারিখে ৫ বছরের একটি ছেলে, তার নাম হচ্ছে শৌভিক সামন্ত, মনিময় সামন্তের ছেলে, আসানসোলের বাসিন্দা। একটা দুরারোগ্য ব্যাধি নিয়ে ভর্তি হলো এবং ডঃ শ্রীমতী বিদিশা তিনি অত্যন্ত তৎপর ছিলেন সেই শিশুপুত্রকে বাঁচাবার জন্য এবং ২৮ তারিখ বেলা ১১ টার সময় শ্রীমতী বিদিশা তিনি বললেন যে ফ্রেস ব্লাড নিয়ে আসতে হবে। তখন মনিময় সামন্ত তিনি রেগুলার ব্লাড ডোনার। ব্লাড ডোনেশনের যে সমস্ত প্রথম শ্রেণীর অর্গানাইজেশন আছে আসানসোলে তাদের সঙ্গে তিনি যুক্ত আছেন। স্যার, তিনি ব্লাড ব্যাঙ্কে গিয়ে বললেন আমি ডোনার এনেছি আপনি রক্ত টেনে নিন, কিন্তু তারা রিফিউজ করলেন এবং বললেন আমরা ব্লাড টানতে পারি না। ১০ টার পর নাকি ফ্রেস ব্লাড টানা যায় না। এ কোথাকার নিয়ম, কোন দেশের নিয়ম জানি না। এই বারে ওই ভদ্রলোক রাত্রি ১০টা পর্যন্ত কলকাতা শহরে বিভিন্ন জায়গা ঘুরলেন। সেন্ট্রাল ব্লাড

াঙ্ক বললো যে যেহেতু এস.এস.কে.এম. হসপিটালের ব্লাড ব্যাঙ্ক আছে সেইহেতু াপনাকে আমরা ব্লাড ব্যাঙ্ক থেকে ফ্রেস ব্লাড দিতে পারি না। উনি আবার ফিরে লেন, তার পর সেই দিন রাত্রে ১০ টার সময় শ্রীমতী বিদিশার তৎপরতায় ব্লাড াওয়া গেল, কিন্তু সেটা ফ্রেস ব্লাড নয়। পরের দিন অত্যন্ত দুঃখজনক ঘটনাটি টলো ৫ বছরের ওই ছেলেটি মারা গেল ২৯.১০.৯৮ তারিখে। এই ছেলেটি মারা গল চ্যাপ্টার ক্লোজড। স্যার, ওই ভদ্রলোক পরবর্তীকালে রক্ত দিন রক্ত দিন বলে আন্দোলন করবে না। কিন্তু তিনি ভাবলেন আমার কিছু করার দরকার। উনি কি রলেন, স্যার, ছেলেটি মারা যাওয়ার সঙ্গে সঙ্গে তিনি তাঁর ছেলেটির বডি প্রথমে ন.আর.এস. হসপিটালে দান করলেন এবং বললেন আমার ছেলে মারা গেছে, এর মৃতদেহ যাতে পরবর্তীকালে যারা ডাক্তারি পরীক্ষায় বসবে তাদের যাতে কাজে লাগে এবং তার ছেলের চোখদুটি মেডিকেল কলেজের আই-ব্যাঙ্কে দান করলেন। দেখুন স্যার, স্বাস্থ্য দপ্তরের অপদার্থতার জন্য তাঁর নিজের ছেলে মারা গেল এবং মারা যাওয়ার পরও তিনি তাঁর ছেলের দেহ এবং চোখদুটি দান করে দিলেন। স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি এটার কিছু একটা হওয়া দরকার। ওই ভদ্রলোককে ব্লাড দেওয়ার জন্য ব্লাড ব্যাঙ্কের যে সব লোকেরা রিফিউজ করলো তার একটা বিচার হওয়া দরকার, এই কথা বলে বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** ওটা স্বাস্থ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দেবেন প্রবোধবাবু। স্বাস্থ্যমন্ত্রী লিখিত তাপসবাবুকে জানিয়ে দিন।

**শ্রী মেহেবুব মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গলসী আমার বিধানসভা কেন্দ্র যেখানে ধান্য উৎপাদনে শুধু বর্ধমান নয় পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষে নজির সৃষ্টিকারী। কিন্তু সেচের অপ্রতুলতার জন্য সেখানে ধান ঠিকমতো চাষ হচ্ছে না। গলসী-১ এবং ২তে এবারে বোরো চাষের জন্য জলের আওতায় আনা সম্ভব হয়নি। আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে ওখানে কোটা সিসটেম না করে গলসীতে প্রত্যেকে যাতে জল পায় সেই ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি বাগদা বিধানসভা থেকে নির্বাচিত সদস্য। ঐ এলাকায় কোনও কলেজ নেই, একটা স্কুল আছে। স্কুল টাইমে

ছাত্র-ছাত্রীরা বাসে উঠতে পারেনা। তাই মাননীয় মন্ত্রিমহাশয়, যিনি এই বিভাগের দায়িত্বে রয়েছেন তার কাছে অনুরোধ করছি যে, ঐ এলাকায় সরকারি এবং বে-সরকারি বাস যদি আরও চালানো যায় তাহলে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধা হয়।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পিংলা ব্লকের পূর্বদিকে চন্ডীয়া নদী উত্তর-দক্ষিণে বিস্তৃত। দীর্ঘ শতাধিক বছরের উপর পলি জমে এই নদীর নাব্যতা নষ্ট হয়ে গেছে এবং এর ফলে পিংলার বিস্তৃত অঞ্চল শতাধিক বছর ধরে জলমগ্ন অবস্থা দেখা দেয়। পিংলার ৮, ৯, ১০-র অধিকাংশ অঞ্চল এবং ৭, ৫, ও ৪-র কিছু কিছু অংশও এইরূপ জলমগ্ন অবস্থায় থাকে। এর ফলে চাষ-বাস নষ্ট হচ্ছে, পুকুরের মাছ নষ্ট হচ্ছে, ঘর-বাড়ি ভেঙ্গে যাচ্ছে। সুতরাং এই নদীর সংস্কার একান্ত প্রয়োজন। এবিষয়ে আমি আগেও দাবি জানিয়েছি। কিন্তু সেচ বিভাগ বা অন্য বিভাগ কোনও কিছুই করছে না। ফলে মানুষের দুঃখ-দুর্দশা কোনওভাবেই মোচন করে বিকল্প কিছু করা যাচ্ছে না। এছাড়া, কেলেঘাই-কপালেশ্বরী প্রকল্প গভর্নমেন্ট টেকআপ করলেও তার কাজ এগোচ্ছেনা। যাইহোক, উক্ত চন্ডীয়া নদীর পলী আসু সংস্কারের দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

## ZERO HOUR

**মিঃ স্পিকার ঃ** 'জিরো আওয়ার'-র জন্য ২২টা নাম আছে। এক মিনিট করে হবে।

**শ্রীমতী ইভা দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা পুলিশ মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৮.০৯.৯৮ তারিখে খানাকুলের রাজহাটির মমতপুর গ্রামে রমলা ধর নামে চার মাসের অন্তসত্ত্বা এক মহিলার উপর তৃণমূলের গুন্ডাবাহিনী অত্যাচার চালায়। তারা রমলা দেবীর পেটে লাথি মারার ফলে তাঁর গর্ভপাত হয়ে যায়। পুলিশকে বিষয়টা জানানো সত্ত্বেও আজ পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। দোষীদের যাতে অবিলম্বে গ্রেপ্তার করে উপযুক্ত শাস্তি বিধান করা হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** মিসেস ছেত্রী আপনি যে সাবজেক্ট দিয়েছেন সেটা রুল অনুযায়ী এখানে তোলা যায়না। এবিষয়ে আগে আমার সঙ্গে কথা বলতে হবে। এইভাবে এটা এখানে তোলা যায় না।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি আপনার অনুমোতি নিয়ে সাবজেক্টটা একটু চেঞ্জ করছি।

স্যার, আপনি জানেন, কানাডা প্রবাসী দীপা মেহতার 'ফায়ার' ছবি নিয়ে বোম্বে, দিল্লিতে বিতর্ক দেখা দিয়েছে। 'ফায়ার' ছবি যেসব হলে হচ্ছিল সেখানে আক্রমণ করে তার প্রদর্শনী বন্ধ করে দেওয়া হয়েছে। হলে শো বন্ধ করে দিয়েছে। কেন্দ্রের বি.জে.পি. সরকার পুনরায় এটাকে সেনশরশিপের জন্য পাঠিয়েছেন। নতুন করে এই যে কালচারাল সেনশরশিপ, এর আমি তীব্র নিন্দা করি। ফায়ার একটা শিল্প সম্মত ছবি এবং এটা কোনও খোলামেলা ছবি নয়, নিঃসঙ্গতার ছবি। সেই জায়গায় উগ্র হিন্দুত্ববাদীরা, রক্ষণশীলরা আক্রমণ করছে। তার বিরুদ্ধে সমস্ত সংস্কৃতিমনা, শুভবুদ্ধিসম্পন্ন মানুষের রুখে দাঁড়ানো দরকার। কলকাতার চ্যাপলিন হলে ছবিটা চলছে। সেখানে উগ্র হিন্দুত্ববাদীরা ডিসটারবেন্স করার চেষ্টা করেছিলেন। কিন্তু তারা কিছু করতে সাহস করেনি। বহু মানুষ ছবিটা দেখছেন। এটা একটা গৃহীত সত্য যে, মানুষ যারা সাবালক, তাদের যে কোনও আর্ট ফর্মে যে কোনও শিল্প কর্ম বিচার করার অধিকার তাদের উপর ছেড়ে দেওয়া উচিত। কিছু গুন্ডা, কিছু রাফিয়ান, কিছু রাজনৈতিক দল এটা ঠিক করে দেবে না যে মানুষ কি দেখবে আর কি দেখবে না। সরকারের নিজস্ব ভূমিকা থাকে। আমরা দেখেছি ফায়ার নিয়ে সুপ্রিম কোর্টে আবেদন করেছিলেন বলে ভারতবর্যের বিখ্যাত অভিনেতা দিলীপকুমারকে শিবসেনা সদস্যরা পাকিস্তানি বলে অভিহিত করেছেন। দিলীপকুমারকে এই কথা যারা বলেছেন আমরা তাদের তীব্র নিন্দা করছি। শাবানা আজমি সহ অন্যান্য ফিল্ম অ্যাক্টররা, চলচিত্রের সঙ্গে যুক্ত মানুষরা পুরো ঘটনার তীব্র নিন্দা করেছেন। শিবসেনা, বি.জে.পি.র তান্ডব—কেন্দ্রীয় সরকারের সহযোগিতা মহারাষ্ট্র সরকারের সক্রিয় সহযোগিতা এবং তার সাথে শিবসেনা প্রধান বাল থ্যাকারের উক্তি ''আমি নিজে পেট্রোল ঢেলে আগুন জ্বালাতে সাহায্য করেছি''—তার বিরুদ্ধে সকলকে রুখে দাঁড়াতে হবে। বাল থ্যাকারে ফ্যাসিবাদের প্রতিচ্ছবি, প্রতিমূর্তি। বাল থ্যাকারে এর আগে এখানে পাকিস্তানি টিমকে ক্রিকেট খেলতে দেবেন না বলেছিলেন। এত বড় সাহস যে তিনি এখানে ছবি বন্ধ করে দিতে চেয়েছেন। সারা ভারতবর্যের সমস্ত মানুষের এর বিরুদ্ধে রুখে দাঁড়ানো উচিত। আমি পশ্চিমবঙ্গ বিধানসভায় বলছি যে, ফায়ারের উপর আক্রমণ, দিলীপকুমার সম্পর্কে সমালোচনা, বাল থ্যাকারের উত্তেজনাপূর্ণ মন্তব্য এসবের বিরুদ্ধে তীব্র নিন্দা করা উচিত বলে মনে করি।

**মিঃ স্পিকার ঃ** অনেকেই জানেন না যে দিলীপকুমার কলকাতার ছেলে। ওঁর চলচিত্র জীবনও আরম্ভ হয় কলকাতা থেকে। পরে এখান থেকে তিনি বম্বে চলে যান। তাঁর জন্য আমরা সবাই গর্বিত। কলকাতা সারা দেশকে অনেক কিছু দিয়েছে। কিন্তু প্রশ্ন হচ্ছে যে আজকে দেশের যে ভয়াবহ অবস্থা তাতে মানুষ যদি সংগঠিতভাবে এসব জিনিস মোকাবিলা না করে তাহলে বিধানসভা, লোকসভা, রাজ্যসভায় ডিবেট করে কিছু হবে না। এটা শুধু সাংস্কৃতিক, সামাজিক, রাজনৈতিক ব্যাপার নয়। অনেকগুলো ইস্যু এসেছে। মানুষের কাছে যেতে হবে। এসবের বিরুদ্ধে মানুষকে তৈরি করে বলতে হবে এসবের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য, এসবের মোকাবিলা করার জন্য। আমি মনে করি আরও তীব্র আক্রমণ আসবে। বাবরি মসজিদ ধ্বংস করা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। একটা প্ল্যান আছে, একটা কমপ্লিট প্ল্যান আছে। সুতরাং এসবের মোকাবিলা সমস্ত মানুষকে নিয়ে করতে হয়। পশ্চিমবঙ্গের একটা ঐতিহ্য আছে, চরিত্র আছে, সংস্কৃতি আছে। আমরা এসব বরদাস্ত করি না। কিন্তু এই প্রতিবাদ পশ্চিমবঙ্গের মধ্যেই সীমিত থাকলে হবে না, এটা সর্বভারতীয় স্তরে নিয়ে যেতে হবে।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সারা দেশ জুড়ে, আমাদের দেশের স্বনির্ভরতার অন্যতম প্রতীক জীবনবিমা এবং সাধারণ বীমার কর্মীরা যে ধর্মঘট করছে তাকে আমি অভিনন্দন জানাই। বীমা নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বিল এসেছে। আই.এম.এফ., বিশ্বব্যাঙ্ক এবং বিশ্ব বাণিজ্য সংস্থার নির্দেশে ভারত সরকার চলছে। যে ললিতা, মমতা-সমতার চাপে এবং এইসব ছাড়াও তার উপর আই.এম.এফ. বিশ্বব্যাঙ্ক এবং বিশ্ব বাণিজ্য সংস্থা ও এম.এন.সির চাপে পড়ে বীমা নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বিল নিয়ে এসেছেন যা ১৯৫৬ সালে সি.ডি. দেশমুখ এবং ১৯৭৩ সালে ইন্দিরা গান্ধী জীবন-বীমা এবং সাধারণ বীমা জাতীয়করণ করেছিলেন, আজকে তারই ৪০ শতাংশ অংশীদারিত্ব বিদেশিদের হাতে তুলে দিচ্ছেন। এইভাবে কেন্দ্রীয় সরকার মালহোত্রা কমিটির সুপারিশ - যেটা কংগ্রেস আমলে গঠিত হয়েছিল - সেই সুপারিশ কার্যত কার্যকর করার দিকে এগুচ্ছেন। এটা শুধু জীবন-বীমা কর্মী এবং সাধারণ বীমা কর্মিদের চাকরির প্রশ্ন নয়, আমাদের দেশের স্বয়ংম্ভরতার জন্য, শিক্ষা, সাংস্কৃতিক এবং সামাজিক নিরাপত্তার প্রশ্নে জীবন-বীমা, সাধারণ বীমার যথেষ্ট ভূমিকা রয়েছে। এখন আমরা দেখছি এর বিরুদ্ধে প্রতিবাদ সংগঠিতভাবে হচ্ছে। কালকে লোকসভায় যে বিল উত্থাপন করলেন জোর-জুলুম করে এটা আশ্বস্তের কথা সেই বিল সিলেক্ট কমিটিতে পাঠানো হয়েছে। আমি এই বিধানসভার সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি

এর বিরুদ্ধে ধিক্কার জানাবার জন্য এবং পাশাপাশি সংগঠিতভাবে বীমা কর্মীদের পক্ষে যারা এর বিরুদ্ধে প্রতিবাদ করছে তাদের ধন্যবাদ এবং অভিনন্দন জানাই।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী প্রত্যুষ মুখার্জী ঃ** মাননীয় স্পিকার স্যার, হাওড়া জেলায় একটা গুরুত্বপূর্ণ জুটমিল - কানোরিয়া জুট মিল সেই জুটমিলটিতে মালিকপক্ষের লোকেরা অর্থাৎ পাসারির লোকেরা হঠাৎ সাসপেনশন অব ওয়ার্কের নোটিস জারি করেছেন। এরফলে হাওড়া জেলায় একটা ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হবে। কারণ এই জুটমিলে সাড়ে ৪ হাজারের মতন শ্রমিক কর্মচারী বেকার হয়ে পড়েছেন। আমরা জানি, কিছুদিন আগে এটা বি.আই.এফ.আরে গিয়েছিল এবং পরবর্তীকালে পুনরুজ্জীবনের যে পরিকল্পনা গ্রহণ করা হয় তাতে রাজ্যসরকারের নির্দিষ্ট ভূমিকা ছিল এবং শ্রমিকেরাও ব্যাপক ত্যাগ স্বীকার করে তাদের পক্ষ থেকে যতটুকু উৎপাদন বাড়িয়ে নিয়ে গিয়ে কারখানাটিকে চালু রাখা যায় তার জন্য যথেষ্ট সহযোগিতা করেছিলেন। কিন্তু হঠাৎ মালিকপক্ষের এই ধরনের পদক্ষেপ গ্রহণ করার ফলে, অবিবেচকের মতন কাজ করার ফলে, প্রচন্ড রকমের খারাপ পরিস্থিতি তৈরি হয়েছে। রাজ্যসরকার মালিকপক্ষের সঙ্গে যথেষ্ট সহযোগিতা করেছে, তাসত্বেও মালিকপক্ষ জুটমিলটিতে সাসপেনশন অব ওয়ার্কের নোটিস জারি করলো। শ্রমিকদের গ্রাচুইটি এবং প্রভিডেন্ট ফান্ডের টাকাও দিচ্ছে না। সুতরাং এই সাসপেনশন অব ওয়ার্কের নোটিস তাদের প্রত্যাহার করতে বাধ্য করা হোক এবং এই ব্যাপারে যাতে পদক্ষেপ নেওয়া হয় তার জন্য আমি দাবি করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তর এবং পি.ডব্লু.ডি. দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, কলকাতা মেডিকেল কলেজে একটা বিল্ডিং-এর সংস্কারের কাজ চলছে। আমি লক্ষ্য করলাম, রোগীর আত্মীয়-স্বজনেরা ক্যাজুয়ালটি ব্লকের সামনে বিল্ডিং-এর সিঁড়িতে অপেক্ষা করেন শীত, গ্রীষ্ম এবং বর্ষাকালে। ওখানে রোগীদের আত্মীয়-স্বজনদের ছাদ-বিহীন সিঁড়িতে না বসতে দিয়ে যদি ছাদ-সহ বসার জায়গা করে দেন তাহলে রোগির আত্মীয়-স্বজনেরা উপকৃত হবেন। এই অনুরোধ আমি স্বাস্থ্য দপ্তর এবং পি.ডব্লু.ডি. দপ্তরের কাছে রাখছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আদিবাসী, তফসিলি জাতি ও উপজাতি বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

করছি। এই পবিত্র বিধানসভায় আমরা বাংলার চাঁই সমাজকে তফসিলি জাতি ভুক্ত করার জন্য সর্বসম্মত প্রস্তাব গত অধিবেশনে গ্রহণ করেছিলাম। তারপর রাজ্যসরকারের এই দপ্তর থেকে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে। এই সমাজকে ইনক্লুড করার ব্যবস্থা করার ব্যাপারে বারংবার যোগাযোগ করা হয়েছে। কিন্তু আমি মাননীয় মন্ত্রীর সঙ্গে যখন যোগাযোগ করি তখন তিনি বলেছিলেন আরও কয়েকটি জাতি, উপজাতিকে সংযোজন করার ব্যাপারে দিল্লির সঙ্গে করেসপনডেন্স করা হয়েছে। আমার বক্তব্য, যে সম্প্রদায়কে আমরা সর্বদলীয় সিদ্ধান্ত নিয়ে সিডিউল কাস্ট কমিউনিটির সাথে যুক্ত করতে বলেছিলাম সে সম্পর্কে কি বিধিব্যবস্থা গ্রহণ করেছেন বলুন। না করে থাকলে অবিলম্বে বাংলার চাঁই সমাজকে তফসিল জাতি ভুক্ত করার জন্য স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দার্জিলিং পাহাড়ি এলাকাতে বিভিন্ন কলেজে বিভিন্ন শিক্ষকের পদ খালি রয়েছে। কার্সিয়াং কলেজে '৯৫ সাল থেকে ১৮ জন শিক্ষককে নিয়োগ করা হয়নি। ফলে ছাত্রদের খুবই অসুবিধা ফেস করতে হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন, অবিলম্বে কার্সিয়াং কলেজে শূন্য শিক্ষকদের পদগুলি পুরণ করার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী অজয় দে ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ সমস্যা এখানে উত্থাপন করছি। নদীর ভাঙনের ফলে মুর্শিদাবাদ জেলায় বিস্তীর্ণ অঞ্চলে চরের সৃষ্টি হচ্ছে। এই চরের জমিতে চাষ করা নিয়ে প্রতি বছর বিরোধ দেখা দিচ্ছে—বিশেষ করে ভারত ও বাংলাদেশের মধ্যে বিরোধ দেখা দিচ্ছে। এবারে নতুন যে সমস্যার সৃষ্টি হয়েছে তা হচ্ছে নদীর ওপারে যে জমি আছে সেই জমিতে আমাদের ভারতীয় চাষীরা যখন চাষ করতে যাচ্ছে তখন তাদের বাধা দিচ্ছে বাংলাদেশিরা। এমন কি রাতের অন্ধকারে তারা ফসল পর্যন্ত কেটে নিয়ে যাচ্ছে। এরকম তীব্র সমস্যা দেখা দিয়েছে বিশেষ করে রানিনগর চর, জলঙ্গীর চর এই সমস্ত এলাকায়। সেখানে এই সমস্যা একটা মারাত্মক আকার ধারণ করেছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে বলব, ভারত সরকারের তো এই অবস্থায় করণীয় কিছু নেই অন্তত রাজ্যসরকারের পক্ষ থেকে বি.এস.এফের কর্তা যারা আছেন তাদের সঙ্গে আলোচনা

করে একটা ব্যবস্থা করুন এবং রাজ্য পুলিশের পক্ষ থেকে এরজন্য অবিলম্বে একটা ব্যবস্থা গ্রহণ করুন। সেখানে দেখুন যাতে আমাদের চাষীরা চাষ করতে পারে এবং তাদের ফসল তাদের ঘরে নিয়ে যেতে পারে। তা না হলে হাজার হাজার বিঘা জমিতে আমাদের চাষীরা চাষ করবে আর ফসল নিয়ে যাবে ওরা এটা খুবই মারাত্মক অপরাধ। অবিলম্বে এটা দেখা উচিত। চাষীদের রক্ষা করা উচিত। তা না হলে চাষীদের সর্বনাশ হয়ে যাবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোলকাতা মেডিকেল কলেজ এবং হাসপাতালে গত এক বছরে অর্থাৎ ৩৬৫ দিনে ১৭৯টি সদ্যজাত শিশু মারা গিয়েছে। স্যার, আপনি জানেন, এখানে শুধু শিশু পাচার হচ্ছে তাই নয়, মায়ের কোল থেকে শিশুদের কেড়ে নিয়ে বিক্রিও করা হচ্ছে। সর্বোপরি এখানে সদ্যজাত শিশুরা চিকিৎসার অভাবে জন্মাবার দু ঘন্টা থেকে শুরু করে ৭২ ঘন্টার মধ্যে অনেকে মারাও যাচ্ছে। আমরা বার বার স্বাস্থ্য দপ্তরকে বলেছি, মেডিকেল কলেজ হাসপাতালের প্রসূতি বিভাগকে আধুনিক চিকিৎসা ব্যবস্থা সম্বলিত করে তবেই যেন প্রসূতি মায়েদের ভর্তি করা হয়। কিন্তু স্যার, তা তো হচ্ছেই না উপরন্তু দেখা গেল গতকাল আরও একটি ৪ বছরের শিশু সেখানে সম্পূর্ণ বিনা চিকিৎসায় তার বাবা, মার চোখের সামনে মারা গেল। যেহেতু শিশুটির বয়স ৪ বছর সেইহেতু শিশুটির শয্যাতে শিশুটির সঙ্গে তার মাও ছিলেন। তার কোলের উপর শুয়ে শিশুটি যখন প্রায় মারা যাবার উপক্রম তখন বার বার ডাক্তার, নার্সদের ডাকা হয়েছে। সেখানে একজন নার্সও আসেন নি, একজন ডাক্তারকেও ডাকা হয়নি। তারপর আর একজন রোগির আত্মীয় এসে ডাক্তারকে যখন বলতে গিয়েছেন তখন ডাক্তার তাকে বলেছেন, 'আমি ডাক্তার, না আপনি ডাক্তার? যা প্রয়োজন আমি করব।' স্যার, তার আধ ঘন্টার মধ্যেই শিশুটি মারা যায়। স্যার, এই অমানবিক কান্ড বন্ধ করার জন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরকে বলছি, কোলকাতার মেডিকেল কলেজ এবং হাসপাতালে সদ্যজাত শিশু এবং অন্যান্য শিশুদের বাঁচানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী রামজনম মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, আমার উলুবেড়িয়া নর্থ কেন্দ্রটি একটি ইন্ডাস্ট্রিয়াল বেল্ট। এখানে কিন্তু রাস্তাঘাটের অবস্থা খুবই খারাপ। এইসব রাস্তা দিয়ে বড় বড় লরি, ট্রাক যাতায়াত করে। এখানে ৮টি

ইন্ডাস্ট্রি আছে। কলকারখানার অবস্থা খুব খারাপ। ওখানে রাস্তা সম্পূর্ণভাবে হয়ে গেছে। আমি বহুবার বিধানসভায় বলেছি, পূর্ত দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে কিন্তু আজ পর্যন্ত ঐ বাউলিয়া station to মইলা পুকুর রাস্তা রিপেয়ারিং কোনও কথা নেই। আমি মনে করি এই রাস্তা যদি তাড়াতাড়ি রিপেয়ার করা তাহলে শিল্প বাঁচবে। তানাহলে শিল্প ধ্বংস হয়ে যাবে। কোনওরকম অবস্থা যাতে মাল এক্সপোর্ট ইমপোর্ট হতে পারে। কাজেই আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে দ্রুত ঐ রাস্তার কাজ শুরু করা হোক।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** (অনুপস্থিত)

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এক বলতে চাই যে, সমবায় মন্ত্রী দয়া করে যেন আসানসোল না যান। ওনা আসানসোল স্টেশনে নামতে দেওয়া হবেনা। কারণ উনি আবার সমবায় আন্দোলনে জন্য, সমবায় ব্যাঙ্কের জন্য ২৮ তারিখ কলকাতা ময়দানে মেলা করছেন। অপদা মন্ত্রী। স্যার, হাজারবার ওনাকে বলেছি যে, আসানসোল বিজনেস কো-অপারেটি ব্যাঙ্ক ২ কোটি টাকা মেরে দিয়েছে আমানতকারিদের টাকা। ব্যাঙ্কে বা অ্যাসোসিয়েশনের টাকা আছে, আসানসোল ডাচ কলেজের টাকা আছে, দীনমজু লোকেদের টাকা আছে, আমার মতো অনেক উকিলের টাকা আছে। মানুষ বা বার গিয়েও টাকা আদায় করতে পারছে না। আজ পর্যন্ত উনি অডিটও করেন নি আবার সমবায় আন্দোলনের জন্য বড় বড় বক্তৃতা মারছেন। ২৮ তারিখে কলক ময়দানে যে মেলা করছেন, আমি যদি সেদিন থাকি তাহলে ওনার সামনেই বিক্ষো দেখাব। আর আসানসোল স্টেশনে যখন উনি যাবেন তখন চূড়ান্ত বিক্ষোভ দেখা হবে। আপনি ওনাকে প্রোটেকশন দিয়ে পাঠাবেন। এই ব্যবস্থা আপনাকে কর হবে। দুনিয়ার লোকের টাকা মেরে দিয়েছে, কোটি কোটি টাকা, আজ পর্যন্ত অডি করা হলনা। মানুষকে একেবারে পথের ভিখারি করে দিয়েছে।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিরো আওয়া একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে এখানে উপস্থিত করতে চাই। আপ জানেন যে সরকার শিল্পায়নের জন্য দারুনভাবে চেষ্টা করছেন। কিন্তু ফলতা এক্সপো

প্রোসেসিং জোন এখানে শিল্পায়নের জন্য। আমরা দেখছি যে সরকারের সেই প্রচেষ্টা হোচট খাচ্ছে। এই বাণিজ্য কেন্দ্র তৈরি করার ব্যাপারে ৩টি গ্রামের মানুষ আজকে উদ্বাস্তু জীবন যাপন করছে। এখনও পর্যন্ত ২ নম্বর সেক্টরে কোনও কাজ চালু করতে পারলেন না। অন্য দিকে এক নম্বর যে কয়টা কারখানা চালু হয়েছিল তার অর্ধেক আজকে চলে গেছে এবং চলে যাওয়ার ফলে ঐ এলাকার শ্রমিকরা মার খাচ্ছে। তারা বিভিন্ন রকম কষ্টের মধ্যে আছে। যারা সর্বস্ব ত্যাগ করলো তারা আজকে পথের ভিখারি। আর একটা কথা হচ্ছে, পাশে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার চালু হয়েছে। কিন্তু তাদের অবস্থাও সেই একই রকম। সেখানে আমরা দেখছি যে শ্রমিকরা ছাটাই হচ্ছে এবং সেই অবস্থায় সেখানে আজকে শ্রমিকরা মৃত্যুর সঙ্গে লড়াই করছে। এই শিল্পায়নের নাম করে চরম ধাপ্পাবাজি চলছে এবং মালিক পক্ষ অর্থ লুণ্ঠন করছে। আর সেখানে বেকার সংখ্যা আরও বাড়ছে এবং তার সঙ্গে শব্দ দূষণ, বায়ু দূষণ এবং জল দূষণ হচ্ছে। আর এই কারখানা করার ফলে ঐ এলাকায় দারুন জলের সঙ্কট দেখা দিয়েছে, জলের স্তর নিচে নেমে গেছে। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে এটা উত্থাপন করলাম। ধন্যবাদ।

**শ্রী সুনীল ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মন্ড হারবার মহকুমা জেল হাজতে অতি সম্প্রতি কুখ্যাত অপরাধিদের একটা দল ব্যাপক বিশৃঙ্খলা সৃষ্টি করে চলেছে এবং এই বিশৃঙ্খলা সৃষ্টি করে একটা ত্রাসের সৃষ্টি করছে। যারা ন্যুনতম অপরাধে অপরাধী তাদের উপরে দৈহিক নির্যাতন চালাচ্ছে এবং এমন নির্যাতন চালাচ্ছে যে তাদের আত্মীয়দের কাছ থেকে যাতে তারা টাকা আদায় করে সেই টাকা ঐ অপরাধীদের দেয় এইরকম একটা অবস্থার সৃষ্টি করছে। ঐ কুখ্যাত সমাজ বিরোধিদের সঙ্গে জেলার সাহেবের একটা ভাগাভাগি আছে। যে জেল রক্ষী, কর্মচারিরা আছে তারা সেই টাকা তাদের উৎকোচ হিসাবে দেয়। এইরকম একটা অবস্থা সেখানে তৈরি হয়েছে। আমাদের ফলতা থানায় বাগুলাভ বলে একটা গ্রাম আছে। সেখানকার একজন আসামী বাড়িতে এসে মারা যায় এবং আর একজন আসামী জয়ন্ত কয়াল সে হাসপাতালে ধুকছে। এইভাবে প্রত্যেক আসামীর উপর ঐ কুখ্যাত সমাজবিরোধী দল অত্যাচার চালিয়ে যাচ্ছে, কিন্তু জেলা প্রশাসন নির্বিকার। তারা অকর্মন্য, অপদার্থ। তাই আপনার মাধ্যমে কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, এর বিরুদ্ধে অচিরে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বজবজ থেকে দুটি মেয়েকে পাচারকারিরা মুম্বাই নিয়ে যায়। মেয়ে দুটিকে একটি বাড়িতে রাখবার পর তারা দেখতে পায় সেই বাড়িতে আরও অনেক মেয়ে আছে এবং তখন তারা বুঝতে পারে যে, তাদের বিক্রি করা হয়েছে। তারপর মেয়ে দুটি কোনওক্রমে পালিয়ে একটি বাঙালি ছেলের সঙ্গে কলকাতায় ফিরে আসে এবং ডি.সি. (ডি.ডি.)-র কাছে রিপোর্ট করে। কিন্তু তিনি তাদের বলেন 'আমার কিছু করার নেই; তোমরা মুম্বাই ফিরে যাও।' তারপর তারা ভবানিপুরে যায়। সেখানে পুলিশ তাদের বলেন - আপনারা বাড়ি ফিরে যান। কিন্তু তারা ওদের বলেন - 'ওখানে আরও অনেক মেয়েরা রয়েছে, তাদের বাঁচাবার চেষ্টা করুন। বাড়িটির নাম দিচ্ছি।' আজও বজবজ থানার কুলপীতে একটি ঘটনা ঘটেছে। কাজেই পুলিশ যদি এসব ব্যাপারে ব্যবস্থা না নেয় তাহলে কি হবে? এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া দরকার।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি। কেন্দ্রীয় সরকার তাদের কর্মচারিদের অবসর গ্রহণের বয়সের সীমা বাড়িয়েছেন, তাই কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরাও আশা করছেন যে, তাদের বয়সের সীমাটা বাড়বে। কিন্তু এখনও পর্যন্ত এ-ব্যাপারে কোনও ঘোযণা নেই। তার জন্য নানা বিভ্রান্তিকর মন্তব্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মধ্যে হচ্ছে। আমি উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে আবেদন করছি এই ব্যাপারে সুস্পষ্ট ঘোষণা করতে যাতে এ-ব্যাপারে বিভ্রান্তি দূর হয়।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সভায় একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করছি। মালদা জেলার যেসব কবরস্থান এবং শ্মশানঘাট রয়েছে, যেগুলো পঞ্চায়েত, জেলা পরিষদ বা মিউনিসিপ্যালিটির আন্ডারে রয়েছে, সেগুলোর ডেভেলপমেন্ট করবার জন্য আমি অনুরোধ করছি। বিশেষ করে মালদা শহরের বুকে যে কবরস্থানটি রয়েছে সেটা শহরের ৪৭,০০০ মুসলিম সম্প্রদায়ের কবরস্থান, কিন্তু তার চারপাশে প্রিভেন্টিভ ওয়াল নেই, আলোর ব্যবস্থা নেই। শুধু ৪৭,০০০ মুসলিম সম্প্রদাই নয়, যেহেতু মালদা ডিস্ট্রিক্ট হেড কোর্য়াটার, তার জন্য সারা জেলার আনক্লেমড ডেডবডিও ওখানে কবর দেওয়া হয়, কারণ ওখানে এমন কোনও ব্যবস্থা নেই যেখানে ঐসব বডি কবর দেওয়া যায়। কিন্তু বিষয়টা অত্যন্ত সেনসেটিভ। এ-ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা, মুর্শিদাবাদ, নদীয়া এবং নর্থবেঙ্গলে বন্যা যা হয়ে গেলো সেই বন্যার পরবর্তী পরিস্থিতিতে আমরা কি কেবলমাত্র রিলিফ দিয়েই ক্ষান্ত হব। এই বন্যা নিয়ন্ত্রণে একটা স্থায়ী ব্যবস্থা নেওয়া দরকার এবং তার জন্য অ্যাপ্রোপ্রিয়েট ম্যানেজমেন্ট স্কিম নেওয়া দরকার এখন থেকেই। এই সম্পর্কে বলি, ফ্লাড হ্যাজার্ড জোন হিসাবে কোন কোন এলাকা পড়ে সেটা ডিমার্কেশন করা দরকার। ফ্লাড কন্ট্রোলের একটা ইনটিগ্রেটেড প্ল্যানিং দরকার। ফ্লাড হ্যাজার্ড জোন কোনগুলি সেটা ডিমারকেশন করা দরকার। এর সঙ্গে একটা ফ্লাড ড্যামেজ ডাটা সংগ্রহ করতে হবে। অতীতে কি হয়েছে এবং বর্তমানে কি হচ্ছে সেটা দেখে তার একটা ডাটা সংগ্রহ করা দরকার। আর হচ্ছে এপিডেমিক আউট ব্রেক যেটা আছে সেটা লিপিবদ্ধ করা দরকার। ফ্লাড ম্যানেজমেন্ট প্ল্যানিং নর্মস তৈরি করা অত্যন্ত জরুরি। সেটার দুটি দিক আছে, একটা হচ্ছে স্ট্রাকচারাল মেজার এবং আর একটা হচ্ছে ইরোশন কন্ট্রোল স্ট্রাকচার। স্ট্রাকচারাল মেজার্সের মধ্যে হচ্ছে কনস্ট্রাকটিং এমব্যাঙ্কমেন্ট এবং ইরোশন কন্ট্রোলের মধ্যে হচ্ছে অ্যাফরেসট্রেশন।

[1-30 — 2-15 p.m.(including adjournment)]

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষার ক্ষেত্রে কি রকম অব্যবস্থা চলছে কি রকম নৈরাজ্য চলছে, আপনার সামনে তার একটা দৃষ্টান্ত তুলে ধরছি এবং বিশেষ করে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কেননা এই ঘটনা ঘটেছে আপনার কেন্দ্রে। মিরহাটি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বীথিকা বন্দ্যোপাধ্যায় অ্যাপ্রুভড হেড মিসট্রেস অব দি ইন্সটিটিউশন। গত শনিবার সেই স্কুলের সেক্রেটারি বিশ্বনাথ সাধুখাঁ স্কুলে গিয়ে তাঁকে বললেন যে রিজাইন দিতে হবে। জোর করে তাঁকে এবং অ্যাসিসটেন্ট মিসট্রেসকে ঘরের মধ্যে বন্দি রাখে এবং তাঁদের নিগ্রহ করে। তাঁর পদত্যাগ পত্র নিয়ে তাঁর ইচ্ছা মতো একজনকে অ্যাপয়েন্টমেন্ট দেবার জন্য এই ঘটনা ঘটায়। তাঁকে ডি.আই. অ্যাপ্রুভাল দিয়েছেন। এই ব্যাপারে যাতে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হয় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। সেক্রেটারি, তিনি যেই হোন না কেন তাঁর বিরুদ্ধে অ্যাপ্রোপিয়েট অ্যাকশন যাতে নেওয়া হয় তার জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যাতে কোনও বিদ্যালয়ে এইরকম নিগ্রহ না হয় তার জন্য দাবি জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার মিলিত হবো ২-১৫ মিঃ

(At this stage the House was adjourned till 2-15 p.m.)

[2-15 — 2-20 p.m.]

...(After Recess)...

## LEGISLATION

### The West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1998, as reported by the Select Committee

**Shri Gautam Deb :** Sir, I beg to introduce the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1998 as reported by the Select Committee.

(Secretary then read the Title of the Bill)

**Shri Gautam Deb :** Sir, I beg to move that the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1998, as reported by the Select Committee, be taken into consideration.

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপার্টমেন্ট ওনারশিপ (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৮, অ্যাজ রিপোর্টেড বাই দি সিলেক্ট কমিটি, এই বিলের উপরে আমি কিছু বলছি। নর্মালি আমার এতে বলার কথা নয়। তার কারণ, আপনি জানেন যে, এই বিল আগে আমাদের হাউসে এসেছিল। তারপর ২৯শে জুন, ১৯৯৮ এটি সিলেক্ট কমিটিতে পাঠিয়ে দেওয়া হয়। আমি সেই সিলেক্ট কমিটিতে একজন মেম্বার ছিলাম এবং আমি সেখানে ডেলিবারেশনে পার্টিসিপেট করেছি। সুতরাং স্ট্রিক্টলি স্পিকিং, আমার বলার কথা নয়। কিন্তু আমাদের অনেক মেম্বার যেহেতু দিল্লিতে চলে গেছেন, তাই আমি বলছি। তাঁরা থাকলে আমি বলতাম না। নতুন করে পাশ করানোর জন্য এটাকে এখানে আনা হয়েছে। অরিজিন্যাল বিলে যে অবজেক্টস অ্যান্ড রিজনস ছিল, সেটা যে ফর্মে সিলেক্ট কমিটিতে রিপোর্টেড হয়েছিল, সেটা এখানে এসেছে, সেটা স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনস দেখলে বোঝা যাবে না। এই বিল আনার উদ্দেশ্য স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজনস-এ নেই। এই বিলটি আনার উদ্দেশ্য হচ্ছে মেনলি সরকারি আবাসনে - এলআইজি এবং এমআইজি - অনেক লোক থাকেন। কিন্তু বর্তমানে যে ভাড়া

আছে, তা দিয়ে মেনটেনেন্স করতে পারছেন না। তারফলে অ্যাপার্টমেন্টের অবস্থা খুব খারাপ, সেগুলো ভেঙে পড়ছে। তাই সরকার কিছুদিন ধরে নেগোসিয়েশন করছিলেন, যারা অ্যাপার্টমেন্টে থাকেন তাঁরা যাতে ফ্লাটটা কিনে নিতে পারেন। তাঁরা কিনে নিয়ে যদি অ্যাশোসিয়েশন তৈরি করেন, সেই অ্যাশোসিয়েশনের মাধ্যমে রক্ষণা-বেক্ষণ হতে পারে। তার কারণ লোকেরা শস্তায় ভাড়া দিয়ে থাকবে এবং সরকার ভর্তুকি দেবেন, এটা সামাজিক ভাবে ন্যায় সঙ্গত নয়। দীর্ঘদিন ধরে চলার পর দেখা গেল আইনগত কিছু বাধা আছে। সেই বাধাগুলোকে দূর করার জন্য এই বিলটি আনা হয়েছে। এই উদ্দেশ্যে বিলটি আনা হয়েছে যে, সরকারি রেন্টাল হাউজিং এস্টেটে যারা থাকছেন, তাঁদের কাছে ফ্লাটটা বিক্রি করে দেওয়া এবং তারপরে তাঁরা যাতে ফ্লাটগুলোর মেনটেনেন্স করতে পারেন। এইজন্য আমি এটিকে সমর্থন করি। এই বিলে কয়েকটি সংশোধন করা হয়েছে। একটা হচ্ছে, ওনার কারা হবেন যারা মালিক রয়েছেন তাঁরা, কিংবা যাকে বলা হচ্ছে ডিমড টু বি ওনিং সাচ প্রপার্টি। এখানে এই ডিমড টু বি ওয়িং বলতে কে?

[2-20 — 2-30 p.m.]

সেখানে ওরা বলছেন যে ব্যক্তি কেনার জন্য একটা এগ্রিমেন্ট করছেন বা লিজ নেবার জন্য এগ্রিমেন্ট করছেন এবং তার একটা অংশ পেমেন্ট করছেন রেজিস্ট্রেশনের আগে, তাকে ডিমড ওনার বলা হবে। এটা যেহেতু রেজিস্ট্রেশন করতে হয় সেহেতু ফ্ল্যাটগুলো বিক্রি করতে গেলে পরবর্তী সময়ে কিছুটা সময় লাগলেও কোনও বাধার সৃষ্টি হবে না। এবং সঠিকভাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দ্বিতীয়ত প্রোমোটরদের ক্ষেত্রেও ডেফিনেশন পাল্টানো হয়েছে যে প্রোমোটরকে বলা হচ্ছে এনি পারসন "Any person who constructs, or causes to be constructed, a building on a plot of land for the purpose of transfer of such building by sale, gift or otherwise to any other person or to a company, co-operative society or association of persons, and includes (i) his assign (ii) the person who constructs (iii) any board, company etc. সুতরাং এই ব্যাপারে প্রোমোটরদের ক্ষেত্রে একটা নতুন ডেফিনেশন যোগ করা হল। কিন্তু মূলত ওনার ডেফিনেশন চেঞ্জ করা হল যাতে যারা নতুন করে ফ্ল্যাট কিনবেন তারাও যাতে রেজিস্ট্রেশনের সুযোগ পান, কোনও আইনগত বাধা থাকবে না। আজকে মাননীয় মন্ত্রিমহাশয়কে হাউসে বলতে বলব যে, উনি কি কনভিন্সড যে এরপরে যারা রেন্টাল হাউসিংএ থাকেন, তাদের ফ্ল্যাট

কেনার ক্ষেত্রে কোনও বাধা থাকবে না। তার কারণ আমার কাছে অনেকে এইরকম ফ্ল্যাটে থাকেন তারা এসেছিলেন, তারা এই বিষয়ে প্রশ্ন তুলেছেন। তারা বলছেন যে তারা তো অনেকদিন ধরেই শুনছেন আইনগত বাধা আছে, কিন্তু তাহলে বিলটা দেখার পরেও তারা কনভিন্সড হতে পারছে না যে আইনগত বাধা থাকবে না। ওই ফ্ল্যাটগুলো ভেঙ্গে পড়ে যাচ্ছে, খুবই খারাপ অবস্থা, মেনটেনেন্স সরকার কিছুই করতে পারছে না। সুতরাং এই ব্যাপারে মন্ত্রীর কাছ থেকে তারা স্পষ্ট করে নিতে চান যে, সরকারের অ্যাসুরেন্স আছে কিংবা যে এরপরে এই ব্যাপারে আর কোনও বাধা থাকবে না। আমি আশা করি মন্ত্রী আজকে এই হাউসে এটা ক্লিয়ার করে দেবেন। এই হাউসে এরমধ্যে আমার কাছে অনেক সরকারী কর্মচারী এসেছেন, তাদের একটা আলাদা সমস্যা আছে। সরকারী কর্মচারীরা এখন যেখানে থাকেন তাকে বলে রেন্টাল হাউসিং এস্টেট, তাদেরটা হচ্ছে কো-টার্মিনাস। অর্থাৎ তারা যখন রিটায়ার করবেন তখন তাদের সেখানের ফ্ল্যাট ছেড়ে দিতে হবে। রেন্টাল হাউসিংয়ের এই যে বিল এটা রেন্টাল হাউসিং এস্টেটের সঙ্গে কোনও সম্পর্ক নেই। এখানে সরকারী কর্মচারীরা বলছেন যে, আমরা যে রিটায়ার করে চলে যাব তারপরে আমরা যাতে ফ্ল্যাট পাই তার তো কোনও ব্যবস্থা থাকবে না। তারফলে রাতারাতি যেদিন রিটায়ার করব সেইদিনই গৃহহীন হয়ে যাচ্ছি। সুতরাং গভর্নমেন্ট এটা কনসিডার করবেন কিনা সেটা জানতে চাইছে। সুতরাং সরকারী কর্মচারী যারা রিটায়ার করবেন তাদের জন্য ফ্ল্যাট কনস্ট্রাক্ট করবেন কিনা, তাদের জন্য কোনও সুযোগ সুবিধা করে দিতে পারবেন কিনা এটা একটু ভেবে দেখবেন। কারণ এখন তো সরকারী কর্মচারীদের মাইনে অনেক ভাল হয়েছে। ওদের জন্য বিক্রি করার ফ্ল্যাট গভর্নমেন্ট তৈরি করতে পারবেন কিনা, তাহলে তারা ওইসব ফ্ল্যাট কেনার জন্য প্রস্তুত থাকবে। এই প্রসঙ্গে আমি দু-একটি আরও কথা বলব। যদিও সেটা এই বিলটির সঙ্গে রিলেটেড নয়। এই ব্যাপারে কোনও সন্দেহ নেই যে হাউসিং মিনিস্টার এটা উপলব্ধি করতে পেরেছেন যে কত ডিমান্ড হাউসিংয়ের। তবে উনি ইনোভেটিংয়ের চেষ্টা করছেন এবং নতুন ধরনের চেষ্টা করছেন যাতে করে হাউসিং তৈরি হয় কিছুটা। কিন্তু তারমধ্যে একটা মেন কাজ হচ্ছে জয়েন্ট সেক্টরে হাউসিং প্রজেক্ট। স্যার, আপনি জানেন যে, এরমধ্যে বেঙ্গল অম্বুজার যেটা ছিল সেটা ইনোগরেট হয়েছে এবং বেঙ্গল পিয়ারলেসের যেটা রাজারহাটে হচ্ছিল, সেটাও ইনোগরেটেড হয়েছে। আরও কয়েকটি কোম্পানিকেও দিয়েছেন। আমি প্রথম থেকেই হাউসে বলেছি যে সরকারের কাছে যখন এতো ফ্ল্যাট করার টাকা নেই তখন

এটাতে আমরা আপত্তি করতে পারি না। সরকারের কাছে জমি আছে সেটা ভেস্টেড জমিও হতে পারে বা অন্যভাবেও আসা সরকারী জমি হতে পারে। সেই জমিটা যদি সরকার দিয়ে হাউসিং করতে পারেন তাহলে কিছু নিম্নবিত্তদের সুযোগ থাকে এবং তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু একটা প্রশ্ন সেখানে থেকে যায় যে, যে সিসটেম আপনারা চুজ করেছেন প্রমোটরদের, সেটা ওপেন অ্যান্ড অ্যাবাভ হওয়ার দরকার। গুজরাট অম্বুজা নামকরা কোম্পানি ভারতবর্ষে, এমন কি গুজরাট অম্বুজা যে জমি পেয়েছে বাই পাশের ধারে সেটাও ওপেন টেন্ডারে আপনারা দেন নি। ঠিক তেমনি পিয়ারলেস পশ্চিমবঙ্গের পরিচিত কোম্পানি, তাদেরকেও যে জমি রাজারহাটে দিয়েছেন, সেটাও ওপেন টেন্ডারে দেন নি। কাগজে বিজ্ঞাপন দেন নি যে পশ্চিমবঙ্গ সরকার জয়েন্ট সেক্টর প্রজেক্ট করতে চায়, সুতরাং যারা যারা উইলিং, যাদের এই ক্ষমতা আছে তারা অ্যাপ্লাই কর। আপনারা সেটাও ঠিক করেছেন, এর সঙ্গে প্রাইভেট নেগোসিয়েশনে আরও ২টি কোম্পানিকে নিয়ে জয়েন্ট সেক্টরে প্রজেক্ট হচ্ছে। একটা হচ্ছে স্রাচি ইনভেস্টমেন্ট তার মালিক হচ্ছেন স্রাবন কুমার টোডি। আপনারা এই হাউসে তার নাম নিশ্চয় অনেকবার শুনেছেন। কার ঘনিষ্ঠ আপনারা জানেন। আর একটা করেছেন IFS Housing তার মালিক হচ্ছেন বিজন House এটাও হয়ত নামটা হাউসে শুনে থাকতে পারেন। এই ব্যাপারগুলি একটু shrouded some secracy. যে কেউ জানছে না। এদের সঙ্গে কি ভাবে নেগোসিয়েশনটা হচ্ছে। আফটার অল জমিটা সরকারের, রাজারহাটে নূতন টাউনশিপ হচ্ছে, রবীনবাবুর কন্সটিটিউয়েন্সি, কৃষকরা উচ্ছেদ হচ্ছে, উচ্ছেদ হয়ে যাওয়ার পরে সেখানে নূতন করে রাস্তা তৈরি হচ্ছে, কিছু জায়গা কোল ইন্ডিয়াকে দেওয়া হবে, কিছু জায়গা জয়েন্ট সেক্টরকে দেওয়া হবে। কৃষকদের কি অসুবিধা হচ্ছে, সে রবীনবাবু বুঝবেন। কিন্তু এই জমিগুলি সরকার অনেক কষ্টে অ্যাকুয়ার করছেন, সুতরাং সেই জায়গা যখন কাউকে দেওয়া হবে তখন সেই ব্যাপারটা যেভাবে করা হবে, সেটা ওপেন অ্যান্ড অ্যাবাভ বোর্ড হোক। হয়ত করছেও। একই ব্যাপার, সেটা অবশ্য গৌতম বাবুর সঙ্গে রিলেটেড নয় যে রেস ট্রাক হচ্ছে, যারা পাস্ট ট্রাক রেস করবে, তারা পৃথিবীতে কমপিটেন্ট কোম্পানি কিনা? তারা যে কন্ডিশন অ্যান্ড টার্মস-এ করছেন সেই কন্ডিশন অ্যান্ড টার্মস ফেবারেবিল কিনা? এইগুলি সবটাই বিচার করার ব্যাপার আছে। আমি আশা করি মাননীয় মন্ত্রী এই ব্যাপারে আমাদের মনে যে সন্দেহ আছে সেটা দুর করবেন। কলকাতায় এখন প্রোমোটরের সংজ্ঞা নিয়ে বলা হচ্ছে, এর আগে আমরা এই হাউসে প্রোমোটরদের নিয়ন্ত্রণ করার জন্য একটা বিল পাস

করেছিলাম, সিলেক্ট কমিটিতে গিয়েছিল, আমরা সেই কমিটিতে ছিলাম, পাসও করেছি। এবং সেই বিলটা এখন চালুও হয়েছে। কিন্তু এখন পর্যন্ত প্রোমোটরদের উপরে সরকার যে কিছু নিয়ন্ত্রণ করবেন সেটা এখন পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি না। এখানে দুই রকমের ব্যাপার হচ্ছে, যারা বড় প্রোমোটর আছেন তারা বাড়ি করেন, বড় প্রোমোটর বেশি লাভ করেন, কিন্তু তারা ডেলিভারি করেন। কিন্তু অনেক নূতন ফ্লাই বাই নাইট অপারেটারস হচ্ছে, তারা কোনমতে চার জনে জিম নিয়ে বলল আমরা বাড়ি করবো। শেষ পর্যন্ত যে টাকাটা তারা তুলছেন সেটা খেয়ে ফেলছেন এবং শেষ পর্যন্ত বাড়ি ডেলিভারি করতে পারছে না। এবং আমি বহু মধ্যবিত্তকে জানি তারা তাদের সেভিংস ফ্ল্যাট এর ক্ষেত্রে ইনভেস্টমেন্ট করেন কিন্তু তারা ফ্ল্যাট এর ডেলিভারি পাননা। আমি বহুক্ষেত্রে দেখেছি, এই রকমও জানি, কোঅপারেটিভ হাউসিং করতে গিয়ে কোঅপারেটিভ মামলায় আটকে গিয়েছে এবং তারা এখন পর্যন্ত বাড়ি পায়নি। ৩।৪।৬ বছর ধরে লোকে অপেক্ষা করে আছে ফ্ল্যাট পাবার জন্য। আমাদের যেটা উদ্দেশ্য ছিল, এখানে গৌতমবাবু প্রোমোটরদের ডেফিনেশন চেঞ্জও করেছেন - কারা প্রোমোটর। প্রোমোটর ইনক্লুডস promotor - includes any Board, company corporation Firm or other association of persons, established by or under any law for the time being in force সুতরাং এখানে যাতে এই নূতন বিল্ডিং প্রমোশন এর উপর কন্ট্রোল থাকে এটা দেখা দরকার। এই কথা বললে অত্যুক্তি হয়না, একমাত্র ইন্ডাস্ট্রি যেটা পশ্চিমবাংলায় চলছে সেন্ট্রালের সব ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে, ই.সি.এল.এর ৮টা কোম্পানি, ইত্যাদি ইত্যাদি - সেটা হচ্ছে প্রোমোটরি ইন্ডাস্ট্রি চলছে মানে বিল্ডিং কন্সট্রাকশন হচ্ছে। যদিও কলকাতায় রিয়েল এস্টেট এর দাম এখন কম এবং ফ্ল্যাটের দামও আগের থেকে কম আছে, কারণ কান্ট্রিওয়াইড রিফেসান। হাই প্রাইস ফ্ল্যাট কম। কিন্তু পাড়ায় পাড়ায় প্রমোটিং তাতে বন্ধ হয়ে যায়নি। হাই প্রাইস ফ্ল্যাট বন্ধ আছে। পাড়ায় পাড়ায় প্রোমোটিং যেমন হয় একদিকে, তেমনি সোসাল নিডও ফুলফিল করছে। একে কেন্দ্র করে সব রকমের গন্ডগোল। প্রত্যেক এলাকায় যত খুন হচ্ছে, যত অ্যান্টি সোসাল অ্যাকটিভিটিস হচ্ছে, যত মারামারি হচ্ছে সমস্ত প্রোমোশনকে কেন্দ্র করে। এবং সেখানেও আমি দেখছি একজিসটিং লজ কোনও খারাপ প্রোমোটর ইল্লিগ্যাল প্রোমোশন এইরকম কোনও কন্ট্রোল নিয়ে আসতে পারছে না। এটা একটা ক্লাস বাই দেমসেলভস হয়ে গেছে প্রোমোটররা। ইন কলিউশন উইথ দি পুলিশ, এ সেকশন অব লইয়ারস, এ সেকশন অব অ্যান্টি-সোসাল, এরা এক ধরনের কাজকর্ম

করছেন। ডিসপিউটেড জমি জোর করে নিয়ে নিচ্ছে। ইত্যাদি ইত্যাদি ঘটনা ঘটছে। আমার মনে হয়, সেখানে স্ট্রিক কন্ট্রোল আনা দরকার। যদি হাউসিং অ্যাকটিভিটিকে আমরা এনকারেজ করতে চাই, যদি আমরা চাই আরও বেশি হাউসিং ইউনিট আসুক এবং আগে প্রোমোটরিটা কলকাতার মধ্যেই সীমাবদ্ধ ছিল, তারপরে হাওড়ায় বিরাটভাবে হল জি.টি.রোড এর দুই পাশে, এখন আমি শুনছি বহরমপুর, মালদায় বিল্ডিং প্রোমোশন শুরু হয়ে গেছে। এই প্রমোশন এর আগে কনসেপ্ট ছিল একটা লোক জমি কিনে নিজে বাড়ি করবে, এখন প্রোমোটর জমি কিনে ফ্ল্যাট তৈরি করে, লোককে বিক্রি করবে। কনসেপ্টটা পুরো চেঞ্জ করে দিয়েছে। কারণ, খালি জমি অত নেই। জনসংখ্যার প্রসারের জন্য শিলিগুড়িতেও বিগ ওয়েতে এই ব্যাপারটা হচ্ছে, এখন পর্যন্ত এখানে কোনওরকম নিয়ন্ত্রণ আনা যাচ্ছে না।

শিলিগুড়ি বিগওয়েতে এই ব্যাপারটা হচ্ছে, এখনও পর্যন্ত তাদের কোনও নিয়ন্ত্রনে আনা যাচ্ছে না। আইদার অন দি প্রোমোটর অ্যানটাসিডেন্ট অর অন দি কোয়ালিটি অব দি ওয়ার্ক অর অন দি সিকিউরিটি অব দি পিপল, যারা টাকা জমা দিচ্ছে তাদের আনা যাচ্ছে না। এই ব্যাপারটা রাজ্য সরকারের আরেকটু কেয়ারফুলি দেখা দরকার। যখন রাজ্য সরকার এই বিল্ডিং ভেঞ্চারে আসছে তখন রাজ্য সরকার একটা কর্পোরেশন করতে পারেন কিনা সেটা ভেবে দেখবেন। হাউসিং বোর্ড একটা আছে, কিন্তু তারা নিজেদের মতো করে বাড়ি করছে, দ্যাট ইজ এ বোর্ড। বাকি কাজগুলো দেখার জন্য যদি একটা স্ট্যাটিউটারি বোর্ড কর্পোরেশন থাকত তাহলে রাজ্য সরকারের আরও সুবিধা হত। আমি আগেও বলেছি এই বিলের ব্যাপারে সিলেক্ট কমিটিতে আলোচনা করেছি এবং একমত হয়েই এই বিল আমরা পাস করছি। এই বিলের যে উদ্দেশ্য সেই ব্যাপারটাতে আমাদের কোনও ডিসপিউট নেই, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় সদস্যর বক্তব্য থেকে আপনারা শুনলেন যে, এই যে একটা অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্ট, এখানে ঠিক হয়েছিল যে এটা সিলেক্ট কমিটিতে যাবে। সেই সিলেক্ট কমিটির চারটে মিটিং আমরা করি এবং আজকে অনুমোদনের জন্য এখানে আনা হয়েছে। আপনারা শুনলেন যে আমরা একমত হয়েই এটা করেছি। আইনের শুরুতে এইমস অ্যান্ড অবজেক্টস যেটা থাকে সেটা মাননীয় সদস্যরা দেখেছেন, কি

কারণে এই অ্যামেন্ডমেন্ট আমাদের আনতে হল - যেটা কিছুটা সৌগতবাবু বলে
এই সুনির্দিষ্ট উদ্দেশ্যটা স্পেসিফিক করে এফেক্ট হবে। আমাদের রাজ্য সরকা
তরফ থেকে একটা সুনির্দিষ্ট পলিসি আমরা ঘোষণা করেছি এই বিধানসভ
আবাসন সংক্রান্ত বিষয়ে। এর মধ্যে একটা ঘোষণা হচ্ছে আমাদের যে ভাড়া বাড়িং
আছে, সাধারণ মানুষ যে ভাড়া বাড়িতে থাকতে পারে - সরকারী কর্মচারী এ
সরকারী অফিসাররা যে কোয়ার্টারগুলিতে থাকে তাকে সরকারী পরিভাষায় আর.এই
বলে - সেগুলো এল.আই.জি, এম.আই.জি. এস্টেট। সেখানে সে যতদিন খুশি থাব
পারে, যিনি মারা যাবেন তার ছেলে-মেয়েরাও থাকতে পারে। পাবলিকের ব
এইরকম যোলো হাজারের কাছাকাছি এল.আই.জি, এম.আই.জি. ফ্ল্যাট আমাদের আ
তার বেশিরভাগটাই কলকাতায় এবং তার আশেপাশে হাওড়া, হুগলি, উত্তর
পরগনা, দক্ষিণ ২৪ পরগনায়। পরের বেশিরভাগ হচ্ছে বর্ধমান, দুর্গাপুর এ
আসানসোলে, এটা যাটের দশকে হয়েছিল স্টিল প্ল্যান্ট এবং অন্যান্য ইন্ডা
শ্রমিক কর্মচারীদের থাকার জন্য সরকার এইগুলো করেছিল। সরকারী কর্মচারী
জন্য নয়। আরও অন্যত্রও আছে, তবে কম। বাদ্ধ আর.এইচ.ই. সারা রা
এমনকি মহকুমা শহরেও আছে - সরকারী কর্মচারীদের থাকার জন্য। সেটাও :
১৩।১৪ হাজার মতো হবে। সব মিলিয়ে ৩০।৩১ হাজারের মতো ফ্ল্যাট আ
এখন এল.আই.জি., এম.আই.জি. নিয়ে আলোচনা হচ্ছে কয়েক বছর ধরে। অ
এখানেও এটা আমি এক-আধবার বলেছি, আপনারাও জানেন যে, মাননীয় মুখ্য
জ্যোতি বসু কয়েক বছর আগে যখন কিছুদিনের জন্য এই দপ্তরের দায়িত্বে ছিল
তখন একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছিল ভাড়ার বাড়ি এখন আর বাড়ানো হবে
যেটাকে এল.আই.জি., এম.আই.জি. বলা হচ্ছে। তার কারণও স্পষ্ট ভাবে বলেছি
এই ১৬ হাজার ভাড়ার বাড়িতে ১৬ হাজার পরিবার আছে, ধরে নিতে হবে, এ
রাখতে সরকারের খরচ হচ্ছে বছরে প্রায় ১০ কোটি টাকা, আর তাদের কাছ থে
ভাড়া বাবদ সরকার পাচ্ছে দেড় কোটি টাকা। এই দেড় কোটি দেড় কোটিই থাক
অপর দিকে ঐ ১০ কোটি টাকা প্রতি বছর সাড়ে দশ কোটি, ১১ কোটি, এই ভ
বাড়ছে। কর্পোরেশন ট্যাক্স, ইলেকট্রিক বিল, সিমেন্টের দাম, এসব ব্যাপার
আছে। এই অবস্থায় ১৬ হাজার পরিবারের জন্য সরকারী কোষাগার থেকে ব
সাড়ে ৮ কোটি টাকা দেওয়াটা কিঞ্চিত বাড়াবাড়ি - অন্তত আমাদের মতো দে
ক্ষেত্রে। তাই ভাড়ার বাড়ি বন্ধ রাখার একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। আমি
দপ্তরে যুক্ত হবার পর স্বাভাবিক ভাবেই অনেক মানুষ এসেছেন ঘর-বাড়ির জ

ওনারশিপ ফ্ল্যাট, যেটা মানুষ কিনে নেবে, ১০।১৫ বছরে শোধ করবে -- এটা আমরা প্রচুর বাড়িয়ে দিলাম। লটারি করেও দিয়েছি। এমন কিছু মানুষ আসেন, আপনারাও পাঠান আমার কাছে - আমার সামগ্রিক অভিজ্ঞতায় দেখেছি - ৫ জনের মধ্যে তিন জন বলে, কম দামের ফ্ল্যাট হলে আমরা পারব। বেশিরভাগই বলে, ভাড়ার বাড়ি দিন। ওনারশিপ ফ্ল্যাটের থেকে ভাড়ার বাড়ির চাহিদা বেশি। আমরা বলি, ওনারশিপ ফ্ল্যাট হচ্ছে, সেটা তো বন্ধ। আমরা কয়েকবার আলোচনা করেছি, মুখ্যমন্ত্রীর সঙ্গেও আলোচনা করেছি, এখানেও বলেছি - যে কারণে ভাড়া বাড়ি বন্ধ করা হচ্ছে। আমরা দুটো পদ্ধতি ঠিক করি। একটা হচ্ছে, যেখানে কোনওদিন ভাড়া বাড়ানো হয়নি, সেখানে ভাড়াটা বাড়াব। পশ্চিমবাংলায় অনেকগুলি হাউজিং স্টেট আছে, - সমস্ত জায়গা থেকে সেক্রেটারি, প্রেসিডেন্টকে আনা হয় তথ্য কেন্দ্রে - তাদের মধ্যে কেউ বা সি.পি.এম.কে, কেউ বা কংগ্রেসকে, আবার কেউবা অন্য কাউকে সমর্থন করে তাদের সঙ্গে সারাদিন আলোচনা করি, বলি ভাড়াটা বাড়াও। তাদের কাছে মতামত চাই, পরামর্শও নেওয়া হয়। কিন্তু ১০০ টাকা ভাড়াকে দেড় হাজার টাকা করা যাবে না যাতে ১০ কোটি আয়, ১০ কোটি টাকা ব্যয় হয়।

[2-40 — 2-50 p.m.]

নতুন ভাড়া বাড়ানো হয়নি। কিন্তু আমি তাদের সাথে কথা বলেছি। ১০০ পারসেন্ট ভাড়া বৃদ্ধি, সেটা কম নয়। যার ৫০, তার ১০০ হবে। যার ১০০, তার ২০০ হবে, এই রকমভাবে ভাড়া বৃদ্ধি হবে। তারা বুঝলেন এবং রাজি হলেন। কিছু বোধহয় কোর্টে গিয়েছিলেন। তবে কোর্ট বলে দিয়েছে যে, বাড়ি যান। আমরা ভাড়া বাড়ালাম। ফলে আমাদের আদায় বাড়ল ৩ কোটি সাড়ে ৩ কোটির মতো। ডবল আয় হল। এছাড়া মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে আমরা রেভিনিউ বাড়াব কিন্তু এতটা গ্যাপ আমরা মেক আপ করতে পারব না। দ্বিতীয় নাম্বার হচ্ছে নতুন যে ভাড়া বাড়াব, সেক্ষেত্রে আমরা ভাড়াটা শুরু থেকেই নো লস নো প্রফিট এই যে ভিত্তি, সেই ভিত্তিতে ভাড়াটা ঠিক করে দেব। কিন্তু তার সাথে ইন বিল্ট অ্যারেঞ্জমেন্ট থাকবে যে প্রতি ২ বছর, কি ৩ বছর অন্তর সমীক্ষা করে বাড়িতে যেমন খরচ পড়ল, তত ভাড়া বেড়ে নো লস নো প্রফিট যাতে থাকে, এইরকমভাবে নতুন বাড়িগুলি করব। আর এই ভাড়া বাড়ার পরেও এই পুরানো হাউসিংগুলিতে সাড়ে ৬ কোটি, ৭ কোটি টাকা গ্যাপ থেকে গেল, এই গ্যাপ ৫ বছর পরে আরও বেড়ে যাবে। এক্ষেত্রে তিন নাম্বার অপশন দিচ্ছি তা হচ্ছে এদের আমরা বলেছি যে

আপনারা মালিক হয়ে যান। আমরা বলেছি যে, আপনারা মালিক হয়ে যান, যদি আপনারা রাজি থাকেন, তাহলে আমরা মালিকানা দিয়ে দেব। সেটা যাতে আটকে না যায়, তার ব্যবস্থা করলাম। বেশিরভাগ লোক রাজি হল। আমরা তাদের দেব। সেই অনুযায়ী বহু হাউসিং থেকে আস্তে আস্তে সাড়া পেলাম। আমি নামের মধ্যে যাচ্ছি না। অনেক হাউসিংএ হয়ত দেড়শো জন বাসিন্দা বাস করেন। তার মধ্যে ১৪০ জন ফর্ম ফিল আপ করে তাতে সই করে জমা দিয়ে গেছেন। তারা মালিক হতে চান। আমরা ভালোই সাড়া পেলাম। আমরা দাম ঠিক করে ফেললাম। দাম কিছু নয়। ৩০ বছর আগে বাড়ি বানাতে যা খরচ হয়েছে। তারা যে টাকা দিয়েছেন, তার থেকে সেসটা বাদ দিয়ে দিতে হবে। সেটা বাদ দিয়ে যে পয়সা থাকল, সেটা ওনারা ৫ - ৭ বছর ধরে শোধ করতে পারবেন। বহু হাউসিং থেকে আসল এবং বিক্রির ব্যবস্থা করতে শুরু করলাম। এটা করতে অনেক সময় লাগল। এতে নানা জটিলতা আছে। সরকারী সম্পত্তি বিক্রি হচ্ছে বলেই এই জটিলতা। সর্বশেষে আর একটা প্রশ্ন এসে গেল। সেটাতে কিছুই করার নেই। পুরোটাই অ্যাডভোকেট অন রেকর্ডের কাছে পাঠাতে হয়। কোনওটা এল. আর. এর কাছে পাঠাতে হয়। কোনওটা অ্যাডভোকেট জেনারেলের কাছে পাঠাতে হয়। তিনি ঠিক ঠিক হচ্ছে কিনা দেখবেন। সৌগতবাবু বলেছেন, আমিও সেটাই অফিসারদের বলেছি যে, লিগাল এক্সপার্টদের যে ফাইল, এত মোটা হল, এটাই শেষ তো, না আরও কিছু আছে? ওরা বলেছেন যে, না আর কিছু বাধা নেই। একটা কনফিউশন ছিল। কনফিউশনটা হচ্ছে যে, বাড়ির মালিকানা পাবে ৭ বছর বাদে। প্রথমেই পয়সা দেবার সাথে সাথে মালিকের মর্যাদা দিচ্ছি। সবটাই লিগাল ব্যাপার। তারা পুরো ৬ - ৭ বছরে দেবে। সরকারী মালিকানা কমপ্লিট হবে। অ্যাডভান্স দেবার সাথে সাথে ফেসিলিটিস না দিলে বাকিটা আশা করতে পারছি না। বলতে পারি যে, আইন আনা হচ্ছে, সেটাতে সেই সুযোগ রেখেছি। ওনার ডেফিনেশন অব দ্যা ওনার যেখানে চেঞ্জ করেছি ডিমড্ টু বি ওনার লেসি এটাকে ঢুকিয়ে যাতে তারা সাথে সাথে কো অপারেটিভ ফর্ম করতে পারে। সাথে সাথে তারা কমন প্রপারটি নিয়ে নিতে পারেন। যাতে এখানে কোনও বাধা না থাকে। এই হচ্ছে মেজর জিনিস। দু নম্বর হচ্ছে, আর প্রোমোটারের যেটা সেটা জটিল কিছু না। প্রোমোটরের যে সংজ্ঞাটা আমরা রেখেছি সেটা হচ্ছে আমাদের অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্টে প্রোমোটরদের যে সংজ্ঞা ছিল আগে, নতুন যে আইনটা আমরা কয়েক বছর আগে এনেছি, যেটা সৌগতবাবু উল্লেখ করলেন, প্রোমোটর রেগুলেশন অ্যাক্ট। দুয়ের মধ্যে একটা পার্থক্য হচ্ছিল। যার জন্য এখানে আমরা

প্রোমোটর অ্যাক্টে প্রোমোটরের যে সংজ্ঞা সেটাকে এখানে রাখলাম। অ্যাপার্টমেন্ট ওনারশিপে পুরনো যে অ্যাক্ট তার যে সংজ্ঞা সেটা আমরা চেঞ্জ করে দিলাম। প্রথমটা হচ্ছে মেজর জিনিস। আর একটা সেকশন, ছোট জায়গা সেটা চেঞ্জ করলাম। সেটা কো-অপারেটিভ আইন যেটা আছে কারণ এরা সকলেই কো-অপারেটিভের সদস্য হয়ে কো-অপারেটিভ আইনে চলে যাবে। সেখানে কো-অপারেটিভ এর আইনের সাথে আমাদের অ্যাপার্টমেন্ট ওনারশিপ আইনের মিলছে না। একটা জায়গায় অমিল হচ্ছে, সেইজন্য আমরা আমাদেরটাকে তুলে দিচ্ছি। ওই আইনে যখন যাবেন, কো-অপারেটিভ আইনটা তারা সেইভাবে কার্যকর করবেন। ফোর্থ হচ্ছে আরেকটা ছোট জায়গা ছিল অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্ট সেটাকে আমরা তুলে দিচ্ছি। যেহেতু আমরা মালিকানা দিয়ে দিচ্ছি। এই জায়গায় যাচ্ছি। সরকারী বাড়িও আমরা দিচ্ছি। মালিকও হবেন কিছুদিন বাদে সেখানে কমন প্রপারটি যেটা, সেটা যাতে বিক্রি না করে দিতে পারে। ফ্ল্যাটের মালিক হলে তো বিক্রি করতেই পারেন। সাত বছর বাদে। আমরা সাত বছর সময় রেখেছি প্রি-এমশন ক্লজে। বলেছি যে তোমাদের পয়সা শোধ হয়ে গেলে, দেন ইউ আর দি ওনার। মালিকের সব স্বাধীনতা তোমাদের থাকবে। বিক্রি করতে পারবে। সাধারণ মানুষ সবচেয়ে বিপদে না পড়লে কখনও বাড়ি বিক্রি করে না। এটা আমাদের অভিজ্ঞতা। নিম্নবিত্ত মানুষ, মধ্যবিত্ত মানুষ শেষ বিপদে না পড়লে কখনও বাড়ি বিক্রি করে না। সেরকম বিপদে পড়লে করবেন কিন্তু জমি বেচতে চাইলে কমন প্রপারটি সেটা বিক্রি করতে পারবেন না। সেটা আমরা চেঞ্জ করেছি। এই চারটে জিনিস এর মধ্যে আছে। আর সৌগতবাবু যেটা বলেছেন, সেটা উনি নিজেই উল্লেখ করলেন যে অ্যামেন্ডমেন্টের মধ্যে যে জিনিসটা তার বাইরে গিয়ে উনি কয়েকটা কথা বললেন। তাতে অসুবিধা কিছু নেই। সেটা এখানে বার বার উল্লেখিত হয়েছে। এই বিধানসভায় বার বার আলোচিত হয়েছে। হাউসিং নিয়ে আমরা চেষ্টা করছি সবাইকে যুক্ত করতে। কিভাবে করা যায় তাও আমরা চেষ্টা করছি। প্রোমোটরদের একটা আইন করেছি। সৌগতবাবু জানলে খুশি হবেন। বিধানসভায় প্রশ্ন করলেও আমি উত্তর দিতে পারি। প্রোমোটরদের আইনটা আমরা চালু করেছিলাম কলকাতায় সি-এম-সি এরিয়াতে। তার পর তার অভিজ্ঞতা নিলাম। তারপর আমরা সল্টলেক, দমদম এই জায়গাতে চালু করেছিলাম। এখন আমরা অ্যাক্টিভলি বিবেচনা করছি শিলিগুড়িতে চালু করবার জন্য। আমাদের ইনফ্রাস্ট্রাকচার রেখে এবং কলকাতায় একজ্যাক্ট নাম্বারটা আমি বলতে পারব না, প্রায় ১৪০ এর বেশি প্রোমোটর, তাদেরকে এই আইনে রেজিস্ট্রেশন করে তাদের

ব্যবসা করতে হচ্ছে। কিছুটা নিয়ন্ত্রণ। পুরোটা নয়। কিছুটা নিয়ন্ত্রণ আমরা করতে পেরেছি। সৌগতবাবু নিজেও একমত হবেন, প্রোমোটরদের যে দাপাদাপি - তার সম্পূর্ণ ক্রেডিটটা এই দপ্তরের পক্ষে নিচ্ছি না কিন্তু প্রোমোটরদের যে দাপাদাপি সেই দাপাদাপি যদি আমরা কিছু নিয়ন্ত্রণ করতে পারি, তার পিছনে এই আইনের ভূমিকা কিছুটা আছে। হয়তো একমাত্র নয় কিছুটা আছে। (এ ভয়েস ঃ- স্যাচুরেটেড) না স্যাচুরেটেড নয়। এটা আমি এখানে বার বার বলেছি কোনও আইন করে প্রোমোটার হোক, যাই হোক তাদের ঠেকানো যাবে না, যদি সরকার হাউসিং মার্কেটে ইন্টারভেন না করে।

[2-50 — 3-01 p.m.]

আমাদের গভর্নমেন্টের কোনও বাড়ি নেই, আর লোকেদের বাড়ি কিনতে হবে, লোকের পয়সা আছে কিন্তু গভর্নমেন্ট কোনও বাড়ি নিয়ে হাজির নেই। যে বাড়ি নিয়ে হাজির আছে তার কাছেই লোকে যাবে, তারা প্রোমোটারই হোক আর যাই হোক। যার জন্যই আমরা ঠিক করলাম যে, পাবলিকের যত বাড়ির দরকার তা আমরা করতে পারব না, কিন্তু কিছুটা নিয়ন্ত্রণ করতে গেলে, হাউজিং মার্কেটে আমাদের দু চার হাজার ফ্ল্যাট নিয়ে হাজির থাকতে হবে। সেটা কোয়ালিটির ফ্ল্যাট এবং বিভিন্ন দামের। এটা আপনারাও কিছুটা বুঝতে পারছেন, ভি.আই.পি. রোডের উপর গত মাসে রবীনবাবু ওখানে আছেন ওনার বিশেষ উদযোগ ছিল। মাননীয় মুখ্যমন্ত্রীকে দিয়ে যে বাড়ির চাবিগুলি দেওয়ালাম, ভি.আই.পি. রোডে একটা ফ্ল্যাটের দাম ১ লক্ষ ১০ হাজার টাকা। একটা মিডিল ক্লাস ইনকাম গ্রুপের ফ্ল্যাটের দাম ৩ লক্ষ ৫০ হাজার টাকা। যে কোনও জায়গাতে প্রোমোটার কোনও লোককে যদি বলে আমার ফ্ল্যাটের দাম ৫ লক্ষ টাকা, তখন সেই লোকটি টাকা দেওয়ার আগে দশবার ভাববে যে কেন ওখানে যাবো। তার চাইতে ভালো ফ্ল্যাট সেখানে সরকারের আছে সেটা সাড়ে ৩ লক্ষ টাকায় পাব, চার লক্ষ টাকায় পাব। আর এ বছর না পাই সামনের বছর আবার তৈরি হবে তার জন্য ওয়েট করি। আমরা যদি হাউজিং ডিপার্টমেন্টের, হাউজিং বোর্ডের, জয়েন্ট সেক্টরের দু-চার হাজার ফ্ল্যাট নিয়ে হাজির থাকতে পারি যার উপর আমাদের নিয়ন্ত্রণ আছে - এটা একটা ইন্টারভেনশন, আর আরেকটা ইন্টারভেনশন হচ্ছে প্রোমোটার আইন - (ভয়েজ - এটা কি লাগু হয়েছে?) —হ্যাঁ লাগু হয়েছে, আমি আপনার সাথে তর্ক করতে চাই না। ডিটেল তথ্য জানতে হলে আমাকে প্রশ্ন করলে আমি উত্তর দেব। আমি এটা বলছি না যে আমি একেবারে সমস্ত প্রোমোটারকে নিয়ন্ত্রণ করে ফেলেছি, ৫ জন, ৭ জন অফিসার

সেটা করেছেন - (ভয়েজ- এটা ইমপ্লিমেন্ট হয় নি)—আপনি কি বলছেন এটা ইমপ্লিমেন্ট হয়নি, আমি বলছি ওখানে ১৫০ জন প্রোমোটার তাদের ঠিকুজি-কুষ্ঠি দিয়ে তবে তাদের রেজিস্ট্রি করা হয়েছে। এখন যদি আপনি কলকাতা কর্পোরেশনে একটা বিল্ডিং প্ল্যান পাশও করান আপনি সেখানে বাড়ি তৈরি করতে পারবেন না, আমি সেখানে গিয়ে বাড়ি ভেঙে দিয়ে আসব। আমি বলছি ১৫০টা প্রোমোটরকে রেজিস্ট্রি করিয়ে সেখানে আমার লোকেরা চেক-আপ করছে। আপনার জানা থাকলো আপনি যদি দেখেন যে কলকাতা শহরে একটা চারতলা বাড়ি তৈরি হচ্ছে ব্যবসার জন্য এবং সেই বাড়ি রেজিস্ট্রি হয়নি এমন প্রোমোটর করছে আপনি যদি জানান তাহলে আমি কালকে গিয়ে ধরপাকড় করে চলে আসব। আরেকটা কথা হচ্ছে আইনটা ছিল না, আইনটা হয়েছে। ১৫০ জন প্রোমোটর রেজিস্ট্রি করেছে, এমনও হতে পারে যে ১৫০ এর জায়গায় ৩০০ টাও হতে পারে, আপনি এটা ধরছেন কেন? ১০টা লোক দিয়ে আমরা কর্পোরেশনের সাথে মিটিং করেছি, পুলিশ কমিশনারকে দিয়ে একটা কমিটি করিয়েছি। এটা একটা নতুন আইন, কিছুটা হয়েছে। জয়েন্ট সেক্টর বিষয়ে এখানে বহুবার আলোচনা হয়েছে। প্রথমে অভিজ্ঞতা কি হতে পারে জয়েন্ট সেক্টর হচ্ছে পাইলট প্রোজেক্ট। ৭ টার মতো কোম্পানির সাথে আমরা কথা বলেছি, আমরা তাদের ডেকে ছিলাম। কিন্তু যখন আমরা দেখলাম অভিজ্ঞতা ভালো হলো তখন কাগজে বিজ্ঞাপন দিয়ে - সৌগতবাবু সাধারণত আপনি সব খবরই রাখেন, জানি না এটা কি করে মিস করলেন - কাগজে বিজ্ঞাপন দিয়েছি, এটা আজকের আলোচনা বিষয় নয়। আমার সবটা মনে নেই প্রায় ৪৬টা সংস্থা সেটা বোম্বের হোক, দিল্লির হোক - এই রুশিমোদি লোক গ্রুপে, সিমপ্লেক্স থেকে শুরু করে এইরকম ৪৬টা সংস্থা তারা অ্যাপ্লাই করেছে। তরুণ দত্ত, যিনি চিফ সেক্রেটারি ছিলেন তাঁর নেতৃত্বে একটা কমিটি করেছিলাম সেখানে সেন্ট্রাল গভর্নমেন্টের হার্ডকোর রিজিওনাল ডাইরেক্টরকেও রাখি এবং আরও দু-তিন জনকে রাখি আমরা বলি এই ৪৬টার মধ্যে থেকে আপনারা বেছে বেছে আমাদের একটা সর্ট লিস্ট করে দিন এবং তাঁরা আমাদের একটা লিস্ট করে দেন। তার মধ্যে আমরা তিনটেকে সিলেক্ট করি। বেঙ্গল-সাঁচী, বেঙ্গল-আই.এফ.বি. এবং ডি.সি.এল.কে আপাতত আমরা নিয়েছি। আরও যদি নিই তাহলে ৪নং নেব, আরও নিলে ৫নং কে নেব। আরও আমাদের নিতে হবে আগামী দিনে অনেক কাজ হবে।

কিন্তু এটা বিধানসভার সর্ট সেশন, পরে আলোচনা করা যাবে। রাজারহাট টাউনশিপের ব্যাপারে মাননীয় সৌগতবাবু জানেন, আমার অনুরোধে মাননীয় অপজিশন লিডার অতীশচন্দ্র সিনহা মহাশয় হাজির হয়ে নিজে হাতে টাকা দিয়ে

এসেছেন। শুরু যেদিন করেছিলাম সেদিন প্রণব মুখার্জি মহাশয় গিয়েছিলেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে অজিত পাঁজা, হাইকোর্টের জাজেরাও গিয়েছিলেন। আসছে ২২ তারিখে আবার জমি কেনা হবে। সেদিন দু কোটি টাকার জমি কেনা হবে। ঐ দিনে রাস্তায় দাঁড়িয়ে জমির মালিকদের টাকা দেব, ওরা আমাদের দলিল দেবেন। ১৫০ বিঘা জমি সেদিন কেনা হবে। আপনারা শুনে খুশি হবেন, এই কাজে কংগ্রেস দলের মানুষও আমাদের সঙ্গে আছেন। আবার, ওখানকার ব্লকের চেয়ারম্যান হলেন তৃণমূলের লোক। সবাইকে আলোচনার মধ্যে রেখে ওখানকার জমির দাম ঠিক করা হয়েছে। সরকারী অফিসাররা এটা নির্ধারণ করেন নি। আমরা কোনও লোকের বাড়ি নিচ্ছি না। আজকে এমন অবস্থা যে মানুষকে কলকাতায় বাড়ি দেওয়া যাচ্ছে না। যাইহোক, কয়েকমাসের মধ্যে মানুষকে আমরা জমি দিতে পারব। আমরা ওখানকার কৃষকদের বলেছি, এটা ডিট অঞ্চল, ইন একসেসেবল, বাঘজোলা ক্যানেল, কেষ্টপুর ক্যানেল, একটা রাস্তা নেই, ইলেকট্রিসিটি নেই, মানুষ যাতায়াত করতে পারেনা। আবার, ওদিকে ভাঙ্গড়, ধাপা। এগুলোর মাঝখানে রাজারহাটের এই প্রকল্প করার প্ল্যান আমরা করছি। মানুষ সেখানে রাজি হয়ে এগিয়ে আসছেন। আমরা আশা করছি, এটা করতে পারলে সাধারণ মানুষের হাউজিং সমস্যার কিছুটা মোচন হবে। কৃষকদের জমি নেওয়ার পরিবর্তে জমির দাম এবং অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়ার কথা লোকাল এম.এল.এ. মাননীয় রবীনবাবু লিখে দিয়েছেন। কৃষকদের জন্য আমাদের ৭।৮টা বড় বড় প্রকল্প করে দিতে হবে। তার মধ্যে তিনটে প্রকল্পের কাজ আমরা হাতে নিয়েছি এবং এজন্য ১০ থেকে ১৫ কোটি টাকা খরচ করব। এই সমস্ত করছি বলে মানুষ আসছে। বাকিটা আগামী ২২ তারিখে সল্টলেক স্টেডিয়ামে গিয়ে দেখতে পাবেন। আমরাও অলরেডি ৭।৮০০ বিঘা জমি কিনেছি। আরও ৫ হাজার বিঘা জমি কিনব। এই কাজে আমরা মানুষের সাহায্য পাচ্ছি। আপনাদের সাহায্য পেলে আরও ভালোভাবে কাজটা হবে।

যাইহোক, যেভাবে সিলেক্ট কমিটিতে এই আইনটা সবাই মিলে পাশ করাতে পারলাম তাতে আমি আনন্দিত। এই ওনারশিপ দিতে পারলে গভর্নমেন্ট এবং সাথে সাথে সাধারণ মানুষের অনেক সুবিধা হবে। এবং ঐ টাকা নিয়ে নতুন কোনও কাজে ব্যায় করা যাবে। আপনাদের সকলের সহযোগিতা নিয়ে এটা সার্থকভাবে রূপায়ণ করতে পারব বলেই আমি মনেকরি। ধন্যবাদ।

The motion that the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1998 as reported by the Select Committee, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 - 4**

The question that Clauses 1-4 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Gautam Deb :** Sir, I beg to move that the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1998, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 3-01 p.m. till 11.00 a.m. Monday, the 21st December, 1998, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 21st December, 1998 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 19 Ministers, 6 Ministers of State and 132 Members.

[11-00 — 11-10 a.m.]

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, আপনি জানেন।

**মিঃ স্পিকার :** আমি কোনওটাই জানি না। আপনারা যেটা জানাবেন সেটা জানবো।

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 42nd Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 42nd Report of the Business Advisory Committee which met in my chamber today and recommended the following programmes from 21.12.98 to 24.12.98.

| | | | |
|---|---|---|---|
| 21.12.98, Monday | (i) | The Wakf (West Bengal Amendment) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | .. ½ hour |
| | (ii) | The Registration (West Bengal Amendment) Bill 1998 (Introduction, Consideration & Passing) | .. ½ hour |

| | | |
|---|---|---|
| | (iii) The West Bengal Taxation Laws (Second Amendment) and Repealing Bill, 1998 (Introduction, Consideration & Passing) | .. ½ hour |
| | (iv) The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1998 (introduction, Consideration & Passing) | .. ½ hour |
| 22.12.98, Tuesday | No-confidence Motion against Council of Ministers Notice given by Shri **Atish Chandra Sinha**, Shri **Abdul Mannan** and Shri **Saugata Roy** | .. 4 hours |
| 23.12.98, Wednesday | The West Bengal Premises Tenancy (Amendment) Bill 1998 (Introduction, Consideration & Passing) | .. 1 hour |
| 24.12.98, Thursday | Non-officials Business | |

There will be no Question for Oral Answer and Mention Case on the 24th December, 1998.

I would now request the Minister-in-charge of Home (Parliamentary Affairs) Department to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 42nd Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The motion was then put and agreed to.

## DISCUSSION ON BRUTAL AGRESSION ON IRAQ BY U.S.A. AND U.K

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, যেভাবে ইরাকের উপর আক্রমণ করা হয়েছে সেই সম্পর্কে আমরা আমাদের বক্তব্য রাখতে চাই।

(নয়েজ)

**শ্রী রবীন্দ্র নাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা ঠিকই, আজকে সারা বিশ্বের মানুষ স্তম্ভিত। আগ্রাসী, সাম্রাজ্যবাদী আমেরিকার প্রেসিডেন্ট, বিল ক্লিনটন একটা অসভ্য, বর্বরের মতোন বৃটিশ সাম্রাজ্যবাদীদের যুক্ত করে ইরাকের জনজীবনকে বিপর্যস্ত করেছে, পরমাণু অস্ত্র থেকে আরম্ভ করে বিভিন্ন করমের বিষক্রিয়া মিশ্রিত গ্যাস নিক্ষেপ করে বাগদাদের জনজীবনকে বিধ্বস্ত করেছে, ইরাকের উপর সর্বত্র অভিযান নামিয়ে এনেছে। আজকে এইরকম একটা সভ্য দুনিয়ায় অসভ্য বর্বরের মতোন আমেরিকা যে ভূমিকা পালন করছে তা বিশ্বের সর্বত্র শান্তিকামী মানুষ দারুনভাবে উদ্বিগ্ন এবং চিন্তিত এবং অন্যদিকে বিস্মিত। তাই বিশ্বের সভ্য মানুষেরা এর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন এবং প্রতিবাদ জানাচ্ছেন। স্যার, এর বিরুদ্ধে আমেরিকার শান্তিকামী মানুষও প্রতিবাদ করছেন এবং বৃটেনের শান্তিকামী মানুষও প্রতিবাদ করছেন। আজকে বিল ক্লিনটনের ব্যক্তিগত জীবনও দুর্বিষহ। একজন মহিলার সাথে যৌন কেলেঙ্কারীর সঙ্গে যুক্ত থাকার ফলে নিজেকে বাঁচানোর জন্য এইভাবে যুদ্ধের অবস্থা তৈরি করছে। ভারত মহাসাগরের দিয়াগো - গারসিয়া থেকেও এই আক্রমণ চালাচ্ছে। তাই ভারতবর্ষের মানুষ এই অসভ্য, কাপুরুষ, আগ্রাসী আমেরিকার প্রেসিডেন্ট, বিল ক্লিনটনের বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার এবং এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছে। আজকে বিশ্বের শান্তিকামী মানুষ তীব্রভাবে গর্জে উঠেছে। অন্যদিকে এই সাম্রাজ্যবাদী, অসভ্য,বর্বর আমেরিকার বিরুদ্ধে এ পর্যন্ত ভারতসরকারের যেভাবে প্রতিবাদ করা উচিৎ ছিল, তারা সেইভাবে প্রতিবাদ জানাচ্ছে না। সেইজন্য আজকে এই আমেরিকান সাম্রাজ্যবাদদের বিরুদ্ধে সারা পৃথিবীর মানুষ প্রতিবাদে সোচ্চার হয়েছেন। স্যার, আমরাও তীব্রভাবে এই ঘটনার বিরুদ্ধে এই বিধানসভার পক্ষ থেকে আমাদের ধিক্কার জানাচ্ছি। সঙ্গে সঙ্গে ভারতসরকারকে তাদের দায়িত্ব পরিপূর্ণভাবে পালন করার আবেদন জানাচ্ছি। এক্ষেত্রে তাদের যে নির্বিকল্প ভূমিকা তার আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমরা চাই, ইরাকের মানুষেরা শান্তিতে বসবাস করুন। স্যার, পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের মানুষরা ইরাকের জনগনের প্রতি তাদের সমর্থন জানাচ্ছেন এবং তার সঙ্গে সঙ্গে সাম্রাজাবাদের বিরুদ্ধে ধিক্কার জানাচ্ছেন। এইভাবে আমরা তীব্র প্রতিবাদ জানাতে বদ্ধপরিকর।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মার্কিন সাম্রাজ্যবাদের প্রেসিডেন্ট বিল ক্লিনটন তার ব্যক্তিগত জীবনের কিছু ঘটনায় উদ্বিগ্ন হয়ে তার থেকে মানুষ-এর দৃষ্টিটিকে অন্য দিকে ঘুরিয়ে দেবার জন্য বা টলারের তথাকথিত রিপোর্টকে কেন্দ্র করে গত বৃহস্পতিবার যে রকম নক্কারজনক ভাবে ইরাকের উপর হামলা করছেন তার নিন্দা করার ভাষা সভ্য সমাজে নেই। সেখানে এতে প্রায় ১০০ জনের উপর মানুষ নিহত হয়েছেন এবং কয়েক শো মানুষ আহত হয়েছেন। স্যার, আমরা জানি পৃথিবীর যে সব রাষ্ট্র মাথা উঁচু করে দাঁড়াতে চায় বা সাম্রাজ্যবাদের কাছে মাথা নত করতে চায় না, প্রতিবাদ জানায় তাদের বিরুদ্ধে সাম্রাজ্যবাদী শক্তির এইভাবে আক্রমণ চালায় এবং বিভিন্ন সময় তারা তা করছে। এবারে ঠিক রমজান মাসের আগে যে ভাবে ইরাকের উপর হামলা হল তার বিরুদ্ধে আমরা শান্তিকামী মানুষরা তীব্র ধিক্কার জানাচ্ছি। এই প্রসঙ্গে আপনার মাধ্যমে স্যার, আমি একটি প্রস্তাব রাখতে চাই। চলুন, আজকে হাউস কয়েক ঘন্টা বন্ধ রেখে দলমত নির্বিশেষে এই হাউসের বিধায়করা কালো ব্যাজ পরে, কালো পতাকা নিয়ে পায়ে হেঁটে গিয়ে কলকাতায় মার্কিন কনস্যুলেটের যে অফিস আছে সেখানে প্রতিবাদ জানিয়ে আসি। এখানে একটা প্রস্তাব নিয়ে সেই প্রতিবাদ আমরা জানাতে পারি। রবীনবাবু বলছিলেন, মার্কিন যুক্তরাষ্ট্রের শান্তিকামী মানুষরা এর প্রতিবাদ জানাচ্ছেন। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে এই ভারতবর্ষের মানুষরা যেমন তেমনি বিশ্বের সমস্ত শান্তিকামী মানুষরাই এর প্রতিবাদ জানাচ্ছেন। এমন কি আরব কান্ট্রিগুলির অনেকে প্রথম দিকে মার্কিন সাম্রাজ্যবাদকে সমর্থন করলেও আজকে বুঝতে পারছেন এর ভয়াবহতা কি । তার ফলে আজকে তারাও এর প্রতিবাদে এগিয়ে এসেছেন। এটা খুব আনন্দের কথা। পৃথিবীর সমস্ত শান্তিকামী মানুষরা যদি এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে পারেন তাহলে মার্কিন সাম্রাজ্যবাদী শক্তির যতই ক্ষমতা থাকুক তারা কিছুই করতে পারবে না। আমি আমার প্রস্তাব মতো প্রতিবাদ জানানোর জন্য সকলকে আহ্বান করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মার্কিন সাম্রাজ্যবাদের প্রেসিডেন্ট বিল ক্লিনটন যেভাবে অসভ্য ও বর্বরের মতোন ইরাকের উপর আঘাত হেনেছেন তাতে শুধু ইরাকের মানুষই হত হয়েছেন তাই নয়, বিশ্বের নানান দেশের মানুষ এবং এমন কি ভারতবর্ষের মানুষও হত হয়েছেন। স্যার, এটাই প্রথম নয়। অতীতে এই রকম বর্বরের মতোন তারা ইরাকের উপর আক্রমণ করেছে। স্যার, মুসলমানদের ঈদ শুরু হয়েছে। আজকে বিশ্বের সমস্ত সমাজতান্ত্রিক দেশের মানুষরাই বর্বরের

মতোন এই আক্রমণের প্রদিবাদ জানাচ্ছেন। সঠিকভাবেই তাই আমাদের এই বিধানসভায় মাননীয় চিফ হুইপ মহাশয় নিন্দা প্রস্তাব রেখেছেন। স্যার, আপনি জানেন, বামফ্রন্টের তরফ থেকে পশ্চিমবাংলার গ্রামে গঞ্জে, শহরে এই ঘটনার প্রতিবাদ জানানো হয়েছে। সারা পৃথিবীর শান্তিকামী মানুষরাই এই আক্রমণের প্রতি ধিক্কার জানাচ্ছেন। সারা পৃথিবীর ধিক্কার জানানোর জন্য এবং বিরোধিতা করার জন্য আজকে মার্কিন সাম্রাজ্যবাদকে পিছিয়ে আসতে হয়েছে। স্যার, আমি মনে করি আমাদের বিধানসভা থেকেও দলমত নির্বিশেষে সকলের এই ঘটনার বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হওয়া উচিত। বারবার ব্যক্তিগত স্বার্থের জন্য, ক্লিনটন তার চরিত্রকে রক্ষা করার জন্য এই যে আক্রমণ, এই আক্রমণের আমরা নিন্দা করছি এবং ভবিষ্যতে যাতে এই আক্রমণ আর না হয় সেজন্য আমরা পশ্চিমবঙ্গের মানুষ ভারতবর্ষের মানুষ এর তীব্র প্রতিবাদ করছি এবং আমাদের যা করনীয় তা আমরা নিশ্চয়ই করব। এই নিন্দা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বিশ্বের সাম্রাজ্যবাদ বিরোধী শান্তিকামী মানুষের সঙ্গে সহমত পোষন করে ইরাকের উপরে মার্কিন সাম্রাজ্যবাদের যে বর্বর আক্রমণ, সেই আক্রমণের এবং তার যে আগ্রাসী নীতি, আধিপত্যবাদ, তার তীব্র প্রতিবাদ এবং ধিক্কার জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে আক্রমণ ইরাকের উপরে তারা নামিয়ে এনেছে, এটা প্রেসিডেন্ট বিল ক্লিনটন তিনি যে ব্যক্তিগত সমস্যার মধ্যে পড়েছেন দেশের অভ্যন্তরে তার থেকে মানুষের দৃষ্টি অন্য দিকে সরিয়ে দিতে চাইছেন। এটা শুধু তার ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ বলে আমি মনে করিনা। এটা আমি মনে করি, মার্কিন সাম্রাজ্যবাদের যে চরিত্র, তাদের অর্থনীতির সংকট এবং আজকে উপসাগরীয় যে তৈল সম্পদ অঞ্চল তার উপরে আধিপত্য বিস্তার করতে চাচ্ছে, সেই লক্ষ্য থেকে সে বারবার ইরাকের উপরে আক্রমণ বা অন্যান্য দেশের উপরে আক্রমণ এবং আগ্রাসী নীতি চালাচ্ছে। এটা তারই অঙ্গ। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। সাময়িকভাবে গোটা বিশ্বে একটা আনপ্রিসিডেন্ট, একটা নজিরবিহীন ইরাকের উপরে মার্কিন সাম্রাজ্যবাদের আক্রমণের বিরুদ্ধে বিশ্বে জনমত সৃষ্টি হয়েছে। আমেরিকা এবং ইউ.কে.'র অভ্যন্তরে প্রবল যে জনমত হয়েছে, সেই জনমতের সামনে সাময়িকভাবে তারা সিজ ফায়ার করলেও, এয়ার স্ট্রাইক করলেও, আজকে এর বিরুদ্ধে আরো বেশি এবং তীব্র

জনমত গড়ে তোলা দরকার এবং এখান থেকে সেই দাবি ওঠা দরকার। আজকে শুধু ইরাকের উপরে আমেরিকার এই আক্রমণই নয়, যে কোনও দেশের সার্বভৌমত্তের উপরে ভবিষ্যতে যাতে এই রকম আধিপত্যবাদ নিয়ে, আগ্রাসী নীতি নিয়ে আক্রমণ করতে পারে সেই হুশিয়ার দেওয়া দরকার এবং পার্শিয়ান গাল্ফ উপসাগরীয় অঞ্চল থেকে অবিলম্বে সমস্ত সামরিক বাহিনী প্রত্যাহার করে নেওয়া হোক এবং আজকে ইরাকের উপরে যে নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নেওয়া হোক। আপনি জানেন যে আমেরিকার অভ্যন্তরে বোস্টন ইউনিভার্সিটির অধ্যাপক, হার্ভার্ট জন, তিনি বলছেন যে, ক্লিনটন বলেছেন, আমরা ইরাককে তাদের জীবানু অস্ত্র, তাদের পরমানু অস্ত্র, রাসায়নিক অস্ত্র এগুলি যাতে তারা অন্য দেশের উপরে ব্যবহার করতে না পারে, তাকে নিরস্ত্র করার জন্য হুশিয়ারি দিচ্ছি। যে দেশ আজকে সাদ্দাম হোসেনকে যে দোষে দুষ্ট করতে চাইছে, ঐ প্রফেসার নিজে বলেছেন যে, সেই দোষে আজকে গোটা বিশ্বে সাম্রাজ্যবাদী ইউ.এস. সবচেয়ে বেশি দোষী। আজকে যদি সেই দোষে তাদের অভিযুক্ত করতে হয় তাহলে ক্লিনটন সমভাবে দোষী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এর প্রতিবাদ জানিয়ে, ধিক্কার জানিয়ে এই বিধানসভা থেকে একটা সর্বসন্মত প্রস্তাব পাশ হওয়া উচিত। আমি আশা করি বিষয়টি বিবেচনার জন্য আপনি অনুমোদন করবেন।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গোটা পৃথিবীর শান্তিকামী মানুষ সাম্রাজ্যবাদের প্রতিভূ বিল ক্লিনটন ইরাকের উপরে এই সামরিক অভিযানের নিন্দায় সোচ্চার হয়েছে। আমাদের দেশ বিশেষ করে ভারতবর্ষ, তৃতীয় বিশ্বের দেশ, এই দেশে আমাদের যে পরম্পরা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলনের ঐতিহ্য, সেটাকে মনে রেখে আমরা সকলেই সোচ্চার হয়েছি। আসল কথা হচ্ছে, সাম্রাজ্যবাদী শক্তি আজকে নানা সংকটের মধ্যে আছে। শুধু সামরিক অভিযান ইরাকের উপরে চালিয়েই তারা সামরিক বিরতি দিয়েছে, তা নয়। আসলে গোটা পৃথিবীতে ওরা নিজেদের আধিপত্য বিস্তারের চেষ্টা করছে। আমাদের ভারতবর্ষে বহু রকমভাবে আমরা লক্ষ্য করেছি আন্তর্জাতিক অর্থ ভান্ডার, ওয়ার্ল্ড ব্যাঙ্ক ইত্যাদি নাম করে বিভিন্ন ভাবে এই চেষ্টা হচ্ছে। আমাদের এখানে কেন্দ্রীয় সরকারে যারা আছেন, তাদের এবারে ইরাকের উপর আমেরিকার এই যে দ্বিতীয়বার আক্রমণ হল এই থেকে শিক্ষা নেওয়া উচিত। আমরা মনে করি, আমাদের দেশে সাম্রাজ্যবাদী আমেরিকা যেভাবে এগোচ্ছে আমাদের অর্থনীতি থেকে আরম্ভ করে সমস্ত কিছুকে লুষ্ঠন করবার জন্য মুক্ত বাজারের নাম করে, সে সম্বন্ধে চিন্তা ভাবনা করা দরকার। আমি আশা করি, কেন্দ্রীয় সরকার এ

বিষয়ে নতুনভাবে চিন্তা ভাবনা এবং আমেরিকা সম্বন্ধে তাদের মূল্যায়ন পরিহার করবেন। বিশ্ব মতামতের অভিব্যক্তি এবং আমাদের যে অভিব্যক্তি প্রকাশিত হয়েছে সেটা মনে রেখে সাম্রাজ্যবাদী আমেরিকা বিরোধী আন্দোলনকে তীব্রতর করা এবং তাদের প্রতিহত করে যাতে সায়েস্তা করা যায় সে ব্যাপারে চিন্তা করা দরকার। এখানে যে প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। এখানে সর্বসম্মতভাবে প্রস্তাবটি গ্রহণ করে আমেরিকা কনস্যুলেটের কাছে এটা পৌঁছে দেওয়া দরকার বলে আমি মনে করি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় সরকার পক্ষের চিফ হুইপ যে প্রস্তাব রেখেছেন আমেরিকান সাম্রাজ্যবাদের আগ্রাসী মনোভাবের বিরুদ্ধে আমি সেই প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। শুধু সাম্রাজ্যবাদী আমেরিকাই নয়, বিশ্বের সাম্রাজ্যবাদী দুনিয়া যখন তাদের দেশের অভ্যন্তরে কোনও সমস্যায় পড়ে, সেটা থেকে বাঁচবার জন্য তারা এরকম ব্যবস্থা নিয়ে থাকে। সুদীর্ঘ দিনের ইতিহাস থেকে আমরা সেটাই দেখেছি। আমরা ভিয়েতনাম বা ল্যাটিন আমেরিকায় সাম্রাজ্যবাদীদের ভূমিকা দেখেছি। যুগ যুগ ধরে সাম্রাজ্যবাদীরা এভাবেই অন্যের উপর প্রবল আক্রমণ চালিয়ে এসেছে। আজকে তাই যে প্রস্তাব এখানে আনা হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। ইরাকের উপর গত কয়েক দিন ধরে আনপ্রিসিডেন্টেড আক্রমণ যেভাবে চালানো হ'ল সেই আক্রমণের ফলে শুধুমাত্র সামরিক লক্ষ্যবস্তুই নয়, যাদের সঙ্গে যুদ্ধের কোনও সম্পর্ক নেই সেরকম বহু নির্দোষ নিরপরাধ মানুষ হতাহত হয়েছেন, বহু জীবনহানি হয়েছে। আমি তাই এই সাম্রাজ্যবাদ বিরোধী এবং তাদের বিকৃত রুচির বিরুদ্ধে যে প্রস্তাব নেওয়া হয়েছে তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী রবীন্দ্রনাথ মন্ডল যে নিন্দা প্রস্তাব এনেছেন ইরাকের উপর মার্কিন যুক্তরাষ্ট্রের হানার বিরুদ্ধে তাকে আমি সমর্থন করছি। কারণ তারা সমস্ত আন্তর্জাতিক নীতি লঙ্ঘন করে এই ঘটনা ঘটিয়েছেন। মার্কিন প্রেসিডেন্টের অসামাজিক কার্যকলাপকে ঢাকবার জন্য তারা এই কাজটা করেছেন। এই আক্রমণের ফলে আজকে ইরাকের হাজার হাজার মানুষ না খেতে পেয়ে মারা যাচ্ছেন এবং দুঃখ-দুর্দশা বেড়ে যাচ্ছে। তারজন্য আমি তাদের এই আগ্রাসনের নিন্দা করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা চরম দুঃখজনক এবং দুর্ভাগ্যজনক ঘটনা যে, গত চারদিন ধরে আমেরিকা এবং তার মিত্ররাষ্ট্র ইংল্যান্ড ইরাকের উপর নির্মম এবং নির্লজ্জভাবে আক্রমণ চালিয়েছে। এবং আমরা দেখলাম যে, আমেরিকা নিজেকে কতগুলি বিষয়ে বিশ্বের অভিভাবক হিসাবে প্রতিষ্ঠিত করতে চাইছে এবং মানবাধিকারকে প্রতিষ্ঠিত করতে হবে, গণতান্ত্রিক অধিকারকে সুরক্ষিত করতে হবে - এসব বিষয়গুলোকে তারা প্রচার মাধ্যমে নিয়ে যেতে চাইছে। এসব বলে তারা বিশ্বের গার্জিয়ান হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করতে চাইছে আজকে অত্যন্ত বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করেছি, সমস্তরকম আন্তর্জাতিক রীতিনীতিকে লঙ্ঘন করে, সম্মিলিত রাষ্ট্রপুঞ্জের ধারাকে উপেক্ষা করে যেখানে রাষ্ট্রপুঞ্জ বলে দিয়েছে যে, পৃথিবীর প্রতিটি রাষ্ট্র তাদের সার্বভৌম অধিকার ভোগ করতে পারবে - সেই সার্বভৌমত্বের অধিকারকে লঙ্ঘন করে আমেরিকা ইরাকের উপর আক্রমণ চালিয়েছে। সেখানে উদ্দেশ্য হিসাবে বলা হচ্ছে যে, ইরাকের কাছে এমন কিছু সামরিক সম্ভার রয়েছে পৃথিবীতে শান্তির পক্ষে বিপদজ্জনক।

[11-20 — 11-30 a.m.]

এটা যদি মাপকাঠি হয় তাহলে এই কথা নিশ্চিত বলা যায়, আজকে আমেরিকার কাছে যেসব মারনাস্ত্র আছে, যত সংখ্যক মারনাস্ত্র গচ্ছিত আছে তা পৃথিবীর অন্য কোনও রাষ্ট্রের কাছে নেই। তাহলে মারনাস্ত্র সম্ভার আর্ন্তজাতিক শান্তি প্রচেষ্টা নষ্ট করতে হয় তাহলে আগে আমেরিকাকে পথ দেখাতে হবে, তাদের যে সমস্ত সামরিক সম্ভার আছে সেই গুলি তাঁরা নষ্ট করতেন। গত কয়েক বছর ধরে আমরা লক্ষ করছি, ইরাক কুয়েতের মধ্যে যুদ্ধের পর থেকে আমেরিকা ইরাকের গোপন অস্ত্র সম্ভার উদ্ধার করার নাম করে রাষ্ট্রপুঞ্জকে ব্যবহার করছে, বারে বারে ইরাকের অভ্যন্তরীন ব্যাপারে হস্তক্ষেপ করছে যেটা সম্মিলিত রাষ্ট্রপুঞ্জর ধারার সম্পূর্ণ পরিপন্থী এটাকে কাজে লাগিয়ে আমেরিকা নির্লজ্জভাবে ইরাকের উপর আক্রমণ চালিয়েছে তাদের সাম্রাজ্যবাদী মানসিকতাকে প্রতিষ্ঠিত করার জন্য তাঁদের সাম্রাজ্যবাদ প্রতিষ্ঠা করার জন্য। অতীতেও আমরা দেখেছি বর্তমানে দেখছি মার্কিন যুক্তরাষ্ট্র গোটা পৃথিবীতে তাদের দখলদারি বা আধিপত্য বিস্তার করার জন্য, সে রাজনৈতিক আধিপত্য হোক আর অর্থনৈতিক আধিপত্য হোক সেই আধিপত্য বিস্তার করার জন্য নানা কৌশল অবলম্বন করেছে। আমরা দেখেছি চিলিতে কি ভাবে তার সরকারের পতন ঘটিয়েছে, এলসালভাডোরে কি ঘটনা ঘটিয়েছে, আফ্রিকার বিভিন্ন

রাষ্ট্রে, লাতিন আমেরিকায় বিভিন্ন রাষ্ট্রে তারা কি ঘটনা ঘটিয়েছে। এশিয়া মহাদেশে এই ভিয়েতনামে দীর্ঘদিন ধরে যে নারকীয় যুদ্ধ অনুষ্ঠিত করেছিল তারও পরিনাম কি হয়েছিল সেটাও আমরা দেখেছি। এটা সব চেয়ে আনন্দের বিষয় যে পৃথিবীতে সাধারণ মানুষ শান্তিকামী মানুষ জোটবদ্ধ হয়ে সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে লড়াই করে সেই সাম্রাজ্যবাদী শক্তিকে ভিয়েতনামে এবং অন্যান্য জায়গায় পরাস্ত করতে সক্ষম হয়েছে। এই কথা নিশ্চিত যে ইরাকের উপর যে বর্বর আক্রমণ আমেরিকা পরিচালনা করেছে, বিশ্বের জনমত আজ তার বিরুদ্ধে ক্ষুব্ধ হয়েছে, বিশ্বের শান্তিকামী মানুষ সাম্রাজ্যবাদের এই নগ্ন আক্রমণ, তার বিরুদ্ধে তীব্র নিন্দা এবং ধিক্কার জ্ঞাপন করেছে। এই যুদ্ধেও আমেরিকাকে পিছু হটতে হবে। আমেরিকাকে পরাজয় বরন করতে হবে। সাম্রাজ্যবাদী মানুষের বিরুদ্ধে শান্তিকামী মানুষের জয় সুনিশ্চিত এই বিষয়ে কোনও সন্দেহ নেই। এটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার যে, আমেরিকার প্রেসিডেন্ট ব্যক্তিগত জীবনে কিছু অপরাধের সঙ্গে জড়িত হয়ে যাওয়ার জন্য নিজের ভাবমূর্তিকে আমেরিকার জনগনের কাছে সুরক্ষিত করার জন্য এই আক্রমণের পথ, সাম্রাজ্যবাদের পথ বেছে নিয়েছেন। পৃথিবীতে শান্তির বাতাবরনটাকে নষ্ট করার উদ্যোগ গ্রহণ করেছেন। তিনি মানবাধিকারকে লঙ্ঘন করেছেন। সেখানে শিশু নারী পুরুষ সমস্ত সিভিলিয়ান পপুলেশন নিহত হচ্ছে। শুধু তাই নয় দীর্ঘদিন ধরে ইরাকের উপর অবরোধ ঘোষণা করা হয়েছে। এবং সেই অবরোধ এখনও অব্যাহত রয়েছে। এই অবরোধের ফলে আজকে দেখতে পাচ্ছি ইরাকের সাধারণ মানুষ খাদ্য সংকটের মধ্যে দিয়ে দিনাতিপাত করছে, চিকিৎসার পরিষেবা সঠিক ভাবে লাভ করতে পারছে না, তাদের অর্থনৈতিক বুনিয়াদ ভেঙ্গে পড়ছে। তার ফলে তারা একটা সাব-স্টান্ডার্ড একটা নিম্নমানের জীবনযাত্রার অবস্থায় পৌঁছে গেছে। এই ভাবে জেনোসাইডের মতো একটা মস্ত বড় অপরাধে আমেরিকা সংগঠিত করে চলেছে। এই যুদ্ধে একমাত্র ইংল্যান্ড আমেরিকার সমর্থনকারী। ইংল্যান্ড যে ভাবে এগিয়ে গিয়েছে, অন্য রাষ্ট্রগুলি সেই ভাবে এগিয়ে যায় নি। এটা খুব দুঃখের, ইংল্যান্ড যেখানে গনতন্ত্র শুরু হয়েছিল সেই ইংল্যান্ড সরকার যে পথ বেছে নিয়েছে পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠা করার লক্ষ্যকে সামনে রেখে সেটা কিন্তু শান্তি প্রতিষ্ঠা বা গনতন্ত্র রক্ষা করার পথ নয়। আমেরিকা এবং ইংল্যান্ড যৌথ বাহিনী যে ইরাকের উপর ঝাঁপিয়ে পড়েছে, আমরা সরকারের পক্ষ থেকে এই কাজের তীব্র নিন্দা করছি। আমাদের মুখ্যসচেতক যে ধারণা এবং যে অভিব্যক্তি প্রকাশ করছেন তাকে সমর্থন করছি। একটা সর্বসম্মত প্রস্তাব এই হাউস থেকে গ্রহন করে পাঠানো উচিত এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এই ব্যাপারে একটা নন-অফিসিয়াল প্রস্তাব দিলে সেই ব্যাপারে ডিবেট হবে এবং সেই দিন এই বিষয়ে বিবেচনা করা যাবে।

(এই সময়ে মাননীয় সদস্য দিলীপ দাস বলতে থাকেন - 'আমরা আজকে মিছিল করব'।

**মিঃ স্পিকার ঃ** মিঃ দিলীপ দাস, একটা ভাল কাজকে এই ভাবে সমর্থন করা যায় না। পলিটিক্যাল পার্টিজ মিছিল করে, পার্লামেন্ট কোনও মিছিল করে না। পার্লামেন্টে কোনও মিছিল করা যায় না। আপনি যদি মিছিল করতে চান, যান না। আপনাকে কে বাধা দিচ্ছে? পার্লামেন্ট প্রস্তাব নেয়, ডিবেট করে। এটা শিখুন।

## STARRED QUESTIONS
### (to which Oral Answers were given)

### কলকাতা হাইকোর্টে বিচারকের শূন্য পদ

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮২) **শ্রী কমল মুখার্জি ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা হাইকোর্টে বর্তমানে কয়টি বিচারকের পদ খালি আছে এবং

(খ) কবে নাগাদ উক্ত পদগুলি পূরণ হবে বলে আশা করা যায়?

**শ্রী নিশীথ অধিকারী ঃ**

(ক) কলকাতা হাইকোর্টে বর্তমানে ১৭টি বিচারক-এর পদ খালি আছে

(খ) এখনই বলা সম্ভব নয়।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করলেন যে, হাইকোর্টে ১৭টি বিচারকের পদ খালি আছে। বিচারকের পদ খালি থাকার জন্য বহু মামলা বকেয়া পড়ে আছে, নিষ্পত্তি হচ্ছে না। এগুলো দ্রুত নিষ্পত্তির জন্য আপনার দপ্তর কি চিন্তা করছে?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** প্রশ্নের সঙ্গে সম্পর্কযুক্ত অংশটি, অর্থাৎ কি করা হয়েছে, এর উত্তরে জানাই যে, ১৯৯৩ সালে সুপ্রিম কোর্টের রায় অনুসারে

বিচারকের নিয়োগের ব্যাপারে রাজ্য সরকারের ভূমিকা অত্যন্ত গৌণ। তবে রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারকে একাধিকবার অনুরোধ করা হয়েছে।

**শ্রী কমল মুখার্জি ঃ** আপনি তাহলে বলতে চাইছেন, এই যে মামলাগুলি বকেয়া পড়ে আছে, বিচারপতি নেই, সেগুলি নিষ্পত্তির ব্যাপারে আপনাদের দায়-দায়িত্ব নেই? তাহলে লোক আদালত করছেন কেন? আপনি বললেন যে, ১৭টি বিচারকের পদ যেগুলি পড়ে আছে, সেগুলি যাতে বিচারপতিরা আসেন তারজন্য আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি। আপনারা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছেন বললেন। কিন্তু বহু মামলা যা বকেয়া পড়ে আছে, তারজন্য আপনাদের কোনও দায়-দায়িত্ব নেই? দায়-দায়িত্ব যদি না থাকে তাহলে এই মামলাগুলির যাতে দ্রুত নিষ্পত্তি হয়, তারজন্য বিভিন্ন জায়গায় লোক আদালত করছেন কেন?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** প্রশ্নটি বোধহয় মূল প্রশ্নের সঙ্গে সঙ্গতি পূর্ণ নয়। মূল প্রশ্ন হচ্ছে - 'কলকাতা হাইকোর্টে বর্তমানে কয়টি বিচারকের পদ খালি আছে'। তার সূত্র ধরে আমি পুনরায় বলছি, ১৯৯৩ সালে সুপ্রিম কোর্টের আদেশের পর সংবিধানের ২১৭ অনুচ্ছেদ অনুযায়ী বিচারক পদ পূরণের জন্য যারা দায়িত্বশীল, সেখানে রাজ্যসরকারের ভূমিকা গৌণ হয়ে গেছে। ফলে, এই প্রশ্নের উত্তর আমার মনে হয়, কলকাতা হাইকোর্টে এই যে মামলাগুলি জমে পড়ে আছে, এরসঙ্গে এটি সঙ্গতিপূর্ণ নয়। এই ব্যাপারে আমরা বিভিন্ন পদক্ষেপ নিয়েছি, আপনি অন্য প্রশ্ন যদি করেন তাহলে তার উত্তর দেওয়া যাবে।

**শ্রী কমল মুখার্জি ঃ** তাহলে আপনি যে পদক্ষেপগুলি নিয়েছেন সেগুলো একটু বলুন?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** আপনি আর একটি প্রশ্ন জানতে পারেন। আজকে অন্য একজন মাননীয় বিধায়ক অন্য রকম প্রশ্ন করছেন, সেটি যখন উঠবে আমি তখন এর উত্তর দেব।

**শ্রী প্রভঞ্জন কুমার মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমি একটি সাপ্লিমেন্টারি প্রশ্ন রাখছি। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী আমাদের রাজ্য সরকারের ক্ষমতা খুবই গৌণ। সুপ্রিম

কোর্ট অ্যাকচুয়ালি উইথ রিগার্ড টু অ্যাপয়েন্টমেন্ট অব হাইকোর্ট জাজেজ কি বলেছেন?

[11-30 — 11-40 a.m.]

**শ্রী নিশীথ অধিকারী ঃ** ভারতীয় সংবিধানের ২১৭ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি নিয়োগ করেন, তার পক্ষে আলোচনা হয়ে মত বিনিময় হয়। তারসঙ্গে যুক্ত আছেন রাজ্যের রাজ্যপাল, রাজ্যের প্রধান বিচারপতি এবং সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি। এবার ১৯৯৩ সালের রায় যেটা পরবর্তী সময়ে রেফারেন্স এসেছে, সেই রায়ে বলা হয়েছে সুপ্রিম কোর্ট প্রাইমেসি থাকবে। আর এটার প্রস্তাব আনবেন রাজ্যের প্রধান বিচারপতি এবং সুপ্রিম কোর্ট তার সর্বশেষ কথা বলে দেবেন। সুতরাং এই হচ্ছে অবস্থা, এই অবস্থাতে রাজ্যের কোনও ক্ষেত্রেই তার সম্পর্কে কমেন্ট দেওয়া সম্ভব নয়। এবং তার বেশি কিছু করাও সম্ভব নয়।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় বিচারমন্ত্রী ঠিকই বলেছেন যে রাজ্য সরকারের পক্ষে প্রত্যক্ষভাবে বিচারপতি নিয়োগ করার কিছুই নেই। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি যেমন সুপারিশ করবেন এবং কজনকে নিয়ে সুপারিশ করবেন সেটা যে সমস্যা ছিল, সেটা নিরসন করেছেন। কিন্তু আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, এই যে বিচারপতির পদ খালির জন্য আমরা চিন্তিত, কিন্তু মূলত দুটি কারণে মামলা জমা হয়ে যাচ্ছে। এবং সেই ব্যাপারে রাজ্য সরকারের হাত আছে, সেই ব্যাপারে কি চিন্তা-ভাবনা করছেন। তার ফলে রাজ্যে ৩০ হাজার কনটেম্পট অব কোর্টের মামলা আপনাদের হাতে রয়েছে, আর হাইকোর্টের কর্মচারীরা কর্মবিরতি করছেন। হাইকোর্টের কর্মচারীরা যে কর্মবিরতি করছেন তার কারণ হচ্ছে পে কমিশনের রেকমেনডেশন চেয়ে, এগুলো দূর করার জন্য আপনি কি করছেন?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** আমি সৌগতবাবুকে শ্রদ্ধা করি কারণ তিনি অনেক কিছু জানেন। কিন্তু হাইকোর্টের কর্মচারীরা কেন স্ট্রাইক করছেন এবং বিচার নিষ্পত্তির জন্য কি কি করার দরকার তারসঙ্গে যে মূল প্রশ্ন হাইকোর্টের কটি বিচারকের পদ খালি আছে তার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই ১৭টি বিচারকের পদ খালি থাকার জন্যই গরিব মানুষদের মামলা স্থগিত হয়ে পড়ে আছে?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** এই যে মামলা জমা আছে সেটা একদিনের ব্যাপার নয়। কলিকাতা হাইকোর্টে প্রতি বছর প্রায় ৬০ হাজার মামলা দায়ের হয় এবং তার নিষ্পত্তির জন্য সব বিচারকের পদ পূর্ণ থাকলেও প্রায় ২০ হাজার জমা থাকে। এরজন্য সবাই চিন্তিত বিচারপতিরাও চিন্তিত এবং ভাবনা চিন্তা চালাচ্ছেন। সুপ্রিম কোর্টও চিন্তিত। এই কারণেই লোক আদালতের ধারণা নিয়ে আসা হয়েছে এবং সেখান থেকেই এই ধারণাটা এসেছে। সুতরাং এই প্রশ্নোত্তর এইভাবে এক কথায় বোঝানো সম্ভব নয়। যতটুকু বলা সম্ভব সেটাই বলেছি।

**শ্রী ফণিভূষণ রায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আমি জানতে চাইছি, আলোচনার মাধ্যমে স্বীকৃত যে বহু মামলা জমা পড়ে আছে, বহু বিচারপতির পদ খালি থাকার জন্য। বিচারপতি নিয়োগ না হওয়ার জন্য এই মামলাগুলি উপেক্ষিত হচ্ছে। ১/২/৩/৪ ধরে নয়, দীর্ঘদিন ধরেই এটা হচ্ছে। এতে জনসাধারণের ক্ষতি হচ্ছে। আমি জানতে চাইছি, সব জেনেশুনেও আপনারা আপনাদের তরফ থেকে দিল্লি গিয়ে কি সুপ্রিম কোর্টে গিয়ে কোনও রকম তৎপরতা দেখিয়েছেন কিনা, সেটা জানালে ভাল হয়?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** আমি এটুকু বলতে পারি, গত ২রা সেপ্টেম্বর আমাদের বিধানসভার যে প্রতিনিধিরা দিল্লি গিয়েছিল তারা সুপ্রিম কোর্টের চিফ জাস্টিস এর সঙ্গে দেখা করেছিলেন। এবং সাংঘাতিক এই সমস্যার কথা জানানো হয়েছিল।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মিঃ স্পিকার স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় বিচারমন্ত্রীর কাছে জানতে চাইছি, উনি জানিয়েছেন হাইকোর্টে ১৭জন বিচারপতির পদ খালি রয়েছে। অন্যান্য জেলায়ও এই পদ খালি রয়েছে। এর ফলে বিচারের অনেক বিলম্ব ঘটছে। এছাড়াও বিচারের বিলম্ব হওয়ার অরো অনেক কারণ রয়েছে সেটা আপনি জানেন। একটা কথা আছে, জাস্টিস ডিলেইড ইজ জাস্টিস ডিনাইড। বিচারের যে আসল ব্যাপারটা সেটা চাপা পড়ে যায়। বিশেষ করে আমি যেটা জানতে চাইছি, যিনি বিচারপ্রার্থী তিনি নিশ্চয় চাইবেন বিচারটা যেন তাড়াতাড়ি হয়। কিন্তু দেখা যাচ্ছে আদালতে বিচারপ্রার্থীরা একের পর এক ডেট নিয়ে চলেছেন, এখানে কি কোনও আইন নেই, কতকগুলি ডেট তারা নিতে পারেন, এই ব্যাপারে কি ধরণের আইন রয়েছে সেটা আমি জানতে চাইছি।

**শ্রী নিশীথ অধিকারী ঃ** বিচারের সময় বিচারক আইনজীবিদের প্রার্থনা অনুসারে স্থগিতাদেশ দেন, ফলে তাঁরা যদি কোনও মামলার স্থগিতাদেশ না দেন

তাহলে কিন্তু এই সমস্যার সমাধান সঙ্গে সঙ্গে হয়ে যায়, সেইজন্য এই ব্যাপারে সরকারের কিছু করণীয় আছে বলে আমি মনে করিনা।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি খুবই উদ্বিগ্ন। বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদে, সেখানে আপনি চেষ্টা করছেন পেন্ডিং কেস যেগুলি আছে সেইগুলির যাতে দ্রুত নিষ্পত্তি করা যায়। উত্তরবঙ্গে হাইকোর্ট এর বেঞ্চ করার জন্য আপনি চেষ্টা করছিলেন, কিন্তু শিলিগুড়িতে এখন ঝামেলা গন্ডগোল রয়েছে উত্তরবঙ্গে হাইকোর্ট এর সার্কিট বেঞ্চ করার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন, বলবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** আমি মাননীয় বিধায়ককে আর একটি পৃথক প্রশ্ন আনার জন্য অনুরোধ করছি।

**শ্রী অধীর রঞ্জন চৌধুরী ঃ** আপনার কথা অনুযায়ী বছরে ৬০ হাজার মামলা দায়ের হয়, প্রতি বছরে ২০ হাজার মামলার মীমাংসা হয় না, হাইকোর্টে এ পর্যন্ত জমে থাকা মামলার সংখ্যা কত?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** কলকাতা হাইকোর্টে ২লক্ষ ৭২হাজার মামলা পেন্ডিং আছে।

## বিদ্যুৎ নিয়ন্ত্রক কমিশন

***৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫) **শ্রী আবু আয়েশ মন্ডল** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিদ্যুতের মূল্য নির্ধারণ এবং প্রাসঙ্গিক যাবতীয় সমস্যার নিষ্পত্তির জন্য সরকার বিদ্যুৎ নিয়ন্ত্রক কমিশন গঠন করেছে,

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত কমিশন তাদের কাজ শুরু করবে বলে আশা করা যায়; এবং

(গ) কমিশনের কার্যকাল কতদিনের জন্য নির্ধারিত হয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) রাজ্যস্তরে বিদ্যুৎ নিয়ন্ত্রক কমিশন গঠনের সিদ্ধান্ত হয়েছে।

(খ) কমিশনের সদস্য স্থির করার জন্য কমিটি গঠন করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(গ) প্রতিটি কমিশনের কার্য্যকাল পাঁচ বছর।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় আপনি প্রশ্নের উত্তরে বললেন যে, রাজ্যস্তরে একটা কমিশন গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং কমিশনের সদস্যদের স্থির করার জন্য আরেকটা কমিটি গঠনের ব্যবস্থা করা হয়েছে। আমি ক্যাটাগরিকালি জানতে চাইছি, কমিশনের সদস্য স্থির করার জন্য যে কমিটি করা হবে সেই কমিটিতে কারা কারা থাকবে এবং মূল যে কমিশন সেটা কত সদস্যর হবে সেটা জানাবেন কি?

[11-40 — 11-50 a.m.]

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** ভারত সরকার একটা অ্যাক্ট প্রণয়ন করেছে সেন্ট্রাল ইলেকট্রিকাল রেগুলেটারি অ্যাক্ট কমিশন। সেই অ্যাক্ট অনুসারে আমরা তিন সদস্যর একটা কমিশন করতে যাচ্ছি। এই তিন সদস্যর কমিশন ঠিক করার জন্য আরেকটি তিন সদস্য কমিশন আমরা করছি, যার একজন হবে রিটায়ার্ড জাজ, কলকাতা হাইকোর্টের বিচারপতির সঙ্গে আলোচনা করে এটা ঠিক করা হবে, আরেকজন হচ্ছে রাজ্যের মুখ্যসচিব, এবং তৃতীয় জন হবে সেন্ট্রাল ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশনের সদস্য। এই তিনজন সদস্য আরেকটি তিনজন সদস্য নিয়োগ করবে, যার চেয়ারম্যান হতে পারে রাজ্যের বিচারপতি, আর অন্য দুজন সদস্য হবেন যারা বিদ্যুৎ বিষয়ে অভিজ্ঞ তাদের কাছ থেকে নেওয়া হবে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, কমিশন গঠনের পরে বিদ্যুতের মূল্য নির্ধারিণের ক্ষেত্রে কমিশনের বিচার্য বিষয় যেটা, সেই মূল্য নির্ধারনের প্রক্রিয়া কি রূপ হবে সেটা জানাবেন কি?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** এটা যদিও কমিশন ঠিক করবে, কিন্তু আমাদের পারসেপশন যে সমস্ত বিভিন্ন ইউটিলিটি রয়েছে, যেমন রাজ্য বিদ্যুৎ পর্ষদ, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন, ডি.পি.এল. পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন, দিশেরগড় পাওয়ার সাপ্লাই কর্পোরেশন তারা তাদের প্রস্তাব কমিশনের কাছে আনবে। এই প্রস্তাব কমিশন পেলে, এখন যেটা হচ্ছে না, তখন সেটা সম্ভব হবে, বিভিন্ন

গ্রাহকদের ভূমিকা আরও ট্রান্সপারেন্ট হবে। অর্থাৎ তারা প্রস্তাবের পক্ষে না বিরুদ্ধে সেই ব্যাপারে তারা কথাবার্তা বলতে পারবে। এখন গ্রাহকদের কোনও রোল ছিলনা, তখন কিন্তু হবে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** দায়িত্বটা সি.ই.এ. অর্থাৎ সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটির হাত থেকে চলে যাবে এই কমিশন গঠন করার পরে স্টেট ইলেকট্রিসিটি রেগুলেটারি অথরিটির হাতে?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** রাজ্যস্তরে সি.ই.এ-র কোনও ভূমিকা ছিল না। টারিফ ঠিক করার জন্য ইস্টার্ন রিজিওনাল ইলেকট্রিসিটি বোর্ড বা নর্দান রিজিওনাল ইলেকট্রিসিটি বোর্ডের পাঁচ জন আছেন। তবে সি.ই.এ-র একটা পাওয়ার ছিল। এখন সেটা সেন্ট্রাল ইলেকট্রিসিটি রিগুলেটারি কমিশনের আওতায় চলে গেছে। রাজ্যস্তরে বিদ্যুতের মূল্য ঠিক করার দায়িত্ব হচ্ছে স্টেট ইলেকেট্রিসিটি রেগুলেটারি কমিশনের।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, বিদ্যুতের মূল্য নির্ধারন করার জন্য একটা কমিশন আপনি করতে যাচ্ছেন। দেবকুমার কমিশন যে রিপোর্ট আপনাদের দিয়েছিল, সেটা আপনারা গ্রহণ করেছেন বলেছেন এবং সি.ই.এস.সি. অন্যায়ভাবে কনজিউমারদের কাছ থেকে বিদ্যুতের দাম নিচ্ছে বলে আপনি নিজেও মতামত দিয়েছেন - আমরা দেখছি কি করা যায়। তারপর হঠাৎ করে বাটলিবয়-এর কাছে অনুসন্ধান করার জন্য পাঠিয়ে দেওয়া হ'ল। গোটা ব্যাপারটাই কি গোয়েঙ্কা প্রভুর মতো নির্ধারন করছে? আবার একটা কমিশন করে দেবকুমার কমিশন ধামাচাপা পড়ে যাবে। এবং একটা কমিশন করে সেখানে রিটায়ার্ড জাজ, চিফ্ সেক্রেটারি , ইলেকট্রিকাল লোকেদের রেখেছেন, কিন্তু কনজিউমারদের মধ্যে থেকে কেন রাখছেন না? তাদের হেয়ারিং নিলেই তো হোত। গোটাটাই কি গোয়েঙ্কাদের মধ্যে থেকে হচ্ছে নাকি, যেটা অন্যায় বলে মনে করছেন, সেই গোয়েঙ্কারাই এসে যাবে এই দপ্তরে?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** দেবকুমার কমিশন - যদিও এই প্রশ্নের সঙ্গে কানেকটেড নয় - রাজ্য সরকার অ্যাপয়েন্ট করেছিল। মূল প্রশ্ন কনজিউমারদের রিপ্রেজেন্টেশন, কনজিউমারদের বক্তব্য কে শুনবে, এটাই বড় কথা। আমরা কিন্তু এই কমিশন গঠন করার ব্যাপারে বিগত যে বিধানসভা চলছিল, তখনই উদ্যোগ নিয়েছিলাম,

প্রস্তাব যদিও আনিনি। যেহেতু অন্যান্য রাজ্যের মতো নয়, আমাদের রাজ্যে একটি বিশেষ ব্যবস্থা আছে। এখানে রাজ্য বিদ্যুৎ পর্যদ আছে, বড় বড় প্রাইভেট কোম্পানি আছে, ডি.ভি.সি. আছে যারা রাজ্যে বিদ্যুৎ দেয়, শিল্প, রেল, কোলিয়ারিতে দেয়। আবার তাদের কাছ থেকে বিদ্যুৎ কিনে রাজ্য বিদ্যুৎ পর্যদ দেয়। সেখানে দিশেরগড় পাওয়ার কোম্পানি আছে, এন.টি.পি.সি. আছে, এন.এইচ.পি.সি আছে। আনেকগুলি সংস্থা আছে, পাওয়ার গ্রিড আছে। এতগুলো সংস্থার মতামত এক হওয়া সব সময় সম্ভব নয়। এটা মেটাবার জন্য আমরা চেষ্টা করেছিলাম একটা স্ট্যাটুটরি কমিশন করতে। এটা মনে রাখতে হবে, আইনগত ভাবে সিদ্ধ কমিশন যার পাওয়ার আছে, আইনগত ভাবে, যেমন সুপ্রিম কোর্ট, কলকাতা হাইকোর্ট বা অন্যান্য হাইকোর্টের পাওয়ার আছে, সেই পাওয়ার এসে যাবে এই কমিশনের এবং সেন্ট্রাল গভর্নমেন্ট অ্যাক্ট প্রণয়ন করেছেন, যেটা নিয়ে আলাপ আলোচনা চলছিল রাজ্যের সঙ্গে প্রায় ২/২.৫ বছর ধরে। আমাকে যদি ব্যক্তিগত ভাবে বলেন, আমি বলব কমিশনকে যথেষ্ট পাওয়ার দেওয়া হয়েছে। সেখানে কনজিউমারদের রিপ্রেজেন্টেশন হবে, এটা খুব গুরুত্বপূর্ণ। সেটা কিন্তু এখানে আনা হবে, যেটা ইতিমধ্যে দুটো রাজ্যে হয়েছে। আমাদের রাজ্যে কমিশন প্রস্তাবগুলো কাগজে দেয় এবং ওপেন ফোরামে আলোচনা হয়। প্রেস, কনজিউমার এবং কমিশনের মেম্বাররা থাকবেন। পর্যদ যে প্রস্তাব দিচ্ছে, সেখানে একটা আইন-আদালতের মতো থাকে এবং একটা সময় সীমার মধ্যে হয়।

**শ্রী হিমাংশু দত্ত ঃ** বেসরকারি বিদ্যুৎ সংস্থা যে বিদ্যুৎ উৎপাদন করবে, সেটা বিক্রির সময় দাম নির্ধারণ কি সেই সংস্থা করবে?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** আধা সরকারি, সরকারি, বেসরকারি, যে সংস্থাই বিদ্যুৎ উৎপাদন করুক কনজিউমারদের কাছে যখন বেচবে, সেই দামটা সরকারের পক্ষ থেকেই ঠিক করা হবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** কমিটির নাম ঠিক করা হয়নি। সেটা ঠিক করার জন্য আবার একটা কমিটি করেছেন। যাইহোক কমিটি হবে। সেটা আরও সময় লাগবে। আমার প্রশ্ন হচ্ছে - এই কমিশনের রেকমেন্ডেশন এটা কভার করবে সমস্ত সরকারি, কেন্দ্রীয় সরকারি, আধা সরকারি, অথবা ব্যক্তিগত মালিকানাধীন যত বিদ্যুৎ কোম্পানি আছে, যারা বিদ্যুৎ বিক্রি করবে, তাদের সকলেই কভার করবে, এই সিদ্ধান্ত প্রসপেকটিভ না রেট্রোসপেকটিভ, অর্থাৎ কমিশন গঠনের সিদ্ধান্ত যবে থেকে হয়েছে সেটা প্রয়োগ করা হবে সেদিন থেকে না, যেদিন কমিশনের রায় বেরোবে, তার পর থেকে নেওয়া হবে?

[11-50 — 12-00 Noon]

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** এই মূল বিষয়গুলি কমিশনের হাতে ছেড়ে দেওয়া হয়েছে। তবে আপনি যে ব্যাপারে চিন্তিত সেটা হচ্ছে ফুয়েল সারচার্জের ব্যাপার। একটা বিষয় হচ্ছে - কয়লার দাম, কয়লা ট্রান্সপোর্ট করতে যে দাম লাগে, খরচ হয়, তারজন্য একটা প্রভিশনাল ফুয়েল সারচার্জ গ্রাহকদের কাছে লগ্নি করে। এবার মনে করুন রাজ্য বিদ্যুৎ পর্ষদ ডি.ভি.সি., এন.টি.পি.সি পাওয়ার গ্রিড ইত্যাদির কাছ থেকে কিনছে। এদের ফাইনাল অ্যাকাউন্টস যেটা হতে এক বছর দেড় বছর সময় লাগে, সেহেতু অডিটেড না হওয়া পর্যন্ত আমাদের অপেক্ষা করে বসে থাকতে হয়। তখন কিন্তু এক বছরে দেড় বছরে ব্যাক ডেটে প্রভিশনাল ফাইনাল কয়েক পয়সা বাড়ানো হয় এটার পুরো ক্ষমতা কিন্তু কমিশনের উপর। এই কমিশনের হাতে কিন্তু পুরোপুরি ভার দেওয়া আছে যে কিভাবে এটা করবে।

**শ্রী মুর্সেলিন মোল্লা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, অনুগ্রহ করে জানাবেন কি - এই কমিশন স্ট্যাটুটরি নেচারের হওয়া সত্বেও যে মূল্য নির্ধারন করে দেবেন, বেসরকারি বিদ্যুৎ সংস্থাগুলিও তা মেনে নিতে বাধ্য থাকবে কিনা?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** নিশ্চয় এই কমিশন স্ট্যাটুটরি কমিশন। যে রকম সুপ্রিম কোর্টের রায় মেনে নিতে বাধ্য থাকবেন, সেই রকমই বিদ্যুতের ক্ষেত্রে নিশ্চয় থাকবে। সেইজন্য আইনের ব্যবস্থা নেওয়া হয়েছে।

**শ্রী নির্মল ঘোষ ঃ** আপনি নিশ্চয় অবগত আছেন যে, আমাদের শহর এবং শহরতলির সবটাই আপনার হাতের বাইরে। এই যে বিদ্যুৎ কমিশনের কথা আপনি বলেছেন, কেন্দ্রীয় সরকারের নির্দেশিকার সঙ্গে গাইড লাইনও আছে এবং তার সঙ্গে অ্যালায়েড ম্যাটারস্ মানে লক্ষ লক্ষ গ্রাহক, তারা দেখিয়েছে যে, নভেম্বর মাসের বিলেই কোথাও কোথাও দ্বিগুণ কোথাও আড়াই গুণ বিল এসেছে। এটা যদি মার্চ এপ্রিল মাসে হত, তাহলে না হয় বলা যায়। আমার প্রশ্ন হচ্ছে এই কমিশন যেটা আপনি গঠন করতে চলেছেন, যেটা কেন্দ্রীয় এনার্জি দপ্তরের নির্দেশিকায় রয়েছে, তাতে কি আমাদের এই যে লক্ষ লক্ষ মানুষ যারা কলকাতা এবং শহরতলিতে এফেকটেড হয়েছে, এই বর্ধিত মূল্যের জন্য যে বড় ক্ষতি হয়েছে, এটা থেকে কি মুক্ত হতে পারব? অর্থাৎ এই যে অস্বাভাবিক মূল্য যে বেড়েছে, এই বিক্রয় মূল্য কি কমবে? এই সেলস্ প্রাইস কি কমাতে পারবে? আপনার যে কস্ট প্রাইস তাতে কোনও তারতম্য হবে কিনা?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** কমিশনের এক্তিয়ারভুক্ত কি কাজ আছে তার একটা ছক আছে। তারা পিছনে যাবে কিনা এটা তাদের বিচার্য্য। কিন্তু একটা জিনিস আপনি স্থির থাকতে পারেন নতুন করে যখন বিদ্যুতের মূল্য নির্ধারণ হবে তখন কিন্তু কমিশনের পারমিশন নিতে হবে মূল্যবৃদ্ধির বিষয়টা কমিশন সেটা মিডিয়া থ্রু জনসাধারণ জানবে। বিভিন্ন বিদ্যুৎ সংস্থা সেটা বিদ্যুৎ পর্যদ হোক, সি.ই.এস.সি. হোক বা দিশেরগড় হোক এদের প্রস্তাব কমিশনকে জানাবে। কমিশন পাবলিককে ইনভাইট করবে। বিভিন্ন সংস্থা, কনজিউমার্স ফোরাম, তারা আসবে। তারা সাপোর্টও করতে পারে, বিরোধিতাও করতে পারে। সমস্ত কিছু বিচার করে কমিশন নির্ধারণ করবে কি দাম হবে না হবে। তবে ব্যাক এফেকট্ হবে কিনা সেটা আমাদের বিষয় নয়।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে শুধু বিদ্যুতের মূল্য বৃদ্ধি নয় প্রাসঙ্গিক যাবতীয় সমস্যার নিষ্পত্তি করার জন্য বিদ্যুৎ নিয়ন্ত্রক কমিশন তৈরি হবে। আমরা দেখছি যে মূল্যবৃদ্ধি নির্ধারণ ছাড়াও নানারকম সমস্যা আছে। এন.টি.পি.সি. কে রাজ্যসরকার টাকা দিচ্ছে না। এন.টি.পি.সি. বিদ্যুৎ বন্ধ করে দিয়েছে। সি.ই.এস.সি. রাজ্যসরকারকে টাকা দিচ্ছে না কিন্তু বিদ্যুৎ বন্ধ করে নি। ইলেকট্রিসিটি ডিউটি সি.ই.এস.সি. জমা দিচ্ছে না। এই ধরণের যে সমস্যাগুলো - বিদ্যুৎ উৎপাদক সংস্থা নিয়ে যে সমস্যাগুলো সেগুলো কমিশন নির্ধারণ করতে পারবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** যে সমস্ত সংস্থাগুলো রাজ্যস্তরে আছে সেগুলো নির্ধারন করবে এই কমিশন কিন্তু এন.টি.পি.সি. বা পাওয়ার গ্রিড এর যে সমস্যাগুলো তারজন্য গঠিত হয়েছে সেন্ট্রাল ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশন। তাদের এক্তিয়ারে এটা যাবে।

**শ্রী সৌগত রায় ঃ** তাহলে রাজ্যসরকার কমপ্লেন করলে ওখানেই করবে?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** রাজ্যসরকার করতে পারে, এন.টি.পি.সি. করতে পারে।

**শ্রী নির্মলচন্দ্র দাস ঃ** আমরা দেখছি গভর্নমেন্ট টু গভর্নমেন্ট যে সমস্ত সমস্যা দেখা দেয়, আমাদের কাছে আনেক মিসইনফরমেশন পৌঁছায়, বিভিন্ন সরকারি দপ্তর গুলো আর্থিক পাওনা মেটাতে পারে না বলে তাকে কেন্দ্র করে আপনারা মূল্যবৃদ্ধি করেন, নতুন যে সমস্ত প্রোজেক্ট হচ্ছে তিস্তা হাইডেল প্রোজেক্ট, সংকোশ আসছে।

এইগুলো আসার পরে যে প্রোডাকশন বাড়বে তখন কিভাবে মূল্যবৃদ্ধি নির্ধারণ করবেন? আপনারা যে ভর্তুকি দেন আলটিমেটলি সেটাও কনজিউমারের উপর এসে পড়ে। গোটা বিষয়টা কিভাবে কমিশনের কাছে রিপ্রেজেন্ট করবেন?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** রাজ্যসরকারের যে বিভিন্ন উৎপাদন সংস্থা আছে সেটার এন্টার রিজিওন ট্রান্সফার হোক। সেটার কাজ চলছে খুব আস্তে। রিজিওনাল ট্রান্সফার রেগুলেটারি কমিশন হলেও আপনি বলছেন যে চাহিদা বেড়ে যাবে, যদিও এই প্রশ্নটা এর সাথে সঙ্গতিপূর্ণ নয়, তবুও বলছি ঘাটতি আছে। সম্পূর্ণ ভারতবর্ষে বিচার করলে বলা হচ্ছে ৪০ হাজার মেগাওয়াট দরকার ফর পিক্ আওয়ার্সে। কমিশনের মূল বিচার্য বিষয় হল ট্যারিফ। যে যা খুশি ট্যারিফ বসাবে আর কনজিউমারদের সেটা বহন করতে হবে সেটা আটকানোর জন্যই এটা করা হচ্ছে। সৌগতবাবু যেটা বললেন যে ইন্টার ইউটিলিটি ফ্রিকশান। এরা বলছে টাকা দিচ্ছি না, আবার ওরা বলছে দিচ্ছি না এটা কমিশনের বিচার্য বিষয়। কেন্দ্রীয় স্তরে এবং রাজ্যস্তরে আছে স্টেট ইলেকট্রিসিটি রেগুলেটারি কমিশন।

*76 Held over.

*77 Not Called.

**ওয়াকফ**

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৭) **শ্রী সুধীর ভট্টাচার্য্য** ঃ সংখ্যালঘু বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওয়াকফ সম্পত্তি থেকে প্রাপ্য বাৎসরিক আয়ের অর্থের সমাজ-কল্যাণের কাজে লাগানোর কোনও প্রস্তাব সরকারের আছে কি না; এবং

(খ) উক্ত অর্থ থেকে মুসলিম সেবাশ্রম বা সেবা প্রতিষ্ঠান জাতীয় কোনও সংস্থা গড়ে তোলার পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী মহঃ আমিন ঃ**

**(ক) ওয়াকফ সম্পত্তি থেকে বোর্ড অব ওয়াকফের আয় অপ্রতুল হওয়ায় এই ধরণের কোনও প্রস্তাব নেই।**

**(খ) অদ্যাবধি নেই।**

**শ্রী সুধীর ভট্টচার্য্য ঃ** এই ওয়াকফ সম্পত্তি থেকে বৎসরে কত টাকা আয় হয়?

**শ্রী মহঃ আমিন ঃ** এক এক বছর এক এক রকম আয় হয়। আমি কয়েকটি বছরের হিসাব দিতে পারি। ১৯৯৩-৯৪ সালে ওরা নিজেরা আয় করেছে ৯ লক্ষ ২৪ হাজার ৮৭০.৫৭ টাকা। আর খরচ হয়েছে ২০ লক্ষ ৬৬ হাজার ৪৪৪.৫৫ টাকা। এর ঘাটতি রাজ্য সরকারকেই পূরণ করতে হয়, ১৯৯৪-৯৫ সালে হয়েছে ৮ লক্ষ ৩৯ হাজার ১৩৭.২২ টাকা, ১৯৯৫-৯৬ সালে ৮ লক্ষ ৩২ হাজার ৬৭৭.৬১ টাকা। ১৯৯৬-৯৭ সালে ১০ লক্ষ ১৯ হাজার ৪৮৪.৫৭ টাকা। ১৯৯৭-৯৮ সালে ৭ লক্ষ ৯৪ হাজার ৭৮.৭৩ টাকা। এর জন্য প্রতি বছরই ৮, ৯, ১০, লক্ষ টাকার মতো ঘাটতি হচ্ছে।

**শ্রী সুধীর ভট্টচার্য্য ঃ** দুঃস্থ মুসলিম সমাজের জন্য গত আর্থিক বছরে কত টাকা খরচ করেছেন এই ফান্ড থেকে?

**শ্রী মহঃ আমিন ঃ** এই প্রশ্নের সাথে এই সাপ্লিমেন্টারি প্রশ্ন আসে না, আপনি এর জন্য আলাদা নোটিস দেবেন।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মুসলিম সমাজের মধ্যে শিক্ষার হার কম এবং বেকার বেশি, এই ব্যাপারে ওয়াকফ বোর্ডের যে আয় হচ্ছে সেই টাকার অংশ এই ব্যাপারে খরচের জন্য কোনও পরিকল্পনা আছে কি এবং নতুন মাদ্রাসা বোর্ড তৈরির কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী মহঃ আমিন ঃ** মাদ্রাসা বোর্ড তৈরি করে না ওয়াকফ বোর্ড, এটা এডুকেশন বোর্ড তৈরি করে। ওয়াকফ বোর্ডের প্রতি বছরই যেহেতু ঘাটতি সেই জন্য নিজেদের রিসোর্স থেকে কিছু করতে পারে না, কিন্তু রাজ্য সরকার প্রতি বছরই আলাদা কিছু টাকা দেয়, সেই টাকা থেকে ওয়েলফেয়ার মেজার্স নেওয়া হয়। যেমন ৫টি জেলায় মুসলিম গার্লস হোস্টেল করা হয়েছে। ইসলামিয়া হসপিটালে কিছু টাকা দেওয়া হয়েছে এবং ছাত্রছাত্রীদের স্টাইপেন্ড দেওয়া হয়। এই বছরে ১৭৪ জনকে ১ লক্ষ ৩০ হাজার টাকা দেওয়া হয়েছে।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী রবীন্দ্র নাথ হেমব্রম ঃ মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি, এই ওয়াকফ বোর্ড-এর যে সব অর্থ মুসলিম সম্প্রদায়ের সাহায্যের জন্য খরচ করেন সেই অর্থ**

থেকে মুসলিম সম্প্রদায়ের পাঠরত ছেলেমেয়েদের যাদের মা-বাবা কেউ নেই তাদের সাহায্যের জন্য কোনও পরিকল্পনা আছে কি না? যদি থাকে তাহলে কি ভাবে পাওয়া যায়?

**শ্রী মহঃ আমিন ঃ** গরিব ঘরের মেধাবী ছাত্র-ছাত্রীদের এই স্টাইপেন্ড দেওয়া হয়। আমি আগেই বলেছি, এ বছর ১৭৪ জনকে এই সাহায্য দেওয়া হয়েছে। সামনের বছরে টার্গেট আছে প্রায় ১ হাজার ছাত্র-ছাত্রীকে এই সাহায্য দেওয়া হবে।

**শ্রী অধীর রঞ্জন চৌধুরী ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ওয়াকফ সম্পত্তি লিজ দেওয়ার ক্ষেত্রে কোন কোন বিষয় ক্রাইটেরিয়া হিসাবে গুরুত্ব পায়?

**শ্রী মহঃ আমিন ঃ** ওয়াকফ সম্পত্তি লিজ দেওয়ার ক্ষেত্রে আইন অনুযায়ী ওয়াকফ বোর্ড নিয়ে থাকে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বার্ষিক ওয়াকফ সম্পত্তির যে হিসাব দিয়েছেন তাতে দেখা যাচ্ছে আয়ের থেকে ব্যয় বেশি এবং ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে সেটা পূরণ করতে হয়। ১৯৯৬/৯৭ সালে আগের তুলনায় উল্লেখযোগ্য আয় বৃদ্ধি পেল কিন্তু ১৯৯৭/৯৮ সালে ১০ লক্ষ ১৯ হাজার থেকে ৭ লক্ষ ৯৪ হাজার ফিগারটা এসে দাড়াল। আয় কেন কম হ'ল বলবেন কি?

**শ্রী মহঃ আমিন ঃ** কালেকশন ভ্যারি করে ইয়ার টু ইয়ার। এর কারণ সম্বন্ধে আমার হাতে এখনই রিপোর্ট নেই। আমি তাই এখনই এ সম্বন্ধে কিছু বলতে পারব না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** ওয়াকফ বোর্ডের প্রাক্তন সদস্য হুদা সাহেব। তার বিরুদ্ধে কোটি কোটি টাকা ওয়াকফ সম্পত্তি তছরুপের অভিযোগ ছিল। আপনি সেই দপ্তরের মন্ত্রী হিসাবে হুদা সাহেবের এই আর্থিক দূরাচারের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং যে টাকা তছরুপ করে আত্মসাৎ করেছেন তা রিয়ালাইজ করার জন্য কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** এই রকম কোনও সুনির্দিষ্ট অভিযোগ আমার কাছে নেই।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** ওয়াকফের আয় থেকে কোনও সেবা প্রতিষ্ঠান করেছেন কিনা এবং করলে কোথায় কোথায় করেছেন?

**শ্রী মহঃ আমিন :** এক একটা ওয়াকফ ডিডে যা লেখা থাকে সেই অনুযায়ী ব্যবস্থা করা হয়। আর, আমাদের বীরভূম জেলার পাথরচাঁপড়ি বলে একটা মাজার আছে সেটা ওয়াকফ কমিটি নিয়ন্ত্রন করে। এখান থেকে বছরে ১২ থেকে ১৫ লক্ষ টাকা ইনকাম হচ্ছে। তা দিয়ে ডিসপেনসারি, পানীয় জলের ব্যবস্থা, পুকুর কাটা রাস্তা তৈরি, ইত্যাদি কাজ করা হয়েছে। এতে মাজারে আসা তীর্থযাত্রীদের সাথে সাথে গ্রামবাসীদেরও অনেক সুবিধা হয়েছে। এটা প্রশংসনীয় কাজ হয়েছে। পশ্চিমবাংলায় এটা প্রথম শুরু হয়েছে। আরো কয়েকটা জায়গায় আমরা করব।

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** কেন্দ্রের 'মৌলানা আজাদ' যে ট্রাস্ট আছে, তাঁরা এই রাজ্যে যে অর্থ বরাদ্দ করে তার সাথে রাজ্য সরকারের কোনও যোগাযোগ আছে কি? অর্থাৎ রাজ্য সরকারের মাধ্যমে এই টাকা আসে কি?

**শ্রী মহঃ আমিন :** 'মৌলানা আজাদ' নামে যে এডুকেশন ট্রাস্ট আছে তাঁরা রাজ্য সরকারের মাধ্যমে টাকা দেন না, নিজেরা দেন। তবে এক্ষেত্রে ওয়াকফ বোর্ডের রেকমেন্ডেশন লাগে। আমার জানার মধ্যে এই রকম হুগলি জেলাতে ৫০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। আর, অন্য কোথাও হয়েছে বলে আমার জানা নেই।

*79 (Not Called)

*80 (Not Called)

## Fuel Surcharge

*81. (Admitted Question No. *498) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state-

the basis of last 'fuel surcharge hike' levied upon the consumers concerned by the C.E.S.C.?

**Dr. Sankar Kumar Sen :**

Due to increase in the cost of Coal & Oil, cost of transportation and other fuel related costs the Govt. was compelled to approve the increase of Fuel Surcharge.

[12-10 — 12-20 p.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়লার দাম বেড়েছে, তেলের দাম বেড়েছে, ট্রান্সপোর্টেশনের দাম বেড়েছে। তার জন্য সি.ই.এস.সি. ফুয়েল সারচার্জ

বাড়াবে। তারজন্য সরকার অনুমতি দিয়েছেন। কিন্তু হোয়াট ইজ দি বেসিস of this hike? 5% of the consumption? 10% of the consumption? What is the basis of the increase? কয়লার দাম বেড়েছে, ট্রান্সপোর্টেশনের কস্ট বেড়েছে। আপনারা যে বাড়ানোর অনুমতি দিলেন তার ভিত্তি কি? তার বেসিস কি? এর রিজন্‌সগুলো কি? আপনি যেগুলো বললেন সেগুলোর রিজন্‌স কি? এগুলো ভিত্তি হতে পারে না। এগুলো বেসিস হতে পারে না। হোয়াট ইজ দি বেসিস অব দিস্ ইনক্রিমেন্ট?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** বেসিস হচ্ছে, কোল কস্ট অর্থাৎ কয়লার আগে যা দাম ছিল—মনে করুন একটা পাওয়ার স্টেশন একই উৎপাদন করছে, একই ইউনিট উৎপাদন করছে তাহলে তার কয়লা ব্যবহার হবে। সেই কয়লা ব্যবহারের একটা হিসেব আছে। সেটা নির্ভর করে এক কে.জি. কয়লা কত ইউনিট দেয়। এরও একটা হিসেব আছে। সেই হিসেব অনুসারে কত কে.জি. বের করতে পারেন। এবার এই কে.জি.র দাম যদি বেড়ে যায়, এই কেজির ট্রান্সপোর্টেশন খরচা যদি বেড়ে যায়। অনেক সময় মিড-নাইটে, মধ্যরাতে আমাদের বিদ্যুতের চাহিদা খুব কম থাকে, তখন সেই স্টেশনটাকে আমরা বলি ব্যাক্-ডাউন করে দেওয়া। অর্থাৎ জেনারেশন যেটা হচ্ছিল সেটা কমিয়ে আনা, সেটা কমিয়ে আনলে কয়লার চালু রাখার জন্য তেল ব্যবহার করতে হয়। এই তেলের জন্য—এই বেসিস, এত পারসেন্ট এভাবে বলা যায় না। যদি কয়লার দাম না বাড়ে অথবা কমে যায় তবে ফুয়েল সারচার্জও কমে যাবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়কে আমার প্রশ্ন, আপনি যে কথা বললেন তাতে এক কে.জি. কয়লা পুড়িয়ে কত বি.টি.এইচ.ইউ. পাওয়া গেল তার উপর নির্ভর করে দাম বাড়িয়ে দিয়েছন সি.ই.এস.সি.। আমার এক ইউনিট তৈরি করতে অর্থাৎ প্রত্যেক ইউনিটে ৫০ পয়সা বেশি খরচা পড়ছে, সরকারও ৫০ পয়সা বাড়িয়ে দিয়েছেন। আবার সি.ই.এস.সি. বলল যে আমার কস্ট বেড়ে গিয়ে আবার ৭০ পয়সা হয়েছে, আপনারা তাই বাড়িয়ে দিলেন। এটাই কি পদ্ধতি? নাকি আপনার টেকনিক্যাল কমিটি স্যাটিসফায়েড হবে, হোয়েন the Technical committee will be satisfied on the reasons shown by the producers? Only then you are going to get it hiked? সেই বেসিসটা আমি জানতে চেয়েছি যে, কয়লার দাম বেড়েছে তাতে প্রতি ইউনিটে প্রোডাকশন কস্ট বেড়েছে?

যার উপর আপনি বাড়িয়েছেন বা বাড়াবার অনুমতি দিয়েছেন। সেই বেসিসটা আমি আপনার কাছে জানতে চেয়েছি।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** সি.ই.এস.সি. যখন প্রস্তাব দেন সেই প্রস্তাবটা প্রথমে যায় রাজ্য বিদ্যুৎ পর্ষদে। সি.ই.এস.সি. হচ্ছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের লাইসেন্সি। এবারে রাজ্য বিদ্যুৎ পর্ষদ সেটাকে বিবেচনা করার পর যখন সেটা আমাদের ডিপার্টমেন্টে আসে তখন আমরা আবার সেটা পর্যালোচনা করি এবং গত ২ বছরে যেটা বেড়েছে ১৯৯৬-৯৭, ১৯৯৭-৯৮ এবং ১৯৯৮-৯৯, সেটা ব্যক্তিগত ভাবে, পারসোনালি আমি চেক্ করছি। যেহেতু এখানে এই নিয়ে অনেক আলোচনা হয়েছে। আমি পারসোনালি চেক করেছি। সুতরাং রাজ্য বিদ্যুৎ পর্ষদ যখন পাঠাচ্ছে তার উপর আবার কিন্তু চেকিং হয়। তার মানে বিষয়টা খুব সিম্পল নয়। বিষয়টা হচ্ছে যে কয়লার আবার গ্রেডেশন আছে—এ, বি, সি, ডি. ই, এফ। একেকটা গ্রেডেশনে একেকরকম ছাই আছে। তার একেকরকম ক্যালোরি-ফিক্ ভ্যালু আছে। এবং আপনি যেটা বললেন যে এত কে.জিতে এত বি.টি.এইচ.ইউ. আছে, আবার কত বি.টি.এইচ.ইউতে কত ইউনিট বের করা যায়, আবার কত কে.জিতে কত ইউনিট হবে সেটা আমরা ক্যালকুলেশন করি হিট্ রেট্ অনুসারে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** এটা সি.ই.এস.সির সারচার্জ হিসাবে নয়। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে ১০০টি বিল দেখাতে পারি। কনজিউমারের ইউনিট চার্জ হয়েছে ৫০ টাকা, এই সমস্ত সারচার্জ যোগ করে তার ২৫৭ টাকা করা হচ্ছে। কোনও কনজিউমারের ইউনিট চার্জ হয়েছে ১৭০ টাকা, তারসঙ্গে ফুয়েল সারচার্জ এবং আনসিন চার্জেস যোগ করে - যার কোনও ডেফিনেশন নেই, দেয়ার ইজ নো বডি টু এক্সপ্লেন অ্যাবাউট ইট - তার বেশি বিল আসছে এবং তাকে টাকা জমা দিতে হচ্ছে। আই অ্যাম সাপোসড টু আস্ক এ কোশ্চেন, বিল এলেই তাকে টাকা জমা দিতে হবে, তা নাহলে বিদুতের লাইন কেটে দিয়ে যাবে, এই যে ৫০ টাকা বিদ্যুতের মূল্য করলো, তাকে কিন্তু আলটিমেট্লি ১৭০ টাকা দিতে হচ্ছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য এই যে ফুয়েল সারচার্জ নেয়, যার কোনও বেসিস নেই, খেয়াল খুশিমতো রেট চাপিয়ে দিচ্ছে কনজিউমারদের উপর, যার কোনও সামঞ্জস্য দেখতে পাচ্ছি না, সেই ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমার মনে হয় একটা জায়গায় ভুল হয়ে যাচ্ছে। এনার্জি কস্ট তার কত পারসেন্ট ফুয়েল কস্ট হবে - এটাই আপনি বলতে চেয়েছেন। ফুয়েল কস্ট কিন্তু ৫০ বছর আগে থেকেই বাড়ছে। এইভাবে বাড়তে বাড়তে যাচ্ছে। আর অনেকেই জানেন না ১৯৯২-৯৩ সালে ৮৬ পয়সা ফুয়েল সারচার্জ যখন ছিল অর্থাৎ সি.ই.এস.সির ফুয়েল সারচার্জ যখন ৮৬ পয়সা ছিল - সেটা অবশ্য সব গ্রাহকদের জন্য নয়, কিছু গ্রাহকদের জন্য ছিল - সেটা সব গ্রাহকদের এক করে দিয়ে জিরো করে দেওয়া হল। যেটা ৮৬ পয়সা ছিল তার সঙ্গে ৪৫ পয়সা যোগ করলে এনার্জি কস্ট। এইভাবে টাইম-টু-টাইম বাড়ছে। প্রসিডিওর হচ্ছে, ফ্রম অল দি স্টেটস অ্যান্ড অল ওভার ওয়ার্ল্ড - ফুয়েল সারচার্জ টাইম-টু-টাইম এনার্জি কস্টের সঙ্গে মার্চ করে দেওয়া হয়। মনে করুন, এনার্জি কস্ট - বিদ্যুতের মূল্য যখন বাড়াচ্ছেন তখন তার পয়সা বাড়িয়ে দিয়ে ফুয়েল চার্জ জিরো করে দেওয়া হল।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** কনজিউমারদের উপর বিদ্যুতের ট্যারিফ অর্থাৎ যেভাবে দাম বাড়ছে কনজিউমারদের উপর তাতে আমরা খুবই উদ্বিগ্ন। আপনার কাছে আমার জিজ্ঞাস্য বিদ্যুতের বানিজ্যকরণ এবং বেসরকারিকরণ যখন থেকে শুরু হয়েছে তাতে ২০ পারসেন্ট প্রাইভেট কোম্পানিগুলিকে লাভ করার সুযোগ করে দিতে হবে এবং তারই ভিত্তিতে বিদ্যুতের দাম বৃদ্ধির প্রবণতা দেখতে পাচ্ছি। আমার স্পেসিফিক প্রশ্ন এবং খুবই রেলেভেন্ট, সেটা হচ্ছে, ফুয়েল সারচার্জ যখন বাড়ছে, তখন আবার বিদ্যুতের ট্যারিফও বাড়ছে। উৎপাদন ব্যয় বৃদ্ধি হলেই ট্যারিফ বাড়ানো হয়। একবার ট্যারিফ বাড়ানো হচ্ছে, আবার ফুয়েল সারচার্জ বাড়নো হচ্ছে এবং ফুয়েল সারচার্জের নামে যেটা তারা চাচ্ছে সেখানে অনেক বেশি করে দেখানো হয়। আমার প্রশ্ন এইভাবে ফুয়েল সারচার্জ বাবদ বাড়তি টাকা এবং বাড়তি বিদ্যুতের দাম কনজিউমারদের উপর যাতে না চাপে তারজন্য আপনার ডিপার্টমেন্টের মনিটোরিং এর কি ব্যবস্থা আছে, মেকানিজম কি যাতে করে অন্তত এইভাবে বেসরকারি কোম্পানিগুলি কনজিউমারদের কাছ থেকে উৎপাদন ব্যয় এবং ফুয়েল সারচার্জ দেখিয়ে ট্যারিফ বাড়িয়ে দিতে না পারে এরজন্য আপনার সায়েনটিফিক মেকানিজম আছে কিনা সেটা দয়া করে বলবেন কি?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** আমি একটা কথা ক্লিয়ার করে দিতে চাই, বেসরকারি সংস্থা শুধু নয়, বিদ্যুৎ পর্ষদ কেন্দ্র এবং রাজ্য সব বিদ্যুৎ উৎপাদন সংস্থাগুলি

প্রত্যেকেই ফুয়েল সারচার্জ বাড়িয়ে থাকে। আপনি যেটা বললেন দুটি কমপ্লিট্‌লি সেপারেট, একটা এনার্জি কস্ট, আর একটা ফুয়েল কস্ট। এনার্জি কস্ট যখন ঠিক করা হয় তখন যে বিদ্যুতের মূল্য হয় তারসঙ্গে তখন ফুয়েল কস্ট ধরা হয়না, তখন ধরা হয় ইক্যুইপমেন্ট কস্ট, যেমন, ট্রান্সফরমার, কেব্‌ল, ইনসুলেটর প্রভৃতি এইসব ধরেই দাম বাড়ছে। তারসঙ্গে আবার কর্মিদের মাহিনা যা বাড়ছে সেটাও ধরা হচ্ছে। ট্রান্সপোর্ট কস্ট - যেমন ইক্যুইপমেন্ট এক জায়গা থেকে আর এক জায়গায় যে নিয়ে যাওয়া হয় এর জন্য ট্রান্সপোর্ট কস্ট হচ্ছে। এরজন্য এনার্জি কস্ট নির্ভর করে। আর ফুয়েল সারচার্জ কমপ্লিট্‌লি সেপারেট। ফুয়েল কস্টের সঙ্গে এনার্জি কস্ট এটা কেউ কখনও একসঙ্গে ক্যালকুলেট করে না। যখন বিদ্যুতের মূল্য বাড়ানো হয় তখন আংশিকভাবে এটাকে ধরা হয়। অবার যখন ফুয়েল সারচার্জ বাড়ানো হয় তখন আংশিকভাবে এটাকে বাড়ানো হয়। এগুলি কিন্তু ইলেকট্রিসিটি সাপ্লাই অ্যাক্ট অ্যান্ড ইলেকট্রিসিটি অ্যাক্ট-এ বিশদভাবে বলা আছে যে কি রকমভাবে দিতে হবে। অভিয়াসলি আপনি বুঝতেই পারছেন যে সংস্থা চাইছে আমাকে ১০ পয়সা বাড়ানো হোক আর আমরা বাড়ালাম তিন কি চার কি পাঁচ পয়সা। তখন একটা বিক্ষোভ থেকে যায় সংস্থার দিক থেকে এবং কনজিউমার, তারাও ভাবেন আমাদের কেন বাড়ছে। এটা খুবই সংগত। যার জন্য আমরা এই ইলেকট্রিসিটি রেগুলেটারি সংস্থার কাছে যাচ্ছি এইজন্য যে এরা কনজিউমারদের বক্তব্যটাও শুনুন এবং শুনে তারপর ঠিক করুন যে বাড়বে কি বাড়বে না, না কি কমবে।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আমি জানি যে আপনি আগে কনজিউমারদের পক্ষেই ছিলেন, আপনি একজন গ্রাহক, আপনি ফুয়েল সারচার্জ বৃদ্ধির পক্ষে ছিলেন না। যে কোনও কারণেই হোক বা যে কোনও প্রেসারেই হোক আপনি এটা মানতে বাধ্য হয়েছেন। আমার প্রশ্ন, এই ফুয়েল সারচার্জ কি ১৭৫ টাকা হবে, না কি এক হাজার টাকা হবে? এর প্রোপোরশনটা কি?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** আমি বার বার বলেছি, এরকম কোনও প্রোপোরশন নেই।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** তাহলে হুইমজিক্যালি এটা বাড়াব?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** শুনুন। যারা ইনডাস্ট্রিয়াল গ্রাহক, যাদের তিন টাকা করে ইউনিট দিতে হয়, তাদের পারসেন্টটা কম হবে, আর যারা ডোমেস্টিক গ্রাহক, যাদের ৮০ পয়সা করে বিদ্যুত কিনতে হয় তাদের ১০০ পারসেন্ট মনে হবে। সুতরাং এরকম কোনও প্রোপোরশন নেই, এটা হতে পারে না।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** কনজিউমাররা তাহলে জাস্টিস পাবেন না?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** ধরুন আমি একজন ডোমেস্টিক গ্রাহক, আমাকে এক টাকা করে বিদ্যুৎ কিনতে হয়। সেখানে আমাকে ৪৫ পয়সা কি ৫০ পয়সা ফুয়েল সারচার্জ দিতে হচ্ছে। আপনি একজন শিল্পপতি, আপনি ৩।। টাকা করে বিদ্যুৎ কেনেন, আপনাকেও সেই ৪৫ পয়সাই দিতে হচ্ছে। টোটাল কস্টটা ইউনিট দিয়ে ভাগ করে সবাই এক।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** তাহলে এটা গোয়েঙ্কাদের হুইমজের উপর নির্ভর করবে তো?

**ডঃ শঙ্কর কুমার সেন ঃ** টোটাল যেটা ফুয়েল কস্ট বাড়লো সেটা নাম্বার অব ইউনিটস কনজিউম-টোটালিটিতে ভাগ করে যেটা হয় সেইটুকু বৃদ্ধি। সেই বৃদ্ধিটা সবার পক্ষে এক। ডোমেস্টিকের পক্ষে এক চাষীর পক্ষে এক।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আপনি কতকগুলি বিল নিয়ে পরীক্ষা করে দেখুন, দেখবেন, ফুয়েল সারচার্জ যা নিচ্ছে তা অ্যাকচুয়াল এনার্জি কস্টের থেকে ডবল।

**মিঃ স্পিকার ঃ** বসুন, বসুন, বসুন। আর হবে না।

*82 & 83 Not called

### আইনগত সহায়তা-প্রদান কমিটি

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪০) **শ্রী কমল মুখার্জি** ঃ বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে জেলা/মহকুমা/পৌর এলাকা/ব্লকে 'আইনগত সহায়তা-প্রদান' কমিটি আছে কি না: এবং

(খ) থাকলে, উক্ত কমিটির কার্যাবলী কিভাবে পরিচালিত হয়ে থাকে?

**শ্রী নিশীথ অধিকারী ঃ**

(ক) লিগ্যাল সার্ভিসেস অথরিটিস অ্যাক্ট ১৯৮৭ অনুযায়ী বর্তমানে এ রাজ্যে রাজ্য লিগ্যাল সার্ভিসেস অথরিটি, হাইকোর্ট লিগ্যাল সার্ভিসেস কমিটি ও সমস্ত জেলায় জেলা লিগ্যাল সার্ভিসেস অথরিটি গঠিত হয়েছে এবং মহকুমা স্তরে মহকুমা লিগ্যাল সার্ভিসেস কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(খ) উক্ত কমিটিগুলির কার্যাবলীর পরিচালনার জন্য রাজ্য সরকার 'লিগ্যাল সার্ভিসেস অথরিটি রুলস' এবং রাজ্য লিগ্যাল সার্ভিসেস অথরিটি একটি রেগুলেশন তৈরি করিয়াছে। উক্ত 'রুলস' ও 'রেগুলেশন' অনুযায়ী কমিটিগুলির কার্যাবলী পরিচালিত হয়।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বললেন যে মহকুমা স্তর পর্যন্ত হয়েছে। এর আগে কিন্তু আপনি বলেছিলেন, পৌর এলাকা এবং ব্লকেও এই আইনগত সহায়তা প্রদান কমিটি করা হবে। এই ব্যাপারে আপনি কতখানি এগুতে পেরেছেন সেটা বলবেন কি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** ১৯৮৭ সালের কেন্দ্রীয় সরকারের আইন এই কেন্দ্রীয় আইন এখানে বলবৎ হবার পরে রাজ্য সরকারের আর আলাদা করে যে স্কীম আগে চালু ছিল তা আর চালু নেই। ফলে ঐ আইন অনুযায়ী যা করা হয়েছে, যা আছে, সেই অনুযায়ী করতে আমরা বাধ্য।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি গত বছর এই হাউসে বলেছিলেন যে, জেলা মহকুমা নয়, ব্লক এবং পৌর এলাকাতেও আমরা আইনগত সহায়তা করব। এখন বলছেন যে আইনের ব্যাপার আছে। আমরা মহকুমা স্তরে করতে পারি। তা এই ব্যাপারে আপনার কাছে জানতে চাইছি?

**শ্রী নিশীথ অধিকারী ঃ** লিগ্যাল সার্ভিসেস অথরিটি যে অ্যাক্ট আছে, সেই অনুযায়ী আমাদের চালু করতে হয়েছে। কেন্দ্রীয় সরকারের যে আইন সেটা সুপ্রিম কোর্টের যে নির্দেশ, সেই নির্দেশ অনুযায়ী চালু করা হয়েছে। এই আইনের বাইরে আমরা যেতে পারিনা।

**Mr. Speaker :** Please, no more. The questions' hour is over.

Today, we had in our list 13 questions one of which was held over. But members have been absent in respect of 7 questions.

মাননীয় মন্ত্রীরা অনুপস্থিত থাকলে প্রচুর হৈচৈ হয়। কিন্তু মাননীয় সদস্যরা অনুপস্থিত থাকলে কি হবে? এটা ওদের অধিকার, এটা ঐ জনগণের স্বার্থে। সদস্যরা অনুপস্থিত থাকেন জনগণের স্বার্থে। এটাই তো? প্রশ্ন দেন জনগণের স্বার্থে, অনুপস্থিত থাকেন জনগণের স্বার্থে, সবই জনগণের স্বার্থে। শুধু খবরের কাগজে হেড লাইন জনগণের স্বার্থে, এটাই তো?

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** জনগণের কথা কে ভাবে? আপনিও নয়, আমরাও নয়।

**মিঃ স্পিকার ঃ** এটা আপনার কন্সটিটিউয়েন্সিতে গিয়ে বলবেন।

## STARRED QUESTION
## (to which Oral Answers were laid on the Table)

### বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭০) **শ্রী তপন হোড় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন প্রক্রিয়ার প্রথম পর্যায়টি কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

২০০০ সালের সেপ্টেম্বর মাসের মধ্যে বক্রেশ্বর তাপবিদ্যুৎ উৎপাদন প্রক্রিয়ার ইউনিট নং: ১, ২, [illegible]ক ভিত্তিতে উৎপাদনক্রম হবে বলে আশা করা যায়। ইউনিটত্রয়ের চালু সময়সূচি নিম্নরূপ :

প্রথম ইউনিট নভেম্বর, ১৯৯৯

দ্বিতীয় ইউনিট মে, ২০০০

তৃতীয় ইউনিট সেপ্টেম্বর, ২০০০

### সাগরদীঘি তাপবিদ্যুৎ কেন্দ্র

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৬) **শ্রী পরেশনাথ দাস** এবং **শ্রী মোজাম্মেল হক** (হরিহরপাড়া) ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাগরদীঘি প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত কাজটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ভারত সরকারের কাছ থেকে টেকনো-ইক্‌নমিক ক্লিয়ারেন্স না পাওয়া, রাজ্যে বিদ্যুৎ চাহিদা ইত্যাদির ভিত্তিতে সাগরদীঘিতে প্রস্তাবিত তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের বিষয়টি আপাতত স্থগিত আছে।

(খ) প্রশ্ন উঠে না।

**আসানসোল ইলেকট্রিক সাপ্লাই বিভাগ**

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫২) **শ্রী তাপস ব্যানার্জি** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আসানসোল ইলেকট্রিক সাপ্লাই বিভাগে সহকারি ইঞ্জিনিয়ার, স্টোরকিপার ইত্যাদি পদগুলি বহু দিন যাবৎ শূন্য অবস্থায় রয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত শূন্য পদের সংখ্যা কত; এবং

(গ) কবে নাগাদ পদগুলি পূরণ করা হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ইহা সত্যি।

(খ) আসানসোল ইলেকট্রিক সাপ্লাই এর বিভিন্ন অফিসে উক্ত শূন্য পদের মোট সংখ্যা ১৩২।

(গ) নির্দিষ্ট তারিখ বলা সম্ভব নয়। এ বিষয়ে বিদ্যুৎ পর্ষদ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সম্প্রতি কিছু পদপূরণের জন্য পরীক্ষা ও ইন্টারভিউ চলছে।

## রাজ্যের আদালতে বিচারকের শূন্য পদ

***৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৫২) **শ্রী অশোক দেব** ঃ বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের আদালতগুলিতে বিচারকের মোট কটি পদ শূন্য অবস্থায় রয়েছে; এবং

(খ) উল্লিখিত পদগুলি পূরণ করার জন্য এ পর্যন্ত কী ব্যবস্থা গৃহীত হয়েছে?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের আদালতগুলিতে বিচারকের শূন্যপদের সংখ্যা ১০৫টি।

(খ) মহামান্য অধি ধর্মাধিকরণের নির্দেশ অনুসারে উল্লিখিত শূন্য পদগুলি পশ্চিমবঙ্গ লোক সেবা আয়োগের মাধ্যমে পূরণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।

## আসানসোল আদালতে বিচারকের শূন্য পদ

***৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৪) **শ্রী তাপস ব্যানার্জি** ঃ বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আসানসোল আদালতে দীর্ঘদিন থেকে অনেকগুলি বিচারকের পদ শূন্য অবস্থায় আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পদগুলি পূরণ করা হবে বলে আশা করা যায়?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আসানসোল আদালতে মোট ৪টি বিচারকের পদ এ বৎসরের বিভিন্ন সময় হইতে শূন্য হয়েছে।

(খ) এখনই বলা সম্ভব নয়। তবে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## বিদ্যুতের দর বৃদ্ধি

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮১) **শ্রী অশোক দেব** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিককালে দফায় দফায় বিদ্যুতের দর বৃদ্ধি ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গি কী?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সাম্প্রতিক কালের মধ্যে ৯৬ সালের নভেম্বর মাসে পর্ষদ এবং সি.ই.এস.সি. উভয় এলাকার গ্রাহকদের ক্ষেত্রে বিদ্যুতের দাম বাড়ানো হয়েছিল। তারপর গত অক্টোবর'৯৮তে সি.ই.এস.সি. গ্রাহকদের ক্ষেত্রে বিদ্যুতের দাম মোট ২৯৫.৫৫ কোটি টাকা বাড়ানোর অনুমতি দেওয়া হয়েছে। তবে কোন শ্রেনীর গ্রাহকের ক্ষেত্রে কত বাড়ানো হবে সেটা সি.ই.এস.সির এক্তিয়ার ভুক্ত। বিদ্যুৎ পর্ষদের ক্ষেত্রে এখনও দাম বাড়ানো সম্ভব হয়নি, প্রস্তাবটি অর্থ দপ্তরের বিবেচনাধীন। বিদ্যুৎ উৎপাদন, ট্রান্সমিশন ও বন্টন সম্পর্কিত ব্যয় বৃদ্ধির কারণে সাধারণ দ্রব্যমূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে বিদ্যুতের দাম বৃদ্ধি অনিবার্য। সি.ই.এস.সির ক্ষেত্রে এই বৃদ্ধি ইলেকট্রিসিটি অ্যাক্ট অনুযায়ী রেজনেবল রিটার্ন-এর উপর নির্ভরশীল। তা সত্বেও সরকার বিদ্যুৎ মূল্য বৃদ্ধির ক্ষেত্রে কন্‌সারভেটিভ (রক্ষণশীল) ও অবজেক্‌টিভ দৃষ্টিভঙ্গি নেওয়ার প্রয়োজন মতো দাম বৃদ্ধি অনুমোদন করার আগে ভালভাবে বিচার বিবেচনা করে নূন্যতম পরিমান বৃদ্ধি অনুমোদন করতে বাধ্য হয়।

## হাইকোর্টে নিষ্পত্তি না হওয়া মামলা

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৫) **শ্রী তাপস ব্যানার্জি** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা হাইকোর্টে ৩১শে মার্চ ১৯৯৮ পর্যন্ত নিষ্পত্তি না হওয়া মামলার সংখ্যা কত; এবং

(খ) উক্ত মামলাগুলির আশু নিষ্পত্তির জন্য সরকার এ পর্যন্ত কী কী ব্যবস্থা গ্রহণ করেছে?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কলকাতা হাইকোর্টে ৩১শে মার্চ, ১৯৯৮ পর্যন্ত নিষ্পত্তি না হওয়া মামলার সংখ্যা ২৭৮০০৯।

(খ) (১) যে সকল মামলাগুলিতে রাজ্য সরকার জড়িত সেগুলিতে সরকারি উকিলদের নির্দেশ দেওয়া হয়েছে যাতে অপ্রয়োজনীয় মুলতুবি দরখাস্ত দাখিল করা না হয়।

(২) এ ছাড়া স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুন্যালের মাধ্যমে হাইকোর্টে জমে থাকা মামলাগুলি কিছুটা লাঘব করার উদ্দেশ্যে মামলা নিষ্পত্তির ব্যবস্থা করা হয়েছে।

জমি জমা সংক্রান্ত মামলাগুলি ল্যান্ড ট্রাইবুন্যালের মাধ্যমে নিষ্পত্তি করার ব্যবস্থা নেওয়া হয়েছে। কিন্তু হাইকোর্টের স্থগিতাদেশেরে জন্য ঐ ট্রাইবুন্যালটির কাজ এখনও শুরু করা যায় নি।

(৩) এ ছাড়া স্টেট লিগ্যাল সারভিসেস্ অথরিটি আইন, ১৯৮৭ অনুসারে, স্টেট অথরিটি, ডিস্ট্রিক্ট অথরিটি, হাইকোর্ট কমিটি গঠন করা হয়েছে যাতে লোক আদালত মাধ্যমে কিছু সংখ্যক মামলা নিষ্পত্তি করা যায়।

## UNSTARRED QUESTIONS
## (to which Written Answers were laid on the Table)

### চন্দননগর মহিলা পলিটেকনিক

১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭) **শ্রী কমল মুখার্জি** ঃ শিক্ষা (কারিগরি) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলার "চন্দননগর মহিলা পলিটেকনিক" কলেজটির গৃহ নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে;

(খ) উক্ত কলেজে বর্তমানে শিক্ষক ও অশিক্ষকদের কয়টি পদ শূন্য আছে; এবং

(গ) শূন্য পদগুলি কবে নাগাদ পূরণ করা যাবে বলে আশা করা যায়?

**শিক্ষা (কারিগরি) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিশ্বব্যাঙ্ক প্রকল্প সহায়তায় চন্দননগর মহিলা পলিটেকনিকের মূল কলেজ ভবনের নির্মাণকার্য প্রায় সমাপ্তির অপেক্ষায়। সম্প্রতি পুরাতন কলেজ ভবন ও সংলগ্ন জমির অধিগ্রহণ/ক্রয়-সংক্রান্ত বিষয়গুলি নিষ্পত্তি হওয়ায়, অবশিষ্ট সংযোজিতব্য অংশের নির্মাণকার্য শুরু হয়েছে এবং আগামী বৎসরের প্রথমার্ধের মধ্যেই কাজ সম্পন্ন হবে।

(খ) উক্ত মহিলা পলিটেকনিকে নিম্নলিখিত শিক্ষক ও অশিক্ষক পদগুলি অনুমোদিত এবং পদ পূরণের বর্তমান অবস্থা নিম্নরূপ ঃ

| | অনুমোদিত পদসংখ্যা | নিয়মিত পূরিত পদসংখ্যা | তদর্থক পূরিত | শূন্য পদসংখ্যা |
|---|---|---|---|---|
| ১। শিক্ষক পদ | ৩৬ | ১৬ | ১৪ | ৬ |
| ২। অশিক্ষক পদ | ৫৭ | ১৫ | - | ৬ |
| মোট ঃ | ৫৭ | ৩১ | ১৪ | ১২ |

(গ) শূন্য পদগুলি পূরণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আগামী ৬ মাসের মধ্যে সব শূন্য পদ পূরণ করা যাবে বলে আশা করা যায়।

### চন্দননগরে ক্যাফেটারিয়া

২। (অনুমোদিত প্রশ্ন নং ৬০) **শ্রী কমল মুখার্জি** ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলার চন্দননগর শহরে 'ক্যাফেটারিয়া সহ অতিথিশালা' স্থাপনের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

জি.টি.রোডের ধারে ঝাউতলার একটি জমি পর্যটন দপ্তরকে হস্তান্তর করা হলেও চন্দননগরের গঙ্গার ধারে (স্ট্রান্ডে) জমি না পাওয়া গেলে ক্যাফেটারিয়াটি জনপ্রিয় হয়ে উঠবে না একথা চিন্তা করে জেলা প্রশাসনকে অনুরোধ করা হয়েছে। বর্তমানে গঙ্গার ধারে একটি জমির সন্ধান পাওয়া গেছে। জমিটি ক্যাফেটারিয়া নির্মাণের জন্য উপযুক্ত

মনে হলেই জমি অধিগ্রহণ করে ক্যাফেটারিয়ার নির্মাণের কাজ শুরু হবে।

**পরিবেশ দূষণের দায়ে কারখানা**

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫) **শ্রী কমল মুখার্জি** ঃ পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ পূর্বক জানাবেন কি—

(ক) পরিবেশ দূষিত করার জন্য রাজ্যে কতগুলি কারখানাকে নোটিস দেওয়া হয়েছে;

(খ) কতগুলি কারখানা উক্ত নোটিস গ্রাহ্য করে নি বলে সরকার মামলা করতে বাধ্য হয়েছে; এবং

(গ) মামলাগুলির সংখ্যা কত?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ৬১৮৮টি কারখানাকে অদ্যাবধি পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা করতে নির্দেশ দিয়েছে।

(খ) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কর্তৃক অদ্যাবধি ৪৯টি কারখানার বিরুদ্ধে মামলা রুজু করা হয়।

(গ) ৪৯টি।

**কলকাতায় আগুনের ঘটনা**

৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮) **শ্রী তারক বন্দোপাধ্যায়** ঃ পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় ১৯৯৬ সালের পর থেকে ৩১শে অক্টোবর, '৯৮ পর্যন্ত কতগুলি বড় ধরনের আগুন লেগেছে;

(খ) উক্ত ঘটনাগুলির প্রধান কারণ কি;

(গ) সরকার অগ্নি নির্বাপণ ব্যবস্থাকে ঢেলে সাজানোর কথা বিবেচনা করছে কিনা;

(ঘ) দমকল বাহিনীর কতগুলি টার্নটেবিল ল্যাডার আছে;

(ঙ) কলকাতার বহুতলবাড়ি, সিনেমাহল ও থিয়েটার হলগুলিতে অগ্নি নির্বাপণ ব্যবস্থা যথেষ্ট কিনা; এবং

(চ) 'ঙ' প্রশ্নের উত্তর না হলে এ ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা নিয়েছে?

**পৌর-বিষয়ক বিভাগের মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৬ সালের পর থেকে ৩১শে অক্টোবর, ১৯৯৮ পর্যন্ত কলকাতায় ৪৭টি বড় ধরনের আগুন লেগেছে।

(খ) প্রধান কারণগুলি হল, বৈদ্যুতিক ব্যবস্থায় ত্রুটি ও গোলযোগ, এ ছাড়া আগুনের ব্যবহারে মানুষের অসর্তকতা জ্বলন্ত বিড়ি, সিগারেট ও দেশলাইয়ের টুকরো থেকে আগুন লাগা ইত্যাদি।

(গ) ঢেলে সাজানোর কোনও পরিকল্পনা এখনই সরকারের বিবেচনায় নেই, তবে সাম্প্রতিককালে পশ্চিমবঙ্গ দমকল বাহিনীর দক্ষতা বাড়ানোর উদ্দেশ্যে একাধিক ব্যবস্থা নেওয়া হয়েছে।

(ঘ) দমকল বাহিনীর ৪(চার) খানি টার্নটেবিল ল্যাডার আছে।

(ঙ) না, যথেষ্ট নয়।

(চ) গত তিন বছরে কলকাতার প্রায় ৩৫০টি বহুতলবাড়ি, সিনেমাহল ও থিয়েটার হলে পর্যায়ক্রমে দমকল বাহিনীর অফিসারেরা পরিদর্শন করে অগ্নি প্রতিরোধ সম্বন্ধে লিখিত নির্দেশাবলি দিয়েছেন।

এছাড়া বর্তমান দমকল আইন, ১৯৫০ এবং প্রয়োজনীয় সংশোধন করে এই ধরনের বাড়িগুলিতে অগ্নি প্রতিরোধ ব্যবস্থা রাখা বাধ্যতামূলক করার ব্যবস্থা হয়েছে। খুব শীঘ্রই ঐ আইনের ব্যবহার কঠোরভাবে কার্যকর করে এই ধরনের সকল বাড়িতেই যথাযথ অগ্নি প্রতিরোধ ব্যবস্থা করা যাবে বলে আশা করা হচ্ছে।

**সুন্দরবনে পর্যটনকেন্দ্র**

৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯) **শ্রী গোপাল কৃষ্ণ দে** ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সুন্দরবনের পাথরপ্রতিমা এলাকায় শ্রীধর নগর গ্রামপঞ্চায়েত এলাকায় পর্যটনকেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা রাজ্যসরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে তা কি অবস্থায় আছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। বর্তমানে কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**বন্যায় কেন্দ্রীয় বরাদ্দ**

৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০০) **শ্রী গোপাল কৃষ্ণ দে** ঃ ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যায় কেন্দ্রীয় সরকার সর্বমোট কত টাকা রাজ্যের জন্য বরাদ্দ করেছেন; এবং

(খ) ঐ খাতে এ পর্যন্ত কত টাকা পাওয়া গেছে?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে প্রাকৃতিক দুর্যোগ ত্রাণ হিসাবে ১৯৯৮-৯৯ আর্থিক বছরে 'দুর্যোগ ত্রাণ তহবিল'-এ কেন্দ্রীয় সরকারের ৭৫ শতাংশ হিসাবে দেয় বরাদ্দের পরিমাণ ৪২.৬৯ কোটি টাকা। এ ছাড়া কেন্দ্রীয় সরকার সাম্প্রতিক বন্যায় '৯৮ ক্ষতিগ্রস্ত পরিকাঠামো সংস্কারের জরুরি ত্রাণ কাজ করার জন্য 'কেন্দ্রীয় পরিকল্পনা সহায়তা' বাবদ ৭৫ কোটি টাকা বরাদ্দ করেছেন।

(খ) এ পর্যন্ত 'দুর্যোগ ত্রাণ তহবিল'-এ কেন্দ্রীয় সাহায্য মোট ৩২.০১৭৫ কোটি টাকা পাওয়া গেছে (তিন কিস্তিতে)। 'কেন্দ্রীয় পরিকল্পনা

সহায়তা' বাবদ ৫.০০ কোটি টাকাও পাওয়া গেছে। এর মধ্যে ৭০ শতাংশ ঋণ ও ৩০ শতাংশ অনুদান হিসাবে ধরা হয়েছে।

## স্টেডিয়াম নির্মাণ

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪) **শ্রী গোপালকৃষ্ণ দে** ঃ ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭ সালের জানুয়ারি থেকে ১৯৯৮ সালের নভেম্বর পর্যন্ত কতগুলি স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা ছিল; এবং

(খ) উক্ত সময়ে কতগুলির নির্মাণকার্য সম্পন্ন হয়েছে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ঐ সময়ের মধ্যে স্টেডিয়াম নির্মাণের কোনও পরিকল্পনা ছিল না।

(খ) প্রশ্ন ওঠে না।

## নোবেলজয়ী অমর্ত্য সেনকে সম্বর্ধনা

৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭) **শ্রী রবীন দেব** ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিদগ্ধ অর্থনীতিবিদ অমর্ত্য সেনকে সম্বর্ধনা দেওয়ার ক্ষেত্রে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অধ্যাপক অমর্ত্য সেনকে আগামী ২৭শে ডিসেম্বর বেলা চারটায় নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে রাজ্য সরকার এবং কলকাতা পুরসভার পক্ষ থেকে সম্বর্ধনা দেওয়া হবে। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে থাকবেন রাজ্যপাল মহোদয় এবং মুখ্যমন্ত্রী।

অধ্যাপক সেন ১৫ই ডিসেম্বর থেকে ৩১শে ডিসেম্বর কলকাতা এবং শান্তিনিকেতনে থাকবেন। এই সময় রাজ্য সরকারের পক্ষ থেকে সম্পূর্ণ আতিথেয়তার ব্যবস্থা করা হবে।

## রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২) **শ্রী অশোককুমার দেব** ঃ পরিবে বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের অধীন মোট কতজন বিজ্ঞানী ও প্রযুক্তিবিদ কর্মরত, তাদের নাম ও শিক্ষাগত যোগ্যতা কি;

(খ) শব্দদূষণ নিয়ন্ত্রণ বিষয়ে উপযুক্ত শিক্ষিত অথবা প্রশিক্ষণপ্রাপ্ত বিজ্ঞানী বা প্রযুক্তিবিদ বা অফিসারের সংখ্যা কত ও তাদের নাম কি; এব

(গ) শব্দদূষণ নিয়ন্ত্রণে কোন পদ্ধতি অনুসারে পর্ষদ তাদের কাজক চালিয়ে থাকে?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের অধীন মোট ১৩জন বিজ্ঞানী ও ৫৫জ প্রযুক্তিবিদ কর্মরত। তাদের নাম ও শিক্ষাগত যোগ্যতা আলাদা পৃষ্ঠা দেওয়া হল।

(খ) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের প্রায় সকল বিজ্ঞানী ও প্রযুক্তিবি শব্দদূষণ নিয়ন্ত্রণ বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত। তাদের নাম ও শিক্ষাগত যোগ্যতা আলাদা পৃষ্ঠায় দেওয়া হল।

(গ) শব্দদূষণ নিয়ন্ত্রণে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ Environment Protectio Act, 1996, Air (Control & Prevention of Pollution) Act 1981 এবং কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নির্ধারিত পদ্ধতি অনুসারে তাদের কাজকর্ম চালিয়ে থাকে।

## TECHNICAL OFFICERS

| Sl.No. | Name | Designation | Educational Qualificatio |
|---|---|---|---|
| 1. | Shri B.K. Basu | Chief Engineer | B.E.(Civil),M.E.(P.H.) F.I.E.(Ind.) |
| 2. | Shri Sujoy Ghosh | Sr.Env.Engineer | B.E.(Ch. Engg.) |

| Sl.No. | Name | Designation | Educational Qualification |
|---|---|---|---|
| 3. | Shri S.K. Mondal | Sr.Env.Engineer | A.M.I.E. (India) |
| 4. | Shri Amitabha Mukherjee | Suptd. Engineer | B.E. |
| 5. | Shri Subrata Ghosh | Env. Engineer | M.E.(P.H.) |
| 6. | Shri Subir Mitra | Env. Engineer | M.E.(P.H.) |
| 7. | Shri Prabir Kr. Roy | Env. Engineer | M.E.(P.H.) |
| 8. | Shri Tapas Kr. Gupta | Env. Engineer | M.E.(P.H.) |
| 9. | Shri Pradip Bhattacharya | Env. Engineer | BOAT |
| 10. | Shri Shyamal Kr. Adhikary | Env. Engineer | B.E.(Mech.) |
| 11. | Shri D.K.Chakraborty | Env. Engineer | B.E.(Elec.) |
| 12. | Shri Chandan Ghosh | Env. Engineer | L.C.E. |
| 13. | Dr. Amitabha Banerjee | Env. Engineer | Ph.D.(Chem.) |
| 14. | Shri Jagadish Guha | Env. Engineer | B.C.E.(Hons.) M.E.(P.H.) |
| 15. | Shri T.K. Mitra | Env. Engineer | I.S.C.,BOAT |
| 16. | Shri S. Narayan | Asst. Env. Engineer | M.E.(P.H.) |
| 17. | Shri R. Mondal | Asst. Env. Engineer | B.E. (Elec.) |
| 18. | Shri Barun Paul | Asst. Env. Engineer | L.C.E. |
| 19. | Shri H. Mazumdar | Asst. Env. Engineer | L.C.E. |
| 20. | Shri S. Bhattacharya | Asst. Env. Engineer | B.E. (Civil) |
| 21. | Shri Debashis Sarkar | Asst. Env. Engineer | M.E. (Civil) |
| 22. | Shri Indra Guha | Asst. Env. Engineer | M.Tech. (Civil) |
| 23. | Smt. Supriti Saha | Asst. Env. Engineer | B.Tech. (Chem.) |
| 24. | Shri S. Mondal | Asst. Env. Engineer | B.Tech. (Chem.) |
| 25. | Shri T.K. Biswas | Asst. Env. Engineer | M.Tech. (Mech.) |
| 26. | Smt. Sarmistha Kundu | Asst. Env. Engineer | B.E.(Chem.) |
| 27. | Smt. Rubi Sinha | Asst. Env. Engineer | B.Tech. (Chem.) |

| Sl.No. | Name | Designation | Educational Qualificati |
|---|---|---|---|
| 28. | Shri Abhijit Chanda | Asst. Env. Engineer | M.E. (Mech.) |
| 29. | Shri Arup Dey | Asst. Env. Engineer | M.Tech. (Chem.) |
| 30. | Shri Suna Mardi | Asst. Env. Engineer | B.E. (Chem.) |
| 31. | Smt. B.D. Chowdhury | Asst. Env. Engineer | B.E. (Chem.) |
| 32. | Shri Q.Q. Hassan | Asst. Env. Engineer | B.E. (Chem.) |
| 33. | Smt. D. Maulik | Asst. Env. Engineer | M.E. (Env.) |
| 34. | Shri S. Nag | Asst. Env. Engineer | B.E. (Civil) |
| 35. | Shri M. Mitra | Asst. Env. Engineer | I.S.C., L.C.E. |
| 36. | Shri B.R. Das | Asst. Env. Engineer | B.E. (Mech.) |
| 37. | Shri P.C. Bag | Asst. Env. Engineer | M.Tech. (Chem.) |
| 38. | Smt. Rita Dutta | Asst. Env. Engineer | M.E. (Env.) |
| 39. | Shri A. Dasgupta | Asst. Env. Engineer | M.E. (Env.) |
| 40. | Shri B. Mazumdar | Asst. Env. Engineer | D.E. |
| 41. | Shri D.N. Maitra | Asst. Env. Engineer | S.F., S.C.C. |
| 42. | Shri G.C.Ghosh | Asst. Env. Engineer | D.E. (Mech.) |
| 43. | Shri A. Deb Sarkar | Asst. Env. Engineer | B.E., M.C.E.(Env.) |
| 44. | Shri P.K. Das | Jr. Env. Engineer | D.E. (Civil) |
| 45. | Shri B. Nandi | Jr. Env. Engineer | L.M.E. |
| 46. | Shri Arun Das | Jr. Env. Engineer | D.E. (Civil) |
| 47. | Shri D. Chatterjee | Jr. Env. Engineer | D.E. (Mech.) |
| 48. | Shri Sisir Mondal | Jr. Env. Engineer | D.E. (Mech.) |
| 49. | Shri Sudip Barua | Jr. Env. Engineer | L.M.E. |
| 50. | Shri A. Pandit | Jr. Env. Engineer | D.E. (Civil) |
| 51. | Shri Uttam Banerjee | Jr. Env. Engineer | D.E. (Mech.) |
| 52. | Shri R.P. Mallick | Jr. Env. Engineer | D.E. (Civil) |

| Sl.No. Name | Designation | Educational Qualification |
|---|---|---|
| 53 Shri K. Bhattacharya | Jr. Env. Engineer | D.E. (S.W.) |
| 54. Shri Biplab Baidya | Jr. Env. Engineer | D.E. (Mech.) |
| 55. Shri Subrata Das | Jr. Env. Engineer | D.E. (Civil) |

## SCIENTISTS

| Sl.No. Name | Designation | Educational Qualification |
|---|---|---|
| 1. Dr. H.S. Sarkar | Chief Scientist | M.Sc.Phd. (Chemistry) |
| 2. Dr. Dipak Chakrabroty | Sr. Scientist | M.Sc.Phd. (Bio-chemistry) |
| 3. Dr. Ujjal Mukherjee | Sr. Scientist | M.Sc.Phd. (Physics) |
| 4 Dr. Ashis Sanyal | Sr. Scientist | M.Sc.Phd. (Bio-chemsitry) |
| 5. Smt. Subrata Mondal | Jr. Scientist | B.Sc. |
| 6. Smt. Moli Dasgupta | Jr. Scientist | M.Sc. (Zoology) |
| 7 Smt. Sarbani Deb | Jr. Scientist | M.Sc. (Bio-chemsitry) |
| 8. Shri Debanjan Deb | Jr. Scientist | M.Sc. (Chemistry) |
| 9 Shri Prabir Barui | Jr. Scientist | M.Sc. (Botany) |
| 10. Shri Ram Krishna Saha | Jr. Scientist | M.Sc. (Botany) |
| 11. Dr. Bijan Bhowmik | Jr. Scientist | M.Sc. Phd. (Botany) |
| 12 Smt. Maya Mitra | Jr. Scientist | M.Sc. (Chemistry) |
| 13. Dr. Debashis Chakraborty | Jr. Scientist | M.Sc.Phd.(Ecological Sc.) |

## আরামবাগে বাংলো

১০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৪) **শ্রী বিনয় দত্ত** ঃ যুব-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আরামবাগে যুব-কল্যাণ বিভাগের পক্ষ থেকে প্রস্তাবিত বাংলো নির্মাণে কাজের অগ্রগতি কিরূপ?

**যুব-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ

(ক) আরামবাগে যুব-কল্যাণ বিভাগের বাংলো নির্মাণের আপাতত কোন পরিকল্পনা নেই।

## দূষণ নিয়ন্ত্রণ

**১১।** (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৪) **শ্রী শ্যামাদাস ব্যানার্জী** ঃ পরিবে বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের ব্যাপারে সরকার নতুন কোনও ব্যব গ্রহণ করেছে কী না এবং যে সমস্ত কারখানা দূষণ সৃষ্টি করে তাদের বিরুদ্ধে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে;

(খ) কলকাতা এবং রাজ্যের অন্যান্য জায়গার পরিবেশ দূষণ রোধে বিষয়টি কী পর্যায়ে আছে; এবং

(গ) আসানসোল এবং দুর্গাপুরে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের ব্যাপারে সরকার কী চিন্তা করেছে?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্যদ সক দূষণ নিয়ন্ত্রণ আইন অনুযায়ী প্রয়োগের মাধ্যমে নিয়ন্ত্রণের ব্যবস্থ করে চলেছে। পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্যদ দূষণ সৃষ্টিকারী কারখানাগুলিকে দূষণ নিয়ন্ত্রণ বন্দোবস্ত করার জন্য ক্রমাগত নির্দে দিচ্ছে এবং লঙ্ঘনকারী কারখানাগুলিকে শর্তসাপেক্ষে বন্ধ, সাময়িক বন্ধ, আর্থিক জরিমানা ইত্যাদি শাস্তিমূলক ব্যবস্থা প্রদান করেছে Core Committee বিভিন্ন বিভাগকে পরামর্শ দিতে আরম্ভ করেছে

(খ) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্যদ সারা রাজ্যেই দূষণ নিয়ন্ত্রণ আইনের মাধ্যমে কাজ করেছে।

(গ) আসানসোল এবং দুর্গাপুরে পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্যদ ইতিমধ্যে কতগুলি পরিকল্পনা গ্রহণ করেছে—

(১) দূষণ সৃষ্টিকারী কারখানাগুলি চিহ্নিতকরণ এবং সেইগুলিকে দূষণ নিয়ন্ত্রণ করার নির্দেশ প্রদান;

(২) ঐ এলাকার বিভিন্ন অঞ্চলের বায়ুর দূষণ পরিমাপ করা;

(৩) টামলা নালার জলের গুণ ও দূষণ পরিমাপ করা;

(৪) USAID-র সহায়তায় আসানসোল-দুর্গাপুর অঞ্চলে দূষণজনিত এবং কয়লাখনিজনিত ক্ষতির ঝুঁকির সম্ভাবনা নির্ধারিত হয়েছে।

[12-30 — 12-40 p.m.]

## Adjournment Motion

**Mr. Speaker** : To day I have received one notice of adjournment motion from Shri Phani Bhusan Roy on the subject of immediate measures to control flood in Malda.

The subject matter of the motion is not such that may call for adjournment of the business of the House.

The member may call attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question etc.

I, therefore, withhold my concent to the motion.

The member may, however, read the text of the motion, as amended.

**শ্রী ফণিভূষণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং জরুরি একটি বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল-

মালদা জেলার বন্যা রোধের জন্য অতি সত্বর ব্যবস্থা নেওয়া হোক।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received two notices of Calling Attention on the following subjects, namely :-

| Subject | | Name |
|---|---|---|
| i) Reported death of one child in underground tank at Girish Park, Calcutta on 19.12.89 | : | Shri Jatu Lahiri and Shri Sultan Ahmed. |
| ii) Increase in the incident of dacoity, snatching and extortion of money in Burrabazar area, Calcutta. | : | Shri Deoki Nandan Poddar |

I have selected the notice of Shri Jatu Lahiri and Shri Sultan Ahmed on the subject reported death of one child in underground tank at Girish Park, Calcutta on 19.12.98.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 23rd December, 1998.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-Charge of Commerce & Industries Dept. to make a statement on the subject of settlement situation at Hindustan Motors at Uttarpara, Hooghly.

(Attention called by Shri Abdul Mannan on the 16th Sept'98)

**Shri Bidyut Ganguly :** Mr. Speaker Sir, I beg your permission to place the following statement in response to the Calling Attention Notice tabled by Hon'ble M.L.A., Shri Abdul Mannan.

The management of M/s. Hindustan Motors Ltd. has recently applied to the Government in the Labour Department under Sub-section 1 of Section 25(M) of the Industrial Disputes Act., 1947

to lay-off 7861 workmen and 2093 staff for 3 working days in a week, out of six working days on which they normally work. In terms of the provisions of law, the application is being examined by the Labour Department.

The management of Hindustan Motors Ltd. has also introduced a voluntary early retirement scheme for all permanent employees including workers, staff, managers and executives of the automobile division of the Company. The scheme which was originally valid upto 30.11.98 has been extended upto 31.1.99.

According to the management, the demand for passanger cars which are manufactured by them has been going down significantly due to dismally poor economic growth, recession and competition. The passanger car industry was delivenced and thrown open to competition in 1993. A number of new international car manufacturers entered the market.

Further, according to the management's view, the unit has to improve production, productivity, quality and cost competitiveness. The management in their application have stated that they no option but to reduce the workforce in order to reduce costs and competitive effectively in the market.

On the 3rd December, 1998, the Chairman of Hindustan Motors Ltd. met Hon'ble Chief Minister and highlighted the impact of these factors and the urgent need to restructure in order to sustain operations of the unit. The management has categorically stated that in the present situation which has been brought about by these factors, application for lay off has become imperative for survival. On the other hand workmen represented by Hindustan Motor & Hyderabad Industries Workers' Union CITU & INTUC

has submitted several proposals to the State Government for improvement of the overall condition of the unit. These proposals are getting active consideration of the Government.

As Hon'ble members would appreciate, the present situation has been brought about largely by the policies of the Union Government which facilitated indiscriminate entry of foreign multinational companies and their holding a firm grip on the domestic automobile market. The management has also not taken any efforts in the past to modernise the plant and to improve the production so as to be competitive in the market. It is unfortunate that the combined effect of the throghtless liberalisation and retrograde economic policies of the Central Government and lack of foresight on the part of the management has had an adverse impact on the workmen who are in no way responsible for the present state of affairs. The management has also highlighted few other issues for some relief in the cost of production. The whole issue is receiving the most serious attention of the State Government. The Government of West Bengal hold the view that reducing wages and number of workmen can not solve the problem. In the matter of finding real solution to the problems, the State Government will make its best efforts within the purview of the law, and in cooperation with all concerned, in order to save the industry and its workmen.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথম থেকেই মাননীয় মন্ত্রী ম্যানেজমেন্টের বক্তব্যকে হাইলাইট করেছেন। তারপরে একটি লাইনে উনি বলেছেন যে, গভর্নমেন্ট কনসিডার করছে এবং ইউনিয়নের পক্ষ থেকে যেসব প্রপোজাল এসেছে দিজ প্রপোজাল আর গেটিং অ্যাকটিভ কনসিডারেশন অব দি গভর্নমেন্ট। তারপরে যা লিখেছেন তাতে সেন্ট্রাল গভর্নমেন্টকে অ্যাকিউজ করেছেন এবং নিজেদের হেল্পলেস অবস্থার কথা ব্যক্ত করেছেন। হিন্দমোটর ফ্যাকটরির অবস্থা সম্পর্কে গত

এক বছর ধরে বলে আসছিলাম যে, সেখানে ব্যাপকভাবে লে-অফ করা হচ্ছে এবং আস্তে আস্তে কারখানাটিকে হায়দ্রাবাদে শিফট্‌ করবার চেষ্টা করা হচ্ছে। কিন্তু উনি ডিনাই করে বলেছিলেন যে, এরকম কোনও প্রস্তাব তাদের নেই। যেখানে ঐ কারখানার কুড়ি-বাইশ হাজার শ্রমিক ব্যাপারটা জানেন, রাজ্যের ট্রেড ইউনিয়ন নেতারা জানতেন যে, কারখানাটি শিফট্‌ করবার চেষ্টা করা হচ্ছে, সেখানে গভর্নমেন্ট বিষয়টাকে ডিনাই করে গেছেন। আজকে নিজেদের দায়-দায়িত্ব এড়াবার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের উপর দায়িত্বটা চাপিয়ে দিচ্ছেন। আমি স্পেসিফিক্যালি জানতে চাই, হিন্দমোটর কারখানার কয়েক মাস ধরে শ্রমিকদের ভলেনটিয়ারি রিটায়ারমেন্ট নেবার জন্য যে ফোর্স করা হচ্ছে, যা নিয়ে জেলার অনেক মেম্বার এবং স্থানীয় মেম্বাররা মেনশন করেছেন, এবং এই যে লে-অফ করা হচ্ছে এসব রুখবার জন্য স্পেসিফিক কি ব্যবস্থা নিয়েছেন? সেখানে ভলেনটারি রিটায়ারমেন্টের জন্য ফোর্স করা হচ্ছে, কর্মচারিদের বলা হচ্ছে ভলেনটারি রিটায়ারমেন্ট করতে হবে। আরো আশংকা জনক ব্যাপার হল সেখানে তিন দিন কাজ করিয়ে ৬দিনের মাইনে দেওয়া হচ্ছে, ফোর্স করে প্রোডাকশন কমিয়ে দেওয়া হচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে সংবাদ আছে কি, যে এখানে শ্রমিকদের বলা হচ্ছে যে আপনারা তিন দিন কাজ করুন এবং ৬ দিনের মাইনে নিন? এই রকম বলা হচ্ছে কিনা আপনি জানেন কি এবং লে-অফ বন্ধ করার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী বিদ্যুৎকুমার গাঙ্গুলী ঃ** আমি মাননীয় সদস্য আব্দুল মান্নান সাহেবের প্রশ্নটা বুঝতে পারিনি। বলা হচ্ছে কিনা এই কথার মানে কি, কার কথা বললেন, বলা হচ্ছে কিনা। কাকে বলেছেন?

**শ্রী আব্দুল মান্নান ঃ** শ্রমিকদের ৩ দিন কাজ করতে বলে ৬ দিনের মাইনে নিতে বলা হচ্ছে এটা আপনি জানেন কিনা?

**শ্রী বিদ্যুৎকুমার গাঙ্গুলী ঃ** স্টেটমেন্ট আমি তো বলে দিয়েছি এর সাথে আপনি অন্য যে কথা বলেছেন সেই সম্বন্ধে বলছি। ম্যানেজমেন্ট এবং ইউনিয়ান গুলির ভিউ পয়েন্ট স্টেটমেন্টের মধ্যে আছে। আর কেন্দ্রীয় সরকারের যে নীতি যার জন্য ক্ষতির দিকে যাচ্ছে সেটা বলা আছে। আপনারা এটা জানেন এবং এই হাউসের সকলে জানেন যে অটো মোবাইল ইন্ডাস্ট্রি সম্বন্ধে কেন্দ্রীয় সরকার ১৯৯৩ সালের যে নীতি নিয়েছে তাতে দেশের অটোমোবাইল ইন্ডাস্ট্রি চলছে না চলবে না।

(গোলমাল)

আমি বলব? ডব্লু.টি.ও-তে সই কে করেছে? কংগ্রেস গভর্নমেন্ট। ডব্লু.টি.ও-তে সই করেছে বলে..

(গোলমাল)

ডব্লু.টি.ও-তে সই করেছে বলে অটো মোবাইল কোম্পানীগুলি..

(তুমুল গোলমাল)

আপনারা চুপ করুন, আমি বলছি। ডব্লু.টি.ও-তে সই করেছে বলে বাইরে থেকে অটোমোবাইল কোম্পানিগুলি হুড় হুড় করে এসে গেছে। অটোমোবাইল কোম্পানিগুলির প্যাসেঞ্জার কারের যে কমপোনেন্ট লাগে তা পর্যন্ত বাইরে থেকে আসছে ব্যাপকভাবে। ডব্লু.টি.ও-তে সই করার ব্যাপারে সমস্ত চেম্বার অব কমার্স জানে, শ্রমিকরাও জানে এবং গভর্নমেন্ট জানে। এই সত্য আপনারা অস্বীকার করতে পারবেন না।

(গোলমাল)

মাননীয় স্পিকার স্যার, মাননীয় সদস্যদের আমি অনুরোধ করছি এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে..

(তুমুল গোলমাল)

(এ ভয়েস ঃ- ডাইভার্ট করে দিচ্ছেন কেন?)

কে ডাইভার্ট করছে? আমি ডাইভার্ট করিনি। প্রনব মুখার্জি কেন্দ্রীয় সরকারে থাকাকালীন ডব্লু.টি.ও-তে সই করার জন্য অনেক শিল্পে ক্ষতি হয়েছে এবং অটোমোবাইল ইন্ডাস্ট্রির ক্ষতি হয়েছে।

## LAYING OF REPORTS

### 36th Annual Report of the Durgapur Project Limited for the year 1996-97

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to lay the 36th Annual Report of the Durgapur Project Limited for the year 1996-97.

**Annual Statement of Accounts and Audit Report of the West Bengal State Electricity Board for the year 1996-97**

**Dr. Sankar Kumar Sen :** Sir, I beg to lay the Annual Statement of Accoutns and Audit Report of the West Bengal State Electricity Board for the year 1996-97.

**The 20th Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation for the year 1992-93**

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to lay the 20th Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation for the year 1992-93

...(at this stage the Congress(I) Members walked out of the Chamber)...

[12-40 — 12-50 p.m.]

## MENTION CASES

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** (অনুপস্থিত ছিলেন)।

**শ্রী বিদ্যুতকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। হুগলি জেলায় তারকেশ্বর ডিগ্রি কলেজে ১৯৯৬-৯৭ শিক্ষা বর্ষ থেকে সোসিওলজিতে অনার্স এবং পাস পড়ানো হচ্ছে। কিন্তু দু'বছর অতিক্রম করার পরেও সেখানে কোনও শিক্ষকের পদ সৃষ্টি করা হয়নি এবং সরকারের কাছ থেকেও কোনও শিক্ষক পদের অনুমোদন পাওয়া যায় নি। ফলে কলেজের তহবিল থেকে পার্ট টাইমার দিয়ে সেই সোসিওলজি সাবজেক্টটি পড়ানো হচ্ছে। সেজন্য আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাব, ঐ কলেজে যাতে অতি সত্বর অন্তত দু'জন সোসিওলজি লেকচারারের পদ সৃষ্টি করা হয়। তা নাহলে পার্ট টাইমার দিয়ে পড়াতে গিয়ে কলেজের ফান্ড শেষ হয়ে যাবে এবং অবশেষে আর্থিক সংকুলান করতে পারবে না।

**শ্রী সঞ্জয় বক্সী ঃ** (অনুপস্থিত ছিলেন)।

(at this stage the Congress(I) Members entered the Chamber.)

**শ্রী মাজেদ আলি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় ইটাচুনা বি.এন. কলেজে ছাত্র সংসদের নির্বাচন ছিল গত ১৫ই ডিসেম্বর। এস.এফ.আই-য়ের ছাত্ররা যখন কলেজে লাইন দিয়ে নমিনেশন পেপার তুলছিলেন, দুর্ভাগ্যের কথা, সেই সময়ে তৃণমূল কংগ্রেসের ছাত্রপরিষদের ছাত্ররা ওখানে হাঙ্গামা করে। পুলিশের সি.আই. এবং পাণ্ডুয়া থানার ও.সি. তখন কলেজের মধ্যে ঢুকে নির্বিচারে ছাত্রদের উপরে লাঠিচার্জ করেন। এমন কি কলেজের কমন রুমে মেয়েরা যারা ছিল তাদের সেখান থেকে টেনে এনে অত্যাচার করা হয়। এরফলে ১৭ই ডিসেম্বর খন্নানে জি.টি.রোড অবরোধ করা হয়। পুলিশি যে অত্যাচার চলছে, যে সমস্ত অফিসার ছাত্রছাত্রীদের উপরে লাঠিচার্জ করেছে, সেই সমস্ত দোষী পুলিশ অফিসাররা যাতে শাস্তি পায় তারজন্য একটি কমিটি গঠন করে, একটি তদন্ত কমিটি গঠন করে এবং সুস্থ অবস্থা যাতে ফিরে আসে এবং কলেজ সংসদের নির্বাচন যাতে শান্তিপূর্ণ ভাবে হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের পরিবহন দপ্তর, রাজ্যের পরিবহন ব্যবস্থাকে কোথায় নিয়ে গেছে, তার কয়েকটি নমুনা আমি আপনার কাছে তুলে ধরে রাজ্য সরকারের এই দপ্তরটি যাতে পরিপূর্ণভাবে ভেঙ্গে না পড়ে তারজন্য অনুরোধ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতার ৩৩২টি মিনি বাসকে পারমিট দেওয়া হয় কিন্তু মিনি বাস চলছে মাত্র ১৬৮টি সর্বসাকুল্যে। রাস্তাতেও বাস নেই, ডিপোতেও বাস নেই। এরফলে যাত্রীরা নাকাল হচ্ছেন, নাজেহাল হচ্ছেন, নেই কোনও সরকারি বাস, নেই প্রাইভেট বাস, নেই মিনি বাস। শুধু তাই নয়, দক্ষিণ কলিকাতায় ৭টি রুটে ৬ মাস ধরে বাস বন্ধ হয়ে রয়েছে। ৪১ নং রুটের বাস, ৪১/১ নং রুটের বাস বন্ধ। বাসের মালিকরা তাদের সেচ্ছাচারিতায় বাস চালাচ্ছেন না। সরকারের কাছে বারে বারে অনুরোধ করা সত্ত্বেও কোনও পদক্ষেপ নিচ্ছেন না। এ রুটের বাস বি রুটে চলছে। বাসের মালিকরা যে রুটে বাস চালানোর কথা, সেই রুটে না চালিয়ে অন্য রুটে বাস চালাচ্ছে। রুট পারমিট যে রুটে দেওয়া হচ্ছে সেই রুটে বাস না চালিয়ে অন্য রুটে বাস চলে যাচ্ছে। মাননীয় মন্ত্রী অসুস্থ, সেইকারণে রাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যদি এই ব্যাপারে

ব্যবস্থা না নেন তাহলে কখনোই পরিবহন ব্যবস্থার উন্নতি হতে পারবে না। সরকারি বাস তো একটার পর একটা উঠে যাচ্ছে। লাল বাস তো কলকাতার রাস্তায় দেখা যাচ্ছে না। দোতলা বাস তো তুলেই নিয়েছেন। মিনি বাসও যেগুলো চলত সেগুলোও উঠিয়ে নিয়েছেন। সরকারি বাস চলে না, বেসরকারি বাস, মিনি বাসের মালিকরা ইচ্ছামতো বাস তুলে নিচ্ছেন। এই ব্যাপারে আপনার মাধ্যমে পরিবহন দপ্তরকে অনুরোধ করছি তারা যদি কোনও পদক্ষেপ না নেন তাহলে পরিবহন ব্যবস্থা ভেঙ্গে পড়বে। সেইকারণে আমার অনুরোধ এই পরিবহন ব্যবস্থা যাতে ভেঙ্গে না পড়ে এবং যাত্রী সাধারণের ন্যূনতম সুবিধা পেতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে ভূমি ও ভূমি রাজস্ব এবং সংস্কার বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র অশোকনগরে কেন্দ্রীয় সরকার এবং কিছু প্রোমোটররা চক্রান্ত করে ঘনবসতি এলাকা, গ্রামবাংলা এলাকার ৭৬.৪৯ একর জমি অধিগ্রহণ করার নোটিস দিয়েছে। তারা সেখানে বি.এস.এফের ক্যাম্প চাইছে কলোনি, মিউনিসিপ্যালিটি এলাকাতে। ওখানে বি.এস.এফের ক্যাম্প যদি তৈরি হয় তাহলে শত শত ওই এলাকার মানুষ, কৃষক, ক্ষেত মজুররা উচ্ছেদ হবেন। ভাগচাষীরা উচ্ছেদ হবে। সাধারণ মানুষ এবং শহরের মানুষও উচ্ছেদ হবেন। এই কারণে ওই এলাকাতে হাজার মানুষ মিছিল, পথসভা করে বিভিন্নভাবে প্রতিবাদ করেছে এবং কেন্দ্রীয় সরকারকে জানিয়েছেন। আমাদের রাজ্য সরকারের কাছে, ডি.এমকেও জানিয়েছে। কিন্তু তা সত্বেও জমির জরিপের কাজ চলছে বি.এস.এফের ক্যাম্প বসানোর জন্য। সেইকারণে আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে জানাচ্ছি এই ব্যাপারে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কলকাতা শহর তথা পশ্চিমবঙ্গ উগ্রপন্থীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। আমাদের এই রাজ্যে পাঞ্জাবের উগ্রপন্থীরা ঘুরে বেড়াচ্ছে, রাজ্যের পুলিশ তথা কলিকাতার পুলিশ কিছুই জানতে পারছে না। আসামের উগ্রপন্থীরা আসছে, তাদের ডিটেকট্ করতে পারছে না রাজ্যের পুলিশ বা কলকাতার পুলিশ। এমন কি উত্তর প্রদেশের মাফিয়ারা এখানে এসে তাদের কাজ করে যাচ্ছেন, পুলিশ ধরতে পারছে না। আমার সরাসরি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অভিযোগ তথা চ্যালেঞ্জ বলতে পারেন যে, এই যে পুলিশ ধরতে পারছে না তাতে আমাদের রাজ্যের শাসকদল মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সঙ্গে তাদের একটা গোপন যোগাযোগ

আছে। যার কারণে পুলিশকে সমপূর্ন অকেজো করে রাখা হয়েছে। পাঞ্জাবী উগ্রপন্থীদের ধরার জন্যে তাই পাঞ্জাব পুলিশকে আসতে হচ্ছে। উত্তর প্রদেশ পুলিশকে আসতে হচ্ছে। আসামের পুলিশকে আমাদের রাজ্যে আসতে হয়, আমাদের রাজ্যের পুলিশ কেবলমাত্র বসে বসে দুর্নীতিগ্রস্থ পুলিশে পরিণত হচ্ছে। স্বরাষ্ট্রমন্ত্রীর ডাইরেক্ট নির্দেশ এর জন্য আমাদের রাজ্যে উগ্রপন্থী ধরা পড়ছে না। আমি সরাসরি বলছি, মমতা ব্যানার্জি যে চ্যালেঞ্জ জানিয়েছেন সি.বি.আইকে দিয়ে তদন্ত করানো হোক আমিও সেই দাবিকে গ্রহণ করার জন্য বলছি।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে বিশেষ করে রাজ্য সরকারের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দৃষ্টি আকর্ষণ করতে চাই আমাদের এখানকার পঞ্চায়েতমন্ত্রী মহাশয়ের। আপনারা জানেন সম্প্রতি এই বছরে পঞ্চায়েত এলাকা সম্প্রসারিত হয়েছে, এতে চা বাগান এবং বনাঞ্চলগুলি এসেছে। কিন্তু অদ্ভুতভাবে আমরা লক্ষ্য করছি বনাঞ্চলগুলি এখনও রাজ্য সরকারের বন দপ্তরের এবং তারা বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে দিয়ে উন্নয়নমূলক কাজকর্মের পরিকল্পনা গ্রহণ করছেন এবং পরিকল্পনা রূপায়ন এর কাজ করছেন। এটা আসলে পঞ্চায়েত ব্যবস্থার বিরুদ্ধে কাজ হচ্ছে। আমি ইতিমধ্যে মাননীয় মন্ত্রী ডঃ সূর্য্যকান্ত মিশ্রর সঙ্গে কথা বলেছি আমি তাঁরও দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু বনমন্ত্রী নিজে আমি লক্ষ্য করলাম কয়েকটি জায়গায় স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানএর বিভিন্ন প্রকল্প উদ্বোধন করতে যাচ্ছেন। এটা অত্যন্ত পরিতাপের বিষয়। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি। আমি বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি। অবিলম্বে পঞ্চায়েতকে তাদের সমস্ত রকমের অধিকার দেওয়া হোক। পঞ্চায়েত পরিকল্পনা গ্রহণ করবে। পঞ্চায়েত পরিকল্পনার রূপায়ন করবে। এটা বনাঞ্চলেও সম্প্রসারন হোক। গ্রামাঞ্চলে আছে, কিন্তু বনাঞ্চলে নেই। আমরা লক্ষ্য করছি, চা বাগিচাতেও চা বাগানের ম্যানেজমেন্টরা তারা পঞ্চায়েতকে সঠিকভাবে ফাংশান করতে দিচ্ছে না। রাজ্য সরকার ফান্ডিং করে নাই। এখন পর্যন্ত প্রকৃতপক্ষে বনাঞ্চল এবং চাবাগিচায় হাজার হাজার মানুষের স্বার্থ পঞ্চায়েতি ব্যবস্থায় যেভাবে চলা দরকার সেইভাবে চলে না। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অবিলম্বে গভর্নমেন্ট থেকে জি.ও. আসুক নির্দেশ আসুক, যাতে করে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান তারা নিশ্চয় সহযোগিতা করতে পারে কিন্তু তাদের মাধ্যমে কোনও

পরিকল্পনা রূপায়ন, কোনও রকম সুযোগ পঞ্চায়েতি ব্যবস্থায় নেই, আমি আশা করব অবিলম্বে রাজ্য সরকার এটার প্রতি দৃষ্টি দেবেন। রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন যাতে করে সেই ব্যবস্থা পরিহার করা যায়।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গ্রামাঞ্চলে একটি মৌজাকে যদি লাইট লাগিয়ে দেন তাহলে পুরো গ্রামকে আলোকিত করছেন, এই ধরণের রিপোর্ট দিচ্ছেন। বহু আলোচনা চলছে, বিতর্ক চলছে, আমি সেই ব্যাপারে যাচ্ছি না। কিন্তু সত্যি সত্যি যারা অ্যাপ্লিকেশন করেছেন ৯০-৯২ থেকে ৯৭ সাল পর্যন্ত একনাগাড়ে প্রায় ৭ থেকে ৮ বছর ধরে মানুষ বিদ্যুৎ চায়, কিন্তু তারা বিদ্যুৎ পাচ্ছে না। এই ব্যাপারে বহু বিতর্ক হয়েছে, বহু আলোচনা হয়েছে, আপনি এখানে আছেন, আপনার বিশেষ কোনও টাস্ক ফোর্স তৈরি হয়েছে কিনা, যাতে করে এই ধরনের যারা বিদ্যুৎ চেয়েছে অ্যাপ্লিকেশন করেছে, মানুষ বিদ্যুৎ কিনতে চায়। এই ব্যাপারে কিছু হয়েছে কিনা? অ্যাপ্লিকেশনগুলি কেন প্রসেস হয়নি। কেন ডিসবার্স করা হয়নি কেন কানেকশন দেওয়া হয়নি, এইগুলি বলবেন। আমি অনুরোধ করব, মন্ত্রিমহাশয়কে অবিলম্বে ৫ থেকে ১০ বছরের মধ্যে বা ৩ থেকে ১০ বছরের মধ্যে যে সমস্ত অ্যাপ্লিকেশন পেন্ডিং আছে, সেইগুলির ব্যাপারে উনি বিশেষ কোনও টাস্ক ফোর্স গঠন করে বিদ্যুৎ যাতে দেন তার জন্য আবেদন করতে চাই।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, এই বিধানসভা চলাকালীন বিভিন্ন কলকারখানা বন্ধর ব্যাপারে আমরা উদ্বেগ প্রকাশ করেছি। সুন্দরবন সুগার বিট প্রসেসিং কোম্পানি সম্পর্কে আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাংলার মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু জয়নগরের নীমপীঠে একটি কারখানা প্রতিষ্ঠা করার পরে ঐ এলাকার মানুষ কর্ম সংস্থান এর ব্যাপারে নূতন উদ্যমে উৎসাহী হয়েছিলেন। সুন্দরবন সুগার বিট প্রসেসিং কোম্পানি মাথাভারি প্রশাসনের কারণে ক্রমশ ক্ষুয়িষ্ণু অবস্থায় এসেছে। ওখানকার শ্রমিকদের যে নায্য পাওনা তা না পাওয়ায় তারা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন এবং ৮৭ সাল থেকে সমস্ত এরিয়ার হাইকোর্ট থেকে দেওয়ার নির্দেশ থাকলেও আজ পর্যন্ত সেই নির্দেশ পালন করা হচ্ছে না। এক সময় পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর নিকট আত্মীয় বিজন নাগ, আমাদের জেলায় নূরপুরে আরেকটি প্রসেসিং কারখানা চালু করেছিল, সেটি এখনও চলছে। কিন্তু সরকারি নিয়ন্ত্রনে জয়নগরের নীমপীঠে যে সুগার বিট প্রসেসিং কোম্পানি চালু

হয়েছিল সেটি সঠিকভাবে চলছে না। সেখানে আজকে শ্রমিক অসন্তোষ চলছে শ্রমিকদের সমস্ত বকেয়া পাওনা মিটিয়ে দেবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, কাটোয়া থানার প্রাক্তন ও.সি. যার বিরুদ্ধে মানবাধিকার কমিশন একটা স্ট্রিকচার দিয়েছে, রিপোর্ট দিয়েছে, পশ্চিমবঙ্গ পুলিশের সি.আই.ডি. ডিপার্টমেন্ট থেকে ৩০৭ ধারা অনুযায়ী মামলা রুজু করা হয়েছে, কেস নম্বর ৯৭/৯৯। সেই ও.সি. বর্তমানে কুলপি থানার ও.সি. হিসাবে কাজ করছে। একজন পুলিশ অফিসার যিনি ৩০৭ নম্বর ধারার কেসের আসামী তিনি ও.সি. হিসাবে চেয়ারে বসে কি করে কাজ করে এটা মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য। মাননীয় পুলিশমন্ত্রী মহাশয় আপনার সম্মান রক্ষার্থে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে আপনি নজির রাখবেন।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। চন্দননগর পৌরসভার অন্তর্গত ৩৩টি ওয়ার্ড, ভদ্রেশ্বরের ২০টি ওয়ার্ড এবং সিঙ্গুর ব্লক এলাকায়, সাত হাজার হিন্দী ভাষাভাষী লোক বাস করে। এখানে জুটমিল আছে, গোন্দলপাড়া জুটমিল, শ্যামনগর নর্থ জুটমিল এবং ভিকটোরিয়া জুটমিল। এখানে হিন্দি মাধ্যমের দুটি জুনিয়র হাইস্কুল আছে। ক্লাস নাইন-টেনের ছাত্র-ছাত্রীদের কুড়ি কিলোমিটার দূরে রিষড়া বা গারুলিয়ায় গিয়ে হিন্দি মাধ্যমে পড়াশোনা করতে হয়। হিন্দি মাধ্যমের মাধ্যমিক স্কুল চন্দননগর বিধানসভা এলাকায় করার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী বিপ্লব রায়চৌধুরী ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, এন.সি. বোসের নেতৃত্বে যে পে কমিটি হয়েছিল তারা গত আগস্ট মাসে রিপোর্ট দিয়েছে এবং পরিস্কারভাবে তাদের রেকমেন্ডেশন জানিয়ে দিয়েছে। কিন্তু বিদ্যুৎ দপ্তর এখনও সেটা ইমপ্লিমেন্ট করতে পারছেন না। যেখানে রাজ্য সরকারি কর্মচারিরা নতুন পে-কমিশান অনুযায়ী মাইনে পাচ্ছেন, সেখানে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড পি.ডি.এল., ডি.পি.এল. এইসব সংস্থার কর্মচারী কিন্তু নতুন হারে মাইনে পাচ্ছে না। নতুন বছরে তারা পাবে কিনা জানিনা। অত্যন্ত কর্মব্যস্ত আমাদের বিদ্যুৎমন্ত্রী, অত্যন্ত কর্মতৎপর হিসাবে

আমরা অর্থমন্ত্রীকে দেখতে পাই। ট্রাফিক নিয়ন্ত্রন করার জন্য তিনি রাস্তায় নামেন, হেডকোয়ার্টার্স বিল্ডিং-এ আগুন লাগলে তিনি দৌড়ে যান, এসব আমরা টি.ভিতে দেখতে পাই। তিনি উদ্যমী বলে নিজেকে সব সময় দেখাতে চান। সমস্ত রাজ্যের কর্মচারিদের যেখানে বেতন বেড়ে গেছে, সেখানে বিদ্যুৎ কর্মচারিরা কেন বঞ্চিত হচ্ছে সেই ব্যাপারে আমরা মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে জানতে চাই।

[1-00 — 1-10 p.m.]

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** স্যার, রাজ্য বিদ্যুৎ দপ্তরের আন্ডারে তিনটি সংস্থা আছে। রাজ্য বিদ্যুৎ পর্ষদ, ডব্লু.বি.পি.ডি.সি. এবং ডিপি.এল.। এদের জন্য একটা আলাদা পে কমিটি তৈরি হয়েছে। সেই কমিটি নভেম্বরের ১০ তারিখ নাগাদ আমাদের কাছে রিপোর্ট দেয় এবং ২৪শে নভেম্বর আমরা আমাদের রেকমেন্ডশন অর্থ দপ্তরের কাছে পাঠিয়েছি। আশা করছি যে কোনও সময় অর্থ দপ্তরের অনুমতি পাব। অর্থ দপ্তরের অনুমতি যতক্ষণ না আসছে, ততক্ষণ কিছু করার নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি সংসদে যে পেটেন্ট সংশোধনী বিল পেশ হয়েছে এবং যেটা লোকসভায় আগামী ২৩ তারিখে আবার পেশ হবে, সেটা একটা মারাত্মক জনবিরোধী বিল। আজকে কেন্দ্রের বি.জে.পি. সরকার দেশি বিদেশি শিল্পপতিদের স্বার্থে জনগনের উপর যে সর্বাত্মক আঘাত নামিয়ে আনছে, এটা তারই একটা নিদর্শন। এটা যদি কার্যে পরিণত হয়, তাহলে আমাদের দেশে ওষুধ, ভেসজ, রাসায়নিক সার, কৃষি-বিজ্ঞানের ক্ষেত্রে সর্বনাশ ডেকে আনবে। দেশের বহু ছোট ও মাঝারি শিল্প বন্ধ হয়ে যাবে, তার ছাপ মারাত্মক ভাবে পড়বে জনগণের উপর। জনগণের স্বার্থে কেন্দ্রীয় সরকার যাতে এই বিল প্রত্যাহার করে নিতে বাধ্য হয়, সেইজন্য রাজ্য সরকারের মাধ্যমে তাদের উপর চাপ সৃষ্টি করার জন্য আবেদন করছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসের আপনারা সবাই অবগত আছেন যে, গত ভয়াবহ বন্যায় মালদা জেলা শ্মশানে পরিণত হয়েছে। এই ঠান্ডার মধ্যেও বহু মানুষ এখনও টার্পোলিনের নিচে বাস করছে। সেখানে আজ এইচ.বি. গ্রান্টের তালিকা তৈরি হয়েছে, সেটা একেবারে ভুয়া

এবং মিথ্যা। সি.পি.এম. পার্টি থেকে এটা করা হচ্ছে। যে সমস্ত মানুষের বাড়ি-ঘর আছে, বন্যায় ক্ষতিগ্রস্থ হয়নি, দালান বাড়িতে বাস করছে, ঐ তালিকায় তাদের নাম আছে, আর প্রকৃতপক্ষে যাদের বাড়ি ঘর বন্যায় নষ্ট হয়ে গেছে তাদের টার্পোলিনের তলায় এখনও বাস করতে হচ্ছে, তাদের নাম নেই, তাদের নাম কেটে দেওয়া হয়েছে। ডি.এম. ভয়ে ঠক ঠক করে কাঁপছে। তিনি বলছেন, সি.পি.এম. এর শৈলেন সরকারের সাথে এই ব্যাপারে কথা বলুন। এটা খুবই লজ্জার ব্যাপার পঞ্চায়েতমন্ত্রী, মুখ্যমন্ত্রী যেখানে আছেন, সেখানে এই ব্যাপার চলছে, এটা তাদের ঠিক করতে হবে। আমি এই নিয়ে ধিক্কার জানাচ্ছি। আপনার মাধ্যমে বলতে চাই অবিলম্বে এই নিয়ে উচ্চ পর্যায়ের তদন্ত হোক। আমার বিধানসভা কেন্দ্রে যে সমস্ত কারচুপি হচ্ছে তার তালিকা আমি দেব, সেই তালিকা দেখে তদন্ত করার দাবি জানাচ্ছি।

**শ্রী সঞ্জয় বক্সী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার বেলা ৩টে, সাড়ে তিনটের সময় গিরিশ পার্কে অজয় সিং নামে ৬ বছরের একটা শিশু জলাধারে ডুবে গিয়ে মৃত্যু হয়। স্যার, গিরিশ পার্কে মেট্রো রেলের কাজ হচ্ছিল। মেট্রো রেল ১১ লক্ষ টাকা কলকাতা কর্পোরেশনকে দেয় এবং গত এক বছরে সেখানে কনট্রাকটার এসে ঘুরে যাচ্ছে, সেখানে কোনও কাজ হচ্ছে না। ফলে সেখানে এই বিপত্তি ঘটেছে এর পূর্ণাঙ্গ তদন্ত করে দোষীদের ব্যক্তিদের শাস্তির দাবি করছি। সেই সঙ্গে আরও জানাই যে কলকাতা কর্পোরেশনের তিনজন মালি ওই গিরিশ পার্কে থাকে, বোরো কমিটির অফিস আছে ওখানে। তবু এই বিপত্তি ঘটেছে। এর ক্ষতিপূরণের দাবি জানাচ্ছি এবং তদন্তের দাবি জানাচ্ছি

## ZERO HOUR

**শ্রী রামজনম মাঝি ঃ** স্যার, হাওড়া উলুবেড়িয়ার উত্তর কেন্দ্রের ব্যাপারে আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের দুটি পার্ট। একটা হচ্ছে মিউনিসিপ্যাল এরিয়া, আর একটা হচ্ছে পঞ্চায়েত এরিয়া। দুটো জায়গায় এখন বিদ্যুতের খুবই খারাপ অবস্থা। লোড শেডিং চলছে এবং গ্রামে গঞ্জে এখনও বিদ্যুৎ পৌঁছায় নি। ইলেকট্রিক পোল পুঁতে দেওয়া হয়েছে, কিন্তু তার টাঙানো হয়নি। বিভিন্ন এলাকায় এখনও বিদ্যুৎ পৌঁছায় নি উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটির বিভিন্ন এলাকায়, বিভিন্ন ওয়ার্ডে পঞ্চায়েত এলাকা আছে, সেখানে প্রত্যেক জায়গায় যাতে তাড়াতাড়ি বিদ্যুৎ পৌঁছায়, তারজন্য বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ গাঙ্গুলি শিল্প বানিজ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, উলুবেড়িয়া ইন্ডাস্ট্রিয়াল এরিয়া এবং মাননীয় প্রয়াত শিল্প বানিজ্যমন্ত্রী ডঃ কানাইলাল ভট্টাচার্য্য উলুবেড়িয়ার বেকারদের সম্বন্ধে এক পরিকল্পনা গ্রহণ করেছিলেন। প্রায় দুশো একর জমি গরিব চাষীদের দেওয়া হল। কিন্তু বেকাররা চাকরি পেল না। অধিকাংশ ইন্ডাস্ট্রি চলে গেছে। ওই এলাকায় মানুষকে ফাঁকি দিয়ে চলে যাচ্ছে। আপনার মাধ্যমে বিদ্যুৎ দপ্তর এবং শিল্প বানিজ্য দপ্তরকে বলব যে, এই ব্যাপারে তদন্ত করা হোক। সেখানে বিদ্যুতের লাইন গেছে, কিন্তু বিদ্যুৎ পাওয়া যায় নি। তদন্ত করা হোক কতগুলি কারখানা চলেছে, কত মানুষ বেকার হল, কত মানুষ জমি দিল।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই যে, বড় বাজার এলাকায় বন্ধ চলছে। তার কারণ গত শনিবার সঞ্জয় কাপুর বলে কংগ্রেস সেবাদলের একটা কর্মীকে ছুরি মেরে সে যে শালের দোকানে কাজ করত, তার পাশে হত্যা করেছে। এই হত্যা নিয়ে অনেক রকম প্রশ্ন সাধারণ মানুষের মনে আছে। কোনও কোনও সংবাদপত্রে বেরিয়েছে, এর সঙ্গে তৃণমূল কর্মীরা যুক্ত হতে পারেন। আমি সে বিষয়ে কিছু বলছি না। কিন্তু বড়বাজারের লোকেরা প্রচন্ড ক্ষুদ্ধ। পুলিশ এই ব্যাপারে যথেষ্ট ব্যবস্থা নেয় নি। যাদের খুঁজছে তাদের গ্রেপ্তার করা হয়নি। কদিন আগেই গিরিশ পার্কে ৬ বছরের ছেলে জলাধারে পড়ে মারা গিয়েছে। তার উপর খুন হয়েছে। মানুষের মধ্যে প্রচন্ড ক্ষোভ। একটা দোকানও খোলে নি। গাড়ি, রিকসা সব কিছু বন্ধ। তার কারণ এখানে আইনশৃঙ্খলা সম্পূর্নভাবে ভেঙ্গে পড়েছে। অন্যদিকে পৌরব্যবস্থাও ভেঙ্গে পড়েছে। জলাধারে পড়ে শিশু মারা যাচ্ছে। অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য হাউসের মাধ্যমে পুলিশমন্ত্রী এবং পৌরমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে এই সরকারের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের বালিগঞ্জ শিক্ষা সদনে গত দেড় মাস ধরে এক অচলাবস্থা সৃষ্টি হয়েছে। হঠাৎ করে ফি একশো থেকে তিনশো, তিনশো থেকে পাঁচশো করে দেওয়া হয়েছে। ছাত্রদের উপর মানসিকভাবে চাপ তৈরি করা হচ্ছে। কর্তৃপক্ষ এই ভাবে ব্যবসা চালাচ্ছে। ছাত্রদের উপর, অভিভাবকদের উপর চাপ সৃষ্টি করছে। এই বিষয়টা মীমাংসা করা হোক। সেখানে রাজ্যসরকারের নিয়ম কানুন মেনে শিক্ষার ব্যবস্থা যাতে চলতে পারে সেই ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। চন্দননগর বিধানসভার গর্জি এলাকা। সেখানে ভারত সরকারের ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন প্রায় আড়াইশো বিঘা জমি অধিগ্রহণ করেছে, এল.পি.জি বটলিং প্ল্যান্ট হবে বলে। তারা যে জমি অধিগ্রহণ করেছে সেখানে চাষ-আবাদ হয়, চাষীরা ভীষণ ক্ষুব্ধ। এই সভায় রাজ্যসরকারের মাধ্যমে ভারত সরকারের ইন্ডিয়ান অয়েল কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানাতে চাই, বহু অনাবাদী জমি পড়ে আছে সেখানে এই বটলিং প্ল্যান্ট করা হোক। চাষীদের যেন সর্বনাশ না করা হয়।

**শ্রী নির্মল ঘোষ ঃ** একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা স্বাধীনতার ৫০ বছর পালন করছি। কিন্তু ওপার বাংলার ছিন্নমূল উদ্বাস্তু এসেছিলেন ৭০/৭১ সালে, যারা এই রাজ্যে নিজেদের জায়গা নিজেরাই খুঁজে নিয়েছিলেন—স্যার, এই সরকারের অনেক বড়সড় কথা আমরা শুনেছি, ২২ বছর এই সরকার এসেছে—আজও সেই সমস্ত রিফিউজির তাদের দলিল, পাট্টা পায়নি। রাজ্যের এমন কলোনির সংখ্যা কত? আমার এলাকায় ১৩টা কলোনি আছে, ৭০/৭১ সালে এসেছিল, বসতি করেছিল তারা এখনও পাট্টা পায় নি। সরকার তাদের জায়গা দেয় নি, তাদের পাট্টা দিচ্ছে না। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে রাজ্যের রিফিউজিরা তাদের স্বীকৃতি পায় এবং লিজ ডিড পায় তার জন্য আবেদন রাখছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** আমি আপনাদের মাধ্যমে রাজ্যের মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি আমাদের পশ্চিমবঙ্গের উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ বা হায়ার সেকেন্ডারি কাউন্সিল তারা তুঘলকি সিদ্ধান্ত নিচ্ছে। শ্রীরামপুর মহকুমায় যে সব স্কুল বা কলেজ সেগুলি কলকাতা জোনের আন্ডারে ছিল, সেটাকে বর্ধমান জোনের আন্ডারে করছে এর ফলে ছাত্রছাত্রীরা অভিভাবকরা এবং স্কুলকলেজ কর্তৃপক্ষ তারা প্রচন্ড অসুবিধার মধ্যে পড়েছে। এর আগেও একবার কলেজগুলি বর্ধমান ইউনিভার্সিটির আন্ডারে চলে গিয়েছিল। পরে আবার কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে আনা হয়। এখন হঠাৎ করে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের এই তুঘলকি সিদ্ধান্ত নিয়েছেন যে উত্তরপাড়া, শ্রীরামপুর, জাঙ্গিপাড়া, চন্ডীতলা এই সমস্ত এলাকার হায়ার সেকেন্ডারি স্কুল কলেজগুলিকে বর্ধমান জোনের আন্ডারে পাঠিয়ে দিয়েছেন. এতে এইসব এলাকার ছাত্রছাত্রীরা প্রচন্ড অসুবিধার মধ্যে পড়েছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি এই রকম সিদ্ধান্ত পরিবর্তন করে তাদের আবার কলকাতা জোনের আন্ডারে ফিরিয়ে আনা হোক।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** আমি আপনার মাধ্যমে কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়ার রেগুলেটরি মার্কেট কমিটির যে অবস্থা সেখানে একটা দুর্নীতির আখড়ায় পরিনত হয়েছে। আগে টোল ট্যাক্সের ব্যবস্থা ছিল এবং কয়েকজনকে এই টোল ট্যাক্স আদায়ের জন্য নিয়োগ করা হয়েছিল। এখন তাদেরকে সেখান থেকে সরিয়ে দিয়ে একজন বিশেষ ঠিকাদারকে নিয়োগ করা হয়েছে এই কাজের জন্য এবং তাঁর সঙ্গে সঙ্গে যে সমস্ত প্রকল্প আছে সেগুলি রেগুলেটিং মার্কেট কমিটির ইচ্ছার বিরুদ্ধে এবং মাননীয় মন্ত্রী যে সুপারিশ পাঠিয়ে ছিলেন সেই সুপারিশও চলছে না। এই অবস্থা কাটিয়ে এবং সেখানে চাষীদের সীমাবদ্ধ টাকার যাতে সদব্যবহার করা হয় এবং কেন সেখানে বিশেষ একজন কন্ট্রাকটরকে নিয়োগ করা হল এর জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই বিধানসভার এবং মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নির্বাচন কেন্দ্র সাতগাছিয়ায় বিড়লা শিল্প নগরীতে বিড়লা সিনথেটিক নামে একটা কারখানা আছে। গত পূজোর আগে থেকে মালিক পক্ষ শ্রমিকদের কাছে চার্টার অব ডিমান্ড প্লেস করেছে, বোনাস দেয় নি এবং গত দেড় মাস যাবত কোনও রকম পেমেন্ট না দিয়ে কারখানাটি সিজ অফ করেছে। এর সাথে ১৬ হাজার কর্মচারী যুক্ত। এই কারখানার কর্মচারীরা অনাহারে দিন কাটাচ্ছে। আমি এই বিড়লা সিনথেটিক কারখানা শ্রমিকদের সমস্যার সমাধানের জন্য মাননীয় শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমিও সেই জ্যোতি বসুর ব্যাপারেই বলছি, তাঁর এলাকায় শহীদ অনুরূপ চন্দ্র মহাবিদ্যালয় দক্ষিন ২৪ পরগনার মুড়ুলে। সম্প্রতি সেখানে ছাত্র সংসদের নির্বাচনে এস.এফ.আই. গুন্ডারা সন্ত্রাস সৃষ্টি করেছে এবং ত্রাসের সৃষ্টি করেছে। ১২.১২.৯৮ তারিখ প্রার্থী পদ জমা দেওয়ার শেষ তারিখ ছিল। ১৪.১২.৯৮ তারিখে স্ক্রুটিনির ডেট ছিল। তাতে এস.এফ.আই-র কিছু নমিনেশন বাতিল সত্ত্বেও বৈধ বলে চালানোর চেষ্টা করা হয়। স্বাভাবিক ভাবেই ছাত্র পরিষদের ছাত্ররা এ বিষয়ে কলেজ কর্তৃপক্ষ এবং রিটার্নিং অফিসারের পক্ষপাতিত্বের অভিযোগে কলেজ এবং অধ্যক্ষকে ঘেরাও করে রাখে। রাত দুটোর সময় সাতগাছিয়ার পুলিশ গিয়ে তাঁদের সেখান থেকে উদ্ধার করে কাগজপত্র সমেত থানায় নিয়ে আসে এবং থানার কর্তৃপক্ষ

ও অফিসাররা মিলে সেই বাতিল হওয়া প্রার্থীদের নির্বাচনে দাঁড়াতে সাহায্য কর এইভাবে আজকে এস.এফ.আই ছাত্র সংসদের নির্বাচনকে ঘিরে সর্বত্র সন্ত্রাস সৃ করছে, ছাত্র-ছাত্রীদের নিগৃহীত করছে। কিন্তু পুলিশ কোনও ব্যবস্থা নিচ্ছে না। কলেজে যাতে শান্তিতে ছাত্র সংসদের নির্বাচন হতে পারে এবং সি.পি.এম-র সন্ত্রা বন্ধ হয় তার জন্য আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ১৫ তারিখে ক্যালকাটা মেডিকেল কলেজে সৈক ঘোষ নামে আট বছরের একটা শিশু বিনা চিকিৎসায় মারা গেল। তাকে সেখানে ১০.১০এ ভর্তি করা হয়েছিল। কি ইনজ্যুরি ছিল? আপনি শুনলে অবাক হ যাবেন স্যার, তার ইনজুরি ছিল রেসপিরিওটরি ফেলিওর এবং হেড ইনজ্যুরি। ঐ অবস্থায় তাকে ভর্তি করা হল। চার ঘন্টা ধরে তাকে না দেওয়া হল স্যালাইন, ন দেওয়া হল অক্সিজেন। ছেলেটির মা বারবার কান্না কাটি করা সত্ত্বেও কোনও ডাক্তার চিকিৎসা করল না। চার ঘন্টা পর বিনা চিকিৎসায় শিশুটি মারা গেল শিশুটি ভর্তির সময় সুস্থ ছিল, খাবার পর্যন্ত চেয়েছিল। আবার দেখুন শিশুটি মার যাওয়ার ১০ মিনিটের মধ্যে ডেথ সার্টিফিকেট দেওয়া হয়ে গেল। আমার কাছে সমস্ত জিনিসের জেরক্স কপি আছে। ২.১০-এ শিশুটি মারা গেল, ২.৩০-এ ডে সার্টিফিকেট দেওয়া হল। স্যার, আমি আপনার মাধ্যমে ঐ শিশুর বিনা চিকিৎসা মারা যাওয়ার তদন্তের দাবি করছি। আজকে একজন মায়ের একমাত্র সন্তান বিনা চিকিৎসায় মারা গেল। স্যার, কোনও দিন কোনও প্রেসক্রিপশনে বলা হয় না, কোন টাইমে কি টিকিৎসা হল। কিন্তু এক্ষেত্রে মৃত্যুর পর প্রেসক্রিপশনে লেখা হয়েছে ১১.৪৫, ১২.৪৫ ১-টায়, দেড়-টায় কি কি চিকিৎসা হয়েছে। স্যার, কোনও দিন দেখিনি কোনও সরকারি হাসপাতালে কি কি চিকিৎসা হয়েছে তা প্রেসক্রিপশনে লেখা হয়েছে। আসলে শিশুটির মৃত্যুর পর এই সব লেখা হয়েছে এবং মৃত্যুর ১০ মিনিট বাদে একজন ডাক্তার, যিনি ডাক্তারি পাস করেছেন, তার ডেথ সার্টিফিকেট দিলেন। আমি স্যার, ঐ ডাক্তারের লাইসেন্স বাতিল করার এবং বিনা বিচারে ঐ শিশুর মৃত্যুর তদন্তের দাবি করছি। দোষীদের যেন দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হয় আমি সমস্ত কাগজপত্র আপনাকে দিচ্ছি।

**শ্রী সঞ্জয় বক্সী ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার বড়তলা থানার অন্তর্গত মনোহর কাটরার রামগোপাল ঈশ্বরদাসের দোকান থেকে সঞ্জয় কাপুর নামে একজনকে টেনে এনে খুন করা হয়েছে। স্যার, আপনার মাধ্যমে আরো জানাই, গত ৩০ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী বড়বাজারে গিয়ে আইন-শৃঙ্খলার প্রশংসা করে আসার পর দুটো ডাকাতি এবং এই খুন হয়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে দোষীদের ব্যক্তিদের শাস্তির দাবি জানাচ্ছি।

সেই সঙ্গে স্যার, সংবাদপত্রে কংগ্রেস নেতা সুরেশ পান্ডে এবং তৃনমূল নেতা অশোক ঝাঁ সম্বন্ধে যে বিভ্রান্তি সৃষ্টি করা হচ্ছে তার তীব্র বিরোধিতা করছি।

**শ্রীমতী সাধনা মল্লিক ঃ** (অনুপস্থিত)

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান ইউনিভার্সিটির আন্ডারে ৭৮টি কলেজ আছে। প্রত্যেকটা কলেজের ছাত্র-ছাত্রীরা নিজ নিজ কলেজে পরীক্ষা দেয়। কিন্তু শিক্ষা দপ্তরের দাবি বলুন ও বর্ধমান ইউনিভার্সিটির অত্যাচারই বলুন এবারে রামপুরহাট, সিউড়ি ও সাঁইথিয়া কলেজের ছাত্র-ছাত্রীরা নিজ নিজ কলেজে পরীক্ষা দিতে পারছে না। তাদেরকে নানা ভাবে হয়রানি করার চেষ্টা করা হচ্ছে। এজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে রামপুরহাট, সিউড়ি ও সাঁইথিয়া কলেজের ছাত্র-ছাত্রীরা তাদের নিজ কলেজে পরীক্ষা দিতে পারে তার জন্য অবিলম্বে ব্যবস্থা করা হোক।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া শহরে পুরোপুরি ভাবে রেশনিং ব্যবস্থা ভেঙ্গে গেছে। বিধিবদ্ধ রেশন এলাকায় যেখানে প্রতি সপ্তাহে নিয়মিত ভাবে রেশন সরবরাহ করা হতো সেখানে প্রায় এক মাস হয়ে গেল অথচ সেখানে না আছে চাল, না আছে গম। শুধু চিনি ছাড়া রেশনে আর কিছু পাওয়া যায় না। গরিব মানুষরা ১.১০ টাকা কে.জি. দরে বাজার থেকে আটা কিনছে, ১২-১৪ টাকা কে.জি. দরে চাল কিনছে। যেখানে রাজ্যসরকার আনন্দের সঙ্গে ঘোযনা করেন যে এই রাজ্য কৃষিতে স্বয়ংসম্পূর্ণ, চাল উৎপাদনে এক নম্বর সেখানে রেশন দোকানে কেন চাল পাওয়া যায় না? যাতে অবিলম্বে হাওড়ার রেশন দোকানগুলোতে চাল, গম দেওয়ার ব্যবস্থা করা হয় তার জন্য আমি মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে দাবি রাখছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান মহোদয়, গোটা কলকাতায় রেশনিং ব্যবস্থা ভেঙ্গে পড়েছে, রেশন দোকানে চাল, গম, চিনি, ভোজ্য তেল দেওয়ার জন্য সরকার থেকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল সেই প্রতিশ্রুতি অনুযায়ী কোনও রেশন দোকানেই চাল, গম, চিনি, ভোজ্য তেল পাওয়া যাচ্ছে না। মাসের পর মাস, লাইসেন্স দেওয়ার পরেও রেশন দোকানগুলোতে জিনিস আসে না। কলকাতায় নাকি ৩৬ হাজার মেট্রিক টন পামোলিন তেল আনা হয়েছিল তেলের অভাব মেটানোর জন্য। কিন্তু কোনও রেশন দোকানেই পামোলিন তেল পাওয়া যাচ্ছে না। অথচ বাজারে পামোলিন তেল বিক্রি হচ্ছে। কিন্তু পামোলিন তেল বাজারে বিক্রি হওয়ার কথা নয়। রেশন দোকানের জন্য আনা জিনিসগুলো রাস্তায় নামানো হচ্ছে। রেশন দোকানের জন্য যে জিনিসগুলো ফুড কর্পোরেশনের গো-ডাউন থেকে আনা হয় সেগুলো রেশন দোকানে যাওয়ার আগেই বাজারে ব্যবসায়ীদের গুদামে গুদাম-জাত করা হচ্ছে। সেই জিনিসগুলোকে ব্যবসায়ীরা খোলা বাজারে আকাশ ছোঁয়া দামে বিক্রি করছে। যখন জিনিসপত্রের দাম নাগালের বাইরে চলে যাচ্ছে তখন সরকার চেষ্টা করবেন যাতে নূন্যতম দামে নিত্যপ্রয়োজনীয় জিনিসগুলো রেশন দোকান থেকে সরবরাহ করা হয় কিন্তু রেশন দোকানে কোনও জিনিসই পাওয়া যাচ্ছে না। খোদ কলকাতা শহরেই রেশন দোকানের জিনিস বাজারে বিক্রি হচ্ছে, তাহলে গ্রামবাংলার অবস্থা আরও খারাপ। মাননীয় চেয়ারম্যান মহোদয়, খাদ্য দপ্তরের অপদার্থতা, দুর্নীতি নিয়ে আমরা বার বার বলেছি। অবিলম্বে যাতে কলকাতার রেশন দোকানগুলো থেকে নিত্যপ্রয়োজনীয় জিনিস কনজিউমারদের কাছে পৌঁছায় তার ব্যবস্থা করুন।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমাদের রাজ্যে বিধানসভা ও পঞ্চায়েত নির্বাচন অনেক আগেই শেষ হয়েছে। কিন্তু তৃণমূল কংগ্রেসের যে সন্ত্রাস সেই সন্ত্রাস অব্যাহত আছে। সেটা শেষ হয় নি। পাঁশকুড়ার মুরলীচক, নরই, জগন্নাথচক এই ৩টি গ্রামে তৃণমূল কংগ্রেসের সমাজবিরোধী, দুস্কৃতীরা পঞ্চায়েত নির্বাচনের পর থেকে দফায় দফায় হামলা চালিয়েছে। এবং এই হামলায়, এই দাঙ্গা হাঙ্গামায় মুড়ি মুড়কির মতন বোমা পড়েছে, বন্দুক ব্যবহার করা হয়েছে এবং একটি দোতলা পাকা বাড়িসহ ৮৮টি বাড়িকে একেবারে ধুলোয় মিশিয়ে দেওয়া হয়েছে। আজকে শত শত মানুষ ঘর ছাড়া অবস্থাতে রয়েছে। খুবই দুঃখ কষ্টের মধ্যে তাদেরকে অন্যত্র দিন কাটাতে হচ্ছে। সেখানে লুঠতরাজ সাংঘাতিকভাবে হয়েছে. হাঁস, মুরগী, ছাগল, কাঁথা, লেপ, বাসন, এমনকি বই-পত্র পর্যন্ত তুলে নিয়ে চলে

গেছে। ধান চাল নিয়ে গেছে, ঘরে আগুন লাগিয়ে দিয়েছে। এই যে তান্ডব এই তান্ডব আমি আমার ৫০ বছরের রাজনৈতিক জীবনে কোনওদিন লক্ষ্য করিনি। আপনারা ঠিকই বলেছেন পুলিশ কি করছিল? পুলিশ ক্যাম্পে আগে ছিল, মাঝে কয়েকদিন ছিল না, আবার পুলিশ ক্যাম্প হয়েছে, কিন্তু তাতে কাজের কাজ কিছু হচ্ছে না। প্রশাসনিকস্তরে অনেক ভাল ভাল সিদ্ধান্ত হয়েছে, কিন্তু সেই সিদ্ধান্ত আদৌ কার্যকর হয়নি। এক-আধটা নয়, ২৪/২৫টি কেস এই সমস্ত দুস্কৃতকারিদের বিরুদ্ধে দায়ের করা হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত একজন পান্ডাকেও গ্রেপ্তার করা হয়নি। এরজন্য আমি বিস্মিত এবং শুধু আমি নয়, ঐ এলাকার হাজার-হাজার মানুষ এই আচরণে বিস্মিত। সেইজন্য এই অভিযোগ এইজন্য আসে যে, পুলিশ প্রশাসনের একাংশের সঙ্গে এই সমস্ত দুস্কৃতকারীদের যোগ-সাজস আছে। আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এইসব দুস্কৃতকারীদের যারা পান্ডা তাদের যেন গ্রেপ্তার করা হয় এবং তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হয়। ধন্যবাদ।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী মোর্সালীন মোল্লা ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের পি.ডব্লু.ডি এবং সি.এম.ডি. এর মাননীয় মন্ত্রিমহোদয় এর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দক্ষিন ২৪ পরগনা জেলায় সিংহদুয়ার বজবজ রোড, এই রোডে ৩টি কলেজ আছে, ৫টি বৃহৎ শিল্প আছে, তেল কোম্পানি আছে, জুট ইন্ডাস্ট্রি আছে, বাটার মতন কারখানা আছে, ১৫৭টি মাঝারি শিল্প আছে, ৭টি বাস রুট চলাচল করে এবং সর্বোপরি ক্যালকাটা পোর্ট ট্রাস্ট। দীর্ঘদিন ধরে এই রাস্তাটি অবর্ণনীয় অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে। ২ কিলোমিটার রাস্তা চলতে গেলে ২ ঘন্টা সময় লাগে। এই সময়ের মধ্যে দেড় কিলোমিটার রাস্তার মালিকানা স্বত্ব বর্তায় পোর্ট ট্রাস্টের অধীনে। পি.ডব্লু.ডি. এবং সি.এম.ডি.এ. অবশ্য কিছু কাজ শুরু করেছে। কিন্তু কাজ শুরু হলেও দেড় কিলোমিটার রাস্তা যেটা পোর্ট ট্রাস্টের অধীনে রয়েছে সেই পোর্ট ট্রাস্ট কর্তৃপক্ষ এ ব্যাপারে একেবারেই ঘুমিয়ে আছে, কোনও কাজ করছে না। কোনও বাস, কোনও লরি বা কোনও ট্যাংকার সঠিকভাবে চলতে পারছে না, ৫ মিনিট চলতে চলতে প্রতি দিনই ২/৩টি যান রাস্তায় বসে পড়ছে তাদের চাকা ভাঙ্গার জন্য। আমি তাই মাননীয় পি.ডব্লু.ডি. এবং সি.এম.ডি.-এর মাননীয় মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি, কলকাতা পোর্ট ট্রাস্টের চেয়ারম্যানকে এই বিষয়ে সচেতন করা হোক, কারণ সমগ্র

ডক এলাকার যে যান-বাহন সেগুলি এই রাস্তা দিয়েই চলে এবং এরজন্য তারাই দায়ী। তারা যদি সারানোর ব্যবস্থা না করেন তাহলে যানবাহন পরিকাঠামো সম্পূর্ন ভেঙ্গে পড়বে। আর সি.এম.ডি. এর জল রাস্তার তলা দিয়ে গেছে। এইভাবে রাস্তা ভেঙ্গে যাওয়ার জন্য সি.এম.ডি.এ. এবং পি.ডব্লু.ডি. কিছু কাজ করেছেন। কিন্তু খুবই ব্যস্ত রাস্তা, প্রতি ঘন্টায় ৪০০ থেকে সাড়ে ৪০০ যান চলাচল করে। সেইজন্য সি.এম.ডি.এ. এবং পি.ডব্লু.ডি. যে রাস্তা সারাইয়ের কাজ করছেন সেই কাজ রাত্রিবেলা করলে ভাল হয়।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, স্যার, আমার জামালপুর বিধানসভা কেন্দ্রে কোনও কলেজ নেই। যদিও রাজ্যসরকারের প্রস্তাব আছে যে ব্লক ভিত্তিক কলেজ করার, কিন্তু এখানে নেই। আমার কেন্দ্রে তফসিল জাতি, উপজাতির মানুষের সংখ্যা বেশি। কলেজে পড়তে যেতে তাদের খুব অসুবিধা হয়। সেখানে যোগাযোগ ব্যবস্থা খুবই খারাপ। তাই স্যার, তফসিল জাতি, উপজাতি এবং সাধারণ ছাত্রদের জন্য জামালপুরে একটি কলেজ করার জন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী দিলীপ দাস ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি হাউসের সকলের এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যদিও স্যার, বিষয়টি মাননীয় সদস্য সঞ্জয় বক্সী এর আগেই তুলেছেন তবুও আমি একটু বিস্তারিতভাবে বিষয়টি তুলতে চাই। স্যার, আপনাদের নিশ্চয় মনে আছে যে গত ৮ই জানুয়ারি কোলকাতার বুকে, উল্টোডাঙ্গাতে কৌশিক নামে একটি বাচ্ছা ছেলে তার মার হাত ধরে যেতে যেতে ম্যানহোলের মধ্যে পড়ে গিয়ে মারা যায়। সেদিন সারা বাংলায় এই ঘটনা নিয়ে তোলপাড় হয়েছিল। স্যার, গত ১৯শে ডিসেম্বর ঠিক একইভাবে একটি বাচ্ছা ছেলে পার্কের ভেতরে ক্রিকেট খেলার সময় জলাধারের গর্তে পড়ে গিয়ে মারা গেছে। স্যার, এই ছেলেটির মা, বাবা কিছুদিন আগে স্টোভ ফেটে মারা গিয়েছে। এই ছেলেটি - অজয় সিং সে ছিল বংশের একমাত্র প্রদীপ সেও এই ভাবে মারা গেল। বিরোধীপক্ষের অনেক মাননীয় সদস্যকেই দেখেছি এই বিষয়টি নিয়ে সোচ্চার হতে কিন্তু অবাক হয়ে দেখলাম সরকারপক্ষের কেউ এই প্রসঙ্গটি তুললেন না, বরং তারা এখানে বসে মজা লুঠছেন। আমি তাদের জিজ্ঞাসা করি, জ্যোতি বসুর ছেলে চন্দন বসুর মেয়ে যদি এইভাবে ম্যানহোলের ভেতরে পড়ে গিয়ে মারা যেত তাহলে কি হত?

(গোলমাল)

ওদের জিজ্ঞাসা করছি, তাহলে কি হত ? এর জন্য দায়ী কে? স্যার, গত ৮ই জানুয়ারি কৌশিকের মৃত্যুর কারণ যদি ঠিকমতন তদন্ত হয়ে দোষীদের উপযুক্ত এবং দৃষ্টান্তমূলক শাস্তি হত তাহলে আমি মনে করি অজয় সিংকে এইভাবে মৃত্যু বরণ করতে হত না।

(গোলমাল)

আমি এরজন্য কোলকাতা কর্পোরেশনের মেয়র প্রশান্ত চ্যাটার্জির পদত্যাগ দাবি করছি।

**শ্রী অধীর চৌধুরী ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিশ্ববরেণ্য অর্থনীতিবিদ, নোবেল বিজয়ী ডঃ অমর্ত্য সেন তার শান্তিনিকেতনের বাড়িতে যাবার সময় যাতে তারজন্য একটি সেলুনকারের ব্যবস্থা করা যায় তার জন্য রাজ্যসরকার চেষ্টা করেছিলেন। কিন্তু এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের রেল দপ্তর এবং রেল দপ্তরের যিনি রাষ্ট্রমন্ত্রী তার গড়িমসি দেখে আমরা হতাশ হয়েছি। স্যার, ডঃ অমর্ত্য সেন শুধু বাংলা বা ভারতবর্ষের বা তৃতীয় বিশ্বের অর্থনীতিবিদ নন, তিনি সমগ্র বিশ্বের অর্থনীতিবিদ। রেল দপ্তরের এই ব্যবহারকে আমি ডঃ অমর্ত্য সেনের প্রতি অবমাননা হিসাবেই চিহ্নিত করতে চাই। রেল দপ্তরের এই অনিহা এবং উদাসীনতার বিরুদ্ধে এই হাউস থেকে যাতে একটি নিন্দা প্রস্তাব নেওয়া হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

[1-40 — 2-30 p.m. including adjournment]

**শ্রী নিরোদ রায়চৌধুরী ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্য এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯.১২.৯৮ তারিখ যুবকংগ্রেস এবং তৃণমূল কংগ্রেসের নেতৃত্বে হাবড়া জেনারেল হাসপাতালে হামলা চালানো হয় এবং প্রায় ২ ঘন্টা ধরে এই হামলা চলে। এতে ডাক্তাররা লাঞ্ছিত হন, মেডিকেল অফিসারদের চেয়ার থেকে ফেলে দেওয়া হয়, এক বোতল কালি তাদের মাথায় ঢেলে দেওয়া হয়। বিভিন্ন চেয়ার, টেবিল, বেঞ্চ, কাচের জানালা ভেঙ্গে দেওয়া হয়। একটা টাইপ রাইটার মেসিন, জেরক্স মেসিন ভেঙ্গে দেওয়া হয়। নার্স যারা এগুলি ঠেকাতে যান তারা লাঞ্ছিত হন, যারা রুগি বিছানায়

শুয়ে ছিলেন তারাও লাঞ্ছিত হয়, মার খায়। এই অত্যাচার ২ ঘন্টা ধরে চলে। ওখানকার সুপার তিনি সি.এম.ও.এইচ., ডি.এম., মাননীয় মন্ত্রীকে জানিয়েছেন এবং আমাকে একটা চিঠি দিয়েছেন। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে সেই চিঠি দিতে চাই এবং যারা এই কাজ করেছেন তাদের শাস্তির দাবি জানাচ্ছি। সুপারের অপরাধ হচ্ছে, হাসপাতোলের মধ্যে কিছু দুস্কৃতকারী মদ খাচ্ছে, গাঁজা খাচ্ছে, তার প্রদিবাদে তিনি সেটা থানায় জানিয়েছিলেন, সেজন্য এই দুস্কৃতকারীরা হাসপাতাল ভাঙ্গচুর করেছে। সেখানে হাসপাতাল বলে আর কিছু নেই। তারা সব .ভেঙ্গে দিয়েছে। আমি এই দুস্কৃতকারীদের অবিলম্বে যাতে গ্রেপ্তার করা হয় সেই দাবি জানাচ্ছি।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, গতকাল গভীর রাত্রে কাশীপুর বিধানসভা কেন্দ্রের চিৎপুর থানার চ্যাটার্জি স্ট্রিটে সুরজ জুট প্রেস কম্পাউন্ডে এক ভয়াবহ অগ্নিকান্ড ঘটে। সেই আগুন আজ সকাল পর্যন্ত নেভেনি। দমকল বাহিনীর কর্মীরা চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এই অগ্নিকান্ডের ফলে কোটি কোটি টাকার ক্ষতি হয়েছে। শুধু কম্পাউন্ডের ভিতরে কারখানাই নয়, তার বাহিরে যে সমস্ত বস্তি আছে সেই বস্তিরও অনেক ক্ষতি হয়েছে। ঐ সব গরিব মানুষ, সাধারণ মানুয এবং এলাকার মানুযের বক্তব্য হচ্ছে, এই যে গভীর রাত্রে অগ্নিকান্ড ঘটেছে, এর পিছনে কোনও দুরভিসন্ধি আছে। কাজেই আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে এই অগ্নিকান্ডের তদন্ত করা হোক, পৌরমন্ত্রী ঘটনাস্থল পরিদর্শন করুন এবং এই যে কোটি কোটি টাকার ক্ষতি হয়েছে, ছোট ছোট কলকারখানার মালিক যারা ক্ষতিগ্রস্থ হয়েছেন এবং যারা উদ্বাস্তু, যাদের ঘরগুলি বিনষ্ট হয়েছে, জিনিসপত্র বিনষ্ট হয়েছে তাদের অবিলম্বে সরকার থেকে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করুন, এই দাবি আমি রাখছি।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় চেয়ারপার্সন, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে জানাতে চাই। স্যার, বিগত বন্যায় মালদা জেলায় যে ভয়াবহ অবস্থা হয়েছিল, তারপরে আমরা আশা করেছিলাম যে, মালদা জেলার বন্যা প্রতিরোধের জন্য সরকার যুদ্ধকালীন ব্যবস্থা নেবেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে, এখনও পর্যন্ত মালদা জেলায় এমব্যাঙ্কমেন্ট করার জন্য কোনও রকম ল্যান্ড অ্যাকুইজিশন করা বা নোটিস সার্ভ করা হয়নি। আমি আপনার মাধ্যমে একথা জানাতে চাই যে, যে প্ল্যান তারা তৈরি করেছেন, সেই প্ল্যানের জন্য ৩ লক্ষ কিউবিক স্কোয়ার মিটার তারা বোল্ডার পিচিং করবেন। অর্থাৎ দেড় কোটি বোল্ডার

লাগবে বর্তমান রাজ্য সরকারের যে মেসিনারি এবং এখানকার রাজ্যের যে ক্যাপাসিটি তাতে এক লক্ষ বোল্ডার সাপ্লাই দেবার মতো ক্ষমতা তাদের নেই। আমি এর আগেও এই বিষয়ে মেনশন করেছি এবং আবার করছি যে, মাননীয় মন্ত্রীরা বন্যার সময় পরিদর্শনে যান এবং গিয়ে বড় বড় কথা বলেন, সেখানে মানুষদের ভোল দেবার ব্যবস্থা করেন, কিন্তু কাজ করবার সময় এলে তারা হাত-পা গুঁটিয়ে বসে থাকেন। বিগত বন্যায় মালদা জেলায় ১,২০০ কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়। আজকে সেই জেলায় যদি ৩০-৩৫ কোটি টাকা খরচ করে বাঁধ নির্মান করে ব্যাঙ্ক প্রটেকশন করা না হয়, সেখানে যদি চারটি স্পার তৈরি করা না হয়, তাহলে মালদা জেলার অর্ধেক মাটি গঙ্গায় তলিয়ে যাবে।

আপনার মাধ্যমে আর একটি কথা বলে শেষ করছি। এখানে হাউসে অনেক টেকনিক্যাল নোহাউ জানা মানুষ আছেন। গঙ্গার ভাঙ্গনে একে একে জমি চলে যাচ্ছে। এরজন্য সত্বর ব্যবস্থা নেওয়া দরকার। এই বলে শেষ করছি।

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত বর্ষা এবং বন্যায় আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জে ৩৪নং জাতীয় সড়কে দেবগ্রাম থেকে কালিগঞ্জ, দেবগ্রাম থেকে মাটিয়ারা, দেবগ্রাম থেকে বল্লভপুর, দেবগ্রাম থেকে তেহট্ট এবং দেবগ্রাম থেকে পলাশিপাড়া, এইসব রাস্তায় যাতায়াত ব্যবস্থা পর্যদস্থ। প্রতিদিন মানুষজনকে ঐসব রাস্তা দিয়ে বাস, মেটাডোর, লরিতে করে কর্মক্ষেত্রে যাতায়াত করতে হয়, কিন্তু রাস্তাগুলির অবস্থা অত্যন্ত খারাপ হওয়ায় তাদের অত্যন্ত অসুবিধার মধ্যে পড়তে হয়। তার জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে রাস্তাগুলির মেরামত করা হোক।

(At this stage the House was adjourned till 2.30 p.m.)

**After recess**

[2-30 — 2-40 p.m.]

## LEGISLATION

### The Wakf (West Bengal) Bill, 1998

**Shri Md. Amin :** Sir, I beg to introduce the Wakf (West Bengal Amendment) Bill, 1998.

(Secretary then read the Title of the Bill)

**Shri Md. Amin :** Sir, I beg to move that the Wakf (West Bengal) Bill, 1998 be taken into consideration. মাননীয় চেয়ারম্যান স্যার, আমি এখন একটু বলে দিচ্ছি। স্যার, এই সংশোধনী আজকে কেন আনছি সেটা আমি বলে দিচ্ছি। এই সম্পর্কে মাননীয় সদস্যদের মনে থাকতে পারে ১৯৯৫ সালে সেন্ট্রাল ওয়াকফ অ্যাক্ট পাশ হয়েছিল। তাতে ওয়াকফ সম্পত্তি যদি কেউ জবরদখল করে নেয় তাকে সরিয়ে দেওয়ার প্রভিশন আছে। কিন্তু এই অন্যায় কাজে শাস্তি বিধানের কোনও ব্যবস্থা নেই। গত বছর আমরা সংশোধনী এনেছিলাম, এখানে সেকশান ৫৫(এ) ইনট্রোডিউস করে এই কথা বলা হয়েছিল, এই রকম যদি কেউ করে, ওয়াকফ সম্পত্তি অন্যায় ভাবে রাখে তাহলে তার ২ বছর জেল হতে পারে অথবা ৫ হাজার টাকা জরিমানা হতে পারে। এটাকে আমরা কগ্‌নিজেবেল অফেন্স বলে মনে করব। এটা এই হাউসে আলোচনা করে পাশ হয়েছিল। এটার রাষ্ট্রপতির অনুমোদন পাওয়া গিয়েছে এবং এই বছরের জুলাই মাস থেকে বলবৎ হয়েছে। পশ্চিমবাংলায় এই রকম একটা আইন আমরা করেছিলাম। আমাদের এখন মনে হয়েছে জেল অথবা জরিমানা, এই অথবা থাকলে তাতে একটা দুর্বলতা থেকে যাবে, কোর্টের ডিসিশনের উপর চলে যাবে। যারা এই রকম অন্যায় করে তাদের কাছে দু-পাঁচ-দশ হাজার টাকা কিছু নয়। কোর্টে এই টাকা দিয়ে তারা ছাড় পেয়ে যাবে; সেই জন্য অথবাটা রাখতে চাই না। ২ বছর পর্যন্ত জেল হবে এটা রাখতে চাই। এতে যারা অন্যায় কাজ করে তাদের মনে একটা ভয় হবে যে জেলে যেতে হবে। আর একটা সংশোধনী আছে, কোর্ট যে ওয়ারেন্ট ইস্যু কবে সেটা নন-বেলেবেল হবে, বেলেবেল হবে না। পুলিশ ধরবে এটা যদি প্রচার হয়ে যায় তাহলে এই রকম মনোভাব থেকে, ওয়াকফ সম্পত্তি জবরদখল করার থেকে বিরত থাকবে। এই হল এই সংশোধনীর উদ্দেশ্য। আশা করি হাউসের সকল সদস্য এই সংশোধনীকে মেনে নেবেন। রাজ্য সরকার ওয়াকফ সম্পত্তি রক্ষা করতে চায়। এটা আমাদের সিনসিয়ার এফরট্, এটা এইভাবেই দেখা উচিত এবং এই আমার কথা, এরপরে আলোচনা করার দরকার হলে তখন আলোচনা করতে পারি।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী যে ওয়াকফ (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৮ হাউসে এনেছেন তার বিরোধিতা করে বলছি যে, এর আগেও এইরকম একটা বিল এসেছিল, তার উপরে উনি এই অ্যামেন্ডমেন্ট চেয়েছিলেন। স্যার, এখন ওঁনার ঘুম ভেঙ্গেছে যে ওয়াকফ প্রপার্টি যারা এনক্রোচ করেছে বা জোর করে দখল করেছে বা কব্জা করেছে তার বিরুদ্ধে

উনি কঠোর ব্যবস্থা নেবেন। জেল বা জরিমানা হবে। স্যার, আপনি জানেন যে, দু বছর আগে এই হাউসে পি.কে.সেনগুপ্তের রিপোর্ট নিয়ে আলোচনা হয়েছিল তাতে আমাদের দাবি ছিল যে, ওয়াকফ সম্পত্তি লুঠ হয়েছে, চুরি হয়েছে বা নয়ছয় করা হয়েছে তার সম্বন্ধে সি.বি.আই. তদন্ত করা হোক। সি.বি.আই. এনকোয়ারির দাবি আমাদের ছিল। এবং এই দাবি অপোজিশন হাউসের সামনে রেখেছিলেন। মুখ্যমন্ত্রী তাতে সি.বি.আই. এনকোয়ারি না করে একজন সিটিং জাজকে বসিয়েছেন। উনি ১২ বছর ধরে ওয়াকফ কমিশন অব এনকোয়ারির অ্যাক্ট এর নামে কতগুলো কথা শুনছেন। আমরা সেখানে আমাদের তথ্যগুলো দিয়েছি। দু বছর হয়ে গেল এখনো বাংলার মানুষ জানতে পারেনি যে, কাদের কলকাতার আশেপাশে ১৬০টি খাণা প্রপার্টি লিজ দিয়েছে। ওই বোর্ডের সেই সময়ে তৎকালীন চেয়ারম্যান থেকে আরম্ভ করে মেম্বার পর্যন্ত যাদের উপরে আশীর্বাদ ছিল আজ পর্যন্ত জাসটিস বিচারপতি ভট্টাচার্য্য মশাই তাদেরকে সামনে আনতে পারেন নি। তাদেরকে সমন করা হচ্ছে, নোটিস দেওয়া হচ্ছে, তারা কমিশনে যাচ্ছে না। তাই আজকে ১৬০ খানা প্রপার্টি, যেটা পি.কে.সেনগুপ্তের রিপোর্টে উল্লেখ করা হয়েছে, সেই প্রপার্টি সম্পর্কে মাননীয় মন্ত্রী কি চিন্তা করেছেন সেটা হাউসে জানাবেন। আজকে ১৬০ খানা প্রপার্টির ভ্যালু হচ্ছে ১ হাজার কোটি টাকা। সেই টাকা বাংলার যারা গরিব মুসলমান, বিধবা, অনাথ তাদের জন্য খরচ করা উচিত ছিল এবং তাদের জন্যই ওয়াকফ সৃষ্টি করা হয়েছিল। তার টাকা কিছু কিছু কমরেড ভাইরা, লিডাররা ভোগ করছেন আর আপনি আজকে এই বিলটি এনেছেন যে, দু বছরের সাজা হবে, ৫ বছরে ৫ হাজার টাকার ফাইন হবে। এটা শুধু আই ওয়াশ এবং ধাপ্পাবাজি ছাড়া আর কিছু নয়। সম্পত্তিগুলো যেগুলো ওয়াকফ বোর্ড তথাকালে লিজ দিয়েছেন, রেজিস্ট্রি করিয়ে দিয়েছেন সেই সম্পর্কে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করছি যে, সেই প্রপার্টিগুলো আবার কি করে ওয়াকফ বোর্ডে ফিরিয়ে আনা যায় সেই সম্পর্কে হাউসকে বলুন। সেখানে এই কথাটাই আমরা শুনতে চেয়েছিলাম যে মাননীয় মন্ত্রী একটা বিল আনবেন যে, ১৬০ খানা প্রপার্টি যেটা বড় পুঁজিপতিদের হাতে চলে গেছে গরিব মুসলমানদের হাত থেকে নিয়ে, সেই প্রপার্টিগুলো আবার ওয়াকফ বোর্ডে ফিরিয়ে নিয়ে আসবেন। আজকে যারা ওয়াকফ বোর্ডের এনক্রোচ করবে, বা একটা রুম দখল করবে বা একটা ঘর দখল করবে তার সম্পর্কে ব্যবস্থা নেওয়া হবে। এটা শুধু বাংলার মানুষকে ভাঁওতা দেবার জন্যে এই বিলটি এনেছেন যে না, আমরা সাজা দেব। ওয়াকফ বোর্ডের সম্পত্তি যারা চুরি করেছে, নয়ছয় করেছে তাদের সম্পর্কে উনি

কি করছেন সেটা হাউসে বলুন। আজকে বোর্ড নতুন গঠন হয়েছে, সেই অনুযায়ী আমি মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, আমাকে ওয়াকফ বোর্ডের মেম্বার করে বিধানসভা থেকে পাঠানো হয়েছে। ওয়াকফ বোর্ডে আজ পর্যন্ত কোনও রুলস্ রেগুলেশনস করা হয় নি। ওয়াকফ বোর্ডের মন্ত্রী মাইনরিটি ওয়েলফেয়ারের মন্ত্রী, উনিই ওয়াকফের বাজেট দেখেন, ওয়াকফ বোর্ডের ইনকাম বন্ধ হয়েছে, লিজ দেওয়া বন্ধ হয়েছে। গভর্নমেন্ট থেকে ফাইনান্স মিনিস্টার এখানে বসে আছেন, তাঁকেও জিজ্ঞাসা করি যে, ওয়াকফ বোর্ডের কর্মচারী অন্য দপ্তরের কর্মচারীদের সমান মাইনে পায় নি। আজ পর্যন্ত তারা সেই সমহারে অন্য দপ্তরের কর্মচারিদের সমান বেতন পাচ্ছে না। এই ব্যাপারে মহাশয় কি চেষ্টা করছেন সেটা বলুন। তারপরে মাইনরিটি ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের অধীনে উর্দু অ্যাকাডেমি দপ্তর আছে আগামী মার্চ মাসের বাজেটে আমরা দেখতে চাই এই ডিপার্টমেন্ট বাজেটে কত টাকা পেয়েছে। এই ডিপার্টমেন্টগুলো পশ্চিমবঙ্গ সরকার থেকে কত টাকা পাচ্ছে? সেই টাকাগুলো সেই সেই ডিপার্টমেন্টে খরচ করা হবে। উর্দু অ্যাকাডেমি আজকের আলোচনার বিষয় নয়। উর্দু অ্যাকাডেমির কর্মচারিরা মাসের পর মাস মাইনে পায় না। ওয়াকফ বোর্ডের যে কারচুপি, যে দুর্নীতি, গভর্নমেন্ট যদি সিনসিয়ার হোত, মন্ত্রিমহাশয় যদি সিনসিয়ার হতেন, তাহলে আগে যে ১৬০টি প্রপার্টি চুরি হয়েছে, যাদের লিজ দেওয়া হয়েছে, যাদের বিক্রি করা হয়েছে - শ'ওয়ালেসের মতো কোম্পানি এখানে ৩০ হাজার টাকা ভাড়ায় ১ লক্ষ ১০ হাজার স্কোয়ার ফিট জায়গায় বসে আছেন মন্ত্রিমহাশয় সেই রিপোর্টগুলো এই হাউসে প্লেস করুন। ওয়াকফ বোর্ডের যে দলিলগুলো করা হয়েছে, সেগুলো রিজেকট করা হবে? আমাদের রিসোর্স কম। আমরা ওয়াকফ বোর্ড থেকে কম ভাড়া পাই। আমরা মন্ত্রিমহাশয়কে বলেছিলাম, প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট যেটি আসছে, যেটি বিধানসভায় পাশ হয়েছে, ওয়াকফ বোর্ড থেকে সেটিকে আলাদা করা দরকার। কোর্টের ইনজাংশন নিয়ে ওয়াকফ সম্পত্তি যারা কেনে, যারা ভাড়া আছে, তারা ভাড়া দিতে চায় না। এই বিল যেটি এনেছেন সেটি আই ওয়াশ ছাড়া আর কিছু নয়। আপনি পাঁচ হাজার টাকা, দু'হাজার টাকা ফাইন করবেন বলে যা বলেছেন, এটা বাংলার মানুষকে ভাঁওতা দেওয়া ছাড়া আর কিছু নয়। ১৬০টি প্রপার্টি যা ওয়াকফ প্রপার্টি থেকে বেরিয়ে গেছে, যে প্রপার্টিগুলো মুসলমান ভাইদের হাতে ছিল, ওয়াকফ ডিডে যা লেখা আছে, সেই প্রপার্টি থেকে যে ইনকাম হবে বা প্রফিট হবে, তা দিয়ে গরিব ভাই বোনদের দেখা হবে এবং স্কুল, মাদ্রাসা চলবে। কিন্তু আমরা দেখছি যে, পশ্চিমবাংলায় মুসলিম

অধ্যুষিত যে অঞ্চলগুলি আছে, সেখানে বেকারি রয়েছে। তাদের জন্য কোনও টেকনিক্যাল ইনস্টিটিউট করা হয়নি। তাদের জন্য কোনও কাজ বা কোনও টেকনিকাল স্কুল করা হবে এই ওয়াকফ বোর্ডের ইনকাম থেকে, সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় কিছু বলেন নি। রুলস অ্যান্ড রেগুলেশনস্ করে তিনি বসে আছেন। ওয়াকফ বোর্ডকে ঠুঁঠো জগন্নাথ করে বসিয়ে দেওয়া হয়েছে। মন্ত্রী চান রাইটার্স বিল্ডিংস্ থেকে তিনি ওয়াকফ বোর্ডের কলকাঠি নাড়াবেন। যারা ওয়াকফ বোর্ডের সম্পত্তি চুরি করেছে, যারা ওয়াকফ সম্পত্তি বিক্রি করেছে তাদের সম্পত্তি সিল করে দেওয়া হবে, এই রকম কোনও কথা এই বিলের মধ্যে নেই। এই যে বিল আপনি এনেছেন, এই বিল এনে সি.আর.পি.সি. ধারার জন্য কি করেছেন? আজকে আমাদের দেশের আইন সিভিল প্রসিডিওর কোড ক্রিমিন্যাল প্রসিডিওর কোড অনুযায়ী চলছে। আজকে এই যে বিল আপনি এনেছেন, এই বিলের সি.আর.পি.সি.তে যদি কিছু না করা যায় তাহলে কাউকে সাজা দিতে পারবেন না। কাউকে জরিমানা ধার্য করতে পারবেন না। এই বিলটি হচ্ছে একটা আই ওয়াশ। এই বিল করে লাভ কি? আগামী দিনে ওয়াকফে যারা দুর্নীতি করেছে, এক হাজার কোটি টাকা যারা চুরি করেছে, সেই সমস্ত অপরাধীদের সম্পর্কে এখানকার মানুষরা বলেছেন কোনও কথা বলা হয়নি। তাদের সম্বন্ধে এই বিচারপতি ভট্টাচার্য্যকে দিয়ে হবে না। আমি আজকে হাউসে এই দাবি করছি, এটা সি.বি.আইকে দিয়ে এনকোয়ারি করানো হোক। সি.বি.আই-এর হাতে কেস দিয়ে তাদের দিয়ে তদন্ত কার হোক। তাহলে এই চোর বদমায়েশগুলোর নাম সামনে আসবে, তারা সাজা পাবে। বাংলার মানুষ এটা চায়।

**শ্রী মহম্মদ আমিন ঃ** অপোজিশন দলের মাননীয় সদস্য সুলতান আহমেদ সাহেব যা বললেন, তাতে এই অ্যামেন্ডমেন্টটি তিনি সমর্থন করছেন, না বিরোধিতা করছেন তা বুঝলাম না।

(ভয়েস ঃ এই বিলের বিরোধিতা আমি প্রথমেই করেছি)

আপনি বলছেন যে, আপনি বিরোধিতা করেছেন। তাহলে বিরোধিতা কেন করলেন তা বলেন নি। ওয়াকফ সম্পত্তি কেউ চুরি করলে তার সাজা হবে। এই বিলে সেই কথাই বলা আছে। আপনি যা বললেন, আমি এতক্ষণ ধরে তা চুপ করে শুনেছি। আপনাদের বলার সময় তো আমি বাধা দিইনি। (গোলমাল) তার মানে যারা জবরদখল করছেন তাদের সমর্থন করছেন। দুই বছর আগে কিছু অভিযোগ এসেছিল তার তদন্ত হচ্ছে। তদন্তর রিপোর্ট পাওয়ার আগে কি করে

আপনারা বুঝলেন কি হয়েছে না হয়েছে আপনাদের দাবি ছিল পি.কে.সেনগুপ্তর রিপোর্ট, সেই রিপোর্ট আমরা হাউসে প্লেস করে দিয়েছি। কমিশনের কাজ শেষ না হওয়া পর্যন্ত কিছু বোঝা যাচ্ছে না। কি হয়েছে না হয়েছে সেটা বোঝা যাচ্ছে না। সেই রিপোর্ট আসুক তার পরে আমরা আলোচনা করে দেখব। এটা ভুলবেন না, আপনাদের পার্টি জবরদখল করে পার্টি অফিস খুলছে। এটা ভুলে যাবেন না। ৩৩ নম্বর সেক্সপিয়ার সরনিতে যে সাইন বোর্ড সেটা সরাতে হল আপনাদের। আমার কাছে হাইকোর্টের জাজমেন্ট রয়েছে বেশি চেঁচামেচি করবেন না। কোনও লাভ হবে না। ওয়াকফ সম্পত্তির আয় বাড়াবার জন্য রেন্ট কন্ট্রোল অ্যাক্ট থেকে একজেন্ট করার একটা প্রস্তাব সরকারের কাছে আছে, এটা ল্যান্ড অ্যান্ড ল্যান্ড ডিপার্টমেন্ট করে, এটা আমি তাদের কাছে প্রস্তাবটা পাঠিয়েছি। এটা হয়ে গেলে ওয়াকফ এর ইনকাম বাড়বে। ওয়াকফ এর সম্পত্তি রক্ষা করবার ব্যাপারে আপনাদের কাছে যে বিল এসেছে আমি আশা করব হাউস এবং পশ্চিমবাংলার মানুষ এই বিলকে সমর্থন করবে এবং তাদের সমর্থন ও সহযোগিতা নিয়ে আমরা এগিয়ে যাব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Shri Mohammad Amin that the Wakf (West Bengal Amendment) Bill, 1998 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 - 3**

The question was Clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

**PREAMBLE**

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

**Mohamman Amin :** Sir, I beg to move that the Wakf (West Bengal Amendment) Bill, 1998 as settled in the Assembly be passed.

The Motion was then put and agreed to.

## THE REGISTRATION (WEST BENGAL AMENDMENT) BILL, 1998

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the Registration (West Bengal Amendment) Bill, 1998.

.. (Secretary then read the title of the Bill) ..

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Registration (West Bengal Amendment) Bill, 1998, be taken into consideration.

[2-50 — 3-00 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আজকে দি রেজিস্ট্রেশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল ১৯৯৮, যা এখানে এসেছে, এই বিলে মৌলিকভাবে আপত্তি করার কিছু নেই। তবে এই বিল সম্পর্কে আমি দু-একটি কথা বলতে চাই। এই বিলে যে সংশোধনীর কথা বলা হয়েছে সেটা খুব একটা বড় সংশোধনী নয়। এর উদ্দেশ্য হচ্ছে টু এমপাওয়ার To empower the Registration of Assurances, Calcutta, to receive and register in Calcutta a document in the nature of mortgage bond as security against house-building advances, or in the nature of a reconveyance on repayment of the house building advances, taken by an employee of a Government, a Statutory body or a local authority without regard to the situation in any part of India, outside the State of West Bengal of the property to which such document relates. এটা মূলত রাজ্য সরকারি কর্মচারী, কিংবা স্ট্যাটিউটরি বডি, রাজ্য সরকার প্রতিষ্ঠিত কোনও সংস্থা বা লোকাল অথরিটি - পৌরসভা বা পঞ্চায়েতের কোনও কর্মী, যাদের হাউস বিল্ডিং লোন নেবার কোনও সুযোগ আছে তারা সেই জমি মর্টগেজ রেখে টাকা পান। আমাদের আগে যে আইন ছিল, তাতে এই রাজ্যের বাইরে যদি কারোর জমি থাকত - বিহার, উড়িষ্যা বা ইউ.পিতে তাহলে সেই জমি মর্টগেজ করা যেত না। গভর্নমেন্ট রি-কনভেন্স একজিকিটিভ করে এটাকে পরিবর্তন করা হচ্ছে, বিশেষ করে চতুর্থ শ্রেণীর কর্মচারী

এখানেও অনেকে আছেন, যারা এই রাজ্যের বাইরে থেকে এসেছেন। তারা যাতে হাউস বিল্ডিং লোন পান, উত্তরপ্রদেশ, উড়িষ্যা বা বিহারের কোন জমি এখানে ডকুমেন্ট হিসাবে রেখে। মর্টগেজ যিনি রাখতে পারেন, রেজিস্টার অব অ্যাসুরেন্সকে এই বাড়তি ক্ষমতাটা দেওয়া হল। যেখানেই তার জমি থাকুক না কেন, রেজিস্টার অব অ্যাসুরেন্সের কাছে সরকারি কর্মচারী, পৌরসভা বা অন্যান্য সংস্থার কর্মচারী জমা দিয়ে হাউস বিল্ডিং লোন পেতে পারবেন, এই উদ্দেশ্যই এই বিলটি আনা হয়েছে.। অন্য রাজ্যের অনেক লোক পশ্চিমবঙ্গ সরকারের চতুর্থ শ্রেণীর কর্মী হিসাবে কাজ করেন, কিন্তু এতদিন তারা হাউস বিল্ডিং লোন পেতেন না। দেরিতে হলেও এই সংশোধনিটি তিনি এনেছেন সাধারণ সরকারি কর্মচারিদের স্বার্থে, তাই এটাকে আমি সমর্থন করছি। এই সুযোগ মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটা প্রশ্ন আছে, ফোর্থ পে-কমিশন যা রেকমেন্ডশন করেছেন সরকারি কর্মচারিদের ক্ষেত্রে সেটা কতটা ইমপ্লিমেন্টেড হয়েছে, স্ট্যাটিউটারি অথরিটি যারা আছে তাদের ক্ষেত্রে কতটা ইমপ্লিমেন্টেড হয়েছে এবং পাবলিক সেকটর এমপ্লয়িদের ক্ষেত্রেই বা কতটা ইমপ্লিমেন্টেড হয়েছে। অসুবিধার যেটা, ফোর্থ পে-কমিশনের এরিয়ার এর টাকাটা বেশিরভাগ ক্ষেত্রেই প্রভিডেন্ট ফান্ডে জমা থাকে। ফলে হচ্ছে কি একটা বিশেষ দিন থেকে এটা ইমপ্লিমেন্টেড হলেও এরিয়ারের টাকাটা কর্মচারীরা হাতে পাচ্ছেন না আর পাবলিক সেকটরের ব্যাপারে নাকি কাজই শুরু হয়নি আমি খোঁজ নিয়ে জানলাম আগামী জানুয়ারি মাস থেকে সরকারি সংস্থা বা পাবলিক সেকটর কর্পোরেশনের কেসগুলো টেকআপ করবেন, তখন একটা একটা করে দেখবেন মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি জানতে চাইব, এক্ষেত্রে আপনি কতটা অগ্রসর হয়েছেন এবং বাজেটে সাড়ে ৯শ কোটি টাকা রেখেছিলেন, এবারে কতটা খরচ হবে, সরকারি কর্মচারীদের ক্ষেত্রে।

আর একটি বিষয় জিজ্ঞেস করতে চাই, প্রায়ই দেখি হাইকোর্টের কাজ বন্ধ হয়ে যাচ্ছে। ওরা নাকি চতুর্থ বেতন কমিশনে সন্তুষ্ট নয় - কারণটা কি? যেহেতু হাউসে সেদিন প্রশ্নটা করা যায়নি, সেইজন্য বললাম। সাধারণভাবে এই রাজ্য সরকার কো-অর্ডিনেশন কমিটির প্রভাবেই হোক বা অন্য কোনও কারণেই হোক, সরকারি কর্মচারীদের সুযোগ সুবিধাগুলি দেওয়ার জন্য তাদের দাবি মেটাতে চায় যাতে তাদের সংগঠন শক্তিশালী হয়। এই সুযোগ সুবিধাগুলি সরকারী কর্মচারীদের দেওয়া উচিত।

আরও বলবেন, হাউস বিল্ডিং লোন যারা নেন, তাদের কাছ থেকে কতটা ওয়ার্ক কালচার পাচ্ছেন, অফিসে তারা কতটা নিয়মিত আসছেন, ফাইল কত দ্রুত ক্লিয়ার হচ্ছে, ওয়ার্ক চার্ট কতটা হচ্ছে? এইগুলো দেখা দরকার। কারণ আমরা সব পক্ষই দাবি করি সরকারী কর্মচারীদের নায্য পাওনা দেওয়া হোক, বরং বেশিই দেওয়া হোক। যখন রাজ্য সরকার ডি.এ. ইন্সটলমেন্ট বাকি রাখেন, তখন আমরাও হৈ চৈ করি। তার বিনিময়ে এই রাজ্যের মানুষ সরকারী কর্মচারীদের কাছ থেকে কি পাচ্ছে, সেটা জানতে হবে।

এই বিলটাতে যেহেতু কোনও অসুবিধা নেই, ভালোর জন্যই আনা হয়েছে, সেইজন্য একে সমর্থন করছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় সভাপতি মহাশয়, রেজিস্ট্রেশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেনট) বিল, ১৯৯৮ - এর সমর্থনে আমি কিছু বলতে চাই। এই সুযোগে বিরোধীদলের মাননীয় সদস্য শ্রী সৌগত রায়কে ধন্যবাদ জানাই এক্ষেত্রে সহমত পোষনের জন্য। মূল বিষয়গুলো আমি খুব সংক্ষেপে বলছি। এই বিলটির উদ্দেশ্য খুব সীমিত। এর ফলে রাজ্য সরকারের স্ট্যাম্প বা রেজিস্ট্রেশন ফি জনিত রাজস্বের কোনও লাভ বা ক্ষতি হবে না। কিছু সংখ্যক সরকারী কর্মী, এবং স্থানীয় সংস্থাগুলি - পঞ্চায়েত এবং পুরসভার কর্মীদের হয়রানি কিছুটা কমবে। আপনারা অবগত আছেন, সরকারী কর্মী এবং সংশ্লিষ্ট কর্মীরা জমি কিনে বাড়ি করার জন্য গৃহ নির্মাণ ঋণ পান। সঠিকভাবেই সৌগত বাবু বলেছেন, এই কর্মিদের মধ্যে কিছু অন্য রাজ্যের অধিবাসী আছেন, যারা নিজেদের রাজ্যে জমি কেনেন এবং গৃহনির্মান ঋণ নেন। যে জমি কিনছে সেটা বাধা রাখতে হয়, মর্টগেজ ডিড করতে হয়। একই ভাবে যখন ঋণটা শোধ করে দেন, তখন রিকনভেয়ান্স ডিড ছাড়িয়ে নেন। আগে যেটা নিয়ম ছিল, ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট যেটা চালু ছিল, তাতে কলকাতা প্রেসিডেন্সি টাউন-এর একটা অসুবিধা ছিল, বম্বে, দিল্লি, মাদ্রাজের মতো শহরগুলোর সুবিধা ছিল, ভারতবর্ষের যে কোনও জায়গায় জমি কিনলে রেজিস্ট্রেশন করতে পারেন। এখন দেখছি, স্ট্যাম্প ডিউটি ফাঁকি দেওয়ার একটা প্রবণতা একাংশের মানুষের মধ্যে দেখা যাচ্ছে। আমরা দেখলাম কলকাতায় যে কোন একটা জমি কিনে, দিল্লি, বম্বে বা মাদ্রাজে আমাদের এইভাবে বলা উচিত নয় - মার্কেট ভ্যালু কম করে দেখিয়ে কিনে নিলেন। সেইজন্য আমরা ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট-এর একটা ধারা সংশোধন করি ১৩.১.১৯৯৭তে ক্লজ ৩০, সাব ক্লজ ২। সেই ধারা অনুযায়ী

অন্য রাজ্যে কিনলে এই রাজ্যে রেজিস্ট্রেশন করা যাবে না। কেন্দ্রীয় সরকারকে বলি যে, এই অংশটা তারা যেন সংশোধন করে নেন। এটা আলোচনার মধ্যেই আছে কিন্তু আমরা বিলটা এনেছি আপনাদের অনুমোদন পেয়েই। যে কর্মীরা এতদিন সুবিধা পাচ্ছিলেন, এ ঋণ অসুবিধা হয়েছে বলেই আমরা শুধু তাদের ক্ষেত্রে এই বাড়তি সুযোগ করে দেওয়ার জন্য এই সংশোধন এনেছি। কারণ এখানে কোনও কর ফাঁকি দেবার সুযোগ নেই। কারণ কনডেনসড্ অথবা রি-কনডেনসড্ কোনও স্ট্যাম্প ডিউটি দিতে হয় না। তাই শুধু হয়রানি কমবে। এরজন্য এই বিলটা এনেছি। আপনারাও সহমত পোষণ করেছেন, এটার জন্য ধন্যবাদ জানাচ্ছি। এর সঙ্গে কোনওভাবে যুক্ত নয় বা খুব সূক্ষ্মভাবে যুক্ত সরকারী কর্মী তাদের ব্যাপারে মাননীয় বিধায়ক সৌগত রায় উনি পে-কমিশনের বিচার বিষয়ের উপর করেছেন এই ব্যাপারে আগের দিনেও প্রশ্ন ছিল। আমার মনে হয় বিধানসভার নিয়ম মেনে যেটুকু বলা উচিত, সেটুকু সংক্ষেপে বলি - সরকারি কর্মী যারা, তারা সুযোগ পেতে শুরু করেছেন। অন্যান্য সংস্থা যেগুলি গভর্নমেন্ট লাইক ইনস্টিটিউশন তারাও এরমধ্যে এসে যাচ্ছে। যেমন সি.এম.ডি.এ., সি.আই.টি., এম.ডবলু.এস.এ. ইত্যাদি ওদের নাইন্টি ফাইভের যে নমিনেশন হয়েছে, প্রথম নমিনেশনের আওতায় যারা আসছেন, তাদের ক্ষেত্রে লাগু হয়ে যাচ্ছে। খুব সম্ভবত ৪০ পারসেন্ট লাগু হয়ে যাচ্ছে। এটা হচ্ছে ভল্যুম ওয়ানের পার্ট ওয়ানের সুপারিশ দিয়েছেন। ভল্যুম ওয়ান এর পার্ট টু আছে। অ্যাকাউন্টবিলিটির প্রশ্নগুলির সম্বন্ধে চিন্তাভাবনা শুরু করেছে অপেক্ষা করে আছি - কখন জমা দেবে। আমার কাছে খবর আছে এই অংশটা লাগু হয়ে গেছে। ভল্যুম ওয়ানের পার্ট টুর সম্বন্ধে এর বেশি বলা উচিত নয় জানুয়ারি মাসের মধ্যে রিপোর্ট পেয়ে যাব। এখান থেকে ভল্যুম টু যেখানে আন্ডারটেকিংগুলি আছে, ওদের হয়ে বলা এখন উচিত নয়, আমরা আশা করছি - আগামী ৬ মাসের মধ্যে কার্যকর করে দিতে পারব বাকি অংশটা। আর হাইকোর্টের কর্মী যারা আছে, আপনি লক্ষ্য করবেন যে, এই রাজ্য বেতন কমিশনের বিচার্য বিষয়ের মধ্যে আগের বেতন কমিশনের বিচার্য বিষয় যে ছিল, হাইকোর্টের কর্মীরা এরমধ্যে আছেন। হায়ার জুডিসিয়াল সার্ভিসে যারা আছেন, তারা এতে নেই, কিন্তু কর্মীরা থাকবেন। তারসঙ্গে এখানে পে-কমিশনের রিভিসন অব পে অ্যালাউন্সের ভিত্তিতে রোপা হয়েছে, সেটার সুযোগ হাইকোর্টের কর্মিরা পেতে পারে। আবার একটা কমিটি হয়েছে, তার থেকে বাড়তি সুযোগের কথা বলেছেন। সেটা রাজ্য সরকারের আইন এবং বিচার দপ্তরের মাধ্যমে হাইকোর্টে আলোচনা স্তরেই আছে - এটুকুই বলতে পারি এবং এই বলেই শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

The Motion of Dr. Asim Kumar Dasgupta that the Registration (West Bengal Amendment) Bill 1998 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 3 & Preamble**

The question that Clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Registration (West Bengal Amendment) Bill, 1998 as settled in the Assembly be passed.

The Motion was then put and agreed to.

**The West Bengal Taxation Laws (Second Amendment) and Repealing Bill, 1998**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg leave to introduce the West Bengal Taxation Laws (Second Amendment) and Repealing Bill, 1998.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Taxation (Second Amendment) and Repealing Bill, 1998 be taken into consideration.

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশন ল'জ (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) অ্যান্ড রিপিলিং বিল, ১৯৯৮ নিয়ে এসেছেন এটাও একটা কমপোজিট বিল। বিভিন্ন উদ্দেশ্যে বিভিন্ন জিনিস করা হয়েছে। সেগুলো একটা বিলের মধ্যে সংযোজন করেছেন। দি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন অ্যাক্ট ১৯৭৩ দি ওয়েস্ট বেঙ্গল রুরাল এমপ্লয়মেন্ট অ্যান্ড প্রোডাকশন অ্যাক্ট, ১৯৭৬ দি ওয়েস্ট বেঙ্গল এনটারটেনমেন্ট কাম অ্যামিউজমেন্ট ট্যাক্স অ্যাক্ট, ১৯৮২ অ্যান্ড দি

ওয়েস্ট বেঙ্গল সেলস ট্যাক্স, ১৯৯৪ এতগুলোকে চেঞ্জ করবেন। আর দুটো অ্যাক্ট তুলে দিচ্ছেন। দি ওয়েস্ট বেঙ্গল আরবান ল্যান্ড ট্যাকসেশন অ্যাক্ট ১৯৭৬ অ্যান্ড দি ওয়েস্ট বেঙ্গল মাল্টি স্টোরেড বিল্ডিং ট্যাক্স অ্যাক্ট ১৯৭৯। এইগুলো সম্বন্ধে আমি আলাদা আলাদা বলব। প্রথমে যে পাঁচটা যেখানে উনি প্রাইমারি এডুকেশন অ্যাক্টে, রুরাল এমপ্লয়মেন্ট অ্যান্ড প্রোডাকশন অ্যাক্টে উনি সেস কমিয়ে দিচ্ছেন, সেটাকে আমি সমর্থন করি। সমর্থন করি এই কারণে স্যার, আপনি নিশ্চয় জানেন, আমাদের এই রাজ্যে কয়লার উপর একটা সেস আদায় করা হত। বর্তমানে সেই সেস প্রাইমারি এডুকেশন অ্যাক্টে সেভেন পার্সেন্ট। মন্ত্রী সেটা কমিয়ে ফাইভ পার্সেন্ট করে দিচ্ছেন। আর ওয়েস্ট বেঙ্গল রুরাল এমপ্লয়মেন্ট অ্যান্ড প্রোডাকশন অ্যাক্ট ১৯৭৬-এ ছিল থারটি এইট পার্সেন্ট, ১৮ পার্সেন্ট কমিয়ে উনি ২০ পার্সেন্ট করে দিচ্ছেন। আমাদের পশ্চিমবাংলায় যে কয়লা তোলা হয় এবং বিক্রি করা হয় সেই ২৫০ কোটি টাকার কর ছাড় উনি দিচ্ছেন। কয়লার উপর সেস বামফ্রন্টের আমলে বেশি করে লাগানো হয় যখন অধিকাংশ কয়লা খনিগুলিই রাষ্ট্রায়ত্ত্ব কয়লা খনি। সেখানে রিসোর্স মবিলাইজেশন যথেষ্ট। সেই রাষ্ট্রায়ত্ত্ব কয়লা খনি থেকে বিরাট পরিমাণ ট্যাক্স হিসাবে আদায় করছেন। চা-বাগান থেকেও এই আইনে ট্যাক্স আদায় করছেন। সেখানে আমার আপত্তি ছিল না কারণ অধিকাংশ চা-বাগানই বেসরকারি মালিকাধীন। এই রাজ্যে কেন্দ্রীয় সরকারের কয়লা খনি আছে তার থেকে বিপুল পরিমাণ সেস আদায় হচ্ছে। মন্ত্রী বলতেই পারেন সরকারী কর্মচারীদের মাইনে দিতে হয়, সুতরাং আমরা করেছি। আমি এই প্রসঙ্গে বলে রাখি, আমি তো কয়লা খনি এলাকায় গিয়েছি মিটিং করতে, ওই এলাকার লোকেরা আমাকে বলেছেন, রাজ্যসরকার এই কয়লা খনি থেকে এত টাকা আদায় করে নিয়ে যাচ্ছে কিন্তু এই এলাকাতে রি-ইনভেস্টমেন্ট হয় না। আজকে বরাবনি, আসানসোল, মীরাপুর, রানিগঞ্জে এই অঞ্চলের গ্রামগুলির অবস্থা খুব খারাপ, সেখানে মেজর প্রবলেম জমি বসে যায়। আরেকটা সমস্যা হল পানীয় জল এবং আরেকটা সমস্যা হল বিদ্যুৎ। রাজ্য সরকার এই সেসের টাকা সেখানে খরচ না করে ই.সি.এলের উপর চাপিয়ে দিচ্ছেন এবং কিছু কিছু জায়গায় ই.সি.এল. পানীয় জলের ব্যবস্থা করেছে এবং গ্রামোন্নয়নের জন্য টাকা দিয়েছে। জনগনের এই গ্রিভান্স ছিল, মন্ত্রী এই আড়াইশো কোটি টাকা ছেড়ে দিচ্ছেন। ই.সি.এল. সিদ্ধান্ত করেছে ৬২টা কয়লা খনি তারা বন্ধ করে দেবে এবং তাতে দেখা যাচ্ছে যে এক লক্ষ শ্রমিকের চাকরি অ্যাফেকটেড হবে। আমরা আগামী ২৪ তারিখে এই হাউজে অল পার্টি মিলে একটা প্রস্তাব আনছি এই ব্যাপারে। ওঁরা

বলেছেন যে এই কয়লাখনিগুলিকে প্রাইভেটের হাতে তুলে দেবেন। এটা ইন্দিরা গান্ধীর সময় মোহনকুমার মঙ্গলম যখন মিনিস্টার ছিলেন তিনি একটা রেভোলিউশনারি স্টেপ নিয়ে ছিলেন। আমাদের ন্যাশানাল মাইনস্ ওয়ার্কাস ফেডারেশনের যে ইউনিয়ন ইনটাক তারা কোল ইন্ডিয়ার অফিসের সামনে র‍্যালি করছে এর বিরুদ্ধে। আমরা যতটা পারি শেষ পর্যন্ত আমরা ছাড়ার চেষ্টা করব এই নীতির বিরুদ্ধে যেখানে ই.সি.এলের কয়লা খনি ছেড়ে দেওয়া হচ্ছে। আজকে সে জন্য মাননীয় মন্ত্রী একটা স্টেপ নিচ্ছেন, ই.সি.এলকে বলার চেষ্টা করছেন, যে তোমাকে ২৫০ কোটি টাকা ছেড়ে দিচ্ছি যাতে কয়লা খনিগুলি বন্ধ না কর। এই সিদ্ধান্ত যদি রাজ্য সরকার আগে নিতেন যে আমরা ২৫০ কোটি টাকা ছেড়ে দেব তাহলে এই সিদ্ধান্ত নেওয়ার আগে হয়তো কেন্দ্রীয় সরকারের উপর আরেকটা ইনফ্লুয়েন্স করা যেত। কিন্তু ওঁরা ক্যাবিনেট সিদ্ধান্ত নিয়ে নিয়েছে এবং এটা পশ্চিমবঙ্গের পক্ষে ক্ষতিকর। পশ্চিমবঙ্গের শুভবুদ্ধি সম্পন্ন মানুষ আশা করি এর বিরোধিতা করবেন। এটা দেখা উচিত যে ই.সি.এল. কেন রুগ্ন হয়েছে। এটার সাথে টাকার ব্যাপার নেই, লোকসানের ব্যাপার নেই। ই.সি.এল. অনেক দিন ধরেই ঘোস্ট লেবার নিয়েছে। ই.সি.এল. যে কায়দায় কয়লা কাটে সেটা হচ্ছে লং ওয়াল থিয়োরি। এই থিয়োরির জন্যই মাটি নিচের দিকে বসে যায় এবং খনিগুলিতে বিপদ দেখা যায়। এইগুলি ভারত সরকার ভালো করে দেখে না। ই.সি.এল. রানিগঞ্জে যে কয়লা তোলে সেটা কুকিং কোল, আর বিহারের ঝড়িয়ায় নন-কুকিং কোল। এই রকম কয়েকটি কয়লাখনি পশ্চিমবঙ্গে আছে এবং বিহারেও ৩, ৪টি আছে। রাজ্য সরকার দেরিতে হলেও এই সিদ্ধান্ত নিয়েছেন এবং রাজ্য সরকারের পক্ষে এটা জেনারাস স্টেপ যে আমরা ২৫০ কোটি টাকা ছেড়ে দিচ্ছি। এটা আমরা রিকনসিডার করি। আমরা হাউসে পরে প্রস্তাব আনব যাতে এই সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার পুনর্বিবেচনা করেন। রাজ্য সরকারের এই স্টেপ আমরা নিশ্চয়ই যুক্তি দিয়ে দাঁড় করাতে পারব। ই.সি.এলের ভায়োলিটির জন্য মাননীয় মন্ত্রীর এই স্টেপ ওয়েল থট্ অফ্ হবে এবং লোকে অ্যাপ্রিসিয়েট করবে, এটা ইমপর্ট্যান্ট, এ ব্যাপারে দ্বিমত থাকা উচিত নয়। কোয়ানটাম অব কোয়ালিটি নিয়ে দ্বিমত থাকতে পারে, কিন্তু দ্যাট ইজ নেগোশিয়েবল। ২৫০ কোটি টাকা ছেড়ে দিচ্ছেন এই রকম একটা স্টেপ নেওয়ার জন্য আমি রাজ্য সরকারের প্রশংসা করি। তার পাশাপাশি মাননীয় মন্ত্রিমহাশয় এই বিলে খুব ছোট খাটো কিছু বিষয় ঢুকিয়েছেন। আমার মনে হয় কোল সেস এত ইমপর্টেন্ট ছিল যে একটা সিঙ্গল সেপারেট বিল এক্ষেত্রে করা উচিত ছিল। এতে ব্যাপারটা হাইলাইট করা

যেত। এবং স্টেটমেন্ট অব অবজেকটস অ্যান্ড রিজনসে সোজাসুজি লেখা দরকার ছিল যে, ই.সি.এলকে বাঁচাবার জন্য এটা রাজ্য সরকার পদক্ষেপ নিয়েছেন। তাহলে বিলটা প্রপারলি ড্রাফটেড হত। হয় কি এতগুলো জিনিস মিলে গেলে এই জিনিসটার যে গুরুত্ব সেটা কিছুটা কমে যায়। দ্বিতীয়ত উনি যেমন করেছেন, সাব-কেবল অপারেটরদের ব্যাপারে। খুব ছোট ব্যাপার। স্যার, আপনি হয়তো জানেন, কলকাতায় যে কেবল অপারেটর এবং সাব-কেবল অপারেটর আগে ছিল পাড়ায় পাড়ায় তারা একটা ডিস এন্টেনা কিনে নিজেরা বিভিন্ন স্যাটেলাইট চ্যানেল ধরতো এবং মানুষের বাড়িতে তার দিয়ে সরবরাহ করত। তার পর যা হয়, বড় প্লেয়াররা ঢুকে গেল। এখন আপনি জানেন স্যার, জি.টি.ভির সিটি কেবল আছে। আবার আর.পি.জিরা ঢুকে গেল। আর.পি.জি. নেট কম। আবার হিন্দুজারা ঢোকার চেষ্টা করছে। তার ফলে পাড়ায় পাড়ায় যে ছেলেরা কেবল অপারেটর হয়েছিল এরা সবাই সাব-কেবল অপারেটর হয়ে গিয়েছে। এদের আর পজিশন নেই। মাননীয় মন্ত্রিমহাশয় আগে একটা আইন করেছিলেন তাতে বড় কেবল অপারেটর বা আর.পি.জি.নেট বা এই রকম যত বড় বড় যাঁরা আছে তাদের থেকে ট্যাক্স আদায় করার জন্য। কিন্তু তাতে দেখা গেল পাড়ার কেবল অপারেটররা বাদ পড়ে যাচ্ছে, তাদের কোনও ট্যাক্স দিতে হচ্ছে না। এবারে মাননীয় মন্ত্রিমহাশয় এটা নিয়ে এসেছেন পাড়ার কেবল অপারেটর, মানে যাদের সাব-কেবল অপারেটর বলে, তাদের যাতে ট্যাক্স দিতে হয় তার জন্য এই বিল এনেছেন। এবং তার জন্য মাননীয় মন্ত্রী বলেছেন যে আগে এনরোল করতে হবে, নাম লিস্টে তুলতে হবে। যদি এনরোল না করে তবে মাসে ২০ টাকা করে ফাইন নেওয়া হবে। তার পর ওদের একটা ট্যাক্স চার্জ করা হবে এবং এই ট্যাক্স দিতে হবে। ট্যাক্স না দিলে কি হবে? যত ডিলে হবে মাসে ৫০ টাকা করে ফাইন দিতে হবে। মাননীয় মন্ত্রীকে বলছি, রেজাল্ট খুব সিম্পল হবে। অলরেডি আমরা কেউ আটকাতে পারিনি, বড় কোম্পানিগুলো ছোট কেবল অপারেটরদের গিলে ফেলেছে। আজকে সিঙ্গল কেবল অপারেটরদের ফাংশন করার সুযোগ খুব কম, বড় প্লেয়াররা এসে গেলে যা হয়। এতদিন হত কি, এই যে কেবল অপারেটররা, এরা আর.পি.জি. নেট থেকে মেজর চ্যানেল নিল আর পাড়ায় একটা লোক্যাল কেবল চ্যানেল চালালো। সেখানে কিছু ভি.সি.আর.-র মাধ্যমে সিনেমা দেখাত কখনও কখনও বাজে সিনেমাও দেখাত। আর পাড়ার ফাংশন হলে সেটাকে ডিস্ট্রিবিউট করত। পাড়ার কিছু বিজ্ঞাপনও তারা তুলত পাড়ার দোকান থেকে এবং সেগুলো কেবল চ্যানেলে দেখাত, এখন ট্যাক্স বসলে আমার ধারনা

এগুলো সব বন্ধ হয়ে যাবে। মাননীয় মন্ত্রী এটা ভেবে দেখবেন, এই যে পাড়ায় পাড়ায় ছোট ছোট কেবল অপারেটররা আছে এরা কেউ বড় প্লেয়ার নয়। সুতরাং এদের ক্ষেত্রে এই ট্যাক্সটা বসানো ঠিক হচ্ছে কি না? আর, এ থেকে কত ট্যাক্সই বা আপনি পাবেন। যা পেপার ওয়ার্ক হবে সেই তুলনায় আমার মনে হয় সাফিসিয়েন্ট ট্যাক্স আপনি পাবেন না। আমি আপনাকে সিরিয়াসলি কনসিডার করতে বলব। যখন পাড়ার এই ছোট কেবল অপারেটররা বড় কেবল অপারেটরদের সামনে দাঁড়িয়ে থাকার চেষ্টা করছে, বাঁচার চেষ্টা করছে তখন আপনার দিক থেকে এমন কিছু করা উচিৎ কিনা যাতে তাদের গ্রাসাচ্ছাদন এবং রুজিরোজগার ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়ায়। সেই জন্য আমি আপনাকে বলব, এই এন্টারটেইনমেন্ট-কাম-অ্যামিউজমেন্ট ট্যাক্স-এ যে পরিবর্তন এনেছেন সেটাকে আপনি যদি সম্ভব হয় তাহলে বাদ দিয়ে দিন।

আরেকটা জিনিস এই বিলে করেছেন সেটা আমি সমর্থন করি। সেটা হচ্ছে সেলস ট্যাক্স অ্যাক্ট। আপনি বলেছেন যে, যদি কেউ এই রাজ্যের মধ্যে দিয়ে মাল নিয়ে যায় অথচ এই রাজ্যে আন-লোড না করে, ধরুন কেউ নর্থ ইন্ডিয়া থেকে আসছে নর্থ বেঙ্গলের মধ্যে দিয়ে বিহারে যাবে বা নর্থ ইস্টে চলে গেল তাহলে এই রাজ্যে যাতে তার ট্যক্স না দিতে হয়, ইত্যাদি। এবং এজন্য আপনি একটা আইন করেছেন যে একটা কনসাইনমেন্ট নোট হবে, ফাস্ট প্লেস অর্থাৎ যেখান দিয়ে পশ্চিমবঙ্গে ঢুকছে সেখানে সই করিয়ে নেবে আর যেখান দিয়ে বেরবে সেখানে ঐ সই যদি চেক করে দেখে আছে তাহলে তার আর কিছু লাগবে না। ঐ কনসাইনমেন্ট নোটের বেসিসে তাকে ছেড়ে দেবে। পশ্চিমবাংলায় যাতে স্মুথলি মালপত্র অপারেট হতে পারে তার জন্য এটা সব সময় ভালো ব্যবস্থা। মাননীয় মন্ত্রিমহাশয় যখন এই হাউসে অকট্রয় তুলে দিয়েছিলেন আমরা সমর্থন করেছিলাম। বিকজ আজকে দেখতে হবে কত তাড়াতাড়ি জিনিসপত্র এক জায়গা থেকে আরেক জায়গায় পাঠানো যায়। স্পিড অব ডেলিভারিটা বাড়াতে হবে এবং সেখানে বিধিনিষেধ যত কম হবে তত ভালো। সেদিক থেকে এটা একটা ভালো স্টেপ। যদিও আপনি এর সাথে রিলেটেড নন আপনার ওয়েবিল নিয়ে কিন্তু এখনও কনফিউশন আছে ব্যবসায়ীদের মধ্যে, আপনার সাথে কয়েকবার এরা আলোচনাও করেছেন, কিন্তু সেই ব্যাপারটা এখনও সেটেলড হয় নি। আপনি আগের সিসটেম তুলে দিয়ে যে ওয়েবেল চালু করেছেন তাতে এরা মনে করছেন অধিকাংশ ব্যবসায়ী যারা বাইরে মাল পাঠায় তাদের কমপ্লিকেশন বাড়বে। তবে সেটা পরের কথা। যখন বাজেট হবে তখন আমরা

আরও ডিটেইলসে যাব। লাস্টলি, মাননীয় মন্ত্রী দুটো আইন তুলে দিচ্ছেন, রিপিল করে দিচ্ছেন। একটা হল ওয়েস্ট বেঙ্গল আরবান ল্যান্ড ট্যাকসেশন অ্যাক্ট ১৯৭৬, এটা আমরা কংগ্রেস আমলে করেছিলাম, ১৯৭৬ সালে। আরেকটা হল ওয়েস্ট বেঙ্গল মাল্টিস্টোরিড বিল্ডিংস ট্যাক্স অ্যাক্ট ১৯৭৯। ঐ মাল্টিস্টোরিড বিল্ডিং গুলো লার্জ স্কেলে ১৯৭৪-৭৫ সালে কলকাতায় শুরু হয়েছে। এই রকম সময়ে কংগ্রেস আমলে প্রথম ডঃ শঙ্কর ঘোষ ট্যাক্স বসিয়েছিলেন, তারপর বামফ্রন্ট এসে আরেকটা ট্যাক্স বসায়। তা এটা তুলে দিলেন কেন বা এতে কত টাকা রিলিফ হল, কি সুবিধা হল এটা আমরা মাননীয় মন্ত্রীর কাছ থেকে ভাল করে বুঝতে চাই। তাই আমি এই বিলটাকে অবিমিশ্র ভাবে সমর্থন করতে পারছি না। কোল সেসের যে ব্যবস্থাটা আছে তাকে আমরা পশ্চিমবাংলার স্বার্থে অবশ্যই সমর্থন করছি এবং সেলস ট্যাক্সে যে ছাড়টা আছে সেই ছাড়টা আমরা সমর্থন করছি। মন্ত্রীর এই স্টেটমেন্ট অব অবজেক্টস্ অ্যান্ড রিজন্স থেকে পরিস্কার নয় যে, কেন উনি দুটো বিল রিপিল করে দিচ্ছেন। আমি আশা করি মন্ত্রী সেগুলো ক্লারিফাই করবেন যাতে আমরা বিলটাকে পাশ করতে পারি।

[3-20 — 3-30 p.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশন ল'জ (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) অ্যান্ড রিপিলিং বিল, ১৯৯৮ এর সমর্থনে বক্তব্য রাখতে উঠে আমি প্রথমেই বিধায়ক সৌগত রায় মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। যে যে ক্ষেত্রে উনি সহমত পোষণ করেছেন আর যে যে ক্ষেত্রে উনি মূলত ব্যাখা চেয়েছেন সেটার ব্যাখা দেওয়ার চেষ্টা করব। আপনার সহমত আশা করি। এটা ঠিকই যে এই বিলে একাধিক সংশোধনী আনা হয়েছে। তার মূল যে অংশটি, আপনি সঠিক ভাবেই বলেছেন, এটা কোল সেসের ক্ষেত্রে আমরা ২টি আইন মোতাবেক এই কোল সেস আদায় করি। ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন অ্যাক্ট ১৯৭৩, এবং ওয়েস্ট বেঙ্গল রুরাল এমপ্লয়মেন্ট অ্যান্ড প্রোডাকশন অ্যাক্ট, ১৯৭৬, এই দুটির ক্ষেত্রে কয়লা সেসের যে হার ছিল - প্রথমটি সাত শতাংশ থেকে পাঁচ শতাংশ কমানো, পরেরটি ৩৮ শতাংশ থেকে ২০ শতাংশ কমানো, সাকুল্যে ৪৫ শতাংশ থেকে ২৫ শতাংশ কমানো অর্থাৎ ২৫০ কোটি টাকা বছরে কমানোর এই প্রস্তাব এখানে আছে। এই প্রস্তাবটি যখন আনছি, একটু পরিস্কার করে বলা উচিত কারণ এই বক্তব্য সঠিকভাবে বিধায়ক সৌগতবাবু রেখেছিলেন যে, কোল ইন্ডিয়ার

দিক থেকে সাধারণভাবে এবং তারই অংশীদার হিসেবে ই.সি.এলের তরফ থেকে মাঝে মাঝে বলা হয়েছে, আমি মনে করি যুক্তিটা কিছুটা দুর্বলও যে, এই রাজ্যে কোল সেস আছে বলেই এখানে কয়লাখনিগুলির ক্ষেত্রে সমস্যা দেখা দিচ্ছে। ওটা আমরা দুর্বল মনে করি, তার কারণ এটা ঠিক যে কয়লা সেস তো আসলে একটা ইনডাইরেক্ট ট্যাক্সের মতো, এটা তো কয়লার দামের সঙ্গে যুক্ত হয়ে যায়। ই.সি.এল. কে বা কোল ইন্ডিয়াকে তার নিজের কোনও সম্পদ থেকে দিতে হয় না। এটা বলছি, কারণ এই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে আমরা কমাচ্ছি ২৫০ কোটি টাকা আমাদের এখানে কমাচ্ছি, ওরা প্রথমে যা জানিয়েছে তাতে এই কমানোর ৪ ভাগের ৩ ভাগ ওরা কমাবেন না। নিজেরা অর্থটা রেখে দেবেন। বাকি ৪ ভাগের এক ভাগ দাম কমাতে চাইছেন। তাহলে কি এর জন্য দাম বাড়ছে, এটা যুক্তি ছিল না। এটা আগে বলেন নি তাই আমি মনে করছি যুক্তিটা দুর্বল। আরেকটা কারণে দুর্বল, কারণ একবারও ওরা বলেন নি, এই যে একই সাথে রেলওয়ে ফ্রেট, রেলের মাসুল বাবদ ৪৮ পারসেন্ট, গভর্নমেন্ট অব ইন্ডিয়া এদের কাছ থেকে নেন। এটা কখনও বলেন নি। সেটা সবচেয়ে বেশি। এর পর হচ্ছে, যে কয়লাখনিগুলি বন্ধ করার কথা বলা হয়েছে, সংখ্যাটি বোধহয় ৬৪ বলাই ঠিক হবে। তার ৫০টি হচ্ছে পশ্চিমবাংলার আর ১৪টি হচ্ছে বিহারে। বিহারে তো কোল সেস নেই। তাহলে সেগুলিকে বন্ধ করার কথা কেন বলেছিলেন? তাই কোল সেসের সঙ্গে যুক্ত করার যুক্তিটি এই কারণে দুর্বল। আরও একটা মূল কারণে দুর্বল যেটা ওঁরা এখন আলোচনায় স্বীকার করেছেন এগুলি আপনার দৃষ্টি আকর্ষণ করেছেন—ই.সি.এল. কয়লা খনিগুলির ভিতরে, অনেক ক্ষেত্রে সোজাসুজি চুরি ইত্যাদি নিয়ে যে ক্ষতি হয় এগুলি তার তুলনায় নগণ্য। এতদসত্ত্বেও যেহেতু প্রায় ৬৪টি খনির মধ্যে পশ্চিমবাংলায় অবস্থিত ৫০টি খনির সামগ্রিকভাবে সাত হাজার ১০০ জন কর্মীর ভবিষ্যৎ যুক্ত, এক্ষেত্রে যদি বলেন তাহলে আমরা স্যাকরিফাইস করার চেষ্টা করব। এটা করে আমি বললাম, এখন আপনারা আলোচনায় বসুন, এটা বন্ধ করার কথা বলবেন না। এবং আলোচনায় যখন বসবেন - কিছুদিন আগে আমি বলতে পারি যেহেতু আপনি প্রশ্নটা সুন্দরভাবে রেখেছেন - কোল ইন্ডিয়ার দিক থেকে যাঁরা এসেছিলেন আলোচনায় সেই মিটিং-এর মিনিটস্ রয়েছে - আমি বলেছি, বন্ধ করা এবং ভি.আর.এস. আলোচনায় আনবেন না। আপনারা বলেছেন, উৎপাদন ১৫ শতাংশ বৃদ্ধি পাক। মানছি বিভিন্ন কর্মী সংগঠন আছে, আপনাদের আছে, আমাদের আছে, আমরা মিলে উৎপাদন ১৫ শতাংশ বাড়নো যায় কিনা চেষ্টা করব। এটা

বলার হক্ আছে, ইতিমধ্যে কয়লাখনির শ্রমিকেরা ১৫ শতাংশ উৎপাদন বাড়িয়ে ফেলেছেন। যেটা পেরেছেন সেটা যদি ধারাবাহিক হয়, যদি ধরে রাখতে পারেন তাহলে তো সর্বত্র মিলে যায়। আমি কমানোর পরে বলছি, এখন একত্রিত বসে এই কয়লাখনিগুলি কি করে চলবে - এটাই কিন্তু আমাদের দৃষ্টিভঙ্গি হওয়া উচিত এবং এই নিয়ে আলোচনা শুরু হয়েছে। আমি শুধু এই সুযোগে বলছি, মাননীয় বিধায়ক সৌগতবাবু অবগত আছেন যে, সংবিধানের দুটি ধারা অনুযায়ী যে কোনও রাজ্যসরকার কয়লার সেস তুলতে পারেন, আবার কয়লার রয়্যালটিও পেতে পারেন। একটা হচ্ছে, কনস্টিটিউশনের যেটা স্টেট লিস্ট তার ৪৯ ধারা অনুযায়ী কয়লার সেস আর যেটা ইউনিয়ন লিস্ট তার ৯৪ ধারা অনুযায়ী কয়লার রয়্যালটি। আমরা কয়লার সেস পাই, কিন্তু কয়লার রয়্যালটি যেটা নতুন হারে ধার্য্য করেছেন কেন্দ্রীয় সরকার সমস্ত রাজ্যের জন্য সেটা পশ্চিমবাংলাকে বঞ্চিত করে রেখেছেন, যারজন্য আমরা প্রতি বছর ২৬০ কোটি টাকা হারাচ্ছি যদিও আমরা ২৫ শতাংশ কয়লার সেস নামিয়ে আনলাম, কিন্তু কয়লার রয়্যালটি এখন তুলছি না। আর কয়লার রয়্যালটি যা দেওয়া হচ্ছে অন্য রাজ্যগুলিকে তারমধ্যে তফাৎ থাকছে না। এই কয়লার রয়্যালটি যেটা বর্দ্ধিত হারে সকলেই পাচ্ছে এটা ঠিকমতো চলুক - আবার আমরা কিন্তু এক সময়ে তুলবো। আরো কয়েকটি ছোট-খাটো বিষয় আছে, সেই সম্পর্কে আমি বলছি। আপনি যেটার ব্যাখা চাচ্ছেন সেই সম্পর্কে বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, কেবল অপারেটরদের ক্ষেত্রে উনি যে ইতিহাসটা বললেন সেটা সঠিক - কেবল অপারেটরদের প্রথমে এইরকম কোনও মাস্টার কেবল অপারেটর ছিল না, নিজেরাই স্যাটেলাইট লিংক করে কেবল অপারেটররা নিজেদের স্বার্থে বাড়িতে বাড়িতে যোগাযোগ করে চালাতেন। গত কয়েক বছর ধরে মূলত দুটি সংস্থা মাস্টার কেবল অপারেটর হিসাবে চলে এসেছে। আগের ব্যবস্থা অনুযায়ী সকলের জন্য কর ছিল। সেই করটি আদায় করতে খুবই অসুবিধা হত। এবারে মাস্টার কেবল অপারেটররা আসার পর আমি ঠিক করলাম এই মাস্টার কেবল অপারেটরদের উপর পুরোপুরি কর বসাবো এবং তার জন্য এবারের বাজেটে আমি এটা রেখেছিলাম এবং আপনারা সেটা অনুমোদন করেন। আমি তাদের গ্রস ইনকামের উপর মানে মোট আয়ের উপর ১৫ শতাংশ কর বসিয়েছিলাম এবং তারা দিতে শুরু করেছে। একটা দিচ্ছে, আর একটা দিচ্ছে না, তবে দেবে। আমি আদায় করে ছাড়ব। যখন এটা করি তখন একটা অদ্ভুত ঘটনা ঘটে। কেবল অপারেটরদের দুটি সংগঠন আছে। আপনি লক্ষ্য করেছেন বোধ হয়, এই সংস্থাগুলির

সামনে তারা বিক্ষোভ প্রদর্শন করেন, তারা আমাদের সঙ্গে আলোচনায় আসতে চান. আলোচনায় এসে আমাদের বলেন, এই যে আপনারা কর তুলে দিলেন, এতে আমাদের নিরাপত্তার অভাব হচ্ছে। সরকারের সঙ্গে আমাদের যদি সংযোগ থাকতো তাহলে আমরা একটা কাগজের রসিদ পেতাম, সেই রসিদের ভিত্তিতে আমরা দাঁড়াতে পারতাম। অতএব আপনারা আমাদের উপর অল্প করে কর আদায় করুন, আমরা সরকারের সঙ্গে নথিভুক্ত হতে চাই। কারণ, তা না হলে আপনি যেটা বললেন ঐ ভয়টা, বড় বড় সংস্থা (ক) কে (খ) দিয়ে যে কোনও সময়ে পরিবর্তন করে দেবে। আমি তাদের লিখিত ভাবে দিতে বলি, তার আগে নয়। তারা লিখিতভাবে দেন। দেওয়ার পর আমি একই কারণে - তাদের নিরাপত্তার অভাব দূর করার জন্য - এই সংশোধনী আনছি, এনে খুব অল্প একটা কর - এদের আমি পুরোপুরি বলিনি, আমি বলেছিলাম ১ শতাংশের বেশি নয় - এটা আপনারা দিন। এটা মেনে যদি আপনারা নথিভুক্ত হতে চান, হোন। আমি শুধু আপনাদের স্বার্থ রক্ষা করব আর বড়দের কাছ থেকে কর আদায় করব। আমার মনে হয়, এই ব্যাখ্যার পর আপনি আর দ্বিমত পোষণ করবেন না। আর একটা কথা বলি, দুটি আইন রিপিল করার কথা বলেছিলাম। কারণ, অর্থমন্ত্রী আইনের রিপিল করতে চায় না, এগুলির থেকে আমি ৩ কোটি টাকা পাচ্ছিলাম। করছি এই কারণে, আপনি অবগত আছেন যে, রাজ্য অর্থ কমিশন, স্টেট ফিনান্স কমিশন, সংবিধান অনুযায়ী যার অবস্থান তারা রেকমেন্ড করেছেন এই দুটি কর - মাল্টি স্টোরেড বিল্ডিং অ্যাক্ট এবং ওয়েস্ট বেঙ্গল আরবান ল্যান্ড ট্যাকসেশন অ্যাক্ট এগুলি বিকেন্দ্রীকরণ করে কর্পোরেশনগুলিকে দিয়ে দিতে হবে। বস্তুত আমি একটু দেরি করে ফেলেছি। আমার মনে হয় এটা আমাদের দিয়ে দিতে হবে। ঐ করগুলি তারা নবরূপে ফিরিয়ে আনবেন ঠিকই, ক্যালকাটা কর্পোরেশন এবং হাওড়া কর্পোরেশন ফিরিয়ে আনবেন। রাজ্য থেকে ওদের কাছে যাবে। এটা বিকেন্দ্রীকরণ অংশ তাই আমি এই ব্যাখ্যাটা দিলাম। আশা করি আপনি এতে দ্বিমত পোষণ করবেন না। আর একটি অংশ সম্ভবত সময়ের অভাবে আপনার বলতে বাদ পড়ে গিয়েছে লক্ষ্য করবেন, এখানে পেনাল রেট অব ইন্টারেস্ট যেটা মাম্বলি রেট অব ইন্টারেস্ট ছিল ৩ পারসেন্ট সেটা আমি ২ পারসেন্ট করেছি। এর কারণ ব্যাঙ্ক রেটের সঙ্গে এর একটা যোগ থাকে। ব্যাঙ্কে টাকা খাটাতে যাতে না পারে ব্যাঙ্ক রেটটা ২ পারসেন্ট কমে গিয়েছে এর আগে তাই আমি এই সংশোধনীতে ৩ পারসেন্ট থেকে ২ পারসেন্ট করলাম। এই নিয়ে হচ্ছে আমার সংশোধনী। আমি বেশি সময় নিতে চাই না। সবগুলি

একত্রিত করে করেছি। ব্যাখ্যা দেবার পর আপনাদের সহমত আশা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

The Motion of Dr. Ashim Kumar Dasgupta that the West Bengal Taxation Laws (Second Amendment) and Repealing Bill, 1998, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 - 7**

The question that Clsuses 1 to 7 do stand part of the Bill was then put and agreed to.

**PREAMBLE**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreec to.

**Dr. Ashim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) and Repealing Bill, 1998, as settled in the Assembly be passed.

The Motion was then put and agreed to.

**PRESENTATION OF REPORT**

**Report of the one-man Committee on English in Primary Education, West Bengal, 1998**

**Mr. Speaker :** Now, the Minister-in-Charge of the School Education Department will present the Report of the One-Man Committee on English in Primary Education, West Bengal, 1998.

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে প্রাথমিক শিক্ষা স্তরে ইংরাজি প্রবর্তনের প্রশ্নে ডঃ পবিত্র সরকারের নেতৃত্বে এক সদস্যের কমিটির প্রতিবেদন আমি আনুষ্ঠানিক ভাবে বিধানসভায় পেশ করছি।

**মিঃ স্পিকার ঃ** আপনি কোনও বিবৃতি দিতে চাইলে দিন।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** প্রাথমিক শিক্ষার স্তরে ইংরাজি শিক্ষার বিষয়টি বিচার বিবেচনা করার জন্য গত ১৩ই এপ্রিল ভাষাতত্ত্ব বিশেষজ্ঞ ডঃ পবিত্র সরকারের নেতৃত্বে এক সদস্য বিশিষ্ট কমিটি রাজ্য সরকার নিযুক্ত করেছিল। দুই মাসের মধ্যে কমিটিকে তার সুপারিশ পেশ করার জন্য অনুরোধ করা হয়েছিল। দেশ-বিদেশের তথ্যাবলি সংগ্রহ করা এবং রাজ্যের মধ্যে সংশ্লিষ্টদের সম্ভাব্য অভিমত বোঝার জন্য কমিটি আরো সময়ের জন্য সরকারের কাছে আবেদন করেন এবং সরকার তা অনুমোদন করে। গত ২১শে সেপ্টেম্বর কমিটি তার সুপারিশ সহ প্রতিবেদন সরকারের কাছে পেশ করেন। ইতিমধ্যে ডঃ পবিত্র সরকারের নিরপেক্ষতার প্রশ্ন তুলে কলকাতা উচ্চ আদালতে একটি মামলা দায়ের হয়। মামলাটি বিচারাধীন আছে। তবে মহামান্য আদালত তার অন্তর্বর্তী আদেশে বলেছেন ডঃ পবিত্র সরকার কমিটির মতামতের উপর ভিত্তি করে সরকার যে সিদ্ধান্ত গ্রহন করবে - পরবর্তী সময়ে আদালতের চূড়ান্ত রায়ের সাথে সঙ্গতি রেখে তার চরিত্র নিরূপিত হবে। এই প্রেক্ষাপটে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত নিয়েছে।

স্বাধীনতা লাভের পূর্বে এবং পরে প্রাথমিক শিক্ষার স্তরে ইংরাজি পাঠ নিয়ে যে সকল, কমিশন বা কমিটি নিযুক্ত হয়েছিল তার সুপারিশ যে ভাবে বর্তমান কমিটি মূল্যায়ন করেছে তার সাথে রাজ্য সরকার সহমত পোষণ করে। একাধিক ভাষা শিক্ষার ক্ষেত্রে শিশু বয়সই উপযুক্ত সময় এই যুক্তি সম্পর্কে কমিটির অভিমত প্রনিধানযোগ্য বলে সরকার মনে করে। এই রাজ্যের সার্বিক পরিস্থিতির মূল্যায়নের ভিত্তিতে ইংরাজি পাঠ সুনির্দিষ্ট পাঠক্রম এবং পাঠ্যপুস্তকের উপর ভিত্তি করে তৃতীয় শ্রেণী থেকে শুরু করা এবং দ্বিতীয় শ্রেণীর অধ্যায় থেকে ইংরাজি সহজ শব্দরাজি ইত্যাদির সাথে শিশুদের পরিচয় ঘটানোর যে সুপারিশ কমিটি করেছেন সরকার তা গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছে। সরকার আরো সিদ্ধান্ত নিয়েছে আগামী শিক্ষাবর্ষ থেকে এই সিদ্ধান্তকে বাস্তবায়িত করা হবে। প্রাথমিক শিক্ষার স্তরে পাঠক্রম এবং পাঠ্যপুস্তক রচনা করার বিধিসঙ্গত এক্তিয়ার যেহেতু পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের সেজন্য উক্ত পর্ষদকে যথা সময়ে এই কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়েছে। প্রাথমিক স্তরে পরীক্ষা গ্রহণ সম্পর্কিত বিষয় যেহেতু উক্ত কমিটির বিচার্য বিষয়ের মধ্যে ছিল না সেজন্য সে বিষয় কমিটির অনুভূতি সম্পর্কে রাজ্য সরকার কোনও মতামত ব্যক্ত করছে না। সমগ্র বিষয়টি পাঁচ বৎসর পর পর্যালোচনা করার সুপারিশ কমিটি করেছেন। এই পর্যালোচনা তিন বৎসর পর করার কথা সরকার বলছে।

পুনরায় সরকার দৃঢ়তার সাথে বলতে চায় শিক্ষার পাঠক্রম পাঠ্যসূচি প্রভৃতি বিষয় যেমন হিমাংশু বিমল মজুমদার কমিটির সুপারিশ এবং পরবর্তী সময় ডঃ অশোক মিত্র কমিশনের সুপারিশ সমূহের উপর মর্যাদা দিয়ে এই সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছিল - এক্ষেত্রে তার কোনও ব্যতিক্রম হয়নি। রাজ্যের সকল শিক্ষা হিতৈষী মানুষের সহায়তায় এই সিদ্ধান্ত সরকার কার্যকর করতে চায় সেজন্য সকলের সহযোগিতা কামনা করে।

... (Noise) ...

**Mr. Speaker :** Please take your seat. I am on my legs. The copies of the report will be available from the publication Counter. Members will have to collect their copies from there. I understand that a notice is being submitted by Mr. Saugata Roy demanding a debate on this report. I will fix 23rd December for this purpose. The time will be allotted by the B.A. Committee. We will discuss it there.

## THE INDIAN STAMP (WEST BENGAL AMENDMENT) BILL, 1998.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1998.

..(Secretary then read the Title of the Bill)..

***Dr. Asim Kumar Dasgupta :*** *Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment)* Bill, 1998, be taken into consideration.

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে ইন্ডিয়ান স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৮ নিয়ে এসেছেন, আমি তার উপরে আমার বক্তব্য রাখছি। আপনি জানেন যে এটা একটা পুরানো আইন। এটা অল ইন্ডিয়া আইন, ১৮৯৯ সালে এটা পাশ হয়েছিল। তখন বলা হয়েছিল যে বিভিন্ন রাজ্যের হাতে ক্ষমতা থাকবে এর কিছু কিছু ব্যবহার করার। আমাদের

বর্তমান সরকার ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট খুব বেশি ব্যবহার করেছেন এবং আপনি জানেন যে, আমাদের রাজ্যে শুধু স্ট্যাম্প ডিউটি থেকে ৩৯০ কোটি টাকা প্রতি বছর তোলা হয়ে থাকে। অসীমবাবু সেই বিলকে আরো একটু অ্যামেন্ডমেন্ট করছেন যাতে আরো কিছু তোলা যায়। নতুন নতুন ক্ষেত্রে মার্কেট ভ্যালু এই কথাটা ব্যবহার করা যায়। আপনি আইনজীবি হিসাবে জানেন যে, আগে যখন একটা প্রপার্টি রেজিস্ট্রি করা হত তখন প্রপার্টির যে ভ্যালু সেটা যারা রেজিস্ট্রি করেছেন, যিনি কিনছেন, আর যিনি বিক্রয় করছেন, তারা যা বলতেন সেটা সরকার স্বীকার করে রেজিস্ট্রি করা হত। তারপরে অসীমবাবু অ্যামেন্ডমেন্ট আনলেন যে, প্রপার্টি বা জমি কেনা বেচার ক্ষেত্রে যে নিয়ম চালু ছিল অর্থাৎ পার্টি যে মূল্য বলবে সেটা হবে না, বাজারে তার মূল্য কত তার উপরে হবে। এটা নিয়ে একবার দলিল লেখকরা স্ট্রাইক করেছিলেন। কিন্তু অসীমবাবু লেগে ছিলেন। স্ট্যাম্প ডিউটি প্রথম বছর খুব বেশি না হলেও পরে সেটা বেড়েছিল। এবারে উনি যেটা এক্সটেন্ট করেছেন, যে ইন্সট্রুমেন্ট রাখতে চাইছেন তাতে বলেছেন, (এ) এগ্রিমেন্ট or memorandum of an agreement relating to a sale of lease-cum-date of immovable property (b) conveyance (c) exchange of property (d) gift (e) partition (f) power-of-attorney (g) settlement (h) transfer of lease. এবারে ওনার মূল উদ্দেশ্য হচ্ছে প্রোমোটরের ক্ষেত্রে যে জায়গা আছে। প্রোমোটর উনি ডিফাইন করেছেন এবং কোথায় কোথায় ব্যবহার হবে প্রোমোটর সেটা উনি বলেছেন। এখন উনি বলছেন The same duty as Conveyance (No23) for the market value of the property; (b) for item (g) and the entries relating thereto, the following litems and entries shall be substituted. তারমধ্যে কি বলেছেন (g) when given to a promoter or developer, by whatever named called, for construction on, development of, sale of, or transfer in any manner whatsoever of any immovable property. সেখানে কত ট্যাক্স হবে The same duty as conveyance for the market value of the property সেম। তারমানে কেউ যদি একটি জমি প্রোমোটরকে দেয় এবং সেই প্রোমোটর যদি সেই জমি ডেভেলপ করে ফ্ল্যাটবাড়ি নির্মান করে ফ্ল্যাট বিক্রি করেন তাহলে তার রেট মার্কেট ভ্যালু অনুযায়ী ঠিক হবে। এটা দরকার এই কারণে যে, এর আগে আমরা দেখেছি, ইনি দুটি ট্যাক্স ছেড়ে দিয়েছেন। সেটা মাল্টিস্টোরেড বিল্ডিং-এর ক্ষেত্রে যেটা কর্পোরেশনের হাতে

চলে যাবে। এখানে কিছু স্ট্যাম্প ডিউটির টাকা পেতে পারবেন এবং সেখানে মার্কেট ভ্যালুর ভিত্তিতে টাকা আদায় করতে পারবেন। এখানে প্রোমোটারের ডেফিনেশন দিয়েছেন নতুন করে। এর আগে প্রোমোটর রেগুলেশন অ্যাক্ট রাজ্য সরকার পাশ করেছেন এবং সেটা কলকাতা এবং অন্যান্য জেলায় চালু হয়েছে। পরবর্তীকালে অ্যাপার্টমেন্ট ওনারশিপ অ্যাক্ট পাশ হয়েছে এবং তাতে প্রোমোটারের স্ট্যান্ডার্ড ডেফিনেশন ঠিক হয়ে গেছে। এতে ভালই হবে, কারণ আজকে প্রোমোটার সমাজে একটা বড় প্রবলেম। কাজেই তাদের ডিল করবার জন্য একটা ইউনিফর্ম অ্যাক্টের দরকার ছিল। প্রোমোটর কারা কারা হবেন এতে উনি সেটা বলেছেন। আজকে কলকাতায় মূল প্রবলেম হচ্ছে প্রোমোটর, কারণ তারা জমি-জমা নিয়ে ব্যবসা করছেন, পুলিশকে টাকা দিচ্ছেন, তাদের জন্য এলাকায় গন্ডগোল হচ্ছে, তার পার্টির কাছ থেকে টাকা নিয়ে তাদের ঠিকমতো ফ্ল্যাট দিচ্ছেন না, টাকা নিয়ে টাকা মেরে দিচ্ছেন, নানারকম বেআইনি কাজ করছেন। তার জন্য প্রোমোটারদের উপর সরকারের একটা কন্ট্রোল থাকা দরকার বলে মনে করি। সেজন্যই প্রোমোটারদের উপর স্ট্যাম্প ডিউটি বসিয়েছেন এবং সেখানে মার্কেট ফ্ল্যাটের ব্যাপারটা এনেছেন। এতে আমার কোনও আপত্তি নেই। আমার আপত্তি একটি জায়গায়। আমি জানি না আপনার কাছে কোনও রিপোর্ট আছে কিনা, এই যে মার্কেট ভ্যালু, এটা ডিটারমিন করবার জন্য বিশেষ বিশেষ অফিসারদের দায়িত্ব দিয়েছেন। কিন্তু আমার কাছে প্রমান আছে যে, যেসব অফিসারদের মার্কেট ভ্যালু ডিটারমিন করতে দায়িত্ব দেওয়া হয়েছে তারা আর্বিট্রারিলি কাজটা করছেন। এমনও নজির আছে যেখানে তার কম আদায় কনসিডারেশন মার্কেট ভ্যালুটা কমিয়ে দিয়েছেন। বরং একটা বাড়ি রাস্তার উপর রয়েছে। তার যা মার্কেট ভ্যালু হবে রাস্তার ভেতরে একটি বাড়ি যা রয়েছে তার ক্ষেত্রেও তারা বলছেন, ঐ একই মার্কেট ভ্যালু হবে। এখন জমি রেজিস্ট্রেশন করতে হবে, না হলে জমি রেকর্ডেড হবে না। লোকেরা এখনও চেষ্টা করছেন যাতে স্ট্যাম্প ডিউটি কম দেওয়া যায়। অসীমবাবু ঠিকই করেছেন, এখানকার জমি অন্য রাজ্যে রেজিস্ট্রেশন করা যাবে না, কিন্তু মার্কেট ভ্যালু ডিটারমিন করবার ক্ষেত্রে একটা ত্রুটি রয়ে গেছে। মার্কেট ভ্যালু অ্যাসেসমেন্ট করবার পর মানুষ যদি স্যাটিসফাইড না হন সেক্ষেত্রে এই সিস্টেমের মধ্যে রিলিফের কি ব্যবস্থা আছে? প্রোমোটররা ব্যবসা করছেন, কাজেই তাদের স্ট্যাম্প ডিউটি দিতেই হবে। এটা ঠিক আছে। কিন্তু সেটা ইউনিফর্ম করা দরকার। মানুষ যাতে অসুবিধার মধ্যে না পড়েন সেটা দেখা দরকার। এই বিলটা গুরুত্বপূর্ণ, কারণ এই বিল করবার ফলে সরকারের

স্ট্যাম্প ডিউটি কালেকশন বেড়ে যাবে। আমি জানতে চাইব, উনি কোনও অ্যাসেসমেন্ট করেছেন কি যে, এই বিল ইন্ট্রোডিউস করবার পর স্ট্যাম্প ডিউটি কালেকশনের পরিমান কত বাড়াতে পারবেন। সেখানে আর্বিট্রারি ডিসিশন মেকিং যাতে না হয় সেটা প্রিভেন্ট করবার জন্য কি করবেন সেটা বলবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব। এখানে একটা বিষয় আছে, চিফ কন্ট্রোলিং রেভিনিউ অথরিটিকে একটা ক্ষমতা দেওয়া হয়েছে, একটা লোক করলেও কিন্তু চিফ কন্ট্রোলিং রেভিনিউ অথরিটি সুয়োমটো তিনি এক তরফা ভাবে করে দেবেন। এই চিফ কন্ট্রোলিং রেভিনিউ অথরিটির উপর কোনও অ্যাপিলিয়েট অথরিটি থাকবে কিনা এটা মন্ত্রিমহাশয়ের কাছে জানার আছে। এ ছাড়া এই বিলে এ্যাজ সাচ আপত্তি করার কিছু নেই। সরকারের কোনও খরচ হবে না কিন্তু সরকারের আরো রেভিনিউ আসার সুযোগ এই বিলের মাধ্যমে হবে। সরকার যেখানে যেখানে রেভিনিউ আদায় করার সেটা করুক উইদাউট causing difficulty to the common people সেইজন্য আমি এই বিলের বিরোধিতা করছি না।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় সভাপতি মহাশয়, ইন্ডিয়ান স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট বিল ১৯৯৮) কে সমর্থন করে বক্তব্য রাখতে উঠে আমি আরো একবার মাননীয় বিধায়ক সৌগত রায়কে ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে, এই বিলের মূল যে কার্যকরী দিক সেটায় তিনি সহমত পোষণ করেছেন বলে। আরো দু একটা জায়গায় উনি বক্তব্য রেখে ব্যাখ্যা চেয়েছেন, আমি যতদূর পারি সেটা দেওয়ার চেষ্টা করছি। প্রথমত কোনও নির্দিষ্ট ক্লজে যাওয়ার আগে বলে রাখা ভাল যে ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট ১৯৯৩-৯৪ সালের সংশোধন করা হয় এবং সেখানে কনসিডারেশনের মানি-র জায়গায় মার্কেট ভ্যালু এই সংজ্ঞায় চলে আসার পর সত্যি অসুবিধা হয়। সেটা আমরা ধাপে ধাপে অতিক্রম করেছি। এটাও একটা লক্ষনীয় যে স্ট্যাম্প ডিউটির হার যা ছিল সেটা আমরা কমিয়ে দিই। আগে যখন মার্কেট ভ্যালু ছিল না স্ট্যাম্প ডিউটির হার কিন্তু একটা সিঁড়ির ধাপের মতো ছিল, ২৫ শতাংশ পর্যন্ত উঠতে পারত। আমরা প্রথমে ১০ শতাংশ কমিয়ে আনি এবং তারপর ৫ শতাংশে কমিয়ে দিয়েছিলাম গত বছরে। মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে বলছি, এই হাউসের তো আপনারা সহমত দিয়েছিলেন। এর পর পার্টিশনের ক্ষেত্রে, যেখানে গিফ্‌ট এবং পার্টিশনের ব্যাপার থাকবে, পার্টিশন যেটা কো-ওনার্সের মধ্যে থাকবে এবং গিফ্‌ট যদি ব্লাড রিলেশনের মধ্যে হয় সেখানে আরো কমিয়ে ৫ শতাংশ থেকে .৫ শতাংশ পর্যন্ত নামিয়ে দিয়েছি। এর পর আমরা কিন্তু দেখেছি রেজিস্ট্রি করার প্রবনতা বেড়েছে। আমাদের কালেকশনটা

বেড়েছে। এই বিষয়ে বিল আনতে গিয়ে এই জায়গাটা বোধ হয় ভুল বলা উচিত এই যে ক্লজ ৪ সাব-ক্লজ (১) যেটা আছে সেটা একটা সমস্যা হয়। সমস্যা হচ্ছে, এতদিন যিনি দলিল রেজিস্ট্রি করতে যেতেন তিনি সাব-রেজিস্ট্রারের কাছে যেতেন তিনি যদি মার্কেট ভ্যালু, উল্লেখ না করতেন তাহলে আমরা অনেক ক্ষেত্রে প্রভিশনালি রেজিস্ট্রি করে দিতাম এবং করে কালেকটারের কাছে এই দাম নির্ধারনের জন্য পাঠাতাম। কালেকটার মানে ডি.এম., এ.ডি.এম. অথবা এস.ডি.ও.। এই প্রভিশনালি রেজিস্ট্রি দেওয়ার ক্ষেত্রে মহামান্য হাইকোর্ট ২১.৫.৯৮ তারিখের আদেশে বলেন এই প্রভিশনাল দেওয়ার সুযোগ ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট-এ নেই, হয় আপনারা সার্টিফিকেট দেবেন না, সার্টিফিকেট ক্যানসেল করবেন অথবা অন্য পথ নিন। আমরা অন্য পথটাই নিলাম। আরো দু-একটা রাজ্যের অভিজ্ঞতা নিয়ে আমরা পেনডিং কথাটি না বলে অ্যাবিয়েন্স কথাটা ব্যবহার করব। এটা হল আইনগত দিক দিয়ে ক্লজ ৪ সাব-ক্লজ(১) এর মূল বক্তব্য। এর পরের জায়গাটা সৌগতবাবু ঠিকই বলেছেন, প্রোমোটার ডেভলপার্সের ব্যাপারে। পাওয়ার অব অ্যাটর্নি এবং লিজের মাধ্যমে হস্তান্তর করার ক্ষেত্রে এতদিন মার্কেট ভ্যালু ছিল না এবং এর মাধ্যমে কর ফাঁকি দেওয়া হচ্ছিল বলে আমার কাছে খবর এসেছিল। সেইজন্য এই ছিদ্র পথ বন্ধ করলাম। এই প্রোমোটরের ব্যাপারে হাউসিং ডিপার্টমেন্টের আইনে যে সংজ্ঞা সেই অনুযায়ীই সংজ্ঞাটা দিলাম যাতে সেটা নিয়ে কেউ আবার মামলা মকর্দমা না করতে পারে। আপনি প্রশ্ন করেছেন এর মাধ্যমে কত অতিরিক্ত আদায় করতে পারব আমার মনে হয় প্রথম বছর হয়ত ৫ কোটি কি তার থেকে একটু বেশি আদায় করতে পারব। আর একটা জায়গাতে আপনি বললেন এই বাজারে মূল্য নির্ধারনের ক্ষেত্রে যদি নির্বিচার ঘটে যায় আর্বিট্রারি কিছু ঘটে যায় তাহলে কি হবে। মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসের কাছে আর একবার বিষয়টি রাখছি।

[3-50 — 4-00 p.m.]

এই আশংকা ছিল বলে আমরা প্রথমে চিন্তা করেছিলাম। এই মার্কেট ভ্যালু কি হতে পারে তার নিরিখে আমরা একেবারে বেঁধে দেব যে, অমুক জেলার শহরাঞ্চলে অমুক ওয়ার্ডে বা গ্রামাঞ্চলের অমুক মৌজায় আমরা এটাই মনে করি যে মার্কেট ভ্যালু হতে পারে। এটা যখন করতে যাব ঠিক করেছিলাম এবং ভেবেছিলাম যে, এটা ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটকে দিয়ে সার্ভে করে সিএমডিএ এলাকায় এটা যখন করব, ঠিক সেই সময়ে মহামান্য সুপ্রিম কোর্টে একটা মামলা হয়। তারপর মহামান্য সুপ্রিম কোর্ট একটা আদেশ দেন, যেটি এখনও

বলবৎ আছে দেশের আইন হিসাবে যে, না, এই বাজার মূল্য তাতে অন্য কয়েকটি রাজ্য চলে গেছে, নির্দ্ধারণের ক্ষেত্রে উপর থেকে বলা যাবে না। সাব-রেজিস্ট্রার যিনি, তিনিই বলতে পারবেন। তাঁকে আপনারা কিছু গাইড লাইন দিতে পারেন। আমরা গাইড লাইন দিয়ে দিয়েছিলাম। উঁচু জমি, মাঝারি জমি, নিচু জমি, সেখানে কোনও জমি বিক্রি হয়েছে কিনা, সরকার কোনও জমি কিনেছেন কিনা, রাস্তার মোড়ের জমি, রাস্তার পাশের জমি - সমস্ত গাইড লাইন দেওয়া হল। এর পরেও কিন্তু আমাদের কাছে মাঝে মাঝে কমপ্লেন আসে, আমরা অভিযোগ পাই। এই অভিযোগ পাচ্ছি বলে দেখবেন, ক্লজ ৪৭(বি)তে বলা আছে, এখানে অ্যাপিল করার প্রভিসনটা খুব পরিষ্কার করে বলা আছে। ডিভিসন্যাল কমিশনারের কাছে অ্যাপিল করতে পারেন প্রত্যেকটি ক্ষেত্রে। আর ক্লজ ৪৭(সি), ঐ অ্যাপিলেরই পথ বেয়ে চিফ কন্ট্রোলিং অথরিটি রেভিনিউ অথরিটি, এই ক্ষেত্রে ফিনান্স সেক্রেটারি, দপ্তরের যিনি অর্থ সচিব পর্যন্ত এই অভিযোগ আমাদের কাছে মাঝে মাঝে আসছে বিভিন্ন জায়গা থেকে। ঐ ডিভিসন্যাল কমিশনার স্তরে যা স্থির হল বা তার আগে যা স্থির হল, সেখানেও আজকে এই ধরণের অভিযোগ আসছে। কোথাও বাড়িয়ে করে দিচ্ছে, কোথাও কাউকে কমিয়ে দিচ্ছে বা কাউকে জোর করে চাপিয়ে দিচ্ছে। সেইটা সংশোধন করার ক্ষেত্রেও সেখানে ফিনান্স সেক্রেটারি, এইক্ষেত্রে চিফ কন্ট্রোল অথরিটি তারপর তাঁর পদের ভিত্তিতে তিনি এনডর্সমেন্ট করতে পারেন। তার উপরে কোথায় রাখা যায়। এটি আমরা সেলস্ ট্যাক্সে এখন যেটি করা হয়েছে, আমরা কিন্তু নিচের কোনও কোর্টের কাছে রাখিনি। একেবারে হাইকোর্টের কাছে পথটা, আমরা যাওয়ার পথটা খুলে রেখেছি। তবে আমি এটুকু বলছি এই পথটা আমাদের রাখতে হল। জেলায় জেলায় কোনওক্ষেত্রে আমাদের কাছে অভিযোগ এসেছিল, সেক্ষেত্রে একেবারে ফিনান্স সেক্রেটারি স্তর ছাড়া আর কোনও স্তরের মাধ্যমে এর হয়তো সমাধান হোত না। এগুলি আমাদের মূল বক্তব্য ছিল। বাকিটা আমি ব্যাখ্যা করলাম। আমি আবার এই বিলটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Dr. Asim Kumar Dasgupta that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1998, be taken into consideration, was then put agreed to.

## Clauses 1 to 5 and Preamble

**Mr. Chairman :** There is no Amendment to Clauses 1 - 5 and the Preamble.

The question that Clauses 1 to 5 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1998, as settled in the Assembly, be passed.

The Motion was then put and agreed to.

## Adjournment

The House was then the adjourned at 3.54 p.m. till 11.00 a.m. on Tuesday, the 22nd December, 1998, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 22nd December, 1998 at 11.00 a.m.

### PRESENT

Mr. Chairman (Shri Kripa Sindhu Saha) in the Chair, 24 Ministers, 11 Ministers of State and 180 Members.

[11-00 — 11-10 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Chairman :** Before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the bad demise of **Shri Joykesh Mukherjee former member of this House,** who breathed his last on 20th December, 1998 at puri after a suden illness. He was 86.

Shri Mukherjee was born on the 11th November, 1913 at Moheery of Howrah district. In the year 1928 when he was more 14 he took part in the strike called for boycott of Simon Commission. In the very next year he was given the membership of Andul-Mouri Congress Committee and later on he was attracted to Marxist Ideology after coming in contact with Abdul Momen, a Trade Union Leader and Communist Leader and then he associated himself with the trade union activities. He was a whole time party worker though initialy Homoeopathy was his profession. He on the instruction of the party, associated himself with the peasent movement on and from 1939 and became one of the undisputed leader of Tevegha Movement and was a member of 'Paschimbonga Pradesik Krishak Sabha' and 'Sara Bharat Mishan Sabha' as well

He became the member of Communist Party of India in 1940 and was a member of Howrah District Committee and Howrah District Secretariat of the party as well. After the split of the Communist Party in 1964 he joined the C.P.I.(M). He had to face many awkward bad situations in his long political career. He spent 4 years in jail and had to go underground to carry on political activities.

Shri Mukherjee was elected a member of the West Bengal Legislative Assembly from Domjur Constituency in 5 terms i.e. in 1969, 1971, 1977, 1982 & 1987.

Apart from politics Shri Mukherjee was associated with many social and cultural organisation. He was the President of West Bengal Homoeopathy Council. He contributed many articles on important issues in Ganasakti Patrika and also authored Books like 'Comrade Madan Das', **'Howrah zilla krishak Andolaner Panchash Bachhar, 'Keu Bhole Keu Bhole Na' etc.**

At the demise of Shri Mukherjee the State has lost a vateran political leader an able organiser and a true friend of the down-trodden.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Member rose in their seats for 2 minutes as a mark of respect to the deceased)

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## HELD OVER STARRED QUESTIONS
### (to which oral answers were given)

### রাজ্যে আলু, পেঁয়াজ ও সরিষা উৎপাদন

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৭) **শ্রী বিনয় দত্ত ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ১৯৯৭-৯৮ আর্থিক বছরে কি পরিমাণ পেঁয়াজ, সরিষা ও আলু উৎপাদিত হয়েছে, এবং

(খ) উপরি উক্ত তিনটি ক্ষেত্রে রাজ্যের মোট চাহিদা কত?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ**

(ক) রাজ্যে ১৯৯৭-৯৮ আর্থিক বছরে পেঁয়াজ সরিষা ও আলুর উৎপাদন পরিসংখ্যান অনুযায়ী নিচে দেওয়া হলো ঃ

(১) পেঁয়াজ - ০.৮০ লক্ষ টন

(২) সরিষা - ২.৬৮ ,,

(৩) আলু - ৫৯.৪৯ ,,

(খ) উপরিউক্ত তিনটি ক্ষেত্রে রাজ্যের মোট আনুমানিক চাহিদা নিচে দেওয়া হলো ঃ

(১) পেঁয়াজ - ৩.৫১ লক্ষ টন

(২) সরিষা - ৭.৫০ ,,

(৩) আলু - ৪৬.০০ ,,

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, অতিরিক্ত প্রশ্ন আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে করছি। পেঁয়াজ, সরিষা, আলুর উৎপাদন বৃদ্ধির জন্য এই বছরে কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** পেঁয়াজের এলাকা ও উৎপাদন বৃদ্ধি করার জন্য এবারে ৫ শত ডেমনস্ট্রেশন প্ল্যান্ট এর ব্যবস্থা করা হয়েছে এবং সেটা ৭টি জেলায় হয়েছে।

জেলাগুলি হল, হুগলি, বর্ধমান, মালদা, বীরভূম, নদীয়া, মুর্শিদাবাদ, দিনাজপুর। এই কয়েকটি জেলায় ডেমনস্ট্রেশন প্লট এর ব্যবস্থা করা হয়েছে ৫ শতটায়। আলু চাষ এবারে বাড়বে এবং আমাদের যেসব জায়গায় বন্যা হয়েছিল সেখানে আলুর মিনিকিট দেওয়া হয়েছে। ১৩ হাজার ৫ শত মিনিকিট দিয়েছি। সরিষার জন্য আমরা যে সমস্ত খরা এবং বন্যা কবলিত এলাকা সেখানে ২ লক্ষর বেশি সরিষার মিনিকিট দেওয়া হয়েছে।

**শ্রী বিনয় দত্ত ঃ** পেঁয়াজ সংরক্ষণের কোনও ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা আছে কি?

[11-10 — 11-20 a.m.]

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** বিষয়টা এক্সক্লুসিভলি কৃষি দপ্তরের নয়, উত্তরটা দেবে কৃষি বিপনন দপ্তর।

**শ্রী বিনয় দত্ত ঃ** উক্ত পণ্যগুলোর উৎপাদনের লক্ষ্যমাত্রা এই বছরে কত?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** আমাদের রাজ্যে পেঁয়াজ উৎপাদন বাড়ছে, আলু সাধারণত আমাদের রাজ্যে ৬০-৬১ লক্ষ টন হয়, এক বছরে একটু বেশি হয়েছিল। এই বছরে উৎপাদনের লক্ষ্যমাত্রা ৬৫ লক্ষ টন ধরা হয়েছে। আর সরষের উৎপাদন বাড়াবার উদ্যোগ নেওয়া হয়েছে, মিনিকিট আমাদের রাজ্যে যথেষ্ট পরিমাণে দেওয়া হয়েছে। অয়েল সিড প্রোডাকশন যা হয় সেটাকে আমরা আরেকটু বাড়াবার চেষ্টা করছি।

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জানতে চাইছি, এই বছরে আপনি নিশ্চিত লক্ষ্য করেছেন যে, দীর্ঘ সময় ধরে এই রাজ্যের মানুষকে এই তিনটি নিত্য প্রয়োজনীয় জিনিস ক্রয়ক্ষমতার বাইরে যাবার জন্য বেশ কষ্টের মধ্যে পড়তে হয়েছিল। আপনি যে হিসাব দিচ্ছেন পিঁয়াজ, সরষে, আলু যা উৎপাদন হয় তার থেকে চাহিদা অনেক বেশি। শুরুতে আপনার কাছে কি এই হিসাব ছিলনা। থাকলে এই সঙ্কট দূরিভূত করার জন্য এবং মূল্যবৃদ্ধি যাতে না ঘটে তার জন্য আপনি কি কি ব্যবস্থা নিয়েছিলেন সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** প্রথমেই আপনাকে বলি এই সমস্ত জিনিসগুলোর আমাদের রাজ্যে যে চাহিদা সব কটি ক্ষেত্রেই আমরা চাহিদার চেয়ে কম উৎপাদন

করি তা নয়। আলু আমাদের ৪৬ লক্ষ টন প্রয়োজন, ৪০ লক্ষ টন খাওয়ার জন্য এবং ৬ লক্ষ টন বীজের জন্য। কিন্তু আমাদের রাজ্যে ৬০ থেকে ৬১ লক্ষ টন আলু উৎপাদন হয়। বর্ধমান এবং হুগলি জেলায় কিছু পেঁয়াজ উৎপন্ন হয় এবং পেঁয়াজ আমাদের বাইরে থেকে আনতে হয়। তৈলবীজ আমাদের এখানে ৪০ পারসেন্ট উৎপন্ন হয় এবং এর উৎপাদন আমরা বাড়ানোর চেষ্টা করছি। তবে অল্টারনেটিভ ব্যবস্থা হিসাবে অন্য রাজ্য থেকে কিছু পেঁয়াজ এবং কিছু তেল আমাদের আনতে হয়।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন সরষে এবং পেঁয়াজ আমাদের রাজ্যে কম উৎপাদন হয়। কিন্তু আলুর ক্ষেত্রে আমাদের প্রয়োজন ৪৬ লক্ষ টন, কিন্তু সেখানে আমাদের উৎপাদন হয় ৬০ লক্ষ টন। তাহলে চাহিদার থেকে অনেক বেশি উৎপাদন করেও আলুর দাম দশ, বারো টাকা কেজি হল কেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** সরষের তেল আমাদের উত্তরপ্রদেশ থেকে আনতে হয়, আপনার এই যুক্তিতে উত্তরপ্রদেশে সরষের তেলের দাম অনেক কম হওয়া উচিত। কিন্তু তা হয়না। ভারতবর্ষ হচ্ছে একটা দেশ এবং পণ্য এদিক থেকে ওদিকে যেতেই পারে। আলুর দাম যেটা বেড়েছে তা অন্য রাজ্যের তুলনায় কমই বেড়েছে। অবশ্য দাম সংক্রান্ত ব্যাপারটা কৃষি বিপনন দপ্তরের।

**শ্রী তাপস চ্যাটার্জি ঃ** মন্ত্রিমহাশয় বললেন, আলু বাড়তি উৎপাদনের জন্য উদ্যোগ নিয়েছেন। কিন্তু ইতিমধ্যে আলুর দাম ভয়ঙ্কর ভাবে পড়ে গেছে, চাষীরা বিক্রি করতে পারছে না। এই সময় যদি আবার বেশি উৎপাদন হয়, তাহলে চাষীরা দাম পাবে না। এক্ষেত্রে আলুর বাড়তি দাম নিয়ে কোনও চিন্তা-ভাবনা আছে কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** এই উত্তরটা আমার পক্ষে দেওয়া সমিচীন হবে না, এটা কৃষি বিপনন দপ্তরের ব্যাপার।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সরকারের দাবি, আমাদের রাজ্যে কৃষি এবং খাদ্যে উৎপাদন বাড়ছে, যা আপনি ডাটা দিয়ে বললেন। পেঁয়াজ এবং তৈলবীজ সরষের উৎপাদনের ক্ষেত্রে এই রাজ্যের অগ্রগতির হার কতটা, চাহিদার তুলনায় ঘাটতির হার কি এবং সেই ঘাটতি পূরণের জন্য কি ব্যবস্থা নিয়েছেন-এর যদি একটা রিপোর্ট বিগত কয়েক বছরের হিসাব দিয়ে দেন, তাহলে ভালো হয়।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** বিগত কয়েক বছরের পরিসংখ্যান আমার কাছে নেই, আপনি বললে পরের বারে দিয়ে দেব। তবে, তৈলবীজের উৎপাদন আগের থেকে বেড়েছে, পেঁয়াজের বাড়েনি। আমাদের রাজ্যে পেঁয়াজ মাত্র কয়েকটি জায়গায় হয়,- বর্ধমান এবং হুগলিতে। অন্য যে ৭টি জেলা বললাম, সেখানে ডেমনেস্ট্রেশন প্লট করছি কৃষকদের বোঝানোর জন্য যে, - পেঁয়াজ উৎপাদন তাদের পক্ষে লাভজনক। এটা বোঝাতে পারলে পেঁয়াজের উৎপাদন বাড়বে বলে আশা করি। এবং, তৈলবীজের ক্ষেত্রে সব রকমের সাপোর্ট কৃষকদের দিচ্ছি। সাফিসিয়েন্ট নাম্বার অব অয়েল সিড-এর মিনিকিট দিচ্ছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** গত বছর আলুর দাম দু-টাকা কেজি হওয়ার ফলে এবং হিমঘরে অনেক গন্ডগোল হওয়াতে অনেকেই কম আলু চাষ করছে। যে আলু হিমঘরে ঢুকেছিল, সেইগুলো বাইরে না গেলে এবং ব্ল্যাক মার্কেটিং নাহলে এত দাম বাড়ত না। আমাদের এখানে ভালো, বড়ো পেঁয়াজ হয় না, ঠিকই। পেঁয়াজ চাষের উপযুক্ত সময়ে উৎপাদন বাড়ানোর জন্য কোনও পরীক্ষা-নিরীক্ষা চালাবার চেষ্টা হয়েছে কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** পেঁয়াজ চাষ স্প্রেড করানোর জন্য আমরা ভীষণভাবে উদ্যোগ নিয়েছি। আমাদের এখানকার সয়েল এবং আবহাওয়া যা, তাকে তো মেনে নিতেই হবে। এসব মেনে নিয়েও দেখছি কতটা কি করতে পারি।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী নির্মলচন্দ্র দাস ঃ** স্যার, আমরা দেখলাম এবারের বিজেপি সরকার আসার পর সুষমা স্বরাজ, রাজস্থানের ভৈরো সিং শেখাওয়াত প্রতিজ্ঞা করেছেন সকলকে বৈরাগী বানাতে পেঁয়াজ না খাইয়ে। মাননীয় মন্ত্রিমহোদয় আমার প্রথম প্রশ্ন হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের কৃষি দপ্তর টারগেট ঘোষণা করেছিলেন। সেই টারগেট অনুযায়ী আমরা ফলন পেয়েছি কিনা? বন্টন ব্যবস্থার ক্ষেত্রে কৃষি দপ্তরকে কতটা ব্যবহার করতে পেরেছেন? যে উৎপাদিত হয়েছে সেগুলো রাখার ব্যবস্থা কতটা হয়েছে? কৃষি দপ্তর আর কৃষি বিপনন দপ্তরের সাথে কো-অর্ডিনেশন করে সাধারণ চাষীদের স্বার্থ রক্ষার ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করতে পেরেছেন? ইতিমধ্যেই তো বর্ধমানে আলুর দাম তিন চার টাকাতে নেমে গেছে।

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** দামের ব্যাপারটা কৃষি বিপনন দপ্তরের এটা আমি বলতে পারব না। আমাদের সাথে কৃষি বিপনন দপ্তরের কনস্ট্যান্ট কো-অর্ডিনেশন মেনটেন করা হয়। আলুর দাম নেমে যাওয়ার ব্যাপারে যেটা বলছেন, কোল্ড স্টোরেজের আলু বেরিয়েছে ফলে দামটা নেমে গেছে। নতুন আলু উঠলে দামটা ঠিক হবে। সামনের বছরে মূল্যবৃদ্ধির কোনও সম্ভাবনা নেই। আমাদের প্রোডাকশন ঠিক জায়গায় আছে। পেঁয়াজের ক্ষেত্রে বলি। এটা একটা আর্টিফিসিয়াল ক্রাইসিস করা হয়েছে। কেবলমাত্র ১৫ পারসেন্ট পেঁয়াজের প্রোডাকশন কম হয়েছে। ৫০০ পারসেন্ট দাম বাড়ার কোনও কারণ ছিল না।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়, ঠিকই বলেছেন পেঁয়াজ উৎপাদনের যে ক্লাইমেটিক কন্ডিশন তাতে আমরা সেল্ফ সাফিসিয়েন্ট হব না। কিন্তু সরষের ক্ষেত্রে সেটা সত্যি কি? ২২ বছর ধরে আপনারা সরকারে আছেন, এডিবল অয়েলের ক্রাইসিস প্রতি বছর হয়, এ বছরও হয়েছে। সরষে, বাদাম, পাম চাষ করে এডিবল অয়েলের ক্ষেত্রে এই রাজ্যকে স্বয়ম্ভর করার জন্য কোনও মাস্টার প্ল্যান নিয়েছেন কিনা? নিলে সেটা কি, জানাবেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** ৪০ পারসেন্ট আমাদের প্রোডাকশন হয়। এটাকে যথেষ্ট করার জন্য যে এরিয়া দরকার সেই এরিয়া আমাদের নেই। তাহলে আমাদের অন্য এরিয়াতে যেতে হবে এবং এরিয়া এনক্রোচমেন্ট হয়ে যাবে। এটাই হচ্ছে সমস্যা। আমি প্রস্তাব করেছিলাম তুষ তেল ব্যবহার করার জন্য, আমাদের র'মেটিরিয়ালের সমস্যাও হত না। তবে হাইকোর্টের ব্যাপার ছিল। সেই কারণে ব্যাপারটা এগোয় নি। গ্রাউন্ড নাট, বাদাম এগুলো আগের থেকে বেড়েছে, আমরা আরও বাড়াবার চেষ্টা করছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** স্যার, বল্গাহীন ভাবে দ্রব্য মূল্যের বৃদ্ধি ঘটেছে। এর পাপের ভাগ কংগ্রেসকে গ্রহণ করতে হবে এবং তার পর বি.জে.পি.। সেই পাপের ভাগ থেকে আজকে কৃত্রিম অভাব সৃষ্টি করার ব্যবস্থা করা হয়েছে। আজকে সারা ভারতবর্ষকে ওপেন করা হয়েছে ব্যবসার জন্য। আজকে পেঁয়াজের দাম বাড়ছে। ইরান-ইরাক থেকে পেঁয়াজ আমদানি করতে হচ্ছে। আমার মূল প্রশ্ন হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী এই অবস্থার উপর দাঁড়িয়ে বলেছেন পেঁয়াজ উৎপাদন করতে হবে। সে সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** এর উত্তর আবার দিতে হচ্ছে। আলু উৎপাদন করতে গিয়ে আলুর কনজামশন ৪৬ লক্ষ টন, কিন্তু আমাদের উৎপাদন হয় ৬২ লক্ষ টন। এটা নিয়ে কোনও সমস্যা নেই, সমস্যা হচ্ছে পেঁয়াজ নিয়ে। পেঁয়াজের উৎপাদন ৮০ লক্ষ টন। আমরা ৫০০টা ডেমোনস্ট্রেশন প্লট ৭টি জেলায় করেছি, যাতে কৃষকদের বেশি করে উৎসাহিত করা হয় এবং তাতে আমাদের সমস্যার সমাধান হবে।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে জানতেচাই রাজ্য সরকার হঠাৎ পেঁয়াজের দাম কার স্বার্থে ২৫ টাকা করে দিলেন। এখন বাইরে থেকে পেঁয়াজ আসছে এবং পেঁয়াজের দাম কমছে। রাজ্য সরকার যে ২৫ টাকা দর বেঁধে দিলেন এর পর সরকার কি পুনর্বিবেচনা করে সঠিক দাম করবেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** এই প্রশ্নের উত্তর কৃষি দপ্তরের মন্ত্রীর পক্ষে দেওয়া ঠিক হবে না।

## কৃষিঋণ মকুব

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৮) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খরা, বন্যা ও অকালবর্ষণে ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষিঋণ মকুব করার জন্য সরকার কি কোনও চিন্তা-ভাবনা করছে, এবং

(খ) করে থাকলে, তা কি?

(গ) শাস্তিমূলক ব্যবস্থাগুলি কী কী?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কৃষকরা কৃষি ঋণ নিয়েছিল মূলত চাষের জন্য। কিন্তু ফসল উৎপাদন না হলে বা নষ্ট হলে কৃষি ঋণ মকুব করা না হলে, কৃষি ঋণ শোধ করার ক্ষেত্রে তারা কোথা থেকে টাকা পাবে?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** প্রশ্ন ছিল কৃষি ঋণ মকুব করা হবে কি না? তার উত্তরে আমি বলেছি এখন কৃষি ঋণ মকুব করা হবে না, কিন্তু স্বল্প মেয়াদি যে কৃষি ঋণ সেটা মিডটার্ম লোনে কনভার্ট করা হবে। ঋণ শোধ করতে না পারলেও আবার ঋণ পাবে। এ ছাড়াও মিনিকিট ইত্যাদি সব আছে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** নতুন করে ঋণ দেওয়ার কথা আপনি ভাবছেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** লোন মিডটার্ম লোনে কনভার্ট করার মানেই হচ্ছে পরিশোধ না হলেও আবার ঋণ পাবে।

**শ্রী নিশিকান্ত মেহতা ঃ** পশ্চিমবঙ্গে এ বছর পুরুলিয়া, মেদিনীপুর জেলায় খরা হয়েছে এবং কোনও কোনও জায়গায় বন্যা হয়েছে। পুরুলিয়া জেলায় বিশেষ করে ৭৫ পারসেন্ট মৌজাকে খরা হয়েছে বলে ডিক্লেয়ার করা হয়েছে। সেখানে চাষীরা আশা করেছিল যে আমাদের মূল ফসল ধান সেটাই নষ্ট হয়ে গেছে, তাই আমরা সরকারের পক্ষ থেকে বিকল্প ব্যবস্থা হিসাবে চাষের জন্য ব্যাপকভাবে বীজ, সার ইত্যাদি পাব। কিন্তু সার ঠিকমতো পাচ্ছে না। সামগ্রিকভাবে এগ্রিকালচার ডিপার্টমেন্ট যেখানে খরা এবং বন্যা হয়েছে সেখানে আমাদের এই সীমিত ক্ষমতার মধ্যে থেকে কি কি দিতে পারবেন এবং তার জন্য কি উদ্যোগ গ্রহণ করছেন?

[11-30 — 11-40 a.m.]

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরের পশ্চিমের খরা অঞ্চলগুলোতে যথেষ্ট পরিমাণ মিনিকিট দিচ্ছে কৃষি দপ্তর থেকে। কৃষি ঋণ মকুব করা হয়নি, তবে সর্ট টার্মকে মিড টার্মে কনভার্ট করা হয়েছে। অনেকগুলো মৌজাকে খরা বা বন্যা কবলিত বলে ঘোষণা করা হয়েছে। এবং মোট প্রায় ১৭ কোটি টাকার বেশি মিনিকিট সেখানে দেওয়া হয়েছে। তার মধ্যে গম, সব্জী, সরষে, টম্যাটো, কলাই, কুলতি কলাই প্রভৃতি আছে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** আপনার দপ্তরের আমলারা রিপোর্ট পেশ করে ডি.এম.-র রিপোর্ট অনুযায়ী। কিন্তু আমাদের জেলা পরিষদ আছে, পঞ্চায়েত সমিতিও আছে। বিশেষ করে জেলা পরিষদ থাকা সত্বেও দেখা যাচ্ছে ইউ আর কলিং ফর দি রিপোর্ট ফ্রম দি ডি.এম. এবং ডি.এম.-র রিপোর্টের উপর বেস করে ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে, সেই সঙ্গে জেলা পরিষদের থেকে রিপোর্ট নেওয়া যায় কিনা?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** খরা বা বন্যা পীড়িত অঞ্চল ডিক্লেয়ার করার ক্ষেত্রে কৃষি দপ্তর এবং জেলা পরিষদের একটা যৌথ ভূমিকা থাকে। ৫০ শতাংশের কম ফসল হলে বা ৫০ শতাংশের বেশি ফসল নষ্ট হলে এটা করা হয়। যেসব মৌজায় এইরকম হয় তাকে খরা বা বন্যায় ক্ষতিগ্রস্ত বলে ডিক্লেয়ার করা হয়। এবং এই ডিক্লেয়ারের অধিকার ডি.এম.-কে দেওয়া হয়। কৃষি দপ্তরের পার্মিশন বা গ্রিন সিগনাল পেলে ডি.এম. এটা ডিক্লেয়ার করেন। কিন্তু তথ্য আসে জেলা কৃষি দপ্তর এবং জেলা পরিষদ থেকে।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরে খরা হয়ে থাকে। এর মধ্যে আবার মেদিনীপুরের ৩৩টা ব্লক খরা প্রবণ। নাবার্ড থেকে এ বছর উপযুক্ত সার দেওয়া গেল না, কংসাবতি বলছে জল দেওয়া যাবেনা। এ বিষয়ে আপনার দপ্তর নাবার্ড এবং সেচ দপ্তরের সঙ্গে সার এবং জলের জন্য আলোচনা করেছে কিনা?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** কংসাবতী বা ডি.ভি.সি. থেকে জল পাওয়ার ক্ষেত্রে ইরিগেশন দপ্তর আমাদের যা জানিয়েছে সেটা বলে দিয়েছি। আর, সারের ক্ষেত্রে মাঝখানে একটু সঙ্কট দেখা দিয়েছিল কিন্তু এখন সেটা ওভারকাম করা গেছে পটাশ এবং ১০ ২৬ ২৬ যথেষ্ট এসে গিয়েছে। আর, কৃষি ঋণের ক্ষেত্রে ঐ টুকু আমরা করতে পারব।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** ইতিপূর্বে রাজ্যের যে অঞ্চলে খরা বা বন্যা সরকারিভাবে ঘোষিত হয়েছে সেখানে কৃষি-ঋণ মকুব করা হয়েছে। কিন্তু এবার তার থেকে ব্যতিক্রম হওয়ার কারণ কি? আর, কৃষি ঋণ মকুব না করা গেলেও তার সুদ মকুব করা হবে কি না?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** এব্যাপারে আমরা ফিনান্স ডিপার্টমেন্টের সাথে কথা বলব।

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় সভাপতি মহাশয় আমার অতিরিক্ত প্রশ্ন হল, উনি বললেন যে, যে সমস্ত জেলাগুলোতে খরা হয়েছে সেখানে পর্যাপ্ত পরিমাণে মিনিকিটের ব্যবস্থা করা হয়েছে। আমাদের বাঁকুড়া জেলার অধিকাংশ মৌজায় কি কি ধরনের মিনিকিট পর্যাপ্ত পরিমাণে দেওয়া হয়েছে জানাবেন?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** বাঁকুড়া জেলায় ৪ হাজার গমের মিনিকিট দেওয়া হয়েছে, মাস্টার্ডের ২ হাজার মিনিকিট দেওয়া হয়েছে, মুগের ১ হাজার ৫০০

মিনিকিট দেওয়া হয়েছে, মুসুরির ৫০০ মিনিকিট দেওয়া হয়েছে। এগুলো সব মিনিকিটের সংখ্যা। গ্রাউন্ড নাটের ৩ হাজার মিনিকিট দেওয়া হয়েছে, বোরো প্যাডির জন্য ২ হাজার মিনিকিট দেওয়া হয়েছে, হাই-ব্রিড টমাটোর জন্য ১৯ হাজার মিনিকিট দেওয়া হয়েছে, হাই-ব্রিড টমাটোর জন্য ১৯ হাজার মিনিকিট দেওয়া হয়েছে, হাই-ব্রিড ক্যাবেজের জন্যও মিনিকিট দেওয়া হয়েছে।

**শ্রী সমর হাজরা ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন হল, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, খরা, বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের ঋণ মকুব করা হবে না। কৃষকদের বীমা করা আছে। কিন্তু আইনের মারপ্যাঁচের জন্য তাঁরা বীমার টাকা পাচ্ছেন না। বন্যা, খরা ও প্রাকৃতিক দুর্যোগের জন্য যে সব ফসল নষ্ট হয়েছে তার জন্য ক্ষতিগ্রস্থ কৃষকদের ব্লক ভিত্তিক শস্য বীমা চালু করার কথা ভাবছেন কি?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** ব্লক ভিত্তিক শস্য বীমা আছে। ওটাকে আমরা মৌজা ভিত্তিক করার কথা ভাবছি। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের আইনের মারপ্যাঁচ আছে। সেজন্য অনেকে বঞ্চিত হচ্ছেন। নতুন করে শস্যবীমা নিয়ে চিন্তা-ভাবনা করা হচ্ছে।

**শ্রী দিলীপ কুমার দাস ঃ** মাননীয় সভাপতি মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, মন্ত্রিমহাশয় আপনি মিনিকিটের কথা, মিনিকিট বিলি করার কথা বলেছেন। কিন্তু আপনার কাছে কোনও খবর আছে কি যে, এই মিনিকিটগুলো প্রকৃতই চাষীরা বিশেষ করে ক্ষুদ্র ও গরিব চাষীরা পাচ্ছেন কিনা? সেরকম কোনও তথ্য আপনার কাছে আছে? এই মিনিকিট যা দেওয়া হচ্ছে সেগুলো তারা মার্কেটে বিক্রি করে দিচ্ছে, এরকম কোনও খবর আছে কি? দ্বিতীয়ত আপনি সারের কথা বলেছেন। কিন্তু এই সার ডবল দামে খোলাবাজারে বিক্রি হচ্ছে। এব্যাপারে কোনও ব্যবস্থা আপনি নিয়েছেন কি?

**শ্রী নরেন্দ্র নাথ দে ঃ** আপনার শেষ প্রশ্নের উত্তরটা আমি আগে দিচ্ছি। সারের ব্যাপারে আমরা আজকে বা কালকের মধ্যে খবরের কাগজে সারের ম্যাকসিমাম রিটেইল প্রাইস ঘোষণা করে দিচ্ছি। ইতিপূর্বে সমস্ত জেলার পুলিশ প্রশাসন ও জেলা প্রশাসনকে অ্যালার্ট করা হয়েছে যাতে মার্কেটে কোথাও বেশি দামে সার বিক্রি হলেই সেব্যাপারে যেন অ্যাকশন নেওয়া হয়। আর মিনিকিটের ব্যাপারে যেটা বললেন যে, কৃষকরা মিনিকিট নিয়ে বিক্রি করছে। কিন্তু আমি বলছি যে এ ব্যাপারে আমার কাছে কোনও খবর নেই। তবে মিনিকিট ডিসট্রিবিউশনের

যে সিসটেম তাতে জনপ্রতিনিধিরা দায়িত্বে আছেন। জনপ্রতিনিধিরা বেনিফিশিয়ারি লিস্ট তৈরি করে ঠিক করে দেন যে, কারা কারা মিনিকিট পাবেন। এর উপরেও যদি ভাল কোনও পদ্ধতি থাকে তাহলে সেটা আমাদের বলবেন আমরা সেটা দেখব।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** অতিরিক্ত প্রশ্ন, স্যার। মাননীয় মন্ত্রিমহোদয়, আপনি বলেছেন ঋণ মকুব করা যাবেনা। বর্তমানে ক্রপ ইনস্যুরেন্স স্কিম ব্লক ভিত্তিক এবং আপনি নিশ্চয়ই জানেন পশ্চিমবাংলা সহ গোটা ভারতবর্ষে কৃষক, ক্ষেতমজুরদের পক্ষ থেকে বার বার দাবি তোলা হয়েছে মৌজা ভিত্তিকের। দিল্লিতে এক সময় যুক্তফ্রন্ট সরকার প্রস্তাব নিয়েছিল অঞ্চল ভিত্তিক করার জন্য, কিন্তু বর্তমান সরকার তা করে নি। তবে কংগ্রেস আমল থেকে দিল্লির সরকারের তরফে বলা হচ্ছে—অঞ্চল ভিত্তিক করাটা নির্ভর করছে রেসপেকটিভ স্টেট গভর্নমেন্টের নেসেসারি ইনফ্রাস্ট্রাকচার তৈরি করতে পারা, না পারার ওপর। যুক্তফ্রন্ট সরকার অঞ্চল ভিত্তিক ইনফ্রাস্ট্রাকচার গড়ে তোলার পরিপ্রেক্ষিতে যে পলিসির কথা ঘোষণা করেছিল তা এখন পর্যন্ত কার্যকর হয়নি। যেটা আজকে, অ্যাজেন্ডা অন টেবল টু ডে সেটা হচ্ছে পশ্চিমবাংলায় অঞ্চল ভিত্তিক ইনফ্রাস্ট্রাকচার - যেটা আমাদের দীর্ঘদিনের ডিমান্ড একজিকিউট করার ক্ষেত্রে, ইনস্যুরেন্সের প্রি-কন্ডিশন সেটা পূরণ করার ক্ষেত্রে রাজ্য সরকার কত দূর কি করতে পেরেছে? সাথে সাথে গ্রাম পঞ্চায়েত গুলোকে অ্যাডমিনিস্ট্রেশনের মধ্যে যুক্ত করে অ্যাজ পার অঞ্চল ইনস্যুরেন্সের নেসেসারি ইনফ্রাস্ট্রাকচার গড়ে তোলার রাজ্য সরকারের কোনও ইচ্ছা আছে কিনা তা জানাবেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** শুধু আমাদের সদিচ্ছাই সব নয়, আর্থিক সঙ্গতির একটা প্রশ্ন আছে। আমাদের রাজ্যে খরা বন্যা ইত্যাদির ক্ষেত্রে আমরা সমস্ত কিছু মৌজা ভিত্তিকই ঘোষণা করে থাকি এবং এর দ্বারা আমাদের সদিচ্ছাই প্রতিফলিত হয়ে থাকে। ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে আমরা বার বার দিল্লির সরকারকে বলেছি যে, ওটা গ্রাম পঞ্চায়েত ভিত্তিকই হোক। দিল্লিতে চতুরানন্দ মিশ্র যখন মন্ত্রী ছিলেন তখন তিনি এবিষয়ে কিছু উদ্যোগ নিয়েছিলেন, কিন্তু পরবর্তীকালে তা কার্যকর হয় নি। এখন আবার নতুন করে উদ্যোগের কথা শোনা যাচ্ছে। বর্তমানে যে প্রস্তাবটা এসেছে সেটা আমরা একজামিন করছি ফিনানসিয়াল ইনভলভমেন্ট কতটা কি আছে.

না আছে। কারণ আপনারা জানেন রাজ্য সরকারের একটা আর্থিক সীমাবদ্ধতা আছে। সদিচ্ছাই বড় কথা নয়, আর্থিক সঙ্গতির দিকটাও ভেবে দেখতে হবে। হ্যাঁ, আমরাও বিশ্বাস করি ছোট এরিয়া হলে ম্যাকসিমাম বেনিফিট দেওয়া সম্ভব। কিন্তু তার জন্য যে যে ইনফ্রাস্ট্রাকচার প্রয়োজন তার কতটা কি করা যায়, দিল্লির সরকার কতটা দায়-দায়িত্ব বহন করবে, না করবে, এই সব প্রশ্নগুলো আমাদের সামনে আছে।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন রাখছি। এই মাত্র মাননীয় মন্ত্রিমহাশয় বললেন খরা বন্যা বা অকালবর্ষনের ফলে কৃষকরা ক্ষতিগ্রস্ত হয়েছে, কিন্তু তাদের কৃষি ঋণ মকুব করার ক্ষেত্রে অসুবিধা আছে। মাননীয় বিধায়ক কামাখ্যানন্দন দাস মহাপাত্রের প্রশ্নের উত্তরে বললেন, সদিচ্ছা থাকলেও আর্থিক ক্ষমতা নেই। এই প্রসঙ্গে আমি জানতে চাইছি প্রাকৃতিক দুর্যোগে যে কৃষকরা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের সাহায্য করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে নির্দিষ্ট প্রস্তাব পেশ করা হয়েছে কি? নির্দিষ্টভাবে ক্ষতিগ্রস্ত কৃষকদের সংখ্যা এবং আর্থিক ক্ষতির পরিমান কেন্দ্রের কাছে উপস্থিত করা হয়েছে কি? যদি হয়ে থাকে তাহলে সে অনুযায়ী কেন্দ্র কোনও সাহায্য পাঠিয়েছে কিনা এবং পাঠিয়ে থাকলে তার অঙ্কটা কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** কেন্দ্রীয় সরকারের কাছে আলাদা করে কৃষি দপ্তর থেকে কোনও ডিমান্ড আমরা প্লেস করি নি। এটা সেইভাবে হয়ও না। আমরা আমাদের প্রয়োজনটা অর্থ দপ্তরকে জানাই এবং অর্থ দপ্তর মারফত দিল্লির কাছে জানানো হয়। সেই মতো জানানো হয়েছে, কিন্তু তাদের কাছ থেকে কোনও সাড়া পাওয়া গেছে বলে আমার জানা নেই। আর যেট: আমি বলছিলাম, মৌজাভিত্তিক আমরা করি, যেমন ধরুন, আমাদের পুরুলিয়া জেলায় খরায় অনেক ক্ষতি হয়েছে। সেখানে মৌজাভিত্তিক ডিক্লেয়ার করেছি। আমরা আমাদের যতটুকু সম্ভব করতে পেরেছি। কিন্তু বীমায় মৌজাভিত্তিক করতে গেলে যে পরিমান পরিকাঠামোগত পরিবর্তন এবং আর্থিক ইনভলভমেন্ট দরকার সেটা কতখানি সেন্ট্রাল গভর্নমেন্ট বিয়ার করবে সে ব্যাপারে এখনও সঠিক সিদ্ধান্তে পৌঁছানো যায়নি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় আপনি নিশ্চয়ই অবগত আছেন, সম্প্রতি পেটেন্ট সংশোধনী বিল দিল্লিতে পেশ হয়েছে এবং আগামী ২৩ তারিখে লোকসভায় সেটা নিয়ে আলোচনা হবে। সেই পেটেন্ট সংশোধনী বিলের যে পরিণতি

একটা দেশের, রাজ্যের কৃষি ব্যবস্থার উপর আঘাত নিয়ে আসছে এবং এক্ষেত্রে কৃষি উৎপাদন প্রচন্ডভাবে যে ব্যাহত হবে তাই নয়, কৃষি উৎপাদনের যে কোয়ালিটি সেটা নেমে যাবে এবং এটা জনস্বাস্থ্য বিরোধী, জনস্বার্থ বিরোধী। এছাড়া যে বায়ো ডাইভারসিটি আমাদের দেশের যে ধান চাষ - কিছুদিন আগে কলকাতায় এই নিয়ে একটা কর্মশালা ওয়ার্কশপ হয়ে গেল, সেই ওয়ার্কশপে কৃষি বিজ্ঞানীরা বলছেন, আমাদের যে ৪০ হাজার ভ্যারাইটির ধান হয় সেটা কমে ২ হাজার ভ্যারাইটিতে এসে দাঁড়াচ্ছে এবং আগামী কয়েক বছরে ৬টি ভ্যারাইটিতে এসে দঁড়াবে হাইব্রিডের ক্ষেত্রে। এই যে বায়ো-ডাইভারসিটি এই যে শস্যবৈচিত্র্যের উৎপাদন এটা সঙ্কুচিত হয়ে আসছে এবং মাল্টি-ন্যাশনালদের স্বার্থে এই যে পেটেন্ট বিল আসছে, এতে কৃষির উপর আঘাত আসবে। এ ব্যাপারে আপনার দপ্তরের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে অভিযোগ এবং আশঙ্কার কথা জানিয়েছেন কিনা? কারণ এই প্রসেসে ভিকটিম হবে রাজ্যসরকার। তাই রাজ্যসরকার তার কৃষিকে রক্ষা করার জন্য কি চিন্তা-ভাবনা করছেন সেই সম্পর্কে বলবেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আপনি যে প্রশ্নটি তুলেছেন, এটা সারা দেশের পক্ষে মারাত্মক একটা দিক। এই পেটেন্ট আইনের ফলে আমরা প্রাকটিক্যালি পরনির্ভর হয়ে যাবো, কৃষিতে আমাদের যে স্বনির্ভরতা সেটা ক্রমশঃ বিলুপ্ত হয়ে যাবে। এটা একটা মারাত্মক জায়গায় চলে আসছে। এ ব্যাপারে শুধু বিধানসভায় বলা নয়, বাইরেও আন্দোলনের মধ্য দিয়ে রোখার চেষ্টা করা হবে। আজ থেকে বেশ কিছুদিন আগে আমরা আমাদের ওপিনিয়ন দিল্লিকে চিঠি দিয়ে জানিয়েছিলাম। এই যে টোটাল মেকানাইজেশনের কথা বলছে, আমি এই কথাই বলছি, ইস্রায়েলে টোটাল মেকানাইজেশনের ফল দেখা দিয়েছে। এতে কৃষিতে মানুষেরা যে কাজ করতেন সেই সংখ্যা পারসেনটেজে কমে যাচ্ছে। কিন্তু আমাদের দেশে এই ধরনের যদি ঘটনা ঘটে তাহলে আমাদের দেশের দারিদ্রসীমার নিচে মানুষের সংখ্যা বেড়ে যাবে এবং আমরা কৃষিতে ক্রমশঃ ক্রমশঃ পরনির্ভরশীল হয়ে পড়ব। এই বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ।

**শ্রী সুভাষ সোরেন ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন, সরকার প্রদত্ত যে মিনিকিট দেওয়া হয়, অনেক সময়ে দেখা যায় চাষের পর সেগুলি পাওয়া যায়। এ ব্যাপারে আপনার দপ্তর কি চিন্তা-ভাবনা করছেন? অপরদিকে মেদিনীপুর জেলার দক্ষিনাংশে ঝাড়গ্রাম সাব-ডিভিসনে কিছুদিন বৃষ্টির অভাবে চাষবাস হয়নি। এখানে চাষের ব্যাপারে উদ্যোগ নেওয়া হয়েছে কিনা বলবেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** বীজের ব্যাপারে দুটি দিক আছে। আমরা এবারে খুব বেশি গার্ড দিয়েছি এই দুটি দিকের প্রতি। একটা হচ্ছে, বীজের কোয়ালিটি এবং আর একটা হচ্ছে সময়মতো বীজটা পৌঁছানো। কৃষি দপ্তর থেকে আমরা জেলা পরিষদের সব সভাধিপতিদের এবারে ইন অ্যাডভান্স জানিয়ে দিয়েছিলাম যে কোন বীজটা - গম হোক সরষে হোক, টমেটো হোক, কপি হোক—কত তারিখের মধ্যে ব্লকে পৌঁছানো হবে। সেই নির্দিষ্ট তারিখ অনুযায়ী এ বছর প্রতিটি বীজ নির্দিষ্ট জায়গায় পৌঁছে গিয়েছে। কোয়ালিটি সম্পর্কে আমরা যথেষ্ট প্রটেকশন এবারে নিয়েছি। আশা করি বীজের গুনের দিক থেকে, কোয়ালিটির দিক থেকে কোনও অভিযোগ কৃষি দপ্তরকে শুনতে হবে না। আমি পরেও খবর নিয়েছি—আমাদের সিদ্ধান্ত অনুযায়ী যদি কোনওটা বলা হয়ে থাকে ১০ থেকে ১৫ তারিখের মধ্যে পৌঁছাবে তাহলে একজাক্টলি ১০ থেকে ১৫ তারিখে কোনও একটি পার্টিকুলার ব্লকে পৌঁছেছে। এ সম্পর্কে কোনও নির্দিষ্ট অভিযোগ থাকলে বলুন। আমি জানি এ বিষয়ে কোনও অভিযোগ নেই।

## STARRED QUESTIONS
### (to which oral answers were given)

### চতুর্থ চলচ্চিত্র উৎসব

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩১) **শ্রী অজয় দে ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮ সালে কলকাতায় অনুষ্ঠিত ৪র্থ চলচ্চিত্র উৎসবে কত সংখ্যক ছবি প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছিল;

(খ) এই উৎসব পরিচালনার জন্য কোনও কমিটি গঠন করা হয়েছিল কি না; এবং

(গ) হয়ে থাকলে, কারা উক্ত কমিটির সদস্য ছিলেন?

[11-50 — 12-00 Noon.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ**

(ক) ১৪৫টি।

(খ) হ্যাঁ।

(গ) পরিচালনার জন্য দুটি কমিটি গঠন করা হয়েছিল। ২১ সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা পর্যদ এবং অপরটি ২৮ সদস্য বিশিষ্ট পরিচালন পর্যদ।

উপদেষ্টা পর্যদের সদস্য ছিলেন ঃ

১। শ্রী প্রশান্ত চট্টোপাধ্যায়

২। শ্রী মৃণাল সেন

৩। শ্রী সৌমিত্র চট্টোপাধ্যায়

৪। শ্রী সুনীল গঙ্গোপাধ্যায়

৫। শ্রী বুদ্ধদেব দাশগুপ্ত

৬। শ্রী বসন্ত চৌধুরী

৭। শ্রী তরুণ মজুমদার

৮। শ্রী রাজীব গুজরাল

৯। শ্রী ভাস্কর ব্যানার্জি

১০। শ্রী প্র.ভি. লোধা

১১। শ্রী বিজয়কুমার ঢনঢনিয়া

১২। শ্রী ভি. দাত্তগুপ্ত

১৩। প্রেসিডেন্ট, ক্যালকাটা চেম্বার অব কমার্স

১৪। শ্রী রাজেশ শাহ, প্রেসিডেন্ট, সি.আই.আই.

১৫। শ্রী হরবচন সিং, ইন্ডিয়ান ব্যাঙ্কিং অ্যাসোসিয়েশন

১৬। গণ, কনমালার কোর অব ক্যালকাটা

১৭। শ্রী ডি.সি. বাজপেয়ী

১৮। শ্রী অসীম বর্মন

১৯। শ্রী এস.কে. দেব

২০। শ্রী জহর সরকার

২১। শ্রী তপন মিত্র

**পরিচালন পর্ষদের সদস্য ছিলেন ঃ**

১। শ্রী গৌতম ঘোষ

২। শ্রীমতী অপর্ণা সেন

৩। শ্রী শুভেন্দু চট্টোপাধ্যায়

৪। শ্রীমতী দেবশ্রী রায়

৫। শ্রী শ্যামানন্দ জালান

৬। শ্রী স্বপন মল্লিক

৭। শ্রী প্রদীপ দে

৮। শ্রী হষবর্ধন নেওটিয়া

৯। শ্রী শিশির বাজোরিয়া

১০। শ্রী অরুণ চন্দ্র

১১। শ্রী এম.এল. লোহিয়া

১২। শ্রীমতী শান্তা ঘোষ

১৩। শ্রী জীতেন সান্যাল

১৪। শ্রী শান্তি আগরওয়াল

১৫। শ্রী এস.কে. টোডি

১৬। শ্রী এম.কে. জালান

১৭। শ্রী রবি পোদ্দার

১৮। শ্রী মনিশঙ্কর মুখার্জী

১৯। শ্রী দীপঙ্কর দত্তগুপ্ত

২০। শ্রী শান্ত মিত্র

২১। শ্রী কৃষ্ণ ভার্গা

২২। প্রেসিডেন্ট, ইস্টার্ন ইন্ডিয়া মোশান পিকচার্স অ্যাশোসিয়েশন

২৩। জেনারেল সেক্রেটারি, ফেডারেশন অব ফিল্ম সোসাইটিস অব ইন্ডিয়া।

২৪। ম্যানেজিং ডিরেক্টর, ওয়েস্ট বেঙ্গল ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন।

২৫। ডিরেক্টর (ফিল্মস্), তথ্য সংস্কৃতি বিভাগ।

২৬। শ্রী অংশু শূর, অধিকর্তা, কলকাতা চলচ্চিত্র উৎসব।

২৭। শ্রী জহর সরকার (আমন্ত্রিত সদস্য)

২৮। শ্রী অমিত কিরণ দেব (আমন্ত্রিত সদস্য)

২৯। শ্রী ইউ. কৃষ্ণন (আমন্ত্রিত সদস্য)

৩০। শ্রী এস. বিশ্বাস (আমন্ত্রিত সদস্য)

**শ্রী অজয় দে ঃ** উপদেষ্টা পর্যদ এবং পরিচালন পর্যদ এই দুটি কমিটির কথা মন্ত্রীমহাশয় যা বললেন, আমি জানতে চাই, এই কমিটির সদস্য যারা হন তারা কিভাবে নির্ধারিত হন বা কারা নির্ধারণ করেন মন্ত্রীমহাশয় তা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপাতত যেটা হয়েছে গত ২/৩ বছর সরকারই ঠিক করেন, সরকারই কমিটি গঠন করেন। এবার থেকে যেটা হবে সেটা হচ্ছে আমরা ফেস্টিভ্যাল অথরিটি বলে আলাদা একটি অথরিটি করছি। সোসাইটি ফর্ম করছি। কিন্তু গত ফেস্টিভ্যাল যেটা নিয়ে আপনি প্রশ্ন করেছেন সেখানে স্বাভাবিকভাবে ঐ দুটি কমিটি - পরিচালন পর্যদ এবং উপদেষ্টা পর্যদ - সরকারই সিদ্ধান্ত করে কমিটি তৈরি করেছেন।

**শ্রী অজয় দে ঃ** আন্তর্জাতিক যে উৎসবগুলি, যেমন বার্লিনের উৎসব এটাতে কমপিটিশান হয়। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আপনাদেরটাও কি কমপিটিটিভ? না হলে আগামী দিনে তা করার কথা ভাবছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আন্তর্জাতিক উৎসবগুলির মধ্যে অনেকগুলিতে কমপিটিশন হয়, কিন্তু আমরা কমপিটিশন করার কথা ভাবছি না। আমরা চাইছি, আন্তর্জাতিক স্তরের প্রথম সারির চলচ্চিত্র, ভারতীয় চলচ্চিত্রের সাধারণভাবে উৎসব। কমপিটিটিভ নয়, প্রতিযোগিতামূলক নয়।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই যে উৎসবটি হয় এতে কারা আমন্ত্রিত হন? কোনও আমন্ত্রণপত্র ছাপা হয় কিনা? আমরা, এই হাউসের সদস্যরা কিন্তু পাই না। আমি জানি না ব্যাপারটা ঠিক কি হয়? এখানে সকলের প্রবেশ কি অবাধ থাকে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মূলত যেটা হয়—এবারে ৮টা সিনেমা হলে এটা হয়েছিল। নন্দনে যেটা হয় সেটা হচ্ছে যারা ডেলিগেটস—ডেলিগেটস হন বিদেশি প্রতিনিধিরা, বিদেশি অতিথিরা, ফিল্ম সোসাইটি। মূলত তারাই ডেলিগেটস হন। বাকী হলগুলিতে শিশির মঞ্চে চিলড্রেন ফিল্ম দেখানো হয় ফ্রি অব কস্ট। ফার্স্ট কাম ফার্স্ট সার্ভ, বিনা পয়সায়। বাকি হলগুলিতে টিকিট বিক্রি হয় মেম্বার অব দি পাবলিক, সাধারণ মানুষের জন্য। নন্দনে প্রথম দিনের অনুষ্ঠানে আমরা কিছু আমন্ত্রণ করি। আমন্ত্রণের ক্ষেত্রে আপনারা বুঝতে পারছেন যে নন্দনে ৯ শত সিট। কাজেই সেখানে এক শত, দেড় শত, দুই শতর বেশি আমন্ত্রণ করা যায়না। এই অসুবিধা আমাদের রয়েছে।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, এখানে মাননীয় সদস্যদের উৎসবে আমন্ত্রণ করা হয় কিনা সেটা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** এখানে স্পীকারকে নিশ্চয়ই আমন্ত্রণ করা হয়, মেয়রকে আমন্ত্রণ করা হয়, এদের আমন্ত্রণ করা হয়।

**শ্রী অজয় দে ঃ** আমি জানতে চাইছি যে, বিরোধী দলের নেতা কি পাননা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** এটা ভুল হয়েছে। বিরোধী দলের নেতা শেষ দিনে পেয়েছেন। প্রথম দিনটার ব্যাপারে আমি ভুল স্বীকার করে নিচ্ছি। অনুষ্ঠানের যেটা

সমাপ্তি অনুষ্ঠান সেটাতে উনি পেয়েছেন। প্রথম দিনের ব্যাপারে আমার ডিপার্টমেন্টের দুর্বলতা, গাফিলতি বা ভুল হয়েছে। প্রথম দিনে তিনি পাননি। সেই খবরটা আমি দুই দিন পরে পেয়েছি। এটা ভুল হয়েছে, আমি ভুল স্বীকার করে নিচ্ছি।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি বললেন যে, এই উৎসব প্রতিযোগিতা মূলক নয়, অপ্রতিযোগিতা মূলক। বার্লিন চলচ্চিত্র উৎসব আমরা জানি প্রতিযোগিতা মূলক। কিন্তু এটা প্রতিযোগিতা মূলক নয়। সিনে সেন্টার ক্যালকাটার উদ্যোগে গতবার এই শহরে যে আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব হয়েছিল, দর্শকের বিচারে সেখানে সেরা ছবি ক্যারোলিন লিঙ্কের বিয়ন সাইলেন্স দেখানো হয়। ক্যারোলিনকে পুরস্কৃত করা হয়েছে, স্মারক সম্মান দেওয়া হয়েছে। এই উৎসবে তিনি আসতে পারেন নি, জার্মানির দুতাবাসে ডঃ হ্যানস পিটার বার্গকে দিয়েছেন। কিন্তু এবারে যে উৎসব হয়ে গেল সেখানে দর্শকের বিচারে সেরা কোনও ছবি নির্ধারিত হয়েছে কিনা, বা ঠিক করেছেন কিনা, সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** উনি যেটা বললেন সেটা ঠিক নয়। সিনে সেন্টারে গতবার এই উৎসব করেছিল আলাদা। এবারে সিনে সেন্টারের উৎসব হচ্ছে পার্ট অব অর্থাৎ এই মূল উৎসবের অঙ্গ হিসাবে তারা করেছিল। আমরা এই মূল উৎসবের অনেকগুলি ফিল্ম দেখিয়েছি। প্রায় বিদেশি ছবি দেখিয়েছি। তার মধ্যে ৩।৪টি ছবি নিয়ে খুব আলোচনা হয়েছে। কিন্তু উৎসব কমিটির কোনও সিদ্ধান্ত ছিলনা যে কোনও একটা বিশেষ ছবিকে শ্রেষ্ঠ ফিল্ম বলা হবে এবং এটা আমাদের লক্ষ্য ছিলনা। তবুও ৩।৪টি ফিল্ম নিয়ে মানুষের উৎসাহ বেশি ছিল।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, এই কলকাতার চলচ্চিত্র উৎসব সম্পর্কে একটা প্রথম শ্রেণীর সংবাদপত্রে বেরিয়েছিল যে, উৎসবে ৫০ লক্ষ টাকা খরচ করা হয়েছে রাজ্য সরকারের ইউরোপের কিছু ওঁছা, বস্তাপচা ছবি দেখানোর জন্য এই মন্তব্য করার পরে আপনি খুব রেগে গিয়েছিলেন এবং চলচ্চিত্র উৎসবের প্রথম দিন সেই প্রথম শ্রেণীর সংবাদপত্রকে আক্রমণ করে একটা বক্তৃতা দেন। এখন তো সেই রাগারাগির ব্যাপার নেই। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে, যে মানের ছবি এই উৎসবে এসেছিল তার জন্য সরকারের ৫০ লক্ষ টাকা খরচ করা যুক্তিযুক্ত হয়েছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যকে একথা বলব যে আপনি যদি নিজে একটু পরিশ্রম করে একটা ফিল্ম দেখতেন বা দয়া করে লিটারেচারগুলি পড়েন

তাহলে এই প্রশ্নের উত্তর পেতেন। আপনার প্রথম প্রশ্নের উত্তরে বলি, যে কাগজে এটা লিখেছিল আমি তার উত্তর দিয়েছিলাম "অশিক্ষিত কটুক্তির রুগ্ন কারখানার। আমি সেই বক্তব্যে এখনও দাঁড়িয়ে আছি যে, অশিক্ষিত কটুক্তির রুগ্ন কারখানা। যে সাংবাদিক এটা লিখেছিলেন, তার ফিল্ম সম্পর্কে কোনও বোধ বুদ্ধি নেই, তিনি জানেন না ফিল্ম মানে কি? আমাদের ওখানে রেট্রোসপেকটিভ ছিল আই এস টাইন। সৌগতবাবু আই এস টাইনকে জানেন। আই এস টাইন আপনি দেখেছেন। আমাদের রেট্রোসপেকটিভ ছিল "বেটন ব্রেক্ট"। আপনি জানেন যে তার শতবার্ষীক আসছে আগামী বছর। তার নাটক যে কয়টা ফিল্ম হয়েছে তাই নিয়ে আসছেন। আমাদের ওখানে ছিল "জানোসির"। একটা প্যাকেজে ৮টি ফিল্ম ছিল। এছাড়া আমাদের ছিল রোরকা। যারা এই ফিল্ম দেখেছেন, আমার ধারনা ব্রাজিল, ইজরাইল, ইরান, ইউরোপ বাদ দিয়েও ল্যাটিন আমেরিকা, ইজরায়েল, ইরান এবং ইউরোপের সাম্প্রতিক কালের সর্ব শ্রেষ্ঠ বইগুলি আমরা ফেস্টিভ্যালে আনতে পেরেছি। সেজন্য ৫০ লক্ষ টাকা আমাদের খরচ হয়েছে। এটা খুবই কম খরচ হয়েছে। আর একটু বেশি খরচ করতে পারলে হয়ত আর একটু বেশি ফিল্ম আনতে পারতাম। আমাদের সরকারের টাকার সমস্যা আছে, দুর্বলতা আছে। সেজন্য আমি এই ফিল্ম ফেস্টিভেলকে ক্রমশ সরকারের হাত থেকে বের করে অন্যদের সহযোগিতা নিচ্ছি। আপনারা শুনলে অবাক হবেন যে, আমরা খরচ করেছি ৫০ লক্ষ টাকা, কিন্তু আসলে খরচ হয়েছে ১ কোটি টাকার উপর। আমি পেয়েছি স্পনসরশিপ। কলকাতার বিগ বিগ কোম্পানি, কোল ইন্ডিয়া, ইন্ডিয়ান এয়ার লাইন্স, গভর্নমেন্ট আন্ডারটেকিংস এবং প্রতিটি চেম্বার অব কমার্সের সমর্থন আমরা পেয়েছি। তাদের সাহায্য পেয়েছি, স্পনসরশিপ পেয়েছি। সেন্ট্রাল গভর্নমেন্ট আন্ডারটেকিংস - তাদের প্রত্যেকের সাহায্য পেয়েছি। সেজন্য বলছি, কয়েক দিনের চলচ্চিত্র উৎসবের সামগ্রিক ফলশ্রুতির নিরিখে আমরা টাকাটা সফলভাবেই খরচ করেছি বলতে পারি।

**শ্রী নির্মল দাস ঃ** কলকাতার চতুর্থ চলচ্চিত্র উৎসব নিশ্চিতভাবে সফল হয়েছে, বিশেষ করে দর্শকের বিচারে। আমি সবিনয়ে প্রশ্ন করতে চাই, কলকাতা কেন্দ্রিক এই চলচ্চিত্র উৎসবকে শুধুমাত্র কলকাতায় সীমাবদ্ধ না রেখে, যেহেতু কলকাতার দর্শকরা সর্বদাই ভাল চলচ্চিত্র দেখতে পান যেটা কলকাতার বাইরে দেখতে পাওয়ার সম্ভাবনা কম, ভবিষ্যতে যখন চলচ্চিত্র উৎসব হবে তখন সেই উৎসবকে রাজ্যের বেশকিছু কেন্দ্রীয় জায়গায় ছড়িয়ে দেওয়া যায় কিনা এবং তার জন্য প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার ভবিষ্যতে তথ্য ও জনসংযোগ দপ্তরে তৈরি করতে পারেন কিনা?

[12-00 — 12-10 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য যেটা বলেছেন সেটা চিন্তা এবং দাবীর দিক থেকে সঠিক। আমরা কলকাতা মহানগরীতে বছরে একটি চলচ্চিত্র উৎসব করি। কিন্তু আমাদের রাজ্যে অনেকগুলো জেলা-শহর রয়েছে। আন্তর্জাতিক চলচ্চিত্রগুলি আনবার সময় যেসব ফিল্ম এজেন্সিগুলি সেগুলো আনেন তাদের একটা টাইম বেঁধে দিয়ে বলা হয় - অমুক দিনে ফিল্মটা পৌঁছাবে এবং অমুক দিনের ভেতর সেটা ফেরত দিতে হবে। সেখানে দুই-তিন দিনের চুক্তি হয়। সেখানে একটু বিচ্যুতি ঘটলে ভবিষ্যতে তারা আর কোনও চলচ্চিত্র পাবেন না। এমব্যাসি এবং প্রডিউসাররা এটাই করে থাকেন। তার জন্য ফিল্ম চলতে চলতেই সেটা ফেরত চলে যায়। তবে ভবিষ্যতে আমরা চেষ্টা করব কিছু ফিল্ম, বিশেষ করে ভারতীয় ফিল্ম যাতে রাখতে পারি, তাহলে কিছু বড় শহরে ছোট মাপের হলেও চলচ্চিত্র উৎসব আমরা করব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** সরকারি তরফে এই চলচ্চিত্র উৎসবে ৫০ লক্ষ টাকা খরচ করেছিল এবং বেসরকারি ও আধা সরকারি সংস্থাগুলির কাছ থেকে সম পরিমান অর্থ পেয়েছিল। এই ১ কোটি টাকা চলচ্চিত্র উৎসব করতে গিয়ে খরচ করলেন। আপনি জানেন, পশ্চিমবঙ্গে চলচ্চিত্র যারা নির্মাণ করেন সেই টেকনিশিয়ান স্টুডিওগুলিতে অনেক প্রতিভাবান শিল্পীরা রয়েছেন। কিন্তু তারা যখন সরকারের কাছে সাহায্যের জন্য যান তখন অর্থের সংস্থান নেই বলে আপনি তাদের ফিরিয়ে দেন। এই যে ১ কোটি টাকা খরচ হল, এই টাকাটা যদি তাদের হাতে তুলে দিতেন তাহলে ঐসব প্রতিভাবান শিল্পীদের উদ্যোগে কিছু পরিচ্ছন্ন বাংলা চলচ্চিত্র তৈরি হত। আগামী দিনে এ-ব্যাপারে আপনি কোনও উদ্যোগ নেবেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আপনি টালিগঞ্জের প্রতিনিধি, কিন্তু আপনি যদি টালিগঞ্জ স্টুডিও পাড়ার সমস্যা সম্পর্কে আর একটু গভীরে যেতেন তাহলে এটার সঙ্গে ওটাকে মেলাতেন না। আপনি জানেন না, চলচ্চিত্র শিল্পে রাজ্য সরকার যে টাকা খরচ করে তার একটা দিক হচ্ছে প্রোডাকশন। এই কমার্সিয়াল ফিল্ম প্রোডাকশনটা 'রূপায়ন' ল্যাবরেটরিতে করতে হবে এবং কেবল তাহলেই তারা ২ লক্ষ থেকে ৫ লক্ষ টাকা অনুদান পাবেন। আপনি জানেন না এটা। আমাদের রাজ্যের তিনটি স্টুডিওর মধ্যে সবচেয়ে চালু স্টুডিও হচ্ছে টেকনিশিয়ান স্টুডিও এবং সেটা সরকার চালাচ্ছে। সেখানে এখন রিনোভেশনের কাজ হচ্ছে এবং তার খরচটা এই ফেস্টিভ্যালের খরচের তিনগুন। এটাও আপনি জানেন না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** প্রশ্ন করা হয়েছিল প্রতিভাবান শিল্পীরা চলচ্চিত্র নির্মাণ করতে পারছেন না সে-ব্যাপারে। কাজেই জ্ঞান না দিয়ে তার উত্তর দিন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** প্রতিভাবান শিল্পীরা টাকা পান না, পান প্রডিউসাররা। আপনি জানেন যে, সমস্যাটা কি। আপনি জানেন যে, প্রতিভাবান শিল্পীরা টাকা চান না। টাকা চান প্রডিউসাররা।

**পুলিশ ও জনসাধারণের মধ্যে সম্পর্ক সমীক্ষা**

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে পশ্চিমবঙ্গ পুলিশ কমিশন কর্তৃক পুলিশের সঙ্গে জনসাধারণের সম্পর্কের উপর নির্দিষ্ট কিছু তথ্য নিয়ে নমুনা-সমীক্ষার কাজ শুরু হয়েছে;

(খ) সত্যি হলে, কবে থেকে উক্ত নমুনা-সমীক্ষার কাজ শুরু করা হয়েছে; এবং

(গ) নির্দিষ্ট তথ্যগুলি কি কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ**

(ক) পুলিশের সঙ্গে জনসাধারণের সম্পর্কের বিষয়টি পুলিশ কমিশনের বিচার্য হিসাবে রাখা আছে। বিচারের পদ্ধতি কমিশনের নিজেরই ঠিক করার কথা।

(খ) পূর্ণাঙ্গ প্রতিবেদন পাওয়ার পর বিষয়টি জানা যাবে।

(গ) পূর্ণাঙ্গ প্রতিবেদন পাওয়ার পর এ বিষয়ে বিস্তারিত বলা যাবে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আপনি বলেছেন যে, এটা পুলিশ কমিশনের বিচার্য হিসাবে রাখা আছে এবং পূর্ণাঙ্গ প্রতিবেদন পেলে বিষয়টি জানা যাবে। তার মানে নমুনা সমীক্ষার কাজ শুরু হয়েছে। আর আপনি বলেছেন যে, পূর্ণাঙ্গ প্রতিবেদন পেলে বিষয়টি জানা যাবে। এই প্রতিবেদন পেশ করার কোনও নির্দিষ্ট সময়সীমা ছিল কিনা। থাকলে তা কি এবং আপনি পূর্ণাঙ্গের কথা বলছেন, আংশিক কোনও তথ্য আপনার কাছে পেশ করা হয়েছে কিনা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** পুলিশ কমিশনের রিপোর্টের প্রথম বিষয়টি অর্থাৎ প্রথম খন্ডটি তারা জমা দিয়েছে ইতিমধ্যেই। তারমধ্যে অনেকগুলি গুরুত্বপূর্ণ রিপোর্ট সেগুলি আমরা এখনই দেখছি। এই বিষয়টি জনসাধারণ সম্পর্কে পঞ্চায়েতের সঙ্গে সম্পর্ক মিউনিসিপ্যালিটির সঙ্গে সম্পর্ক, পাবলিক পুলিশ রিলেশন এই ব্যাপারে দ্বিতীয় পর্যায়ের রিপোর্টের মধ্যে থাকে। আমরা আশা করছি যে, পরের বছর ৩১শে জুলাই এর মধ্যে পুলিশ কমিশনের রিপোর্টের দ্বিতীয় খন্ডটি পেয়ে যাব। তখন আমরা এই সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারব। কিন্তু মাননীয় সদস্যের প্রশ্নোত্তরে বলতে পারি যে, আপাতত পুলিশ কমিশনের রিপোর্টের বাইরেও রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুযায়ী একটা বিষয় ঠিক করেছি যে প্রত্যেক থানা ভিত্তিক পরামর্শদাতা কমিটি করা হবে। এই সিদ্ধান্ত ৩ মাস আগে হয়। কলকাতা পুলিশ সেই কমিটি চূড়ান্ত করেছেন এবং কলিকাতা পুলিশের প্রত্যেক থানায় মিটিং শুরু হয়ে গেছে। জেলা থেকে নামগুলি আসতে সময় লাগছে, কারণ অনেকগুলি স্তর ডিঙিয়ে আসতে হয়। এই পরামর্শদাতা কমিটি পূর্ণাঙ্গভাবে কাজ করতে পারলে জনগণের সঙ্গে পুলিশের সম্পর্ক আরও উন্নত হবে।

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the Table)

### মানবাধিকার কমিশন

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে নভেম্বর ১৯৯৮ পর্যন্ত রাজ্যে মানবাধিকার কমিশন কতজন পুলিশ বা সরকারি কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে; এবং

(খ) তন্মধ্যে কতগুলি সুপারিশ এ পর্যন্ত কার্যকর করা হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য মানবাধিকার কমিশন ৩০শে নভেম্বর ১৯৯৮ পর্যন্ত ৮৫ জন পুলিশ কর্মচারী সহ মোট ১১৭ জন সরকারি কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন।

(খ) শাস্তিমূলক ব্যবস্থা সংক্রান্ত ৭৪টি সুপারিশের মধ্যে ৫৮টি সুপারিশ ইতিমধ্যেই কার্যকর করা হয়েছে। অবশিষ্ট সুপারিশগুলো কার্যকর করার প্রক্রিয়া শুরু করা হয়েছে।

**ইন্টারনেট কমিউনিটি সেন্টার**

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৯) **শ্রী রামপদ সামন্ত ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে একটি ইন্টারনেট কমিউনিটি সেন্টার গড়ে তোলার চেষ্টা চলছে; এবং

(খ) সত্যি হলে, প্রকল্পটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ওয়ার্ল্ড টেল সংস্থার কাছ থেকে সারা রাজ্যে এক হাজারটি কমিউনিটি ইন্টারনেট সেন্টার বসানোর প্রস্তাব এসেছে।

(খ) বর্তমানে বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন রয়েছে।

**DACOITIES/MURDERS COMMITTED IN CALCUTTA**

*91. (Admitted Question No. *44) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) Number of dacoities/murders in Calcutta Police area in August, September and October, 1998 (monthwise); and

(b) Number of such incidents in 1997 in these three months ?

**Minister-in-charge of Home (Police) Deptt. :**

| (a) | Aug.'98 | Sept.'98 | Oct.'98 | Total |
|---|---|---|---|---|
| Dacoity | 3 | 2 | 1 | 6 |
| Murder | 7 | 5 | 10 | 22 |

| (b) | Aug.'97 | Sept.'97 | Oct.'97 | Total |
|---|---|---|---|---|
| Dacoity | 5 | 3 | 3 | 11 |
| Murder | 8 | 4 | 7 | 19 |

## ডিমের চাহিদা ও উৎপাদন

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৬) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে হাঁস-মুরগির ডিমের চাহিদা ও উৎপাদন কত; এবং

(খ) উক্ত চাহিদা ও উৎপাদনে ঘাটতি থাকলে, তা দূর করতে সরকারের পরিকল্পনা কি?

**প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে ১৯৯৭-৯৮ সালে মোট উৎপাদিত ডিমের সংখ্যা ২৬৩.৮ কোটি। চাহিদা বিষয়ে কোনও সমীক্ষা হয়নি। তবে আমাদের রাজ্যে ১৯৯৭-৯৮ সালে ডিমের প্রয়োজন ১৩,৬৬৪ কোটি।

(খ) যেহেতু চাহিদার তুলনায় ঘাটতি আছে, তা পূরণ করার জন্য রাজ্যে অবস্থিত ২২টি হাঁস মুরগির খামারগুলি থেকে উন্নত জাতের হাঁস-মুরগির বাচ্চা ও বাচ্চা ফোটানোর উপযুক্ত হাঁস-মুরগির ডিম ব্যাপকহারে চাষীদের অল্পদামে সরবরাহ করা হয়। এছাড়া দেশী জাতের অল্প উৎপাদনক্ষম হাঁস-মুরগির মান উন্নয়নের জন্য অধিক উৎপাদনক্ষম হাঁস ও মোরগ সরবরাহ করা হয়ে থাকে। পালনের জন্য নিয়মিতভাবে প্রতিটি হাঁস-মুরগির খামার থেকে প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। চাষীদের উৎপাদন বাড়ানোর জন্য ও সুষ্ঠু বিপনন ব্যবস্থার জন্য সমবায় গঠনে উৎসাহিত করা হচ্ছে। রোগ প্রতিরোধ ও উন্নত চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে। কম দামে উন্নতমানের খাবার প্রাণী পালকদের কাছে সহজলভ্য করার চেষ্টা করা হচ্ছে।

*Question No.93, Held over.

## রাজ্যে কৃষি জমি

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৩) **শ্রী রবীন দেব ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বর্তমানে কৃষি জমির পরিমাণ কত?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

গত ইং ১৯৯৬-৯৭ সালের কৃষি পরিসংখ্যান অনুযায়ী এ রাজ্যের নিট কৃষি জমির পরিমাণ হলো ৫৪ লক্ষ ৬৩ হাজার হেক্টর।

## কলকাতা চলচ্চিত্র উৎসব স্থায়ীকরণ

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬২) **শ্রী তপন হোড় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব যেমন বার্লিন, কাণ প্রভৃতির মতো 'কলকাতা চলচ্চিত্র উৎসব'-কে স্থায়ী রূপরেখার পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না; এবং

(খ) সদ্য অনুষ্ঠিত কলকাতা চলচ্চিত্র উৎসবে রাজ্য সরকার কত টাকা ব্যয় করেছে?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। প্রতিবছর এই চলচ্চিত্র উৎসব আয়োজন করার পরিকল্পনা করা হয়েছে তবে কাণ, বার্লিনের মতো প্রতিযোগিতামূলক নয়, প্রতিযোগিতামূলক উৎসব হিসেবে আয়োজন করার কথাই ভাবা হয়েছে।

(খ) সরকার সরাসরি ৫০ লক্ষ টাকা মঞ্জুর করেছেন।

## কলকাতা পুলিশে মহিলা অফিসার-ইন-চার্জ

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা পুলিশের কোনও থানা কি মহিলা পুলিশ অফিসার-ইন-চার্জ দ্বারা পরিচালিত;

(খ) যদি "হ্যাঁ" হয়, তবে ঐ থানার নাম কি;

(গ) কলকাতা পুলিশ দপ্তরকে রাজ্য পুলিশ দপ্তরের সঙ্গে সংযুক্তিকরণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(ঘ) কলকাতা পুলিশে মোট কতজন মহিলা অফিসার-ইন-চার্জ আছেন; এবং

(ঙ) তা কোন কোন থানায়?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

(ঘ) ১২ জন, বিভিন্ন শাখাতে ভারপ্রাপ্ত আধিকারিক হিসাবে কাজ করছেন।

(ঙ) কোনও থানাতে নয়।

**বাজেয়াপ্ত সরষের তেল**

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি কলকাতা পুলিশের এনফোর্সমেন্ট ব্রাঞ্চ বে-আইনি মজুত কত লিটার সরষের তেল বাজেয়াপ্ত করতে পেরেছে; এবং

(খ) উক্ত বাজেয়াপ্ত তেলের বাজার দর কত?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৬৩৭ কুইন্টাল ৩৫ কেজি সরিষার তেল বাজেয়াপ্ত করা হয়েছে।

(খ) উনচল্লিশ লক্ষ আটষট্টি হাজার আট শত বিরানব্বই টাকা (৩৯,৬৮,৮৯২ টাকা)।

## আন্তর্জাতিক সীমান্তে বেড়া

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮) **শ্রী অশোক দেব ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আন্তর্জাতিক সীমান্ত বরাবর বেড়া দেওয়ার কাজ বর্তমানে কোন পর্যায় আছে;

(খ) উক্ত কাজের দরুন স্থানীয় বাসিন্দাদের স্থানান্তকরণ বা পুনর্বাসনের বিষয়ে কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না; এবং

(গ) হয়ে থাকলে, উক্ত বিষয়ে কেন্দ্রীয় সরকারের সহায়তা পাওয়া গেছে কি?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আন্তর্জাতিক সীমান্ত বরাবর বেড়া দেওয়ার কাজ চলছে।

(খ) না।

(গ) প্রশ্নই ওঠে না।

## জলঙ্গী থানা

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৬) **শ্রী ইউনুস সরকার ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ১৯৯৪ সালে পদ্মানদীর ভাঙ্গনের ফলে জলঙ্গী থানার অ্যাডমিনিসট্রেটিভ বিল্ডিং পদ্মা গর্ভে বিলীন হয়ে গিয়েছে;

(খ) সত্যি হলে, বর্তমানে থানার অফিস-গৃহ তৈরির জন্য কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে কি না; এবং

(গ) হয়ে থাকলে, কত দিনে তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন আছে।

(গ) প্রস্তাব অনুমোদনের পর কাজ শুরু হবে।

**হীরাপুরের থানাগুলিতে পুলিশকর্মী বৃদ্ধি**

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৪) **শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হীরাপুর বিধানসভা এলাকার থানাগুলিতে পুলিশকর্মী বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**নজরুল পুরস্কার**

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৩) **শ্রী পেলব কবি ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিদ্রোহী কবি নজরুল ইসলামের জন্মশতবর্ষে কবির নামে কোনও পুরস্কারের ব্যবস্থা রাজ্য সরকার করেছে কি?

**তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সাধারণভাবে আলোচিত হয়েছে, চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

**সীমান্তে চোরাচালান**

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৫) **শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের সীমান্তবর্তী এলাকাগুলিতে চোরাচালান রোধে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী এলাকাগুলিতে চোরাচালান রোধের বিষয় প্রাথমিক দায়িত্ব বর্ডার সিকিউরিটি ফোর্স এবং ভূমি শুল্ক বিভাগের। রাজ্য প্রশাসন, চোরাচালান রোধের জন্য উক্ত বিভাগগুলির সাথে যোগাযোগ রেখে চলে। এ বিষয়ে যৌথ তদারকির স্বার্থে প্রয়োজনীয় মিটিং-ও মাঝে মাঝেই করা হয়ে থাকে।

**প্রাকৃতিক দুর্যোগে কৃষকদের সরকারী সাহায্য**

***১০৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৩) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খরা ও বন্যার ফলে রাজ্যে বর্তমান বৎসরে কত একর জমিতে কোনও চাষাবাদ হয় নি; এবং

(খ) ঐ সমস্ত জমির কৃষকদের সরকার কি কোনও সাহায্যের ব্যবস্থা করছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ-রাজ্যের ৩ (তিন)টি পশ্চিমাঞ্চলের জেলায় অনাবৃষ্টির ফলে ৬০ (যাট) হাজার হেক্টর জমিতে খরিফ ফসল, বিশেযত আমন ধান চায করা সম্ভব হয় নি। এ-ছাড়া অন্যান্য ১১ (এগার)টি জেলায় অতিবৃষ্টি ইত্যাদি কারণে বর্ষাকালীন ধান চাযে পরবর্তীকালে ৬ লক্ষ ৩২ হাজার হেক্টর পরিমান এলাকার খরিফধান সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে।

(খ) হ্যাঁ। খরা ও বন্যা প্রপীড়িত ক্ষুদ্র ও প্রান্তিক কৃযকগণকে সাহায্যার্থে রাজ্য কৃযিদপ্তর ১৭ কোটি ৭১ লক্ষ টাকা ব্যয়ে বিভিন্ন খরিফ ও গ্রীষ্মকালীন রবি ফসলের উন্নতমানের বীজ ১২,১৩,৬৬৬ টি মিনিকিটের মাধ্যমে বিতরণের ব্যবস্থা কার্যকর করেছে।

**আসানসোলে মহিলা পরিচালিত থানা**

***১০৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৭) **শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আসানসোলে একটি মহিলা পরিচালিত থানা আছে;

(খ) সত্যি হলে, ১লা জানুয়ারি ১৯৯৬ থেকে ৩০শে নভেম্বর ১৯৯৮ পর্যন্ত এখানে কতগুলি কেস লিপিবদ্ধ হয়েছে; এবং

(গ) উক্ত থানায় মোট মহিলা পুলিশের সংখ্যা কত?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মহিলা পরিচালিত কোনও থানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**সরকারি খামারে হাঁস, মুরগী পালন**

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৩) **শ্রী পরেশনাথ দাস এবং শ্রী মোজাম্মেল হক (হরিহর পাড়া) ঃ** প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কটি সরকারি খামারে হাঁস, মুরগী প্রতিপালন করা হয়; এবং

(খ) এজন্য বিগত ৫ (পাঁচ) বছরে রাজ্য সরকারের আয় ও ব্যয় কত?

**প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে রাজ্যে মোট ২২টি সরকারি খামারে হাঁস, মুরগি প্রতিপালন করা হয়।

(খ)

| বৎসর | আয় (কোটি) | ব্যয় (কোটি) |
|---|---|---|
| ১৯৯৩-৯৪ | ০.৩৯ কোটি | ১.৭৫ কোটি |
| ১৯৯৪-৯৫ | ০.৫৭ কোটি | ১.৯৭ কোটি |
| ১৯৯৫-৯৬ | ০.৭০৬ কোটি | ২.১৭ কোটি |
| ১৯৯৬-৯৭ | ০.৯১৮ কোটি | ২.৫৭ কোটি |
| ১৯৯৭-৯৮ | ০.৬০০৭ কোটি | ২.৯১ কোটি |
| **মোট** | **৩.১৮৪৭ কোটি** | **১১.৩৭ কোটি** |

**আলু সরবরাহে সঙ্কট**

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৮) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে আলু সরবরাহ সঙ্কটের কারণ কি;

(খ) সরকার এই সঙ্কট দূরীকরণের জন্য কোনও বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে কি না; এবং

(গ) করে থাকলে, তা কি?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ আলুর মরশুমে প্রাকৃতিক বিপর্যয় এবং ফসল তোলার মুখে অকালবর্ষনের ফলে আলুর উৎপাদন মার খায়। এর ফলে সংশ্লিষ্ট হিমঘর গুলিতে ধারণ ক্ষমতার মাত্র ৭০-৭৫ শতাংশ হিমঘরজাত হয়।

(খ) সঙ্কট দূরীকরণের জন্য সরকার হিমঘরগুলিতে মজুত আলুর উপর নিয়মিত নজরদারি ও তদারকী করে গেছেন।

**নবনির্মিত থানা**

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৭) **শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে রাজ্যে কতগুলি নূতন থানা হয়েছে; এবং

(খ) তন্মধ্যে উত্তর ২৪ পরগণায় কটি?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২টি।

(খ) একটিও না।

**HUMAN RIGHTS COMMISSION**

*109. (Admitted Question No. *500) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) in how many cases the State 'Human Rights·Commission' has accused the State Police Officer/Constable for Committing Offence during 1997-98; and

(b) what action has been taken thereof ?

**Minister-in-charge of the Home (Political) Deptt. :**

(a) In 13 Cases.

(b) 25 police personnel involved in the above cases have been subjected to penal actions - either administrative or legal.

**পুরুলিয়ায় খরা কবলিত মৌজা**

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯২) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কতগুলি মৌজাকে খরা কবলিত বলে ঘোষণা করা হয়েছে;

(খ) উক্ত মৌজাগুলির নাম কি; এবং

(গ) খরা মোকাবিলা করার জন্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরুলিয়া জেলায় ১৭৯৫টি মৌজাকে খরা কবলিত বলে ঘোষণা করা হয়েছে।

(খ) উক্ত মৌজাগুলির নামের তালিকা এই সঙ্গে দেওয়া হলো।

(গ) খরা মোকাবিলা করার জন্য সরকার যে যে পরিকল্পনা কার্যকর করেছে তা নিচে দেওয়া হল ঃ—

(১) (ক) বিকল্প খরিফ চাষ ব্যবস্থার জন্য ৬,৫০০টি মিনিকিটের মাধ্যমে উন্নতমানের কলাই বীজ ও ৩,৬৭৮টি মিনিকিটের মাধ্যমে উন্নতমানের কুলতি কলাই এর বীজ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণের মধ্যে বিতরণ করা হয়েছে।

(খ) মোট ২০,০০০ বাঁধাকপি ও ২৩,০০০ টমেটো মিনিকিট জলদি রবিচাষের জন্য ক্ষতিগ্রস্ত কৃষকগণের মধ্যে বিতরণ করা হয়েছে।

(২) এছাড়া পরবর্তীকালে বর্তমান রবি গ্রীষ্ম খন্দে নিবীড় রবি-গ্রীষ্ম উৎপাদন পরিকল্পনার মাধ্যমে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারগুলিকে বিভিন্ন ফসলের ১৪,৫০০ মিনিকিটের মাধ্যমে উন্নতমানের বীজ বিতরণ করা হয়েছে।

(৩) পরবর্তীকালে আরও ১৪,২৩৫টি মিনিকিটের মাধ্যমে সঙ্কর জাতের টমেটো বীজ এবং উন্নত জাতের সরিষা বীজও ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণের মধ্যে বিতরণ করা হয়েছে।

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia.

Name of Block : RAGHUNATHPUR-II

1. Hadla
2. Ushir
3. Joradih
4. Ratanpur
5. Chatarmahal
6. Sagarka
7. Barakanali
8. Dandra
9. Barasolia
10. Trishuldanga
11. Nandapdanga
12. Montore
13. Dhanara
14. Khatra
15. Paranpur
16. Gobianda
17. Dignagar
18. Bagmarmi
19. Muldih
20. Banda
21. Bamarrah
22. Motiara
23. Nanduka
24. Batmanmi
25. Tarapur
26. Baragoria
27. Simra
28. Chelyama
29. Kargali
30. Pabra
31. Rangamati
32. Charanbandh
33. Kalipur
34. Pathartikuri
35. Pratappur
36. Monipur
37. Kewabathan
38. Dumdumi
39. Kharikabad
40. Chandra
41. Ghutitora
42. Lachiara
43. Mutandih
44. Tentulia
45. Narina
46. Taldih.

Total No. of Mouzas : 46

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia.
Name of Block : MANBAZAR-I

JITUJURI G.P. :

1. Sindurpur
2. Benkva
3. Mouzadih
4. Lankagora
5. Balchaboni
6. Pratappur
7. Patharkata
8. Rajagram
9. Chirubhita
10. Gosaidih
11. Birsinadih
12. Challa
13. Fatepur
14. Dubrajpur

BANI-MAJHTHJRA G.P.:

1. Ramni
2. Bhabanipur
3. Hullung
4. Janara
5. Majhihira
6. Kadma
7. Mahara
8. Larra
9. Kaparra
10. Shyamsunderpur
11. Purru

KAHTA-JANGJDIRI :

1. Kadma
2. Basudebpur
3. Bagkhuar
4. Durku
5. Mohandi
6. Tjkya
7. Damda
8. Kalabani
9. Keshya
10. Mahilidi
11. Baliguma
12. Bijoydi
13. Turang
14. Jangidiri
15. Kuda
16. Dakakendu
17. Kurmasole

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia.
Name of Block : MANBAZAR-I

GOPALNAGAR G.P. :

1. Kashargoria
2. Ghastoria

BARAIMSHYA-BAMNAGAR G.P.

1. Dhuliapara
2. Poradih
3. Banagram
4. Aludungri
5. Tushyama
6. Rudipur
7. Mashaspur
8. Amlatora
9. Goalapara
10. Bhasandanga
11. Laudaha
12. Bhalukhundi
13. Dumaria
14. Ratnadih

CHANDRA-PAIRACHALI :

1. Mukundapur
2. Barasagan
3. Sagonbedva
4. Gokulnagar
5. Bagaldhara
6. Bhagra
7. Shyamnagar
8. Pairachali
9. Dulalpur
10. Dhabani
11. Paisagora
12. Bankati
13. Simchaka
14. Joysingpur
15. Dhonka
16. Bauridiha
17. Gobarda
18. Koldiha
19. Dabar
20. Bagsanka
21. Khairbani
22. Haisamura

MANBAZAR G.P. :

1. Akshaypur
2. Balasbani
3. Faknardih
4. Jharbagda
5. Gobindapur
6. Chakmahuldanga

List of Mouzas - with less than 50% transplantation for 'Kharif paddy 1998 of Purulia.

Name of Block : MANBAZAR-I

7. Mutan-Indkuri
8. Bankata-Seshardih
9. Barisahar
10. Samda
11. Harakrishnapur
12. Bankata
13. Harakrishnapur
14. Mahulbanad
15. Rasudi
16. Kalabani
17. Kahalpara
18. Kamalpur
19. Charki
20. Jonboria
21. Barajagari
22. Manbazar
23. Kandbadya
24. Babudih
25. Gopalpur
26. Puratan-Indkuri

BISRI G.P.

1. Sukapata
2. Baiduma
3. H. Guntupa
4. Bhananapur
5. Chuko-Mansupa
6. Anandapur
7. Gosaipur
8. B/Jagannathpur
9. C/Jagannathpur
10. Gobindapur
11. Badhanagar
12. Bankata
13. Gobindapur
14. Barakuri
15. Patharmahara
16. Madhupur
17. Ganeshgora
18. Golkidih
19. Bishri
20. Saturdih
21. Kushaldih
22. Gobindanagar
23. Pialsole
24. Tontla
25. Lohadih
26. Chirudih
27. Dalderia
28. Manpur
29. Bhangardih
30. Mohandih

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif-paddy 1998 of Purulia District.
Name of Block : PARA.

PARA G.P. :

1. Tentulhity
2. Kenkchia
3. Goaladih
4. Pealsol (D.P)
5. Itakora
6. Chungari (D.P)
7. Para
8. Hariharpur
9. Birkicha (D.P)
10. Kolyahi
11. Beradih
12. Baisyakut

ANARA G.P :

1. Sayar
2. Mapuidih
3. Maldih
4. Anara
5. Chapuri
6. Palma
7. Amalatora
8. Rampur

JHAPRA-JABARRHA G.P.

1. Jabarrha
2. Jhapra
3. Sankra

JHAPRA-JABARRHA-II G.P.

1. Jetulabaid
2. Bagalia
3. Phusrabaid
4. Layara
5. Ranipur
6. Joreberia
7. Dhagra
8. Kushgora-Gopinathpur.

DEOLI G.P. :

1. Sindurpur
2. Chhotoudahpur
3. Dumurdih

BAHARA G.P. :

1. Phatepur
2. Kharikabad
3. Dhalahitar
4. Reshagarya
5. Madhabpur
6. Manipur
7. Kantabani
8. Bhanderkuli
9. Patpur

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.

Name of Block : PARA.

NADIHA G.P. :

1. Choukunya
2. Chitadih
3. Rautera
4. Phatepur
5. Canahar
6. Bagalmari
7. Chalunia
8. Hatimara
9. Ganabhita
10. Kaluhar
11. Sunulia
12. Ghalka
13. Bhatdih
14. Bangamatia
15. Chonpatia
16. Madiha
17. Banama

DURBA G.P. :

1. Koldih
2. Putulia
3. Kinsyar
4. Duba-Agar
5. Mankdiha
6. Agar
7. Sidpur
8. Gunguria
9. Bamunbad
10. Keliasota
11. Dubra
12. Bahardih
13. Balichasa
14. Kotlapur
15. Gobindapur
16. Mohuda
17. Kashibaria
18. Dulahaid
19. Alkusa
20. Dharia

UDAYPUR G.P. :

1. Ramkrishna
2. Panduka
3. Paranpur
4. Thakurdih
5. Rameshyardih
6. Sukhamaya Chalk
7. Dhadkidi
8. Gopalpur

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.

Name of Block : PARA.

9. Joynagar-Udaypur
10. ...
11. ...
12. ...
13. Shyampur
14. ...
15. Chalktor
16. Balla
17. Chitra
18. Malanchadi
19. Pirma
20. Hanaktora
21. Panashya

PUOURIDHI G.P. :

1. Sarberia
2. Ackanja (D.P)
3. Bamundiha
4. Jurradih
5. Taltora (DP)
6. Bhowridih
7. Barbanda
8. Sidhabari
9. Rangamatya
10. Bigadih
11. Chhoito Irga
12. Bara-Irga
13. duarimahal
14. Chhaturbhypur (DP)
15. Linania
16. Palaskura

Total Mouzas : 117 Nos.

Name of Block : PURULIA-II.

A. AGAYA-NARRAH G.P.

1. Agaya
2. Narrah
3. Kalapathar
4. Lakhanpur
5. Barasini
6. Chunardih
7. Batikara
8. Harialgara
9. Baghudih
10. Kustard
11. Arita
12. Kotra
13. Chotpur

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.

Name of Block : PURULIA-II.

14. Sindurpur
15. Biralgoria
16. Deoli
17. Kustuka

B. HUTMURA G.P.

18. Hutmura
19. Chirumarcha
20. Baligara
21. Chanchara
22. Dhansura
23. Bhabanipur
24. Sidpur
25. Karchakuli
26. Chhoto-Chandra

C. BHANGRA G.P.

27. Kolkata
28. Chopri
29. Karcha

Total Mouzas :- 29 nos.

Name of Block : PURULIA-I.

SANAIJURI G.P.

1. Baligara
2. Bhalumara
3. Manguria
4. Sonaijuri
5. Ramnagar
6. Sakchita

MANARA G.P.

1. Purru
2. Bhursu
3. Akerbaid
4. Ulidih

CHAKALTORE G.P.

1. Narradih

LAGDA G.P.

1. Lagda
2. Sakchita
3. Bugadih
4. Dhauka
5. Polkiri
6. Mahalitora
7. Raibaghini

BHANDRAPUARA G.P.

1. Tilagora
2. Koldih

DIMDIHA G.P.

1. Kukurgoria
2. Bhul
3. Satara
4. Tatla
5. Nutandih

Total No. of Mouzas : 25

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : PUNCHA.

CHANDRA G.P.
1. Deorang
2. Dhabani
3. Rajkhanda
4. Chandra
5. Rajnowagor
6. Arandabakar

CHIRUDIH G.P.
1. Chaktagora
2. Raghunathpur
3. Arali
4. Paruda
5. Simalkanali
6. Mohuldanga
7. Debagram
8. Dhengakend
9. Aalkusiadanga
10. Paika
11. Chandanpur
12. Layamara
13. Kendbanl
14. Lahuria
15. Paradih

PIRRA G.P.
1. Pirra
2. Babuijore
3. Bharatdi
4. Matha

NAPARA G.P.
1. Kaira
2. Delang
3. Dhadkidih
4. Gangardih
5. Chhotalalpur
6. Napara
7. Bhatadi
8. Damodarpur
9. Jagda
10. Bhutam
11. Ramaidih

LAKHRA G.P.
1. Birdang
2. Lakhara
3. Amjara
4. Chakiya
5. Badra
6. Parbaid
7. Raghunathpur
8. Misradeoli
9. Haridih
10. Bishpuria
11. Kalapathor
12. Joykalla

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : PUNCHA.

JAMBAID G.P.
1. Dharampur
2. Jambaid
3. Mahaspur
4. Banse
5. Gopinathpur

PANIPATHOR G.P.
1. Makarka
2. Neguria
3. Palma
4. Punuara
5. Kuchung
6. Katrahi
7. Kalipur
8. Baranakhi
9. Batandih
10. Latasindhury
11. Lapdth
12. Pratappur
13. Rolabaid
14. Gargatbahal

BAGDA G.P.
1. Kanora
2. Niyasa
3. Shyampur
4. Saragora
5. Shyamakol
6. Agaya
7. Gapalpur
8. Raipahari
9. Narendrapur
10. Kanchanpur
11. Kundurka
12. Bankanali
13. Ramakundi

PUNCHA G.P.
1. Dhadki
2. Saragora
3. Bahadurpur
4. Chaklalpur
5. Amlakanali
6. Fotepur
7. Laolara
8. Tatari
9. Puncha
10. Parui
11. Kendadih

KENDA G.P.
1. Hariharpur
2. Shyamdi
3. Kenda
4. Balakdi

Total Mouzas :- 95 Nos.

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : HURA

KALABANI G.P. :

1. Kalabani
2. Pirrah
3. Dhagora
4. Hirh
5. Parhasibone
6. Madhabpur
7. Tilabani
8. Pajania
9. Bathandih
10. Deshra
11. K.P. Rangadih
12. Shvamaluta
13. Batabathan

LADHURKNA G.P. :

1. Kharpora
2. Matalpara
3. Dumursola
4. Sahandi
5. Saldiha
6. Belabahal
7. Bagdisa
8. Bahukata

LAKHANPUR G.P. :

1. Kapatkata
2. Satkalla
3. Layakdih
4. Madhuban
5. Hura-Koahabpur
6. Khairipihira
7. Dholkutta
8. Deoli

JABARDAH G.P. :

1. Gundlubari
2. Madiha
3. Kulabahal
4. Hatihari
5. Dumdumi
6. Panchadih
7. Haling
8. Kulgora

DAIDALI G.P. :

1. Daldali
2. Hanpar
3. Kapasgora
4. Chakalta
5. Kusumjora
6. Garurbasa
7. Fuinandih
8. Bhagabundh
9. Palgá

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.

Name of Block : HURA

KESHABGARH G.P. :

1. Dapang
2. Koshargarh
3. Karrudova
4. Jojodih
5. Madandih
6. Basamtarh
7. Laknokundi

CHATURADAR G.P. :

1. Hatjkudar
2. Amlatora
3. Kajuli
4. Chatumadar
5. Karandih
6. Bariarpur
7. Dandudih
8. Bischiatapur
9. Baisa
10. Pirarliya
11. Piyalsole

M.-LALPUR G.P. :

1. Ladadih
2. Banagram
3. Chakgopalpur
4. Sarachakalta
5. Monomirin-Lalpur
6. Pratappur
7. Paharpur

HIRA G.P. :

1. Tangi Nowada
2. Pukharia
3. Samlagoria
4. Kumrabaid
5. Kaliabasa
6. Kundrudih
7. Pursudadih
8. Motipur
9. Dhangagora

RAKIHRA-BISPURIA G.P. :

1. Kumardih
2. Dhabani
3. Jonaberia
4. Dimbaid
5. Sivara
6. Rakhara
7. Dhadkigora
8. Mejhladanga
9. chanchipathar
10. Papasa

Total Mouzas :- 90 Nos.

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : KASHIPUR

AGARDHICHITRA G.P. :

1. Agardhi
2. Chaka
3. Lakhipur
4. P/Pahari
5. Chitra
6. Shalya
7. Mekhada
8. Saja
9. L-Pahari
10. Kashidhi
11. Sura
12. Baharbera
13. Tara
14. Mirgipahari
15. Bhalin

RANGAMATIRANJANDI G.P. :

1. Bhaluknagar
2. Paniza
3. Badma
4. Amlabahal
5. Malancha
6. Joretholc
7. Dhatla
8. Rangamati
9. Duliabor
10. Patpur
11. Amsol
12. Balyadanga
13. Dalalata
14. Madhya
15. Nidhi
16. Raiyadi
17. Tilabani
18. Akandagora
19. B.Chak

SIMLADHANRA G.P.

1. Baykara
2. Siulibari
3. Gamarkusi
4. Ghutliya
5. Liya
6. Dhanera
7. Bhutandih
8. Sumaidhi
9. Damankiyan
10. Majura

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : KASHIPUR

11. Gopalpur
12. Shyampur

GOURANGADHI G.P. :

1. Mayramura
2. Sihika
3. Dapahari
4. Mahulzoda
5. Rautora
6. Talajuri
7. Gourangdhi
8. Shyampur
9. Jamkuri
10. Pachagora
11. Babirdhi
12. Kislaganj
13. Saldiha
14. Gopalpur

BEKO G.P. :

1. Kantarampur
2. Polashkola
3. Ranijanidhi
4. Raguri
5. Kharai
6. Susnidhi

KASHIPUR G.P. :

1. C.Ahartore
2. Kaliathole
3. Gopalchak
4. Rangiladhi
5. Gopalpur
6. Ramboni
7. Kashipur
8. Sarjujoria
9. Kolli
10. Gosaidhi
11. Suaria
12. Marayarh
13. Bara Dakairi
14. Kartikhanj
15. Sidpur
16. Jurgurdhi

HADOLDA UAARRAH

1. Jiara
2. Ichamara
3. Uparrah
4. Kharikhagra

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : KASHIPUR

5. Ledagora
6. Isanda
7. Kaliadah
8. Kustore
9. Hadolda
10. Gopalchak
11. Jambaid
12. Katgora

KALIDAHA G.P.

1. Bhatukend
2. Chelia
3. Bhalusdhi
4. Rampur
5. Kalahi
6. Karandi-Beria
7. Namogora
8. Monjupra
9. Jiolgoria
10. Guagora
11. N. Panchlumotlili
12. U.Panchmothli
13. Uluberia
14. Kalidah
15. Stada

GOGNABAID G.P.

1. Chakalta
2. Jhariadi
3. C.Daakiari
4. Tilahir
5. Gognabad
6. Gorakata
7. Duarimahal
8. Kumordhi
9. Benadala

SONAIJURI G.P.

1. Sonaijuri
2. Dhanjore
3. Kalyandhi
4. Jihrbora
5. Chuna
6. Basraya
7. Dalanbani
8. Rudra
9. Jorapukur
10. Bhabanipur
11. Daldali
12. Bhelagora.

Total Mouzas :- 130 Nos.

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.

Name of Block : SANMURI

BALITORA G.P. :
1. Balitora
2. Bagalgoria
3. Sunuri
4. Deoli
5. Bakulia
6. Dumdumi
7. Sashpur
8. Jagannathdih
9. Madhukunda
10. Koshtogoria
11. Beljhapa
12. Chandurdi
13. Nishintapur
14. Poradiha
15. Beliapur
16. Pachandapur
17. Kalaid
18. Dandahit
19. Syaldanga
20. Jadurdi

RAMCHANDRAPUR G.P.
1. Tarabari
2. Lapahari
3. Bidhakata
4. Gumro
5. Bonogoria
6. Amalgoria
7. Bambhattadih
8. Dulalgoria
9. Amdiha
10. Malifana
11. Sadhusaltona
12. Dubrajpur
13. Latulbaid
14. Kendberia
15. Kakunkiyary
16. Nuhuchibaid
17. Ghutgoria

GORSIKA G.P. :
1. Biyasi
2. Mondthol
3. Kharber
4. Salani
5. Garsika
6. Goalberia
7. Goabbathan
8. Palashpahari
9. Barin
10. Kulai
11. Matidundra
12. Kalipahari
13. Marbodia
14. Koshabdha
15. Ghora-Murga
16. Marlu
17. Dhadanga

Total Mouzas :- 86 Nos.

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : NETURIA

BHAMURIA G.P.
1. Alkusa
2. Hirakhun
3. Gosaidi
4. Bhamuria
5. Asanbani
6. Barnipara
7. Dhangajora
8. Bora
9. Nowada
10. Kuthibari

SALTORE G.P.
1. Ranipur Colony
2. Saltore
3. Pathardi
4. Hisuli
5. Parbelia-II
6. Nimdanga

SARBORI G.P.
1. Maheshnadi
2. Baghmara
3. Damsota
4. Selesata
5. Gopalpur
6. Utaria
7. Kuchahela
8. Sarbari

RAABANDH G.P.
1. Gopalchak
2. Naynakuri
3. Achkoda
4. Sidpur
5. Bakbari
6. Naragoria

JANARDANDI G.P.
1. Rangadahar
2. Rampur
3. Gobag
4. Janardandi
5. Gar-Panchkota
6. Gopalganj
7. Harmardi
8. Basbani
9. Madandi

GUNIARA G.P.
1. Birbaldi
2. Gobindapur
3. Tantlot
4. Kulbona
5. Bagsaibari
6. Ayodhya
7. Ualancha
8. Ghatkal
9. Salchura
10. Kistopur
11. Bathanbari
12. Mahuda
13. Dhanara
14. Beljakhajra

DIGHA G.P.
1. Pachara
2. Teltore
3. Benduadi
4. Itapara

Total Mouzas :- 57 Nos.

List of Mouzas - with less than 50% transplantation

for 'Kharif paddy 1998 of Purulia District.

Name of Block : RAGHUNATHPUR-I

BABUGRAM G.P.

1. Salka
2. Churmi
3. Krishnapur
4. Mohinda alias Babudergram
5. Satudi
6. Baramesia
7. Ammohuli
8. Rangamatya
9. Dumuriakuri
10. Shyamsundarpur
11. Juludih
12. Bagatbari
13. Namdih
14. Gobindapur
15. Ekunja
16. Nandaha

SANKA G.P.

1. Soardih
2. Dhaturia
3. Napara
4. Jorabel
5. Baramesta
6. Tilahir
7. Gopinathpur
8. Baghadabar
9. Monipur
10. Metyala
11. Bhagaipur
12. Nunupur
13. Sanka
14. Jiara
15. Manikpur
16. Dubradih

NUTANDIH G.P.

1. Joradih
2. Hurrah
3. Amtre
4. Nunardih
5. Salanchi
6. Dhatara
7. Gopalchak
8. Namobathan
9. Lachmanpur
10. Jharukhamar
11. Geogra
12. Similon
13. Kelahi
14. Luakdih
15. Durmut
16. Jamtoria
17. Mutandih
18. Kuardih
19. Penamohul
20. Bundla
21. Daikiari

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : RAGHUNATHPUR-I

ARRAH G.P.
1. Nanduara
2. Haraka
3. Bankra
4. Arrah(P)

KHAJURA G.P.
1. Khajura
2. Ladhutati
3. Chinpina
4. Senera
5. Uppar Sankra
6. Tal Sankra
7. Bundla
8. Sulibari
9. Digardih
10. Kastora
11. Sikratar
12. Bhurkurradih
13. Digltola
14. Banbohira
15. Parrardih

BERO G.P.
1. Bansgram
2. Kunjabehari
3. Ramkanali
4. Nutandih
5. Shyansundarpur
6. Raidih
7. Jamduara
8. Paschim Bero
9. Purba Bero
10. Lacchia

CHORPAHARI G.P.
1. Joyramdih
2. Unanshila
3. Laratore
4. Bamnabaid
5. Dulalpur
6. Simulkundi
7. Puanbandh
8. Sija
9. Badurdih
10. Alaldih
11. Dhania
12. Biltora
13. Nischintapur
14. Lakrajuria
15. Gopalpur
16. Chorpahari
17. Dabar
18. Simulberia
19. Kadamarrah
20. Gangurdih
21. Arjunsole
22. Sorberia
23. Metalsahar

Total Mouzas :- 105 Nos.

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : MANBAZAR-II

BARI-JAGDA G.P. :

1. Chowkan
2. Poradih
3. Bari
4. Beldi
5. Jamunabandh
6. Jagda
7. Patapahari
8. Kurarbaid
9. Jamra
10. Pitidiri
11. Nalkuri
12. Jargoria
13. Dabra

BARO-JARAGORA G.P.

1. Dangardih
2. Goyalapara
3. Sagadih
4. Paisagora
5. Boro
6. Dharampur
7. Rampur
8. Hensla
9. Haridih
10. Jaragora
11. Nunyachatra
12. Rurudih
13. Dhabani
14. Kandra
15. Ja-ragora

KUMARI G.P. :

1. Panra
2. Susunia
3. Basantapur
4. Lalpur
5. Kristapur
6. Boach
7. Rangametia
8. Kumari
9. Kuchiliphala
10. Olgara
11. Serengdih
12. Manikdih
13. Gobindapur
14. Tilabani
15. Dhanda

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia District.
Name of Block : MANBAZAR-II

16. Toporbaid
17. Chalka
18. Khariduara
19. Mamuria
20. Ghat
21. Tentlo
22. Mirgichanda
23. Bhandaria
24. Punda

DIGI G.P. :

1. Ukamgorh
2. Chholagora
3. Sindraidih
4. Bhuladih
5. Dundhlu
6. Bundia
7. Dashirhira
8. Kutni
9. Jhariadih
10. Purduha
11. Ghirugora
12. Mowadih
13. Gobradih

BARGORIA-JAMPORTA G.P.

1. Ratiakocha
2. Kashipur
3. Buridih
4. Ladda
5. Bhalikdih
6. Bangamotia
7. Bargoria
8. Pitidiri
9. Pindra
10. Dhadkidi
11. Susunia
12. Jorobari
13. Gopalpur
14. Baghabaid
15. Baramara
16. Fulboria
17. Mukundapur
18. Jamtoria
19. Dangandih
20. Bangoria

RUPI-RIMDH G.P. :

1. Buribundh

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif' paddy 1998 of Purulia District.
Name of Block : MANBAZAR-II

2. S/Ranga
3. P/Ranga
4. Raina
5. Bardahi
6. Darikadobe
7. Kondajora
8. Bindangri
9. Sonkura
10. Kalajharna
11. Berlgoria
12. Kalapati
13. Ghakua
14. Golapana
15. ...
16. ...
17. Janipur-malaghona
18. Prajarajpur

ANKRO-BARAKADAM G.P. :

1. Ankro
2. Chhotomamro
3. Kherbani
4. Hatiramgora
5. Jamira
6. Nekra
7. Kaliabora
8. ...
9. Krishnapur
10. Bikramdih
11. Barakadam
12. Domjuri
13. Auguibil
14. Singraidih
15. Durjaipara
16. Jorbaid
17. Jaipur
18. Chhotokadam
19. Dhadangar
20. Simtuni
21. Baramamra
22. Laldungri

Total Mouzas :- 125 Nos.

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia.
Name of Block : JHALDA-II.

1. Kariour
2. Hed-diri
3. Hensalbera
4. Rigid
5. Haratan
6. Naranpur
7. Lupungdih
8. Mirdihi
9. Chitahi
10. Chekya
11. Chatrani
12. Chutukpiri
13. Owldihi
14. Bara-Honkol
15. Patrahatu
16. Chotto-Honkol
17. Kashidih
18. Rajadera
19. Bagds
20. Khairi
21. Chirugora
22. Jiliglahar
23. Pandra
24. Shimni
25. Jabar
26. Marlang
27. Baruadih
28. Khanthali
29. Majhidih
30. Belyadih
31. Durgu
32. Nalkupi
33. Bamniha
34. Salgram
35. Kanudih
36. Lagam
37. Baruakacha
38. Jajlong

List of Mouzas - with less than 50% transplantation

for 'Kharif' paddy 1998 of Purulia.

Name of Block : JHALDA-II.

| | |
|---|---|
| 39. Chaitandih | 57. Taherbara |
| 40. Nawahatu | 58. Maramu |
| 41. Murulhar | 59. Relamu |
| 42. Jewdaru | 60. Urusaram |
| 43. Kotsila | 61. Sulunglahar |
| 44. Upar-Batri | 62. Beradih |
| 45. Kochahatu | 63. Timangda |
| 46. Banahata | 64. 'Dulmi |
| 47. Ukma | 65. Tatuara |
| 48. Chitmu | 66. Amra |
| 49. Guridih | 67. Damua |
| 50. Ghatketia | 68. Chamchaka |
| 51. Karcha | 69. Bara-Matyala |
| 52. Bagro | 70. Damrughutu |
| 53. Khatanga | 71. Sajjumatu |
| 54. Bara-Rolla | 72. Mamudih |
| 55. Natun-Rolla | 73. Chatambari |
| 56. Hankasara | Total No. of Mouzas : 73 |

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia.
Name of Block : JHALDA-I.

HENSAHATU G.P.

1. Tanasi
2. Piprajara
3. Baidgram
4. .\dhikaridih
5. Madhabpur
6. Muradi
7. Ichag
8. Patub
9. Buddih
10. Disardih
11. Saugardih
12. Brajapur
13. Henslahatu
14. Rakshabera
15. Chhoto-Bakad
16. Kudagota
17. Ialawbiris
18. Barabakad
19. Gonta

JHALDA-DARDA G.P.

1. Bagbindha
2. Arjundih
3. Gopalpur
4. Jhalda
5. Pat-Jhalda
6. Baragram
7. Darda
8. Tarkana
9. Patradi
10. Nowagora
11. Tabasi
12. Guhiloura
13. Natundih
14. Mahakudar
15. Dumuria
16. Kadahali

MATHARI-KHAMAR

1. Chhtaphusra
2. Arahara
3. Palma
4. Baraphusra
5. Poramura
6. Dulia
7. Ordana
8. Olgora
9. Jajahatu
10. Khamar
11. Lokhudi
12. Pauri
13. Mathari
14. Kakatia
15. Ohali
16. Kashidi
17. Houlung
18. Adaidih

PUSTI G.P.

1. Gosaidih
2. Batad
3. Chok-Koruari
4. Torang
5. Koradi

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia.
Name of Block : JHALDA-I.

6. Hopad
7. Bhakudih
8. Pusti
9. Kunlung
10. Patradih
11. Dulmi
12. Durgu
13. Hensla
14. Basudih

TULIN G.P.

1. Paparu
2. Busibir
3. Baudi
4. Keruari
5. Chamardag
6. Tulin
7. Chawpad

MARU-MASINA G.P.

1. Postabora
2. Ankura
3. Beugo
4. Latar
5. Khaliguni
6. Bowsa
7. Uhupirsi
8. Maru
9. Metala
10. Mosira
11. Baidgram

ICHAG-G.P.

1. Sarjawhalis
2. Ichag
3. Keshura
4. Ranrabaudhi
5. Putidih
6. Jamlahar
7. B/Pillat
8. Pillat
9. Kuki
10. Tarhad
11. Chalamghadi
12. Ora
13. Saramba
14. Nutandi
15. Gokulnagar

IDU-GARGO-G.P.

1. Pardih
2. Kulaganga
3. Sarawdih
4. Jargo
5. Shosra

NOWADIH G.P.

1. Kesha
2. Bamhudi
3. Saranghai
4. Darpa
5. Nowadih
6. Bishri
7. Kushi
8. Chanda Moura

Total No. of Mouzas : 113

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia.
Name of Block : ............. JOYPUR.

A. SIDHI G.P.
1. Sidhi.
2. Kashipur
3. Liyadih
4. Baidyanathdi
5. Jamra
6. Muntar
7. Dhumadih
8. Lobinadih
9. Karkaro
10. Rore-Kocha
11. Bhadudih
12. Damza
13. Gopinathpur
14. Nayadih

B. ROPO-G.P.
15. Piri
16. Asania
17. Chirkamu
18. Bali
19. Salogzam
20. Dasi-kusi
21. Pundag
22. Talmu
23. Ropo
24. Boro-Malka
25. Choto-Malka
26. Mayadih

C.GHAGRA G.P.
27. Udaipur
28. Basgarh
29. Kalikapur
30. Bangidisi
31. Karmatar
32. Rangadihi
33. Dahikusi
34. Rampur
35. Susnidih
36. Kosangi
37. Kalyanpur
38. ....
39. ....
40. ....
41. Ghagra
42. Dumuria
43. Joro

D.BARAGRAM G.P.
44. Gunja
45. Agharpur
46. Ramamati
47. Silphore
48. Balibhasa

D.UPARKAHAN G.P.
49. Tanasi
50. Beltard
51. Sabanpur

Total Nos. of Mouzas : 51.

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia Dist.
Name of Block : ARSHA.

SIRKABAD G.P.

1. Dandudih
2. Gandhabazar
3. Pattard

HENSLA G.P.

1. Saluidahar
2. Loyardih
3. Teyanshi

PUARA G.P.

1. Pithati
2. Kantadih
3. Juri
4. Korang
5. Puara
6. Sod-puara
7. Khukrumura
8. Bhanara
9. Siridih
10. Koraria

HET-GUGUI G.P.

1. Bamni
2. Ghatiali
3. Dhanchatani

ARSHA G.P.

1. Arsha
2. Polpol
3. Rugri
4. Kadampur
5. Manpur
6. Korandih
7. Harada
8. Fasko
9. Khadadih

DELDI G.P.

1. Bhursha
2. Haranama
3. Jharidih
4. Gourada
5. Tuma-Jhalda
6. Juradih
7. Kanahanpur
8. Bamundih
9. Padagora

CHATUHANSA G.P.

1. Chatuhansa

Total Nos. of Mouzas : 38

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia Dist.
Name of Block : BALARAMPUR

BALARAMPUR G.P.

1. Rangadih
2. Bansgarh
3. Balarampur
4. Sapua

TENTLOW G.P.

1. Amruhansa
2. Tentlon
3. Baghadi
4. C/Ghado
5. B/Cado
6. Gobindapur
7. Gargerdih
8. Banbandha
9. Salbani
10. Hanspur
11. Samurdih
12. Bhrrurdih
13. Fotepur
14. Shyamagar
15. Supurdih

GERUA G.P.

1. Gerua
2. Garga
3. Deoli
4. Dava
5. Sirgi
6. Rugri
7. Sunridih
8. Beradih
9. Nekra
10. Kana
11. Ulidih

DARDA G.P.

1. Damantor
2. Juradih
3. Amaru
4. Burudih
5. Murugora
6. Deoli
7. Ruchap
8. Rapkata
9. Atabala
10. Darda
11. Arahansa
12. Chakultya
13. Harat
14. Kadamdih
15. Kurni
16. Maraidih

List of Mouzas - with less than 50% transplantation

for 'Kharif paddy 1998 of Purulia Dist.

Name of Block : BALARAMPUR

GHATBERA-KEROWA G.P.

1. Berada
2. Bhalika
3. Bankudih
4. Jasudih
5. Serenghatu
6. Gohaldang
7. Ghatbera
8. Dumurbera
9. Parbad
10. Mirmi
11. Karma
12. Gitinglohar
13. Latadaha
14. Jugidhtkashidih
15. Dandudih
16. Jerka
17. Tilai
18. Keroma

BARA-URMA G.P.

1. B/Urma
2. C/Urma
3. Namsole
4. Darberia
5. Maldih
6. Gosaindih
7. Parasya
8. Jambani
9. Khairadih
10. Dumari
11. Sagma
12. Sirkabad
13. Parrorda
14. Hatjora
15. Gobindadih

BALA G.P.

1. Berma
2. Dhebridih
3. Katradih
4. Bhalubasa
5. Dantiya
6. Shyamnagar
7. Neodih
8. Brindabanpur
9. B/Chatorma
10. Bela
11. Erka
12. Ichadi
13. Malti
14. Biramdih

Total Nos. of Mouzas : 93

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia Dist.
Name of Block : BAGMUNDI

AJODHYA G.P.

1. Dugridih
2. Susnidih
3. Shrmachati
4. Babrijore
5. Pitidiri
6. Kusumtikri
7. Hensadi
8. Sahajuri
9. Pangoda
10. Sanahara
11. Kalha
12. Bhugore
13. Telaibasa
14. Saldih
15. Birpani
16. Alkhusa
17. Ranga
18. Hatinada
19. Ajodhya
20. Kuchrinakha
21. Pirargoria
22. Chatni
23. Lahadabra
24. Shlingda
25. Usuldungri
26. Chutugarha
27. Gurajharna
28. Kulijharna
29. Karamjharna
30. Edelbana

MATHA G.P.

1. Sankupi
2. Kinandih

BIRGRAM G.P.

1. Hunumdah
2. Jillinr
3. Garaisuna
4. Birgram

SINDRI G.P.

1. Sindri
2. Dava
3. Torang
4. Chonda
5. Goral-sandha

Total No. of Mouzas : 41.

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia Dist.
Name of Block : BARABAZAR

BHAGABANDH G.P.

1. Shyamrola
2. Basudebpur
3. Murgabera
4. Chandanpur
5. Kharipahari
6. Chipingdih
7. Lawbara
8. Turangdih
9. Bhagabandh
10. Raotora
11. Bamu
12. Taltard
13. Chirudih
14. Adabona
15. Sachandih
16. Panjabera
17. Dubrajpur
18. Bhalukdungri
19. Sonadangri
20. Bhelaidih
21. Bakadih
22. Dhanara
23. Dhabera
24. Tokoria
25. Radhakrishnapur
26. Raigara
27. Panchukuda
28. Bemungora
29. Garansagma
30. Muradi

DHELATBAMU G.P.

1. Rajra
2. Tentlowdih
3. Salghati
4. Tilabani
5. Pnniara
6. Sulungjuri
7. Jharia
8. Palma
9. Gourdih
10. Lakhrakhadu
11. Pratappur
12. Sarishabahal
13. Satsyardih
14. Khwasdih
15. Gooaidih
16. Bamu

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia Dist.
Name of Block : BARABAZAR

17. Dhelatbamu

TUMRASOLE G.P. :

1. Dhaldanga
2. Metalaya
3. Mischintapur
4. Kerroh
5. Reldih
6. Nutandih
7. Joria
8. Bhadadih
9. Lakampur
10. Muradih
11. Bhabanipur
12. Parsha
13. Durku
14. Ramkanali
15. Amagora
16. Gosaidih
17. Tumrasole
18. Hadinitanr
19. Tuima

LATPADA G.P.

1. Nowadih
2. Bamnidih
3. Gobindapur
4. Harbana
5. Amarabara
6. Bhagabandh
7. Kristonagar
8. Sanadan
9. Gohimikacha
10. Latpoda
11. Gidighati
12. Sarberia
13. Mukundapur
14. Taladih
15. Dhargram
16. Puijanga
17. Kuturkuma
18. Gordih
19. Sibadi
20. Pirradih

BANJORA G.P. :

1. Banwan
2. Bunjora
3. Lagudih
4. Kanjaya
5. Chotamukru

List of Mouzas - with less than 50% transplantation

for 'Kharif paddy 1998 of Purulia Dist.

Name of Block : BARABAZAR

6. Healadih
7. Tentlow
8. Tosarbanki
9. Simduri
10. Ranipur
11. Pathraghata
12. Sirumanipur
13. Ulda
14. Kaipara

SINGRI G.P. :

1. Hijala
2. Bardaha
3. Aghajora
4. Biskundra
5. Jiling
6. Fooljora
7. Fatapur
8. Haritanr
9. Kudloong
10. Hatuadih
11. Bhalukdih
12. Jharnakocha
13. Singagora
14. Sarengdih
15. Khalpahari
16. Kasubera
17. Laka

BARABAZAR G.P.

1. Rajdaha
2. Narayanpur
3. Radhanagar
4. Baishnabdih
5. Pattoria
6. Motiramdih
7. Barrah
8. Dhandkidih
9. Borabazar
10. Nilmohanpur
11. Gorsaih
12. Simuldanga
13. Bankati
14. Tipur
15. Palashkata
16. Sarakdih
17. Suknibasa

Total No. of Mouzas : 41.

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia Dist.
Name of Block : BANDWAN

BANDWAN G.P. :

1. Bandwan
2. Sirisgora
3. Kendapara
4. Jamunagora
5. Mongla
6. Ashpara
7. Gangamanna
8. Sirka
9. Udalbani

SUPUDIH G.P. :

1. Pargella
2. Supudi
3. Jitan
4. Bamundiha
5. Rithugora
6. Chilla
7. Madhupur
8. Liki
9. Saira
10. Chirugora
11. Riladih
12. Dablodih

GURUR G.P. :

1. Gurur
2. Parbaid
3. Hetyakol
4. B/Parashya
5. C/Parashya
6. Tuitanr
7. Salboni
8. Saga
9. Haludboni
10. Dhabani
11. Chandra
12. Bhalu

CHIRUDIH G.P. :

1. Chirudih
2. Beko
3. Bhagidih
4. Bhasamkata
5. Hargara
6. Khariadih
7. Lailamdih
8. Tasgram
9. Kendadih

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia Dist.
Name of Block : BANDWAN

10. Jorabadih
11. Laupal
12. Kaira
13. Radhanagar
14. Koshra
15. Mahulbona
16. Karmatanr
17. B/Talpat
18. C/Talpat
19. Puabajd
20. Parabanka
21. Shyamnagar

KUILAPAL G.P.

1. Kuilapal
2. Nutandih
3. Katgora
4. Dhobagona
5. Kapatdanga
6. Bartola
7. Dhabani
8. Baharpur
9. Barkarmo
10. Jorashal
11. Kukurkata
12. Pukurdabar
13. Banbahal
14. Chhotokarma
15. Chalunia
16. Simabaid
17. Andharjhor

KUMRA G.P. :

1. Kumra
2. Ghagra
3. Churku
4. Kushbani
5. Ladam
6. Lodasol
7. Sursinga
8. Joshpur
9. Barada
10. Katagora
11. Sirugaru
12. Pandra
13. Latajharna
14. Gurpana
15. Kandaia

List of Mouzas - with less than 50% transplantation
for 'Kharif paddy 1998 of Purulia Dist.
Name of Block : BANDWAN .

16. Sarga
17. Ramundara
18. Basiknagar
19. Barshol
20. Dulukdih

KUCHIA G.P. :

1. Makapali
2. Sekabasa
3. Bhomnagora
4. Kuchia
5. Asanpani
6. Lukapani
7. Kachapani
8. Salidih
9. Bangri
10. Gholhura
11. Mirgichami
12. Burijhore
13. Satara
14. Chowra
15. Mahulbona
16. Bangram
17. Golkata
18. Karru

DHADKA G.P. :

1. Kuriapara
2. Ghatihuli
3. Pargora
4. Patkita
5. Burigora
6. Janijora
7. Dangarjuri
8. Karpa
9. Popo
10. Lata
11. Janjohra
12. Dhahpora
13. Barudih
14. Danga
15. Kumurdih
16. Dhadka
17. Ghoratika
18. Borakhula
19. Dhigha
20. Punshya
21. Madhuban

Total Mouzas : 130 Nos.

**হুগলি জেলায় বে-আইনি মজুতদার**

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৬২১) **শ্রী রবীন মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলায় ১৯৯৮ সালের জানুয়ারি থেকে ১০ই নভেম্বর পর্যন্ত কত জন বে-আইনি মজুতদারকে গ্রেপ্তার করা হয়েছে এবং কত জনের বিরুদ্ধে কেস রুজু হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

গ্রেপ্তার হয়েছে ১২ জন। ১২ জনের বিরুদ্ধে কেস রুজু করা হয়েছে।

*Question Nos. 112 & 113 Held over.

**রায়গঞ্জ থানায় নথীভুক্ত খুন**

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫৮) **শ্রী দিলীপ কুমার দাস ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮ সালের ১লা জানুয়ারি থেকে ৩০শে নভেম্বর পর্যন্ত কতগুলি খুনের ঘটনা রায়গঞ্জ পুলিশ থানায় নথীভুক্ত করা হয়েছে;

(খ) উক্ত খুনের পরিপ্রেক্ষিতে কত জন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে;

(গ) উক্ত মার্ডার কেসে অভিযুক্তরা কোনও রাজনৈতিক দলের সাথে যুক্ত কি না; এবং

(ঘ) খুনের ঘটনা রোধে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৪টি

(খ) ২৬ জনকে।

(গ) না।

(ঘ) অভিযুক্ত ব্যক্তিদের গ্রেপ্তার করে আদালতে প্রেরণ করা হয়েছে। বিভিন্ন মামলার অভিযুক্তদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা কার্যকর করা হয়েছে। বে-আইনি আগ্নেয়াস্ত্র উদ্ধার করার জন্য হানার ব্যবস্থা করা হয়েছে। বিচারাধীন মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য বিচার বিভাগকে অনুরোধ করা হয়েছে এবং অসামাজিক ব্যক্তি ও কার্যকলাপের বিরুদ্ধে সজাগ থাকার জন্য গণসচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

*Question No.115 Held over.

## নতুন থানা ও ফাঁড়ি গঠন

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের আইন-শৃঙ্খলার ব্যবস্থা উন্নততর করার জন্য বেশ কয়েকটি থানা ও ফাঁড়ি গঠন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, মোট কতগুলি থানা ও ফাঁড়ি গঠন করার পরিকল্পনা নেওয়া হয়েছে (জেলাভিত্তিক হিসাবসহ)?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কলকাতা পুলিশে ১০টি নতুন থানা আর বিভিন্ন জেলায় এগারোটি নতুন থানা গঠনের পরিকল্পনা বিবেচনাধীন রয়েছে।

| | | |
|---|---|---|
| জলপাইগুড়ি | - | ১ (এক) |
| মেদিনীপুর | - | ২ (দুই) |
| কুচবিহার | - | ১ (এক) |
| নদীয়া | - | ১ (এক) |
| পুরুলিয়া | - | ১ (এক) |
| উত্তর ২৪ পরগনা | - | ২ (দুই) |
| বাঁকুড়া | - | ১ (এক) |
| দার্জিলিং | - | ১ (এক) |
| হুগলি | - | ১ (এক) |

## পুলিশ রিফর্মস ও স্টেট সিকিউরিটি কমিশন

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার পুলিশ রিফর্মস কমিশন ও রাজ্যে স্টেট সিকিউরিটি কমিশন গঠনের জন্য সুপারিশ করেছে;

(খ) সত্যি হলে, কাদের নিয়ে উক্ত কমিশন গঠন করার সুপারিশ করা হয়েছে; এবং

(গ) উক্ত বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## সমাজবিরোধী কার্যকলাপ

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৮) **শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তর ২৪ পরগনায় সমাজবিরোধী কার্যকলাপ দমনে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উত্তর ২৪ পরগনা জেলায় সমাজবিরোধী দমনের জন্য ১লা জানুয়ারি ১৯৯৮ হইতে ৩০শে নভেম্বর ১৯৯৮ পর্যন্ত নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে ঃ-

(ক) সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে ১,৩৭১ জন জুয়াড়ি সমেত মোট ৩৫,১২৩ জনকে আটক করা হয়েছে। ৮৩,০৩০ লিটার মদ ও ৫,৩৭,৫২২ টাকা উদ্ধার করা হয়েছে।

(খ) বিশেষ মামলায় ৪,৩২৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং ১৫,১৮৪ জনের বিরুদ্ধে গ্রেপ্তারির পরোয়ানা জারি করা হয়েছে।

(গ) অবৈধ ১৭৪টি আগ্নেয়াস্ত্র ও ২৩৩টি গোলাবারুদ ও ১৭১টি বোমা আটক করা হয়েছে।

(ঘ) ভারতীয় দন্ড বিধির ৩৯৯।৪০২ ধারায় ১৪টি ডাকাতির মামলায় ৯৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এছাড়া ১৫৭টি আঞ্চলিক প্রতিরক্ষা বাহিনী গঠন করা হয়েছে।

এছাড়া অসামাজিক ও অপরাধমূলক কার্যকলাপ দমনের জন্য শিল্প ও শহরাঞ্চলে নিয়মিত পুলিশি হানার ব্যবস্থা করা হয়েছে।

**কলকাতায় থানার সংখ্যা বৃদ্ধি**

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯) **শ্রী অশোক দেব ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা পুলিশের থানার সংখ্যা দ্বিগুণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা পুরোপুরি কার্যকর কোন সময়ের মধ্যে হবে বলে আশা করা যায়,

(গ) রাজ্য পুলিশের আওতাভুক্ত এলাকায় নতুন থানা চালু করার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(ঘ) থাকলে, তা কোন কোন জেলায়?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) কলকাতা, জলপাইগুড়ি, মেদিনীপুর, কুচবিহার, নদীয়া, হুগলী, পুরুলিয়া, উত্তর ২৪ পরগনা, বাঁকুড়া এবং দার্জিলিং জেলায় কিছু নতুন থানা চালু করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

## ট্রেনযাত্রীদের নিরাপত্তা

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬) **শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ট্রেন-ডাকাতিরোধে এবং ট্রেনযাত্রীদের নিরাপত্তার ব্যাপারে রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১। রেল পুলিশ, জেলা পুলিশ, সি.আই.ডি. ও কলকাতা পুলিশের অভিজ্ঞ আধিকারিকদের তত্ত্বাবধানে দুষ্কৃতকারিদের বিরুদ্ধে যৌথ অভিযান চালানো হচ্ছে।

২। রেল পুলিশের থানাওয়ারি অপরাধিদের তালিকা প্রস্তুত করা হয়েছে এবং ঐসব অপরাধিদের গতিবিধির ওপর নজর রাখা হচ্ছে।

৩। যথাসম্ভব বেশি ট্রেনে প্রহরী মোতায়েন করা হচ্ছে এবং ট্রেনে সন্দেহভাজন ব্যক্তিদের সম্পর্কে সজাগ থাকতে এবং স্টেশনে যাত্রীদের উপর নজর রাখার জন্য তাদের বিশেষ নির্দেশ দেওয়া হচ্ছে।

৪। স্টেশনে ট্রেন আসা ও ছাড়া পর্যন্ত যাত্রী ও অন্যান্যদের উপর বিশেষ নজরদারিরও ব্যবস্থা করা হয়েছে, এবং কয়েকটি বিশেষ দুরপাল্লার ট্রেনে ও লোকাল ট্রেনে এ ব্যবস্থা ছাড়াও প্রয়োজনে তল্লাসী করা হচ্ছে।

৫। কয়েকটি জায়গায় বিশেষ পুলিশ পিকেটের ব্যবস্থা করা হয়েছে।

৬। দুষ্কৃতকারী, ট্রেন টিকিটের কালোবাজারি এবং অসংরক্ষিত কামরায় সিট বিক্রির চক্র নির্মূল করতে বিশেষ অভিযান চালানো হচ্ছে এবং

৭। দুষ্কৃতকারীদের যৌথ মোকাবিলার জন্য রেল রক্ষী বাহিনীর আধিকারিকদের সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে।

### রেগুলেটেড মার্কেট

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯) **শ্রী কমল মুখার্জি ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে কয়টি 'রেগুলেটেড মার্কেট' আছে;

(খ) তার মধ্যে কয়টি সচল;

(গ) প্রতিটি রেগুলেটেড মার্কেটে 'পরিচালন' কমিটি আছে কি না;

(ঘ) এই ধরনের আরও মার্কেট করার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(ঙ) থাকলে, তা কোথায় কোথায়?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪৬টি।

(খ) ৪০টি।

(গ) না।

(ঘ) হ্যাঁ, আছে।

(ঙ) নিয়ন্ত্রিত বাজার নেই এমন প্রতিটি মহকুমায়।

### আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *২) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, অধুনা সমাপ্ত চতুর্থ কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের প্যানোরোমা বিভাগে ভারতের বেশ কয়েকটি কাহিনী চিত্র নির্বাচিত হয়েছিল;

(খ) সত্যি হলে, ভারতের নির্বাচিত কাহিনী চিত্রের মোট সংখ্যা কত;

(গ) তন্মধ্যে কোনও বাংলা কাহিনী চিত্র ছিল না;

(১) থাকলে, মোট কয়টি; এবং

(২) সেগুলি কি কি?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) ১০টি।

(গ) হ্যাঁ।

১। দুটি

## টাইগার স্কোয়াড

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতা পুলিশের টাইগার স্কোয়াড জিপ-এর কাজ কি?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

কলকাতা পুলিশের "টাইগার স্কোয়াড জিপ" বলে কিছু নেই।

## পুলিশ কমিশনের দ্বিতীয় রিপোর্ট

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬) **শ্রী অশোক দেব :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের পুলিশ কমিশনের দ্বিতীয় রিপোর্ট কবে নাগাদ পেশ করা হবে বলে আশা করা যায়; এবং

(খ) জনসাধারণের সঙ্গে পুলিশ প্রশাসনের সম্পর্কের উন্নতি সাধনে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পুলিশ কমিশনের রিপোর্টের দ্বিতীয় খন্ড ১৯৯৯ এর জুলাই মাসের শেষের দিকে পেশ হবে বলে আশা করা যায়।

(খ) প্রতিটি থানাতে এ বিষয়ে একটি করে কমিটি গঠন করার জন্য নির্দেশ জারি করা হয়েছে। কলকাতার থানাগুলিতে এই ধরনের কমিটি কাজ শুরু করেছে।

### বে-আইনি অস্ত্রশস্ত্রের অনুপ্রবেশ

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪২০) **শ্রী সুধীর ভট্টাচার্য্য :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চোরাপথে বে-আইনি অস্ত্রশস্ত্র এ রাজ্যে অনুপ্রবেশ ঘটছে এ-সম্পর্কে সরকার অবগত আছে কি না; এবং

(খ) থাকলে, এর প্রতিবিধানে কোনও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

[12-10 — 12-20 p.m.]

## CALLING ATTENTION

**Mr. Chairman :** Now the Question Hour is over. Today I have received five notices of Calling Attention on the following subjects.

| Subject | | Name |
|---|---|---|
| Reported death of one Saikat Ghosh at Calcutta Medical College & Hospital on 15.12.98. | : | Shri Sobhan Deb Chattopadhyay |

| | | |
|---|---|---|
| ii) | Alleged murder of one Sanjoy Kapoor at Burrabazar area, Calcutta on 19.12.98 | : Shri Deoki Nandan Poddar |
| iii) | Deadlock in Majdia Sudhir Ranjan Lahiri College in Nadia district | : Shri Sushil Biswas |
| iv) | Control of price of potato | : Shri Nirmal Das |
| v) | Reconstruction of Chandipur bridge on Manickchak to Malda road. | : Shri Ram Prabesh Mondal |

I have selected the notice of Shri Nirmal Das on the subject of Control of price of potato. The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 24th December, 1998.

## CALLING ATTENTION (STATEMENT)

**Mr. Chairman :** Now the Minister in Charge of Home (Police) Department will make a statement on the subject of reported killing of four criminals by the Policemen of Uttar Pradesh in Calcutta on 14.12.98.

(Attention called by Shri Abdul Mannan, Shri Sultan Ahmed and Shri Ajoy Day on the 15th December, 1998.)

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সভাপতি মহোদয়, বিগত ১৪ই ডিসেম্বর, ১৯৯৮ তারিখে কলকাতায় পার্কস্ট্রিট অঞ্চলে উত্তরপ্রদেশের পুলিশের সাথে কুখ্যাত অপরাধীদের গুলি বিনিময়ে চার ব্যক্তির মৃত্যু প্রসঙ্গে আনা দৃষ্টি আকর্ষণী প্রস্তাব বিষয়ে আমি আমার বিবৃতি দিচ্ছি।

উত্তরপ্রদেশ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স লক্ষ্ণৌ থেকে একদল পুলিশ গত ৮ই ডিসেম্বর, ১৯৯৮ কলকাতায় আসেন। বর্তমানে উত্তরপ্রদেশের নৈনী জেলে বন্দি জনৈক বাবলু ওরফে ওম প্রকাশ শ্রীবাস্তব এর বিশেষ ঘনিষ্ঠ কয়েক জনের গতিবিধি সম্পর্কে খোঁজ খবর করার উদ্দেশ্যেই তাঁদের আসা। গুজরাট পুলিশ, দিল্লি পুলিশ এবং সি.বি.আই.-এর কয়েকটি মামলা বাবলুর বিরুদ্ধে আছে। উত্তরপ্রদেশের ঐ পুলিশ দল ৮ই ডিসেম্বর-ই বিকালেই কলকাতা পুলিশের সাথে সাহায্যের জন্য যোগাযোগ করে। প্রয়োজনীয় নিয়ম মেনে। গোয়েন্দা বিভাগের গুন্ডা দমন শাখার কর্মচারিদের এদের সাহায্যাদির জন্য দেওয়া হয়। ওঁরা কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রেখেই কাজ করছিলেন।

১৪ই ডিসেম্বর, ১৯৯৮ তারিখের ভোর বেলায়, উত্তরপ্রদেশের পুলিশদল লক্ষ্ণৌ থেকে ফোনে খবর পান যে, তাঁরা যাদের খোঁজে এখানে এসেছেন, তারা কলকাতা থেকে পালানোর মতলব করছে। এই উদ্দেশ্যে তাদের জহরলাল নেহেরু রোড এবং পার্ক স্ট্রিট-এর সংযোগ স্থলে জমায়েত হবার কথা। খবর পাওয়ার সাথে সাথেই তাঁরা শ্রী এস.ভি. সিং অতিরিক্ত এস.পি., এস.টি.এফ. লক্ষ্ণৌ-এর নেতৃত্বে, শ্রী রাজেশ পান্ডে ডি.এস.পি., এস.টি.এফ. লক্ষ্ণৌ এবং শ্রী ইউ.কে.সিং., ডি.এস.পি., এস.টি.এফ. লক্ষ্ণৌ-সহ দুষ্কৃতকারীদের সন্ধানে বেরিয়ে পড়েন। সময়াভাবে তাঁরা গোয়েন্দা বিভাগের লোকেদের বা স্থানীয় পুলিশ থানায় খবর দিতে পারেন নি। ঐ নির্দিষ্ট স্থানে পৌঁছাতেই তাঁরা দেখতে পান যে কয়েশজন লোক একটি লালচে খয়েরি (মেরুন)-রং এর মারুতি ভ্যান-এ (ডাবলু বি ০২-৬১৬৪) চাপছেন। উত্তরপ্রদেশের পুলিশ বাহিনীকে দেখতে পেয়েই দুষ্কৃতকারীরা গুলি চালিয়ে পার্কস্ট্রিট দিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। পুলিশদল ও তাদের তাড়া করে। পার্কস্ট্রিট-উডস্ট্রিট-এর সংযোগ স্থলের কাছাকাছি পৌঁছে দুষ্কৃতকারীরা পুলিশের গাড়ি লক্ষ্য করে গুলি চালায়। উত্তরে পুলিশদল গুলি চালায়। এই গোলাগুলি চলাকালীন, মারুতি ভ্যানটি উল্টে যায়। পুলিশ দল তখন তাদের গাড়ি থেকে নেমে মারুতি ভ্যানটি ঘিরে ফেলে।

ঘটনাস্থলটি পার্কস্ট্রিট থানার খুব কাছেই। পার্কস্ট্রিট থানার ও.সি. তাঁর লোকজন নিয়ে সাথে সাথেই ঘটনাস্থলে পৌঁছে যান। তাঁরা দেখতে পান যে ঘটনাস্থলে তিন (৩) জন গুরুতর রূপে আহত এবং তিনজন মৃত। আহত তিনজনকে চিকিৎসার জন্য এস.এস.কে.এম. হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়। তাদের হাসপাতালে ভর্তি করে নেওয়া হয়। পরে অবশ্য আহতদের মধ্যে একজন মারা যায়।

থানা তল্লাসীর পর গাড়ী এবং দুষ্কৃতকারীদের কাছ থেকে দুই (২)টি গুলিপূর্ণ বিদেশী রিভলবার, এক (১)টি বিদেশী পিস্তল, কিছু গুলি পাওয়া যায়। এছাড়া দুই (২)টি সেল ফোনও পাওয়া যায়।

সংবাদ পাওয়ার পরই, অতিরিক্ত সি.পি. (টু) জয়েন্ট সি.পি.(ও), ডি.সি. সাউথ, ডি.সি.ডি.টি. (ওয়ান) ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করেন। ঐ স্থানে এবং পার্কস্ট্রীট থানাতেও উত্তরপ্রদেশের পুলিশ দলের সাথে আলোচনা করেন।

এরপর এদিন (১৪.১২.৯৮) অতিরিক্ত সি.পি. (টু)র অফিস ঘরে আলোচনাকালে উত্তরপ্রদেশের পুলিশ অফিসারেরা প্রায় সাড়ে নটা নাগাদ জানান যে যোধপুর পার্কের রহিম ওস্তাগর লেনের এক ভাড়াটিয়া, জনৈকা অর্চনা শর্মা ওরফে নন্দিনী চৌধুরির এই দুষ্কৃতকারিদের সাথে যোগাযোগ আছে। ঐ মহিলা দেশের অন্যান্য স্থানের কিছু অপহরণের অপরাধের ঘটনার সাথে জড়িত, সাথে সাথেই গুন্ডা দমন বিভাগের এক এ.সি.র নেতৃত্বে যোধপুর পার্কের ঐ বাড়িতে যান, বাড়িওয়ালা শ্রী প্লাবন ব্যানার্জি জানান যে ওখানে অর্চনা শর্মা বলে কেউ থাকে না, জনৈকা নন্দিনী চৌধুরী ও তার ভাই দীপক চৌধুরী তাঁর ১১ই রহিম ওস্তাগর লেনের বাড়ির ১ তলায় মাসিক সাড়ে পাঁচ হাজার টাকা ভাড়ায়, গত ১১ই সেপ্টেম্বর থেকে ভাড়াটে হিসাবে আছে। ঐ দিন (১৪.১২.৯৮) সকাল বেলায় নন্দিনীর বাইরে থেকে একটি ফোন আসে। নন্দিনী তাঁদের জানায় যে, তার বাড়ি অমৃতসর থেকে তার বাবার মৃত্যু সংবাদ এসেছে। সে, সকাল সাড়ে ছটা নাগাদ অমৃতসরের উদ্দেশ্যে রওনা হয়ে যায়, দীপক অবশ্য দু-দিন আগে থেকেই বাড়ির বাইরে ছিল।

একথা এখন স্পষ্ট যে তারা জনৈকা অর্চনা শর্মার বিষয়ে খবর রাখত। তারা একথা গোয়েন্দা বিভাগ বা স্থানীয় পুলিশ কাউকেই আগে কিছু জানায় নি। তারা ১৪ই ডিসেম্বর ১৯৯৮ তারিখে সকাল সাড়ে নটা নাগাদ এ বিষয়ে জানায়। ততক্ষণে অর্চনা যোধপুর পার্কের বাসা ছেড়ে চলে গিয়েছে।

অর্চনা শর্মা পালিয়ে যাওয়ার চেষ্টা করছে আশঙ্কা করে, সঙ্গে সঙ্গে হাওড়া স্টেশন, শিয়ালদহ স্টেশন ও কলকাতা বিমান বন্দরকে সতর্ক করে দেওয়া হয়। তাকে ধরবার জন্য সাদা পোষাকের পুলিশও মোতায়েন করা হয়, গুজরাট পুলিশের কাছ থেকে অর্চনার বিষয়ে আরও তথ্য জানতে চাওয়া হয়েছে। তাকে গ্রেপ্তার করার চেষ্টা চলছে।

তদন্ত করে এবং জিজ্ঞাসাবাদ করে জানা গিয়েছে যে, আহত দুজনের মধ্যে একজনের নাম 'মনজিৎ সিং' ওরফে' মাঙ্গে। সে একজন কুখ্যাত অপরাধী। সে এই দুষ্কৃতকারী দলের নেতা। অপর আহত ব্যক্তির নাম সত্য প্রকাশ তেওয়ারি।

উত্তরপ্রদেশ থেকে পুলিশ দল, মনজিৎ সিং-এর ব্যাপারে তদন্তে এলেও, তাদের মনজিৎ সিং ছাড়া তার দলের অন্য ব্যক্তিদের সম্বন্ধে কোনও ধারণা ছিল না।

মনজিৎ সিং তার, ফৌজদারী কার্যবিধির ১৬১ ধারা অনুযায়ী প্রদত্ত জবান বন্দিতে জানিয়েছে, যে তাদের দলনেতা বাবলু ওরফে ওম প্রকাশ শ্রীবাস্তব। সে বর্তমানে উত্তরপ্রদেশের নৈনী জেলে আছে। বাবলুর আদেশেই তারা কলকাতায় অবস্থান করছিল, আর তার পরবর্তী নির্দেশে। অপেক্ষায় ছিল। মনজিৎ স্বীকার করে যে, কিছুদিন ধরে, তারা তাদের নেপালে যাতায়াতের পথ হিসাবে কলকাতায় ব্যবহার করত, ইতিমধ্যে তারা বাবলুর কাছ থেকে খবর পায় যে, উত্তরপ্রদেশ থেকে একদল পুলিশ কলকাতায় এসেছে, এখান থেকে পালিয়ে যাওয়ার নির্দেশ তারা পায়, সেই হিসাবে তারা ১৪ই ডিসেম্বর ১৯৯৮ তারিখে কলকাতা থেকে পালিয়ে যাওয়ার জন্য প্রস্তুত হচ্ছিল।

সত্য প্রকাশ তেওয়ারী গুরুতর রূপে আহত। এবং তার অবস্থা এখনও সঙ্কটজনক থাকায়, তাকে জিজ্ঞাসাবাদ করা যায় নি।

তদন্তে প্রকাশ যে মনজিৎ সিং-এর নেতৃত্বে (৬) ছয় জনের এই দুষ্কৃতকারির দল, কলকাতায় থাকাকালীন, তালতলা থানার অন্তর্গত অঞ্চলে অবস্থিত হোটেল ডলফিন এবং পার্কস্ট্রিট থানার অন্তর্গত অঞ্চলে ইলিয়ট রোডের হোটেল হীরা ইন-এ থাকত। হোটেল দুটিতে এবং ভাড়া বাড়ি সন্ধান চালিয়ে সন্দেহজনক কোনও কিছু পাওয়া যায় নি।

দুষ্কৃতকারীদের ব্যবহার করা মারুতি ভ্যান ডাবলু বি ০২-৬১৬৪ সম্বন্ধে তদন্ত করে জানা যায় যে এটির মালিক, ৪২ ফিয়ার্স লেনের মেসার্স ক্রিসেন্ট লেদার কোম্পানি। এই গাড়িটি গত ৬-১২-৯৮ তারিখে (৬০,০০০) যাট হাজার টাকায় জনৈকা ইন্দ্রানী ত্রিপাঠি-কে বিক্রি করে দেওয়া হয়। মেসার্স ক্রিসেন্ট লেদার কোম্পানির মালিক শ্রী নাদিম আফতাব এবং মেসার্স ক্রিসেন্ট লেদার কোম্পানি কর্তৃক নিযুক্ত দালাল সতীশ কাপুর, দুজনেই অর্চনা শর্মার ফোটো দেখে তাকে ইন্দ্রানী ত্রিপাঠি হিসাবে সনাক্ত করেন।

১৫ই ডিসেম্বর লক্ষ্ণৌ রথখানা নিবাসী জনৈক সঞ্জয় যাদব লালবাজারে আসেন। তিনি ছবি দেখে একজন মৃত ব্যক্তিকে, তার মামা, সঞ্জীব যাদব ওরফে সঞ্জু (বয়স ৩০ বছর) বলে সনাক্ত করেন। অপরাপর আহত বা মৃতদের ছবি দেখে কাউকেই সনাক্ত করতে পারে নি।

উত্তরপ্রদেশের পুলিশ মনে করে যে মৃত এক ব্যক্তি রঞ্জিত সিং ওরফে টনি। কিন্তু সরকারি ভাবে তারা একথা সুনির্দিষ্টভাবে বলতে পারেনি। উত্তরপ্রদেশ পুলিশ এর কাছে এই দুষ্কৃতকারী দলের সদস্যদের পরিচয়, তাদের অপরাধে বৃত্তান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্য তদন্তের প্রয়োজনে কলকাতা পুলিশ এর তরফে জানতে চাওয়া হয়েছে।

গুজরাট পুলিশ অবশ্য মনজিৎ সিংকে কমলেশ শর্মা বলে সনাক্ত করে। এই ব্যক্তি গান্ধী ধাম থানার একটি মামলায় ফেরার হয়ে আছে।

সি.বি.আই., গুজরাট, কর্ণাটক, দিল্লি এবং উত্তরপ্রদেশের পুলিশরা এই ঘটনার তদন্তের প্রয়োজনে কলকাতায় এসে, কলকাতা পুলিশের সাথে আলোচনা করেছে। জানা গিয়েছে যে এই দলের নেতা বাবলু শ্রীবাস্তব। এদের নেপাল এবং দুবাই-এর অপরাধ জগতের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ আছে। এরা মুক্তিপনের দাবিতে অপহরণ, খুন ইত্যাদি করে থাকে। বাবলু, দুবাই নিবাসী কুখ্যাত মাফিয়া ইরফান গোগার খুব ঘনিষ্ঠ বলে জানা গিয়েছে।

এই ঘটনায় পার্কস্ট্রীট থানায় ভারতীয় দন্ডবিধির ৩০৭।৩৫৩।৩৪ ধারা এবং অন্য আইনের ২৫।২৭ ধারা অনুযায়ী ১৪।১২।৯৮ তারিখে ৭৩৬ নং মামলা রুজু করা হয়। সনাক্তকৃত সঞ্জীব যাদব সহ চারজন মৃতের ময়না তদন্ত করা হয়েছে। আহত মনজিৎ সিং এর সত্য প্রকাশ তেওয়ারি বর্তমানে এস.এস.কে.এম. হাসপাতালে চিকিৎসাধীন আছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** চেয়ারম্যান, স্যার, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী সাড়ে তিন পাতার যে বিবৃতি দিলেন, তাতে একটা জিনিস উনি স্বীকার করে নিয়েছেন, আন্তর্জাতিক মাফিয়াদের বিরুদ্ধে যে ব্যবস্থা নেওয়া হয়েছে, কলকাতায় এই যে ঘটনাটা ঘটেছে, এতে উত্তরপ্রদেশের পুলিশের সাফল্য। এখানে অর্চনা শর্মা ১১ই সেপ্টেম্বর থেকে যোধপুর পার্কে ভাড়া থাকতো। এর আগে বিভিন্ন সময়ে বিভিন্ন জায়গায় থেকেছে তালতলা থানা এলাকায় একটা হোটেলে থেকেছে, তারপর পার্কস্ট্রিটের একটা

হোটেলে থাকতো। এর আগে এখানে আলফা জঙ্গীদের অসমের পুলিশ এসে ধরে নিয়ে গেছে। পাঞ্জাবের পুলিশ এসে মাফিয়াদের ধরে নিয়ে গেছে। বাইরের রাজ্যের পুলিশ এসে যেখানে ধরে নিয়ে যাচ্ছে, সেখানে আমাদের গোয়েন্দা পুলিশ তাহলে কি করছে? গোয়েন্দা পুলিশের এই যে ব্যর্থতা, আন্তর্জাতিক মাফিয়ারা কলকাতার বুকে ঘুরে বেড়াচ্ছে, তাদের কোনও খবর তারা রাখতে পারছে না। উত্তরপ্রদেশের পুলিশ তারা খবর পাচ্ছে। এর আগে পুরুলিয়াতে ডি.জি.কে যেতে হয়েছিল মাফিয়াদের ধরতে। উত্তরপ্রদেশের পুলিশ এসে এখানে দু'জনকে গুলি করে মারতে পেরেছে। তারা তিনজনকে ধরেছে। আমাদের গোয়েন্দা পুলিশের এই ব্যর্থতা, কেন গোয়েন্দা বিভাগ আন্তর্জাতিক মাফিয়াদের সম্বন্ধে ইনফর্মেশন কালেক্ট করতে পারছে না, তাদের সম্বন্ধে কিছু জানতে পারছে না? সারা দেশের উগ্রপন্থীরা এখানে ঘুরে বেড়াচ্ছে তাদের স্বর্গরাজ্য ভেবে। গোয়েন্দা বিভাগের এই যে ব্যর্থতা, এই ব্যর্থতার জন্য আপনি কি তদন্তের ব্যবস্থা করেছেন? ভবিষ্যতে এইভাবে উগ্রপন্থীরা যাতে এখানে অবাধে চলাফেরা না করতে পারে, তার জন্য আপনি কোনও পজিটিভ স্টেপস্ নিচ্ছেন কিনা?

[12-20 — 12-30 p.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্যকে বলতে চাই যে, গোয়েন্দা বিভাগ সম্পূর্ণ সমালোচনার উর্দ্ধে এই কথা বলছি না। তবে আপনি দুটি তথ্য ভুল দিয়েছেন, তার একটা হচ্ছে যে সারা ভারতবর্ষের মাফিয়ারা এই রাজ্যে এসে আশ্রয় নিয়েছে, আর আলফা নেতাকে নাকি আসাম পুলিশ এসে এখানে ধরেছে - দুটি তথ্যই ভুল। আলফা নেতাকে আসাম পুলিশ ধরে নি, আমরা ধরেছি, আমাদের পুলিশ ধরেছে। আলফা নেতা প্রদীপ গগুইকে আমাদের পুলিশ ধরে আসাম পুলিশের হাতে তুলে দিয়েছে। আমি জানি একটা খবরের কাগজ লিখেছে যে, আসাম পুলিশ নাকি এখানে এসে ধরেছে। কিন্তু আমাদের পুলিশ ধরেছে এবং জেরা করেছে, তারপরে আসাম পুলিশের হাতে তুলে দিয়েছে। এটা সম্পূর্ণভাবে সত্য যে, কলকাতার পুলিশ প্রদীপ গগুইকে অ্যারেস্ট করে ইন্টারোগেট করে আসাম পুলিশের হাতে হস্তান্তর করেছে। সুতরাং আপনার ওই তথ্য ভুল। সঙ্গে সঙ্গে বলছি যে, পাঞ্জাব পুলিশ, তারা ভুল করে না জানিয়ে এসেছিল, সেটা অন্য প্রসঙ্গ। তবে এই ব্যাপারে আপনাদের কাছে বলতে চাই এবং শুধু আপনাদের জানানোর জন্য বলতে চাইছি না, সতর্ক হওয়ার দরকারের জন্যও বলছি যে, সাধারণভাবে এই মাফিয়া,

ক্রিমিন্যালদের সঙ্গে একটা আন্তর্জাতিক মৌলবাদী শক্তি এই রাজ্যে চক্রান্ত করার চেষ্টা করছে। আমাদের কলকাতা পুলিশ খুবই অল্প সময়ের মধ্যে কয়েকটা লোককে গ্রেপ্তার করেছে, রাজ্যের পুলিশও কজনকে গ্রেপ্তার করেছে। কলকাতার পুলিশও গ্রেপ্তার করেছে, আমি সবকিছু খোলাখুলি বলতে চাইছি না। তবে তারা আন্তর্জাতিক মৌলবাদী চক্রান্তের সঙ্গে যুক্ত। কলকাতার পুলিশ তাদের গ্রেপ্তার করেছে, ইন্টারোগেট করেছে। সুতরাং প্রদীপ গগুইকে ধরার ব্যাপারে যেটা বললেন সেটা ভুল তথ্য দিয়েছেন। আমরাই তাকে গ্রেপ্তার করেছি। আর এই ব্যাপারে যেটা বললেন যে, লোকটি হোটেলে ছিল এবং ওই মহিলা যিনি বাড়ি ভাড়া নিয়ে ছিলেন, তাদের সম্পর্কে যদি আমরা আগের থেকে জানতাম ভাল হত। উত্তরপ্রদেশ পুলিশের সঙ্গে আগের রাতেও কথা হয়েছে, সেই রাতেই যদি বলত ওই বাড়িতে একটা ডেন আছে তাহলে আমাদের ভাল হত। তারা বলল সকাল সাড়ে ৯টায় যে ওই বাড়িতে ডেন আছে।

**(ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ ঃ আগে বললে তো আপনারা মাফিয়াদের সুবিধা করে দিতেন, কলকাতার পুলিশ তাদের সাহায্য করত।)**

আপনারা এই রাজ্যের অধিবাসী হয়ে এই রাজ্যকে অসম্মান করবেন না। আপনারা কি মনে করেন যে, আমাদের পুলিশের থেকে উত্তরপ্রদেশের পুলিশ আরও বেশি দেশ প্রেমিক? আমি শুধু বলতে চাই আপনারা বিরোধিতা করতে হয় বিরোধিতা করুন, কিন্তু রাজ্যকে অসম্মান করবেন না।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, তিন পাতার বিবৃতি দিয়েছেন। এই বিবৃতিগুলো মন্ত্রী খবরের কাগজ থেকে দেখে এই হাউসে এসে বিবৃতি দিয়েছেন। কারণ ওঁনার আগেই সব বিবৃতি আমরা কাগজে দেখেছি। স্যার, আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে, ৮ তারিখে ইউ.পির পুলিশ এল এবং ক্যালকাটার পুলিশকে রিপোর্ট দিল যে মাফিয়ারা এখানে অপারেট করছে, এটা শোনার পরেও ৮ তারিখ থেকে ১৪ তারিখ পর্যন্ত ক্যালকাটা পুলিশ কি করেছে এবং এই মাফিয়ারা কি মিশনে এখানে এসেছিল? আমি জানি এর আগে দুজন বিজনেসম্যানকে কিডন্যাপড্ করে নিয়ে গিয়েছিল এবং তাদের কাছ থেকে টাকা নিয়ে ছেড়েছে। মন্ত্রীও বোধহয় জানেন যে, একজন ট্রান্সপোর্ট কারবারি, মোটর পার্টস তৈরি করেন, তার ছেলে লা মার্টিনিয়ায় পড়ে, তাকে কিড্ন্যাপড্ করা হয়েছিল। দেড় বছর আগে কিড্ন্যাপড্ করে নিয়ে যায়, এখনও পর্যন্ত ক্যালকাটা পুলিশ ছাড়িয়ে আনতে পারেনি।

আমি জানতে চাই এই যে মাফিয়া গ্যাং এদের মিশন কি ছিল সেটা বলুন। একজন ব্যবসায়ীকে কিড্‌ন্যাপড্ করল কলকাতা পুলিশ কি করল, কিছুই করতে পারেনি। কলকাতা পুলিশ এই ৬ দিনে কি করতে পারল সেটা জানান।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য যা বললেন, প্রথমেই আমি দায়িত্ব নিয়ে বলছি, কলকাতা শহরে এর আগে দুইজনই বলুন আর একজনই বলুন, একজন শিল্পপতিকে অ্যাবডাকশন করে তুলে নিয়ে যায়। এই রকম ঘটনা কলকাতা শহরে আজ পর্যন্ত ঘটেনি। একজন শিল্পপতি এইরকম একটা অভিযোগ করেছিল, অভিযোগের ভিত্তিতে পুলিশ যতদূর গিয়েছিল ফিরে এসে তারা যে রিপোর্ট দিয়েছে, আমার পরে বলা উচিত ছিল তাদেরকে, সেই শিল্পপতিকে গ্রেপ্তার করতে। তাঁর ছেলেকে তিনি লুকিয়ে রেখেছিলেন টাকা তোলার জন্য, এটা জেনে রাখুন। দ্বিতীয়ত হচ্ছে, সারা ভারতের মতো একটা ঘটনাও ঘটেনি যেটার ভয়ঙ্কর বিপদ দিল্লি বলুন, বোম্বে বলুন এই অ্যাবডাকশন আর রানসাম চাওয়া এখানে আজ পর্যন্ত ঘটেনি। এক্ষেত্রে এরা কি করতে এসেছিল, এই ব্যাপারে আমাদের এখানে উত্তর প্রদেশ পুলিশ, গুজরাট পুলিশ, সি.বি.আই. সবাই দেখছে, এদের মিশন কি ছিল, এখনও তা স্পষ্ট নয়, ইন্টারোগেশন চলছে। একজনকে ইন্টারোগেশন করা যাচ্ছে না, সে ভীষণ আহত অবস্থায় আছে। উত্তরপ্রদেশ পুলিশের এক রকম ভার্সান, গুজরাট পুলিশের আর একরকম ভার্সান। আমরা নিজেরা ইন্টারোগেট করছি। কলকাতায় আসাটা একটা ট্রানজিট কিনা আমার স্টেটমেন্টে আছে। নেপাল যাতায়াতের পথে তারা কলকাতাকে ব্যবহার করতেন না কলকাতা তাদের একটা লক্ষ ছিল, আমরা সেটা ইন্টারোগেট করতে বলেছি, এই হচ্ছে কথা।

**শ্রী অজয় দে ঃ** আমাদের মান্নান সাহেব এবং সুলতান ভাই দুইজন বলেছেন, আমি আপনার কাছে জানতে চাইছি, মাননীয় মন্ত্রিমহাশয় আপনার স্টেটমেন্টের মধ্যে যেটা বলেছেন, আমরা যেটা দেখতে পাচ্ছি না, এইরকম অবস্থায় অর্চনা শর্মা পালিয়ে গেল কি করে? এটা কাদের ব্যর্থতা? গোয়েন্দা দপ্তরের নিশ্চয় ব্যর্থতার জন্যই পালিয়ে গিয়েছে। আর একটা হচ্ছে, হিলটন হোটেল এর মালিক পুনআরি ব্যবসাদার, সে কি টার্গেটে ছিলেন? আপনারা এই ব্যাপারে কিছু জানতে পেরেছিলেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** প্রথমেই বলেছি, অর্চনা শর্মার সম্বন্ধে কোনও খবর যদি এখানে থাকতো, উত্তরপ্রদেশ পুলিশ না বলা সত্ত্বেও যদি আমরা খবর পেতাম

তাহলে ভাল হোত। আমাদের কাছে যদি আলাদা খবর থাকতো ভাল হোত, কিন্তু দুর্ভাগ্য হচ্ছে, এই অর্চনা শর্মার সম্বন্ধে আমাদের কাছে আগে কোনও খবর ছিল না, এটা ঠিক। এটা থাকলে ভাল হোত। কিন্তু উত্তরপ্রদেশের পুলিশ আমাদের আগের দিন রাত্রেও যদি জানাতো - আসলে আর্লি মর্নিং-এ আমাদের কাছে যা খবর ৬টার সময় তিনি একটা ফোন পেয়েছিলেন, ফোন পাওয়ার পরে তিনি পালিয়ে গিয়েছিল। উত্তরপ্রদেশ পুলিশ আমাদের জানাল সকাল সাড়ে ৯ টার সময়। আমার পুলিশ জানতে পারতো না, ওরা আলাদা অপারেট করছে। যদি আগের দিন রাত্রে উত্তরপ্রদেশের পুলিশ আমাদের জানাত তাহলে ভাল হোত — তারা খবরও পায়নি, ওরা আক্রান্ত হয়ে গেছে—আগের রাত্রে যদি খবর পেতাম আমরা নিশ্চয় গ্রেপ্তার করতে পারতাম।

(গোলমাল)

কাগজে যা বেরিয়েছে, আবারও বলছি, ওদের অ্যাকচুয়ালি কি লক্ষ্য ছিল, ওদের কলকাতায় অ্যাবডাকশনের কোনও লক্ষ্য ছিল কিনা, কলকাতায় কোনও ক্রাইম করার লক্ষ্য ছিল কিনা, এই ব্যাপারে কলকাতার পুলিশ একটা সঠিক সিদ্ধান্তে না আসা পর্যন্ত আমরা বলতে রাজি নই। সংবাদপত্রে যাহাই বেরোয়, তাহাই সত্য নয়।

[12-30 — 12-40 p.m.]

## PRESENTATION OF COMMITTEE REPORT

### Seventeenth Report of the Subject Committee on Panchayat & Rural Development, Land Reforms and Animal Resources Development (1998-99)

**Shri Nani Gopal Chowdhury :** Mr. Chairman, Sir, I beg to present the Seventeenth Report of the Subject Committee on Panchayat & Rural Development, Land Reforms and Animal Resources Development on Panchayat, Land Reforms and Animal Resources Development

## First Report of the Committee on Reforms and Functioning of the Committee System, 1998-99

**Shri Prabhanjan Mondal :** Mr. Chairman, Sir, I beg to present the First Report of the Committee on Reforms and Functioning of the Committee System, 1998-99.

## MENTION CASES

**শ্রী সঞ্জীব দাস ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের এবং মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯৮-৯৯ সালের ডিসেম্বর মাস শেষ হতে চলল, এখনও পযন্ত হাওড়া জেলায় কোনও গ্রাম পঞ্চায়েত জওহর রোজগার যোজনার টাকা পায়নি। আমাদের রাজ্যের নিয়ম হল সিক্সটি পারসেন্ট টাকার ইউটিলাইজেশন সার্টিফিকেট জেলা পরিষদ দিলে গ্রাম পঞ্চায়েতগুলো জওহর রোজগার যোজনার টাকা পেতে পারে। কিন্তু হাওড়া জেলা পরিষদের অপদার্থতার জন্য ঐ ইউটিলাইজেশন সার্টিফিকেট না দিতে পারার কারণে ১৯৯৮-৯৯ সালের জওহর রোজগার যোজনার টাকা গ্রাম পঞ্চায়েতগুলো পায়নি। ফলে উন্নয়নমূলক কাজ বন্ধ হয়ে গেছে, গ্রামপঞ্চায়েতগুলোতে তালাচাবি পড়ার অবস্থায় এসেছে। আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অবিলম্বে হাওড়া জেলার সমস্ত গ্রাম পঞ্চায়েত যাতে টাকা পায় তার ব্যবস্থা করা হোক।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র গোঘাটে বহু গ্রামে এখনও পযন্ত বিদ্যুৎ নেই। যেসব গ্রামে বিদ্যুৎ আছে সেখানে একটা পোল পুঁতেই দায়িত্ব সেরে ফেলা হয়েছে। বর্তমানে রাজ্য সরকার গ্রামীণ বৈদ্যুতীকরণের দায়িত্বটা পঞ্চায়েতের উপরে ন্যস্ত করেছে। কিন্তু দেখা যাচ্ছে পঞ্চায়েত এলাকায় যেসব বিত্তশালী গ্রাম আছে, যেখানে লক্ষ লক্ষ টাকা তারা জমা দিচ্ছে সেখানে বিদ্যুৎ যাচ্ছে, কিন্তু যেখানে দরিদ্রতম মানুষ বাস করে, বিশেষ করে তফসিলি আদিবাসী এবং তফসিলি জাতির লোকেরা বাস করে সেখানে তারা বিদ্যুৎ সংযোগ পাচ্ছে না। তারা যাতে বিদ্যুৎ সংযোগ পায় তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, অনেক ঢাক ঢোল পিটিয়ে সরকার ঘোষণা করল যে, ফলতা থেকে হাওড়া পর্যন্ত ভূতল বাস চালু হবে। কিন্তু আজও পর্যন্ত সেই বাস চালু হলনা। দুটো ভূতল পরিবহনের বাস বেলা ১১ টার সময় ফলতা বিধানসভার ভিতর দিয়ে নৈনান পর্যন্ত যায়, ফলতা পর্যন্ত যায়না। ঐ বাস দুটি ফলতা থেকে ছাড়ার কথা। যদি মগরাহাটে ৬ খানা, রামগঙ্গায় ১০ খানা, হারউড পয়েন্টে ২ খানা, গঙ্গাধরপুরে ২ খানা বাস থাকতে পারে, তাহলে ফলতায় কেন রাতে ভূতল বাস থাকবে না? আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে আবেদন, যাতে ফলতায় বাস থাকে এবং হাওড়া থেকে চালু হয়, তার ব্যবস্থা করুন।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৪.১২.৯৮ তারিখ থেকে নদীয়া জেলার মাজদিয়া সুধীর রঞ্জন লাহিড়ী মহাবিদ্যালয়টি বন্ধ হয়ে আছে। কংগ্রেসের কিছু উচ্ছিষ্ট তৃণমূল কংগ্রেস তৈরি হয়েছে। তারা, যাতে ঐ কলেজে ছাত্র সংসদের নির্বাচন না হয়, সেইজন্য অধ্যক্ষ সমেত সবাইকে ঘেরাও করে রাখে এবং মাঝ রাত্রে পুলিশ তাদের গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে। আগামীকাল, অর্থাৎ ২৩ তারিখে ঐ কলেজে ছাত্র সংসদের নির্বাচন হওয়ার কথা। কিন্তু আমরা আশ্চর্য হয়ে দেখছি, কলেজ কর্তৃপক্ষ নোটিস দিয়েছে - কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে এবং ইলেকশন অফিসার বলেছেন, ইলেকশন প্রসেস স্ট্যান্ডস সাসপেন্ডেড আনটিল ফারদার অর্ডার। মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, অবিলম্বে ঐ কলেজে যাতে সুশৃঙ্খলা ফিরে আসে, কলেজটি খোলে এবং ছাত্র সংসদের নির্বাচন হয়, তার ব্যবস্থা করুন।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মন্ড হারবার ফকিরচাঁদ কলেজ দক্ষিণ ২৪ পরগনা জেলার একমাত্র লিড কলেজ। সেই কলেজে রাজ্যপাল সমেত মন্ত্রিমহাশয় গিয়ে আলাপ-আলোচনা করে যেসব সিদ্ধান্ত নিয়েছিলেন, সেসব ফলপ্রসু হয়নি। সেখানে বায়ো-সায়েন্সে অনার্স নেই, সেটা চালু করতে হবে। পাসকোর্সে ভূগোল চালু করতে হবে এবং পোস্ট গ্রাজুয়েট কোর্স ঐ কলেজে চালু হবে বলা হয়েছিল, সেটা চালু হয়নি এবং, ঐ এলাকার স্বনামধন্য ব্যক্তির নামে, জগদীশচন্দ্র হালদার মেমোরিয়াল কলেজ - মর্নিংয়ে চালু করার কথা, তার রেকগনিশন পাওয়া

যায় নি। পার্ট টাইমার দিয়ে কাজ চলছে। অথচ উচ্চশিক্ষামন্ত্রী বলেছেন ঐ অঞ্চলে বেকার নেই। লাইব্রেরি বলতে কিছু নেই সেখানে। অবিলম্বে ঐ কলেজে শিক্ষার সার্বিক উন্নতির জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী তমাল মাঝি ঃ** স্যার, কেতুগ্রাম বিধানসভা সহ কাটোয়া মহকুমার বিস্তীর্ণ এলাকায় বোরো চাষ হয়। কিন্তু ঐ এলাকা একেবারে টেইল পয়েন্টে অবস্থিত হওয়ার ফলে অজয়, দামোদর, ময়ূরাক্ষী এবং ডি.ভি.সি.-র যে জল ক্যানেলের মাধ্যমে সেচের জন্য সরবরাহ করা হয়, সেটা এসে পৌঁছয় না। সরকারী ঘোষণা অনুযায়ী যাতে ঐ জল কৃষিতে সরবরাহ করা যায় ক্যানেলের মধ্যে দিয়ে, সেইজন্য মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি জানাচ্ছি।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে আমি ইংলিশ বাজার পৌরসভার সমস্যা তুলে ধরছি। বিগত বন্যায় সমস্ত শহর জলে ডুবে গিয়েছিল এবং সেই পৌরসভার যে ড্রেন এবং রাস্তা, তা সম্পূর্ণ ভেঙেচুরে বিনষ্ট হয়ে গেছে।

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে আবেদন করছি যে, ড্রেনেজ সিস্টেম পুরোপুরি বিপর্যস্ত হয়ে যাওয়ার জন্য মশার বৃদ্ধি এবং এনকেফেলাইটিস রোগের প্রকোপ দেখা দিয়েছে। আপনি জানেন যে, কয়েকদিন আগে মালদা জেলার হাসপাতাল থেকে একটা রিপোর্ট বেরিয়েছিল যে, ওখানে এনকেফেলাইটিসে ১১৭ জন আক্রান্ত হয়েছে। মালদা শহর এইরকম একটা বিপর্যয়ের মুখে পড়েছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, অবিলম্বে শহরের সমস্ত রাস্তার সংস্কার করা হোক এবং তার পাশে যে ড্রেনেজ সিস্টেম তাকে যেভাবে সারানো দরকার, সেইভাবেই তার ব্যবস্থা করা প্রয়োজন এবং সেই ব্যবস্থা করে মালদা শহরের ১ লক্ষ ৮০ হাজার মানুষকে সত্যিকারের সুষ্ঠ পুনর্বাসন এবং সুষ্ঠভাবে বাঁচার ব্যবস্থা করবেন।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় চেয়ারম্যান সাহেব, আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক দপ্তরের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে, অবসর প্রাপ্ত মাধ্যমিক শিক্ষক, শিক্ষিকার পেনসন সংক্রান্ত বিষয়ে সাংঘাতিকভাবে হয়রানি চলছে। ডি আই

অফিসে তারা দীর্ঘদিন ধরে যাচ্ছে। বিশেষ করে কলকাতার ক্ষেত্রে এমন কিছু বয়স্ক শিক্ষক শিক্ষিকা দিনের পর দিন গিয়ে কাগজ পত্রের হদিশ পাচ্ছে না এবং এরা অবসর নিয়েছেন বলে এদের সঙ্গে ব্যবহার ভালো করা হচ্ছে না। অথচ দেখা যাচ্ছে যে, তাদের সামনে অন্য কিছু একশ্রেণীর শিক্ষক তাদের কাগজ পত্র পেয়ে গেছেন এবং তারা সুযোগ পাচ্ছেন। এই হয়রানি যাতে না হয় তার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সময় মতো অবসর প্রাপ্ত শিক্ষক শিক্ষিকারা পেনসন ভোগ করতে পারেন সেই ব্যাপারে দেখবেন।

**শ্রী গুলশন মল্লিক ঃ** (অনুপস্থিত)

**শ্রী শেখ খবিরুদ্দিন আহমেদ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র এবং কুটির শিল্প দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলার রাণাঘাট সেরিকালচার নার্সারি এবং শস্যাগার, স্বাধীনতার পরে ৫০ বছর ধরে নদীয়া তথা পশ্চিমবঙ্গের রেশম চাষীদের স্বার্থ রক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। কিন্তু বর্তমানে দেখছি যে, শস্যাগার বিল্ডিংটি এবং নার্সারি ফেন্সিং ভেঙ্গে পড়ার উপক্রম হয়েছে। এছাড়া কয়েক বছর যাবৎ দেখছি যে, এই ফার্ম পরিচালন ব্যবস্থার অব্যবস্থা দেখা যাচ্ছে এবং এই ফার্ম সারানোর যাতে যথাযথ ব্যবস্থা করা হয় এবং জরাজীর্ণ যে অবস্থা পরিণত হয়েছে, তার সংস্কার সাধন যেন করা হয়।

**শ্রীমতী মায়ারাণী পাল ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমার বহরমপুর শহরের কনস্টিটিউয়েন্সি এলাকার হাসপাতালটির খুবই খারাপ অবস্থা। এই ব্যাপারে আমি নিজস্বভাবে পার্থবাবুর কাছে বলেছিলাম যে, ইনটেনসিভ কেয়ার ইউনিটটি বন্ধ আছে। কিন্তু উনি সেটাতে গ্রাহ্য করেননি। এই ইনটেনসিভ কেয়ার খোলার জন্য আবেদন করছি এবং হাসপাতালে কোনও ওষুধ নেই। সেটা আমি অনেকবার বলেছি ইনটেনসিভ কেয়ার যাতে তাড়াতাড়ি করা হয়, তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে যে আপনারা সবাই জানেন আমাদের রাজ্যসরকার এই বছর থেকে আমাদের কৃষকদের জন্য প্রভিডেন্ট ফান্ড স্কিম চালু করতে চলেছেন। সেটা চালু করার জন্য পঞ্চায়েতে ফর্ম পাঠানো হয়েছে এবং আদেশনামা পাঠানো হয়েছে। যে ফর্মটা পাঠানো হয়েছে

আমার মনে হয়েছে যে ফর্মটি অত্যন্ত জটিল। ফর্মটি ইংরেজিতে পাঠানো হয়েছে। কৃষকদের তো দরখাস্ত করতে হবে। কৃষকরা যাতে সহজ করে এই ফর্মটি পড়তে পারে তার জন্য আদেশনামাটি যাতে বাংলায় করে দেওয়া যায় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী নন্দরাণী দল ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকা কেশপুর। কেশপুর ব্লক হাসপাতালের বিল্ডিংটি দীর্ঘদিন ধরে অকেজো হয়ে পড়ে আছে। ৮৭ সালে বামফ্রন্ট সরকার ৩০ শয্যা বিশিষ্ট একটা গ্রামীণ হাসপাতাল অনুমোদন করে। ১০ লক্ষ টাকাও দিয়েছেন। মেদিনীপুর জেলাপরিষদ দু লক্ষ টাকা দিয়ে একটা বিল্ডিং তৈরি করেছে যেটা আউটডোর হিসেবে ব্যবহৃত হচ্ছে। স্বাস্থ্যদপ্তরের মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব অবিলম্বে এই বিল্ডিং এর কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুন। এই সিদ্ধান্ত না নিলে জনমানসে বিরূপ প্রতিক্রিয়া হবে। আমাদেরও বিভিন্ন প্রশ্নের সম্মুখীন হতে হচ্ছে।

**শ্রী বীরেন দত্ত ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, পূর্বস্থলি বিধানসভা এলাকায় পানীয়জলের আর্সেনিক দূষণের কারণে সেখানকার মানুষ ক্ষতিগ্রস্থ হচ্ছে এবং আতঙ্কিত হচ্ছে। পূর্বস্থলি বিধানসভা কেন্দ্রের পূর্বস্থলি, বেলতলা, কেলেখাটাল এর কিছু এলাকা এবং নাদান বিধানসভা কেন্দ্রের দোগাছিয়া গ্রামের আর্সেনিক দূষণ দেখা দিয়েছে। বেশকিছু মানুষ আক্রান্ত হয়েছে। একদিকে পানীয় জলের উৎস স্থাপন করার জন্য, অন্যদিকে আক্রান্ত মানুষের চিকিৎসা, অন্যান্য ব্যবস্থার জন্য আমি জনস্বাস্থ্য কারিগরি বিষয়ক মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অধীর চৌধুরী ঃ** চেয়ারম্যান স্যার, অনেক ঢাকঢোল পিটিয়ে মুর্শিদাবাদ জেলা ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপিত হয়েছিল। স্যার, মুর্শিদাবাদ জুড়ে ইঞ্জিনিয়ারিং কলেজ ঘিরে লক্ষ লক্ষ টাকা চাঁদা তোলা হয়েছে। ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপিত হওয়ার পর ইঞ্জিনিয়ারিং কলেজে ম্যানেজমেন্ট কোটা এবং এন.আর.আই. কোটার নামে ক্যাপিটেশন ফি না নিয়ে তার পরিবর্তে কোটার নামে লক্ষ লক্ষ টাকা মুর্শিদাবাদে সংগ্রহ অথচ দেখা যাচ্ছে ইঞ্জিনিয়রিং কলেজ যে শিক্ষার জন্য তৈরি করা হয়েছিল সেখানে শিক্ষক নেই। হোস্টেল ফেসিলিটিস নেই। বাইরে থেকে ছাত্ররা পড়তে

গেলেও সেখানে পড়বার উপযুক্ত পরিবেশ না থাকার জন্য ইঞ্জিনিয়ারিং কলেজের সুবিধা থেকে ছাত্ররা বঞ্চিত হচ্ছে। এই ব্যাপারে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ চেয়ারম্যান ঃ** আপনার সাবজেক্ট অন্য ছিল, প্রাইস অব মিল্ক।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, ঢাকুরিয়া, যাদবপুর, টালিগঞ্জ অঞ্চলে মোট ১২টি কারখানা ছিল। এই ১২ টার মধ্যে ১১টি কারখানা উঠে গেছে। স্যার, আপনি জানেন বেঙ্গল ল্যাম্প, সুলেখা ওয়ার্কস, অন্নপূর্ণা গ্লাস, চালিয়া রোলিং মিল, মায়া ইঞ্জিনিয়রিং, চোপড়া মোটরস, লাইফ ফার্মাসিউটিক্যালস, ফ্রিজ অ্যান্ড সিং প্রভৃতি কারখানাগুলি বন্ধ হয়ে গেছে। একটি একটি করে প্রত্যেকটি কারখানা শিল্প প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে। এই শিল্প প্রতিষ্ঠানগুলিতে কম-বেশি ১২ হাজার শ্রমিক কাজ করতো। এই কারখানাগুলি বন্ধ হওয়ার জন্য ১২ হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছে। বারে বারে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীদের সঙ্গে কথা বলেছি, তাঁদের কাছে প্রত্যেক বিষয় নিয়ে আবেদন করেছি, মালিককে ডেকে নিয়ে আলোচনার জন্য সেখানে ব্যবস্থা নেওয়া হয়েছে, কিন্তু আপনি শুনলে আশ্চর্যান্বিত হয়ে যাবেন এই সরকার নিজে মালিকদের সরকারে পরিণত হয়েছে। কোনও একটির ক্ষেত্রেও মালিকদের চাপ দিয়ে এই বন্ধ কারখানা খুলবার বা খোলার ব্যবস্থা করতে পারেন নি। স্যার, আজকে যখন সরকার বারে বারে বলছেন বিনিয়োগের জন্য তারা নাকি চেষ্টা করছেন, মাননীয় মুখ্যমন্ত্রী তিনি বারে বারে বিদেশ যাচ্ছেন, মাননীয় সোমনাথ চট্টোপাধ্যায় তিনি কোটি কোটি টাকা খরচ করে বিদেশ ভ্রমণ করছেন। তিনি একটার পর একটা চুক্তি পত্রে সই করে বাংলার যুবকদের ভাঁওতা দিচ্ছেন পশ্চিমবাংলায় নাকি কলকারখানা নতুন করে তৈরি হবে। নতুন কলকারখানা তৈরির কথা ভুলে যান মিঃ চেয়ারম্যান স্যার, পুরনো কলকারখানাগুলি যদি এইভাবে বন্ধ হয়ে যায় এবং সরকার যদি কোনও ব্যবস্থা না নেয়, তাহলে ছাঁটাই হয়ে যাওয়া ৫৭ লক্ষ শ্রমিক-কর্মচারিরা আজকে আবার নতুন করে বেকার হচ্ছে, তাদের কথা কে ভাববে? অনতিবিলম্বে এই কলকারখানাগুলি খোলার জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী দিবাকান্ত রাউত ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র বলাগড়ে ডুমুরদহ, নিত্যানন্দপুর গ্রাম পঞ্চায়েতে গত ১৭ই নভেম্বর তৃণমূল কংগ্রেস ও বি.জে.পি. যৌথভাবে ব্যাপক হামলা চালিয়েছে। ৭, ৮টি সি.পি.এম. সমর্থকের বাড়ি তারা ভাঙচুর করে এবং বাড়ির সর্বস্ব লুঠ করেছে। তাদের আসবাবপত্র রেডিও, সাইকেল, টি.ভি., বাসনপত্র লুঠ করে নিয়ে গেছে। এমনকি তারা যাবার সময় পানীয় জলের টিউবওয়েলটি ভেঙে দিয়ে যায়। যাবার সময় তারা মেয়েদের উপর অত্যাচার চালিয়েছে। এইসব দুষ্কৃতকারীরা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। তাই আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে ওই সব দুষ্কৃতকারীদের অবিলম্বে গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার এবং যেসব ক্ষতিগ্রস্থ পরিবারগুলি এই শীতের দিনে কষ্ট পাচ্ছে তাদের বাড়ি পুনরায় নির্মাণের জন্য সরকার ব্যবস্থা নিন।

**শ্রী রবীন দেব ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রীর কাছে দুটি বিষয়ে দাবি জানাচ্ছি। আমার বিধানসভা নির্বাচনী এলাকা বালিগঞ্জে প্রায় এক-দেড় বছরের মধ্যে কয়েক জন বিশিষ্ট ব্যক্তির জীবনাবসান ঘটেছে, তাঁদের মধ্যে চিত্র শিল্পী ও.সি. গাঙ্গুলির জীবনাবসান ঘটেছে, সম্প্রতি শিক্ষাবিদ সুবোধ চন্দ্র সেনগুপ্তের জীবনাবসান ঘটেছে, রবীন্দ্র সঙ্গীত শিল্পী অশোকতরু বন্দ্যোপাধ্যায়ের জীবনাবসান ঘটেছে, আমার কেন্দ্রের বিধায়ক এবং রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী জ্যোতি ভট্টাচার্য্যের জীবনাবসান হয়েছে। এই বিশিষ্ট ব্যক্তিদের স্মরণে কিছু রাস্তা তাদের নামে তৈরি করবার জন্য — কারণ এখন সমাজে যা চলছে, যারা এখানে বসে আছেন, একটু আগে আলোচনা হচ্ছিল, যারা শ্রীবাস্তবের পূজো গাইছে—এদের বিপরীতে গুণী ব্যক্তিদের সামনে নিয়ে এসে বর্তমান প্রজন্মকে, আগামী প্রজন্মকে উদ্বুদ্ধ করার দরকার। সেইজন্য তাদের স্মরণে কিছু ব্যবস্থা নেওয়ার জন্য আমি তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী তাপস ব্যানার্জী ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাইছি। পি.জি. হসপিটালের কি অবস্থা আপনি দেখুন স্যার। গত ১৬.১২.৯৮ তারিখে ৫ বছরের একটি ছেলে, তার নাম হচ্ছে শৌভিক সামন্ত, মনিময় সামন্তের ছেলে, আসানসোলের বাসিন্দা। একটা দুরারোগ্য ব্যাধি নিয়ে ভর্তি হলো এবং ডঃ শ্রীমতী বিদিশা তিনি অত্যন্ত তৎপর ছিলেন সেই শিশুপুত্রকে বাঁচাবার জন্য এবং ২৮ তারিখ বেলা ১১ টার সময় শ্রীমতী বিদিশা

তিনি বললেন যে ফ্রেস ব্লাড নিয়ে আসতে হবে। তখন মনিময় সামন্ত তিনি একজন রেগুলার ব্লাড ডোনার। ব্লাড ডোনেশনের যে সমস্ত প্রথম শ্রেণীর অর্গানাইজেশন আছে আসানসোলে তাদের সঙ্গে তিনি যুক্ত আছেন। স্যার, তিনি ব্লাড ব্যাঙ্কে গিয়ে বললেন আমি ডোনার এনেছি আপনি রক্ত টেনে নিন, কিন্তু তারা রিফিউজ করলেন এবং বললেন আমরা ব্লাড টানতে পারি না। ১০ টার পর নাকি ফ্রেস ব্লাড টানা যায় না। এ কোথাকার নিয়ম, কোন দেশের নিয়ম জানি না। এইবারে ওই ভদ্রলোক রাত্রি ১০টা পর্যন্ত কলকাতা শহরে বিভিন্ন জায়গা ঘুরলেন। সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক বললো যে যেহেতু এস.এস.কে.এম. হসপিটালের ব্লাড ব্যাঙ্ক আছে সেহেতু আপনাকে আমরা ব্লাড ব্যাঙ্ক থেকে ফ্রেস ব্লাড দিতে পারি না। উনি আবার ফিরে এলেন, তারপর সেইদিন রাত্রে ১০ টার সময় শ্রীমতী বিদিশার তৎপরতায় ব্লাড পাওয়া গেল, কিন্তু সেটা ফ্রেস ব্লাড নয়। পরের দিন অত্যন্ত দুঃখজনক ঘটনাটি ঘটলো ৫ বছরের ওই ছেলেটি মারা গেল ২৯.১২.৯৮ তারিখে। এই ছেলেটি মারা গেল চ্যাপ্টার ক্লোজড। স্যার, ওই ভদ্রলোক পরবর্তীকালে রক্ত দিন রক্ত দিন বলে আন্দোলন করবে না। কিন্তু তিনি ভাবলেন আমার কিছু করার দরকার। উনি করলেন কি ছেলেটি মারা যাওয়ার সঙ্গে সঙ্গে তিনি তাঁর ছেলেটির বডি প্রথমে এন.আর.এস. হসপিটালে দান করলেন এবং বললেন আমার ছেলে মারা গেছে, এর মৃতদেহ যাতে পরবর্তীকালে যারা ডাক্তারি পরীক্ষায় বসবে তাদের যাতে কাজে লাগে এবং তার ছেলের চোখদুটি মেডিকেল কলেজের আই-ব্যাঙ্কে দান করলেন। দেখুন স্যার, স্বাস্থ্য দপ্তরের অপদার্থতার জন্য তাঁর নিজের ছেলে মারা গেল এবং মারা যাওয়ার পরও তিনি তাঁর ছেলের দেহ এবং চোখদুটি দান করে দিলেন। স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি এটার কিছু একটা হওয়া দরকার। ওই ভদ্রলোককে ব্লাড দেওয়ার জন্য ব্লাড ব্যাঙ্কের যে সব লোকেরা রিফিউজ করলো তার একটা বিচার হওয়া দরকার, এই কথা বলে বক্তব্য শেষ করছি।

**মিঃ চেয়ারম্যান ঃ** ওটা স্বাস্থ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দেবেন প্রবোধবাবু। স্বাস্থ্যমন্ত্রী লিখিত তাপসবাবুকে জানিয়ে দিন।

## ZERO HOUR

[1-00 — 1-10 p.m.]

**শ্রী গুলশন মল্লিক ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র পাঁচলার গাববেড়িয়ার

১২০ বেডের হাসপাতালে ডাক্তার নেই, নার্স নেই, ওষুধ-পত্র নেই। হাসপাতালটা বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। গত কয়েকদিন আগে আমার কাছে হাসপাতাল কর্তৃপক্ষ একটা চিঠি দিয়ে জানান যে, আর মাত্র ২।৩ দিনের মতো ওষুধ আছে, পুনরায় ওষুধ না দেওয়া হলে হাসপাতালটা বন্ধ হয়ে যাবে। স্যার, এই হাসপাতালটা ১৯৭২-৭৭ কংগ্রেস আমলে তৈরি হয়েছিল। কিন্তু এই বাম জমানায় এটা বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। ঐ হাসপাতাল যাতে চালু রাখা যায় তার জন্য আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয় পৌর বিষয়ক মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কোন্নগর পৌরসভা কংগ্রেস পরিচালিত পৌরসভা। কিন্তু তার চেয়ারম্যান বদল হয়েছে কংগ্রেসের আভ্যন্তরিন ঝগড়ার ফলে। এখন যিনি চেয়ারম্যান হয়েছেন তিনি তৃণমূলের সঙ্গে গোপনে যোগাযোগ রেখে চলেছেন। গত পূজোর ছুটির আগে নিয়ম-নীতি না মেনে এবং ডিরেক্টর অব লোকাল বডির অনুমতি না নিয়ে ১০১ জন ক্যাজুয়াল কর্মীকে চেয়ারম্যান তাঁর বাড়িতে বসে নিয়োগ করেছেন। এই বেআইনি নিয়োগের ফলে ঐ পৌরসভায় অচলাবস্থা দেখা দিয়েছে। পৌর পরিষেবার ক্ষেত্রে ঐ পৌরসভার কোনও নজর নেই। ফলে ঐ এলাকার মানুষের মধ্যে বিক্ষোভ দেখা দিয়েছে। আমি ঐ বে-আইনি নিয়োগ বাতিল করার দাবি জানাচ্ছি।

**শ্রীমতী সাধনা মল্লিক ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমার বিধানসভা কেন্দ্র মঙ্গলকোটের নিগন ব্রিজ এবং শিমুলিয়া-মাঝিপাড়া কালভার্টের উপর দিয়ে প্রচুর লরি এবং অন্যান্য গাড়ি যাতায়াত করে। কিন্তু অবস্থা এত খারাপ যে যে কোনও সময় এগুলো ভেঙ্গে পড়তে পারে। তাই আপনার মাধ্যমে এবিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্য গোটা দেশের মধ্যে সমস্ত ক্ষেত্রে একটা আলোকবর্তিকা বিশেষ। কিন্তু এই রাজ্যের বিভিন্ন প্রান্তে বিশৃঙ্খলা সৃষ্টি করার জন্য প্রাক্তন যুব কংগ্রেসের সভানেতৃ থেকে আরম্ভ করে বর্তমান যুব কংগ্রেস সভাপতি একটা প্রতিযোগিতা চালাচ্ছেন। যেমন, গত ২৫শে অক্টোবর দক্ষিণ কলকাতায় একটা বাড়ি ভাঙ্গাকে কেন্দ্র করে রাজ্যে বিভিন্ন জায়গায় তান্ডব, রাস্তা

অবরোধ, প্রভৃতি করা হল। আবার, বর্তমান যুব কংগ্রেস সভাপতি ভিক্টোরিয়া গিয়ে জ্বালিয়ে, পুড়িয়ে উৎসব করছেন। কিন্তু আজকে গোটা দেশজুড়ে মৌলবাদিদের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে লড়াই করবার একটা প্রচেষ্টা চলছে। এই সময় বিশৃঙ্খলা, গুন্ডামি বন্ধ করা হোক। এই রাজ্যের সুনাম নষ্ট করার অপচেষ্টা বন্ধ করা হোক এবং সকলকে এবিষয়ে সক্রিয় ভূমিকা গ্রহণ করার জন্য আমি আবেদন রাখছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজ থেকে সাত মাস আগে কলকাতা থেকে মহামান্য রাজ্যপাল মহাশয়কে আসানসোলে নিয়ে যাওয়া হয়েছিল, এছাড়া সেখানে আমাদের মাননীয় স্পিকার সাহেব, উচ্চশিক্ষামন্ত্রী এবং মাননীয় কারিগরি মন্ত্রী বংশগোপাল চৌধুরীও সেখানে গিয়েছিলেন। মাননীয় মন্ত্রী বংশগোপাল চৌধুরী সেখানে গিয়ে বললেন, পশ্চিমবঙ্গ সরকার এবারে ব্যক্তিগত মালিকানায় কিছু কিছু ইঞ্জিনিয়রিং কলেজ স্থাপন করবেন এবং সেই প্রকল্পের জন্য ভিত্তি প্রস্তরও স্থাপিত হল। বলা হল ৬ মাস থেকে ১ বছরের মধ্যে আসানসোল পলিটেকনিকে ছাত্ররা পড়াশোনা শুরু করতে পারবে এবং তার ইনফ্রাস্ট্রাকচারও তৈরি আছে। কাগজে বিজ্ঞাপন দেওয়া হল। ঠিক করা হল জয়েন্ট এনট্রান্স পরীক্ষার মাধ্যমে ছাত্রদের ভর্তি করা হবে এবং তার জন্য এন্ট্রি ফিজ ৩০ হাজার টাকা নেওয়া হল এবং যে ছাত্ররা ভর্তি হল তাদের মাসিক বেতন ৫ হাজার টাকা করে নেওয়া হল। এইভাবে এন.আর.আই.য়ের নামে লক্ষ লক্ষ টাকা নয়-ছয় হল। কিন্তু দেখা গেল এক মাসের মধ্যে সেই ইঞ্জিনিয়রিং কলেজ উঠে গেল। যে সব ছাত্ররা সেখানে ইঞ্জিনিয়রিং পড়তে এসেছিল তাদেরকে টিসকোর হোস্টেলে রাখা হয়েছিল। তাদের বলা হয়েছিল আসানসোল পলিটেকনিকে তোমাদের ইঞ্জিনিয়রিং ক্লাস হবে। কিন্তু দেখা গেল ২ মাসের মধ্যে কলেজ উঠে গেল। তাদেরকে বলা হল হীরাপুরের কাছে একটা বাড়িতে ৩টি রুম নিয়ে ইঞ্জিনিয়রিং ক্লাস করা হবে। এর ফলে ছাত্ররা নৈরাশ্যের মধ্যে দিন কাটাচ্ছে। যেসব ছাত্ররা আসানসোলে ইঞ্জিনিয়রিং পড়তে এসেছিল তাদের ভবিষ্যৎ অন্ধকার। সেজন্য আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যাতে অবিলম্বে আসানসোলে ইঞ্জিনিয়রিং কলেজের জন্য ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে সেখানে ইঞ্জিনিয়রিং পড়ানোর ব্যবস্থা করা হয়।

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৬.১২.৯৮ তারিখে আরামবাগ পুরসভার

১৮ নম্বর ওয়ার্ডের কালিপুরে পুলিশ এস.ডি.পি.ও.র নেতৃত্বে একটা তুচ্ছ ঘটনার পরিপ্রেক্ষিতে বিনা প্ররোচনায় লাঠি চার্জ করে। এর ফলে ৪০ জন মহিলা আহত হয়, একজন মহিলার হাতের শাঁখা পুলিশ ভেঙে দিয়েছে, একজন মহিলা হাসপাতালে ভর্তি আছে। এছাড়া ৪ জন বাচ্চা বাচ্চা মেয়েও আহত হয়। এই ঘটনায় আরামবাগ পুরসভার চেয়ারম্যানকে অ্যারেস্ট করে পরে তাঁকে পারসোনাল বন্ডে ছেড়ে দেওয়া হয়। এই ধরনের নক্কারজনক ঘটনা পুলিশ এস.ডি.পি.ও.র নেতৃত্বে সেখানে ঘটিয়েছে। পুলিশ উদ্দেশ্যপ্রণোদিতভাবে যে ঘটনার জন্য এই জিনিস ঘটালো সেটা অতি তুচ্ছ ঘটনা। ১২ বছরের একটা ছেলে, যার নামে কোনও এফ.আই.আর. নেই তাকে পুলিশ অ্যারেস্ট করেছিল। এই ঘটনার পরিপ্রেক্ষিতে এলাকার সমস্ত মানুষ বিক্ষোভ দেখায় এবং এরজন্যই পুলিশ ঐ নক্কারজনক ঘটনা ঘটায়। এখানে গত ১৪ তারিখে মোক্তার নামে একজন বুলু মানিক নামে আরেকজনকে ছুরি মারে। কিন্তু সেই আসামীকে পুলিশ এখনও অ্যারেস্ট করেনি। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, অবিলম্বে ঐ ঘটনার অনুসন্ধান করে দোষী পুলিশ অফিসার সম্পর্কে যেন ব্যবস্থা গ্রহণ করা হয়। তা নাহলে এলাকার মানুষের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি হবে।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রায়না থানা অঞ্চলে ১৩২ কে.ভি.র একটা সাব-স্টেশনের কাজ চলছে। কিন্তু এই কাজে খুব দীর্ঘ সুত্রিতা দেখা যাচ্ছে। সত্ত্বর এটা চালু করার জন্য আমি আবেদন জানাচ্ছি। এটা না করলে ঐ এলাকার বোরো চাষীদের খুব অসুবিধা হবে। এছাড়া গ্রাহকদের বাড়িতে বিদ্যুতের অভাব দেখা যাচ্ছে। প্রায়ই লোডশেডিং হচ্ছে। তা সত্বেও যাতে এটা চালু করা যায় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তথা গোটা পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যাতে তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে একটা জাতীয় ওষুধ নীতি প্রণয়ন করার জন্য চাপ সৃষ্টি করেন। আমাদের প্রতিবেশি বাংলাদেশ, পাকিস্তান, শ্রীলঙ্কার জাতীয় ওষুধ নীতি রয়েছে। অথচ আমাদের তা নেই। আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার এ-ব্যাপারে কোনও কিছু চিন্তা ভাবনা করেননি। অথচ বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঘোষণা করেছে—আড়াই শো ধরনের ওষুধ হলেই সমস্ত রকম রোগের চিকিৎসা করা সম্ভব। আর

আমাদের ভারতবর্ষে এখনও ৬০,০০০ ধরনের ওষুধ চালু আছে। বড় বড় ব্যবসায়িরা সামান্য একটু ফর্মুলার এদিক ওদিক করে বিভিন্ন নামের ওষুধ বাজারে ছেড়ে জনসাধারণের পকেট কাটছে। এবিষয়ে আমি আগেও দাবি করেছি, আবারও দাবি করছি, অবিলম্বে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জাতীয় ওষুধ নীতি ঘোষণা করা হোক। আমি নিশ্চিত, এই বিধানসভার মাননীয় সদস্যবর্গ এবিষয়ে আমার সঙ্গে একমত হবেন যে, আমাদের একটা জাতীয় ওষুধ নীতি থাকা দরকার। সুতরাং এ নিয়ে সর্বসম্মতভাবে কেন্দ্রীয় সরকারের ওপর চাপ দেওয়া দরকার।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মহকুমায় রেশন কার্ড বিলির ব্যাপারে চরম অরাজক অবস্থার সৃষ্টি হয়েছে। আমাদের এলাকায় বেশ কিছু মানুষ, যারা সবে বাংলাদেশ থেকে এসেছে তারা অতি দ্রুত রেশন কার্ড পেয়ে যাচ্ছে। অথচ যারা দীর্ঘদিন এলাকায় বসবাস করছে তারা অনেকেই রেশন কার্ড পাচ্ছে না। এই অবস্থায় ওখানে রেশন কার্ড বিলি নিয়ে একটা সুনির্দিষ্ট নীতি প্রণয়ন করা দরকার। সে অনুযায়ী রেশন কার্ড বিলি করা দরকার। দরখাস্তকারিরা যাতে শীঘ্র রেশন কার্ড পেতে পারে তার জন্য আমি খাদ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী কিরীটি বাগদী ঃ** চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। আমাদের বাঁকুড়া জেলার ইন্দপুর বিধানসভা এলাকায় এ বছর যে চাষবাস হয়েছিল তা বৃষ্টির অভাবে মরে গেছে। ফলে কৃষকরা, বিশেষ করে ক্ষেতমজুররা খুবই কষ্টের মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে। এই অবস্থায় এখন পর্যন্ত তাদের কাছে কোনওরকম ত্রাণ সামগ্রি পৌঁছয় নি। ইতিমধ্যেই সেখানে গরিব মানুষদের মধ্যে হাহাকার শুরু হয়ে গেছে। অবিলম্বে ক্ষেতমজুরদের অন্য কিছু কাজের ব্যবস্থা না করতে পারলে সঙ্কট আরও তীব্র আকার ধারণ করবে। ঐ এলাকায় বর্তমানে প্রচন্ড পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। এই অবস্থায় আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়দের কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে ঐ এলাকার ক্ষেতমজুরদের জন্য কাজের ব্যবস্থা করা হোক এবং পানীয় জলের ব্যবস্থা করা হোক। এই দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় সভাপতি মহাশয়, মেদিনীপুর জেলার পূর্বাঞ্চলের মানুষদের মধ্যে একটা জিজ্ঞাসা ধীরে ধীরে সৃষ্টি হচ্ছে—কংশাবতী জলাধার আশির্বাদ, না অভিশাপের নামান্তর? তার কারণ কংশাবতী জলাধার কর্তৃপক্ষের

অবৈজ্ঞানিক মনোভাব। যার জন্য প্রতি বছর পাঁশকুড়া, ডেবরা, দাসপুর, নন্দনপুর, কোলাঘাট এলাকার লক্ষ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। প্রতি বছর হাজার হাজার মানুষ গৃহহীন হচ্ছে। হাজার হাজার একর জমির ধান নষ্ট হয়ে যাচ্ছে। শত শত একর জমি বালিয়াড়িতে পূর্ণ হয়ে যাচ্ছে। অথচ কংশাবতী জলাধার কর্তৃপক্ষ নীরব। শত আবেদন-নিবেদনেও তাদের কাছ থেকে কোনও সাড়া পাওয়া যায় না। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, পাঁশকুড়া, ডেবরা, দাসপুর, নন্দনপুর, কোলাঘাট প্রভৃতি পূর্ব মেদিনীপুর এলাকার বোরো চাষে অবিলম্বে কংশাবতী প্রকল্প থেকে জল সরবরাহ করা হোক। এবং এই সভায় এই গুরুত্বপূর্ণ বিষয়টি উত্থাপন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় চেয়ারম্যান মহোদয়, ১৯৯৩ সালের এবং ১৯৯৮ সালের বন্যার পর ডুয়ার্স এবং জলপাইগুড়ি জেলার বিভিন্ন এলাকা যেভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তাতে তা পূরণ করার জন্য অর্থ দপ্তর প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না করার জন্য সেচ দপ্তর এবং পূর্ত দপ্তর তাদের করণীয় কাজগুলো করতে পারছেনা। আমি অনুরোধ করছি, মাননীয় অর্থমন্ত্রী জলপাইগুড়ি জেলার ডুয়ার্সে প্রতিশ্রুতি দিয়েছিলেন বন্যা নিবারণের জন্য, বন্যা প্রতিরোধের জন্য অর্থের অভাব হবেনা। আর একটি কথা মাননীয় অর্থমন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই, আপনি জানেন, ডুয়ার্সে ১৫২টি চা-বাগান আছে। সেখান থেকে ৫ হাজার কোটি টাকা বিদেশি মুদ্রা এসেছে এই স্বাধীনতার পর থেকে। কিন্তু দুর্ভাগ্যজনক ব্যাপার হল, কেন্দ্রীয় সরকার আজও পর্যন্ত কোনওরকম ভূমিকা তারা পালন করলেন না বন্যা প্রতিরোধের জন্য। তাই আমার অনুরোধ, মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সর্বদলীয় প্রতিনিধিদল দিল্লি যাক, গিয়ে প্রধানমন্ত্রীর সাথে, ভুতল পরিবহন মন্ত্রীর সাথে এবং সেচমন্ত্রীর সাথে গিয়ে দেখা করুন। উত্তরবঙ্গের মালদা থেকে জলপাইগুড়ি পর্যন্ত যাতে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা করা যায় এবং লিমিটেশন থাকা সত্বেও রাজ্যসরকার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা যাতে পালন করেন। ইমিডিয়েটলি ৩০ কোটি টাকা যদি না দেওয়া হয় তাহলে আগামীদিনে আলিপুরদুয়ারের অস্তিত্ব, জলপাইগুড়ি জেলার অস্তিত্ব এবং কোচবিহারের অস্তিত্ব বিপন্ন হবে, এই কথা বিশেষজ্ঞরা বলেছেন। আমি আশা করব, উত্তরবঙ্গবাসীদের এই আশঙ্কার কথা, এই আতঙ্কের কথা মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারকে জানাবেন এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী দিলীপ কুমার দাস ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। কেননা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কোনও ফল আজ অবধি হয়নি। তাই আর মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই না।

**মিঃ চেয়ারম্যান ঃ** তাহলে বসে পড়ুন।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী দিলীপ কুমার দাস ঃ** স্যার, আমি যা সত্য তাই বলছি। আমার জেলায় বন্যা হয়েছে, তাসত্বেও এবারে ধানের ফলন কিছু কিছু এলাকায় ভালই হয়েছে। দেখা যাচ্ছে, যাদের এক্সপোর্ট লাইসেন্স আছে সেই সমস্ত এক্সপোর্ট লাইসেন্সধারিরা কোনও নিয়ম-নীতি মানছেন না। নিয়ম হচ্ছে, চাল বিহার, ইউ.পি, দিল্লি দিয়ে বাংলাদেশে পাশ করবে। কিন্তু দেখা যাচ্ছে, লোকাল হাটগুলিতে ট্রাকে চাল লোড করা হচ্ছে এবং সেই চাল বাংলাদেশে চলে যাচ্ছে। কে ঘুষ খাচ্ছে? কার ধরার দায়িত্ব? প্রশাসনের, ডি.ই.বির। যাদের এক্সপোর্ট লাইসেন্স আছে তাদের কাছ থেকে এরা টাকা-পয়সা নিয়ে যে হারে চাল বাংলাদেশে পাশ করিয়ে দিচ্ছে তাতে কোনওদিনও নতুন চাল রায়গঞ্জের মানুষ, উত্তরদিনাজপুরের মানুষ খেতে পাবে না। আগে উত্তর-দিনাজপুর জেলার মানুষ ৬ টাকা, ৭ টাকা কিংবা ৮ টাকা কিলোতে চাল খেয়েছে, কিন্তু এবারে ১৪ টাকার নিচে চাল নেই। আগামীদিনে উত্তরদিনাজপুর জেলার মানুষ আর চাল পাবে না, তারা না খেয়ে মারা যাবে। আমি তাই এই বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আর যারা ছোট-ছোট ব্যবসায়ী, যারা বেকার - এমনিতেই আমাদের জেলায় কোনও শিল্প নেই - তারা এক কুইন্টাল, দেড় কুইন্টাল চাল নিয়ে বাজারে বসে। তাদের কাছ থেকে ডি.ই.বির লোকেরা পয়সা নিচ্ছে, ঘুষ নিচ্ছে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে আমাদের করণীয় কি আছে? এক্ষেত্রে পুলিশ প্রশাসন, পুলিশমন্ত্রী ব্যর্থ। যে পুলিশ প্রশাসন এগুলিকে আটকাবে, তারা আটকাচ্ছে না। তারা এইভাবে ঘুষ নিয়ে ট্রাকের পর ট্রাক বাংলাদেশে পাশ করিয়ে দিচ্ছে। আজকে বুদ্ধদেববাবু বড় বড় কথা বলে ভাষণ দিয়ে গেলেন। এই ব্যাপারটা তাঁরই তো দেখার দায়িত্ব। কিন্তু তিনি দেখছেন না, খালি এখানে চিৎকার করে যাচ্ছেন। তাই আমি এই হাউসের কাছে আবেদন করছি, উত্তরদিনাজপুর জেলার চাল যাতে বাংলাদেশে না যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবিলম্বে নেওয়া হোক।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ক্রমাগত শিক্ষা সংকোচনের নীতি নিয়ে চলেছেন। গতকাল এখানে পবিত্র সরকার কমিটির রিপোর্ট পেশ করা হয়েছে। বাংলার মানুষ গত ১৮ বছর যাবত এই সরকারের কাছে প্রাথমিক স্তরে ইংরাজি ফিরিয়ে আনার দাবি জানিয়েছিল। সরকার অনেক টালবাহনা করে শেষ পর্যন্ত রাজ্যের মানুযের কাছে নতি স্বীকার করে ইংরাজি ফিরিয়ে আনতে বাধ্য হয়েছেন। কিন্তু স্যার, এরই মাঝখানে দেখছি জুনিয়র হাইস্কুলগুলিকে এই রাজ্যসরকার তুলে দিচ্ছেন। গত মাসে একটি সার্কুলার জারি করে ১২৭টি জুনিয়র হাইস্কুলকে পশ্চিমবাংলা থেকে গুটিয়ে নেওয়া হয়েছে, ডিরেকগনাইজ করা হয়েছে। স্যার, ছাত্রদের স্কুলে ভর্তির ব্যাপারে কি সমস্যা আপনি জানেন। ক্লাস ওয়ানে কোনও ছাত্রকে ভর্তি করতে গেলে তার অভিভাবকদের তিনদিন ধরে রাত্রি জেগে ফুটপাথে লাইন দিয়ে দাঁড়িয়ে থেকে ফর্ম যোগাড় করতে হয় এবং তারপর ভর্তি করতে হয়। আর মাঝখানে অর্থাৎ ক্লাস ৬ থেকে ১২ পর্যন্ত ভর্তি করা সেটা তো এখন ইমপসিবল ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এই যেখানে অবস্থা সেখানে আমরা দেখছি সরকার ১০০ বেশি জুনিয়র হাইস্কুলকে ডিরেকগনাইজ করে দিলেন। স্যার, আপনিই বলুন যে শিক্ষা বর্ষের মাঝখানে এইসব স্কুলগুলির ছাত্ররা যাবে কোথায়? মার্চ মাসে ফাইন্যাল পরীক্ষা হবে আর নভেম্বর মাসে সার্কুলার জারি করে বলে দেওয়া হল যে এতোগুলি জুনিয়র হাইস্কুলকে ডিরেকগনাইজ করে দেওয়া হল। এর ফলে সেখানে হাজার হাজার ছাত্রছাত্রী আজকে ড্রপ আউটের তালিকায় চলে যাবে, তারা কোথাও ৮, ৯, ১০ ক্লাসে ভর্তি হতে পারবে না। এটা স্যার, একটা মারাত্মক ব্যাপার। এই সরকার কিভাবে শিক্ষা সংকোচনের নীতি নিয়ে চলেছেন সেটা স্যার, আপনার মাধ্যমে আমি তুলে ধরলাম। বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে পুনরায় ঐ স্কুলগুলিকে রেকগনিশন দেবার আবেদন জানাচ্ছি।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সভার ও সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আজকে খবরের কাগজে দেখলাম যে চিন এবং পাকিস্তান-এর যৌথ নৌবহর আমাদের সাগর সীমানায় এবং সমুদ্র সীমানায় ঘোরাঘুরি করছে। এই ঘটনা আমাদের মনকে ভাবিয়ে তুলেছে।

(গোলমাল)

এক সময় সকলেরই মনে আছে যে চিন ভারতবর্ষকে আক্রমণ করেছিল।

(গোলমাল)

এখন চিনের দোস্ত হচ্ছে পাকিস্তান আবার পাকিস্তানের দোস্ত হচ্ছে আমেরিকা। সুতরাং চিন এবং পাকিস্তানের যৌথ নৌবহর এই যে ভারত সাগর এবং বঙ্গোপোসাগরে ঘোরাঘুরি করছে এতে আমরা আতঙ্কিত।

(গোলমাল)

আজকে যারা চিনের কথা শুনে চিৎকার করছেন তারা কি এটা অস্বীকার করতে পারবেন যে চিন ভারতবর্ষ আক্রমণ করে নি? আজকে ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে আমরা তাই আমাদের ভারতবর্ষের নিরাপত্তার জন্য উদ্বেগ প্রকাশ করছি, ভাবছি আগামীদিনে যেন অশান্তি না হয়। সেইজন্য হাউসের কাছে বিষয়টি উত্থাপন করলাম। কেন্দ্রীয় সরকারের কাছেও আমাদের উদ্বেগ প্রকাশ করছি স্যার, আপনার মাধ্যমে।

**শ্রী রবীন দেব :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় সদস্য শ্রী দৌলত আলি এইমাত্র যা বললেন তাতে তিনি হাউসকে বিভ্রান্ত করলেন। আমরা সকলেই জানি যে '৯৬ সালে ভারত সরকারের সঙ্গে চিনের প্রেসিডেন্টের চুক্তি হয়েছে। স্যার, এরপর উনি যা বললেন তাতে আমাদের দেশের যে সিদ্ধান্ত তার বিরুদ্ধে উনি বললেন। এটা বাদ দেওয়া হোক।

**श्री देवकी नन्दन पोद्दार :** माननीय सभापति महोदय, मै आपके माध्यम मे स्वराष्ट्र मंत्री का ध्यान दिलाना चाहता हूं बड़ाबाजार इलाके मे राहजनी, खून, डकैती और छिनताई दिन-प्रतिदिन बढ़ती जा रही है। कलकत्ता पुलिस हर मायने मे निष्फल और निषक्रिय है। सर, बड़ाबाजार के व्यवसायी समाज विरोधी के सामने अपने को असहाय महसूस करते है। वहां के निवासी और व्यवसायी को एक्सट्रशन के लिए धमकियां दिया जाता है और परेशान किया जा रहा है। कुछ लोग साहस करते है, लेकिन पुलिस वहां समाजविरोधी तत्वों से सरासर मिला हुआ है। सर, बड़ा बाजार की स्थिति भयावह होते जा रहा है। सर, कांग्रेस सेवादल के संजय कपुर का खुन हुआ, लेकिन इस मामले मे अभी तक एक भी मुजरिम को गिरफ्तार नही किया गया है। लोग जीवन यापन कैसे करेंगे यह गृह मंत्री को सोचना चाहिए। मै माननीय गृह मंत्री से अनुरोध करता हूं कि एसा माकूल व्यवस्था करना होगा

जिससे व्यवसायी वहां व्यवसाय कर सके एवं वहा के वासिन्दे बिना किसी दहशत के जीवन यापन कर सके। मै माननीय गृह मंत्री से अनुरोध करता हूं कि अत्याचार, भ्रष्टाचार व्यभिचार को खत्म किया जा सके एवं पुलिस का जन साधारण को सहयोग मिले।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, বামফ্রন্ট ক্ষমতাসীন হবার পরে পশ্চিমবাংলায় ৯৭টি নতুন ডিগ্রি কলেজ হয়েছে এবং বহু কলেজে অনার্স খোলা হয়েছে। কিন্তু শিক্ষক ঘাটতি এমন পর্যায়ে এসেছে যে সাবজেক্ট প্রতি একজন করে শিক্ষক এবং এর ফলে পঠন-পাঠন ব্যহত হচ্ছে। আমি ইতিমধ্যে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। আবার বলছি যে, যে কলেজগুলি খোলা হয়েছে সেইসব কলেজগুলিতে ছাত্রসংখ্যা ক্রমবর্ধমান। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে দ্রুত ঘাটতি শিক্ষক পূরণের দিকে দৃষ্টি দিন। তা নাহলে একটা অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। শুধুমাত্র পার্ট টাইম টিচার দিয়ে কলেজগুলি পরিচালনা করা যাচ্ছে না। আবার সর্বক্ষেত্রে পার্ট টাইম টিচার পাওয়া যায়না। ইউ.জি.সি. যে কোয়ালিফিকেশন নির্ধারণ করেছেন সমস্ত জায়গায় সেইভাবে পার্ট টাইম টিচার পাওয়া যাচ্ছে না। যার ফলে একটা অচল অবস্থা হয়েছে। আমি আবেদন জানাব যে, এই ৯৭টি ডিগ্রি কলেজ সম্পর্কে উচ্চশিক্ষা মন্ত্রী দ্রুত ব্যবস্থা গ্রহণ করুন। কারণ যে উদ্দেশ্য নিয়ে কলেজগুলি তৈরি করা হয়েছে সেটা যাতে সফল হয়।

**শ্রী গোপাল কৃষ্ণ দে ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, বাংলার বেকারত্বের যন্ত্রণা সম্পর্কে এই হাউসের সকলেই অবহিত। আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উত্থাপন করতে চাই। ১৯৮১ সালে জনগননার কর্মীদের চাকুরী দেবার জন্য একটা দাবি উঠেছিল, আন্দোলন সংগঠিত হয়েছিল এবং কেন্দ্রীয় সরকার সমস্ত রাজ্যগুলিকে জনগণনার কর্মীদের চাকুরীর জন্য কর্মসংস্থান সম্পর্কে নিয়োগপত্র দেবার জন্য নির্দেশ পাঠিয়েছিলেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, এই রাজ্যের মুখ্যমন্ত্রী আন্দোলনরত জনগণনা শ্রমিকদের নিয়োগের সিদ্ধান্তের কথা ঘোষণা করা সত্ত্বেও, নিয়োগের প্রতিশ্রুতি দিয়েও তাদের নিয়োগপত্র দেওয়া হয়নি। এই রাজ্যের জনগণনা কর্মীদের নিয়োগপত্র দেবার জন্য, এ সম্পর্কে মুখ্যমন্ত্রীর দেওয়া প্রতিশ্রুতি রক্ষা করবার জন্য আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, জাতীয় প্রকল্প হিসাবে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য ১৯৯১ সালে প্রাক্তন প্রধানমন্ত্রী মিড-ডে-মিল স্কিম চালু করেছিলেন। আমাদের দক্ষিণ ২৪-পরগনা জেলায় মিড-ডে-মিল প্রকল্প ১৯৯৭ সালের জানুয়ারি মাস থেকে আরম্ভ হয়। আমি এই সরকারকে বলছি না যে, এই ২২ মাসের খাদ্যটা কোথায় গেলো, তবে আমি ১৯৯৮ সালের ২৪-পরগনা (দক্ষিণ) -এর এই প্রকল্পের একটি খতিয়ান তুলে ধরতে চাই। ১৯৯৮ সালে এপ্রিল এবং মে মাসের সেখানে এই প্রকল্পের চাল যায়নি, দিয়েছেন জুন মাসে। আবার জুলাই থেকে অক্টোবর চাল দেননি। তাই ডিসেম্বর বাদ দিয়ে ১৯৯৮ সালে ১১ মাসের মধ্যে ৬ মাস ছাত্রছাত্রীরা চাল পায়নি। তাহলে এই সরকার কাঙালের ধন চুরি আরম্ভ করেছেন। ২২ মাসের চালের হিসেব না চেয়ে বলছি, যাতে ছাত্রছাত্রীরা চাল পায় তার দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসের এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, আমরা সবাই উদগ্রীব, পশ্চিমবঙ্গের প্রায় ৪ লক্ষ পরিবার আজকে উদ্বেগের সঙ্গে দিন কাটাচ্ছেন কবে তাদের কয়লা খনিগুলি বন্ধ হয়ে যাবে এই আতঙ্কে। আমাদের এই কয়লাখনিগুলিকে আমাদের ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী জাতীয়করণ করেছিলেন। কিন্তু বর্তমানে ভারতের বি জে পি পরিচালিত কেন্দ্রীয় সরকার ইস্টার্ন কোল্ডফিল্ড লিমিটেডের ৬৪টি কয়লাখনি বন্ধ করে দিয়ে সেখানকার শ্রমিকদের মেরে ফেলতে চাইছেন। আমাদের রাজ্য সেখানকার উৎপাদিত কয়লার উপর সেস পান, অথচ দেখা যাচ্ছে সেখানে প্রডাকশন কমছে। ১৯৯৫-৯৬ সালে ই.সি.এল.-এর প্রোডাকশন হয়েছিল ২৭ লক্ষ মেট্রিক টন, ১৯৯৬-৯৭ সালে ২৯ লক্ষ মেট্রিক টন, ১৯৯৭-৯৮ সালে হয়েছিল ২৭ লক্ষ মেট্রিক টন। অথচ টার্গেট ছিল ৩০ হাজার মেট্রিক টন পার ইয়ার উৎপাদন। এইভাবে ন্যাশনালাইজেশনের পর থেকে উৎপাদন টোটাল শর্টফল দাঁড়িয়েছে ২.৫ মিলিয়ন মেট্রিক টন। এরফলে রাজ্য সরকার সেস্ থেকে বঞ্চিত হয়েছেন। কিন্তু তখনই রাজ্য সরকারের লক্ষ্য করা উচিত ছিল যে, কয়লাখনিগুলো কাজ করবার গতি হারিয়ে ফেলছে কিনা। আপনি জানেন, আই.সি.আই.সি.আই.-এর মাধ্যমে একটি কমিশন বি.আই.এফ.আর. থেকে নিয়োগ করা হয়। সেই কমিশন তাদের রিপোর্টে কিছু মেজার নেবার কথা বলেন ইস্টার্ন কোলফিল্ডকে। সেখানে রাজ্য সরকারের যে প্রতিনিধি দিল্লিতে ছিলেন তিনি আই.সি.আই.সি.আই.-কে এর রিভাইভাল, মর্ডানাইজেশন এবং ফর নিউ ইক্যুইপমেন্টসের জন্য বলেন। কিন্তু

তারা কোনও ব্যবস্থাই নিলেন না। কয়লাখনিগুলি যখন জাতীয়করণ হয়েছিল তখন সেখানে শ্রমিকের মোট সংখ্যা ছিল ১ লক্ষ ৪২ হাজার। কিন্তু তারপর প্রথমে ৫০ হাজার এবং তারপরে আজকে সেখানে আরও ৭৪ হাজার শ্রমিক কমে যাচ্ছে এবং যে কোনদিন খনিগুলি বন্ধ হয়ে যাবে। কেন্দ্রে যে বি.জে.পি. সরকার আছে, ই.সি.এল-এর ব্যাপারে কথা বলার জন্য অবিলম্বে রাজ্যের মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ করা উচিত। আমাদের কয়লা খনির শ্রমিকদের রক্ষা করতে হবে, ই.সি.এল.-কে রক্ষা করতে হবে। সারা পশ্চিমবাংলায় কয়লা খনির শ্রমিকরা একটা শংকার মধ্যে রয়েছে।

[1-30 — 1-40 p.m.]

(including House Adjourned)

**শ্রী অসিত মাল ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সারা বীরভূম জেলায় ব্যাপকভাবে ডাইরিয়া দেখা দিয়েছে। বিশেষ করে রামপুরহাট মহকুমার অন্তর্গত নলহাটি ব্লকের কুমারসন্ডা গ্রাম এবং বুজুং গ্রামে। সেখানে কয়েকশো বাচ্চা আক্রান্ত হয়ে রামপুরহাট হাসপাতালে ভর্তি হয়েছে। রাস্তায় দু-একজন মারা গিয়েছে এবং গ্রামেও মারা গিয়েছে। অথচ জেলায় যে বি.এম.ও.এইচ. নিযুক্ত করা আছে, সি.এম.ও.এইচ. নিযুক্ত করা আছে এবং কমিউনিটি হেলথ গাইড যারা গ্রামে গ্রামে গিয়ে এই অবস্থার প্রতিরোধ গড়ে তুলবে, হ্যালোজেন সাপ্লাই করবে অন্যান্য সরকারি যে সমস্ত জিনিস আছে সেইগুলি সাপ্লাই করবে, তা না করে তাঁরা বাড়িতে বসে বেতন নিচ্ছে। গ্রামের কোথাও তাঁরা যান না। বিশেষ করে বি.এম.ও.এইচ. এবং সি.এম.ও.এইচ. ডিপার্টমেন্টের কাজ ছাড়া কোনও ফিল্ড ওয়ার্ক করেন না। আমরা দীর্ঘদিন ধরে লক্ষ্য করছি হাজার হাজার মানুষ ডাইরিয়াতে ম্যালেরিয়াতে আক্রান্ত হলেও তাঁদের ঘুম ভাঙেনি। আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি অতি সত্বর যে সমস্ত ব্লক মেডিকেল অফিসার অব হেলথ আছেন তাঁরা গ্রামে গ্রামে গিয়ে সরকারের যে সমস্ত ঔষধ-পত্র আছে ডাইরিয়া প্রতিরোধের জন্য সেটা তাঁরা যেন দেন। ধন্যবাদ।

**শ্রী অধীর রঞ্জন চৌধুরি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, ১৯৭৪ সালে ইন্দিরা গান্ধীর নেতৃত্বে সারা ভারতবর্ষে অপারেশন ফ্লাড প্রোগ্রাম শুরু হয়েছিল তার পরিণতি হিসাবে আমরা দেখেছিলাম মুর্শিদাবাদে গড়ে উঠেছিল ভাগীরথি মিল্ক ইউনিয়ন। এই মিল্ক ইউনিয়ানে অন্তর্ভুক্ত রয়েছে ৩৫০টি প্রাইমারি প্রডিউসার মিল্ক সোসাইটি। সারা মুর্শিদাবাদে প্রায় ৪০-৪৫ হাজার দুগ্ধ চাষী এই ইউনিয়ানের সঙ্গে জড়িত যে দুগ্ধ

চাষীদের দৌলতে প্রতিদিন কলিকাতা সহ অন্যান্য বড় বড় শহর গুলোতে প্রায় ৭০ হাজার থেকে ৮০ হাজার লিটার দুধ সরবরাহ হয়ে থাকে। আমরা দেখতে পাচ্ছি যখন সাধারণ ক্রেতারা ১১ টাকা ১২ টাকা পার লিটার দুধ কিনছে সেখানে এই সময়ে এই দুগ্ধ চাষীদের এই সরকার কখনও ৬ টাকা কখনও ৬-৫০ টাকা কখনও খুব বেশি হলে ৭ টাকা পার লিটার দুধের মূল্য দিচ্ছে। তাই আমার সরকারের কাছে দাবি, আজকে যিনি এই দায়িত্বে রয়েছেন সেই মিনিস্টার অব এনিম্যাল হাসব্যান্ড্রির কাছে দাবি, মুর্শিদাবাদের গ্রামবাংলার আর্থিক উন্নয়নের দিকে লক্ষ্য রেখে যে ভাগীরথি মিল্ক ইউনিয়ন গড়ে উঠেছিল সেই ভাগীরথি মিল্ক ইউনিয়নের সঙ্গে জড়িত ৪০ হাজার ৫০ হাজার দুগ্ধ চাষীদের দুধের মূল্য খুব সত্তর বাড়িয়ে দিয়ে তাদের জীবিকার পথ মসৃণ করা হোক। দীর্ঘদিন ধরে তাদের সঠিক মূল্য না দিয়ে তাদের যে বঞ্চনা করা হচ্ছে তার থেকে তাদের অব্যাহতি দেওয়া হোক।

**শ্রী শ্যামা প্রসাদ বসু ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন আজ থেকে ১৫০ বছর আগে কালমার্কস এবং ফ্রেডরিক এ্যাঙ্গেলস সারা পৃথিবীতে কমিউনিস্ট ইস্তাহার প্রকাশের মধ্যে দিয়ে এক যুগান্তকারী রচনা পৃথিবীর শ্রমজীবি মানুষের কাছে মেহনতি মানুষের কাছে গণতান্ত্রিক মানুষের, যাঁরা একটা সভ্য পৃথিবী চান সেই সমস্ত মানুষের কাছে রেখে গিয়েছেন এবং সেটা তাঁদের কাছে একটা হাতিয়ার হয়ে উঠেছিল। তারপর ১৫০ বছর পেরিয়ে গেছে, এই ১৫০ বছরে শত আক্রমণ সত্বেও, মার্কসবাদের বিরুদ্ধে কমিউনিস্ট ইস্তাহারের বিরুদ্ধে শত আক্রমণ সত্বেও, আমি ব্যক্তিগতভাবে মনেকরি এখনও পর্যন্ত এই কমিউনিস্ট ইস্তাহারের প্রাসঙ্গিকতা হারায়নি। আমি এই সভার মাধ্যমে আপনার মাধ্যমে সংসদীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করব যে কমিউনিস্ট ইস্তাহারের ১৫০ তম বর্ষ পূর্তি উপলক্ষ্যে 'পশ্চিমবঙ্গ' বলে যে পত্রিকাটি আমাদের সরকারের পক্ষ থেকে বার হয়, সেই পত্রিকাটির অন্ততপক্ষে বিশেষ প্রকাশনা যাতে হয় তার ব্যবস্থা করবেন। একই সঙ্গে আমাদের এখানে যে কমনওয়েলথ পার্লামেন্টারি ফোরাম আছে, সেই ফোরামের মাধ্যমে অনেক বিদগ্ধ মানুষকে নিয়ে যাতে আলোচনা করা যায় তার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** স্যার, নদীয়া জেলার জেলা পরিষদ সহ বেশ কয়েকটি জেলা পরিষদের অপদার্থতার জন্য গত এক বছর ধরে গ্রাম পঞ্চায়েতগুলো একাধিক ডেভেলপমেন্টের টাকা পাচ্ছে না। ইন্দিরা আবাস যোজনা, জওহর রোজগার যোজনা,

মিলিয়ন ওয়েল স্কিম ইত্যাদি যেগুলোর মধ্যে দিয়ে পঞ্চায়েতগুলো ডেভেলপমেন্টের কাজ করবে, তা তারা করতে পারছে না। সেই টাকা না পাওয়ার কারণ হচ্ছে, গত বছর টাকা খরচ করতে পারেনি এবং খরচ করলেও ইউটিলাইজেশন সার্টিফিকেট দিতে পারেনি। এরফলে যারা পঞ্চায়েতে জিতে এসেছে, তাদের কোনও কাজ নেই। তারা হাত পা গুটিয়ে বসে আছে। পঞ্চায়েতগুলোতে ডেভেলপমেন্টের কাজ বন্ধ হয়ে গেছে। নতুন পঞ্চায়েতগুলো যাতে কাজ করতে পারে, জেলা পরিষদগুলো একটু নড়েচড়ে বসুক। অতি সত্বর গ্রাম পঞ্চায়েতগুলোকে টাকা পাঠাবার ব্যবস্থা করুক।

**শ্রীমতী নন্দরাণী দল ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি এই হাউসের কাছে এবং মাননীয় সদস্যদের কাছে আমার কেশপুর এলাকার একটি বিষয়ের কথা উল্লেখ করছি। পঞ্চায়েত নির্বাচনের পর বিভিন্ন এলাকা শান্ত হচ্ছিল। অনেক জীবন হানীর পর স্বাভাবিক অবস্থা ফিরে আসছিল। কিন্তু ১৩।১২।৯৮ তারিখে হঠাৎ ১২ নম্বর অঞ্চল, যেখানে তৃণমূল জিতেছে সেখানে এবং পাশের এলাকা ১৫ নম্বর অঞ্চলে পাহাড়চকে ১৫-২০টি বন্দুক নিয়ে তারা মানুষের উপরে আক্রমণ করে। এরফলে বহু মানুষ জখম হয়। তারা এখন মেদিনীপুর সদর হাসপাতালে অনেকে ভর্তি আছে। ঐ আক্রমণের সময়ে অনেক বাড়িঘরও লুঠ হয়। আমার দাবি, যে বন্দুকগুলো তারা ব্যবহার করেছিল সেগুলো সিজ্ করা হোক। প্রশাসনের কাছে বারে বারে বলার পরও তারা তৎপরতা দেখায় নি এবং কোনও ব্যবস্থা নেয়নি। ঐ বন্দুকগুলো সিজ করা হোক। অতিতে ঐ বন্দুকগুলো তারা ব্যবহার করেছে এবং আগামী দিনেও ব্যবহার করবে। সেইজন্য ঐ সমস্ত লাইসেন্সপ্রাপ্ত বন্দুকগুলোর লাইসেন্স বাতিলের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র হাঁসখালি একটি সীমান্তবর্তী এলাকা। ওখানে যে জায়গায় একটি সীমান্ত সড়ক নির্মাণ করা হয়, নির্মাণের সময়ে তখন বিএসএফ'এর পক্ষ থেকে বলা হয়েছিল যে, এতে মানুষের চলাচল করতে এবং ফসল নিয়ে যেতে কোনও অসুবিধা হবে না। এখন ওখানে গরুর গাড়ি চলা তো দূরের কথা, সাধারণ মানুষদের পর্যন্ত হাঁটতে দেওয়া হচ্ছে না। ওখানে যে কাঁটাতার দিয়ে বেড়া দিয়েছে, সেখান দিয়ে কোনও মানুষ যাতায়াত করতে পারছে না। তারফলে তিন-

চারটি গ্রামপঞ্চায়েত এলাকার মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, অবিলম্বে কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রীর সাথে যোগাযোগ করে এখানকার মানুষ যাতে অব্যাহতি পেতে পারে, তারা যাতে একটা ব্যবস্থা গ্রহণ করে তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় সম্প্রতি একটি সার্কুলার জারি করে কলকাতার সব কটি হাসপাতালে চার্জ বৃদ্ধি করেছেন। প্রতিটি হাসপাতালের বেড চার্জ, সি.টি. স্ক্যান চার্জ বৃদ্ধি করেছেন। আগে সি.টি. স্ক্যান করতে পাঁচশো টাকা চার্জ দিতে হোত, এম.এল.এ.র সার্টিফিকেট দিলে আড়াইশো টাকায় হোত। সেটিকে এখন আটশো টাকা করে দিয়েছেন। গ্রামাঞ্চলে কোনও সি.টি. স্ক্যান হয় না। গ্রামের মানুষকে এরজন্য কলকাতার পি.জি. হাসপাতালে আসতে হয়। গ্রামের গরিব মানুষকে চিকিৎসার জন্য কলকাতায় আসতে হয়। সি.টি. স্ক্যান এখন আটশো টাকা করে দিয়েছেন। এরফলে গরিব মানুষদের অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। এমন কি প্যাথলজিক্যাল টেস্টের যে চার্জ ছিল সেটিও বৃদ্ধি করে দিয়েছেন। জনগণের সরকার কোথায় বিনা পয়সায় চিকিৎসার সুযোগ করে দেবেন, সেখানে আজকে আস্তে আস্তে বেড চার্জ বাড়ানো হল, প্যাথোলজি চার্জ বাড়ানো হল। সেই কারণে স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ যে এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে কমিয়ে দেওয়া হোক চার্জ গরিব মানুষদের স্বার্থে।

**মিঃ চেয়ারম্যান ঃ** মিঃ চট্টোপাধ্যায়, আপনার সাবজেক্ট অন্য ছিল, আর বিষয় অন্য বললেন।

(At this stage the House was adjourned till 3-00 p.m.)

## DISCUSSION ON NO-CONFIDENCE MOTION IN THE COUNCIL OF MINISTERS

(After recess)

[3-00 — 3-10 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে রাজ্যের মন্ত্রীসভার বিরুদ্ধে আমরা অনাস্থা প্রস্তাব এনেছি। অনাস্থা প্রস্তাব আনতে বাধ্য হয়েছি, কারণ

আমরা জানি, যদিও শাসক দলের সংখ্যাগরিষ্ঠতার জোরে আমাদের অনাস্থাপ্রস্তাব খারিজ হবে। কিন্তু এই সরকারের সার্বিক ব্যর্থতা এবং জনস্বার্থবিরোধী কার্যকলাপের বিরুদ্ধে আমরা এই সরকারের বিরুদ্ধে অনাস্থাপ্রস্তাব আনতে বাধ্য হয়েছি। এই রাজ্যের মানুষ দীর্ঘ প্রায় ২৩ বছর ধরে আপনার মুখ্যমন্ত্রীত্বে রয়েছেন, আপনি যেমন সারা ভারতবর্ষের মধ্যে রেকর্ড করেছেন একটানা ২৩ বছর মুখ্যমন্ত্রী থেকে, তেমনি সারা ভারতবর্ষের মধ্যে আপনি রেকর্ড করেছেন ব্যর্থতার ইতিহাস তৈরি করে। সারা রাজ্যে গত ২৩ বছরে পশ্চিমবাংলার উন্নয়ন তো দূরের কথা, পশ্চিমবাংলাকে অনেক পিছিয়ে দিয়ে আপনি এক রেকর্ড গড়েছেন, কি শিক্ষায়, কি স্বাস্থ্যয়, কি রাস্তাঘাটে, কি গ্রামে কি শহরে উন্নয়নে সর্বত্র পিছিয়ে পড়ার ইতিহাস আমরা রেকর্ডে দেখতে পাচ্ছি। স্যার, আমরা ২৩ বছর ধরে আপনাদের একটি কথাই বার বার শুনছি এবং গত ১০ বছর ধরে অর্থমন্ত্রীর কাছ থেকে শুনছি কেন্দ্র টাকা দেয়না, দিচ্ছে না বলে আপনারা কিছু করতে পারছেন না। আপনাদের ব্যর্থতার দায়ভার সব সময় কেন্দ্রের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন, সত্যিই কি তাই? অনেক সময় কেন্দ্রীয় বৈষম্য আছে, এই কথা আমরা স্বীকার করি। আমরা তার প্রতিবাদও করেছি। আজকে যদি ৯৭-৯৮ সালের আর্থিক সমীক্ষা দেখেন All India Financial & Physical progress as on April, 1998, Govt. of India. Ministry of Rural Areas Development Rural Ministry. যেটা বের করেছেন, আমরা সেইগুলিতে দেখতে পাচ্ছি উল্টো চিত্র। বিভিন্ন স্কিমে কেন্দ্রীয় সরকারের টাকা কিভাবে খরচ করা যায়নি, অব্যবহৃত অবস্থায় রয়েছে। আমি আমার বক্তব্য শুরু করার আগে, আমি কোনও সংবাদপত্র বা সরকারি তথ্যে না গিয়ে আজকে হাউসে বসে আছেন খোদ খাদ্যমন্ত্রী তিনি গত বাজেট অধিবেশনে যেটা বলেছিলেন সেটা দিয়ে আমি শুরু করতে চাই। গত বাজেট অধিবেশনে বলেছিলেন বি.পি.এল. নিয়ে, বিলো দি পভার্টি লাইনের নিচে কত লোক আছে, তার জন্য আইডেন্টিটি কার্ড ইসু হয়েছিল, সেই সময় তিনি বলতে শুরু করেছিলেন, শতকরা ৭০ ভাগ মানুষ বিলো দি পভার্টি লাইনের নিচে আছে।

স্যার, এটা আমার কথা নয়, কোনও কংগ্রেস সদস্যর কথা নয়, আপনার মন্ত্রীসভার একজন সিনিয়র সদস্য কলিমুদ্দিন শামস, খাদ্য ও সরবরাহ মন্ত্রী, গত অধিবেশনে বলেছিলেন যে শতকরা সত্তর জন মানুষ দরিদ্র সীমার নিচে আছে। যখন ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এসেছিলেন, মাননীয় মুখ্যমন্ত্রী যখন দায়িত্ব নিয়েছিলেন তখন দারিদ্র সীমার নিচে বসবাসকারি মানুষের হার ছিল শতকরা বাহান্ন জন। আপনাদের তেইশ বছর রাজত্বে, আপনাদেরই খাদ্যমন্ত্রীর দেওয়া বক্তব্য

অনুযায়ী এই সংখ্যা আজকে শতকরা সত্তর ভাগের কাছে পৌঁচেছে। আজকে পশ্চিমবাংলায় যখন দারিদ্র সীমার নিচে বসবাসকারি মানুযের সংখ্যা বাড়ছে, তখন আপনারা বলছেন মানুষের উন্নতি হয়েছে। জওহর রোজগার যোজনা, এমপ্লয়মেন্ট অ্যাসুওরেন্স স্কিম, আই.আর.ডি.পি. আই.টি.ডি.পি, ইন্দিরা আবাসন যোজনা, উওম্যান এবং চাইল্ড ডেভেলপমেন্ট প্রোগ্রাম ইন রুরাল এরিয়াস, গ্রামীণ উন্নয়ন কর্মসূচি যে সমস্ত আছে তার সঙ্গে শহর উন্নয়নের কর্মসূচি যা আছে যেমন নেহেরু রোজগার যোজনা, আরবান বেসিক সার্ভিস প্রোগ্রাম, স্ল্যাম্প ডেভেলপমেন্ট এই সমস্ত স্কিমে ১৯৯৭-৯৮ সালে কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছিলেন ৪৭২ কোটি ৯৬ লক্ষ ২১ হাজার টাকা, আর এই সমস্ত স্কিমে আপনি খরচ করেছেন ২৩০ কোটি ৩০ লক্ষ ৪৫ হাজার টাকা। অর্থাৎ অর্ধেকের মতো টাকা আপনি খরচ করতে পারলেন না। আমি একটার পর একটা হিসাব দিয়ে বলছি, ১৯৯৭-৯৮ সালে জওহর রোজগার যোজনায় ১ কোটি ১ লক্ষ ৮১ হাজার দিন কর্মদিবস নষ্ট হয়েছে, আপনাদের টাকা দেওয়া হয়েছিল ১৫৭ কোটি ৩২ লক্ষ ৭২ হাজার টাকা, আপনারা খরচ করেছেন ৯০ কোটি ৬৯ লক্ষ ৫৬ হাজার টাকা। আপনারা খরচ করতে পারেননি ৬৬ কোটি ৬০ লক্ষ ১৫ হাজার টাকা। ইন্দিরা আবাসন যোজনায় আপনাদের দেওয়া হয়েছিল ১০১ কোটি ৪১ লক্ষ ৪৬ হাজার টাকা, আপনারা খরচ করেছেন ৫২ কোটি ৮৩ লক্ষ ০৭ হাজার টাকা, আপনারা খরচ করতে পারলেন না ৪৮ কোটি ৫৮ লক্ষ ৩৯ হাজার টাকা। অর্ধেকের মতো টাকা আপনারা এখানে খরচ করতে পারেননি। ইন্দিরা আবাসন প্রকল্পে গরিব মানুষদের বাড়ি তৈরি করার টাকা আপনারা খরচ করতে পারলেন না। এই প্রকল্পে ৫৮ হাজার ৩৪৫টি বাড়ি তৈরি হয়েছে, কিন্তু ঐ টাকাগুলো যদি সব খরচ করা যেত তাহলে আরও ২৯ হাজার ২৫৩টি বাড়ি তৈরি হতে পারত। গ্রামীণ মহিলা ও শিশুদের জন্য যে সমস্ত ডেভেলপমেন্ট প্রোগ্রাম রয়েছে সেখানে দেওয়া হল ৩ কোটি ৯৯ লক্ষ ৯১ হাজার টাকা, সেখানে আপনি খরচ করলেন ১ কোটি ৭৭ হাজার টাকা, আপনি খরচ করতে পারলেন না ২ কোটি ৯৯ লক্ষ ১৪ হাজার টাকা। বার্ধক্য ভাতা হিসাবে আপনার সরকারকে দেওয়া হয়েছিল ৪৩ কোটি ৬১ লক্ষ ৫১ হাজার টাকা, সেখানে আপনি খরচ করলেন ২১ কোটি ৯৪ লক্ষ ১৬ হাজার টাকা। এখানে আপনি খরচ করতে পারলেন না ২১ কোটি ৬৭ লক্ষ ৩৫ হাজার টাকা। পারলেন না ২১ কোটি ৬৯ লক্ষ ৩৫ হাজার টাকা। গর্ভবতী মায়েদের জন্য দেওয়া হল ৬ কোটি ২৮ লক্ষ টাকা, সেখানে আপনি খরচ করলেন ১ কোটি ৮০ লক্ষ ৭১ হাজার টাকা; আর আপনি খরচ করতে পারলেন না ৪ কোটি ৪৭ লক্ষ ২৯ হাজার টাকা। আজকে

আমাদের রাজ্য বেকার সমস্যায় জর্জরিত, সারা ভারতবর্ষের জনসংখ্যার ছয়ভাগের একভাগ হচ্ছে পশ্চিমবাংলায় বেকার। আপনি লিখিত উত্তরে যে তথ্য দিয়েছেন তাতে দেখা যাচ্ছে ১৯৯৭ সালের ডিসেম্বর মাসে এই রাজ্যের বেকারের সংখ্যা ছিল ৫৮ লক্ষ। আপনি যেদিন মুখ্যমন্ত্রীর দায়িত্ব নিয়েছিলেন সেদিন পশ্চিমবাংলায় বেকারের সংখ্যা ছিল ১৪ লক্ষ, আজকে সেখানে বেকারের সংখ্যা হচ্ছে ৫৮ লক্ষ। এই তথ্য আমাদের নয়, আপনাদের দেওয়া তথ্য।

[3-10 — 3-20 p.m.]

আজকে এই বাংলার বেকার যুবকরা বেকারত্বের যন্ত্রণায় মাথা-খুড়ে মরছে যখন, তখন আপনার সরকার এই বেকার সমস্যার সমাধান তো করতেই পারেননি, বরং দিনের পর দিন তা বাড়িয়েই দিয়েছেন। এখানেও কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছিল, তা এই সরকার খরচ করতে পারেনি। এদিকে আমাদের অর্থমন্ত্রী বিকল্প অর্থনীতির কথা বলেন, গোটা ভারতবর্ষকে পথ দেখাবার কথা বলেন। এমপ্লয়মেন্ট অ্যাসুরেন্স স্কিমে পেয়েছিলেন ১৬০ কোটি ৩২ লক্ষ ৬১ হাজার টাকা, তার অর্ধেকও খরচ করতে পারেন নি এই সরকার। মাত্র ৭৩ কোটি, ৯৬ লক্ষ ৫২ হাজার টাকা খরচ করতে পেরেছেন আর ৮৬ কোটি ৩৬ লক্ষ ১০ হাজার টাকা খরচ করতে পারেননি। আপনি হচ্ছেন বিকল্প অর্থনীতির পথের পথিকৃত। এই রাজ্যে আজ বেকার সমস্যা ভয়াবহ আকার নিয়েছে। কি করে এর সমাধান করবেন? এই প্রশ্নোত্তরে দেখতে পাচ্ছি শুধু একটি বছরে, ১৯৯৭ সালে আপনার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ শূন্যপদ ঘোষণা করেছে ২২ হাজার ৩ শো, আর চাকরি দিতে পেরেছেন ৭ হাজার ১ শো। যদি জি.পি. সিরিজেও যান, তবুও কোনওদিন পশ্চিমবাংলার বেকার সমস্যার সমাধান করতে পারবেন না। ৫ লক্ষ শ্রমিক আজকে বেকার হয়ে রয়েছে আপনার সরকারের আমলে।

নতুন শিল্প-কারখানা গড়ে তোলা তো দূরের কথা, যেগুলো আগে ছিল, সেইগুলোও বন্ধ হয়ে গেছে এই রাজ্যে। এই রাজ্যে শিল্প করার জন্য আপনি কমবেশি বহুবার বিদেশে গেছেন। কিন্তু আমাদের পাশের রাজ্যে উড়িষ্যা, তার মুখ্যমন্ত্রী কিন্তু বিদেশে যাননি শিল্পপতি আনার জন্য। সেই মুখ্যমন্ত্রী ৩৬ হাজার কোটি টাকা সেখানে নিয়োগ করতে পেরেছেন। আপনি যখন বিদেশে যান শিল্পপতি ধরে আনার জন্য, তখন দেখি মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী - শারদ পাওয়ার যখন ছিলেন - জে.এইচ.প্যাটেল, কর্ণাটকের মুখ্যমন্ত্রী, এমনকি বি.জে.পি.-র মুখ্যমন্ত্রীও আসেন কলকাতা থেকে শিল্পপতি নিয়ে গিয়ে সেখানে শিল্প করতে চান। আর আপনি

এমনই মুখ্যমন্ত্রী যে, এখানকার শিল্পপতিদের তোয়াক্কা করেন না, বিদেশে যান শিল্পপতি আনার জন্য। আমরা দেখছি দিনের পর দিন 'মৌ' সই হয়ে যায়, শিল্প আর হয় না। একটা একটা করে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন, কিন্তু সেখানে পাথর ছাড়া আর কিছু হয় না। এই অবস্থা সৃষ্টি করেছেন।

এই হাউসেই আমরা সর্বদলের পক্ষ থেকে সর্বসম্মতিক্রমে একটা রেজুলিউশন নিয়েছিলাম পশ্চিমবাংলার রাস্তাঘাট সম্বন্ধে। এখানকার রাস্তাঘাটের এমন দুরবস্থা যে, এখানে শিল্পায়ন তার জন্য ব্যহত হচ্ছে। সেই নন অফিসিয়াল ডে তে যে রেজুলিউশন নেওয়া হয়েছিল, সেখানে স্বীকারও করেছিলেন যে, রাস্তাঘাটের এই অবস্থার জন্য এখানে শিল্পায়ন হচ্ছে না।

একসময় আপনি ছিলেন বিরোধী দলে, আর মুখ্যমন্ত্রী ছিলেন শ্রী বিধানচন্দ্র রায়, তখন আপনি ওঁনার দিকে আঙ্গুল দেখিয়ে বলেছিলেন ব্যর্থ মুখ্যমন্ত্রী। আপনার থেকে অনেক কম সময় - মাত্র ১৪ বছর ৭ মাস ক্ষমতায় থেকে তিনি অনেক নতুন নতুন শিল্প স্থাপন করতে পেরেছিলেন। আর আপনি ২২ বছর ক্ষমতায় থেকে কি করতে পেরেছেন? আসানসোল, দূর্গাপুর, হাওড়া যাকে বার্মিংহাম বলা হোত এক সময় সব এখন ধুকছে। আপনার সময়ে বহু কলকারখানা বন্ধ হয়ে গেছে। এই সরকারের মন্ত্রীরা একটা জিনিস প্রায়ই বলেন - বিশেষ করে সূর্যবাবু - ভূমি সংস্কারে আপনারা বিরাট কিছু করেছেন। ১২ লক্ষ ৬০ হাজার মতো খাস কৃষি জমি ন্যস্ত হয়েছে। তারমধ্যে ১০ লক্ষ ২ হাজার কৃষি খাস জমি বিলি হয়েছে। এরমধ্যে আপনারা করেছেন কত? না আপনারা ১৯৭৭-৯৭ এই ২০ বছরে প্রায় ৪ লক্ষ ১৫ হাজার একর জমি আপনারা বিলি করেছেন। বাকি জমি কংগ্রেসের আমলে বিলি হয়েছে। যাদের আপনারা সমালোচনা করেন, যাদের বিরুদ্ধে আপনারা কথা বলেন, তারাই এটা করেছেন। তারাই বাকি ৫ লক্ষ ৪৭ হাজার একর জমি বিলি করেছেন। আপনারা যে ভূমি সংস্কারের কথা বলেন, তাতে আপনারা কংগ্রেসের রেকর্ডকে ছাড়িয়ে যেতে পারেন নি। কংগ্রেস আপনাদের থেকে ৫ বছরে অনেক বেশি করেছে। স্যার, শিক্ষা ক্ষেত্রে দেখছি যে, আমাদের সময় একজন মন্ত্রী ছিলেন। আপনাদের সময় ৬ জন শিক্ষামন্ত্রী। আপনারা ১৯৮৬ সাল থেকে ৯৭ এই ১১ বছরে মাত্র ১৮টা স্কুল তৈরি করতে পেরেছেন। আপনাদের যে দেওয়া রিভিউ রিপোর্ট, সেটা অ্যাসেম্বলি দেওয়া তথ্য, ১৯৮৭-৮৮ ফিনানসিয়াল ইয়ারে প্রাইমারি স্কুলের সংখ্যা ৫১ হাজার ৩টি ছিল। আর ১৯৯৭-৯৮ সালে ফিনানসিয়াল ইয়ারে ৫১ হাজার ২১। তার মানে ১৮টি প্রাইমারি স্কুল বাড়াতে পেরেছেন। আজকে

শিক্ষার অবস্থা প্রায় শেষ করে দিয়েছেন। আপনারা প্রাইমারি স্কুলে শিক্ষা ব্যবস্থা তুলে দেওয়ার চেষ্টা করলেন। মাতৃভাষা ভালোভাবে না শিখলে বিদেশি ভাষা শেখা যায় না। বিদেশি ভাষার মোহ আমাদের নেই। কিন্তু আমরা গ্রামে পাঠশালায় পড়ব, আর আপনি বলুন তো, আপনার পরিবারের কজন সদস্য গ্রামের পাঠশালায় পড়েন, আপনার দলের কজন নেতার ছেলে মেয়েরা গ্রামের পাঠশালায় পড়ে? আপনাদের ছেলে মেয়েরা ইংরাজি স্কুলে পড়বে, আর আমরা গ্রামের যারা মানুষ, তাদের ছেলে মেয়েরা গ্রামের পাঠশালায় পড়ছে। ফলে কমপিটিটিভ পরীক্ষায় হেরে যায়। কেন এই দ্বৈত শিক্ষা ব্যবস্থা? আপনি বাংলা ভাষার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা চালু করতে চেয়েছেন। তাহলে কেন ইংলিশ মিডিয়াম স্কুল যেখানে সেখানে ছাতার মতো গজিয়ে উঠছে? আর একশ্রেণীর মানুষের ছেলে মেয়েরা সেখানে পড়ছে? এই দ্বৈত শিক্ষা ব্যবস্থা আপনি চালু করেছেন। আপনি শিক্ষা ব্যবস্থাকে ভেঙ্গে দিয়েছেন। আপনি এতদিনে বলছেন যে, আমাদের রাজ্যের ভালো স্টুডেন্টরা বাইরে চলে যাচ্ছেন, আপনি তা জানেন না। আপনি এমন কথা মাঝে মাঝে বলেন যে, শুনলে হাসি পায়। রাস্তাঘাটের অবস্থা যে খুবই খারাপ তাও আপনি জানেন না। অবশ্য সেটা খুবই স্বাভাবিক কারন আপনার জন্য অন্য ব্যবস্থা আছে, কিন্তু বাকিদের জন্য নেই। আজকে এই অবস্থা হয়েছে আপনারই রাজত্বে। আপনি রেকর্ড সময়ে মুখ্যমন্ত্রী থেকেছেন। স্বাস্থ্যের অবস্থা তো ভয়াবহ। কলকাতায় আসতে গেলে মানুষ ভয়ে কাঁপছে ম্যালেরিয়া হবে বলে। আপনার মন্ত্রীসভার সদস্য, ডাক্তার নার্স, হাসপাতালে যারা ডিউটি করে, তারা আজকে ম্যালেরিয়ায় আক্রান্ত হচ্ছে। যে ম্যালেরিয়া কংগ্রেসের আমলে ডঃ বিধানচন্দ্র রায়ের আমলে নির্মূল হয়ে গিয়েছিল, আজকে সেটা ফিরে এসেছে। আপনি মুখ্যমন্ত্রী আপনি বলুন তো আপনি যখন বিরোধী দলের নেতা ছিলেন, তখন কংগ্রেস কি হাসপাতালের চার্জ চালু করেছিল? কংগ্রেসের আমলে হাসপাতালের বেডের পয়সা, খাবার পয়সা দিতে হত, ব্যান্ডেজ, গজ এগুলি কেনার পয়সা দিতে হত? আজকে আপনার আমলে দিতে হচ্ছে। তাই এই লজ্জার পর আপনার থাকার অধিকার নেই। মরাল রাইটস নেই, আপনার ক্ষমতায় থাকার। নৈতিক অধিকার নেই, আপনার কোনও। আজকে আইন শৃঙ্খলার অবস্থাও ভেঙ্গে পড়েছে। আপনি যখন স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন, তখন পুরুলিয়ায় উগ্রপন্থীদের দমন করতে আপনাকে রাজ্যের ডিজিকে পাঠাতে হয়েছিল। আর আপনার রাজ্যে উত্তরপ্রদেশ থেকে কয়জন পুলিশ এসে বিরাট মাফিয়া গ্যাংকে স্তব্ধ করে দিল। আপনার দেখে শেখা উচিত। আপনি আর আপনার রাজ্যের আইনশৃঙ্খলা ভাল এই গর্ব করবেন না। আজকে পশ্চিমবাংলার মানুষ ২২ বছরের বেশি সময় ধরে এই সরকারের

রাজ্যে থেকে এক অসহায়তার মধ্যে দিন কাটাচ্ছে। সেইজন্য আমরা আজকে এই সরকারের বিরুদ্ধে প্রতিবাদ অনাস্থা এনেছি। সংখ্যাধিক্যের জোরে হয়তো আপনি থাকবেন কিন্তু সরকারে থাকার কোনও নৈতিক অধিকার আপনাদের নেই। যে সরকার এই রাজ্যের মানুষকে চিকিৎসার সুযোগ দিতে পারে না, শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য দুর করতে পারে না, যে সরকার মানুষকে শিক্ষার সুযোগ দিতে পারে না, সেই সরকারের, সরকারে থাকার কোনও নৈতিক অধিকার নেই। আজকে এই সরকারকে হিসাব দিতে হবে কি ভাবে কেন্দ্রীয় সরকারের টাকা তছরূপ হয়েছে। পি.এল অ্যাকাউন্ট নিয়ে আমাদের অন্যান্য সদস্যরা আছেন তারা বলবেন। আমাদের আনা এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 p.m.]

## POINT OF INFORMATION

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, হাউসের যা ডেকোরাম তাতে আমরা জানি এখানে কোনও মেটিরিয়াল ডিস্ট্রিবিউট করতে গেলে সেটা হয় আপনার মাধ্যমে। সেটা এখানে আসবে। তখন আমরা রিসেসে ছিলাম। এসে দেখি আমাদের টেবিলে কিছু বুকলেট ডিস্ট্রিবিউট করা হয়েছে। আমাদের অ্যাসেম্বলির কোনও মেটিরিয়াল নয়, বিধানসভার সদস্যের কোনও মেটিরিয়াল নয়, কোনও সরকারি মেটিরিয়াল নয়, আমি জানতে চাই এটা কি করে এখানে ডিস্ট্রিবিউট করা হল, কি করে এই হাউসকে অবমাননা করা হল, আমি জানতে চাইছি। (নয়েজ)

## POINT OF ORDER

### (on Point of Information of Shri Rabin Deb)

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমরা স্পিকারের ঘরে - আপনিও ছিলেন আমরা কতগুলো কথা বলে এসেছি যে আমরা উভয় পক্ষের সদস্যরা নিজেদের রেসট্রেন্ট করে রাখব যাতে কোনওরকম প্রথা বহির্ভূত কাজ না হয়। হাউসের সদস্যরা নিজেদের সংযত করে রাখব। বিধানসভায় কতগুলো জিনিস উল্লেখ করা যায় না। যেমন বিধানসভার চেয়ার ভাঙা আছে, লাইব্রেরিতে বই পাওয়া যায় না, এম.এল.এ. হোস্টেলে খাবার পেল না, জল নেই এগুলো স্পিকারের এক্তিয়ারভূক্ত নয়। এগুলো স্পিকারের চেম্বারে বলা যায়। তাছাড়া কোনও আলোচনা চলাকালীন কেউ কোনওরকম কিছু বলতে পারে না একসেপ্ট পয়েন্ট অব অর্ডার। আন্ডার হুইচ রুল উনি বক্তব্য রাখলেন। এক্তিয়ারভুক্ত নয় এগুলো হাউসে কোনওদিন

তোলা যায় না। (নয়েজ) এই প্রসঙ্গে এখানে আলোচনা করা যায় না আপনি চেয়ারম্যান স্যার, এটা এক্সপাঞ্জ করুন। এটা যদি নজির হয়ে যায় এক্তিয়ারভুক্ত নয় সেটা নিয়ে হাউসে আলোচনা করার জন্য আজ অনেক সদস্য আছেন। এম.এল.এ. হোস্টেলে খারাপ খাবার, কি অফিসে কে আধ ঘন্টা পরে আসে এই নিয়ে মিঃ স্পিকারের চেম্বারে কথা বলা যেতে পারে, কিন্তু এগুলি নিয়ে হাউসে বলা যায় না। পার্থবাবু এখানে আছেন, সিনিয়র মেম্বাররা এখানে আছেন তাঁদের জিজ্ঞাসা করি এগুলি নিয়ে কি এখানে আলোচনা করা যায়? রবীনবাবু যা বলেছেন সেগুলি এক্সপাঞ্জ করুন। যদি বলার থাকে তাহলে মিঃ স্পিকারের চেম্বারে গিয়ে বলবেন।

(হইচই)

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এতে হাউসে আলোচনার সময় বরবাদ হচ্ছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমরা পয়েন্ট অব অর্ডারের রুলিং চাইছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আমি আপনার কাছে একটা অনুমতি চাইছি, আমাদের নো-কনফিডেন্স মোশন নিয়ে আলোচনা শুরু হয়ে গেছে। আমার একটা আবেদন এবং এটা বিরোধী দলেরও হওয়া উচিত, এই বই নিয়ে এখানে যে বিলি করা হয়েছে সেটা কি মিঃ স্পিকারের অনুমতি নিয়ে করা হয়েছে?

**মিঃ চেয়ারম্যান ঃ** আমি খবর নিয়ে দেখেছি এই যে বুকলেটগুলি দেওয়া হয়েছে এটা মিঃ স্পিকারের বা অন্য কোনও অফিসারের অনুমতি নেওয়া হয় নি। যেই এই জিনিস করে থাকুন না কেন তাঁর ক্ষমা চাওয়া উচিত, তা নাহলে আমি মিঃ স্পিকারের কাছে অনুরোধ করব এই ব্যাপারে একটা তদন্ত করা হোক।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, বিরোধীপক্ষ এখানে যে অনাস্থা প্রস্তাব উত্থাপন করেছেন তার প্রচন্ডভাবে বিরোধিতা করছি। আমি একটা বিষয় নিয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভায় সংসদীয় রীতি-নীতির ব্যাপারে বিরোধী পক্ষের যে দায়িত্ব সেই দায়িত্ব তাঁরা পালন করছেন না। তাঁরা এই অনাস্থা প্রস্তাব-এই স্বল্পকালীন অধিবেশনে হঠাৎ করে একটা অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছেন এবং এবারে ১৯৯৬-৯৭ এই দুটি বাজেটে তাঁরা তিন তিনবার অনাস্থা এনেছেন এবং এই অনাস্থা প্রস্তাব নিয়েও অনেক আলোচনা হয়েছে। এই অনাস্থা প্রস্তাব-এর পক্ষে যুক্তি সম্মত তাঁদের বক্তব্য তাঁরা তুলে ধরে রাখতে পারেন নি বলেই সেই প্রস্তাব খারিজ হয়ে গেছে। বিরোধীরা হঠাৎ হঠাৎ অনাস্থা প্রস্তাব এনেছেন এবং তাতে তার গুরুত্ব অনেক কমে গেছে। পশ্চিমবাংলার সাধারণ মানুষ তারা বুঝে

গেছে কংগ্রেসের আসল ভূমিকা কি? তাঁরা তাঁদের হৃত যা যা ক্ষমতা সেটা ফিরে পাওয়ার জন্যই মানুষকে নানা কায়দা করার জন্য এই অনাস্থা প্রস্তাবের মধ্যে দিয়ে সাধারণ মানুষকে বোকা বানাতে চাইছেন। কিন্তু পশ্চিমবাংলার মানুষ জানেন, বিরোধীরা যতই আমাদের ২৩ বছরের এই সরকারকে ব্যর্থ বলে চিৎকার করুক না কেন একথা কখনও তাঁরা অস্বীকার করতে পারবেন না যে তাঁদের আমলে পঞ্চায়েত নির্বাচন তাঁরা বন্ধ করে দিয়েছিলেন। কিন্তু আমরা সেই পঞ্চায়েত ব্যবস্থাকে পুনরায় ফিরিয়ে এনেছি এবং জনগণের গণতান্ত্রিক অধিকার এর মাধ্যমে ফিরিয়ে দিয়েছি। কিন্তু বিরোধী বন্ধুরা হাইকোর্টে মামলা, ইত্যাদি করে পঞ্চায়েতের যাতে নির্বাচন না হয়, গ্রামের মানুষের হাতে গণতান্ত্রিক অধিকার যাতে না যায়, ক্ষমতার বিকেন্দ্রীকরণ যাতে না হয় তার জন্য চেষ্টা করেছিলেন। এবং বর্তমান সরকার গ্রামের মানুষের হাতে ক্ষমতা ফিরিয়ে দেওয়ার জন্য যে ব্যবস্থা অবলম্বন করেছিলেন ওঁরা তাকে বানচাল করার চেষ্টা করেছিলেন। কিন্তু ব্যর্থ হয়েছেন।

দ্বিতীয় বিষয় হচ্ছে পৌরসভার নির্বাচন। সে কলকাতার বলুন আর হাওড়ার বা অন্যান্য পৌরসভা, যাই বলুন না কেন। তা বানচাল করার জন্য ওঁরা হাইকোর্টে সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে সিদ্ধার্থশঙ্কর রায়কে দিয়ে, ভোলা সেনকে দিয়ে মামলা করেছিলেন। কিন্তু তাতে তাঁরা সফল হতে পারেননি। এই যদি তাঁদের অবস্থা হয় তাহলে আবার আজকে গণতন্ত্রের কথা কি করে বলেন? আর, আমাদের ২৩ বছরের এই সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে - একথাই বা কি করে বলেন? আপনারা এটা নিজেরা বিচার করে দেখুন। আবার, এই যে পঞ্চায়েত, পৌরসভার নির্বাচন হল তাতে তো তাঁরাও অংশগ্রহণ করেছিলেন। কি অবস্থা হয়েছে?

আজকে আবার তাঁরা শিক্ষা সম্বন্ধে নানা কথা বলছেন। শিক্ষা ব্যবস্থায় স্কুল সার্ভিস কমিশন করার কথা তাঁরা কোনওদিন কল্পনাও করতে পারেন নি। এই স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার মধ্যে দিয়ে যোগ্য লোকেরা শিক্ষক হিসাবে অংশগ্রহণ করতে পারবেন। ওনারা তো ১৯৭২-৭৭ সালে, ওঁদের আমলে শিক্ষার কি হাল ছিল সে সম্বন্ধে কিছু বলছেন না। শিক্ষা ক্ষেত্রে তখন একটা অরাজকতা বিরাজ করছিল। কিন্তু আজকে সমস্ত জায়গায় সুষ্ঠভাবে শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছে, পরীক্ষা হচ্ছে ঠিকভাবে। শুধু তাই নয়, আজকে জুনিয়র স্কুলকে আপগ্রেড করে মাধ্যমিক এবং মাধ্যমিক থেকে উচ্চ-মাধ্যমিকে পরিণত করা হচ্ছে। আবার, বিভিন্ন জেলা, যেখানে নতুন নতুন স্কুলের দরকার কলেজের দরকার সেখানে তা করা হয়েছে। আমি পরিসংখ্যান দিচ্ছি না। কিন্তু ইন জেনারেল এটা কেউ অস্বীকার করতে পারবেন না।

ওঁরা বলছেন কমিউনিকেশন না কি ভেঙ্গে পড়েছে, রাস্তা-ঘাট নাকি এই সরকারের আমলে হয়নি। এটা ঠিক নয়। এই সরকারের আমলে প্রচুর নতুন নতুন রাস্তা হয়েছে। গ্রামের সঙ্গে শহরের যোগাযোগ রক্ষার জন্য প্রচুর নতুন নতুন রাস্তা তৈরি হয়েছে। এটা কেউ অস্বীকার করতে পারবেন না। ওঁরা বিরোধিতা করতে হয় তাই আমাদের সমস্ত কাজের বিরোধিতা করছেন. ভোট অব নো কনফিডেন্স নিয়ে এসে সাধারণ মানুষকে বোঝাতে চাইছেন যে, আমরা জনগণের পক্ষে লড়াই করছি। কিন্তু আসলে তা নয়। পশ্চিমবাংলায় যাতে কাজকর্ম না হয়, এই সরকার যাতে তার দায়িত্ব পালন করতে না পারে তাই তারা নানা দিক থেকে বাধা সৃষ্টি করছেন। ওঁদের নো কনফিডেন্স আনাটা একটা অজুহাত মাত্র। আমি এর বিরোধিতা করছি। রাস্তাঘাটের কথা তাঁরা উল্লেখ করেছেন। এখন রাস্তাঘাট আগের চেয়ে অনেক ভাল হয়েছে। তাঁরা যতই বলুন তাঁরা সেই রাস্তা দিয়েই গাড়িতে করে আসেন। তাঁরা আজকে বোঝাতে চাইছেন যে পশ্চিমবঙ্গে রাস্তা নেই। রাস্তা না থাকলে তাঁরা আসেন কি করে? আরেকটা ব্যাপার তাঁরা স্বাস্থ্য পরিষেবা নিয়ে বলেছেন। আজকে অবস্থা যেরকম দাঁড়িয়েছে তাতে সরকার ব্যবস্থা নিয়ে স্বাস্থ্য পরিষেবার চেষ্টা করেছেন। স্বাস্থ্যের ব্যাপারে নিশ্চয়ই কিছু অভিযোগ আছে। কিন্তু সেই অভিযোগগুলোকে দূর করার জন্য সরকার সক্রিয়ভাবে চেষ্টা করছেন। কিন্তু বিভিন্ন হাসপাতালে, বিভিন্ন জায়গায় এই বিরোধী বন্ধুরা গিয়ে গন্ডগোল করছেন। তাঁরা দলবল নিয়ে বিভিন্ন হাসপাতালে ডাক্তাররা যাতে সুষ্ঠুভাবে চিকিৎসা করতে না পারেন তার জন্য বিরোধী বন্ধুরা তাঁদের দলবল নিয়ে গিয়ে নানাভাবে গন্ডগোল পাকিয়ে সবকিছু বানচাল করার চেষ্টা করছেন। তাই এখানে কোনও মিথ্যা কথা বলার অবকাশ নেই। বিরোধীরা এখানে অনাস্থা প্রস্তাব এনেছেন। তাঁদের পায়ের তলার মাটি সরে গেছে। সেই মাটিকে শক্ত করার জন্য বিরোধীদের আনীত এই অনাস্থা প্রস্তাবের প্রচন্ডভাবে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় আব্দুল মান্নান সাহেবের উত্থাপিত অনাস্থা প্রস্তাবকে আমি প্রচন্ডভাবে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, আজকে এমন একটা সময়ে এই অনাস্থা প্রস্তাব এসেছে যখন বামফ্রন্ট সরকারের রাজনৈতিক তাৎপর্য শেষ হয়ে গিয়েছে। আপনি জানেন স্যার, দেশের ৩টি বড় রাজ্যের নির্বাচনে কেন্দ্রের ক্ষমতাসীন বি.জে.পি. পরাজিত হয়েছে এবং কংগ্রেস ক্ষমতায় এসেছে। এই

৩টি নির্বাচনে একটা শিক্ষা সারা দেশে উঠে আসে তা হল এই যে, সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে লড়াই করে তাকে হারাতে একমাত্র জাতীয় কংগ্রেসই পারে এবং এবারে একটা শিক্ষা এই নির্বাচনের মধ্যে দিয়ে উঠে এসেছে তা হল এই যে, তৃতীয় শক্তির আর কোনও তাৎপর্য নেই। যে কথা জ্যোতিবাবু ২ বছর আগে বলেছিলেন এবং তিনি সম্যক ভাবেই বলেছিলেন যে, 'ওঁকে প্রধানমন্ত্রী না হতে দিয়ে ঐতিহাসিক ভুল হয়েছে। এটা সত্যি, তার কারণ তখন ভারতবর্ষে তৃতীয় শক্তির যে সুযোগ ছিল, আজকে বামপন্থীদের, ভারতবর্ষের নেতৃত্বে আসার আর সেই সম্ভাবনা নেই। এখন যেখানে দেশের রাজনীতিতে বাইপোলার দেখা যাচ্ছে, দুটো শক্তির মধ্যে মেরুকরণ হচ্ছে তখন আর একটা রাজ্যে বামফ্রন্ট সরকারকে টিকিয়ে রেখে লাভ কি? সারা ভারতবর্ষের সঙ্গে তাল রেখে পশ্চিমবঙ্গে আগামীদিনে জাতীয় কংগ্রেস আসবে। ইন্ডিয়া টুডে বলে ভারতবর্ষে সবচেয়ে চালু সাপ্তাহিক পত্রিকা আছে। তারা সাম্প্রতিক একটা বিশ্লেষণ করেছে। তাতে তারা বলেছে যে, আজকে যদি নির্বাচন হয় তাহলে জাতীয় কংগ্রেস কেন্দ্রে ৩০৫টি আসন পাবে। কংগ্রেস ক্ষমতার দিকে ফিরছে। বামপন্থীরা দেওয়াল লিখন দেখুন। জ্যোতিবাবুকে প্রধানমন্ত্রী হতে না দিয়ে, যে ভুল আপনারা করেছেন সেই ভুল আপনারা কোনওদিনই খন্ডাতে পারবেন না। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে এটা বুঝতে হবে যে, বামফ্রন্ট সরকার এ রাজ্যে কিছু করতে পারছেনা। এই অনাস্থা প্রস্তাবের ওপর বলতে উঠে যেটা আমার বলতে খুবই খারাপ লাগছে, সেটা হচ্ছে, কয়েক দিন ধরেই কাগজে বেরচ্ছে মুখ্যমন্ত্রী ছেড়ে দিতে চান, কিন্তু ওঁকে ছাড়তে দিচ্ছেনা। আজকে আমার মনে হচ্ছে মুখ্যমন্ত্রী অ্যাবডিকেট হয়ে গেছেন। তার মানে তিনি ডিজুরে মুখ্যমন্ত্রী আছেন, ডিফ্যাক্টো দায়িত্ব ছেড়ে দিয়েছেন। স্যার, আপনি দেখবেন আজকে আর কোনও ব্যাপারে মুখ্যমন্ত্রী আগ্রহ নিচ্ছেন না এবং অনেক সময় মুখ্যমন্ত্রীর কথাবার্তা যাত্রা দলের বিবেকের মতো শোনায়। যাত্রা দলে যেমন একটা চরিত্র থাকে, যে বলে এটা এটা ঠিক হচ্ছেনা। মাঝে মাঝে মুখ্যমন্ত্রীর কথাও সেরকম শোনায়। সম্প্রতি বড়বাজারে একটা বক্তৃতা দিতে গিয়ে উনি বললেন, "বড়বাজারে যে ডাকাতি হচ্ছে তা আমি খবর পেয়েছি এবং পুলিশ কাজ করছেনা।" যাত্রা-দলের বিবেকের মতো মুখ্যমন্ত্রী বামফ্রন্টের বিবেক, উনি আর মুখ্যমন্ত্রী নন। তাই মুখ্যমন্ত্রীর জায়গায় যিনি বসবেন বলে আমরা অনেকে শুনছি, তিনি বুদ্ধদেববাবু। কিন্তু নেতা হতে গেলে যে ভারসাম্য বক্তৃতার মধ্যে থাকা উচিত তা তাঁর বক্তৃতার মধ্যে থাকছেনা। এই কয়েক দিন আগে, বন্ধের দিন বিকেলবেলা বুদ্ধদেববাবু বিবৃতি দিলেন —

তিনি রাজ্যের পুলিশমন্ত্রী, সংবিধান রক্ষার দায়-দায়িত্ব তাঁর। তিনি বললেন, "বন্ধের দিন গাড়ি বের করেছে কেন, বন্ধ যারা করেছে গাড়ি আটকাবার অধিকার তাদের আছে।" আইন কি এটা বলে, সংবিধান কি এটা বলে? স্যার, আপনি এটা একটু ভেবে দেখুন, যিনি এরকম কথা বলেন, তিনি কি মুখ্যমন্ত্রী হতে পারেন! বুদ্ধদেববাবু বহরমপুরে গিয়ে আমাদের একজন বিধায়কের নাম ধরে বললেন, 'এ' গুন্ডা আপনাদের এক চড় মারলে, আপনারা তিন চড় মারুন। আমি পুলিশকে বলছি ওকে মারতে মারতে ধরে নিয়ে যাক।"

(সরকারি বেঞ্চ থেকে একটি ধ্বনি ঃ বেশ করেছে।)

বেশ করেছেন কিনা জানিনা। তবে জবাবে বহরমপুরের মানুষ বুদ্ধদেববাবুর গালে ২০টা থাপ্পড় মেরেছে। ২০টা আসনেই আমরা জিতেছি। সুতরাং বেশ করেছেন কিনা আপনারাই বুঝবেন, আর বহরমপুরের মানুষ বুঝবে। আজকে পশ্চিমবাংলার জায়গায় জায়গায় হিংসাত্মক ঘটনা ঘটছে। মেদিনীপুরের গড়বেতায়, কেশপুরে, শালবনীতে দীর্ঘদিন ধরে ক্ল্যাস চলছে। হুগলির আরামবাগ, খানাকুল, গোঘাটে দীর্ঘদিন ধরে লড়াই চলছে। বুদ্ধদেববাবু খানাকুলে গিয়ে বললেন, "এটা বন্ধ করার ব্যবস্থা নেব।" আজ পর্যন্ত সেই ক্ল্যাস সেখানে বন্ধ হয়নি। আপনারা বলছেন, - গ্রামাঞ্চলে শান্তি আছে। গ্রামাঞ্চলে আপনারা বারুদের স্তূপের ওপর বসে আছেন। গোটা পশ্চিমবাংলাই আজকে বিপজ্জনক হয়ে পড়েছে। আজকে সকালেই হাউসে আলোচনা হল, কলকাতা মাফিয়াদের আশ্রয় স্থলে পরিণত হয়েছে। বুদ্ধদেববাবু বললেন,— মাফিয়াদের মক্ষীরানি অর্চনা শর্মা পালিয়ে গেছে, খবর পাই নি। এর থেকে কি প্রমাণ হয়? এর থেকেই প্রমাণ হয় যে, পশ্চিমবঙ্গ মাফিয়াদের, উগ্রপন্থীদের, দেশ-বিরোধীদের আশ্রয় স্থল। আমি বলছিনা আপনারা মদত দেন। কিন্তু বিবেককে জিজ্ঞাসা করুন, আর কাউকে না পারেন, যাত্রা দলের বিবেককে জিজ্ঞাসা করুন, এ কোন শান্তির জায়গা, নিরাপত্তার জায়গা? কেন প্রদীপ গণ্ডই কলকাতায় ধরা পড়ে? কেন মাংগে কলকাতায় গুলি খায়? কেন কুখ্যাত পাঞ্জাবের উগ্রপন্থী গুর্খা কলকাতায় শেল্টার পায়? এই প্রশ্নগুলো আপনাদের ভাবতে হবে। আপনাদের ভাবতে হবে কোথায় দুর্বলতা। কলকাতা আমাদের গর্ব ছিল। সেই কলকাতায় মহিলাদের ইজ্জত নষ্ট হচ্ছে। সেদিন আমাদের এই হাউসে আলোচনা হয়েছে—ময়দানের ধারে তরুনী বাস্কেটবল খেলোয়াড় নিগৃহীত হল। এই ঘটনা কি কলকাতার মাথাকে নিচু করে দেয় নি? আজকেই আমি বুদ্ধদেববাবুর কাছে গিয়েছিলাম — হাওড়া পৌরসভার

নির্বাচনে যারা সিপিএম-এর হয়ে রিগিং করেছিল তারা গতকাল মল্লিক বলে একজন হরিজনকে খুন করেছে। দু'দিন আগে বড়-বাজারে সঞ্জয় কাপুর নিহত হয়েছে এবং সেই ঘটনার প্রতিবাদে বড়-বাজার বন্ধ হয়েছে। স্যার, এটা কি রাজ্য সরকারের প্রতি অনাস্থা নয়? ন্যূনতম আইন-শৃঙ্খলাও রাজ্যে রাখা যাচ্ছেনা? আপনারা বিচার করবেন। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন। সরকারে উনি থাকাকালীন জিনিসপত্রের দাম বাড়লো। পিঁয়াজ ৫০ টাকা হল, চাল ১৪ টাকা হল এবং সরষের তেল ৭২ টাকা হল। পার্টি কংগ্রেস হয়ে যাবার অনেক পরে রাজ্যসরকার ঘুম থেকে উঠলেন। কাগজে বিবৃতি দেখলাম-এ সম্পর্কে আমি আগেই বলেছি-পিঁয়াজ আমদানি করা হবে। এই নিয়ে ১ মাস ধরে বিবৃতি দেওয়া হল, কিন্তু পিঁয়াজ আমদানি করা হল না। এরজন্য দায়ী কে? কে সিদ্ধান্ত নিচ্ছে? একদিকে কলিমুদ্দিন সাম্‌স আর একদিকে অসীম দাশগুপ্ত। কে বিবৃতি দিচ্ছেন? মুখ্যমন্ত্রী জানেন না, খাদ্যমন্ত্রী বিবৃতি দেবেন? কিন্তু উনি বললেন সরষের তেল বিক্রি বন্ধ এবং তার জন্য সরষের তেল ৪০ টাকা থেকে ৭২ টাকা হয়ে গেল। আর এখনও এই খাদ্যমন্ত্রী চেয়ারে বসে আছেন আর মুখ্যমন্ত্রী দেখছেন। আমাদের রাজ্যে চাল ১ কোটি ২৬ লক্ষ টন উৎপাদন হয়েছে। অথচ কেন কলকাতার মানুষকে ১৪ টাকা কিলো দরে চাল কিনে খেতে হবে? পশ্চিমবাংলার চাল বে-আইনিভাবে রাজ্যের বাইরে চলে যাচ্ছে, বিদেশে চলে যাচ্ছে। এর কে জবাব দেবে? কেন রেশনে ৩০০ গ্রাম করে চাল দেওয়া হয়? কেন রেশনিং ব্যবস্থা ভেঙে পড়েছে? কে জবাব দেবে? এরপরও এই সরকারের প্রতি আস্থা রাখব? আমার মনে হয়, মুখ্যমন্ত্রী এক একটা দলকে এক-একটা দপ্তর ভাগ করে দিয়েছেন। এটা ফরওয়ার্ড ব্লকের দপ্তর, তোমরা যা খুশি এর থেকে করে নাও। আর.এস.পিকে ইরিগেশন দপ্তর দিয়েছেন। বন্যার আগে আমি মালদায় গিয়েছিলাম। মালদায় মানিকচকের এমব্যাঙ্কমেন্ট ভাঙছে। প্রথমে ১০০ গজ ভাঙার মধ্য দিয়ে গঙ্গার জল মালদায় প্রবেশ করলো, তারপর সারা শহর ২০ দিন ধরে জলে ভরা ছিল। কেন মুখ্যমন্ত্রী আগে দেখেন নি? জেলার ডি.এমের বাধার জন্য জমি অধিগ্রহণ করে রিটায়ার্ড বাঁধ করা হল না। তার জন্য একটা জেলায় বন্যা হয়ে গেল। এরজন্য কে দায়িত্ব নেবে? কেন ফরাক্কায় অ্যাফ্লেক্স বাঁধ ভেঙে গিয়েছিল? মুখ্যমন্ত্রী একদিন গিয়েছিলেন। কিন্তু কে এনকোয়ারি করবেন? কেন লক্ষ লক্ষ মানুষ কষ্টের মধ্যে পড়লো? বন্যাক্লিষ্ট মানুষগুলি খোলা আকাশের নিচে দিন কাটালো। এরপরেও এই সরকারের প্রতি আস্থা রাখব? বন্যার

পরে প্রত্যেকটি জায়গায় কেন সরকারী রিলিফ পৌঁছালো না? একমাত্র ভারত সেবাশ্রম সংঘ এবং রামকৃষ্ণ মিশন তারাই এগিয়ে এসেছিলেন। কিন্তু সরকারি রিলিফ পৌঁছায়নি। আর যেখানে সরকারী রিলিফ পৌঁছেছে সেখানেই দলবাজি হয়েছে। কেন দলবাজি হবে বছরের পর বছর বন্যার জন্য রিলিফের টাকা নিয়ে? মুখ্যমন্ত্রী কেন পারেন নি? এর পরেও এই সরকারের উপর মানুষ আস্থা রাখবে, আমরা রাখব? এটা আপনারা ভেবে দেখুন। আজকে পার্থবাবু বিবৃতি দিলেন - উনি শিক্ষিত লোক - ম্যালিগন্যান্ট ম্যালেরিয়ায় ৩ জন মারা গেছেন। কিন্তু আমি বলছি, একমাত্র শম্ভুনাথ পন্ডিত হাসপাতালে ৪০ জনেরও বেশি লোক এই ম্যালিগনান্ট ম্যালেরিয়াতে মারা গেছে। কলকাতা শহরে ম্যালিগনান্ট ম্যালেরিয়া আবার ফিরে এল। কিন্তু সরকার নিশ্চুপ, হাসপাতালে ওষুধ নেই। মংপু ফ্যাকটারিতে যথেষ্ট পরিমানে কুইনাইন তৈরি হচ্ছে না। পুরো স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে। জেলার হাসপাতালগুলির কথা ছেড়ে দিন, কলকাতা শহরে যে বড় হাসপাতালগুলি আছে তার চার্জ বেড়েছে, বেডের ভাড়া ১৫ টাকা করা হয়েছে আর কেবিনের ভাড়া বাড়িয়ে দিয়েছেন। কিন্তু মানুষের জন্য যে ন্যূনতম স্বাস্থ্য পরিষেবার দায়-দায়িত্ব ছিল এই সরকারের উপর তা তারা পালন করছেন না। এর পরেও এই সরকারের প্রতি আস্থা রাখব? কিসের আস্থা রাখবো? আজকে বিড়লার হিন্দুস্তান মোটরস সপ্তাহে ৩ দিন লে-অফ করে দিচ্ছে। এটা একটা আনপ্রিসিডেন্ট। কালকে বিদ্যুৎবাবু বললেন ডব্লু.টি.ও. সই করেছেন, সেইজন্য হিন্দুস্তান মোটরস-এ লে-অফ হয়েছে। তাহলে কি বিড়লাকে গাড়ির জন্য পুরো মনোপলি দিতে হবে? কেন প্রতিটি কারখানা আজকে অসুস্থ্য এবং রুগ্ন হয়ে যায়? বিড়লাপুরে বিড়লা সিনথেটিক্স কারখানা কেন বন্ধ? সেখানে ৫ হাজার লোক কাজ করছিল। এরজন্য আপনারা কি করছেন? মাননীয় মুখ্যমন্ত্রী ব্যক্তিগতভাবে শিল্প-উন্নয়নের জন্য উদ্যোগ নিয়েছেন। আমি নিজে জানি, মুখ্যমন্ত্রী সঙ্গে করে বুদ্ধদেববাবুকে চেম্বার অব কমার্সের মিটিং-এ নিয়ে যেতে শুরু করলেন। এখানে জন মেজরকে নিয়ে এলেন, গো-চককে নিয়ে এলেন। কলকাতায় নিয়ে এসে মিটিং করলেন। তাজ বেঙ্গলে তাঁরা থাকলেন, সরকারের নিমন্ত্রণ খেলেন। কিন্তু কোথায় ইন্ডাস্ট্রি? এতদিন পর্যন্ত হলদিয়া তৈরি হল না। বাংলার যুবকদের যে আশা দেখালেন সেই আশা পূরণ করতে পারলেন না। এখন শুনছি, হলদিয়া নিয়ে গন্ডগোল হচ্ছে। এখন এটা হবে, কি হবে না এই নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

[3-50 — 4-00 p.m.]

কেন আজ পর্যন্ত ইন দি ইয়ার ১৯৯৮ বক্রেশ্বর সম্পূর্ণ হল না? যে বক্রেশ্বর নিয়ে আপনারা এতো দেওয়ালে লিখলেন সেই বক্রেশ্বর থারমল পাওয়ার প্ল্যান্ট কেন এখনও করা গেল না তার কি জবাব আছে? আজকে মুখ্যমন্ত্রী তো জবাব দেবেন - দিন না, কত এন.আর.আই. ইনভেস্টমেন্ট এখানে হয়েছে? কত ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট এখানে হয়েছে? আমি মউ সই করার কথা বলছি না কিন্তু। সোমনাথবাবুর প্রতি আমার সহানুভুতি আছে। ভদ্রলোকের ইচ্ছা ছিল কিন্তু ক্ষমতা নেই, ওর কথায় কেউ আসছে না। এমনিতেই দেশে একটা ইন্ডাস্ট্রিয়াল রিসেসান চলছে কেন্দ্রের বি.জে.পি. সরকারের নীতির জন্য, আবার তাও যা আসছে তা অন্য রাজ্যে আসছে, এই রাজ্যে কিছু আসছে না। কি ভবিষ্যত এই রাজ্যের বেকারদের যারজন্য ওদের উপর তারা ভরসা রাখবেন? কি আছে এখানে ইনফ্রাস্ট্রাকচার? রাস্তাঘাট যে এখানে খারাপ তা একাধিকবার মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন। অপর দিকে পূর্তমন্ত্রী বলেন যে অর্থমন্ত্রী ওকে টাকা দেন না। উনি বলছেন শিলিগুড়ি পর্যন্ত হাইওয়ে করবেন। কোলকাতা থেকে হলদিয়া পর্যন্ত একটা রাস্তা মেনটেন করতে পারেন না অথচ বলছেন যে শিলিগুড়ি পর্যন্ত হাইওয়ে তৈরি করবেন মাননীয় বিদ্যুৎমন্ত্রী ভালো লোক। এই হাউসে আমরা তার অনেক প্রশংসা করেছি কিন্তু দেখলাম বিদ্যুৎমন্ত্রী এন.টি.পি.সি.'র সঙ্গে ঝগড়া করলেন ফলে আবার লোড শেডিং ফিরে এলো। কে দায়ী এরজন্য? কাগজে দেখেছি বিদ্যুৎমন্ত্রী নাকি সরকারের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে এজাহার দেবার ব্যাপারে সাহায্য করেছেন। ছেড়ে দিতে হবে? মুখ্যমন্ত্রী কিছু বলেন না। এই মন্ত্রীসভার কি কোনও ডাইরেকশন আছে? আমি প্রথমেই যেটা বলেছিলাম, অ্যাবডিকেট করে দিয়েছেন যে তোমরা যা পারো করে নাও আমি আর বেশিদিন থাকব না। এইসব ব্যাপারগুলি আপনাদের ভাবতে হবে। কি অবস্থা আজকে পশ্চিমবাংলায়। একশো ওয়াটের বাল্ব মফঃস্বলে ৩০ ওয়াটের বেশি পাওয়ারে জ্বলে না। সন্ধার সময় প্রতিটি ছোট ছোট মফঃস্বল শহরে লোড শেডিং হয় ৪/৫ ঘন্টা করে। শুধু সি.ই.এস.সি.তে বছরের পর বছর বিদ্যুতের চার্জ বাড়বে, আর কোলকাতা শহরেই বিদ্যুৎ থাকলে চলবে? তা তো চলবে না। সারা পশ্চিমবাংলায় বিদ্যুৎ দিতে হবে শিল্প করতে গেলে। কে এসব প্রশ্নের জবাব দেবে? এসব প্রশ্নের জবাব কিন্তু আমরা এই সরকারের কাছ থেকে পাই নি এখনও পর্যন্ত। এই তো এখানে মফঃস্বলের এতো লোক আছেন—সি.পি.এম, কংগ্রেস সব দলের, তারা বলুন না বিদ্যুৎ পান কিনা সন্ধ্যার সময় ৬ ঘন্টা কন্টিনিউয়াস? এর

জবাব দেবার দায়িত্ব কিন্তু আপনাদের সকলের। রুর‍্যাল ইলেকট্রিফিকেশন হয়নি। লোড শেডিং এখানে আবার ফিরে এসেছে। এই যে অন্ধকারময় চিত্র এই চিত্রকে উজ্জ্বল করার জন্য আপনারা অমর্ত্য সেনের সাহায্য নেবার চেষ্টা করছেন। বলছেন অমর্ত্য সেনের যে গ্লোরি তা আমাদের। অমর্ত্য সেন বামফ্রন্টের নয়, কংগ্রেসের নয়, অমর্ত্য সেন সারা বাংলার, সারা ভারতবর্ষের, সারা পৃথিবীর। আপনারা বড়জোর তাকে একটা রিসেপসান দেবেন। স্যার, আপনি জানেন, এই কোলকাতা কর্পোরেশন এতো অপদার্থ যে খোলা জলাধারে পড়ে একটি বাচ্চা ছেলে- অজয় সিং মারা গেল। সেই কর্পোরেশন বলছে তাকে পিঠে-পুলি খাওয়াবে আর রিসেপসান দেবে। স্যার, অমর্ত্য সেন যেটা বার বার বলেছেন সেটা হচ্ছে পশ্চিমবাংলায় সোস্যাল ইনফ্রাস্ট্রাকচার নেই। কেরালার মতোন এডুকেশন এবং হেলথে আমরা এগুতে পারি নি। সেটা করলে বরং তাকে সম্মান দেওয়া যেত। যে কোলকাতার মেয়র একটা বাচ্চা ছেলেকে জলাধারে পড়ে যাওয়া থেকে বাঁচাতে পারে না সে বলছে অমর্ত্য সেনকে পিঠেপুলি খাওয়াবে আর টাউন হলে ডিনার দেবে। এতে কিন্তু সরকারের ভাবমূর্তি উজ্বল হবে না। আমি আগেও উল্লেখ করেছি, আবার বলছি, সেদিন লেডিস স্টাডি গ্রুপের মিটিং-এ মুখ্যমন্ত্রীকে অনেকে জিজ্ঞাসা করেছিলেন আপনি কি জানেন যে পশ্চিমবাংলার ছেলেরা মাধ্যমিক পাশ করে অন্য রাজ্যে চলে যাচ্ছে? উনি বলেছিলেন, আমি জানি না। সেদিন আমি সত্যসাধনবাবুকে বললাম, ছেলেরা বাইরে চলে যাচ্ছে মাধ্যমিক স্তর থেকে। এক প্রেসিডেন্সি ছাড়া ভারতবর্ষের আর অন্যান্য সমস্ত প্রফেসন্যাল কলেজের মধ্যে কোনও জায়গায় প্রথম ১০ টার মধ্যে পশ্চিমবাংলার কোনও কলেজের নাম নেই। এতদিনে ওরা ইনফ্রাস্ট্রাকচার তৈরি না করে কয়েকটা ইঞ্জিনিয়রিং কলেজের অনুমোদন দিয়েছেন মাত্র। অথচ অন্যান্য রাজ্যে সেখানে ১০/১৫টা করে মেডিকেল কলেজ হয়ে গিয়েছে গত ১০ বছরে। সেখানে মেডিকেল কলেজ ওরা করতে দিলেন না নতুন করে প্রাইভেট সেক্টরে। কে এর জবাব দেবে? তারপর ইংরাজি নিয়ে ওরা লড়াই করে গেলেন। আগে থেকেই ওরা ঠিক করে রেখেছিলেন যে ক্লাস ওয়ান থেকে করবেন না। তাই জন্য দেখলাম ডঃ পবিত্র সরকার কমিটি করলেন। আমি কালকে তা নিয়ে বলব। কিন্তু সেখানে যে ক্ষতি হয়ে গেল, যেসব ছাত্রদের ইংরাজি শেখানো গেল না তাদের সেই ক্ষতি কে পুরণ করবে? তারপর আপনারা সিদ্ধান্ত নিয়ে সব জুনিয়র হাইস্কুল বন্ধ করে দেবার নোটিস দিয়েছেন। সেখানে এরজন্য যে সর্বনাশ হবে শিক্ষাব্যবস্থায় কে তা মেক আপ করবে? এর উত্তর আপনাদের দিতে হবে। এরপর আমি বেকারদের

কথা বলব। ৫৭/৫৮ লক্ষ বেকার। আমার কাছে ফিগার আছে। ৫৮ লক্ষ বেকার ৯৭ সালে চাকরি পেয়েছে ১০ হাজার ৯৭১ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে। '৯৬ সালে ১০ হাজার ৩৮৫। ৯৫ সালে ৭ হাজার ৮২২। তাহলে এই বেকাররা কেন আপনাদের উপর আস্থা বা বিশ্বাস রাখবে? স্যার, পি.এল. অ্যাকাউন্ট নিয়ে আমি বেশি কিছু বলতে চাইনা, কারণ এই বিষয়ে হাউসে আলোচনা হয়েছে। কিন্তু একটা বই বেরিয়েছে হোয়াট ডু দি রিপোর্টস অব সি.এ.জি.। তাতে লিখেছে যে, পি.এল.এ'স were not closed leading to aveidance of Legislative Scruting এটা অডিট রিপোর্ট নয়। রিপোর্ট মানে কি? রিপোর্টে বলছে যে লোকাল ফান্ড অ্যাকাউন্টস-এ হিউজ ক্যাশ balances retained in hand by drawing money through self cheques. আমরা বলিনি, কন্ট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল গ্রামীন টাকা খরচ হয়েছে যা ব্যাপক বে-আইনি হয়েছে, বে-নিয়ম হয়েছে তার কথা তুলে ধরেছেন। রিপোর্ট পি.এ.সি. বিচার করবে। স্যার, আমি যে কথা বলছিলাম যে, ২৪টি কমিশন করেছেন। ১৯৮৮ সালে গরিব মুসলমান নিহত হয়েছিল কাটরা দাঙ্গায়, আজকে ১৯৯৮ সাল, আজ পর্যন্ত কাটরা দাঙ্গার কমিশনের রিপোর্ট বের হয়নি কেন? আমি এখানে ১০টি কমিশনের নাম দেখাতে পারি যেখানে জজেরা মোটা মাইনে নিচ্ছেন, কিন্তু কোনওরকম রিপোর্ট আজ পর্যন্ত বের হয়নি। ওয়াকফ স্ক্যাম নিয়ে কোনও রিপোর্ট বের হলনা। একজামিনেশন পেপার লিক নিয়ে ১৯৯৭ সালের এখনও রিপোর্ট শুরু হলনা। ১৯৯২ সালে হরিহর পাড়ায় পুলিশ ফায়ারিংয়ের রিপোর্ট আজ পর্যন্ত বের হলনা। এরা কমিশন অ্যাপয়েন্ট করে ধামাচাপা দিচ্ছেন। এই রাজ্যে বিচার নেই। এই রাজ্যে বিচারের বানী নীরবে নিভৃতে কাঁদছে। তাই, আশাহীন, বিচারহীন, অন্ধকার দিগন্ত ময় রাজ্যে বিরোধী দলের সদস্য হিসাবে আমাদের দায়িত্ব পালন করার জন্য এই অনাস্থা প্রস্তাব আমরা এনেছি। এই অনাস্থা প্রস্তাব হাউসের কয়েকটি লোকের কাছে পরাজিত হলে কিছু আসে যায় না। আমাদের বিশ্বাস পশ্চিমবাংলায় যে কয়েক কোটি জনগণ আছে তারা এই অনাস্থাকে একদিন পাশ করাবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, এখানে বার্ষিক কর্মসূচি অনুযায়ী কংগ্রেস দল তারা রাজ্য সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছে। যখন রাজ্যবাসীরা তাদের বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করেছেন বিভিন্ন নির্বাচনে, পঞ্চায়েত থেকে পৌরসভা,

পৌরসভা থেকে লোকসভা, লোকসভা থেকে বিধানসভায় তখন তারা জনগণের আস্থা হারিয়ে বিধানসভায় যেহেতু অন্য কোনও কর্মসূচি তাদের নেই সেজন্য আনুষ্ঠানিক ভাবে প্রতি বছরের মতো এবারও বিধানসভায় একটা অনাস্থা প্রস্তাব তারা এনেছেন। আজকে তাদের এই যে আস্তাহীন অবস্থা, এই যে করুন অবস্থা, এই অস্বস্তিকর অবস্থা থেকে বাঁচার যে চেষ্টা, সেই চেষ্টার জন্য আজকে তারা অনাস্থা প্রস্তাব যেটা এনেছেন, তাকে আমি বিরোধিতা করছি। মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি কংগ্রেসের বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই যে, আমাদের রাজ্যে পশ্চিমবাংলায় দীর্ঘ প্রায় ২৮ বছর তারা রাজত্ব করেছেন। এই ২৮ বছর রাজত্বে তারা কি রামরাজ্য প্রতিষ্ঠা করেছিলেন? আজকে পশ্চিমবঙ্গের মানুষ তাদের কাছে এই প্রশ্ন রাখতে চায়? আমাদের নিশ্চয়ই মনে আছে, পশ্চিমবঙ্গের মানুষের মনে আছে, এই ২৮ বছরে কংগ্রেসের তাবড় তাবড় নেতা, ১৯৭২ সালে যে রিগিং করা মুখ্যমন্ত্রী, সেই মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, আমাদের রাজ্যে আর ভূমিহীন চাষী থাকলোনা, ভূমিহীন মানুষ থাকলো না, আমরা সমাজতন্ত্রের দিকে এগিয়ে যাচ্ছি। তিনি বলেছিলেন যে, সমস্ত কর্মক্ষম যুবক-যুবতীদের কাজের ব্যবস্থা হয়ে যাচ্ছে। কংগ্রেস দল সমাজতন্ত্র প্রতিষ্ঠার নামে যে নীতি ঘোষণা করেছেন, যে নীতি কার্যকর করেছেন, সেই নীতির জন্য আজকে এই অবস্থা হয়েছে। আজকে দেশ আরও দুর্বল হয়েছে, দেশে অবাধ লুণ্ঠনের রাজত্ব কায়েম হয়েছে। কংগ্রেসের বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই যে, এখন আপনারা মায়া কান্না কাঁদছেন, কিন্তু আজকের এই অবস্থার জন্য দায়ী কারা? আজকে এই মূল্য বৃদ্ধির জন্য দায়ী কারা? আজকে এই যে বেকারি তার জন্য দায়ী কারা বলুন? কেন আজকে সার্বিক বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা হলনা? কেন হল না তার জবাব কংগ্রেসকে দিতে হবে। আমরা পশ্চিমবঙ্গ থেকে সমস্ত বিধানসভার সদস্যরা যে প্রস্তাব গ্রহণ করেছিলাম সেই প্রস্তাব নিয়ে দিল্লিতে আমরা বার বার দরবার করেছি, কিন্তু কিছুই হয়নি। আপনাদের এক নম্বর নেতা নরসীমা রাও, যার বিরুদ্ধে গুরুতর অভিযোগ, তার দুই ডজন মন্ত্রী লুটপাট করেছেন দেশের সম্পদকে। আপনারা কোনও প্রতিশ্রুতি রক্ষা করতে পেরেছেন? আমি যে এলাকা থেকে প্রতিনিধি হয়ে এসেছি সেখানকার ১৫২টি চা বাগান থেকে বিগত ৫০ বছরে ৫,০০০ কোটি টাকার বিদেশি মুদ্রা কেন্দ্রীয় ভাণ্ডারে সঞ্চিত হয়েছে। বলুন, কত কোটি টাকা বন্যা নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় সরকার দিয়েছেন? সৌগত রায় মালদায় বন্যা দেখতে গিয়েছিলেন, আমিও গিয়েছি। হ্যাঁ, সেখানে বন্যা নিয়ন্ত্রণ করা যায়নি। কিন্তু কেন যায়নি? আমরা গঙ্গা পদ্মা ভাঙন রোধের কথা বার বার তাদের বলেছি; জলসম্পদ

মন্ত্রীকে বলেছি, পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান প্রণববাবুকে বলেছি, কিন্তু তখন তারা একটি পয়সাও দেননি। আর আজকে আপনারা এখানে অনাস্থা প্রস্তাব এনেছেন! আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন গ্রামের কায়েমী স্বার্থের প্রতিভূদের ক্ষমতায় রেখে সেখানে ১৮ বছর ধরে কোনও নির্বাচন করেননি। সেই সময় শিক্ষা-ব্যবস্থা কোন জায়গায় গিয়েছিল? সমস্ত মস্তানরা যুগ যুগ জিও ধ্বনি তুলে বিভিন্ন স্কুল কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে মস্তানির রাজত্ব কায়েম করেছিল। আমরা দেখেছি, আপনাদের মধ্যে এমন অনেকে আছেন যারা পাশ করেননি, কিন্তু সেই সময় প্রকসি দিয়ে গ্রাজুয়েট হয়েছেন, এম.এ. হয়েছেন, এল.এল.বি. হয়েছেন। এটা একটা আপনাদের অ্যাচিভমেন্ট বলুন! আমাদের অনেক সীমাবদ্ধতা রয়েছে। পশ্চিমবঙ্গ কোনও দেশ নয়, একটি রাজ্য মাত্র। ফলে তার সাংবিধানিক সীমাবদ্ধতা রয়েছে। তবে আমাদের অনেক কিছু করার আছে এবং আরও কিছু করা আমাদের উচিত ছিল। কিন্তু আমাদের নানা সীমাবদ্ধতার মধ্যে দিয়ে চলতে হচ্ছে। তবে শিক্ষার কথাই যদি ধরেন, আপনাদের সময় টেকনিক্যাল এডুকেশনের অবস্থা কোন পর্যায়ে ছিল? এর জবাব আপনাদের দিতে হবে। সেদিন আমেরিকার বিরুদ্ধে বড় বড় কথা বলেছেন, কিন্তু আমেরিকাকে লুন্ঠন করবার সুযোগ করে দিয়েছিল যারা তাদের নাম কংগ্রেস। আজকে যে কংগ্রেস এগোবার চেষ্টা করছে সেই কংগ্রেস এবং বিজেপি একই মুদ্রার এপিঠ-ওপিঠ। আজকে কংগ্রেসের দুর্বলতার জন্যই বিজেপি ক্ষমতায় এসেছে। কংগ্রেসের দুর্বলতার জন্যই হিন্দু মহাসভা, আর.এস.এস., এরা এগিয়েছে। অতীতের স্বতন্ত্র দলে যারা ছিলেন তারা বিজেপিতে এসেছে। তারা আজকে আলুর ব্যাপারির কাছ থেকে টাকা নিচ্ছে, পেঁয়াজের ব্যাপারির কাছ থেকে টাকা নিচ্ছে। ১৮টি চ্যানেল টেনে কংগ্রেসও তাই করছে। কংগ্রেস পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা ঘোষণা করে যে পরিকল্পনা নিয়েছিলেন সেখানে একটা লক্ষ্যমাত্রা স্থির করেছিলেন, কিন্তু সেই লক্ষ্যমাত্রায় পৌঁছতে পারেননি, কারণ কংগ্রেসের নীতি ধনীক তোষণ নীতি। কংগ্রেস আমাদের দেশে ধনতন্ত্র কায়েম করেছে। আজকে আপনারা তৃতীয় শক্তিকে ভয় পান, কিন্তু তৃতীয় শক্তির মদত ছাড়া আপনাদের অস্তিত্ব বিপন্ন জেনে রাখবেন। আজকে যাঁকে নেত্রী হিসাবে নিয়ে এসেছেন তাঁকে দিয়ে মুসকিল আসান হবে না।

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে কংগ্রেস দলের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে, আমার মনে হয়েছে কে কত বেশি বিপ্লবী, কে কত বেশি বামপন্থী বিরোধী, তৃণমূল না কংগ্রেস তার প্রতিযোগিতা শুরু হয়েছে। সেইজন্য

আজকে এই অনাস্থা প্রস্তাবের উপর আলোচনা করতে গিয়ে সৌগতবাবু বলেই ফেললেন যে এই অনাস্থা প্রস্তাব পাশ হবে না। আপনাদের প্রতি জনগণের অনাস্থা এসে গিয়েছে। রাজস্থান দেখিয়েছেন হিমাচলপ্রদেশ দেখিয়েছেন উত্তরপ্রদেশ দেখিয়েছেন। উত্তরপ্রদেশের এই অবস্থা কে করেছে? মনে রাখতে হবে পশ্চিমবাংলা ইউ.পি. নয় রাজস্থান নয় দিল্লি নয়, পশ্চিমবাংলা পশ্চিমবাংলাই। এখানে মানুষ কংগ্রেসকে চেনে, তাদের চরিত্র জানে, তাঁদের রাজনৈতিক কর্মসূচি জানে, তাদের সমস্ত কিছু জানে। সেই জন্য মাননীয় চেয়ারম্যান স্যার আজকে ওনারা যে অনাস্থা প্রস্তাব এনেছেন, তাঁরা তাঁদের হতাশা জনিত কারণে অনাস্থা প্রস্তাব এনেছেন। তাঁরা জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে গেছেন তাই অনাস্থা প্রস্তাব এনেছেন। কংগ্রেস এখানে গুন্ডারাজ কায়েম করতে চায়, অরাজকতা সৃষ্টি করতে চায়। এখানে গুন্ডা মস্তানরা ধরা পড়ে, তাই তাঁদের এটা সহ্য হচ্ছে না, সেই কারণে অনাস্থা প্রস্তাব আনছেন। আপনারা দায়িত্বশীল বিরোধী দল হিসাবে কাজকর্ম করুন। আপনারা যদি দায়িত্বশীল বিরোধী দল হিসাবে কাজকর্ম করেন তাহলে পশ্চিমবাংলার উন্নয়ন তরান্বিত হবে। পশ্চিমবাংলায় আপনাদের যে ভূমিকা তাতে জনগণ বীতশ্রদ্ধ। সেই অবস্থা আপনারা যদি অতিক্রম করতে পারেন তাহলেই আপনাদের উত্তরন হবে। তা না হলে যে জায়গায় আপনারা আছেন সেই জায়গা থেকে পশ্চিমবাংলার জনগণ আগামী দিনে নামিয়ে ডাস্টবিনে নিক্ষেপ করবে। এই কথা বলে এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**श्री देवकी नन्दन पोद्दार** : मिस्टर चेयरमैन सर, अविशवास प्रस्ताव जो वामफ्रन्ट सरकार के विरुद्ध यहां रखा गया है मैं उसका समर्थन करता हूं। इस सरकार को कोई नैतिक अधिकार नही है कि पशिचम बंगाल में शासन कर सके। सरकार की दुर्नीति, अक्षमता और अकर्मन्यता ने कानून और व्यवस्था को एक भयावह स्थिति में लाकर खाड़ा कर दिया है। जहां नित्य प्रतिदिन लूट, राहजनी, डकैती का शिलशिला जारी है। कौन से नैतिक अधिकार है इस सरकार को शासन करने की विदेश जाते है माननीय मुख्यमंत्री उधोगपतियों को आकर्षित करने के लिए, मै कहता हूं कि विदेशों मे क्यो, पशिचम बंगाल में क्या उधोगपतियों की कमी है। जो उधोगपति राष्ट्र के दुसरे प्रदेशों मे जाकर उधोग स्थापित करते है। उन्हे यह वामफ्रन्ट सरकार अपने इस प्रदेश मे धन लगाने के लिए क्यो नही आकर्षित कर पाते है। विदेशों में सिर्फ सफर करने से नही होगा, उधोग स्थापित करने के लिए जो चाहिए वो जरुरी सुविधाए क्या उपलब्ध करा पाए है। रास्ता,

जल, कानून व्यवस्था, यह सरकार यह सुविधाए उपलब्ध नहीं करा पा रहीं है। उधमी यहां अपने को असुरक्षित महसूस करते है। बड़े ताम-झाम के साथकुछ दिनों पहले बड़ा बाजार के मनोहर दास कटरा का उद्‌घाटन करने को मुख्य मंत्री गये थे। लेकिन मै जानना चाहता हूं कि कौन सी सुविधाएं मुहैया कराए थे उन व्यवसाइयों को। उन व्यवसायों ने अपने अथक परिश्रम से इन मुशिकलों का सामना किया। मुख्य मंत्री एसा विवृति दिए जैसा मनोहरदास कटरा का जीनोर्द्धार सरकार ने कहाया हो। धिक्कार है एसे उद्‌घाटन पर जहां कि यह सरकार सुरक्षा नही दे पाती है। दिन दहाड़े यहां कांग्रेस सेवादल के संजय कपूर का हत्या हो गया और एक भी मुजरिम को सरकार अभी गिरफ्तार नही कर पायी है। एक्सट्रसन, खुन, डकैती की घटना बड़ाबाजार मे प्रायः हो रहा है और पुलिस निष्क्रीय है, असहाय है। कभी कलकता पुलिस का डी०डी० का जहां सारे प्रदेशो मे अपना एक अलग पहचान था। आज कलकता पुलिस का पुरी तरह से राजनीतिकरण हो गया है, आज निष्क्रीय और अक्षम हो गया है। दुसरे प्रदेशों के पुलिस यहां से अपराधी को पकड़ कर ले जाती है। सर, एकसट्रशन आरंभ हुआ है और ये सब पेटी क्रिमीनल कर रहे है। यही पेटी क्रिमीनल धीरे-धीरे माफिया का रुप धारण कर रहा है और होसला बढ़ते जा रहा है। अगर इसपर सख्ती से सरकार अंकुश लगाने का, कठोर निर्णय लेने से चूकती है, तो एक दिन सरकार के सामने चुनौती प्रस्तुत करगा। सारे प्रदेश की सुरक्षा खतरे मे पड़ जाएगी।

यह सरकार लोगो की बुनियादी जरुरतो को भी पुरा करने मे असमर्थ रही है। आज रास्ता की अवस्था भयावह है, पानीय जल, गंदी जल का निकाश की कोई समुचित व्यवस्था नही है। बड़ाबाजार के व्यवसायी आज व्यवसाय करने से डरने लगे है, वो अपने को असुरक्षित महसूस कर रहे है। यह सरकार व्यभिचार, भ्रष्टाचार, राहजानी रोक पाने मे असमर्थ है इसलिए मै अविश्वास प्रस्ताव का समर्थन करता हुं।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি কংগ্রেস দলের পক্ষ থেকে আনীত অনাস্থা প্রস্তাবের তীব্র বিরোধিতা করছি। কংগ্রেস দলের সুখ-স্বপ্ন এবং হতাশার পোড়া উক্তি শুনে আমার এই কথাই মনে হচ্ছে যে, তারা ভেবেছে ভারতবর্ষে দুই বুর্জোয়া মেরুকরণের মাঝে তারা ক্ষমতায় আসীন হবে। কিন্তু আমরা

দেখছি, ভারতবর্ষে ১১ই ডিসেম্বর সাধারণ ধর্মঘট এবং হরতালের মধ্যে দিয়ে তৃতীয় একটি শক্তির উত্থান ঘটেছে। আজকের ভারতবর্ষে কংগ্রেস আমলের উদার অর্থনীতি, বাজার অর্থনীতি এবং মনমোহন সিংহের দাওয়াইয়ের ফলে আমাদের দেশ কি ভয়াবহ অবস্থায় এসে দাঁড়িয়েছে তা আমরা সকলেই অনুভব করছি। আগামীদিনে আমাদের এখানে বীমা বেসরকারিকরণ এবং পেটেন্ট বিলের ফলে দেশবাসী কি অবস্থায় এসে দাঁড়াবে তা আমরা অনুভব করছি। তারা তার বিরুদ্ধে লড়াই করবে। তাই হয়তো পশ্চিমবাংলার মাটি, শক্ত মাটিতে এখানকার আই.এন.টি.ইউ.সি. তারা পশ্চিমবাংলায় ১১ই ডিসেম্বর ধর্মঘটকে সমর্থন জানিয়েছিলেন। সৌগতবাবু যে ৩০৫টি আসন পাবার গল্প শোনালেন এবং বললেন যে আগামীদিনে উদার অর্থনীতি এবং বাজার অর্থনীতির ফলে জনসাধারণ সরকারের তীব্র বিরোধিতা করবে। তার উত্তরে বলি যে, জনসাধারণ এবং শ্রমজীবি মানুষ তাদের নিজেদের অধিকার রক্ষার জন্য বামপন্থী নেতৃত্বে আরও জোরদার লড়াই চালাবে। সুতরাং আবার তৃতীয় শক্তির উদয় হবে। আজকে ৩টে রাজ্যের উপ নির্বাচনকে কেন্দ্র করে আপনারা যে সুখ স্বপ্ন দেখছেন, আপনারা মনে রাখবেন যে বামপন্থীদের নিরলস প্রচেষ্টার ফলে সারা ভারতবর্ষে প্রচার অভিযানে তার একটা দিক উল্লেখ করা যায়। সুতরাং এটাও ভাবতে হবে। সংসদীয় গণতন্ত্রে অনাস্থা প্রস্তাবের গুরুত্ব রয়েছে কিন্তু ঘন ঘন যে হারে বিরোধীপক্ষ প্রস্তাব উত্থাপন করছে তাতে এর গুরুত্ব হালকা করে দিচ্ছেন। পশ্চিমবঙ্গে যে কটা নির্বাচন হয়েছে, সেই নির্বাচনগুলোতে দেখেছি যে, আপনারা সম্পূর্ণভাবে পরাজিত হয়েছেন, পরাস্ত হয়েছেন। এমন কি ২০শে ডিসেম্বর যে ঝাড়গ্রামে পৌর নির্বাচন হয়েছে, সেই নির্বাচনে আপনাদের দলের পক্ষ থেকে একটি মাত্র আসন পেয়েছে। আপনারা তো পশ্চিমবঙ্গের বিধানসভার উপ নির্বাচনে নন্দনপুরে এবং বারুইপুরে কি কারবার করেছিলেন, কিন্তু আপনাদের স্থান কোথায় গেছিল সেটা কি দেখেছিলেন? আমরা এইকথা বলছি না যে, আমাদের পশ্চিমবঙ্গের সব ঠিক ঠাক চলছে। আমাদের নিশ্চয় ত্রুটি আছে, বিচ্যুতি আছে। আমরা সেগুলো আত্ম সমালোচনার মধ্যে দিয়ে সংশোধন করার চেষ্টা করছি। কিন্তু আমরা মিথ্যা প্রতিশ্রুতি দিই না। আপনাদের আমলে ১৯৭১-৭২ সালে গোটা ভারতবর্ষে "গরিবী হটাও" বলে রব তুলেছিলেন। তারপরে ১৯৮৪ সালে রাজীব গান্ধী বললেন যে, প্রতি ঘর থেকে একটি করে ছেলের চাকুরী দেবেন। আজকে তারাই কিনা বেকার সমস্যার কথা বলছেন। আপনারা তো গোটা ৪৫ বছর ধরে সারা ভারতবর্ষে শাসন করে গেছেন কতটুকু বেকারত্ব দূর করতে পেরেছেন, নিরক্ষরতার হার এখনও

রয়েছে কেন তার জবাব দিন। এরজন্য আপনারা এখানে অনাস্থা প্রস্তাব না এনে আপনাদের নেতৃত্বে আছেন তাদের কাছে কৈফিয়ত চান। পশ্চিমবঙ্গ সরকারকে বি জে পি সরকার বঞ্চিত করছে। আমরা গঙ্গা ভাঙ্গন রোধের জন্য এবং বন্যা রোধের জন্য ৭০০ কোটি টাকা কেন্দ্রের কাছে চেয়েছিলাম, সেখানে পেয়েছি মাত্র ৩০ কোটি টাকা। কেন্দ্রীয় সরকার আমাদের কাজ করতে দিচ্ছে না, সেই ব্যাপারে তো কোনও উদ্যোগ আপনাদের নেই। আমরা তো চাই এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে চাপ সৃষ্টি করা হোক। বি জে পি সরকারের নেতৃত্ব মনমোহন সিংয়ের সহায়তায় পেটেন্ট বিল এবং বীমা বেসরকারিকরণের বিল পাশ করাতে চাইছেন। আপনারা যে সুখ স্বপ্নের মধ্যে বসবাস করতে চাইছেন তা বাস্তবে কখনোই সম্ভব নয়। আপনারা যতই বিরোধিতা করুন না কেন এই আর্থ সামাজিক ব্যবস্থায় হচ্ছে এই চুরি, ছিনতাই আমরা তার জন্য নিশ্চিন্ত হয়ে বসে নেই, আমরা দমন করার চেষ্টা করছি। কিন্তু তবুও বলব যে, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের অবস্থা ভাল। আমি এই প্রসঙ্গে একটি তথ্য দিয়ে উল্লেখ করতে চাই যে, গত ১৯৯৬-৯৭ সালে মহারাষ্ট্রে যেখানে পুলিশ হাজতে মৃত্যু হয়েছে ১৮০ জনের, সেখানে পশ্চিমবঙ্গে পুলিশ হাজতে মৃত্যু হয়েছে মাত্র ৩২ জনের এবং ১৮ জনের। আমরা দুঃখিত যে, এই রাজ্যে তাও কেন ঘটবে। আপনারা পশ্চিমবঙ্গের মহিলাদের নির্যাতন সম্পর্কে যা বললেন তাতে বলছি যে, রাজস্থানের মহিলাদের নির্যাতন, শ্লীলতাহানি সম্পর্কে সাংবাদিক কবিতা শ্রীবাস্তব তাঁর লেখায় উল্লেখ করেছেন যে ওখানকার অবস্থা যে কতটা নিচে তা বলা যায় না। মহিলাদের উপরে নির্যাতন, শ্লীলতাহানি এবং ধর্ষণের ক্ষেত্রে ১০ ভাগ রিপোর্ট থানায় এফ আই আর করা হয় না। এই অবস্থাতে বিরোধীপক্ষের থেকে পশ্চিমবঙ্গের অবস্থার কথা বলা হয়েছে, তাতে বলতে পারি যে পশ্চিমবঙ্গের অবস্থা অন্যান্য রাজ্যের তুলনায় অনেক ভাল। সেক্ষেত্রে যে কিছুটা অবনতি হয়েছে সেই ব্যাপারে আমাদের সরকার উদাসীন নয়। আজকে যে এখানের অবস্থা ভাল তা শিল্প মহল পর্যন্ত স্বীকার করেন। আর পশ্চিমবঙ্গে, মাফিয়া রাজের কথা যে বলেছেন, তাতে বলছি যে, অন্যান্য রাজ্য যথা মহারাষ্ট্রে দিল্লি রাজস্থান থেকে এখানে অনেক কম মাফিয়া রাজ। তাই আপনাদের আনীত এই অনাস্থা প্রস্তাবকে আমি সমর্থন জানাতে পারছি না। আপনাদের উপরে যখন পশ্চিমবাংলার সাধারণ মানুষ আস্থা রাখতে পারছেন না, আপনারা যতবার অনাস্থা প্রস্তাব আনছেন ততবার পশ্চিমবাংলার জনগণ আপনাদের প্রতি আস্থা হীনতা প্রকাশ করেছে, আপনাদের দূরে সরিয়ে দিয়েছে, তার জন্য আপনাদের রাগ করলে

দুঃখ করলে চলবে না। আপনাদের জনসাধারণের সাথে মিলে কাজ করতে হবে। অতীতে ৪৫ বছরে আপনারা দেশটাকে যেভাবে শাসন করেছেন, শোষণ করেছেন, তাতে শ্রমজীবি মানুষ আপনাদের পাশে কখনই দাঁড়াবে না। তাই এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করছি, ধন্যবাদ।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী অধীররঞ্জন চৌধুরী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আব্দুল মান্নান কর্তৃক আনীত বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব, সেই অনাস্থাপ্রস্তাবের সমর্থনে দু-একটি কথা বলতে চাই। স্যার, আজকে আমরা যখন অনাস্থা প্রস্তাব আনলাম তখন আমরা ময়দানে দেখলাম বাংলার ফুয়েরার পাশে বসে রয়েছেন, সেই ফুয়েরার সেনা নায়ক রোমেন। তাদের অনুপস্থিত দেখে আমার কাছে যেটা পরিস্কার তারা আমাদের বক্তব্য শুনতে চাইছেন না। স্যার, আমরা জানি মধ্যপ্রাচ্যে যখন ফুয়েরার নেতৃত্বে জার্মান বাহিনীর আক্রমণ চলছিল তখন সেনা নায়ক রোমেন সেই ফুয়েরার উপর আস্থা রাখতে না পেরে ফিরে এসেছিলেন রনাঙ্গন থেকে। তারপর ফুয়েরো তাঁকে নানান স্তোকবাক্য দিয়ে আবার ফেরত পাঠিয়েছিলেন। স্যার, আমরাও দেখছি, এই পশ্চিমবাংলার ফুয়েরার বিরুদ্ধে সেনা নায়ক রোমেন যিনি আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য তিনি একটা অভিযোগ তুলে বললেন পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার চোরেদের সরকার। চোরেদের ক্যাবিনেটে আমি থাকতে চাইনা। ১০ মাস পরে আবার তাঁকে নানারকম স্তোকবাক্য দিয়ে আনা হল, আমরা তাঁকে দেখলাম ফিরিয়ে আনা হল। বর্তমানে তিনি লাইন আপ অ্যাকচুয়াল কন্ট্রোল বলতে যা তা তিনি সামলাচ্ছেন। আমরা জানি, এই সরকারের উপর অনাস্থা সরকার পক্ষের লোকেরাও বারে বারে এনে থাকেন। সারা বছর ধরে আনেন। যদি প্রশ্নোত্তর পর্ব, জিরো আওয়ার, মেনশন আওয়ারকে ফলো করা হয় তাহলে আমাদের অনাস্থা প্রস্তাব আনার কারণটা সহজ হয়ে যায়। আমরা দেখেছি, এই সরকারের যিনি স্বাস্থ্যমন্ত্রী, যিনি বলছেন বামফ্রন্ট সরকার আরও ২০ বছর ক্ষমতায় থাকলেও পশ্চিমবাংলার স্বাস্থ্য বিভাগকে পুনরুজ্জীবিত করা যাবে না। আমরা দেখেছি, এই সরকারের বিরুদ্ধে অভিযোগ করে যে মামলা দায়ের করা হয়েছে কোর্টে, তখন তাকে সমর্থন করে নোট দিচ্ছেন আর একজন মন্ত্রী, বিদ্যুৎমন্ত্রী। আমরা দেখেছি, এই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে বলতে হয়, পশ্চিমবাংলার মন্ত্রীদের ওরিয়েনটেশন কোর্স চালু করতে হবে। আমরা দেখেছি সুভাষ চক্রবর্তীকে মন্ত্রীত্ব ছেড়ে দেওয়ার হুমকি দিতে। আমরা

দেখেছি পুরমন্ত্রী, সেচমন্ত্রীকে বলতে যে পশ্চিমবাংলার বামফ্রন্ট এবং তার যিনি অর্থমন্ত্রী তিনি আমাদের টাকা দেওয়ার কথা বললেও আনুষ্ঠানিকভাবে আমাদের সঙ্গে কখনও আলোচনা করেন, কিন্তু কোনও সিদ্ধান্ত নেওয়ার সময় আমাদের সঙ্গে কোনওরকম আলোচনা করেন না। তাই এই অনাস্থা আমরা শুধু আনছি না, এই অনাস্থা সরকারের পক্ষ থেকে তাদের বিহেভিয়ার এর প্রতি নিত্য নৈমিত্তিক কাজের মাধ্যমে আমরা দেখতে পাচ্ছি। আমি যে কথা বলতে চাই, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার পলিটিক্যালি, ideologically and in terms of administration, bankruptey is very much evident এটা স্যার পরিস্কার। তাই তো স্যার, গত বছর অনাস্থাপ্রস্তাব যখন এনেছিল কংগ্রেস, তখন এই সভায় থাকার সৌভাগ্য আমার হয়েছিল, সেদিন মুখ্যমন্ত্রীকে বলতে শুনেছিলাম কংগ্রেস একটা পচা গলা দলের নাম, কংগ্রেস একটা দুর্নীতিতে ভরা একটা দলের নাম। এক বছরের মধ্যে সেই মুখ্যমন্ত্রীকে দেখলাম নজরুল মঞ্চে দাঁড়িয়ে - যখন সারা পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষ বিপন্ন, বিপর্যস্ত, আকাশের নিচে তাদের বসবাস করতে হচ্ছে, তারা খেতে পাচ্ছে না—তাঁকে ঘোষণা করতে হচ্ছে, না কংগ্রেসের সঙ্গে হাতে হাত মিলিয়ে বি.জে.পি. সরকারের পতন ঘটাতে হবে। আমরা দেখলাম আমাদের মুখ্যমন্ত্রী সোনিয়া গান্ধীর আঁচল ধরে বিজেপি-র বিরুদ্ধে লড়াই করতে এগিয়ে আসছে, আর তার সঙ্গে আছে দিল্লির একজন ট্রান্সপোর্টের দালাল সর্দার হরকিষেণ সিং সুরজিত। তাই স্যার, স্বাভাবিকভাবেই প্রশ্ন জাগে আর কোনমুখে তারা কংগ্রেসের বিরোধিতা করতে চায়। স্যার, আমরা দেখলাম যে এই সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী, বন্ধের দিন তিনি বলছেন - তাকে যখন বলা হলো, এইভাবে বন্ধ করা যায়, সুপ্রিমকোর্ট, কেরল হাইকোর্ট, কলকাতা হাইকোর্ট রায় দিয়েছে - তখন তিনি বলছেন, কোর্ট তো কখনও বেকারির কথা বলেনা, কখনও দুর্ভিক্ষের কথা বলেনা, তাই কোর্টের কথা শোনার কোনও দরকার নেই। তখন আমার মনে পড়ল মহারাষ্ট্রের বাল থ্যাকারের কথা, যিনি প্রতি মুহূর্তে কোর্টকে এইভাবে অপমান করতে চায়। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে বলতে চাই, মনে রাখবেন পার্লামেন্টারি ডেমোক্রেসিতে বসে আপনি রাজনীতি করছেন, ইউ শুড follow the basic tenet of parliamentary Democracy you cannot surmount Lakshmana Rekha of the Democracy। ডেমোক্রেসিতে লক্ষ্মণ রেখা আপনি অতিক্রম করতে পারেননা। স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে যদি কোর্টের অর্ডারকে তিনি এইভাবে অবহেলা করেন তাহলে এই সরকারের প্রতি সাধারণ মানুষের অনাস্থা প্রস্তাব আসবে, এটা খুবই স্বাভাবিক।

স্যার, আজকে আমরা দেখতে পাচ্ছি প্রত্যেকদিন পশ্চিমবঙ্গের এই সীমানা পার হয়ে হাজার হাজার টন নিত্যপ্রয়োজনীয় জিনিস পশ্চিমবঙ্গ থেকে বাংলাদেশে চলে যাচ্ছে। এটা দেখার দায়িত্ব কার? আজকে ত্রিপুরা সরকার বাংলাদেশের সঙ্গে কথাবার্তা বলে লিগাল ট্রেড করার চেষ্টা করছে, তার ফলে তাদের কিছু রেভিনিউ আর্নিং হবে। আমরাও চাই বাংলাদেশের সরকারের সঙ্গে আলোচনা করে ফর্মাল ট্রেডের ব্যবস্থা করা হোক। প্রত্যেকদিন যাতে হাজার হাজার টন খাদ্যদ্রব্য, নিত্যপ্রয়োজনীয় জিনিস বাংলাদেশে না চলে যায়। বাংলাদেশি অনুপ্রবেশ এই মুহূর্তে পশ্চিমবাংলায় এক বিশাল সমস্যা সৃষ্টি করেছে। ফলে এই রাজ্য সরকারের এক্সচেকার থেকে শুধু এক হাজার কোটি টাকা খরচ হচ্ছে এই সমস্ত অনুপ্রবেশকারিদের সামলাতে। এই ব্যাপারে আমরা সরকারের দৃঢ় পদক্ষেপ আশা করেছিলাম। কিন্তু তারা শুধুমাত্র ভোট ব্যাঙ্ক সুরক্ষিত করার জন্য বছরের পর বছর ধরে এই অনুপ্রবেশকে সহায়তা করে আসছে। তাই আজকে আমরা দেখতে পাচ্ছি এই অনুপ্রবেশের পথ ধরে ধরে পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আই.এস.আই. পশ্চিমবঙ্গে আস্তানা গেড়েছে, We are all equals as far as representation of people is concerned. But however. somebody may be more equal than ours as far as holding of administrative power is concerned. পশ্চিমবঙ্গ এখন বারুদের স্তুপের উপরে দাঁড়িয়ে আছে। তার প্রমাণ কিন্তু আমরা পেয়েছিলাম অনেকদিন আগেই রশিদ খানের ঘটনার মধ্যে দিয়ে। লালবাজারের অনতিদুরে রশিদ খানের ডেরায় যেদিন হাজার হাজার কেজি বোমার মশলার বিস্ফোরন হয়েছিল, সেদিনই আমরা বলেছিলাম মর্নিং ইজ দি হারবিনজার অব দি ডে, সকাল থেকেই গোটা দিন কেমন যাবে সেটা বোঝা যায়, সেদিন আমাদের কথা আপনারা শোনেননি। আমরা দেখলাম তার রেশ ধরেই আজকে পশ্চিমবাংলা সন্ত্রাসবাদীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। ওয়েস্ট বেঙ্গল ইজ দি সেফ হেভেন অব টেরোরিস্ট। আজকে পশ্চিমবাংলায় আন্তর্জাতিক মাফিয়ারা, সন্ত্রাসবাদিরা নিশ্চিন্তে বিচরণ করছেন। আজকে এই ব্যর্থতা কার? তাই আপনাকে আমি একটা গল্প বলতে চাই। এই ব্যর্থতার দায়িত্ব কার? আমি শুধু একটা গল্প বলতে চাই এখানে মাননীয় সদস্যদের কাছে। চিনের একজন শিক্ষাগুরু ছিলেন - নাম তাঁর 'মেনসিয়াস'। একদিন তিনি রাজা 'সোয়ানচি'কে জিজ্ঞেস করলেন, - রাজা, আপনার রাজ্যে যদি কোনও একজন তার পরিবারের লোকজনকে আর একজনের বাড়িতে জমা রেখে কোথাও যায় এবং ফিরে এসে যদি সে দেখে তার পরিবারের লোকেদের সেই ব্যক্তি অর্ধভুক্ত রেখে,

শীতের রাতে শীতবস্ত্র না দিয়ে মৃতপ্রায় করে রেখেছে, তাহলে আপনি সেই ব্যক্তিকে কি করবেন? রাজা তখন বললেন, তাকে তাড়িয়ে দেব। মেনসিয়াস তখন বললেন, এইজন্য তো একজন শক্ত সমর্থ প্রশাসক দরকার, সে যদি তা না হয়? রাজা বললেন, তাকেও তাড়িয়ে দেব। মেনসিয়াস তখন বললেন, এর জন্য তো একটি সবল সরকার দরকার, এটা না থাকলে কি করবেন? Then the king nodded his head to the left and to the right and spoke all others. আমরা জানি, এর পরেও নানারকম কথা বলে আপনারা বিভ্রান্ত করবেন। তাই এই অনাস্থা প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় সভাপতি মহাশয়, বিরোধী পক্ষের আনীত এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। এই অনাস্থা প্রস্তাব এনে এটাই বলতে চেয়েছেন যে, এখানে ২১ বছরে কিছুই হয়নি ভূমি সংস্কার, রাস্তাঘাটের হাল, খাদ্য উৎপাদন, পঞ্চায়েত ব্যবস্থা, স্বাস্থ্য পরিষেবা, ইত্যাদি কথা বলেছেন। ভূমি সংস্কার যদি না হোত, তাহলে গ্রামবাংলার মানুষের এই স্বচ্ছলতা আসত না। এর ফলে গ্রামবাংলার প্রভূত উন্নতি হয়েছে। গ্রামে গ্রামে আজ মোরামের রাস্তা হয়েছে, মানুষ স্বচ্ছন্দে যাতায়াত করতে পারছে, যানবাহনও চলছে। আর, বড় বড় রাস্তার অনেকগুলোই সেন্ট্রাল গভর্নমেন্টের সহায়তার উপর নির্ভর করে। তাদের টাকা না পাওয়াতে অনেক ক্ষেত্রে ঠিক রাখা যায় না। খাদ্য উৎপাদন, মৎস্য উৎপাদন, বনসৃজন-এসব ক্ষেত্রে আমাদের রাজ্য অন্যান্য অনেক রাজ্যের তুলনায় অগ্রণী। বর্তমানে আলু, পিঁয়াজ, তেলের দামের যে সমস্যা হয়েছে, তার জন্য কেন্দ্রীয় সরকার যথেষ্ট দায়ী। ঠিক সময়ে যদি হোর্ডিং করা যেত, তাহলে এটা হয়ত হোত না। শিক্ষাক্ষেত্রে এখানে তিন-চারজন মন্ত্রী রাখা হয়েছে। কারণ, শিক্ষা ব্যবস্থা এখানে এতই প্রসার লাভ করেছে যে, আমাদের বিকেন্দ্রীকরণ নীতি নিয়ে বিভিন্ন বিভাগে বিভিন্ন মন্ত্রী রাখতে হয়েছে। এটা না করলে অসুবিধা হোত। ত্রি-স্তর পঞ্চায়েত ব্যবস্থা সুষ্ঠুভাবে না চললে আজকে গ্রামগঞ্জের পরিবেশ এত ভালো হোত না। স্বাস্থ্য পরিষেবার যথেষ্ট উন্নতি ঘটেছে। প্রত্যেক গ্রামে একজন করে স্বাস্থ্য কর্মী নিয়োগ হয়েছে। শিশুদের পোলিও ভ্যাকসিন দেওয়া হচ্ছে, ল্যাপ্রোসির চিকিৎসা হচ্ছে। এটা নিঃসন্দেহে বলা যেতে পারে, বিভিন্ন ক্ষেত্রে আমরা যথেষ্ট এগিয়ে গেছি। কিছু রাজনৈতিক দল - কংগ্রেস, বি.জে.পি., তৃণমূল কংগ্রেস, এদের জন্য

কিছু গোলমাল হচ্ছে, ল অ্যান্ড অর্ডার খারাপ হচ্ছে। তারা যদি সহযোগিতা করেন, তাহলে এই অবস্থার উন্নতি ঘটতে পারে। সবশেষে এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় সভাপতি, আজকে কংগ্রেস সরকারের বিরুদ্ধে যে অনাস্থা এনেছে, তার উপর আমি অনাস্থা এনে আমার বক্তব্য শুরু করছি। এই ২৩ বছরে বামফ্রন্ট সরকারের শাসনের সাফল্য এরা খুঁজে পাচ্ছে না। এরা সমস্ত ক্ষেত্রেই বামফ্রন্ট সরকারের ব্যর্থতা দেখছেন। আমি মনে করি যে, আমাদের পশ্চিমবঙ্গ সরকার সারা ভারত শুধু নয়, সারা বিশ্বে এক অন্যতম নজির সৃষ্টি করেছেন। পশ্চিমবঙ্গ সরকারকে এক মর্যাদার আসনে বসিয়েছে। সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে আইন শৃঙ্খলার যে অবনতি ঘটেছে, তার থেকে অনেক অবস্থার উন্নতি ঘটেছে। তারা কাশীপুরে বরানগরে কি করেছিলেন? দিনের বেলায় সমস্ত মানুষকে হত্যা করে তাদের গঙ্গার জলে ভাসিয়ে দিয়েছিলেন। আজ এখানে আইন শৃঙ্খলার অনেক উন্নতি ঘটেছে। এই পশ্চিমবঙ্গ সরকার বিশ্বের দরবারে নানাভাবে নিজেদের মান উঁচু করার চেষ্টা করেছেন। আমরা দেখি যে, মাদার টেরিজার শেষ কৃত্য সম্পন্ন হয়েছিল, সেখানে পৃথিবীর বহু দেশের মানুষ এসে উপস্থিত হয়েছিলেন। তাদের নিরাপত্তা দিয়ে আমাদের ভারতের মান উন্নত করার চেষ্টা করেছেন। আজ মানুষ পুলিশের ততপরতায় কলকাতার বুকে শান্তিতে দুর্গাপূজা দেখতে পায়। স্বাস্থ্যক্ষেত্রে আমরা দেখছি যে, সুষ্ঠভাবে যাতে স্বাস্থ্য পরিষেবা পরিচালিত হয়, তার জন্য বিশেষভাবে শিশু স্বাস্থ্য রক্ষা করার জন্য পালস্ পোলিও দেওয়ার ব্যবস্থা করেছেন এবং সুষ্ঠভাবে নিষ্পন্ন করেছে। এই কয়েকটি কথা বলে পশ্চিমবঙ্গ সরকারের উপর পুরো আস্থা রেখে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 p.m.(Including House adjourned)]

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় সভাপাল মহাশয়, বিরোধী কংগ্রেস যে অনাস্থা প্রস্তাব এনেছে তার বিরোধিতা করে, সরকার পক্ষকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আমি যেটা বলতে চাইছি সেটা হচ্ছে যে কংগ্রেসকে আমরা জানি। ২৩ বছরে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের সাফল্য যখন ভারতবর্ষব্যাপী একটা প্রশংসা পাচ্ছে তখন শুধু বিরোধিতা করার জন্য আজকে এই অনাস্থা আনা হয়েছে। আমি কংগ্রেসী বন্ধুদের স্মরণ করিয়ে দিচ্ছি যে কংগ্রেস শাসিত রাজ্য এবং কেন্দ্র শাসিত অঞ্চল থেকে পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলা ভাল। পশ্চিমবঙ্গের মানুষ নাগরিক অধিকার

পেয়ে থাকে। আজকে আব্দুল মান্নান সাহেব তাঁর বক্তব্যের মধ্যে বলে গেলেন যে বিগত ২৩ বছরে পশ্চিমবাংলায় নাকি কোনও রাস্তাঘাট হয়নি, কোনও ভূমিসংস্কার হয়নি। কিন্তু আমি বলব যে পশ্চিমবাংলায় ভূমিসংস্কারের মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় বেকারত্ব দূর করার চেষ্টা করা হয়েছে। আজকে কোথা থেকে তিনি বললেন যে ৫৮ হাজার বেকার নথিভুক্ত হয়েছে। স্যার, এই সভায় আমি দায়িত্ব নিয়ে বলছি, আমি একজন কর্মবিনিয়োগ কেন্দ্রের সদস্য। আমরা খোঁজখবর নিয়ে দেখেছি যারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাচ্ছে তাদের কিছু না কিছু হচ্ছে এটাই ভূমিসংস্কার এর সাফল্য। আজকে শুধু সরকারি চাকরি পাচ্ছে না বলে বেকারত্ব দেখাচ্ছে। আজকে পঞ্চায়েতের মাধ্যমে যুবকদের স্বীকৃতি দেওয়ার চেষ্টা করা হচ্ছে। আজকে পঞ্চায়েতের টাকা এলে সেখানকার জনপ্রতিনিধি কংগ্রেস হোক, তৃণমূল হোক তাদের নিয়ে একটা তদারকি কমিটি করা হয়েছে। উন্নয়নের জন্য কত টাকা সেখানে বলা হয়। বলা হয় উন্নয়নের কাজ হবে। মাঝে মাঝেই হিসাব নিকাশ হয়। আজকে পঞ্চায়েত এর টাকা মারার প্রশ্ন উঠছে। স্যার, আমরা ২৩ বছর ধরে নাকি কিছুই করতে পারি নি। আজকে এইভাবে ওঁরা মানুষকে বলছে। আজকে আপনারা রাস্তাঘাটের কথা বলেছেন। পঞ্চায়েত আর জেলাপরিষদের উদ্যোগে আজকে যেখানে সাদা ধূলোর রাস্তা ছিল সেখানে লাল মোরাম করা হয়েছে। মোরাম থেকে কালো রাস্তা তৈরি করা হচ্ছে। গ্রামের যেখানে গাড়ি ঢুকত না, বাস ঢুকত না সেখানে গাড়ি ঢুকছে। এটা কি বামফ্রন্ট সরকারের সাফল্য নয়? আজকে এইভাবে বিভিন্নভাবে হেকল করা হচ্ছে। আমরা দায়িত্ব নিয়ে বলছি যে পশ্চিমবাংলায় ২৩ বছরে সীমিত ক্ষমতার মধ্যে থেকেও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার অনেক সাফল্যমন্ডিত। আজকে আমরা দেখেছি যে সমাজের যারা পিছিয়ে পড়া মানুষ তাদের জন্য একটা রিলিফের ব্যবস্থা করা হয়েছে। আজকে চিকিৎসার জন্য স্বাস্থ্যমন্ত্রীও চেষ্টা করছেন। বিনা পয়সাতে চিকিৎসার জন্য এম.এল.এদেরও সই দিতে হয়। এটাও তো সরকারের সাফল্য। আজকে বন্যাত্রাণ, নদীর ভাঙন এইসব ক্ষেত্রে সরকারি উদ্যোগে সে জেলাপরিষদ হোক, পঞ্চায়েত হোক এর মাধ্যমে বন্যা প্রতিরোধ করার চেষ্টা করা হচ্ছে। এখানে বিরোধীরা যেভাবে সরকারের বিরোধিতা করছে তা সমর্থন করা যায় না। সরকার পক্ষের বিরোধিতা করে তাঁরা যে অনাস্থা এনেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage, the House was adjourned till 5-30 p.m.)

(After recess)

[5-30 — 5-40 p.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, কংগ্রেস পরিসদীয় দলের চিফ হুইপ আব্দুল মান্নান আজকে সর্বক্ষেত্রে ব্যর্থ, হঠকারি এই বামফ্রন্টের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব এনেছেন আমি সেই অনাস্থা প্রস্তাবের পক্ষে আমার বক্তব্য পেশ করছি। স্যার, নোবেল লরেটো ডঃ অমর্ত্য সেন কয়েকদিন আগে যখন তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল যে পশ্চিমবাংলার উন্নয়ন সম্পর্কে তাঁর মতামত কি? তিনি বলেছিলেন যে পশ্চিমবাংলার শিক্ষা এবং স্বাস্থ্য ক্ষেত্রে যে অবনমন ঘটেছে তার ফলেই পশ্চিমবাংলার সামাজিক জীবন আজ বিপর্যস্ত হয়েছে। পৃথিবীর যে কোনও অর্থনীতিবিদ একটা দেশের স্বাস্থ্য ভালো হচ্ছে কিনা, সেই দেশ এগোচ্ছে, কি পিছিয়ে যাচ্ছে তার বিচার করেন সেই দেশের শিক্ষা ও স্বাস্থ্য পিছিয়ে যাচ্ছে, না এগিয়ে যাচ্ছে তার উপর নির্ভর করে। স্যার, আমি আমার বক্তব্য দুটি বিষয়ের উপর সীমাবদ্ধ রাখব। সকাল থেকে আমাদের বিভিন্ন বক্তা বিভিন্নভাবে সরকারের এই ব্যর্থতা, সর্বক্ষেত্রে বাংলাকে পিছিয়ে দেওয়ার যে প্রবণতা তার একটার পর একটা দৃষ্টান্ত আপনার মাধ্যমে এই সভায় নজরে এনেছেন। আপনারা শিক্ষাকে কোথায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন? ১৯৮৭-৮৮ সালে পশ্চিমবাংলার প্রাথমিক স্কুল ছিল ৫১ হাজার ৩টি। আমি আর্থিক সমীক্ষা মানে রাজ্যের ইকনমিক রিভিউ বই থেকে বলছি, এটা আমাদের কোনও দলীয় পুস্তক নয়, এটা দলীয় প্রচারপত্র নয়। ১৯৯৬-৯৭ সালে পশ্চিমবঙ্গে প্রাথমিক স্কুলের সংখ্যা ৫১ হাজার ২১টি। অর্থাৎ কিনা প্রায় ১৪ বছর সরকার চলাবার পর পশ্চিমবাংলার প্রাথমিক স্কুলের সংখ্যা বাড়লো ১৮টি। যেখানে সরকারের ৬ জন শিক্ষামন্ত্রী আছেন। সেই বামফ্রন্ট সরকারের পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একটা বিপ্লব এনেছেন তার একটা পরাকাষ্ঠা গতকাল হাউসে দেখলাম। এই সরকার পশ্চিমবাংলায় প্রাথমিক স্তর থেকে ইংরাজিকে কেড়ে নিয়েছিলেন, পশ্চিমবাংলার ছাত্রছাত্রীদের দাবির কাছে মাথা নত করে গতকাল মাননীয় প্রাথমিক শিক্ষামন্ত্রী তিনি পুনরায় প্রাথমিক স্তরে ইংরাজি চালু করতে বাধ্য হলেন। ১৯৮৬-৮৭ সালে প্রাথমিক স্কুলের সংখ্যা যেখানে দাঁড়িয়েছিল ১৯৯৬-৯৭ সালেও সেখানেই দাঁড়িয়ে আছে। ১৯৮০-৮১ সালে জুনিয়র হাইস্কুলের সংখ্যা হচ্ছে ৩ হাজার ৬৯৬টি। ১৯৯৬-৯৭ সালে জুনিয়র হাইস্কুলের সংখ্যা ২ হাজার ৭৭৯টি। একটা ডেভেলপিং রাষ্ট্রে সেখানে শিক্ষার প্রসার ঘটানো হয় জনসংখ্যা যে হারে

বাড়ছে তার সাথে পাল্লা দিয়ে, কিন্তু এখানে তা না হয়ে আমরা দেখলাম ১৯৮০ সালে ৩ হাজার ৬৯৬টি জুনিয়র হাইস্কুল ছিল এখন সেই সংখ্যাটা ১৯৯৬-৯৭ সালে ২ হাজার ৭৭৯টি।

মাননীয় চেয়ারম্যান স্যার, এর মাধ্যমে কি প্রমাণিত হচ্ছে? পশ্চিমবাংলায় শিক্ষা এগোচ্ছে না পেছোচ্ছে? পশ্চিমবাংলার যারা ভাবী কারিগর, পশ্চিমবাংলার যারা ভবিষ্যৎ নাগরিক, যারা বিশ্বের দরবারে দেশকে, জাতীকে এগিয়ে নিয়ে যাবে তাদের শিক্ষার পরিকাঠামোকে আজকে ভেঙ্গে চুরমার করে দেওয়া হয়েছে, হচ্ছে। শুধু তাই নয় আজকে পশ্চিমবাংলার সরকারি প্রাইমারি স্কুল থেকে ইংরাজি তুলে দেওয়ার ফলে যত্রতত্র ব্যাঙের ছাতার মতো ইংরাজি মিডিয়াম স্কুল তৈরি হয়েছে এবং এর ফলে আজকে সমাজে বৈষম্যকে বাড়িয়ে দেওয়া হয়েছে, দ্বিবিধ শিক্ষা ব্যবস্থা চালু করা হয়েছে। অবস্থাটা এমন দাঁড়িয়েছে যে, যার বাবার টাকার জোর আছে, অর্থানুকূল্য আছে তাঁদের ছেলে-মেয়েরা আগমীদিনে জজ, ম্যাজিস্ট্রেট, ব্যারিস্টার হবে। আর যাদের অর্থানুকূল্য নেই, যারা ছেলে-মেয়ের পেছনে পয়সা খরচ করতে পারবে না, সেইসব অভিভাবকদের ছেলে-মেয়েকে রাজ্য সরকারের প্রাইমারি স্কুলে পড়তে হবে বাধ্য হয়ে। সেখানে তাদের মুখ থেকে ইংরাজি কেড়ে নেওয়া হচ্ছিল। অনেকদিন আগেই সেখানে ইংরাজি পুনঃপ্রবর্তন করা উচিত ছিল। মাননীয় পবিত্র সরকারকে মাঝখানে রেখে এক বছর টালবাহানা করে দেওয়া হল। এই শিক্ষাবর্ষ থেকে যদি প্রাইমারি স্কুলে তাঁরা ইংরাজি পুনঃপ্রবর্তন করতেন তাহলে অন্তত একটা শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীরা ইংরাজিটা ক্লাস ওয়ান থেকে পড়তে পারত। শুধু তাই নয়, আজকে এমন একজন মানুষের উপর প্রাইমারি স্কুলে ইংরাজি ফিরিয়ে আনা হবে কি হবেনা তা নির্ধারণ করার দায়িত্ব দিলেন যিনি ব্যক্তিগতভাবে প্রাথমিকস্তরে ইংরাজি পড়াবার বিপক্ষে। আপনারা খুঁজে খুঁজে পশ্চিমবাংলায় এমন একজন মানুষকে বার করলেন যিনি ব্যক্তিগতভাবে, রাজনৈতিক দর্শনের দিক থেকে মনে করেন, প্রাইমারি স্কুলে ইংরাজি শিক্ষা দেবার দরকার নেই। এইরকম একজনকে রেখে 'ওয়ান ম্যান কমিশন' করে রাজ্য সরকার আজকে চেষ্টা করলেন আবার পশ্চিমবাংলার ছাত্র-সমাজকে বিপথে চালিত করতে। এখনও তাঁরা ঠিক করে উঠতে পারেন নি এটা ক্লাস টু থেকে না ক্লাস থ্রি থেকে শুরু করবেন। মাননীয় মুখ্যমন্ত্রী কালকে বলেছেন, 'ক্লাস টু থেকে গল্প করবেন, ইংরাজি অক্ষরের সম্বন্ধে আলোচনা করবেন, কিন্তু ক্লাস থ্রি থেকে তিনি সিলেবাস তৈরি করবেন, ক্লাস থ্রি থেকে পড়ানো হবে। অর্থাৎ প্রাথমিকস্তরের গোড়া থেকে, ক্লাস ওয়ান থেকে ইংরাজি

শিক্ষার যে ব্যবস্থা ছিল, যে বীজ এক্ষেত্রে বপন করা হয়েছিল, যে ইনফ্রাস্ট্রাকচার তৈরি করা হয়েছিল সেখান থেকে সরে এসে আজকে সরকার আরেকটা ভাওতা দিয়ে পশ্চিমবাংলার ছাত্র এবং শিক্ষক সমাজকে অন্ধকারে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। এ তো গেল শিক্ষার ব্যাপার।

স্বাস্থ্যে পশ্চিমবাংলার হাল কোথায়? নোবেল লরেট ঠিকই বলেছেন যে, 'স্বাস্থ্যের অবস্থা আজকে ভেবে দেখা দরকার।' মাননীয় চেয়ারম্যান মহোদয়, ১৯৮০-৯০ সনে পশ্চিমবাংলায় হাসপাতালের সংখ্যা ছিল ৪১০টা। ১৯৯৭ সালে পশ্চিমবাংলায় হাসপাতালের সংখ্যা হওয়া উচিত ছিল ৫০০, হাসপাতালের সংখ্যা হওয়া উচিত ছিল ৬০০। কিন্তু তা না হয়ে পশ্চিমবঙ্গে হাসপাতালের সংখ্যা হয়ে গেল ৪০৪টা। পশ্চিমবাংলায় সরকারী হাসপাতালের সংখ্যা দিন দিন কমে যাচ্ছে। পশ্চিমবাংলায় দিন দিন জনসংখ্যা বাড়ছে, দারিদ্রসীমার নিচে লোক ক্রমাগত নেমে যাচ্ছে। আপনারা যখন দায়িত্ব গ্রহণ করেছিলেন দারিদ্রসীমার নিচে ছিল ৫০.৭৫ শতাংশ মানুষ। আর, আজকে ৭০ শতাংশ মানুষ দারিদ্রসীমার নিচে চলে গেছে। আর সেখানে পশ্চিমবাংলার সরকারী হাসপাতাল ১৯৯০ সালে যেখানে ছিল ৪১০টা তা ১৯৯৭ সালে এসে দাঁড়িয়েছে ৪০৪ টাতে। ক্লিনিক পশ্চিমবঙ্গে ১৯৯০ সালে ১,১৭৭টা এবং ১৯৯৬ সালে ১,৩৫২টা মেডিকেল ক্লিনিক ছিল। অর্থাৎ কিনা গত ২০ বছরে ২০০টা মতো ক্লিনিক এই সরকার বাড়াতে পেরেছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, ডিসপেনসারির সংখ্যা ছিল ৫৫১টা, এখনও তাই আছে। সরকারি ডিসপেনসারি বাড়ানো হল না। সরকারী ক্লিনিক অর্থাৎ ক্লিনিকে শয্যা সংখ্যার অবস্থাটা কি? না, ১৯৯০-এ যেখানে ক্লিনিকের সংখ্যা ছিল ১২১টা, ১৯৯৭ সালে যেখানে রাজ্য সরকারের পরিচালনায় ক্লিনিকের সংখ্যা ১২১টাই রইল। পশ্চিমবাংলায় জনসংখ্যা বাড়লো, দারিদ্রসীমার নিচে লোক নেমে গেল, পশ্চিমবাংলার দরিদ্র মানুষ যখন চিকিৎসার জন্য সরকারী হাসপাতালে যাবে তখন সেখানে গিয়ে ১৯৮০-৯০ সনে হাসপাতালের যে অবস্থা ছিল ১৯৯৭ সনে, ১৭ বছর পার হয়ে যাওয়ার পরও পশ্চিমবাংলায় ক্লিনিকের সংখ্যা বাড়ানো হল না। এখানে হেলথ সেন্টারের কি অবস্থা? মাননীয় চেয়ারম্যান মহোদয়, ১৯৯৩ সালে যেখানে হেলথ সেন্টারের সংখ্যা ছিল ১২,১৯০টা সেখানে আজকে হেলথ সেন্টারের সংখ্যা কত? ১২,১৯০টা। হেলথ সেন্টার বাড়ল না। মাননীয় চেয়ারম্যান স্যার, যেখানে শয্যা সংখ্যা ছিল ১৯৮০ সালে ৬৫ হাজার সেখানে এখন শয্যা সংখ্যা বাড়ানো হয়েছে ৬৯ হাজার। অর্থাৎ ১৯৮০-৯৭, ১৭ বছরে মোটে ২।৩ হাজার শয্যা পশ্চিমবাংলার হাসপাতালগুলো

আপনারা যুক্ত করতে পেরেছেন। পশ্চিমবঙ্গের হাসপাতালগুলোর আজ কি অবস্থা দাঁড়িয়েছে! এখানে হাসপাতালে গেলে টিংচার-আয়োডিন পকেটে করে নিয়ে যেতে হবে, ব্যান্ডেজ পকেটে করে নিয়ে যেতে হবে। হাসপাতালে বেড পাওয়া যায় না। সেখানে সামান্য ১০ পয়সার ট্যাবলেট নন্-সাপ্লাই বলে প্রেসক্রিপশনে লিখে দেওয়া হয়। এছাড়া শিক্ষায় আমরা পিছিয়ে গেলাম, প্রাথমিক স্কুল বাড়ল না, জুনিয়র হাইস্কুল কমে গেল, শিক্ষক নেই। পলি-ক্লিনিকের সংখ্যা কমে গেছে, হাসপাতালে ডিস্পেন্সারির সংখ্যা কমে গেছে, হাসপাতালে বেডের সংখ্যা কমে গেছে। মানুষ দারিদ্রসীমার নিচে নেমে গেছে। কোনও ক্ষেত্রেই এই সরকারের কোনও সার্থকতার নজির দেখতে পাচ্ছি না। আজ আমাদের দলের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে এই অনাস্থা প্রস্তাব শুধু আমাদের দলেরই নয়, বিধানসভার কয়েকজন সদস্যের নয়। এটা এই সরকারের দুর্নীতি, এই সরকারের ব্যর্থতা, এই সরকারের অব্যবস্থার বিরুদ্ধে গোটা পশ্চিমবঙ্গের সাড়ে সাত কোটি মানুষের এই অনাস্থা প্রস্তাব। আজ সরকারের এই দুর্নীতি, এই ব্যর্থতার হাত থেকে নিষ্কৃতি পেতে পশ্চিমবঙ্গের মানুষ এই অনাস্থাকে বিশ্বাস করেন। সুতরাং আশা করি আজকে আমাদের দলের পক্ষ থেকে আনীত এই অনাস্থা প্রস্তাবকে সকলেই সমর্থন করবেন।

[5-40 — 5-50 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** বিধানসভায় কংগ্রেস দলের পক্ষ থেকে যে অনাস্থা প্রস্তাব নেওয়া হয়েছে, আমার দলের পক্ষ থেকে সেই অনাস্থা প্রস্তাবকে, আজকে যেটা এই বিধানসভায় উঠেছে—আমরা বিরোধীরা কয়েক বছর ধরে এর বিরুদ্ধে এই সরকারের বিরুদ্ধে অনাস্থা জানিয়ে আসছিলাম এবং এই সভার বাইরেও আমরা অনাস্থা জানিয়ে আসছি। একটা নীতিহীন, দুর্নীতিগ্রস্থ এবং প্রশাসনে ব্যর্থ এই সরকারের বিরুদ্ধে আমাদের অনাস্থা বরাবরই ছিল। আজকে এই সরকারকে নীতিহীন বলছি এই কারণে যে, এই সরকার চালাচ্ছেন জ্যোতিবাবু ও তাঁর দল। ১৯৮৯ সালে বাজপেয়ির হাত ধরে রাজীব গান্ধীর বিরুদ্ধে লড়াই করার জন্য শহীদ মিনার ময়দানে জ্যোতিবাবুকে আমরা সভা করতে দেখেছি। সেজন্য এই সরকারের নীতির বালাই ছিল না। আবার কিছুদিন আগে দেখেছি জ্যোতিবাবু দিল্লির আনাচে-কানাচে ঘুরে বেড়াচ্ছেন আর বলছেন, 'দেহি পদপল্লব মুদারম'। তিনি ভাবছেন যে, সোনিয়া গান্ধীর যদি কৃপা হয় তাহলে সরকারে যেতে পারব। এই নীতিহীন সরকারকে সমর্থন করে কি হবে? আজ এই সরকারের বিরুদ্ধে মানুষ কেন অনাস্থা জানাচ্ছে?

কারণ এই সরকারের স্বাস্থ্যের অবস্থা, শিক্ষার অবস্থা, শিল্পের অবস্থা অত্যন্ত খারাপ। আজকে এই হাউসে সি.পি.এম. নেত্রী নন্দরাণী দল, বুদ্ধদেব বাবুর বিরুদ্ধে অনাস্থা জানালেন। তিনি বললেন পুলিশ কিছু করছেন না, পুলিশ প্রকৃত খুনিদের গ্রেপ্তার করছেন না। নন্দরাণী দল এভাবেই বুদ্ধদেববাবুর বিরুদ্ধে অনাস্থা জানিয়েছেন, এটা বুদ্ধদেববাবুর জানা উচিত। আজকে পশ্চিমবঙ্গের শিক্ষা, স্বাস্থ্যের অবস্থাই যে শুধু খারাপ তাই নয়, আজকে জিনিসপত্রের দাম লাফিয়ে লাফিয়ে বাড়ছে। কিন্তু সরকার কোনও ব্যবস্থাই নিতে পারছেন না। এব্যাপারে কিছু বললেই তাঁরা বলবেন গ্লোবাল ইকোনমির জন্য দাম বাড়ছে। আমি জিজ্ঞাসা করতে চাই এই গ্লোবাল ইকোনমি তো সব রাজ্যেই আছে। কিন্তু আপনারা ১১ মাস সরকারে ছিলেন তখন তো কিছু করতে পারেন নি। যখন কেন্দ্রে দেবগৌড়া সরকার ছিল, আই.কে.গুজরালের সরকার ছিল তখন তো পশ্চিমবঙ্গের সি.পি.এমের কোনও সাংসদ, সংসদের ফ্লোরে দাড়িয়ে বীমা বিলের বিরুদ্ধে কিছু আলোচনা করেন নি। গ্লোবাল অর্থনীতির বিরুদ্ধে কিছু বলেন নি। এগুলোকে আমরা বলি পলিটিক্যাল হিপোক্রেসি বা রাজনৈতিক ভন্ডামি। তখন কেন্দ্রে আপনাদের সরকার চলছিল তখন আপনাদের এম.পি.রা পার্লামেন্টে একটা কথাও বললেননা। আর আজকে এখানে দাঁড়িয়ে পায়ের ওপর পা দিয়ে লাফিয়ে লাফিয়ে আন্তর্জাতিক অর্থনীতির কথা, জাতীয় অর্থনীতির কথা বলছেন। অথচ এ রাজ্যে জিনিসের দাম বাড়ছে, বিদ্যুতের দাম বাড়ছে। আপনাদেরই বদান্যতায় বিদ্যুতের দাম বাড়ছে এবং তার বিরুদ্ধেই মানুষ অনাস্থা জানাচ্ছে। আপনারাই বলুন এই সরকার ক্ষমতায় আসার পর থেকে আজ পর্যন্ত এ রাজ্যের সরকারি হাসপাতালগুলোয় কতবার বেড চার্জ বেড়েছে? জিনিসের দাম বাড়ছে, হাসপাতালে বেড চার্জ বাড়ছে, বিদ্যুতের দাম বাড়ছে, সরকারের কোনও নিয়ন্ত্রণ নেই। আজকে এ রাজ্যে দুর্নীতি কোথায় চলে গেছে! এ বিষয়ে আমি আমার বক্তব্যকে পি.এল. অ্যাকাউন্টের মধ্যে সীমাবদ্ধ রাখব। সি.এ.জি. একটা বই প্রকাশ করেছে, তাতে তারা কি বলছে?' হোয়াট দি রিপোর্ট অব দি ক্যাগ সে?' এই নামে বইটা বেরিয়েছে। তাতে কি বলছে? তাতে পরিস্কার বলেছে, এই রাজ্যের সরকার, পঞ্চায়েত সমিতিগুলি, জেলা পরিষদগুলি চূড়ান্ত দুর্নীতি করছে। একসময় আপনারাই রাস্তায় নেমে বিভিন্ন বিষয় নিয়ে চিৎকার করেছিলেন, সি.এ.জি.-র রিপোর্ট নিয়ে চিৎকার করেছিলেন। আজকে সেই সি.এ.জি.র রিপোর্টই বলছে — পশ্চিমবাংলায় আর্থিক দুর্নীতি একটা চূড়ান্ত জায়গায় চলে গেছে, এ ক্ষেত্রে কোনও নিয়ন্ত্রণ নেই। যারা মাঠে-ঘাটে কাজ করছে, যারা বেনিফিসিয়ারি তারা কোনও সুযোগ সুবিধা পাচ্ছেনা,

ঠিকাদাররা সমস্ত টাকা মারছে। এমন কি যে সমস্ত টাকা নির্দিষ্ট করে দেওয়া আছে গরিব মানুষের স্বার্থে খরচ করার জন্য সেই টাকাও অন্যায়ভাবে ঠিকাদারদের দিয়ে দিচ্ছেন। কোনও ক্ষেত্রেই কোনওরকম নিষেধাজ্ঞা মানা হচ্ছেনা। সি.এ.জি. হিসাব দিয়ে পরিষ্কারভাবে এসব বলে দিয়েছে। বিধানসভার নজরদারি এড়িয়ে বাজেটের টাকা পি.এল. অ্যাকাউন্টের মাধ্যমে ব্যবহার করা হচ্ছে। ভাউচার ছাড়াই টাকা তোলা হচ্ছে।. এই সমস্ত কিছু সম্পর্কে সি.এ.জি. পরিষ্কার করে রিপোর্ট দিয়েছে। এই সমস্ত কথা জানাবার সাথে সাথে সি.এ.জি. আরও জানিয়েছে যে, পাঁচটি জেলায় ৩১৯ কোটি টাকা এই সরকার খরচ করেছে যাঁর কোনও হিসাব দেওয়ার প্রয়োজন মনে করেনি। আমি আপনাদের বলছি, আপনাদের সাহস থাকলে এসব বিষয়গুলো সি.বি.আই.-কে দিয়ে এনকোয়ারি করান। যদি তা করান তাহলে আপনাদের অনেকের কোমরে দড়ি পড়বে। এই সভার অনেকেরই কোমরে দড়ি পড়বে। এ রাজ্যের শিল্প ক্ষেত্রে আমরা আজকে কি দেখছি? এ রাজ্যের কল-কারখানাগুলো একের পর এক বন্ধ হয়ে যাচ্ছে। 'ডানলপ' বন্ধ হয়ে গেছে। জ্যোতিবাবু অনেক আস্ফালন করে বলেছিলেন খুলে দেবেন। কিন্তু তিনি খুলতে পারেন নি। জি.কে. ডাব্লু-তে ১০ হাজার মানুষ কাজ করত, এখন সেখানে মাত্র ১৩০০ লোক কাজ করছে। বাকিরা কোথায় গেল? মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রী এখানে বসে আছেন। তাঁদের কি কোনও ভূমিকা নেই? ব্রুক বন্ড—লিপ্টন বন্ধ হয়ে গেছে। সেখানে এখন মাত্র ২১২ জন শ্রমিক কাজ করছে। আই.সি.আই.-তে ১২০০ শ্রমিকের মধ্যে এখন মাত্র ৭০ জন শ্রমিক কর্মে নিযুক্ত আছেন। এরপরে কি এ রাজ্যে সরকারের কোনও অস্তিত্ব আছে? বর্তমানে পশ্চিমবাংলায় সরকারের কোনও অস্তিত্ব নেই। বাটা কারখানায় শ্রমিকদের সংখ্যা ইতিমধ্যেই অর্ধেক হয়ে গেছে, যে কোনও সময় কারখানা বন্ধ হয়ে যাবে। আই.সি.আই. তো বন্ধের মুখে। শ'ওয়ালেস এখান থেকে কারখানা তুলে নিয়েছে। ফিলিপ্স বিক্রি করে দিয়ে চলে গেছে। এরপরেও কি বলতে হবে রাজ্যে সরকার আছে? পার্লামেন্টে একটা কোশ্চেন হয়েছিল,—কোন রাজ্যে সবচেয়ে বেশি বেকার? উত্তরে বলা হয়েছিল,—পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি বেকার। সঙ্গে সঙ্গে আবার প্রশ্ন করা হয়েছিল,—২৬টি রাজ্যের মধ্যে কোন রাজ্যে সবচেয়ে কম চাকরি হয়েছে? উত্তর- পশ্চিমবঙ্গ রাজ্যে সবচেয়ে কম চাকরি হয়েছে। পার্লামেন্টের প্রশ্নোত্তর থেকেই আমরা দেখছি যে, পশ্চিমবাংলায় সবচেয়ে কম মানুষের চাকরি হয়েছে। অথচ শিল্পের নামে এ রাজ্যে সরকার একটা সাদা হাতি পুষছে - হোয়াইট এলিফেন্ট - তার নাম সোমনাথ চট্টোপাধ্যায়। কি করেছেন তিনি? বার

বার বিদেশে গিয়েছেন। ১১৩ দিন তিনি বিদেশে কাটিয়েছেন, তার মধ্যে ৯৬ দিনের কোনও হিসাব নেই। এই বাবদ তিনি ৫০ লক্ষ টাকারও বেশি খরচ করেছেন— দল-বল নিয়ে বিদেশে কাটিয়েছেন। এরপর তিনি কটা নতুন শিল্প নিয়ে এসেছেন? আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী সাড়ে চার শো দিনেরও বেশি বিদেশে কাটিয়েছেন। প্রতি বছরই তিনি বিদেশে বেড়াতে যান, আর বলেন,—শিল্পপতি ধরে আনতে যাচ্ছি। ডাব্লু.বি.আই.ডি.সি.-র চেয়ারম্যান বার বার দল-বল নিয়ে বিদেশে যাচ্ছেন। এই অবস্থায় কেন মানুষের এই সরকারের বিরুদ্ধে অনাস্থা থাকবে না? এই সরকার পশ্চিমবাংলায় নতুন কোনও শিল্প করতে পারলেন না, নতুন কোনও কলকারখানা তৈরি করতে পারলেন না। সবচেয়ে বড় কথা, এই রাজ্যের মানুষ বাম-জমানায় আজকে কোন জায়গায় চলে গেছে? শান্তি-শৃঙ্খলা বলে আমাদের রাজ্যে কিছু নেই। আমাদের রাজ্যে বাইরে থেকে পুলিশ আসে, কারণ এই রাজ্যে উগ্রপন্থীরা রয়েছে, এল.টি.টি.রা রয়েছে, পাঞ্জাবের উগ্রপন্থীরা রয়েছে, বিদেশি আই.এস.আই. রয়েছে। অবাধে তারা এই রাজ্যে কাজ চালিয়ে যাচ্ছে। আমি অভিযোগ করছি,— তদন্ত করা হোক - মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতা জ্যোতি বসুর দলের সঙ্গে এই উগ্রপন্থীদের সরাসরি যোগাযোগ আছে। এটা নিয়ে সি.বি.আই. তদন্ত করা হোক, আমি সরাসরি অভিযোগ করছি - এই দলের সঙ্গে সরাসরি যোগাযোগ আছে। (নয়েজ) আমি ঠিকই বলছি। আজকে রসিদ খান কোথায় গেল? রসিদ খান কে বলুন? মার্কসবাদী কমিউনিস্ট পার্টির দলের নেতাদের সঙ্গে এই রসিদ খান যুক্ত ছিলেন। তার জন্য তার দলের লোকের শাস্তি পর্যন্ত হয়েছিল। আজকে তাই এই পশ্চিমবাংলায় উগ্রপন্থীদের বিচরণ ক্ষেত্র হয়ে গেছে। এখানে খুন হয়, শাস্তি হয়না, ধর্ষন হয়, শাস্তি হয় না। আমি আপনাদের জানিয়ে দিচ্ছি, ১৯৯২ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত এই পশ্চিমবাংলায় ৯ হাজার ২০ জন খুন হয়েছে।

(এই সময়ে পরবর্তী স্পিকার ডাকায় মাইক অফ হয়ে যায়)

[5-50 — 6-00 p.m.]

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, কংগ্রেস পরিষদীয় দলের মুখ্য সচেতক কর্তৃক আনীত এই সরকারের বিরুদ্ধে সার্বিক ব্যর্থতার প্রতিবাদে যে অনাস্থা প্রস্তাব এনেছেন শ্রী আব্দুল মান্নান, আমি অন্তর থেকে তাকে সমর্থন করি। আমি বিশেষ করে বলতে চাই, ভাবের ঘরে চুরি করলে এইরকম চিৎকারই করেন। এই

মন্ত্রীসভার অনেকে এবং ট্রেজারি বেঞ্চে যারা বসে আছেন তাদের মধ্যে অনেকেরই এই সরকারের প্রতি অনাস্থা রয়েছে, কিন্তু তারা বলতে পারেন না, বলতে পারছেন না, তাই চিৎকার করছেন আমাদের দলের পক্ষ থেকে যখন বক্তারা বক্তব্য রাখছেন। স্যার, মন্ত্রীসভার একদিকে উদ্ধত বুদ্ধদেববাবুর নেতৃত্বে কিছু মন্ত্রী এবং অন্যদিকে কলিমুদ্দিন সাম্‌স, কিরণময় নন্দ এবং বীরেন মৈত্রের মতোন কিছু [**] এই মন্ত্রীসভায় রয়েছেন।

**মিঃ চেয়ারম্যান ঃ** উন্মাদ কথাটা বাদ যাবে।

**শ্রী তাপস রায় ঃ** আমি বুদ্ধদেববাবুকে কেন উদ্ধত বললাম তা বিশ্লেষণ করবো এবং কলিমুদ্দিন সাম্‌স, কিরণময় নন্দ এবং বীরেন মৈত্রকে কেন উন্মাদ বললাম তাও বলব। বুদ্ধদেববাবুর ঔদ্ধত্য আমার ভাল লাগে এইভেবে যে, একদা বামপন্থী রাজনীতি থেকে উঠে এসে সুকান্ত ভট্টাচার্য্যের ভাইপো হয়ে সংস্কৃতিবান পুলিশমন্ত্রী ঔদ্ধত্যের মতোন বক্তব্য রাখেন। বাংলার যুবকেরা এবং আমরা বিরোধী দলের সদস্য হিসাবে তাঁর মুখ থেকে, সংস্কৃতিবান মন্ত্রীর মুখ থেকে কিছু বিবৃতি আশা করেছিলাম। আমি প্রথমেই বলব, এই সরকারের বিরুদ্ধে অনাস্থা আনবো না কেন? এই সরকারের পুলিশমন্ত্রী তাঁর নিজের জ্যাঠামশাই সুশীল চৌধুরির খুনের কিনারা এখনও পর্যন্ত করতে পারেননি। অনাস্থা প্রস্তাব আনব না কেন - আলিমুদ্দিন স্ট্রিটের ডার্লিং মনীষা মুখার্জির খুনের কিনারা হবে না কেন? তারা কি করে খুন হল? তার কিনারা কেন হল না? গতবার এই বিষয়ে বুদ্ধদেববাবু পাশ কাটিয়ে চলে গেছেন। আজকে মাননীয় সদস্য সৌগতবাবু যে কথা বললেন তারই সূত্র ধরে বলছি, এই বুদ্ধদেববাবু কোনও একটি জায়গায় দাঁড়িয়ে বলেছিলেন বহরমপুরের একজন কংগ্রেসি বিধায়কের প্রতি উদ্দেশ্য করে, ঘাড়ে ধাক্কা দিয়ে, চড় মেরে লক-আপে ঢুকিয়ে দেব। তিনি একথাও বলেছিলেন বাংলার কোনও একটি জায়গায় দাঁড়িয়ে, মা-বোনদের চোখের জল আর ফেলতে দেব না, মেয়েদের সম্মানহানি আর হবে না। এই পুলিশমন্ত্রী বলেছিলেন, মা-বোনদের ইজ্জত, মান-সম্ভ্রম আর লুঠ হবে না, ডাকাতি, রাজনৈতিক খুন আর হবে না। যারা করবে তাদের চড় মেরে লক-আপে ঢুকিয়ে দিতে হবে।

বুদ্ধদেববাবু, আপনার কথায় বহরমপুরের মানুষ সাড়া দিয়েছেন এবং সাড়া দিয়ে ২৩টা আসনেই চড় মেরে সমগ্র সি.পি.এম. পার্টিকেই বহরমপুরের জেলের

Note *Expunged as ordered by the chair.

লক আপে ঢুকিয়ে দিয়েছে। লজ্জা করে না আপনাদের? অনাস্থা আনবে না কংগ্রেস দলের মাননীয় সদস্য আব্দুল মান্নান? তারপর আপনি ক'দিন আগে বাংলা বন্ধের দিন বললেন যে ওদের রাইট আছে। আপনি সুপ্রিম কোর্টের কথা জানেন, হাইকোর্টের কথা জানেন, বোঝেন। আপনি একজন শিক্ষিত সংস্কৃতিবান মানুষ। তা যদি না হন তাহলে সংস্কৃতি দপ্তরের মন্ত্রীর পদটা ছেড়ে দিন। আপনার মুখে ঐ রকম কথা শোভা পায় না। আপনি বললেন, 'ওরা গাড়ি বার করেছে কেন? 'আপনি বললেন: গাড়ি বার করলে বাধা দেওয়ার ক্ষমতা ওদের আছে।' আমি বুঝতাম যদি আপনি এর পাশাপাশি বলতেন বাংলায় গোর্খা রাষ্ট্র হবে না, এই বাংলায় আই.এস.আই-এর ঠাঁই নেই। আপনাকে আমি জিজ্ঞাসা করি, কেন বাংলার তিলজলাতে, উলুবেড়িয়া, বানীতবলাতে পাঞ্জাব পুলিশকে ছুটে আসতে হবে? কেন পার্ক স্ট্রিট এবং উড স্ট্রিটের মোড়ে ইউ.পি. পুলিশকে এ.কে. ফর্টি সেভেন-এর মুখোমুখি হতে হবে ঐ মাঙ্গে এবং তার দলবলকে ধরার জন্য? কেন সেখানে হত্যা হবে? যে দম্ভ নিয়ে আপনি বলেন যে গাড়ি বার করলে গাড়ি আটকানো যেতে পারে আমরা চাই সেই দাম্ভিকতা নিয়ে বুদ্ধবাবু বলুন বাংলার বুকে কোনও টেরোরিস্ট কাজ চলবে না, কোনও নাশকতামূলক কাজ চলবে না। তিনি বলুন কোনও অ্যান্টি ন্যাশনাল ফোর্স এখানে কাজ করতে পারবে না। তিনি বলুন, আন্তর্জাতিক চোরাই চক্রের সঙ্গে যারা জড়িত তাদের কোনও স্থান এখানে নেই। ড্রাগ ট্রাফিকিং, উ'মেন ট্রাফিকিং হবে না। বাংলার বুক থেকে কোনও শিশু শ্রমিক পাচার হবে না। এসব কথা আপনি হয় এখানে দাঁড়িয়ে বলুন, না হয় কোনও মঞ্চ-এ দাঁড়িয়ে বলুন। বুদ্ধবাবু, আপনাকে বলি, স্বয়ং জ্যোতিবাবু আপনার বিরুদ্ধে অনাস্থা এনেছেন। সি.পি'র সামনে আপনাকে বসিয়ে মনোহর দাস কাটরা উদ্বোধন করতে গিয়ে তিনি বলেছেন, এখানে পুলিশ কাজ করছে না। এখানে খুন, ডাকাতি দিনের পর দিন বেড়ে চলেছে। আর আপনার এই অসহিষ্ণুতা, আপনার এইসব বিবৃতি যখন পারকুলেট করছে ডাউন to the grass root by the administration and police. আমরা কি কি দেখছি? আমরা দেখছি, কাস্টোডিয়ান ডেথ ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি-২৮১টা। আমরা দেখছি এখানে পুলিশ ফায়ারিং '৯৪ সাল পর্যন্ত ৩।। হাজারের বেশি। আপনার অসহিষ্ণুতা গিয়ে পৌঁছাচ্ছে অ্যাডমিনিস্ট্রেশনের কর্তাদের কাছে, কর্মিদের কাছে। আক্ষরিক অর্থে হিউম্যান রাইটস শুধু পুলিশ লক আপে বা জেল কাস্টডিতে নয়, বাংলার বুকে কৃষকের এক ছটাক জমি আছে, যে জমিতে সোনালী ধান রয়েছে, ঘরে তার সুন্দরী কন্যা রয়েছে তাদের যখন রক্ষা করতে পারেন না

তখন হিউম্যান রাইটস এখানে কোথায়? আপনারা বড় গলায় বলেন, বাংলায় আমরা প্রথম হিউম্যান রাইটস কমিশন করেছি। বাংলার কৃষক, শ্রমিক, খেটে খাওয়া মানুষ দিনমজুর, সাধারণ মানুষ তাদের স্ত্রী, পুত্র পরিবার, তাদের জমি, সম্পত্তির, জীবনের যখন নিরাপত্তা নেই তখন এসব কথা আপনারা বলেন কি করে? এখন আবার আপনারা অমর্ত্য সেনকে নিয়ে ধেই ধেই করে নাচছেন। আর অসীম দাশগুপ্ত তো দাঁত বার করে এক গাল হেসে বলে বেড়াচ্ছেন যে আমি ওঁর ছাত্র ছিলাম। আমি জানি না উনি ওঁর ছাত্র ছিলেন কিনা। অমর্ত্য সেন বিশ্বকে জয় করেছেন যে কারণে, তিনি নোবেল লরেট যে কারণে সে বিষয়গুলি হল নারির শিক্ষা, সামাজিক নিরাপত্তা এবং বিচার এবং খাদ্যের সুষম বন্টন। এবারে আমি এক এক করে সেই বিষয়গুলিতে আসছি। প্রথমে নারির শিক্ষা। নারির শিক্ষার ব্যাপারে যেখানে ভারতবর্ষের মধ্যে আমরা দ্বিতীয় স্থানে ছিলাম সেখানে আজকে আমরা ১৭তম স্থানে এসেছি। তাহলে এখানে নারির শিক্ষা কোন পর্যায়ে এসেছে বুঝতেই পারছেন। তারপর সুষম বন্টন ব্যবস্থা। এই কলিমুদ্দিন সামস বসে আছেন। একে উন্মাদ মন্ত্রী বলব না স্যার? উনি বলেছিলেন যে ইরান থেকে পিঁয়াজ আনবেন। তার টেন্ডারও দেখলাম কিন্তু কোথায় সেই পিঁয়াজ কলিমুদ্দিন সাহেব?

[6-00 — 6-10 p.m.]

আপনার পেঁয়াজ খেতে লাগেনা? আপনি মাছে পেঁয়াজ দিয়ে খান না? আপনি মাংসে পেঁয়াজ দিয়ে খান না? আর বীরেন মৈত্র, চলে গেলেন কুটুম্ব বাড়িতে বিজয়ার পরে পেঁয়াজ নিয়ে যেখানে ভীম নাগের সন্দেশ নিয়ে যাবার কথা। এইসব লোককে মন্ত্রীসভায় রেখেছেন কেন? আর একজন মন্ত্রী বলছেন যে পাহাড়ে মাছ চাষ হবে। পাহাড়ে মাছ চাষ করে আমাদের খাওয়াবেন। এটা হচ্ছে সুষম ব্যবস্থা। ভুয়া রেশন কার্ডে তো ভরিয়ে দিয়েছেন। আর পাচারকারিতো রয়েছেই। কোনও সুষম বন্টন ব্যবস্থা নেই। আজকে সামাজিক বিচার বন্দোবস্ত কোথায় নিয়ে গেছেন। আপনারা পশ্চিমবাংলায় আর বিধবা বুড়ো-বুড়ি খুঁজে পাননি। বাংলার সমস্ত সি.পি.এম.-এর বুড়ো-বুড়িদের দিয়েছেন এবং তার জন্য আপনাদের ২১ কোটি টাকা ফেরত গেছে। বাংলায় সি.পি.এম.-এর বুড়োবুড়ি ছাড়া আর অন্য কোনও ধর্মের, অন্য কোনও দলের বুড়োবুড়িদের আপনারা টাকা দিলেন না, পেনসন দিলেন না, অর্থ দিলেন না। আজকে বাংলাকে এমন একটা জায়গায় দাঁড় করিয়েছেন। এখানে শিক্ষামন্ত্রী বসে আছেন। গাধায় জল ঘোলা করে খায়। আপনাদের কাজ

হচ্ছে, ভাংবো তবু মচকাবো না। আপনারা ভেঙ্গেছেন। আপনারা ৬ থেকে ৫ করেছেন, পাঁচ থেকে তিন করেছেন। তিন থেকে দুই, এক করে কত লক্ষ, কয়েক কোটি ছাত্র-ছাত্রীর আপনারা সর্বনাশ করে দিলেন। এখানে মানব মুখার্জি বলেছিলেন। আমি জিজ্ঞাসা করি যে তার মেয়ে কোথায় পড়ে? গৌতমবাবু চলে গেছেন, তাকে জিজ্ঞাসা করি যে তার ছেলে কোথায় পড়ে? আমার ছেলে-মেয়ে ক্যালকাটা গার্লস, ক্যালকাটা বয়েজে পড়ে। কারণ আপনারা ইংরাজি বন্ধ করে দিয়েছেন। মুখ্যমন্ত্রী, বুদ্ধদেববাবু, কান্তিবাবু, সত্যসাধনবাবুরা এগুলি বলবেন না। শুধু মাত্র দোয়েল, পায়েল, কোয়েল, গৌতমবাবু। মানববাবুর ছেলে-মেয়েরা পড়বে ইংরাজি মাধ্যম স্কুলে। আর বাংলার সাধারণ মানুষের ছেলে-মেয়েরা ইংরাজি পড়তেই পারবে না। কখনও সিক্স, কখনও ফাইভ, কখনও থ্রি, কখনও টু—কি হচ্ছেটা কি?

(এই সময়ে মাননীয় চেয়ারম্যান অন্য বক্তাকে ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে আমাদের দলের মাননীয় সদস্য আব্দুল মান্নান যে অনাস্থা প্রস্তাব এনেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী এখন হাউসে এসেছেন, উনি ১৯৭৭ সালে যখন প্রথম মুখ্যমন্ত্রী হয়ে আসেন, উনি বিধানসভায় যেটা বলেছিলেন আমি সেটা দিয়েই শুরু করছি। উনি বলেছিলেন, কংগ্রেস এই রাজ্যের সর্বনাশ করেছে। আমরা বামপন্থীরা নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিমবাংলাকে গড়ে তুলব। উনি এসেছেন, নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে গড়েছেন। আমি ওর কাছে ১২ দফা দাবি রাখছি, উনি এর উত্তর দেবেন। আমার প্রথম দাবি, আমাদের সময়ে ১৯৭৭ সালে ১৬ লক্ষ বেকার ছিল। উনি ৫৮ লক্ষ বেকার করেছেন কেন তার জবাব দেবেন। পশ্চিমবঙ্গে কলেরা নির্মূল হয়ে গিয়েছিল, ম্যালেরিয়া নির্মূল হয়ে গিয়েছিল, কালাজ্বর নির্মূল হয়ে গিয়েছিল। আর পশ্চিমবঙ্গে ২২ বছরে ৩ জন মন্ত্রী আছেন যারা ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে আমাদের সামনে বসে আছেন, এই যে নতুন করে আমদানি করেছেন, সেজন্য স্বাস্থ্য দপ্তরের মন্ত্রিমহাশয়-এর ব্যার্থতা আছে কিনা উনি জবাব দেবেন? উনি জবাব দেবেন যে লক্ষ লক্ষ শ্রমিক কর্মচারী কলকারখানা বন্ধ হওয়ার জন্য ছাটাই হয়ে বসে আছে কেন? ১টা চটশিল্পে, চট কারখানায় ৭ লক্ষ শ্রমিক কর্মচারী বেকার হয়ে বসে আছে কেন? উনি জবাব দেবেন, হাজার হাজার কলকারখানা বন্ধ হয়ে আছে কেন, উনি খুলতে পারেন নি কেন? আইন-শৃঙ্খলার শুধু অবনতি নয়, আইন-শৃঙ্খলার চরম ব্যর্থতার যে ইতিহাস বুদ্ধদেববাবু আমাদের পুলিশমন্ত্রী হবার

পরে রেখেছেন, তারপরেও উনি মন্ত্রী থাকবেন কিনা সেটাও উনি আজকে আমাদের সামনে প্রকাশ্যে ঘোষণা করবেন? কারণ পাঞ্জাব পুলিশ এসে কান মলে দিয়ে গেছে, উত্তর প্রদেশের পুলিশ এসে কান মলে দিয়ে চলে গেছে। পশ্চিমবঙ্গের পুলিশমন্ত্রী, পুলিশ দপ্তর সম্পূর্ণ ব্যর্থ, উনি এর জবাব দেবেন? উনি জবাব দেবেন আর্সেনিক দূষিত জলে আক্রান্ত হয়ে কেন রাজ্যে হাজার হাজার মানুষ ভুগছেন? ২২ বছরে আপনাদের রাজত্বে তারা আক্রান্ত হয়েছেন আর্সেনিক দূষণে। উনি জবাব দেবেন ৮ হাজার প্রাথমিক শিক্ষক কেন পেনসন পাননি? তাঁদের মধ্যে ২২ জন প্রাথমিক শিক্ষক আত্মহত্যা করেছেন পেনসন না পেয়ে। উনি জবাব দেবেন জেলা পরিষদের টাকা কেন সবটা খরচ হয় না? উনি জবাব দেবেন ওয়াকফ প্রপার্টি নিয়ে যে দুর্নীতি হয়েছে তার বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে? রাজ্যে পি.এল. অ্যাকাউন্টস-এর ২,৬০০ কোটি টাকার যে নয়-ছয় হয়েছে তার জবাব ওঁকে দিতে হবে। এটা আমাদের রাজত্বে হয়নি, ২২ বছরে বামপন্থীদের রাজত্বে হয়েছে।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে বলি, পশ্চিমবঙ্গের বামফ্রন্টের জ্যোতিবাবু অনেকদিন পুলিশমন্ত্রী ছিলেন, কিন্তু এত ব্যর্থতার ইতিহাস তিনি সৃষ্টি করেননি। সেদিন পুলিশমন্ত্রী বক্তব্য রাখতে রাখতে সভা থেকে বেরিয়ে চলে গেলেন। শুনছি, ঐ অপদার্থ মন্ত্রী নাকি পশ্চিমবঙ্গে মুখ্যমন্ত্রী হবেন। সেদিন উনি হাউসকে অপমান করে চলে গেলেন, কিন্তু পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, যিনি আমাদের অনেক কঠোর ভাষা প্রয়োগ করেছেন, আমরাও করেছি, তিনি কিন্তু বিধানসভাকে অপমান করে এভাবে কখনও বেরিয়ে যাননি। এরকম ঔদ্ধত্য তার কি করে আসে? আমি জানি না, মুখ্যমন্ত্রী তাঁকে মন্ত্রী রাখবেন কিনা, কিন্তু তিনি যে ইতিহাস সৃষ্টি করতে পারেননি সেই মস্ত বড় ইতিহাস উনি সৃষ্টি করেছেন আইন-শৃঙ্খলা নিয়ে পশ্চিমবঙ্গের বুকে। আজকে প্রকাশ্যে বলি একটি কথা। এখানে মুখ্যমন্ত্রী নেই, কিন্তু আমি তাঁর কাছে জানতে চাই, মেম্বার অব পার্লামেন্টদের কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা ১৯৯৩।৯৪ থেকে ১৯৯৭ পর্যন্ত ১ কোটি করে ১২৪.৫১ কোটি টাকা যা পেয়েছেন তারমধ্যে খরচ করেছেন ১৫.৯৭ কোটি টাকা মার্চ, ১৯৯৮ পর্যন্ত, এটা কেন? কি জন্য দেওয়া হয়েছে এম.পিদের ১ কোটি করে টাকা? গ্রামের উন্নতির জন্য টাকাটা দেওয়া হয়েছিল এবং সেটা কেন্দ্রীয় সরকারের টাকা, কিন্তু সেটাও খরচ করতে পারেননি। আজকে ১২ দফা যে প্রশ্নগুলি এখানে তুলেছি তারপরও যদি এখানে অনাস্থা প্রস্তাব না আনতাম তাহলে জনগণের প্রতি বিশ্বাসঘাতকতা করা হত। কিন্তু জানি, এই অনাস্থা প্রস্তাবের মাধ্যমে আপনাদের কিছু হবে না, কিন্তু এর মাধ্যমে

মানুষের কাছে চিত্রটা তুলে ধরতে পারব, প্রতিটি ক্ষেত্রে আপনাদের ব্যর্থতা তুলে ধরতে পারব। আমরা গণতান্ত্রিক মানুষ তাই এইভাবে প্রতিবাদ করছি। জ্যোতিবাবু বুঝতে পেরেছিলেন এবং সেখানে বাংলার মানুষ হিসাবে প্রধানমন্ত্রী হতে পারতেন। একটা তৃতীয় দল হয়েছিল, কিন্তু সেটাও আপনারা হতে দেননি। এবং এখন মেনে নিয়েছেন যে, সারা ভারতবর্ষে কংগ্রেস ছাড়া বিকল্প কিছু নেই। মনে রাখবেন পশ্চিমবঙ্গও কিন্তু ভারতবর্ষের মধ্যেই। আজকে সারা ভারতবর্ষ যেমন বিজেপি সম্পর্কে আতঙ্কিত, আমরাও আতঙ্কিত। আমরাও চাইছি বিজেপিকে হঠাতে এবং একমাত্র কংগ্রেসই পারে শুধুমাত্র পশ্চিমবঙ্গই নয়, সমগ্র ভারতবর্ষে সাম্প্রদায়িক শক্তির মূলে কুঠারাঘাত করতে। কিন্তু আপনারা সেটা পারবেন না। তারই জন্য আজকে সোনিয়া গান্ধীর কাছে গেছেন এবং বলছেন কংগ্রেসই হচ্ছে একমাত্র বিকল্প।

এখানে অর্থমন্ত্রী নেই। তিনি প্রত্যেককে ঠকিয়েছেন, প্রত্যেক মন্ত্রীকে ঠকিয়েছেন। তিনি প্রথমে জিরো ডেফিসিট বাজেটের কথা বলেছেন এবং সেটা বলে কৃতিত্ব দেখিয়েছেন। রাজ্যে ওঁর বাজেট জিরো ডেফিসিট বাজেট দিয়ে শুরু হয়েছিল।

[6-10 — 6-20 p.m.]

মাননীয় সভাপতি মহাশয়, আমরা দেখেছি আজকে পশ্চিমবাংলা শিল্পে নেমেছে, স্বাস্থ্যে নেমেছে। স্বাস্থ্যমন্ত্রী এখানে বসে আছেন, তিনি দ্বার্থহীন ভাষায় বলছেন পশ্চিমবাংলায় আজকে ২৫০টি হাসপাতালে কোনও ডাক্তার নেই। ২৫০টি হাসপাতালে ডাক্তার নেই, স্বাস্থ্যমন্ত্রী বসে আছেন! আজকে অর্থমন্ত্রী আছেন, পশ্চিমবাংলা দেউলিয়া হয়ে গেছে। আজকে পানীয় জল দেওয়ার জন্য মন্ত্রী আছেন। দুর্ভাগ্যের বিষয়, আমি যে সি.এ.জি. রিপোর্ট পেয়েছি তাতে দেখতে পাচ্ছি এখনও পর্যন্ত সমস্ত গ্রামে জল দিতে পারেন নি, ৩৭০০ গ্রাম জল হীন অবস্থায় পড়ে রয়েছে। অমর্ত্য সেনের কথা বলেছেন, তাঁকে নাকি সম্মান জ্ঞাপন করবেন, আমাদের নিমন্ত্রণ পত্র দিয়েছেন। কোন লজ্জায় করবেন? লিটারেসি সেন্টারের জন্য আপনারা কত টাকা ব্যয় করেছেন? আমি যে সি.এ.জি. রিপোর্ট পেয়েছি তাতে বলছে লিটারেসি ক্যামপেনের জন্য ৩০ পারসেন্টের বেশি কভার করতে পারেন নি। শিক্ষায় নেই স্বাস্থ্যে নেই সামাজিক নিরাপত্তা বোধে নেই মানুষের চেতনা বোধে নেই সেখানে আপনারা অমর্ত্য সেনকে পুরস্কৃত করবেন, সম্মান জানাবেন? নিশ্চয়ই জানাবেন কিন্তু নৈতিক অধিকার নৈতিক দায়-দায়িত্ব আপনাদের নেই। তবে আপনাদের দিতে হবে, নৈতিকতা বিসর্জন দিয়ে দিতে হবে। মাননীয় সভাপতি মহাশয়, মন্ত্রীসভার বিরুদ্ধে আমাদের অনাস্থা নয়,

আমাদের অনাস্থা বিবেকবান মন্ত্রীদের বিরুদ্ধে আনা উচিত। আর.এস.পি. ফরোয়ার্ড ব্লক, এদেরকথা বাদ দিলাম কারণ ওঁরা মেরুদন্ড হীন সরীসৃপ কিনা আমার জানা নেই, ওঁদের যতই লাথি মারেন আপনারা ওরা পালায় না চুপচাপ বসে থাকেন। আমি তাই বলব ঠিক সময় মতো, উপযুক্ত সময়ে যখন আমরা অমর্ত্য সেনকে সম্মানিত করবো সেই উপযুক্ত সময়ে আব্দুল মান্নান অনাস্থা প্রস্তাব এনেছেন। এই অনাস্থা প্রস্তাবের মধ্যে দিয়ে, বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের মধ্যে দিয়ে প্রমাণিত হবে আপনারা ব্যর্থ রাজনীতির মধ্যে দিয়ে সংস্কৃতির মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকারের বিকল্প অর্থনীতির মধ্যে দিয়ে গিয়ে দেশকে শ্মশানে পরিণত করেছেন, নতুন পথ দেখাতে পারেন নি ধ্বংসের পথ দেখিয়েছেন। তাই আমি এই অনাস্থা প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় সভাপতি মহাশয়, বিরোধী পক্ষের আনা অনাস্থা প্রস্তাব সেই অনাস্থা প্রস্তাব আমি ঠিক বুঝতে পারছি না এটা কি খানিকটা নিজেদের আস্থা ফিরিয়ে আনার আত্মবিশ্বাস ফিরিয়ে আনার একটুখানি চেষ্টা? মাননীয় সদস্য সৌগত রায় মহাশয়ের বক্তব্যের শুরুতে একটা সুন্দর কথা বলেছেন। গত উপনির্বাচনে ৪টি রাজ্যে এই মুহূর্তে প্রমাণিত হয়েছে মানুষ বিজেপি এবং তার জোটকে চায়না কংগ্রেসকে চায়। এই রাজ্যে ঠিক আগেই ৩টি উপনির্বাচন হয়েছে. ময়ূরেশ্বর, নন্দনপুর এবং বারুইপুর। এই রাজ্যের মানুষ প্রমাণ করেছে তাঁরা বি.জে.পি-কে চায় না তৃণমূলকে চায় না কংগ্রেসকে চায় না। এই রাজ্যে বামফ্রন্টের কোনও বিকল্প নেই ২২ বছর ধরে এই কথা আপনারা বুঝতে পারছেন না? এই রাজ্যের মানুষ এই রাজ্যে বামফ্রন্ট সরকারের কোনও বিকল্প চায় না। তারা চায় আরও উন্নত আরো কার্যকর বামফ্রন্ট সরকার। এই রাজ্যে তাঁরা বামফ্রন্ট সরকারের বিকল্প কাউকে মনে করেন না। তাই এই প্রস্তাব কাদের বিরুদ্ধে আমি জানিনা। আমি বিরোধীদের তোলা কয়েকটি কথার অর্থনৈতিক প্রসঙ্গে তাড়াতাড়ি জবাব দেব। কারণ মূলত আমাকে আইন-শৃঙ্খলার প্রশ্নে বলতে হবে। এখানে কয়েকটি কথা তুলেছেন মান্নান সাহেব। এই কথা গুলির উত্তর একাধিকবার অর্থমন্ত্রী দিয়েছেন। এই জওহর রোজগার যোজনা এবং ই.এ.এস. এই সমস্ত ফান্ডগুলির টাকা ৫০ ভাগ আসে বছরের শেষ ভাগে শেষ কোয়াটার মার্চে। মার্চ এপ্রিল এই একমাসের মধ্যে আমরা খরচ করতে পারি না। সেই কারণে এই টাকা আমাদের পরের বছরে খরচ করতে হয়। ১৫ বছরের হিসাব গুলি যদি বার করেন - ১৯৯২-৯৩, ১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫ তাহলে দেখবেন আমরা সেই টাকা পরের বছর শতকরা ১০০ ভাগ

খরচ করতে পারি। এই হচ্ছে আমাদের রাজ্যের পরিচয়। কিন্তু আপনি বলেছেন, এই মুহূর্তে কত করেছেন? আমরা মার্চ মাসে তো অর্দ্ধেক টাকা পাব। এই টাকা আপনারা জানেন, জওহর রোজগার যোজনা, ইন্দিরা আবাস যোজনার ৮০ ভাগ টাকা দিল্লির, আর ২০ ভাগ আমাদের। কিন্তু এই টাকার সিংহভাগ যদি মার্চ মাসে আসে, কোনও রাজ্যের ক্ষেত্রেই এটা সম্ভব হয় না। কিন্তু পরবর্তীকালে সেই টাকা আমরা খরচ করি কিনা? আই.আর.ডি.পি.র ব্যাপারে একটাই কথা আই.আর.ডি.পি.র ২৫ পারসেন্ট হচ্ছে সাবসিডি, আর ৭৫ পারসেন্ট হচ্ছে লোন। এখানে সবচেয়ে বড় বাধা হচ্ছে ব্যাঙ্ক। ব্যাঙ্ক সমস্ত রাজ্যেই বাধা দিচ্ছে। আমরা তাই ঠিক করেছি, রাজ্যে ব্যাঙ্ক যদি এইভাবে বাধা দেয়, আমরা রাজ্যের ব্যাঙ্ক থেকে, ন্যাশানালাইজড ব্যাঙ্ক থেকে টাকা তুলে নিয়ে আসব। টাকা তুলে নিয়ে এসে আমরা কো-অপারেটিভ ব্যাঙ্কে রাখব। এরা এই অসহযোগিতা আমাদের সঙ্গে করে যাচ্ছে। আমি আর একটি কথা বলে যাই, সেটি হচ্ছে বন্যার ব্যাপারে। বন্যার ব্যাপারে মাননীয় সদস্যরা প্রশ্ন করেছেন। আপনি জেনে রাখুন, আমাদের এখানে ক্ষয় ক্ষতির পরিমাণ দু'হাজার কোটি টাকার বেশি। আমরা সব ফসলের হিসাব করতে পারি নি। আমাদের দু'হাজার কোটি টাকা ক্ষয়ক্ষতি হয়েছিল। আমরা দিল্লিতে যে মেমোরেন্ডাম দিয়েছিলাম, কেন্দ্রীয় দল এসেছিলেন, আমরা বলেছিলাম, আমাদের সাতশো কোটি টাকা চাই। আমরা আজ পর্যন্ত পেয়েছি মাত্র ৪০ কোটি টাকা। ৪০ কোটি টাকার মধ্যে প্রায় ৭০ ভাগ হচ্ছে লোন। এই ৪০ কোটি টাকা দিল্লি থেকে পেয়ে আমরা ইতিমধ্যে রিলিফ তখন যা দেওয়া হয়েছে, কিচেন খোলা হয়েছিল, চাল দেওয়া হয়েছিল, চিঁড়ে গুড় গিয়েছিল, টার্পোলিন দেওয়া হয়েছিল। এখন আমরা বাড়ি তৈরির টাকার জন্য ৪০ কোটি টাকা ইতিমধ্যে বন্যা কবলিত এলাকাগুলিতে দিয়েছি। আমরা হাড্‌কো থেকে ৪০ কোটি টাকা লোন নিয়েছি। আমরা রাস্তাঘাটের জন্য ৩৩ কোটি টাকা দিয়েছি। বাঁধ নির্মাণের জন্য আমরা ২৮ কোটি টাকা দিয়েছি। মাননীয় সদস্য সৌগত রায় গুরুতর একটি অভিযোগ করেছেন। আমি শুধু বলছি, ইরিগেশন ডিপার্টমেন্টে আমাদের কি দুর্বলতা আছে, গাফিলতি আছে, আমরা দেখছি। কিন্তু আপনি যখন মানিকচকে গিয়েছিলেন, আপনার জানা উচিত ছিল, প্রথম যে দুটি বাঁধ, তা করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। তাঁরা সেই দুটি করতে পারেন নি। তার জন্য মূল যে আঘাতটা মানিকচকে এসেছে, তার জন্য দায়িত্ব হচ্ছে কেন্দ্রীয় সরকারের। এ সম্পর্কে আপনার যদি বিভ্রান্তি থাকে, আপনি সংশ্লিষ্ট দপ্তরের কাছ থেকে জেনে নেবেন। আমি আর একটি বিষয়ে বলব। এখানে শিক্ষার ব্যাপারে প্রশ্ন তোলা হয়েছে। শিক্ষার ব্যাপারে

একটা বছরে কি হয়েছে? মাননীয় সদস্যরা জানেন যে, এই প্রাইমারি স্কুলের ব্যাপারে হাজার হাজার মামলা হয়েছে। আমি চব্বিশ পরগণার ব্যাপারে একটি উদাহরণ দেব। উত্তর চব্বিশ পরগণা এবং দক্ষিণ চব্বিশ পরগণা জেলায় ১২ বছর হাইকোর্টের জন্য কোনও প্রাইমারি স্কুল করা যায় নি। আমাদের অপেক্ষা করতে হয়েছে। কোনও উপায় ছিল না, হাইকোর্টের রায় ছিল। তার জন্য করা যায় নি। আমরা ১৯৯৭-৯৮ সালে একটা বছরে এক হাজার স্কুলের সিদ্ধান্ত করেছি। পাঁচশো স্কুল আপাতত হয়ে গেছে, আরও পাঁচশো হবে। কিন্তু সমস্যা আমাদের সামনে আছে। আমি মাননীয় সদস্যদের আর কয়েকটি কথা বলছি। জিনিসপত্রের দামের ব্যাপারে আপনারা বুঝতে পারছেন, আমরা আগেরদিন এখানে আলোচনা করেছি। সেদিন অনেক তিক্ততা সৃষ্টি হলো। কিন্তু আপনাদের জানা উচিত, সেটি হচ্ছে, জিনিসপত্রের দাম বেড়েছে। সারা রাজ্যে বেড়েছে, সারা দেশে বেড়েছে। এটা বেপরোয়াভাবে বেড়েছে একটাই কারণে। দিল্লিতে যে সরকার আছে, তারা হচ্ছে পার্টি অব ট্রেডার্স। তারা বেপরোয়াভাবে বাড়িয়েছে। আমাদের রাজ্যে আমরা কি করেছি তা আমি আগেরদিন বলেছি। সেটি হচ্ছে, কলকাতা পুলিশে আমরা কেস করেছি ৮৬টি। অ্যারেস্ট করেছি ১১৭ জনকে। ১ কোটি ৬১ লক্ষ ৫২ হাজার টাকার মাল আমরা সিজ করেছি। আমরা গোটা স্টেটে অ্যারেস্ট করেছি। রাজ্যে, কলকাতা পুলিশের বাইরে ৫৫৫ জনকে অ্যারেস্ট করেছি। সবচেয়ে বড় কথা হচ্ছে, কোয়ান্টিটি হিসাবে যে জিনিসপত্র আমরা সিজ করেছি, তার দাম হচ্ছে ৭ কোটি ৪২ লক্ষ ১৫ হাজার টাকা। রাজ্যে সরকার আর কি করবে? কিন্তু এই মুহূর্তে আমার কাছে যে খবর আছে, সৌগতবাবুর এটা জানা উচিত - যখন বক্তৃতা করছেন, এমন একটা ভাব দেখাচ্ছেন যে, কলকাতায় বোধহয় জিনিসপত্রের দাম বেড়েছে আর সারাদেশে একেবারে ফুলের গন্ধ বেরোচ্ছে।

**(ভয়েস ঃ আপনারা দায়িত্ব নেবেন না?)**

[6-20 — 6-30 p.m.]

সৌগতবাবু দায়িত্বটা হচ্ছে আমাদের রাজ্যের। রাজ্য সরকারের দায়িত্ব হচ্ছে গ্রেপ্তার করা, বেআইনি জিনিসপত্র বার করা। মূলত আমাদের ৩টের ব্যাপারে - ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দেওয়া, সাবসিডি দেওয়া এবং পিডিএস - এই ৩টের ব্যাপারেই দিল্লির সরকারের উৎসাহ যদি না দেখায় তাহলে আমাদের কিছু করার নেই। আমি শুধু যে ফিগারটা আপনাদের কাছে বলছি তা হচ্ছে এই মুহূর্তে পেঁয়াজের দাম দিল্লিতে হোলসেলে ২০ টাকা আর রিটেলে ২২ টাকা, মুম্বাইতে ১৬

এবং ২০ টাকা, আর আমাদের রাজ্যে ১৫ এবং ২০ টাকা। আলুর দাম দিল্লিতে ৮ টাকা, মুম্বাইতে ১০ টাকা আর আমাদের এখানে ৭ টাকা। মাস্টারর্ড ওয়েল দিল্লিতে ৬৫ টাকা, মুম্বাইতে ৭০ টাকা এবং আমাদের এখানে আজকের দাম ৬৫ টাকা, এটা আপনাদেরকে জানিয়ে দিলাম। আরেকটা বিষয়ে আমার একটু অবাকই লেগেছে! এখানে অর্থমন্ত্রীও আছেন, তবে আপনাদের বক্তৃতা তো অনেকটা ধুঁয়োর মতো হয়ে গেছে অ্যাসেম্বলিতে পি এল অ্যাকাউন্ট, পি এল অ্যাকাউন্ট করে। পি এল অ্যাকাউন্ট এখানে জমাও পড়েছে, আলোচনাও হচ্ছে এবং আলোচনার মাঝখানে এখানে আমাদের চেয়ারম্যানও আছেন, বিরোধিরাও আছেন। কিন্তু একটার পর একটা কথা বলে যাচ্ছেন, সিদ্ধান্ত দিচ্ছেন, আপনাদের বক্তব্য বলার তো একটা নির্দিষ্ট আইনগত প্রথা আছে যে পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে আপনাদের যা রিপোর্ট আছে তাতে আপনারা আপনাদের মতামত জানাবেন সেটা হাউসে প্লেস করা হবে এবং তখনই ঠিক করা হবে। কিন্তু এখন আমাদের কাছে যা রিপোর্ট আসছে তাতে আপনারা তো গুলিয়ে দিতে চাইছেন। ডিফলকেশন ইন ফিনানসিয়াল টার্মস এটা হচ্ছে পয়েন্ট ০৪৭ পারসেন্ট, এটা হচ্ছে ঠিক আধ ভাগেরও কম। প্রত্যেক রাজ্যর থেকে আমাদের অবস্থা ভাল, এই হচ্ছে আমাদের লেটেস্ট ফিগার। আমি আর অন্য বিষয়গুলোতে যাব না। তবে প্রফেশর অমর্ত্য সেনের আলোচনার বিষয় উত্থাপন করে এখানে বলা হয়েছে। মাননীয় সেন সঠিকভাবেই বলেছেন এবং আমরা আত্মসচেতন। উনি বলেছেন আমাদের মতো গরিব দেশে এগিয়ে যাবার ৩টে শর্ত আছে — একটা হচ্ছে ল্যান্ড রিফর্মস, আরেকটা হচ্ছে হাড্রেড পারসেন্ট লিটারেসি এবং আরেকটা হচ্ছে সবার জন্য স্বাস্থ্য পরিষেবা। আমরা সেই ব্যাপারে সচেতন কিন্তু আপনারা তো ওঁর ওই কথাটা উল্লেখ করছেন না যে, উনি যে ভূমি সংস্কারের প্রশ্নে পশ্চিমবঙ্গকে মনে করেন মডেল, এটা তো উল্লেখ করলেন না। উনি আমাদের সতর্ক করে দিয়েছেন এই বলে যে, পশ্চিমবঙ্গ শিক্ষার ব্যাপারে এবং স্বাস্থ্য পরিষেবার ব্যাপারে আরও উন্নতি করতে হবে। ওনার এই পরামর্শ আমরা আন্তরিকভাবে বিশ্বাস করি এবং মনেকরি তাই। যদি কেরালা পারে স্বাস্থ্য পরিষেবা এবং শিক্ষার ক্ষেত্রে আমরা কেন পারব না? এই চেষ্টা আমরা করছি। কিন্তু উনি আমাদের ভূমি সংস্কারকে যে স্বাগত জানিয়েছেন এটাও আপনাদের বলা উচিত ছিল। আমি অর্থনৈতিক বিষয়ে আর যাব না, অন্যান্য বিষয়ে উত্তর দেবেন মুখ্যমন্ত্রী। আইন শৃঙ্খলার প্রশ্নে এখানে তাড়াতাড়ি সেগুলোর উত্তর দিয়ে যাব। মান্নান সাহেব

বললেন যে, সরকার এতো ব্যর্থ যে আনন্দমার্গীরা কি করছেন পুরুলিয়াতে এইজন্য যে আপনারা সি বি আইকে দিয়ে দিলেন। না, আমরা দিতাম না, আন্দমার্গিরা পুরুলিয়াতে যে অস্ত্র বর্ষণ করলেন এরসঙ্গে বিদেশি শক্তি জড়িত। কোন দেশের প্লেন, কোথায় বসে প্ল্যান হল, কোথা থেকে অস্ত্র এল, ৩টে এয়ার পোর্ট ঘুরে গেল তারা, ভারতবর্ষের এয়ার পোর্ট অথরিটি, কাস্টমস্ সবাইকে তারা কলা দেখিয়ে চলে গেল। এটা শুধু তো দেশব্যাপি নয়, আন্তর্জাতিক একটা বিষয়, একটা রাজ্যের পক্ষে এনকোয়ারি করা সম্ভব নয়। সেই কারণে আমরা সি বি আইকে দিয়েছিলাম এবং মনেকরি সঠিকভাবেই সি বি আই এনকোয়ারি করছে। আর তৃতীয় কথা এখানে তোলা হয়েছে সেটা আমি বুঝতে পারছি না যে, পাঞ্জাব থেকে এসে কি করে গেল। পাঞ্জাব থেকে এসে অন্যায় করেছিল। আমাদের না জানিয়ে এসে যা করলেন এটা কোনও পদ্ধতি নয়। উত্তরপ্রদেশ থেকে যা করেছে, সেই সম্পর্কে আজকে সকালেই আলোচনা হয়েছে, আমি আপনাদের সেটা বোঝানোরও চেষ্টা করেছি।

(গোলমাল)

উত্তরপ্রদেশ থেকে যারা এসেছিলেন, আমাদের সঙ্গে আলোচনা করেই এসেছিলেন, আমরা সাহায্য করেছি এবং আমাদের সাহায্যের জন্য তারা বাড়তি সুযোগও পেয়েছেন। এবং এখনও যে ইন্টারোগেশন হচ্ছে, ইনভেস্টিগেশন হচ্ছে, সেটা একসঙ্গেই। উত্তরপ্রদেশের পুলিশ, গুজরাটের পুলিশ, সি.বি.আই. সবাই মিলে একসঙ্গে ইনভেস্টিগে.শন হচ্ছে। শুধু আপনাদের সদস্যদের জানাবার জন্য বলছি, এটা কোনও নূতন ব্যাপার নয়। আমাদের রাজ্যের অপরাধীদের ধরতে বিহার যেতে হয়, আমাদের বোম্বে যেতে হয়, আমরা যাই, আমরা তাদের সাহায্য নিয়ে গ্রেপ্তার করে নিয়ে আসি। আমাদেরও যেতে হয়। এটা কোনও ব্যাপার নয়। এখানে আরও একটা কথা উঠেছে, মাননীয় সদস্য সৌগত রায় বলেছেন যে হাওড়াতে ১৯ তারিখে শ্রী সঞ্জয় কাপুর বলে একজন ব্যক্তি ছুরিকাঘাত হয়ে মারা গিয়েছেন, বড়বাজারে তাকে স্ট্যাব করা হয়েছিল। তাকে মাড়োয়াড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়, সেখানে তিনি মারা গিয়েছেন। বড়বাজারে কেস হয়েছে, এই কেসে যে এফ.আই.আর. হয়েছে, সেই এফ.আই.আর.-এ তিনজন আসামীর নাম আছে, তারক চৌধুরী, অজয় সোলকার, সন্তোষ সোলকার। এরা তিনজনেই তৃণমূল কংগ্রেসী। তাদের আমরা গ্রেপ্তার করব।

এবং তাদের আমরা ধরে নিয়ে আসব। আমি সেদিনকে আলোচনা প্রসঙ্গে মাননীয় সদস্যদের বলেছি, এখানে আরও কয়েকটি প্রশ্নও উঠেছে, আমি শুধু সৌগতবাবুর প্রশ্নোত্তরে বলছি যে, আমাকে একটু সমালোচনা করেছেন, আমি ওনাকে বলছি, একটু বোঝার চেষ্টা করতে বলছি, বহরমপুরে আমি যা বলার চেষ্টা করেছি, তা এখনও বলার চেষ্টা করি, আমাদের রাজ্যে - আমাদের সকলের বোধহয় একমত হওয়া উচিত অপরাধী এবং রাজনীতির যে নেকসাস এই বিষয়টা যেন পশ্চিমবাংলায় বাসা বাঁধতে না পারে - এই কথাটাই আপনাদের কাছে বার বার বলার চেষ্টা করেছি।

(গোলমাল)

সৌগতবাবু আপনি জানেন গণতন্ত্রে এটাই হচ্ছে নিয়ম। একজন শিল্পপতিও ভোটে জেতেন, একজন শ্রমিক নেতাও ভোটে জেতেন। আপনার মতো একজন শিক্ষিত অধ্যাপকও ভোটে জেতেন একজন অশিক্ষিত ক্ষেতমজুরও ভোটে জেতেন। একজন আস্তিকও ভোটে জেতেন, একজন নাস্তিকও ভোটে জেতেন। একজন সন্ন্যাসীও ভোটে জেতেন, একজন খুনী আসামীও ভোটে জেতেন। তাতে কি প্রমাণ হল? তাতে কিছু প্রমাণ হয়না। গণতন্ত্রে এটাই নিয়ম। শুধু আপনাকে আমি বলছি, চড়টা শুধু ঐটা দেখলেন, চড়টা আপনাদের হাওড়ায় কেমন লেগেছে? চড়টা খুব ভাল লেগেছে? হাওড়ায় চড়টা তো খুব খারাপ হয়নি! যে পঞ্চায়েত নির্বাচনগুলি হয়েছে এবং গতকাল ঝাড়গ্রামে যা হয়েছে, সেই রায়টাও তো দেখবেন। সুতরাং আমি যে বক্তব্য বলেছি, এটা আমার কোনও ব্যক্তিগত ব্যাপার নয়। এই ব্যাপারে আমি কংগ্রেস দলের সদস্যদের কাছে আবেদন করব আপনারা গুরুত্ব দিয়ে এই বিষয়গুলি ভাববেন। আমি আমার বক্তব্য আর দীর্ঘ করব না, শুধু এই কথা বলতে চাই, পশ্চিমবাংলায় যে অবস্থা সারা ভারতের সবাই স্বীকার করেন, পশ্চিমবাংলায় কোনওদিক থেকে সাম্প্রদায়িক উত্তেজনা নেই জাতিগত দাঙ্গা থেকে আরম্ভ করে সংঘর্ষ সাধারণ অপরাধ, এই অপরাধে এখনও আমাদের পশ্চিমবাংলার জায়গা সামনের সারিতে। কিন্তু আমরা আত্মসন্তুষ্ট নই। এই রাজ্যে খুন, ডাকাতি, রাজনৈতিক সংঘর্ষ বা মহিলাদের উপর অত্যাচারের যে ঘটনা ঘটছে সেই সম্পর্কে আমাদের আত্মসন্তুষ্টির কোনও জায়গা নেই। প্রত্যেকটি ক্ষেত্রে আমাদের পরিশ্রম করতে হবে, আমাদের আরও কাজ করতে হবে, এই লক্ষ্য সামনে রেখেই আমাদের এগোতে হবে। এই কটি কথা বলে, এই অনাস্থা প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-30 — 6-40 p.m.]

**শ্রী অতীশচন্দ্র সিনহা** ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের দলের তরফ থেকে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে আমি সেই অনাস্থা প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি। আমার পূর্ববর্তী বক্তা মাননীয় পুলিশমন্ত্রী বুদ্ধদেববাবুর বক্তব্য আমি শুনলাম। তার বক্তব্য সম্পূর্ণ আত্মরক্ষা মূলক বলেই আমার মনে হয়েছে। উনি কোথায় বলবেন যে আমরা বাইশ বছর রাজত্ব করে পশ্চিমবাংলার উন্নয়নকে এই জায়গায় নিয়ে গেছি, কিন্তু সেইসব কথা তিনি বললেন না। আমাদের তরফ থেকে যে অভিযোগগুলো পেশ করা হয়েছে সেইগুলিরই উত্তর দেবার চেষ্টা করলেন, কিন্তু সেই উত্তরও আদৌ টিকলো না। যে অভিযোগ উনি এখানে করলেন, যারা বিভিন্নভাবে অভিযুক্ত আছে তাদের সঙ্গে পলিটিশিয়ানদের যে নেকশাস এবং রাজনীতিতে দুর্বৃত্তায়ন যদি কেউ শুরু করে থাকে, তাহলে সেই হচ্ছে আপনারা। আপনারা গুন্ডা, বদমায়েশদের নিয়ে গ্রামাঞ্চলে এমন রাজত্ব সৃষ্টি করেছেন যার জন্য এই বাইশ বছর ধরে আপনারা রাজত্ব করে যাচ্ছেন, এটা আপনারা ভুলে যাবেন না। হাওড়া পুরসভার ভোটের কথা ভুলে যাবেন না, উত্তর হাওড়ার ১৫টি ওয়ার্ডে আপনারা সম্পূর্ণভাবে গুন্ডাবাহিনী এবং ক্যাডার বাহিনী নামিয়ে দিয়ে ছাপ্পা ভোট করেছেন। আর বহরমপুরে সেখানে ওপেন ভোট হয়েছে। সেখানে আপনি নির্বাচনী জনসভাতে যেভাবে বলে এসেছিলেন তারই প্রতিক্রিয়া ঘটেছে। কংগ্রেসের নেতৃত্বের প্রতি তাদের আস্থা ছিল বলেই তারা ভোট দিয়ে জিতিয়েছে। কৃষ্ণনগরেও আমরা ভালো ফল করেছি।

**মিঃ চেয়ারম্যান** স্যার, বাইশ বছর ধরে আপনারা রাজত্ব করছেন বলে আপনারা বুক ফুলিয়ে যান। আপনারা ভাগ্যের জোরে বাইশ বছর ধরে রয়েছেন। অ্যান্টি লেফট ফ্রন্ট ভোটগুলো ভাগ হয়ে যাচ্ছে, কংগ্রেস আর তৃণমূল যখন ভাগ হলো তখন আপনারা মনে মনে খুব খুশি হলেন। এইদিন কিন্তু আপনাদের থাকবে না, একদিন সময় আসবে যেদিন সমস্ত বামফ্রন্ট বিরোধী ভোট পশ্চিমবাংলায় একত্রিত হয়ে আপনাদের এখান থেকে সরিয়ে দেবে। তখন আপনাদের এইদিকে এসে বসতে হবে। সেদিন আর খুব বেশি দুরে নেই। ১৯৮৯ সালে আপনারা মুখ্যমন্ত্রীর আসনে যিনি বসে আছেন তিনি এবং আজকে যিনি প্রধানমন্ত্রী ভারতবর্ষের তার সঙ্গে হাতে হাত মিলিয়ে আপনারা ব্রিগেডে মিটিং করেছিলেন। আপনারা ভুলে গেছেন সেই কথা। সেদিন কংগ্রেস ছিল আপনাদের কাছে বড় শত্রু, আর এখন বি.জে.পি. হচ্ছে

বড় শত্রু। কারণ আপনাদের মনে ভয় ঢুকেছে আজকে বি.জে.পি. সরকার যদি বেশিদিন থাকে তাহলে আপনাদের ক্ষমতা থেকে সরে যেতে হবে। কারণ ওরা ক্যাডার বেসড্ পার্টি। ওরা পশ্চিমবাংলায় এমন অবস্থা সৃষ্টি করবে যে আপনাদের সরে যেতে হবে, সে কংগ্রেস থাকুক আর নাই থাকুক। সেই ভয় আছে আপনাদের। আপনারা নিজেদের বলেন সাম্প্রদায়িকতা বিরোধী। ৮৯ সালে এই বুলি কোথায় ছিল আপনাদের, যখন মাননীয় জ্যোতি বসু তাদের সঙ্গে হাতে হাত মিলিয়ে ময়দানে মিটিং করেছিলেন? আর আজকে বলছেন বি.জে.পি. সাম্প্রদায়িক শক্তি, এরা ভারতবর্ষ থেকে যত তাড়াতাড়ি সরে যায় ততই ভালো। যে সোনিয়া গান্ধীকে কয়েকমাস আগেই বলেছেন - সে ঘরের গৃহিনী, তার ঘরের মধ্যে থেকে রান্না-বান্না করা উচিত, এখন আবার তারই পায়ে পড়ে বলছেন - সোনিয়া, তুমি আমাদের বাঁচাও, তোমার সঙ্গে হাত মেলাব, বি.জে.পি. সরকারকে সরিয়ে দাও। আপনাদের ইচ্ছেটা কি? খুব সহজ - ইচ্ছেটা হচ্ছে, কেন্দ্রে এমন একটা সরকার তৈরি হোক, যে সরকার আপনাদের উপর নির্ভরশীল হবে, আপনাদের উপর মায়া-দয়া করবে, আপনাদের যাতে সন্তুষ্ট রাখা যায়, সেইজন্য আপনাদের প্রচুর পরিমাণে অর্থ দেবে, আর আপনারা সেটা পি.এল. অ্যাকাউন্টে সরিয়ে রেখে যথেচ্ছাচার করবেন, যেভাবে হোক মিস-ইউটিলাইজেশন করবেন। এই হচ্ছে আপনাদের মনের উদ্দেশ্য। ওসব সাম্প্রদায়িকতা-টতা আপনাদের মনের মধ্যে নেই। আপনাদের সরকার যাতে এই পশ্চিমবাংলায় টিকে থাকতে পারে, আপনারা যাতে চিরকাল ক্ষমতায় বসে থাকতে পারেন, এটাই একমাত্র উদ্দেশ্য। ভারতবর্ষের সার্বিক উন্নতি, ভারতবর্ষের ধর্মনিরপেক্ষতা, এ সমস্ত আপনাদের বুজরুকি কথা, আপনাদের বুলি। যখন সোনিয়া গান্ধীর কাছে গিয়ে দেখলেন বড় কড়া মহিলা, আপনাদের কথায় নড়েন না, আপনাদের এবং অন্যান্য ছোটখাটো দলের সাহায্য নিয়ে কেন্দ্রের বি.জে.পি. সরকারকে সরিয়ে দিতে চাইছে না, তখন আপনাদের নেতা হরকিষেণ সিং সুরজিত বলছেন - কংগ্রেস বড় খারাপ, সোনিয়া গান্ধী বড় খারাপ। দুদিন পরে আবার আমরা দেখব, সেই বি.জে.পি.-র সঙ্গেই আপনারা হাত মিলিয়ে বলবেন যে, কংগ্রেসই আমাদের বড় শত্রু, বি.জে.পি নয়। এই তো আপনাদের রাজনৈতিক চরিত্র। এই চরিত্রের জন্য, রাজনৈতিক হঠকারিতার জন্য, রাজনৈতিক দ্বিচারিতার জন্যই অনাস্থা প্রস্তাব আমরা এনেছি। এ জিনিস চলবে না বেশিদিন। যেহেতু অ্যান্টি বামফ্রন্ট ভোট ভাগ হয়ে যাচ্ছে পশ্চিমবাংলায়, সেইজন্য আপনারা গদিতে বসে থাকতে পারছেন। যদি একদিন এইসব ভোট এক হয়ে যায়, তাহলে আর ক্ষমতায় থাকতে

পারবেন না, আপনাদের সরে যেতেই হবে। সেইদিন আর বেশি দূরে নয়। আমরা সর্বতভাবে চেষ্টা করব, যাতে আগামী লোকসভা নির্বাচনে কংগ্রেস আবার ক্ষমতায় আসে। তারপর যখন বিধানসভা নির্বাচন হবে, আপনাদের আসন তখন টলমল করবে, আপনারা আর গদিতে টিকে থাকতে পারবেন না। কারণটা খুবই সহজ - কেননা, আপনারা পশ্চিমবাংলার কোনও উন্নতি করেন নি - যেটা আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন। শিক্ষা, পঞ্চায়েত, বেকার সমস্যার সমাধান, রাস্তাঘাট, শিল্প, কোনওদিক থেকেই গত ২২ বছরে কোনও উন্নতিই করতে পারেন নি। আপনারা পরিসংখ্যান দিয়ে বলতে পারবেন না - এত লোককে চাকরি দিয়েছি, এত বেকার কমিয়েছি, এত শিল্প পশ্চিমবাংলায় করেছি, এত গ্রামে বিদ্যুৎ নিয়ে গেছি, এত গ্রামে টিউবওয়েল করেছি। এসব বলার ক্ষমতা আপনাদের নেই। এখানে নেগেটিভ ভোটে আপনারা এসেছেন। যেহেতু আপনাদের বিরোধী ভোট ভাগ হয়ে যাচ্ছে, সেইজন্য জিতে যাচ্ছেন। সেই ভোট আমরা ভাগ হতে দিই নি বহরমপুরে, সেইজন্য সেখানে ২৩টির মধ্যে ২৩টি আসনেই আমরা জিতেছি। আপনারাও জানেন, যেখানেই অ্যান্টি বামফ্রন্ট ভোট একত্র হয়েছে, সেখানেই আপনারা হেরেছেন, - বহরমপুর তার প্রকৃষ্ট উদাহরণ। একটু আগে বুদ্ধদেববাবু জওহর রোজগার যোজনা, এমপ্লয়মেন্ট অ্যাসুরেন্স স্কিমের কথা বলেছেন - সব টাকা বছরের শেষে আসে, সেইজন্য সব টাকা খরচ করা সম্ভব হয় না। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এখানে যে বই আমাদের দিয়েছেন সি.এ.জি. থেকে ... তাতে পরিস্কার করে বলা আছে, Due to such lapse, though the money becomes unavailable for use during the same year, it still remains with the State ex-chequer increasing the cash balance of the State at RBI and can be use in subsequent years by providing in the Budget again and seeking fresh approval of the expenditure from the Legislature.

[6-40 — 6-50 p.m.]

এখানে অর্থমন্ত্রী বসে আছেন। আপনারা আমাদেরকেও অসত্য কথা বলেছেন। বোকা বানাচ্ছেন। সমস্ত বিধানসভার সদস্য, আপনাদের দলের সদস্যদেরও বোকা বানাচ্ছেন। বাজেট কেন আনছেন? সেই বাজেট অনুযায়ী আপনারা খরচ করছেন না। আমাদের কাছে অ্যাপ্রুভাল নিয়েছেন, সেই টাকা পি এল অ্যাকাউন্টে লোকাল

ফান্ড অ্যাকাউন্টে সরিয়ে রেখেছেন। সেটা দেখেছেন, কিভাবে খরচ হচ্ছে? তার হিসাব নেই। আপনারা দেখাচ্ছেন কিভাবে খরচ হচ্ছে। খরচ হচ্ছে না। সেই টাকা পারসোনাল লেজার অ্যাকউন্টে পড়ে থাকছে এবং আমাদের কাছে এক্সপেন্ডিচারের যে হিসাব দেন, সেটা সম্পূর্ণভাবে অসত্য। এই জিনিস আপনাদের কাছ থেকে আশাকরি না। মুখ্যমন্ত্রী আপনার পিছনে বসে আছেন। নিশ্চয় তিনি একজন বড় রাজনীতিবিদ। তিনি নিশ্চয় এই রকম অসত্য জিনিস আমাদের কাছে পেশ করা হোক, এটা নিশ্চয় তিনি বরদাস্ত করবেন না? আপনারা সংশোধিত হন। বার বার এই কথা আমরা তুলে ধরেছি। আপনারা দপ্তরে দপ্তরে টাকা দেন না। আমি বলেছি যে, দপ্তরের জন্য যে টাকা অ্যালোকেট করেন, সেই টাকা আপনারা দেন না। আমি আজকেও চ্যালেঞ্জ করছি যে, আপনারা দাঁড়িয়ে উঠে বলুন তো অর্থমন্ত্রী বাজেটে যে অ্যালোকেট করেন, সেই পুরো টাকা আপনারা পান, কি পান না? অর্থমন্ত্রী চলে গেলেন। এই ক্ষমতা আপনাদের নেই বলবার। এই কথা বলার সাহস কোনও মন্ত্রীর নেই। অর্থমন্ত্রী নেই। এই হচ্ছে পারফরমেন্স এবং আমরা যদি আজকে অনাস্থা প্রস্তাব আনি, তাহলে কি আমরা অন্যায় করব? আমরা যে অনাস্থা প্রস্তাব এনেছি, সেটা সমর্থনযোগ্য এবং আশাকরি যে দোষ ত্রুটিগুলি আমরা তুলে ধরলাম, সেগুলি আমি জানি না, অনাস্থা প্রস্তাবে পাশ হবে কি হবে না, আপনাদের কাছে আমার অ্যাপিল যে, আপনারা কেন দেবেন না? কিন্তু এটা ঠিক যে, আপনারা নিজেরাই বোকা বনছেন। আপনারা মন্ত্রিমহাশয়ের কাছে বলুন যে, আপনাদের অসত্য কথা বলা হচ্ছে। আপনাদের বোকা ভাবা হচ্ছে। আপনারাও এর প্রতিবাদ করুন। যদি এখানে করবার সাহস না থাকে, অন্তত চুপি চুপি অর্থমন্ত্রীর কাছে গিয়ে, মুখ্যমন্ত্রীর কাছে গিয়ে বলুন যে, এই জিনিস বন্ধ করা হোক। আমাদের মুখ্যমন্ত্রী এখানে আছেন। উনি যখন বিরোধী আসনে ছিলেন, উনি বারে বারে বলতেন যে, কেন পুলিশের জন্য এত টাকা ব্যয় করব? ১৯৭২-৭৩ সালে পুলিশ বাজেট ছিল ৩০ কোটি টাকা। আর আজকে ১৯৯৮-৯৯ সালে সেটা বাড়তে বাড়তে ৭৪৮ কোটি টাকা হয়েছে। ২৫ গুন বেড়েছে। পুলিশের সংখ্যা ডি জি, ডি আই জি সংখ্যা অনেক বেড়েছে। কিন্তু খুনের সংখ্যা সেই সঙ্গে তাল মিলিয়ে বেড়ে চলেছে। সেটা কমেনি। ধর্ষণের সংখ্যা বেড়ে চলেছে, কমেনি। খবরের কাগজ খুললেই দেখছি যে, যেখানে সেখানে ডাকাতি, ধর্ষণ রাহাজানি দিনের পর দিন বেড়েই চলেছে। আপনারা বলবেন কেন বিহার, উত্তরপ্রদেশে হচ্ছে, আর পশ্চিমবাংলায় হলে দোষ কি? এটা কোনও ব্যাখ্যা হতে পারে না। আজকে পশ্চিমবাংলায় সত্যিই যদি ভাল শাসন চান

তাহলে দেখুন এইসব খুনিদের কেন শাস্তি হচ্ছে না। আমি দৃষ্টান্ত দিতে পারি, প্রত্যেক বছরে আপনার রাজ্যে ১৭শো থেকে ১৮শো লোক খুন হয়। শাস্তি পায় মাত্র ৫০ থেকে একশো জন। যেখানে পুলিশ বাজেটে খরচ করা হয় সাতশো কোটি টাকা। এইজন্যই তো প্রত্যেকদিন বিশৃঙ্খলা বাড়ছে। মাননীয় চেয়ারম্যান আমি আর আমার বক্তব্য বাড়াব না। এই অনাস্থা প্রস্তাবকে সম্পূর্ণভাবে সমর্থন করে এবং সমস্ত বিধানসভার সদস্যদের কাছে আহ্বান জানাচ্ছি তাঁরা যেন এই প্রস্তাবকে সমর্থন করেন। এইকথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-50 — 7-00 p.m.]

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় সভাপাল মহাশয়, যে অনাস্থা প্রস্তাব এখানে আনা হয়েছে কংগ্রেসের পক্ষ থেকে আমি তার বিরোধিতা করছি এবং করতে গিয়ে আমার একথা মনে হচ্ছে যে এতো প্রতি অধিবেশনে আমি দেখি একটা করে অনাস্থা আসে, নতুনত্ব কিছু নেই। জিনিসটা ভোঁতা হয়ে যাচ্ছে। মানুষ আর এসব গ্রাহ্য করবে না। বলবে এটা নিয়ম। ওরা করে, একদিন চেঁচামেচি করতে চায়। আর যা ঘটনা, যা অবস্থা তার সঙ্গে কোনও মিল নেই, এখানে যে বক্তব্য রাখা হয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে মিল নেই। কিছু কিছু ক্ষেত্রে সঠিক কথা বলা হয়েছে। আর এবারকার যে অনাস্থা প্রস্তাব তার একটা বিশেষত্ব রয়েছে। বিশেষত্ব হচ্ছে এই যে এটা যত না আমাদের বিরুদ্ধে তার থেকে বেশি হচ্ছে তৃণমূলের বিরুদ্ধে। ওদের দেখাতে হবে যে ওরা আমাদের বি টিম না। ওরা তৃণমূলকে বোঝাচ্ছে যে, তোমরা যে আমাদের বি টিম বল দেখ আমরা অনাস্থা প্রস্তাব এনেছি বামফ্রন্টের বিরুদ্ধে। এটাই হচ্ছে নতুন যা এখানে যুক্ত হয়েছে। এই অনাস্থা প্রস্তাব। যাই হোক আমি এর বিরোধিতা করছি। কিন্তু আমি এই কথাটা বলছি যে এক হিসেবে ভাল এই অনাস্থা প্রস্তাব। কারণ এই অনাস্থা প্রস্তাবকে তো আমাদের পরাজিত করতে হবে, হারিয়ে দিতে হবে, প্রত্যাখ্যান করতে হবে এবং তার মানে হবে মানুষ বুঝবেন যে আমাদের ওপর কনফিডেন্স আছে, আস্থা আছে এই পশ্চিমবাংলার বিধানসভার। ভালোই হবে। আমরা তো আর আস্থা ভোট চাইতে পারি না। আমাদের তো আস্থা আছেই। মানুষের মধ্যে আছে, এখানেও আছে। কাজেই এটা একদিক থেকে ভালোই হয়েছে। এটা বলে আমি সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই। আমি শুনলাম সৌগতবাবু বললেন, অতীশবাবু বললেন, হঠাৎ করে দিল্লির কথা আনলেন। কংগ্রেসের জয় হয়েছে তিনটি রাজ্যে বিজেপিকে হারিয়ে। সেই কথাটা আনলেন, তা

আমাদের উপর অনাস্থা কেন? ভালোই তো হয়েছে। বিজেপি না জিতে আপনারা জিতেছেন। আমরা তো আগেই বলেছিলাম অন্তত আমাদের দল। যেখানে আমরা নেই—বামপন্থীরা, যেখানে যুক্তফ্রন্ট ছিল, তারা দুর্বল, সেই সেখানে বিজেপির সঙ্গে লড়াই হলে কংগ্রেস যদি জেতে ভালোই হবে। কংগ্রেসের সঙ্গে আমাদের অনেক পার্থক্য কংগ্রেসের সঙ্গে যোগ দেবার সরকার ইত্যাদির কোনও প্রশ্ন নেই। আমাদের যা বক্তব্য আমরা সেখানে রাখব, বলব, এইসব আমরা বলেছি। তো অনাস্থার সঙ্গে তার কি সম্পর্ক? আমি বুঝলাম না। একটা সমীক্ষা হয়েছিল। এত তাড়াতাড়ি সমীক্ষা করলে চলবে কেন? তিনটি রাজ্যে জিতেই সমীক্ষা। লোকসভা ইলেকশন হয়েছিল সেটা তো বললেন না যেখানে যেখানে সরকার ছিল, বোধহয় পাঞ্জাব বাদ দিয়ে, আর বামপন্থীদের বাদ দিয়ে তিনটি রাজ্যে সেখানে যে সরকার ছিল, কংগ্রেস হেরেছে। বিজেপি হেরেছে। জনতা দল হেরেছে। এটা তো বললেন না। আপনারা কংগ্রেসের ৯ জন ছিলেন, ৪২ জনের মধ্যে। এখন একজন আছেন, গনিখান সাহেব। কি হল? হেরে গেলেন? আর বলছেন সব এক করব। যার বিরুদ্ধে অতীশবাবু বললেন। বিজেপি সহ? জিজ্ঞাসা করছি। ওরাই তো বিরুদ্ধে আমাদের। ওরাই তো সরকার চালাচ্ছে। আর আপনারা বললেন যে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আমাদের সব মেকি কথাবার্তা নাকি। এটা একটু বলবেন। উত্তর দেবেন মান্নান সাহেব, যখন আমার পরে বলবেন। এই যে একত্রিত করবেন সবাইকে-চোর, ডাকাতি, ভালো মানুষ, খারাপ মানুষ নানা দলের, তার মধ্যে বি.জে.পি. আছে কি না জানতে চাই? মুসলীম লীগ আছে কি না জানতে চাই? তারা থাকবে কিনা আমরা জানতে চাই? তারপর আমার যে কথা, অনাস্থা আনলেন, মুর্শিদাবাদে প্রাকৃতিক বিপর্যয় হলো, মালদাতে প্রাকৃতিক বিপর্যয় হলো তার জন্য আমাদের বিরুদ্ধে অনাস্থা? সেখানে কংগ্রেস থাকলে বিপর্যয় হতো না? অদ্ভুত কথা, বোঝা কঠিন। খুন বড়বাজারে হয়েছে সেইজন্য অনাস্থা প্রস্তাব। কি বলতে চাইছেন বুঝতে পারছি না। আপনারা যদি সমস্ত রিপোর্ট পড়েন তাহলে দেখবেন আমরাতো একটা অঙ্গরাজ্য, আমরাতো ভারতবর্ষের মধ্যেই আছি। দেখবেন আমরা যেটা বলছি, খুন বেড়েছে, হিংসাত্মক কার্যকলাপ বেড়েছে। গান্ধীজির ভারতবর্ষতো আর নেই। সমস্ত জায়গাতেই বেড়েছে। পশ্চিমবাংলাতেও বেড়েছে। আমরা চিন্তিত। সেজন্য কিন্তু অন্য রাজ্যের সঙ্গে নিশ্চয়ই তুলনা করতে হবে, আমরাতো আর এর বাইরে নই, আমাদের রাজ্যতো আর বাইরের রাজ্য নয়। স্বভাবতই আমাদের তুলনা করে বলতে হবে। এটা দুর্ভাগ্য। তবে এটুকু বলতে পারি আমাদের এখানে বিভিন্ন ব্যাপারে যে অন্যায় হয়েছে

অপরাধ হচ্ছে মানুষের বিরুদ্ধে সমাজের বিরুদ্ধে, কিন্তু আমাদের এখানেতো সব থেকে কম। যদিও কংগ্রেস হিংসাত্মক কার্যকলাপে মানুষকে উদ্বুদ্ধ করছে। কংগ্রেসিদের মনে নেই যে পুলিশকে বোম মেরে পিস্তল মেরে রাইটার্স বিল্ডিং দখল করতে গেল। একটা ছেলে মারা গেল। ওঁরা এখন তৃণমূলে, তখনতো কংগ্রেসে ছিল। মনে নেই যে মহিলা তাঁদের নেত্রী একজন ছিলেন, তিনি গিয়ে বেহালা থানার ও.সি. বসে ছিল, তাকে চেয়ার থেকে উঠিয়ে তাকে ঠেলে বসে পড়লো। অ্যাসেম্বলির বাইরের ছবি আছে। মহিলা, পুরুষ পুলিশের টুপি ধরে টানাটানি করছে। বারাসাতে উনি ছিলেন, সৌগতবাবু ওই নেত্রীর সঙ্গে, সেদিন তাঁর দাবি কি ছিল? ডি.এম., এস.পি.-কে এখানে এসে বলতে হবে এখানে ১০ হাজার লোক হয়েছে, এই ১০ হাজার লোককে আমরা অ্যারেস্ট করলাম এবং ছেড়ে দিলাম। এতো তো অ্যারেস্ট করা যায় না, আপনারা বলবেন ছেড়ে দিলাম। ওঁরা যদি এটা করতেন তাহলে ওঁদের চাকরি যেত। স্বাভাবিক ভাবেই ওই অফিসাররা করলেন না। তখন আক্রমণ হলো ওখানে। সব থেকে বড় যে পুলিশ অফিসার ছিল তার উপর। এমন আক্রমণ হলো তখন পুলিশকে গুলি করতে হলো। আবার একটা লোক মারা গেল। সেই পুলিশটির অপারেশন করতে হলো, একটা নার্সিংহোমে এক-দেড় মাস ধরে তিনি থাকলেন। এইসব হিংসাত্মক কার্যকলাপ হয়েছে। এটা ভাববার কোনও কারণ নেই সেই হিংসাত্মক কার্যকলাপ যারা করতো তারা সাম্প্রদায়িক। পুরোপুরি যারা ছিলেন কংগ্রেসে তাঁরা সবাই বেরিয়ে তৃণমূল কংগ্রেসে ঢুকেছে এটা ভাববার কোনও কারণ নেই। তৃণমূলের কি হবে, কংগ্রেসের কি হবে সেটা আলাদা কথা। সব থেকে বড় অপরাধ ওঁরা নিজেদের সম্বন্ধে অসত্য কথা বলেন সেটা নয়, সব থেকে বড় অপরাধ হচ্ছে বি.জে.পি.-কে পশ্চিমবাংলায় প্রতিষ্ঠা করার চেষ্টা করছেন। এই কংগ্রেস হচ্ছে একটা সাম্প্রদায়িক দল, আনুষ্ঠানিক ভাবে অসাম্প্রদায়িক দল। এটা আজ আমাদের কাছে গুরুত্বপূর্ণ, কারণ কংগ্রেস অসাম্প্রদায়িক হয়ে সাম্প্রদায়িক শক্তির কাছে আত্মসমর্পন করছে বারে বারে। তাই বাবরি মসজিদ ভেঙে গেল, রক্ষা করতে পারলেননাতো কংগ্রেস সরকার। এই আত্মসমর্পন করে করে এই অবস্থা তাঁদের হয়েছে। প্রত্যেকবার বলা হয় কলকাতায় একটা মিটিং হয়েছিল সেখানে বাজপেয়ি ছিলেন। তখন তো জনতা দলকে ওঁরা সমর্থন করেছিলেন। ওঁরা বাবরি মসজিদ ভেঙেছে তখন এইসব হয়নি। একসঙ্গে সরকারে তখন যারা ছিল জনতার সঙ্গে আমরা সমর্থন করেছিলাম বাইরে থেকে। তারপর আপনারা জানেন, রথযাত্রা ইত্যাদি। আপনারা মিটিংয়ের কথা বলেন আমিতো বাজপেয়ির সঙ্গে আর এখন

যিনি স্বরাষ্ট্রমন্ত্রী আছেন আদবানীর সঙ্গে আলোচনা করেছি। ভি.পি.সিং আমাকে বলেছিলেন যে আপনি ওঁদের বোঝান। এই যে রথযাত্রা বের করেছে এতে কি সর্বনাশ হবে ভারতবর্ষের। আমি গিয়েছিলাম তাঁদের কাছে আলোচনার জন্য, বোঝাবার জন্য। পারলাম না। ওঁরা বলেছিলেন যে কেন মোঘলরা আমাদের মন্দির ভেঙেছিল, কাজেই এটা হবে। তখন অবশ্য মসজিদ ভাঙার কোনও কথা ছিল না। কিন্তু রথযাত্রা আমরা কেন করতে পারব না মুসলমানদের বিরুদ্ধে। আমি বললাম, মোঘল যদি করে থাকে তাহলে অন্যায় করেছে। করেছিল দু-একজন মোঘল। কিন্তু সেটা অন্যায় করেছিল, না ঠিক করেছিল? আদবানি বললেন, অন্যায় করেছিল। আমি বললাম, আপনিও তাহলে অন্যায়ের দিকে যাবেন নাকি? তখন অবশ্য ভাঙ্গাটাঙ্গার কোনও প্রশ্ন ছিলনা। কাজেই ঐসব বলে কি লাভ আছে, — মনুমেন্টের ওখানে মিটিং, ইত্যাদি। উত্তরপ্রদেশে কংগ্রেসের বিরুদ্ধে দাড়িয়ে ভি.পি.সিং সেই কংগ্রেস সদস্যকে হারিয়ে দিয়েছিলেন এবং এতে তিনি সবার সমর্থন নিয়েছিলেন। ঐজন্য ওঁরা একটা মিটিং ডেকেছিল, একটা বিজয় উৎসব হয়েছিল। আমিও সেখানে গিয়েছিলাম। তারপর যেসব কথা এখানে বলা হচ্ছিল রাজনৈতিক দৃষ্টিভঙ্গির দিক থেকে তাতে আমি বলছি, আজকে ভারতবর্ষের যে অবস্থা তা আপনারা বুঝতে পারছেন না। আপনারা এমন সব কথা বলেন - কাগজে-টাগজে পড়েন আর কি। যারা ২০ বছর ধরে আমাদের বিরুদ্ধে লিখছে।

এই যে সোনিয়া' গান্ধী সম্বন্ধে একটা কথা প্রায়ই বলা হয়। কিন্তু এ বিষয়ে লিখিত বিবৃতি আছে, টি.ভি. ক্যাসেট আছে। আমাকে জিজ্ঞাসা করা হয়েছিল সোনিয়া গান্ধী সম্পর্কে। আমি বলেছিলাম, আমি ওনাকে ভালোভাবে চিনি, ওঁদের বাড়ি গিয়েছি, ওঁর স্বামীর সঙ্গে আলোচনা করেছি। কিন্তু উনি কোনও আলোচনায় থাকতেন না। উনি গৃহিণী ছিলেন, ছেলে-মেয়ে মানুষ করেছেন। কিন্তু তার পরে যেটা বলেছিলাম সেটা আর কেউ বলছেন না। সেটা হচ্ছে, উনি জানেন যে, তা সত্ত্বেও আমরা চাই মহিলারা রাজনীতিতে অংশগ্রহণ করুক। তবে আমি ওনাকে এটাও বলেছি, ইউ হ্যাভ গট এ ভেরি ডিফিকাল্ট টাস্ক। বিকজ দেয়ার ইজ নো লিডারসিপ ইন দি কংগ্রেস। ইউ হ্যাভ গট এ ভেরি ডিফিকাল্ট টাস্ক। বাট আই উইস ইউ লাক, আই হোপ ইউ উইল সাকসিড সামহোয়াট। সর্বভারতীয় ক্ষেত্রে যদি দেখি তাহলে দেখা যাবে কংগ্রেসের সঙ্গে আমাদের মূলগত পার্থক্য আছে। কিন্তু তথাপি ভারতবর্ষে ৫০ বছর স্বাধীনতার পর যে অবস্থা সৃষ্টি হয়েছে এটা আমরা কল্পনা করতে পারিনি। সেখানে কংগ্রেস যদি সত্যি অ-সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি নিয়ে চলে,

আমাদের সংবিধানে যে সেকুলার রাষ্ট্র বলে বলা আছে তা মেনে নেয় তাহলে আমরা বলছি, তাঁরা নিজেদের প্লাটফর্মে আলোচনা করুন, হারান বি.জে.পি.-কে। এতে আমাদের কোনও অসুবিধা নেই। আমরা জনগণের প্রতিনিধি। আমরা মাঠে-ময়দানে, কলে-কারখানায়, স্কুলে-কলেজে সমস্ত মানুষকে একত্রিত করার চেষ্টা করছি। আমরা লেফ্‌ট-ডেমোক্রাটি সেকুলার ফোর্সেস, আমরা একথাই বলি। কংগ্রেসের মধ্যে সাম্প্রদায়িক ভাবাপন্ন মানুষ এখনও আছেন। কিন্তু আবার অনেকে আছেন যাঁরা অ-সাম্প্রদায়িক, সত্যিকারের অ-সাম্প্রদায়িক। তাঁরা যদি সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করতে চান, লড়াই করেন, আমরা কি তাঁদের নিন্দা করব, যেটা অতীশবাবু করলেন? এই হচ্ছে কংগ্রেসের চরিত্র। এই জন্য ২২ বছর মানুষ আপনাদের বাইরে রেখেছেন।

আবার দেখুন, আমাদের আওতায় যতগুলো ইলেকশন হয়েছে ততবার ইলেকশন কমিশন দিল্লি থেকে আমাদের সার্টিফিকেট দিয়েছেন। তাঁরা তো আমাদের পার্টির সদস্য নন। তাঁরা বার বার বলেছেন, আমাদের এখানে খুব শান্তিপূর্ণ, সুন্দর নির্বাচন হয়েছে। ঐ বহরমপুরে রিগিংটা হল না, শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে তো। সব তো এক করেছিলেন বি.জে.পি.-কে নিয়ে। এটা তো বলবেনই যে, তাতে কি হয়েছে রিগিং করে আপনারা করেছেন। জনসাধারণ ভোট দিয়েছে, আবার হয়তো পরে দেবেনা, সে আলাদা কথা। আমরাও কোনও জায়গায় জিতেছি কোনও জায়গায় হেরেছি। কিন্তু এটা থেকে কি প্রমাণ হয়? কিছুই প্রমাণ হয়না। কারণ সার্টিফিকেটটা আমরা দিল্লি থেকে পেয়েছি বারে বারে। ওঁদের প্রতিনিধি এখানে এসেছেন, থেকেছেন, কয়েকজন কয়েকদিন ধরে কাউন্টিঙের সময় থেকেছেন। ওঁরা বলেছেন একেবারে শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে। কাজেই অনাস্থা কিসের উপর? বাইরেও মানুষের আস্থা আমাদের উপর, আর ভেতরেও তা আছে।

শিল্পের ব্যাপারে বারে বারে নানা প্রশ্ন করা হয়। আমি বাজেট অধিবেশনে বলেছি, আরেকবার বলে দিই এখন যে অবস্থা দাড়িয়েছে। ১৯৯১ সাল থেকে নতুন নীতি-টিতি হয়েছে। আমাদের কাছে বাইরে থেকে এবং ভেতর থেকে শিল্পপতিরা যে দরখাস্ত দিয়েছেন তার মূল্য হচ্ছে ৪৮ হাজার ৪৯৭। যা হয়েছে তা হচ্ছে সাত কোটির উপরে কারখানা হয়ে গেছে, উৎপাদন হচ্ছে। আর ১০ কোটি নির্মিয়মান আছে, যে ১০ কোটি টাকা ইনভেস্ট করা হয়েছে সেটা নির্মিয়মান আছে, কিছু সময় লাগবে। তার মানে থার্টি ফাইভ টু ফরটি পারসেন্ট এখন অবধি হয়েছে এই দুটো মিলিয়ে। আর অসুবিধা আমাদের হচ্ছে যেটা, সেটা কেউ বললেন, বোধহয় মান্নান

সাহেব বা কেউ বললেন, সেটা হচ্ছে যে কেন্দ্রীয় সরকার, দিল্লির কেন্দ্রীয় সরকারে কংগ্রেস ছিল, এখন যেটা বি.জে.পি.র নেতৃত্বে যে ১৮ পার্টির সরকার আছে তারা ঠিক করে নিয়েছে, এখন কংগ্রেস পরিবর্তন করবেন কিনা পরে, আমি সেটা জানিনা, কিন্তু তাঁরা ঠিক করে নিয়েছেন যে রাষ্ট্রায়ত্ত শিল্পগুলোকে বন্ধ করে দিতে হবে। প্রথমে দুর্বল করতে হবে, তারপর বন্ধ করে দিতে হবে। সেজন্য আসানসোল বেল্টে বলুন যেখানে বলুন সেখানে সমস্ত জায়গায় দেখছি যে এম.এ.এম.সি., সাইকেল কর্পোরেশন, এমন কি ফার্টিলাইজার ফ্যাক্টরি, সার কারখানা দুর্গাপুরে একটা ছিল, কংগ্রেস সরকার আমাকে বলেছিলেন যে এটা আমরা কিছুতেই বন্ধ করব না। কিন্তু সেটাও বন্ধ হয়ে যাবে, বোধহয় নোটিস এসেছে বা বন্ধ হয়ে গেছে। যেটা নাকি হলদিয়া ফার্টিলাইজার ছিল সবথেকে বড়, সেটাও বন্ধ হয়ে গেছে, তাদের রাতদিন বসে বসে মাইনে দিচ্ছে। একবছর আগে ইঞ্জিনিয়ররা আমাকে এসে বলে যে; লজ্জা করে, আমরা শিক্ষিত লোক, প্রতিমাসে আমরা যাই মাইনে আনবার জন্য, কোনও প্রোগ্রাম নেই, কিছু নেই, বন্ধ করে দেওয়ার ব্যবস্থা করান। এখন বন্ধ হয়ে গেছে। আমি নরসীমা রাওকে বলেছিলাম, আপনি আর যাই করুন ফার্টিলাইজার ফ্যাক্টরি বন্ধ করছেন কি করে? আমার তো বাইরে থেকে ফার্টিলাইজার আনতে হাজার হাজার কোটি কোটি টাকা লাগে। বিদেশিদের সুবিধে করে দিচ্ছেন। উনি বললেন, 'যন্ত্রপাতির গোলমাল হয়ে গেছে, ভুল টেকনোলজি', এসব নানা কথা উনি বললেন। সেটা বন্ধ হয়ে গেছে। এই যে আমাদের অসুবিধা হচ্ছে, যদি ঐ ৪৮ থাউজেন্ড ক্রোর্স আমাদের এখানে ইনভেস্টমেন্টের জন্য আসত। তারপর আমার যেটা কথা সেটা হচ্ছে, সৌগতবাবু, 'অন্যায় করবেন না। আপনাদের ইচ্ছে ছিল পেট্রোকেমিক্যাল যাতে না হয়। যেটা আমার ১৩ বছর লেগেছে এবং অবশেষে রাজীবগান্ধীকে আমি বলিনি, আমি জানতাম না যে ৩ দিন পরে নির্বাচন হবে, আমি দিল্লিতে ছিলাম, উনি মন্ত্রীকে পাঠালেন যে, জ্যোতিবাবুকে বলুন যে, কয়েকদিন লাগবে, খুব অন্যায় হয়েছে, আমরা গিয়ে ফাউনডেশনটা লে করব, পেট্রোকেমিকেলের শিলান্যাস করব। আমি বললাম, সে কি কথা? এত বছর ধরে আমি চেষ্টা করছি, কেউ কিছু বলল না, আপনারা কিছু করলেন না। তারপর বললাম আপনি আমাকে চিঠি দিন তাহলে আমি যাব। উনি আমাকে চিঠি দিলেন, আমরা দুজনে গিয়ে শিলান্যাস করলাম। তারপর ব্যাঙ্ক ইত্যাদি, কংগ্রেস সরকারের যেটুকু করবার কথা ছিল, আই.ডি.বি.আই. ঋণ দেওয়া আর পার্টনারদের কত টাকা এসব ঠিক হয়েছে। আর এখন জাপানের ট্রয়ো কোম্পানি হলদিয়াতে মূল ক্র্যাকার প্ল্যানটা করছেন,

শুনছি সেটা তাঁরা সময়সীমা বেঁধেই করছেন। চমৎকার জাপানিজ এফিসিয়েন্সি। আগে আমরা বলতাম আমেরিকার এফিসিয়েন্সি। আর এখন হচ্ছে জাপানিজ এফিসিয়েন্সি। এইভাবে তাঁরা কাজ করছেন ওখানে। ওঁরা আমাকে বলেছেন ওখানে সাড়ে দশ হাজার লোক দৈনিক কাজ করছেন ঐ ক্র্যাকার প্ল্যানটা তৈরি করার জন্য। আমরা দেখব সেটা যাতে করা যায়। অসুবিধাতো আছেই, সেটা এতদিন ধরে তো আপনারা বলেছেন। আপনারা মাসুল সমীকরণের কথা বলেছেন কংগ্রেস আমলে? কোনওদিনই তো বলেন নি যে, আমাদের অধিকার ছিল কয়লার উপর, ইস্পাতের উপর, লোহার উপর-তার উপর মাসুল সমীকরণ করে দিন। আমরা যে দাম পাই ২ হাজার কিলোমিটার দূরে যারা আছেন তাঁরাও সেই দাম পায়। অথচ আমাদের যে কাঁচা মাল দরকার তাতো আমরা পেতাম না একই দামে। জিনিসের দাম বাড়িয়ে দিতাম। কতবার ইন্দিরা গান্ধীর কাছে আমাকে যেতে হয়েছে, যে ইন্ডাস্ট্রিয়াল অ্যালকোহল আমাদের এখানে হয় না, অথচ একগাদা লোক কাজ করে সেই কারখানাগুলোতে। ইউ.পি., বিহার, মহারাষ্ট্রে এই ৩ জায়গা থেকে আমাদের কাছে আসত। ওরা বলছে, দিচ্ছেনা, আমাদের সব বন্ধ হয়ে গেছে, লে-অফ। আমি ইন্দিরার কাছে দুবার গিয়েছিলাম যে, আপনি একটু ফোন করে বলুন না ওদের। ইউ.পি. তক্ষুনি সাড়া দিল। তখন ওখানকার চিফ মিনিস্টার কে ছিলেন আমার মনে নেই। উনি বললেন, আমরা পাঠিয়ে দিচ্ছি। মহারাষ্ট্রের চিফ মিনিস্টার বললেন যে, আমি পশ্চিমবঙ্গকে দেব না, কারণ ওরা কেন্দ্রের বিরুদ্ধে। অদ্ভুত সব কথা। যাই হোক ইন্দিরাজী বলেছিলেন, "কি করব, এইসব বলছে। তবে আপনারা পাবেন, আমি পারসুয়েট করব।" পরে খুব বেশি পাই নি, কিছু এসেছিল। কাজেই আমি বলছি এই অসুবিধাগুলো আমাদের ছিল। কোনওদিন প্রতিবাদ হয়নি কংগ্রেস গভর্নমেন্ট থেকে। আমরা বলেছিলাম কিছুদিনের জন্য মাশুল সমীকরণের দরকার ছিল—শুধু পশ্চিমবাংলায় শিল্প হবে, শিল্প বাড়বে, অন্য জায়গায় কিছু হবেনা, ওরা পিছিয়ে আছে। এটা বৃটিশের শিল্প-বাণিজ্যের কেন্দ্র ছিল। এখানেই সব হবে, এই সংকীর্ণ মনোভাব নিয়ে আমরা চলিনা, ভারতবর্ষের কথা ভাবি। কিন্তু সেটা ৩০/৪০ বছর ধরে চলবে! আমরা তো একই দামে কাঁচা মাল পাচ্ছিনা। সেজন্যই তো ঐদাবি করা। যাই হোক, কংগ্রেস আমলে কথাবার্তা হয়েছিল, কিন্তু কিছু হয়নি। এখন একটা কমিটি করেছে, আমি সেখানে যাচ্ছি, ১০ তারিখে আমরা আলোচনা করব যে, আমরা যেন পরস্পরকে আলাদা করে না ভাবি। ফেডারেলইজ একটা থাকা দরকার, যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা। সেটা নেই ভারতবর্ষে। আমাদের প্রতি অবিচার

হয়েছে, কংগ্রেসের দ্বারা হয়েছে, এখন যে সরকার চলছে তাদের দ্বারাও এইসব হয়েছে। তারপর হাই প্রাইস, দাম বাড়ার সম্পর্কে আপনারা কেন ঐসব বললেন আমি জানিনা। আমাদের পশ্চিমবাংলায় এবং অন্যান্য রাজ্যে যখন হরতাল বা বন্ধ হয় তখন তো আই.এন.টি.ইউ. সি. আমাদের সমর্থন করেছিল এবং সেই প্রস্তাব নিয়ে পাঠান হয়েছিল। আপনারা পেয়েছেন কিনা জানিনা, বার্ণালা একটা চিঠি লিখেছেন, "আমরা এই এই স্টেপ নিয়েছি"— ঐ আমাদের প্রস্তাবটার ওপরে। তবে সেটা সন্তুষ্টজনক নয়। তবুও লিখেছেন, "এই এই করবার চেষ্টা করছি।" আর প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীদের মিটিং ডেকেছিলেন। আমি সেখানে গিয়েছিলাম। আমি বলেছিলাম, এসেনসিয়াল কমোডিটিস অ্যাক্টাকে দুর্বল করে দিলেন কেন? সেটা তো ভাল আইন ছিল। কারণ ওরা ট্রেডার্সদের একটা প্রতিনিধিত্ব করেন। সে জন্য ট্রেডার্সদের চাপে ওরা অর্ডিনান্স যা করেছিলেন তা ল্যাপ্স করিয়ে দিয়েছিলেন। এইসব কথা বার্ণালা সাহেবের চিঠিতে কিছু নেই। যাই হোক, আমি বলছি আপনাদের অনাস্থা হল আমাদের ওপর আস্থা। এই বিধানসভায় আপনাদের ওটা হারিয়ে আমরা এটাই প্রমাণ করব যে, আমরা সব এখনও আছি এবং একসঙ্গেই আছি। আপনারা আমাদের মধ্যে ঝগড়া বিবাদ লাগাতে চাইছেন, কিন্তু আমাদের সব বক্তাদের বক্তব্য তো শুনলেন—কেউ কাউকে কিছু শিখিয়ে দেয় নি যে, কি বলতে হবে। আমরা বামফ্রন্ট আছি, ঐক্যবদ্ধ আছি, শক্তিশালি আছি এবং থাকব। এখানে পশ্চিমবাংলায় এবং কেরালা, ত্রিপুরায় আপনারা দন্তস্ফুট করতে পারবেন না। কারণ মানুষ আমাদের চেনেন, আমরা তাঁদের বন্ধু। নিপীড়িত, শোষিত মানুষ, সাধারণ মানুষ আমাদের জানেন। বিরোধী দল হিসাবে তাঁরা আমাদের দেখেছেন। বিনা বিচারে যখন আমাদের আটক করা হয়েছিল তখন তাঁরা আমাদের দেখেছেন। আপনাদের একটা কংগ্রেসের গুন্ডাকেও আমরা বিনা বিচারে আটক করি নি। এটা কম গর্বের কথা নয়। এটা অসভ্য আইন ছিল, মানুষকে বিনা বিচারে আটক করা। সেজন্য ওটা আমরা ব্যবহার করি নি। আপনারা আমাদের কাছে আবেদন করলেন আপনাদের পক্ষে ভোট দেওয়ার জন্য। আমি বলছি, আপনারা আপনাদের ইচ্ছা অনুযায়ীই ভোট দিন, কিন্তু একটু চিন্তা করুন যে, কোনপথে যাবেন। আর আত্মমনতুষ্টিরই জায়গা নেই। তিনটে রাজ্যে জিতে আত্মসন্তুষ্টিতে ভুগছেন। কিছুদিন আগেই লোকসভার নির্বাচনে হেরেছিলেন, যেখানে আপনাদের সরকার ছিল সেখানেও হেরেছিলেন। এবারে একটু জিতেছেন—যেখানে বামফ্রন্ট নেই, শক্তিশালি না; যুক্ত ফ্রন্টে যারা ছিলেন তাঁরা নেই, শক্তিশালি না সেখানে অ্যাজ এগেনস্ট দি বিজেপি যদি কংগ্রেসের জয় হয়

তাহলে আমি মনেকরি— আমি যে পার্টিতে আছি—এটা মঙ্গলের হবে। কারণ একটা ধর্ম নিরপেক্ষ দল, অন্তত আনুষ্ঠানিকভাবে ধর্ম নিরপেক্ষ দল, এটার আজকে আমাদের প্রয়োজন আছে। এটা সারা ভারতে ছড়িয়ে আছে, যদিও মানুষের থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে নিজেদের অপরাধের জন্য, অন্যায়ের জন্য, আরও খারাপ নীতি অনুসরণ করার জন্য। অর্থনৈতিক ক্ষেত্রে কংগ্রেসের সঙ্গে এখনও বিজেপির আর্থিক নীতির কোনও পার্থক্য নেই। আমি বার বার বলছি কংগ্রেসকে, একটু আত্ম সমালোচনা করুন। ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই.এম.এফ.-এর প্রেসিডেন্টরা বলছে আত্ম সমীক্ষার সময় এসেছে—সামথিং ইজ রং সামহোয়ার, সাম ফেলিয়োর ইজ দেয়ার, ফর এ নিউ ইকনমিক অর্ডার। সেটা কি আমি জানিনা, এখনও বলেন নি। কিন্তু আমি ওঁদের বলেছি, কংগ্রেস নেতাদের, যদি ওরা এই কথা বলতে পারে যে, আত্ম সমীক্ষার প্রয়োজন আছে, তাহলেও কি আপনারা আত্ম সমীক্ষা করবেন না! ভাল তো কিছু করেছেন, কিন্তু যেগুলো মন্দ, নেতিবাচক যেগুলো সেগুলো নিয়ে আলোচনা করবেন না? কংগ্রেসে আলোচনা বন্ধ হয়ে গেছে। এবারে দেখছি কিছুটা সংগঠিত হয়েছে। তাতে আমাদের ভাববার কিছু নেই, আমাদের ঐরকম চরিত্র নয়। ভারতবর্ষের যদি ভাল হয় এবং তাতে যদি আমাদের সাময়িক কিছু ক্ষতি হয়ও আমাদের তাতে কিছু আসে যায় না। এই হচ্ছে আমাদের দৃষ্টিভঙ্গি। কারণ ভারতবর্ষকে আমরা ভালবাসি, মানুষকে আমরা ভালবাসি। ভারতবর্ষের অগ্রগতি আমরা চাই।

[7-10 — 7-20 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আমার জবাবি বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই এবং তাঁকে অভিনন্দন জানাচ্ছি এইজন্য যে, তিনি সোনিয়া গান্ধীকে ভাগ্যবতী মহিলা মনে করেন। জ্যোতিবাবু নেতাজীকে তাঁর জীবদ্দশায় মূল্যায়ন করতে পারেননি। ইন্দিরা গান্ধীর মূল্যায়ন তাঁর জীবদ্দশায় করতে পারেন নি, কিন্তু খুব অল্প সময়ের মধ্যে সোনিয়া গান্ধীর সঠিক মূল্যায়ন করতে পেরেছেন, এইজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। যাইহোক, কংগ্রেস সম্বন্ধে ওনার কখনও কখনও ভুল হয়, আবার কখনও কখনও ঠিক হয়। আমি বক্তব্য রাখতে গিয়ে অবাক হয়ে যাচ্ছি জ্যোতিবাবুর বক্তৃতা শুনে। মাননীয় মুখ্যমন্ত্রী বি.জে.পি. সম্বন্ধে বলতে গিয়ে বললেন, তখন বি.জে.পির সঙ্গে যে ঐক্য করেছিলেন, বি.জে.পি. যে সাম্প্রদায়িক দল তা তিনি জানতেন না। আমার যা বয়স তার থেকে বেশি বয়স ধরে উনি এই হাউসের সদস্য। আমি জন্মাবার আগে থেকেই উনি এই

হাউসের সদস্য। ওনার এতই রাজনৈতিক দুরদর্শিতার অভাব - এটা আমার বিশ্বাস হয় না। উনি কোন দিন জানতে পারলেন যে বি.জে.পি. সাম্প্রদায়িক দল? ১৯৮৯ সালে যখন বি.জে.পির সঙ্গে আঁতাত করে সরকার গঠন করলেন তার আগেরদিন রামমন্দির প্রতিষ্ঠার জন্য ইঁট পূজো হয়নি? মাননীয় মুখ্যমন্ত্রী কি জানতেন না? ১৯৮৯ সালে নির্বাচনের আগে রাম মন্দির প্রতিষ্ঠার জন্য সারা ভারতবর্ষে ইঁট পূজো হয়েছিল। এই পশ্চিমবাংলার উপর দিয়ে ইঁট পূজো নিয়ে, শিলা নিয়ে মিছিল করে গিয়েছিল। আপনি জানতেন না? কিন্তু আপনি বললেন, না, তা হয়নি। জ্যোতিবাবু এতবড় একজন প্রবীন রাজনীতিবিদ, তিনি জানতেন না যে বি.জে.পি. সাম্প্রদায়িক দল। ১৯৯০ সালের পর উনি বুঝতে পারলেন। এটা খুব আশ্চর্য ঘটনা স্যার। এটা আমার নিজের খারাপ লাগছে যে, এইরকম একজন প্রবীন রাজনীতিবিদ এতো ভুল করতে পারেন এটা আমি বিশ্বাস করতে পারি না। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বহরমপুরকে উদ্দেশ্য করে বললেন, কংগ্রেসকে অনুরোধ করছি, দয়া করে মাফিয়াদের নিয়ে রাজনীতি করবেন না। কিন্তু স্বরাষ্ট্রমন্ত্রী কি জানেন, বুদ্ধদেববাবু কি জানেন, আপনার দলের একজন এম.পি. আছেন যিনি ক্রিমিনাল কেস থেকে বাঁচার জন্য নাম পাল্টে ঘুরে বেড়ান? আপনি সেই এম.পির নামটা বলবেন কি? তার সার্টিফিকেট দেখাবেন? তিনি আরামবাগের এম.পি.। আমি নাম পাল্টাতে পারি, কিন্তু পদবি পর্যন্ত, বাপের নাম পাল্টে দিলেন। সুতরাং আপনার মুখে একথা শোভা পায় না যে, ক্রিমিনালাইজেশন হচ্ছে পলিটিক্স-এ? আপনার দলের মধ্যে এমন একজন এম.পি. আছেন যিনি এস.ডি.জে.এমকে বলেন, কোর্টের রায় পাল্টান, তানাহলে আপনার স্ত্রী বিধবা হবে। তারই জন্য সোমনাথবাবুকে হাইকোর্টে গিয়ে ক্ষমা চাইতে হয়। তাই বলছি, আপনি আচরি ধর্ম অপরে শিখাও। আগে আপনি নিজের দলকে ঠিক করুন। আপনার দলের একজন মেয়র ইন কাউন্সিল আছেন ক্যালকাটা কর্পোরেশনে, যিনি তিলজলা থানার ও.সি, গঙ্গাধর ভট্টাচার্য্যকে প্রত্যক্ষভাবে খুনের অপরাধে অপরাধী। মাননীয় মুখ্যমন্ত্রী তখন গ্যাংটক নাকি দার্জিলিং-এ গিয়েছিলেন। যতদিন উনি বাইরে ছিলেন ততদিন পর্যন্ত ঐ ভদ্রলোক বাইরে ঘুরে বেড়ালেন। তারপর এসে রাইটার্সে মুখ্যমন্ত্রীর ঘরের সামনে প্রেস কনফারেন্স ডেকে তাকে নিদোর্ষ বানালেন এবং পুলিশকে দিয়ে তার ফাইলপত্র ছুঁড়ে ফেলে দিলেন, ছিঁড়ে ফেলে দিলেন অর্থাৎ সেই কেস হাফিস করে দিলেন। তাই বলছি, আপনার মুখে এইসব কথা মানায় না। ১৯৯৬ সালে নির্বাচনের পরে যিনি মন্ত্রীসভার সদস্য হতে চলেছিলেন তিনি একজন খুনের আসামী ছিলেন। তিনি হচ্ছেন আপনাদের

লোক, উনি এম.এল.এ.। পুলিশ কেস ঠিকমতো সাজাতে পারলেন না। লোয়ার কোর্টে কনভিকশন হয়ে যাবার পর পুলিশের লেনিয়েন্সির জন্য সেখানে মকুব হয়ে গেলেন। সুতরাং আপনার মুখে এই কথা মানায় না। এইরকম বহু কেস আছে আপনাদের দলের বিরুদ্ধে। আপনার দলের পঞ্চায়েত সমিতির সভাপতি থেকে শুরু করে জেলা পরিষদের সভাধিপতি পর্যন্ত বহু লোকের বিরুদ্ধে ওয়ারেন্ট ঝুলছে খুন করার অপরাধে, লুট করার অপরাধে। কিন্তু আপনি পুলিশমন্ত্রী বলে আর আপনার আগে মুখ্যমন্ত্রী ছিলেন পুলিশমন্ত্রী বলে, তাদের গায়ে আঁচড় পর্যন্ত টানা যায়নি। কিন্তু একদিন সময় আসবে, সেদিন যদি হাইকোর্ট থেকে ওয়ারেন্ট ইস্যু করা যায়, সেদিন দেখবেন তাদের শাস্তি হবে, তারা সেদিন জেলখানায় থাকবে, বাইরে তারা থাকতে পারবেন না। বুদ্ধদেববাবু বক্তৃতা দিতে গিয়ে অসীমবাবু যা বলে দিয়েছেন উনি তাই বলে দিলেন। উনি বললেন, মার্চ মাসের আগে টাকা পাইনি, সেইজন্য খরচ করতে পারিনি। কিন্তু আমাদের দলের মাননীয় সদস্য, শ্রী সত্যরঞ্জন বাপুলি যেকথা জিজ্ঞাসা করলেন সেটার উত্তর কোথায় গেল? ১৯৯৩ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত যেসব এম.পি.রা লোকাল এরিয়া ডেভেলপমেন্ট স্কিমে টাকা দিলেন - আপনারা ১২৪ কোটি ৫১ লক্ষ টাকা পেয়েছেন।

[7-20 — 7-23 p.m.]

বিভিন্ন এম.পি. তাদের এলাকার উন্নয়নের জন্য—আপনাদের দলের এম.পি'ই বেশিরভাগ—যে ১২৪ কোটি ৫১ লক্ষ টাকা দিয়েছেন সেটা আপনারা খরচ করতে পারেন নি। মাত্র ১৫ কোটি ৯৬ লক্ষ ১৬ কোটি টাকাও সেখানে খরচ করতে পারেন নি। আপনাদের লজ্জা করা উচিত। অসীমবাবু আপনাকে বলে দিয়েছেন আর আপনি তাই এখানে এসে বললেন যে মার্চ মাসের মধ্যে পাই নি সেইজন্য খরচ করতে পারি নি। এই টাকাটা তো মার্চের আগেই পেয়েছিলেন, অনেকদিন আগেই পেয়েছেন তবুও কেন আজ পর্যন্ত তা খরচ করতে পারেন নি তার জবাব দিন। আমরা জানি যে আপনাদের ব্যর্থতা ঢাকার জন্য আপনারা কখনও কেন্দ্রের দোষ দেন, কখনও হাইকোর্টের দোষ দেন আবার কখনও বা কংগ্রেসের দোষ দেন। এই দোষ দিয়েই আপনারা আপনাদের দায়িত্ব থেকে মুক্ত হতে চান। মাননীয় মুখ্যমন্ত্রী, আমরা জানি আপনাদের সংখ্যাধিক্য আছে, আপনারা জিতবেন এবং বলবেন এই দেখুন আমাদের প্রতি আস্থা আছে কিন্তু আপনি বলুন তো আপনি বিরোধী দলে থাকার সময় যদি দেখতেন যে সরকারি হাসপাতালে একটা শিশুকে তার

মায়ের কোলে তুলে দেওয়া গেল না, সেই শিশুটি কুকুরের পেটে চলে গেল তাহলে আপনি কি করতেন? আপনি এখানে দাঁড়িয়ে এরজন্য কি সরকারকে অ্যাকিউজ করতেন না? আজকে আপনারা সরকারে থাকাকালীন একাধিকবার আমরা দেখেছি সরকারি হাসপাতালগুলিতে দিনের পর দিন এই জিনিস ঘটে চলেছে। এর জবাব কি আছে সেটা আপনি বলুন। আর আজকাল আপনারা তো সরকারি হাসপাতালগুলিকে নার্সিং হোমে পরিণত করে দিয়েছেন। নার্সিং হোমগুলির থেকে বেশি খরচ সরকারি হাসপাতালে। আপনি তো মুখ্যমন্ত্রীর পদে থাকার ব্যাপারে রেকর্ড করেছেন, আপনি বলুন তো আপনার সময় পশ্চিমবাংলার বেকাররা আপনার কাছ থেকে কি পেয়েছে? আজকে এখানে বেকার সমস্যার সমাধান আপনি করতে পারেন নি। এক ঐ হলদিয়া পেট্রো কেমিক্যালের কথা বলে চলেছেন যেটা প্রয়াত ডঃ কানাইলাল ভট্টাচার্য্যের আমলের, যেটা ১৬ বছর আগে শুরু হয়েছে কবে তা শেষ হবে আমরা জানি না, শুনছি আগামী বছর শেষ হবে, এ ছাড়া আর কি করেছেন? আসানসোলের শিল্প নগরি ধুঁকছে বলে আপনি বললেন এবং তার জন্য আপনি কেন্দ্রকে দায়ী করলেন। কিন্তু এ রাজ্যে অন্য যেসব শিল্প কলকারখানা ধুঁকছে তাদের পুনরুজ্জীবনের জন্য আপনি কি ব্যবস্থা করেছেন? কোনও ব্যবস্থাই আপনি করতে পারেন নি। আপনি একটা হিসাব দিয়ে বললেন এতো সব হয়েছে। আমরা কিন্তু স্পেসিফিক জানতে চেয়েছিলাম যে আপনি শিল্পপতি আনার জন্য ২৩ বছরে যতবার বিদেশে গিয়েছেন তাতে কতজন শিল্পপতিকে এখানে আনতে পেরেছেন? সে প্রশ্নের জবাবও কিন্তু আমরা পাই নি। আমি জানি এসব প্রশ্নের উত্তর দেওয়া আপনাদের পক্ষে সম্ভব নয়। বুদ্ধদেববাবুকে দেখলাম অন্য রাজ্যের উপর দোষ চাপিয়ে দিলেন। আপনার তো লজ্জা করা উচিত। পুরুলিয়াতে একজন উগ্রপন্থীকে ধরতে সেখানে ডি.জি.কে পর্যন্ত ছুটতে হয়েছিল। একজন ডি.জি. পুরুলিয়ার গ্রামে গিয়ে তাকে যদি উগ্রপন্থী ধরতে হয় তাহলে সেটা কি আপনার পুলিশের ব্যর্থতা নয়? অপর দিকে দেখুন উত্তরপ্রদেশের পুলিশের কয়েকজন অফিসার এসে চোখের সামনে দেখিয়ে দিল যে তারা মাফিয়া গ্রুপকে কন্ট্রোল করতে পারে, ধরতে পারে। কাজেই আপনাদের সরকারের ব্যর্থতা সবদিক দিয়েই। আজকে পশ্চিমবঙ্গের বেকাররা যন্ত্রনায় ছটফট করছে। পশ্চিমবঙ্গে সমস্ত রকমের উন্নয়ন ব্যহত। এই অবস্থায় বিরোধী দল হিসাবে তো আমরা চুপ করে বসে থাকতে পারি না। আমি তাই সরকারপক্ষের মাননীয় সদস্যদের কাছে আবেদন করব, আপনারা মেনশন আওয়ারে এবং জিরো আওয়ারে সরকারের বিরুদ্ধে যেসব কথা বলেন, সরকারের

ব্যর্থতার যেসব কথা বলেন এবং তাতে যদি মনে প্রাণে আপনারা আন্তরিক হন তাহলে আজকে হুইপ থাকলেও তা অমান্য করে আমাদের প্রস্তাবের পক্ষে এবং সরকারের বিপক্ষে ভোট দিন। আমাদের সদস্যদের কোনও হুইপ দিই নি কারণ জানি তারা স্বেচ্ছায় ভোট দেবেন প্রস্তাবের পক্ষে কিন্তু আপনাদের বাধ্য করা হবে প্রস্তাবের বিপক্ষে ভোট দিতে। আমি তাই আবারও বলছি, আপনারা সত্যিই যদি আন্তরিক হন তাহলে অনাস্থার পক্ষে ভোট দিন এবং এই সরকারের বিরুদ্ধে এগিয়ে আসুন। তা যদি করেন তাহলে মানুষের আশির্বাদ আপনারা পাবেন, মানুষের সমর্থন পাবেন। আর তা যদি না করেন তাহলে মানুষের আস্থা আর আপনাদের উপর থাকবে না, মানুষের আশির্বাদ থাকবে না আপনাদের উপর। ২০০১ সালে আপনাদের প্রতি মানুষ অনাস্থা জানাবেন এবং আপনাদের এদিকে এসে বসতে হবে। এই বলে আমাদের প্রস্তাবকে আবারও সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

The motion of Shri Atish Chandra Sinha, Shri Abdul Mannan & Shri Saugata Roy that "This Assembly expresses its want of confidence in the Council of Ministers" was then put and a division was taken with the following results :-

**NOES**

Abdul Razzak Molla, Shri

Abu Ayes Mondal, Shri

Adhikary, Shri Nisith

Anisur Rahaman, Shri

Bagdi, Shri Bijay

Bagdi, Shri Kiriti

Bagdi, Shri Lakhan

Bag, Shri Kartic Chandra

Banerjee, Shri Debabrata

Banerjee, Shri Mrinal

Basu, Shri Jyoti

Bera, Shri Dipak

Bhattacharjee, Shri Buddhadeb

Bhattacharjee, Shri Nandagopal

Bhattacharya, Shri Ashoke

Biswas, Shri Ananda Kumar

Biswas, Shri Benay Krishna

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kamalakshi

Biswas, Shri Kanti

Biswas, Shrimati Susmita

Bose, Shri Shyamaprasad

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chakrabarty, Shrimati Kumkum

Chatterjee, Shri Pratim

Chattopadhyay, Shri Jyoti Krishna

Chattopadhyay, Shri Tapash

Choudhury, Shri Bansha Gopal

Chowdhury, Shri Nani Gopal

Chowdhury, Shri Sibendra Narayan

Dakua, Shri Dinesh Chandra

Dal, Shrimati Nandarani

Das, Shri Ananda Gopal

Das, Shri Nirmal

Dasgupta, Dr. Asim Kumar

Das Thakur, Shri Chittaranjan

Deb, Shri Goutam

Deb, Shri Rabin

Dey (Bose), Shrimati Ibha

Dey, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Duley, Shri Krishna Prasad

Dutta, Shri Binoy

Dutta, Dr. Gouripada

Dutta, Shri Himangsu

Gayen, Shri Nripen

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Biren

Ghosh, Shri Pankaj

Ghosh, Shri Sunil Kumar

Giri, Shri Ashoke

Goala, Shri Rajdeo

Goswami, Shri Kshiti

Goswami, Shri Subhas

Guha, Shri Kamal Kanti

Hazra, Shri Samar

Hembram, Shrimati Deblina

Hembaram, Shri Jadu

Hembaram, Shri Rabindranath

Hira, Shrimati Mili

Id. Mohammed, Shri

Idrish Mondal, Shri

Kabi, Shri Pelab

Kar, Shrimati Anju

Khanra, Shri Saktipada

Kujur, Shri Sushil

Kundu, Shri Ranjit

Let. Shri Dhiren

Mahammad Hannan, Shri

Mahata, Shri Khagendra Nath

Mahata, Shri Satya Ranjan

Maitra, Shri Banshi Badan

Majhi, Shri Nanda Dulal

Majhi, Shri Tamal

Mal, Shri Nimai

Malik, Shri Shiba Prasad

Mallik, Shrimati Sadhana

Mandal, Shri Bhakti Bhusan

Mandal, Shri Prabhanjan

Mandal, Shri Ramchandra

Md. Amin, Shri

Md. Ansaruddin, Shri

Md. Fazle Haque, Dr.

Md. Mahamuddin, Shri

Md. Yakub, Shri

Mehta, Shri Nishikanta

Minj, Shri Prakash

Mistry, Shri Bimal

Mitra, Shri Biswanath

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Rabindranath

Mondal, Shri Subhas

Mostafa Binquasem, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Mukherjee, Shri Pratyush

Mukherjee, Shri Srikumar

Mukhopadhyay, Shri Chittaranjan

Murmu, Shri Debnath

Murmu, Shri Maheswar

Mursalin Molla, Shri

Nanda, Shri Kiranmay

Naskar, Shri Sankar Sharan

Naskar, Shri Subhas

Nazmul Haque, Shri

Oraon, Shri Jagannath

Paik, Shri Nikunja

Paik, Shrimati Sakuntala

Pakhira, Shri Raian Chandra

Patra, Shri Manoranjan

Pramanik, Shri Sudhir

Rana, Shrimati

Ray, Shri Dwijendra Nath

Routh, Shri Dibakanta

Roy, Shri Manmatha

Roy, Shri Mrinal Kanti

Roy, Shri Ramesh

Saha, Dr. Tapati

Sahis, Shrimati Bilasibala

Samanta, Shri Rampada

Sanyal, Shri Kamalendu

Saresh, Shri Ankura

Sen, Shri Dhirendra Nath

Sengupta, Shri Purnendu

Sengupta (Bose), Shrimati Kamal

Sk. Khabiruddin Ahmed, Shri

Shaw, Shri Prabin Kumar

Sinha, Dr. Nirmal

Sinha, Shri Prabodh Chandra

Sk. Jahangir Karim, Shri

Tirkey, Shri Monohar

Toppo, Shri Salir

Zamadar, Shri Badal

**AYES**

Abdul Mannan, Shri

Abdus Salam Munshi, Shri

Abu Hasem Khan Chowdhury, Shri

Abu Hena, Shri

Abu Sufian Sarkar, Shri

Bakshi, Shri Sanjoy

Bandyopadhyay, Shri Tarak

Banerjee, Shri Ambica

Banerjee, Shri Shyamadas

Banerjee, Shri Tapas

Bhattacharjee, Shri Sudhir

Chakraborty, Shri Gautam

Chatterjee, Shri Rabindra Nath

Chattopadhyay, Shri Shovandev

Chattoraj, Shri Suniti

Chowdhury, Shri Adhir Ranjan

Das, Shri Dilip Kumar

Das, Shri Sanjib Kumar

Dey, Shri Gopal Krishna

Dutta, Shri Sabuj

Ghosh, Shri Nirmal

Gulsan Mullick, Shri

Gyan Singh Sohanpal, Shri

Habibur Rahman, Shri

Lahiri, Shri Jatu

Mahato, Shri Shantiram

Mahbubul Haque, Shri

Mainul Haque, Shri

Mandal, Shri Tushar Kanti

Manjhi, Shri Ramjanam

Md. Abdul Karim Choudhury, Shri

Md. Sohrab, Shri

Mitra, Shri Asit

Mitra, Shrimati Sabitri

Mondal, Shri Ramprabesh

Mudi, Shri Anil

Mukherjee, Shri Ashoke

Mukherjee, Shri Kamal

Poddar, Shri Deokinandan

Quazi Abdul Gaffar, Shri

Ram, Shri Rampyare

Ray Chowdhury, Shri Biplab

Roy, Shri Phani Bhusan

Roy, Shri Tapas

Rubi Nur, Shrimati

Sardar, Shri Sital Kumar

Sinha, Shri Atish Chandra

Sk. Daulat Ali, Shri

Upadhyay, Shri Manik

**Absts. :**

Humayan Reza.

Ayes being 49 and Noes 139 the motion was lost.

## Adjournment

The House was adjourned at 7.23 p.m. and till 11 a.m. on Wednesday, the December 23, 1998 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 23rd December, 1998 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 8 Ministers of State and 149 Members.

[11-00 — 11-10 a.m.]

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 43rd Report of the Business Advisory Committee

**Mr. Chairman :** I beg to present the 43rd Report of the Business Advisory Committe as follows :

| | | | |
|---|---|---|---|
| 23.12.98, Wednesday | (i) | The West Bengal Premises Tenancy (Amendmert) Bill,1998 (Introduction, Consideration and Passing) | 1 hour. |
| | (ii) | The Bengal Legislative Assembly (Members' Emoluments)(Amendment) Bill, 1998 (Introduction, Consideration and Passing) | ½ hour |
| | (iii) | The West Bengal Legislative (Members' Pension)(Amendment) Bill, 1998 (Introduction, Consideration and Passing) | ½ hour. |

| | | |
|---|---|---|
| | (iv) The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1998 (Introduction, Consideration & Passing) | .. ½ hour |
| | (v) Motion under rule 319 on the Statement of the Primary and Secondary Education Minister on the Pabitra Sarkar Committee Report made on 21st December, 1998 Notice given by Shri Saugata Roy | 2 hours. |
| 24.12.98, Thursday | Non-official Business | 4 hours. |

There will be no Question for Oral Answer and Mention Case on the 24th December, 1998.

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 43rd Report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

## POINT OF INFORMATION

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব ইনফরমেশন আছে। আমাদের লবিতে মহাত্মা গান্ধীর যে মূর্তি লাগানো আছে তাতে যেখানে মহাত্মা গান্ধী লেখা আছে সেখানে 'মহাত্মা' বানানের জায়গায় 'ত্ম' এর পরে আকারটা নেই। স্যার, এটা দেখতে বিশ্রী লাগছে। কালকে এখানে বাংলাদেশ থেকে মন্ত্রী আসছেন। কালকের মধ্যে যাতে এটা ঠিক হয়ে যায় সেটা দেখবেন।

## STARRED QUESTION
## (to which Oral Answers were given)

### শিক্ষকদের অবসরের বয়স

***১২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৯) **শ্রী কমল মুখার্জি** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিদ্যালয় শিক্ষকদের অবসরকালীন বয়ঃসীমা ৬০ বৎসর থেকে বাড়িয়ে ৬২ বৎসর করার কোনও সিদ্ধান্ত সরকার নিয়েছে কি;

(খ) কলেজ শিক্ষকদের বর্তমানে চাকুরির বয়ঃসীমা কত?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ

(ক) না।

(খ) বিষয়টি উচ্চশিক্ষা বিভাগের অধীন।

**শ্রী কমল মুখার্জী** ঃ মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই। বিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়স ছিল ৬৫ বৎসর, আপনারা সেটা করে দিলেন ৬০ বৎসর। বহু বামপন্থী এবং জাতীয়তাবাদী শিক্ষক সংগঠন শিক্ষকদের অধিকার রক্ষার স্বার্থে আন্দোলন করেছিলেন। কিন্তু আপনি রিজিড হয়ে ৬৫ বৎসর থেকে ৬০ বৎসর করে দিলেন। এর কারণটা কি?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ আমাদের রাজ্যে এবং ভারতবর্ষের কোথাও কখনও বিদ্যালয়ের শিক্ষকদের অবসরকালীন বয়স ৬৫ বৎসর ছিল না। অতীতে কখনও ছিল না, বৃটিশ আমলে ছিল না, স্বাধীন ভারতে ছিল না। ভারতবর্ষের কোনও রাজ্যে কখনও স্বাধীনতার আগে বা পরে বিদ্যালয় শিক্ষকদের অবসরকালীন বয়স ৬৫ বৎসর ছিল না। কোনও রাজ্যে ৫৮ বছর আছে কোনও রাজ্যে ৫৫ বছর আছে, আমাদের রাজ্যে ৬০ বছর ছিল, এখনও ৬০ বছর আছে।

**শ্রী কমল মুখার্জী** ঃ আর একটা অতিরিক্ত প্রশ্ন। ৬০ বছরে রিটায়ার হয় ঠিক কথা। কিন্তু পরে ১ বছর করে এক্সটেনশন পেয়ে ৬৫ বৎসর পর্যন্ত এক্সটেনশন পান, তারপর আর পাওয়া যায় না। কিন্তু আপনি সেটাকে পুরোপুরি

বন্ধ করে দিলেন। কারণ ৬০ বছরের পর কোনও এক্সটেনশনের ব্যাপার আপনি রাখলেন না। এর কারণটা কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** ৬০ বছরের পরে সম্প্রসারণের সুযোগ ছিল। ভারতবর্ষে শিক্ষার বিষয়ে যত কমিশন হয়েছে, দেবীপ্রসাদ চ্যাটার্জির কমিশন হয়েছে ১৯৮১ সালে এবং অন্যান্য যে সমস্ত কমিশন হয়েছে সেই কমিশনগুলির নির্দিষ্ট ভাবে প্রস্তাব এই যে, যদি পেনশন এবং অবসরকালীন সুযোগ সুবিধা প্রদান করা হয় তাহলে ৬০ বছরের পরে চাকুরির সম্প্রসারণ করা উচিত নয়। ভারতবর্ষের বিভিন্ন সময় নিযুক্ত শিক্ষা কমিশনের সুচিন্তিত মতামতের উপর ভিত্তি করে এবং পশ্চিমবঙ্গ সরকার ১৯৯০ সালে যে বেতন হার চালু করে সেখানে সরকারি কর্মচারীদের ন্যায় অনুরূপ অবসরকালীন সুযোগ সুবিধা নিশ্চিত হয়, তখন বলা হয় ১৯৯০ সালের নির্ধারিত বেতন হার যাঁরা গ্রহণ করবেন তাঁদের ৬০ বছরের পরে আর চাকুরির সম্প্রসারণের কোনও সুযোগ থাকবে না। সাথে সাথে এই কথাও বলা হয় যাঁরা ১৯৯০ সালের আগের বেতন হার, অর্থাৎ ১৯৮১ সালের বেতন হার ভোগ করবেন তাঁরা ৬০ বছরের পরে যদি শারীরিক এবং মানসিক দিক থেকে উপযুক্ত থাকেন তাহলে ৬০ বছরের পরেও ১ বছর ১ বছর করে সম্প্রসারণের সুযোগ তিনি পাবেন। এই ব্যাপারে উচ্চ আদালতে এবং সুপ্রিম কোর্টে মামলা হয়েছে এবং এই মামলায় সরকারি সিদ্ধান্ত প্রশংসিত এবং সমর্থিত হয়েছে। এর উপর ভিত্তি করে সরকার সিদ্ধান্ত নিয়েছে।

**শ্রী কমল মুখার্জী ঃ** অতিরিক্ত প্রশ্ন, যে সব স্কুল শিক্ষক পেনসন পাবেন তাঁদের গভর্নমেন্টের এমপ্লয়ীদের মতো পূজা এক্সগ্রাসিয়া বা মেডিক্যাল অ্যালাউন্স দেওয়া হয় না। এটা কেন হয়?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই সুযোগের কথা পে-কমিশনের পক্ষ থেকে কখনও সুপারিশ করা হয় নি এবং যেহেতু পে-কমিশনের পক্ষ থেকে সুপারিশ করা হয় নি সেই জন্য আমরা অর্থ বিভাগের কাছে বেসরকারি বিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রে এটা সম্প্রসারণ করবার আবেদন করিনি। এই জন্য এই সুযোগ শিক্ষকরা পান না। তবে ভবিষ্যতে এটা বিবেচনা করা যেতে পারে।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী কমল মুখার্জী ঃ** কর্মরত শিক্ষক যাঁরা আছেন তাঁরা সরকারী কর্মচারীদের মতো হাউস বিল্ডিং লোন, চিকিৎসার সুযোগ বা ভ্রমনের জন্য কনসেশন পান না কেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** গৃহভাতা যেটি আছে, ১৯৮১ সালে পে-কমিশন যেটি সুপারিশ করেছিল এবং ১৯৯০ সালেও সুপারিশ ছিল, আমরা সেটি গ্রহণ করেছি। তাঁরা গৃহভাতা পেয়ে থাকেন, চিকিৎসার সুযোগও পেয়ে থাকেন। কিন্তু ভ্রমন করবার সুযোগ এটি পে-কমিশন সুপারিশ করেনি। সেজন্য আমরা বেসরকারি স্কুলের শিক্ষকদের ক্ষেত্রে এটি দিতে পারিনি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রিমহোদয়, সরকারী কর্মচারীদের ক্ষেত্রে আপনারা ইন্ডিয়া গভর্নমেন্ট যখন বয়সসীমা ৫৮ থেকে বাড়িয়ে ৬০ করলেন, তখন তা দ্রুত মেনে নিলেন। এখানেও ৫৮ থেকে ৬০ চালু হল। এখানে ডিসক্রিমিনেশনটা হচ্ছে অধ্যাপকদের ক্ষেত্রে। অধ্যাপকদের চাকুরীর মেয়াদ পাঁচ বছর বাড়ানোর কথা ঘোষণা করা হল। স্কুল শিক্ষকদের ক্ষেত্রে রাজ্য সরকার সেই ধরণের কোনও ব্যবস্থা বা উদ্যোগ নিলেন না। আবার এখানে আমরা ইংরাজি নিয়ে দীর্ঘদিন ধরে আন্দোলন করেছি। সম্প্রতি আপনার সেটি মেনে নিয়েছেন। অর্থাৎ রাজ্য সরকার দ্বিতীয় শ্রেণী থেকে সাধারণ জ্ঞান, আর তৃতীয় শ্রেণী থেকে ইংরাজি পড়াবার সিদ্ধান্ত নিয়েছেন। আপনি ঠিকই বলেছেন যে, মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে এক্সটেনশন হোত। আমরা যারা শিক্ষকতা করি, ৬০ বছর পর্যন্ত করি। আর মেন্টালি এবং ফিজিক্যালি যদি ফিট থাকি, তাহলে ৬৫ বছর পর্যন্ত এক্সটেনশন পাই। ইংরাজির ক্ষেত্রে বাস্তব অবস্থার কথা মেনে নিয়ে যেটা করেছেন, শিক্ষকদের ক্ষেত্রে সেই রকম ৬৫ বছর পর্যন্ত করার কথা নতুন করে বিবেচনা করবেন কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** নতুন করে বিবেচনা করা হচ্ছে না।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** নির্মলবাবু একটি কথা বলেছেন। কিন্তু ইউ.জি.সি. কলেজের প্রফেসরদের ৬২ করার কথা বলেছেন। আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের যদি ৬২ হয়, তখন কি প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে ৬০ রাখবেন, না ৬২ করার কথা ভাববেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** 'যদি'র উপর ভিত্তি করে উত্তর দেওয়া যায় না। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বলেছেন - আপনাদের হয়তো মনে আছে, দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় কমিশন, বিদ্যালয় শিক্ষকদের জন্য যে কমিশন হয়েছিল, তাঁরা কিন্তু ৬০ এর উপরে রাখার কথা বলেন নি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি ৬০'এর উর্দ্ধে না করার যে কারণ দর্শিয়েছেন তা হচ্ছে, ভারতবর্ষের কোথাও এই রকম নেই। এটা একবার বলেছেন। আবার ভারত সরকার যখন শিক্ষকদের বয়স দু'বছর বাড়িয়ে দিল, কলেজের ক্ষেত্রে বা সরকারী কর্মচারীদের ক্ষেত্রে - সেক্ষেত্রে আপনারা সরকারী কর্মচারীদের দু'বছর বাড়িয়ে দিলেন। অথচ একই সরকার এই দৃষ্টান্ত অনুসরণ করে শিক্ষকদের ক্ষেত্রে এটিকে বিবেচনা করছেন না কেন? সত্যপ্রিয়বাবুর আমলে শিক্ষকদের আন্দোলন যখন তুঙ্গে উঠেছিল তখন এই অধিকার অর্জন করে। এক্সটেনশন পাওয়ার অধিকার, এটি অর্জিত অধিকার। যদিও কমিশনের রিপোর্টে ছিল। কমিশনের রিপোর্ট থাকার জন্য এটি যুক্তিযুক্ত বলে বিবেচিত হয়েছিল। সরকারের স্ববিরোধিতা - সরকারী কর্মচারীদের ক্ষেত্রে করছেন, শিক্ষকদের ক্ষেত্রে করছেন না। তাহলে কি বুঝতে হবে, সরকারী কর্মচারীদের ক্ষেত্রে কো-অর্ডিনেশন কমিটির সদস্য সংখ্যা বেশি, ভোটের উপরে প্রভাব পড়তে পারে, আর শিক্ষকদের ক্ষেত্রে করছেন না, সেই করম আশংকা নেই বলে? আগামীদিনে এটা করবেন কিনা, এই ব্যাপারে আপনার মতামত কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনি যেটা বললেন সত্যপ্রিয়বাবুর আমলে নিখিল বঙ্গ শিক্ষক সমিতির আন্দোলন হয়। যদি আপনি পুরানো কথা মনে করেন তাহলে নিশ্চয় আপনার মনে পড়বে যে, সত্যপ্রিয়বাবুদের যে আন্দোলন হয় তাতে আমরা জানি শিক্ষকদের তখন অবসর নেওয়ার পরে অবসরকালীন কোনও সুযোগ সুবিধা ছিল না। তৎকালীন মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায়ের কাছে তারা স্মারকলিপি দেন এবং তাতে বলা হয়েছিল যে, একজন শিক্ষক যখন অবসর নেবে তখন তার ভিক্ষাবৃত্তি ছাড়া আর কিছু করার পথ নেই। তাদের গ্রুপ ইনস্যুরেন্স, প্রভিডেন্ট ফান্ডের কোনও সুযোগ সুবিধা নেই। অবসর গ্রহণের পরে আর্থিক সুযোগ সুবিধা সরকার থেকে দেওয়া হচ্ছে না, সেইকারণে অন্তত ৫ বছর আরো চাকুরী বৃদ্ধি করা হোক এটাই ছিল দাবি। এই যে স্মারকলিপি দেওয়া হয়েছিল এটা শুধু সত্যপ্রিয়বাবুর নয়, তখন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে সমস্ত শিক্ষকদের দাবি ছিল। এমন কি

রাধাকৃষ্ণণ কমিশনের সুপারিশও ছিল যে, শিক্ষকদের অবসর গ্রহণের পরে সরকারী আর্থিক সাহায্য দেওয়া হোক। তা না হলে অন্তত এক এক বছর করে চাকুরীর সুযোগ দেওয়া হোক অবসরকালীন সুনিশ্চিত করার জন্যে। এই প্রসঙ্গে আমি বলি যে, আমাদের দেশে দ্বিতীয় কোনও রাজ্য নেই যেখানে পশ্চিমবঙ্গের মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষকরা যে সুযোগ সুবিধা পায় সেই সুযোগ সুবিধা পান। যেহেতু প্রাথমিক এবং মাধ্যমিক বেসরকারি স্কুলের ক্ষেত্রেও সুযোগ সুবিধা বৃদ্ধি করা হয়েছে এবং চাকুরীর নিরাপত্তার ব্যবস্থা করেছি, সেইজন্য চাকুরীর মেয়াদ আরো বেশি সম্প্রসারণ করার কথা ওঠে না। আর সরকারী কর্মচারীদের সংখ্যার তুলনায় প্রাথমিক এবং মাধ্যমিকের শিক্ষকদের সংখ্যা কম নয়। এখানে সংখ্যার বিচারে করার যুক্তি ওঠে না। শিক্ষা কমিশনের সুপারিশে যথোচিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় শিক্ষামন্ত্রী সত্যপ্রিয়বাবু যখন আন্দোলন করেছিলেন সেই আন্দোলনে তিনি নিজেও যুক্ত ছিলেন এবং একথাও স্বীকার করতে হয় যে, তৃতীয় পে-কমিশনের সুপারিশ অনুসারে ১৯৮৯ সাল থেকে শিক্ষকরা বর্ধিত বেতন পাচ্ছেন। তার আগে শিক্ষকরা খুব কমই বেতনে কাজ করেছেন। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী নিশ্চয় স্বীকার করবেন যে, সত্যপ্রিয়বাবুর আন্দোলনের সময়ে তৎকালীন সরকার ম্যানেজিং কমিটির উপরে যে দায়িত্ব দিয়েছিল শিক্ষক সংগঠনের সঙ্গে আলোচনা করার পরে তখন সত্যপ্রিয়বাবু মন্ত্রী ছিলেন না, তিনি এ.বি.টি-এর নেতা ছিলেন, সুতরাং এক্সটেনশনের ব্যাপারে ম্যানেজিং কমিটি হাতে দায়িত্ব হস্তান্তর করা হয়েছিল, আর আপনারা এখন তো কোর্টে একবার হেরেছেন, আবার উচ্চ আদালতে গেছেন। এখন যে বিভিন্ন শিক্ষক সংগঠন আন্দোলন করছে সেক্ষেত্রে আপনারা যখন এই সিদ্ধান্ত নিতে গেছেন তখন কি এইসব শিক্ষক সংগঠনগুলোর সঙ্গে আলোচনা করে, তাদের ওপিনিয়ন নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সত্যপ্রিয়বাবুর আমলে শিক্ষক সংগঠন একটি ছিল নিখিল বঙ্গ শিক্ষক সমিতি, আর বর্তমানে শিক্ষক সংগঠন অনেকগুলো গঠিত হয়েছে। যেহেতু সত্যপ্রিয়বাবুর আমলে আন্দোলনের দাবি ছিল যে শিক্ষকদের অবসর গ্রহণের পরে সরকারী আর্থিক সুযোগ সুবিধা দেওয়া হোক এবং সেটা তৎকালীন সরকার দিতে পারেন নি। সেইকারণে দাবি উঠেছিল যে চাকুরীর মেয়াদ এক বছর করে ৫ বছর অন্তত করা হোক। শিক্ষকদের আর্থিক সুযোগ সুবিধা সরকার থেকে যেহেতু আমরা দিতে সক্ষম হয়েছি এবং এর মিমাংসা করতে পেরেছি এবং সরকারী

কর্মচারীদের মতো সুযোগ সুবিধার ব্যবস্থা করতে পেরেছি সেইকারণে চাকুরীর মেয়াদ বাড়ানোর প্রশ্ন ওঠে না। এবং নতুন করে আবার শিক্ষক সংগঠনের সঙ্গে কথা বলে সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন হয় না।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাসা যে, স্কুল শিক্ষকদের অবসরের সঙ্গে সঙ্গে গ্র্যাচুইটি, প্রভিডেন্ড ফান্ড ইত্যাদি অবসরকালীন সুযোগ সুবিধা পায় না কেন এবং যদি পেয়ে থাকে কতজন পেয়েছেন?

[11-20 — 11-30 a.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** কতজন পাচ্ছেন এটা সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তরে দেওয়া যায় না। এর জন্য আলাদা প্রশ্ন করতে হবে। বেসরকারী বিদ্যালয়ে শিক্ষকদের যে সার্ভিস বুক যার উপর ভিত্তি করে পেনশন, গ্র্যাচুইটি দেওয়া হয় সেইগুলি সরকারী দপ্তরে তৈরি করা হয় না। সেইগুলি বিদ্যালয় পরিচালকমন্ডলী তৈরি করেন। এবং বিদ্যালয় পরিচালকমন্ডলী যতক্ষণ পর্যন্ত এই পেনসন সংক্রান্ত কাগজপত্র জেলা বিদ্যালয় এর পরিদর্শকের মাধ্যমে আমাদের সরকারী দপ্তরে না আসছে, পেনসন প্রদানকারী দপ্তরে না আসছে, ততক্ষণ পর্যন্ত এইগুলি করা যায় না। এই অসুবিধা আছে। এর মধ্যে যে সমস্ত বিদ্যালয়ে পরিচালকমন্ডলী তারা উপযুক্ত সময়ে ব্যবস্থা নিচ্ছে, সেখানে এই রকম এক হাজারের উপর দৃষ্টান্ত আছে - যারা অবসর গ্রহণ করেছেন, করার পরে তারা তিন মাসের মধ্যে পেনসন পাচ্ছেন এবং এই রকম এক হাজার শিক্ষক এর নাম আমি বলতে পারি, এই তথ্য আমার কাছে আছে। এবং যাতে এই বিষয়টা সুনিশ্চিত করা যায় সেইজন্য এখানে শিক্ষা সংক্রান্ত যে সংসদীয় কমিটি আছে তাদের সুপারিশ অনুসারে অর্থ বিভাগের পরামর্শ অনুসারে আমরা নূতন পেনসন প্রদান নীতি তৈরি করেছি। সেখানে অবসর গ্রহণের ৩০ মাস আগে থেকে তার পেনসনের কাগজপত্র তৈরি শুরু হবে। আমাদের উদ্দেশ্য যে সমস্ত শিক্ষক অবসর নেবেন, অবসরের পরের দিনই যাতে পেনসন প্রদানের কাগজপত্র তাদের হাতে দেওয়া যায়। যাতে এক মাস পরেই পেনসন পেতে পারেন সেই ব্যবস্থা চালু হয়েছে। যদি পরিচালকমন্ডলি সহযোগিতা করেন, প্রধান শিক্ষক সহযোগিতা করেন তাহলে অদূর ভবিষ্যতে আমরা শিক্ষকদের অবসর গ্রহণের এক মাসের মধ্যে তাদের পেনসন দেওয়ার ব্যবস্থা করতে পারব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, মন্ত্রিমহাশয় বললেন, ভারতবর্ষের কোথাও ৬২ করার প্রবৃত্তি নেই

বলে আপনারা করছেন না। দিস ইজ ইয়োর রিজিন? আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই, ভারতবর্ষের কোথাও পি.এল. অ্যাকাউন্ট খুলে তার থেকে টাকা ঝাড়ার ফন্দি কোথাও নেই। এখানে ৬০/৬২ করার কোনও স্বদিচ্ছা বামফ্রন্ট সরকারের আছে কিনা বলবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনি বিবৃতি দিলেন, এটা আংশিক। শুধু ভারতবর্ষে কোথাও কোনও রাজ্যে ৬০ শুধু নয় যত শিক্ষা কমিশন হয়েছে স্বাধীনতার লাভের আগে বা পরে কোনও শিক্ষা কমিশনই ৬০ এর পরে শিক্ষকদের চাকরী করবার কথায় মত প্রকাশ করেনি। শুধু ভারতবর্ষের কোথাও কোনও রাজ্যে নেই। এটা নয়, এটা আংশিক - এটা তো নেই। এর কারণ কোনও শিক্ষা কমিশনে ৬০ এর পরে শিক্ষকদের চাকরী সম্প্রসারণ করবার কথা বলা হয়নি। যদি সেখানে অবসরগ্রহণের সুযোগ সুবিধা থাকে এই দুইটি কারণে আমরা করেছি। এখানে আমরা ৬০ এর পরে সম্প্রসারণ করবার বিষয়টা বিবেচনা করছি না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা সাপ্লিমেন্টারি পেনসন এর সরলীকরণ হয়েছে, আরো সরলীকরণ এর ব্যবস্থা হচ্ছে। আমি যেটা জানতে চাইছি। অপশন দেওয়ার ক্ষেত্রে আমরা দেখেছি বামফ্রন্ট সরকারের অর্ডারে জি.ও. অনুসারে পেনসন অথবা প্রভিডেন্ট ফান্ড গ্র্যাচুইটি সবাইকে দিতে হবে। সেই জায়গায় কিছু কিছু শিক্ষক আছে প্রভিডেন্ট ফান্ড অপশন দিয়েছেন। নাউ দে আর ট্রাইং টু চেঞ্জ দেয়ার অপশন। এই ব্যাপারে একটা বিলও এসেছে, এখানে আপনাদের সিদ্ধান্ত কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য প্রভঞ্জন মন্ডল যেটা জিজ্ঞাসা করেছেন, আমি মাননীয় সদস্যকে সাহায্য করতে পারি পেনসন এর আছে প্রভিডেন্ট ফান্ড আছে, প্রভিডেন্ট ফান্ড এর ২টি শ্রেণী - একটা কন্ট্রিবিউটারি প্রভিডেন্ট ফান্ড আর একটা গভর্নমেন্ট প্রভিডেন্ট ফান্ড যেটা গভর্নমেন্ট প্রভিডেন্ট ফান্ড এটা পেনসন এর সাথে সুযোগ পাবেন এবং আমাদের বলা উচিৎ ছিল যারা কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড নেবেন তারা পেনসন পাবেন না। যারা কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড নেবেন তারা সেটা পাবেন, আর যারা গভর্নমেন্ট প্রভিডেন্ট ফান্ড এবং পেনসন নেবেন তাদের সেটা দেওয়া হবে। যথেষ্ট সময় ধরে শিক্ষকদের মতামত প্রকাশ করার সুযোগ দেওয়া হয়েছিল। শিক্ষকরা তাদের মতামত দিয়েছিল। এই ব্যাপারে উচ্চ আদালতে মামলা হয়। তারা রায় দেন যারা কন্ট্রিবিউটারি প্রভিডেন্ট ফান্ডের পক্ষে

মত দিয়েছেন তারা সেটা পাবেন, যারা পেনসন এবং গভর্নমেন্ট প্রভিডেন্ট ফান্ডের পক্ষে মত দিয়েছেন তার সেটা পাবেন। এই মতামত পরিবর্তন করার আর কোনও সুযোগ নেই।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি কোনও শিক্ষক কমিশন বলেছেনে শিক্ষকদের রিটায়ারমেন্ট এজ ষাট বছরে হবে। আর কোনও কমিশনই বা বলেছে সরকারি কর্মচারিদের রিটায়ারমেন্ট এজ ৫৮ থেকে বাড়িয়ে ৬০ করা হোক। শিক্ষকদের ক্ষেত্রে আপনি কমিশনের দোহাই দিলেন, কিন্তু সরকারি কর্মচারিদের ক্ষেত্রে হঠাৎ· আপনারা ৫৮ থেকে ৬০ করে দিলেন। এটা মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন নয়, আমার প্রশ্ন হল, ষাট বছরের পরে যারা কাজ করবেন তারা পুরানো হারে পেনসন পাবেন, আর যারা ষাটে অবসর নেবেন তারা নতুন হারে পেনসন পাবেন। অনেক শিক্ষক আছেন যারা ষাটের পরেও কাজ করে গেছেন, তাদের কোনও কোনও ক্ষেত্রে অ্যাপ্রুভাল আছে, আবার কোনও কোনও ক্ষেত্রে অ্যাপ্রুভাল নেই। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই, যেসব শিক্ষকরা ষাটের পরেও কাজ করে গেছেন তাদের আপনারা কি হারে পেনসন দেবেন? তাদের কি নতুন হারে পেনসন পেতে গেলে ধরে নিতে হবে তারা ষাট বছরেই রিটায়ার্ড করেছে সেইভাবে, না তাদের পুরানো স্যালারি ফেরত দিয়ে নতুত হারে পেনসন নিতে হবে, এই প্রশ্নটা ক্লারিফায় করা দরকার? এই কারণে আজকে কয়েক হাজার শিক্ষক, যাদের ষাট বছর হয়ে গেছে তারা কেউ কেউ কাজ করে মাইনে পাচ্ছেন, আবার কেউ কেউ কাজ করে মাইনে পাচ্ছেন না। ষাটের পরে যে সমস্ত শিক্ষক কাজ করছেন তাদের ক্ষেত্রে কোন পেনসন নীতি আপনি চালু করবেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্যকে জানাতে চাই, আপনি যে প্রশ্নটা করেছেন এটা প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে প্রযোজ্য, মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে নয়। আপনি যে প্রশ্নটা করেছেন এই সমস্যা এখনো বিদ্যমান, তবে মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে নয়। প্রাথমিক শিক্ষকদের এই মামলার ক্ষেত্রের হাইকোর্টের মহামান্য বিচারপতি দিলীপকুমার বসু রায় দিয়েছেন ষাট বছরের পরে যারা কাজ করে থাকেন, মামলার চূড়ান্ত রায় অনুসারে তাদের ভাগ্য নির্ধারিত হবে। পরবর্তীকালে সুপ্রিমকোর্টের ডিভিসন বেঞ্চ রায় দিয়েছেন শিক্ষকদের দু নৌকায় পা দেওয়া চলবে না, তাদের যেকোনও একটা পথ বেছে নিতে হবে। সেই অনুযায়ী যারা ষাট বছরে রিটায়ারমেন্ট করছেন তাদের ক্ষেত্রে ৯০ সালের বেতন হার প্রযোজ্য হবে, আর যারা ষাটের পরে অবসর নেবেন তাদের ক্ষেত্রে ৮১ সালের বেতন হার প্রযোজ্য হবে।

[11-30 — 11-40 a.m.]

আপনি যেটা বলছেন, সেটা ঘটনা কোনও কোনও প্রাথমিক শিক্ষক, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের কাছ থেকে অনুমতি ব্যতীত নিজ দায়িত্বে নিজ ঝুঁকিতে কাজ করে গিয়েছেন। এক্ষেত্রে সুপ্রিম কোর্টের আদেশের ফলে পেছনের তারিখ থেকে আমরা তাদের চাকরি অনুমোদন করতে পারি না। তাদেরও সুযোগ দিয়ে বলেছিলাম - ৬০ এর পরেও যদি কাজ করতে চান, তাহলে ৮১-র বেতনহার অনুযায়ীই অবসরকালীন সুযোগ সুবিধা পাবেন। আর যদি ৬০তে অবসর নেন, তাহলে ৯০-এর বেতনহার অনুযায়ী সেসব পাবেন। আমি হিসেব করে দেখেছি, মাননীয় সদস্য যারা সূক্ষ্মভাবে হিসেব করেছেন, তারাও জানেন, ৬০-এর পরে ২/৩/৪ বছর যারা কাজ করেছেন, তারা যদি ৬০-এর পক্ষে মত প্রকাশ করেন এবং ঐ ক'বছরের বেতন ছেড়ে দেন, তাহলে যে পেনসন পাবেন সেটাতে তারা কোনও ভাবেই আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্থ হবেন না। তা সত্বেও আমরা বিবেচনা করছিলাম এক্ষেত্রে আরও কিছু সুযোগ সুবিধা দেওয়া যায় কিনা। কিন্তু আইন বিশেষজ্ঞদের পরামর্শ ছিল - পেছন দিক থেকে সুযোগ দিয়ে যদি কিছু করেন, তাহলে সুপ্রিম কোর্টের আদেশ ক্ষুন্ন হতে পারে এবং এতে জটিলতা আরও বৃদ্ধি পেতে পারে। যে মোকদ্দমার জন্য এত বিলম্ব হয়েছে, শিক্ষকদের অসুবিধা হয়েছে, সেই মোকদ্দমা আবার হোক, এটা আমরা চাই না। সেইজন্য আমরা আবেদন করেছি তাদের কাছে, আর্থিক দিক থেকে যখন ক্ষতিগ্রস্থ হবেন না, এটা পরিস্কার তখন দয়া করে ৬০-এ অবসরের পক্ষে মত প্রকাশ করুন এবং অবসরকালীন সুযোগ সুবিধা ৯০ অনুযায়ী গ্রহণ করুন। এটা যদি না করেন, তাহলে আমি দুঃখিত, আমার কিছু করার নেই।

(নয়েজ)

(At this stage Hon'ble Member Shri Asit Mitra rushed to the Hon'ble Minister Shri Kanti Biswas. Several Members came down to the Well of the House)

(নয়েজ)

**মিঃ চেয়ারম্যান ঃ** ১২৬ নম্বর প্রশ্নের পরিপ্রেক্ষিতে হাউসের বিভিন্ন সদস্য আলোচনা করেছেন। শ্রী সৌগত রায় শেষ প্রশ্ন করেছিলেন। মাননীয় মন্ত্রী তার

উত্তর দিয়েছেন। তিনি যে উত্তর দিয়েছেন তা সকলের পছন্দ নাও হতে পারে। তার জন্য নতুন করে সাপ্লিমেন্টারি হতে দেওয়া যায় না। কিন্তু যেহেতু সকল সদস্য চাইছেন, মাননীয় মন্ত্রী উত্তর দেবেন। অসিত মিত্র প্রশ্ন করুন।

**শ্রী অসিত মিত্র ঃ** ধন্যবাদ স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় প্রত্যেকটা ক্ষেত্রে জবাব দিয়েছেন অত্যন্ত নেতিবাচক ভাবে। শিক্ষকরা না খেতে পেয়ে মরছে। অবসর গ্রহণের ব্যাপারে আপনি যেকথা বলেছেন, আপনি বলেছেন যে যারা ৬৫ কনটিনিউ করতে চায় তারা ৮১'র রোপা অনুযায়ী পেনসন, বেনিফিট পাবে। স্যালারি পাবে। আর যারা ৬০ বছরে রিটায়ার করতে চায় তারা ৯০ এর বেনিফিট পাবে। যারা দু তিন বছর চাকরি করছে উইদাউট এনি অ্যাপ্রুভাল তারা মাইনে পাবে না। মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি শিক্ষা দপ্তরের ভরাডুবি ঘটিয়েছেন। আপনি যে কথা বলেছেন যারা চাকরি করবেন তারা নিজেদের দায়িত্বে করবেন, একথা সুপ্রিমকোর্ট বলেছে। আমার প্রশ্ন হল যে আপনি তাদের টারমিনেট করলেন না কেন? অথবা তারা যখন অ্যাপ্রুভাল চেয়েছে তাদের আপনি রিজেক্ট্ করলেন না কেন? আপনি টারমিনেশন অর্ডার দিয়েছিলেন কিনা, যদি না দিয়ে থাকেন তাহলে তাদের মাইনে দেবেন কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন জিজ্ঞাসা করেছেন, আপনার কাছে আমার বিনীত জিজ্ঞাস্য সরকারী কর্মচারীরা ৫৮ বছর বয়সে অবসর নিতেন, এখন ৬০ বছর হয়েছে। শিক্ষকদেরও ৬০ বছরে অবসর নেওয়ার কথা, সেই বয়স যদি পার হয়ে যায় তারপর শিক্ষক কর্মচারীদের কোনও টার্মিনেশন চিঠি দেওয়ার দরকার হয়? ৫৮ বছর পার হয়ে যাবার পর কোনও টার্মিনেশন চিঠি দেওয়া হয় না আপনা থেকেই অবসর হয়ে যায়। আপনারা বলেছেন ৬৫ বছরের কথা, ৬৫ বছর কস্মিনকালেও ছিল না। ৬০ বছর বয়সেই অবসর হয়ে যায়। তবে তিনি আবেদন করতে পারেন মেডিকেল সার্টিফিকেট দিয়ে যে আমাকে এক বছর দেওয়া হোক। আবেদন যদি মঞ্জুর না হয় তাহলে তাঁকে ৬০ বছরেই নিতে হবে, এর জন্য আলাদা করে ভূভারতে কোথাও চিঠি দেওয়া হয় না। তাদের চাকরি নিজে থেকেই শেষ হয়ে যায়। টার্মিনেট করার প্রশ্নই ওঠে না।

(গন্ডগোল)

(এই সময় মাননীয় কংগ্রেস দলের সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন)

## বিক্রয়কর আদায়ের লক্ষ্যমাত্রা

***১২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৯) **শ্রী আবু আয়েশ মন্ডল** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৯৯৭-৯৮ আর্থিক বছরে বিক্রয়কর বাবদ অর্থ সংগ্রহের কোনও নির্দিষ্ট লক্ষ্যমাত্রা রাজ্য সরকারের ছিল কি না;

(খ) থাকলে, লক্ষ্যমাত্রা কত ছিল; এবং

(গ) আদায়ীকৃত অর্থের পরিমাণ কত?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :**

(ক) হ্যাঁ।

(খ) ৩০৪৫.০০ কোটি টাকা। (সংশোধিত)

(গ) ২৮৪৪.৩১ কোটি টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই, লক্ষ্যমাত্রা পূরণ না হলেও লক্ষ্যমাত্রার খুব কাছাকাছি প্রায় ৯৫ শতাংশ লক্ষ্যমাত্রা যা বলা ছিল তা সংগৃহীত হয়েছে এবং অতীতের তুলনায় নিশ্চিতভাবেই বলা যায় যে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে। এই বিক্রয় কর যা সংগৃহীত হয়েছে ১৯৯৭-৯৮ সালে তার জেলা ভিত্তিক হিসাব যদি থাকে যে কোন জেলায় কত সংগৃহীত হয়েছে সেটা জানাবেন?

(এই সময় বিরোধী দলের মাননীয় কংগ্রেস সদস্যরা সভাকক্ষে প্রবেশ করেন)

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** মাননীয় সভাপতি, বিক্রয় কর আদায় জেলা ভিত্তিক সর্বক্ষেত্রে হয় নি। মোটামুটি আমাদের কমার্সিয়াল ট্যাক্স ডায়রেক্টরেটের অধীনে ১৬টি সার্কেল আছে আর ৬৭টি চার্জ আছে। এই চার্জ ধরে বলা হল এর আগে জেলাগুলির মধ্যে জেলাওয়াড়ি বলে যাচ্ছি উত্তর ২৪ পরগণা প্রায় ২৪ পারসেন্ট বৃদ্ধি হয়েছে, দক্ষিন ২৪ পরগনায় ১৯ পারসেন্ট বৃদ্ধি হয়েছে, হাওড়ায় ২ পারসেন্ট, হুগলিতে ১৪ পারসেন্ট, বাঁকুড়াতে ১৪ পারসেন্ট, পুরুলিয়াতে ৪ পারসেন্ট, বর্ধমানে ১০ পারসেন্ট, মুর্শিদাবাদে ২১ পারসেন্ট,

নদীয়াতে ৩ পারসেন্ট, দার্জিলিংয়ে ১০ পারসেন্ট, উত্তর দিনাজপুরে ২ পারসেন্ট, দক্ষিন দিনাজপুরে মাইনাস - ১ পারসেন্ট, মালদাতে ৭ পারসেন্ট, জলপাইগুড়িতে ২ পারসেন্ট, কুচবিহারে মাইনাস - ৬ পারসেন্ট। আর কলকাতার বিভিন্ন চার্জ আছে, তার মধ্যে সব চেয়ে বেশি যা হয়েছে লায়ন্স রেঞ্জের চার্জ ৪৭ পারসেন্ট, ভবানীপুরে ২৩ পারসেন্ট এবং মানিকতলায় ২ পারসেন্ট হয়েছে।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** এই বিক্রয় কর আদায়ের ক্ষেত্রে আগে যে মামলা-মোকদ্দমার জন্য অনেক অনাদায়ী থাকতো। ট্রাইবুনাল গঠন হওয়ার পর বিক্রয় কর অনাদায়ীর ক্ষেত্রে বিগত বছরগুলিতে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে কি?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** অনাদায়ী করের পরিমান বছরে লক্ষ্যমাত্রার তুলনায় কমে গিয়েছে। এখনও পর্যন্ত অনাদায়ী পরিমান দাড়িয়েছে - আগের সব বছরগুলো নিয়ে ৩৪৩ কোটি টাকা - গত ১০ বছরের অনাদায়ী। আর, ট্রাইবুনালে যে সংখ্যক কেস যাচ্ছে তার থেকে বেশি নিষ্পত্তি হচ্ছে। এটা একটা ভালো অগ্রগতি দেখা গেছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বিগত বাজেট অধিবেশনে বলেছিলেন যে, রাজ্যের মধ্যে আমদানিযোগ্য এবং রপ্তানিযোগ্য পন্য পরিবহন করার ক্ষেত্রে নির্দিষ্ট ফর্ম ওয়েবিলে রাখা হবে এবং এটা রাখলে বাইরে থেকে ব্যবসায়ীদের পন্য আনার ক্ষেত্রে সুবিধা হবে এবং কর আদায়ের ক্ষেত্রে ফাঁকির প্রবণতা এড়ানো যাবে। এর অগ্রগতি কতটা হয়েছে?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** ওয়েবিল ইতিমধ্যে চালু করেছি। এটা করার ফলে সামগ্রিক ভাবে যারা অন্য রাজ্য থেকে পন্য আমদানি করছিলেন তাদের বড় অংশের ক্ষেত্রে সুবিধা হওয়ার কথা। যদিও একটা অংশের ব্যবসায়ীদের ক্ষেত্রে এটা নতুন পদ্ধতি। আমাদের রাজ্যে বিক্রয়কর আদায়ের মোটামুটি পন্য সামগ্রীর শ্রেণী ধরে, ৫০০ ধরনের পন্য সামগ্রীর শ্রেণীর উপর, অন্য রাজ্য থেকে এই রাজ্যে আসে ৩০০ পন্য শ্রেণী। এই ৩০০-র মধ্যে ২০০টা ক্ষেত্রে আগে থেকে অন্য রাজ্যে আমদানি করার ক্ষেত্রে নোটিফায়েড কমডিটি ইত্যাদি বলে পারমিট প্রথা চালু ছিল। অর্থাৎ যদি কোনও ব্যবসায়ী আমদানিকারী, আমদানি করে বিক্রি করতে

চান তাহলে তাকে পারমিটে ডিটেইলস লিখে দিতে হত। যতবারই তিনি আমদানি করবেন ততবারই তাকে লিখে দিতে হবে। ওয়েবিলটা হচ্ছে ব্ল্যাঙ্ক পারমিট। তাতে একসঙ্গে বলে দেওয়া হয় কতদূর পর্যন্ত আমদানি করতে পারবেন বছরে। ব্যবস্থাটা দু-বার আছে। আমরা একবার করার চেষ্টা করেছি। অর্থাৎ তাকে বারবার বিক্রয়কর দপ্তরে যেতে হবে না। ৩০০টার মধ্যে ২০০টা পন্যের ক্ষেত্রে ব্যবসায়ীদের এই রিলিফ দেওয়া হয়েছে। নোটিফাইড কমোডিটি যাদের ছিল না, পারমিট প্রথা ছিল না, তাদের এক্ষেত্রে নতুনভাবে তথ্য দিতে হবে। তাদের কাছে এটা নতুন ব্যাপার। আমরা ওয়েবিলে আরো সরলীকরণ করে দিয়েছি। তবে এটা ঠিক যে, এক অংশের ব্যবসায়ীরা এর বিরুদ্ধে বক্তব্য রেখেছিল। কিন্তু ক্রমে ক্রমে আমরা দেখতে পাচ্ছি এই ক্ষোভ কমে আসছে এবং এর ফলে কর আদায় বৃদ্ধি পেয়েছে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** আপনার বাজেট ভাষণে বলেছিলেন, পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদকে কম আদায়ের ক্ষেত্রে যুক্ত করবেন, তাদের সাহায্য নেবেন। এক্ষেত্রে কতদূর পর্যন্ত এগোতে পেরেছেন?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** এটা এই ভাবে বলা আছে যে, প্রত্যেক জেলা পরিষদের সভাপতিকে এক্ষেত্রে উপদেষ্টার ভূমিকা দেওয়া আছে। অর্থাৎ, জেলাতে কর আদায়ের ক্ষেত্রে কোনও সমস্যা হলে তাঁরা আমাদের দৃষ্টি আকর্ষণ করতে পারেন। করলে, আমরা জেলা পরিষদের বক্তব্য শুনি, তবে উপদেষ্টার ভূমিকা হিসাবে।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আসলে কেন্দ্রীয় সরকারের যে আর্থিক নীতি, যে ভাবে বন্টন করে, সেটা এক প্রকার নেগেটিভ রেসপন্স এবং এর মধ্যে দিয়ে আমাদের বিভিন্ন রাজ্য সরকারকে সেলস ট্যাক্স গভর্নমেন্টে পরিণত করা হয়েছে। এই অবস্থায় আমার প্রশ্ন, সেলস ট্যাক্স দেন না অথচ বেশি বেচাকেনা হয় এমন ব্যবসায়ীদের একটা অংশ রয়েছে। কিন্তু সরকারের অর্থ দপ্তর, যে দপ্তরের কাছে সেলস ট্যাক্সের পয়সা জমা পড়ছে, সেই দপ্তর মণিটারিং বা আরও বেশি কিভাবে সেলস ট্যাক্স আদায় করা যায় - তবে খুবই অতিসাধারণ যে জায়গাগুলো আছে যেমন মুদি দোকান, পানের দোকান বা ঐ ধরনের যে জায়গাগুলো আছে তাদের ক্ষেত্রে এগুলো প্রযোজ্য হওয়া উচিত নয় - এ ব্যাপারে সবলীকরণ করে আপনার যে লক্ষ্যমাত্রা অর্থাৎ যারা যত বেশি ব্যবসা করে লাভ করবে তারা যাতে সরকারের সেলস ট্যাক্স খাতে টাকা জমা দেয় সেই ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং করতে চাইছেন?

[11-50 — 12-00 Noon]

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** দুটি প্রশ্ন এর মধ্যে আছে। একটি হচ্ছে যারা কর ফাঁকি দিচ্ছে তাদের ক্ষেত্রে কি পদক্ষেপ? আরেকটি হচ্ছে সরলীকরণের ক্ষেত্রে কি করা হচ্ছে? কর ফাঁকির ক্ষেত্রে আমরা মূল যে পদ্ধতিটা নিয়েছি তা হল এই যে। কোনও রাজ্যে পণ্য বিক্রি হচ্ছে তখন সেটা হয় সেই রাজ্যে উৎপন্ন হয়েছে অথবা অন্য রাজ্য থেকে এসেছে। এর সঠিক তথ্য কত বিক্রি হয়েছে সেটা বাস্তবিকই খুচরো বাজার স্তরে মানে দোকানের স্তরে ক্যাশমেমো ধরে বার করে সবটা ধরা যায় না। তারজন্য আমরা দুটো পদ্ধতি নিয়েছি। একটি হচ্ছে প্রত্যেকটি ডিলার, তার অবস্থান, তার গুদামের অবস্থান, সেখানে কত পণ্য প্রবেশ করেছে এবং সেই গুদাম থেকে কত বেরোচ্ছে এটা হল এক। আর দুই হচ্ছে প্রত্যেকটি চেকপোস্ট থেকে কত পণ্য প্রবেশ করেছে। চেকপোস্ট থেকে এখন আমরা বস্তুত উপগ্রহের মাধ্যমে সমস্ত তথ্য সঙ্গে সঙ্গে পেয়ে যাচ্ছি। প্রত্যেক ডিলারের সমস্ত তথ্য কিন্তু এখন কমপিউটারের মাস্টারে তোলা হয়ে গিয়েছে। যা আগে আমরা করতে পারিনি। প্রত্যেকটি পণ্য যখন প্রবেশ করছে তখন তা কোথায় যাচ্ছে, কমপিউটার দিয়ে তা আমরা জেনে যাচ্ছি। এই কমপিউটারের ভিত্তিতে মনিটারিং করার পদ্ধতি আমরা সবে শুরু করেছি। আমরা এর থেকে কিছু খবর পাব। এরই একটা অংশ হিসাবে যখন তিনি চালান জমা দিচ্ছেন—অর্ধেকের মতো ডিলারদের, লক্ষের মতো আছেন ব্যাঙ্কের মাধ্যমে দেন। যে মুহূর্তে দিলেন ব্যাঙ্ক থেকে তথ্যগুলি আমরা কমপিউটারে পেয়ে যাচ্ছি। এটা হচ্ছে কর ফাঁকি রোধে। আর সরলীকরণ করার ক্ষেত্রে আমরা ইতিমধ্যেই আমাদের চারটির মতো বিক্রয়কর আইন ছিল। সেটা একত্রিত করে সরলীকরণ করা হয়েছে। একটা স্তর পর্যন্ত আমরা বলেছি যে, তারা একসঙ্গে বিক্রয়কর দিতে পারেন, আলাদাভাবে আসার দরকার নেই। যখন আমরা সামারি অ্যাসেসমেন্ট প্রথা শুরু করছি, আরও সরলীকরণ করছি। তবে আমার মনে হয় সরলীকরণ করার আরও সুযোগ আছে। সেটা হয়তো আমরা আগামীদিনে আপনাদের কাছে নিয়ে আসব।

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় বিক্রয়কর বাবদ অর্থ সংগ্রহের কথা তথ্য দিয়ে বোঝালেন। আমি জানতে চাইছি যে, যে সমস্ত এন.জি.ও. গুলো ব্যবসা করে তারা কি এই বিক্রয়কর দেয়?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** এ ব্যাপারে সংবাদ নিয়ে আমি আপনাকে জানাব।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** স্যার, অতিরিক্ত প্রশ্ন। কয়লা শিল্পকে বাঁচানোর জন্য রয়ালটি হ্রাস করেছে। এক্ষেত্রে, বিক্রয়করের ক্ষেত্রে কি ব্যবস্থা নিয়েছেন সেটা জানাবেন কি?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** কয়লার ক্ষেত্রে মূল বিষয়টি হচ্ছে কয়লার সেস্‌কে নিয়ে। কিন্তু তার থেকে যেটা আদায় কর তা ইতিমধ্যে কমানো হয়েছে। এরপরে আর নতুন কোনও চিন্তা নেই। কয়লা সেসের উপর পরে একটি প্রশ্ন আছে। এখানে যেটা বললাম তা হল এই যে কয়লার উপর যে সেসের হার ৪৫ পারসেন্ট ছিল, গত সোমবার আমরা এখানে বিল আনি, আপনারা সহমত পোষণ করেন। সেই ৪৫ পারসেন্ট থেকে কমিয়ে ২৫ পারসেন্ট করা হয়েছে। এটা পয়লা ডিসেম্বর থেকে লাগু হল।

## বিদেশি ঋণ-নির্ভরশীল প্রকল্প

***১২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪১) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের কতগুলি চালু প্রকল্প বিদেশি ঋণের উপর নির্ভরশীল;

(খ) প্রকল্পগুলির নাম কি কি; এবং

(গ) কোন প্রকল্পে কত টাকা ঋণ মঞ্জুর করা হয়েছে?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ**

(ক) বর্তমানে রাজ্যের বারোটি(১২) চালু প্রকল্প বিদেশি ঋণের ওপর নির্ভরশীল।

(খ) প্রকল্পগুলির নাম যথাক্রমে ঃ-

১। বক্রেশ্বর থার্মাল পাওয়ার প্রোজেক্ট

২। তিস্তা ক্যানেলকল প্রোজেক্ট

৩। পুরুলিয়া পাম্পড স্টোরেজ প্রোজেক্ট

৪। পাওয়ার টি.ভি. ইম্প্রুভমেন্ট প্রোজেক্ট

৫। ইন্ডাস্ট্রিয়াল পলিউশন কন্ট্রোল প্রোজেক্ট

৬। ক্যালকাটা আরবান ট্রান্সপোর্ট প্রোজেক্ট

৭। নর্থবেঙ্গল টেরাই ডেভেলপমেন্ট প্রোজেক্ট

৮। প্রিম্প অ্যান্ড ফিস্ কালচার প্রোজেক্ট

৯। এ.ডি.বি. এপিস্টেড রোড প্রোজেক্ট

১০। বোলপুর রঘুনাথপুর ওয়াটার সাপ্লাই পোজেক্ট (১০০%)

১১। টেকনিক্যাল এডুকেশন প্রোজেক্ট

১২। স্টেট হেলথ সিস্টেম ডেভেলপমেন্ট প্রোজেক্ট।

| (গ) প্রকল্পগুলির নাম | (কোটি টাকার হিসাবে) মঞ্জুরিকৃত ঋণের পরিমান |
|---|---|
| ১। বক্রেশ্বর থার্মাল পাওয়ার প্রোজেক্ট | ১৯৯০.০০ |
| ২। তিস্তা ক্যানেল কল প্রোজেক্ট | ৪৪৭.৬০ |
| ৩। পুরুলিয়া পাম্পড্ স্টোরেজ প্রোজেক্ট | ৬১০.০০ |
| ৪। পাওয়ার টি.ভি. ইম্প্রুভমেন্ট প্রোজেক্ট | ৩৪৮.১৩ |
| ৫। ইন্ডাস্ট্রিয়াল পলিউশন কন্ট্রোল প্রোজেক্ট | ৩৫.৩৬ |
| ৬। ক্যালকাটা আরবান ট্রান্সপোর্ট প্রোজেক্ট | ৩৪০.০৮ |
| ৭। নর্থ বেঙ্গল টেরাই ডেভেলপমেন্ট প্রোজেক্ট | ২৩.০২ |
| ৮। প্রিম্প অ্যান্ড ফিস্ কালচার প্রোজেক্ট | ৫৫.৭৬ |
| ৯। এ.ডি.বি. এসিস্টেড রোড প্রোজেক্ট | ১৮২.২৮ |
| ১০। বোলপুর রঘুনাথপুর ওয়াটার সাপ্লাই প্রোজেক্ট (এই প্রকল্পের মঞ্জুরিকৃত ১০৬.০০ কোটি টাকা শতকরা একশত ভাগ গ্র্যান্ট হিসাবে প্রাপ্য) | ১০৬.০০ |
| ১১। টেকনিক্যাল এডুকেশন প্রোজেক্ট | ৯৫.৮৪ |
| ১২। স্টেট হেলথ সিস্টেম ডেভেলপমেন্ট প্রোজেক্ট | ৬০২.৮৬ |
| **মোট :** | **৪৭৩০.৯৩** |

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি এখানে হিসাব দিয়ে বললেন যে, ১২টি প্রকল্পে ৪,৭৩০ কোটি ৯৩ লক্ষ টাকার বিদেশি ঋণ লগ্নি হয়েছে। আমি লক্ষ্য করছি এটা বিদ্যুত, সেচ, পানীয়জল, পরিবেশ, নগর উন্নয়ন, মৎস্য, শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি সকল ক্ষেত্রকেই কভার করছে। এই প্রায় পাঁচ হাজার কোটি টাকার বিদেশি ঋণের ওপর কি কি শর্ত আরোপিত হয়েছে এবং সুদের পরিমাণ কি?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** আপনি প্রশ্ন রাখতে গিয়ে একটা ইঙ্গিত দিয়ে ফেলেছেন, সেটার উত্তর আগে দিয়ে তারপর আপনার প্রশ্নের উত্তর দেব। কোনও একটা বছরে এই ঋণ নেওয়া হয় নি। ১৯৯৬ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত এর ক্ষেত্র বিস্তারিত। কোনও একটা বছরের ক্ষেত্রে ১০ থেকে ১৫ শতাংশ হচ্ছে। ভারতবর্ষের সবকটি রাজ্যের মধ্যে এটা সব চেয়ে কম। তারপর আপনি বলতে চাইলেন যে, প্রায় সব দপ্তরের ক্ষেত্রেই ঋণ নেওয়া হচ্ছে। না। তা হচ্ছে না। আমাদের ৫০টার মতো দপ্তর, এক্ষেত্রে আমাদের মাত্র ৪/৫টা দপ্তর আছে। তারপর আপনি যে অংকটা দিলেন, সেটাও ভুল। এই প্রকল্পের মধ্যে সব চেয়ে বেশি প্রকল্পর ক্ষেত্রে সব চেয়ে বেশি ঋণ নেওয়া হচ্ছে জাপানি সরকারি সংস্থা ও.ই.সি.এফ.-এর কাছ থেকে। এই ঋণের ক্ষেত্রে সাধারণত কোনও শর্ত থাকে না। সাধারণত প্রকল্প খরচের ৮০ শতাংশ ঋণের আওতায় পড়ে এবং ২০ ভাগ অর্থ রাজ্য সরকারকে দিতে হয়। যে ৮০ শতাংশ ঋণের আওতায় পড়ছে তা কেন্দ্রীয় সরকার এক বা আধ শতাংশ হারে সুদের বিনিময় পান। সেই শতাংশের শতকরা ৭০ ভাগ কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ঋণ হিসাবে দেন। কিন্তু রাজ্য সরকারকে ১২.৫ শতাংশ হারে সুদ দিতে হয়। আর বাকি অংশটা গ্রান্ট হিসাবে দেন। এছাড়া ও.ই.সি.এফ.-এর ঋণে কোনও রকম শর্ত থাকে না। কেবল কিছু কিছু ক্ষেত্রে কোনটা গ্লোবাল টেন্ডারের মধ্যে দিয়ে হবে, কোনটা লোকাল টেন্ডারের মধ্যে দিয়ে হবে তা বলে দেওয়া হয়। আর আই.ই.ডি. প্রকল্পের সংখ্যা আমাদের খুবই কম। সেগুলোর ক্ষেত্রে রাজ্য সরকারের অগ্রাধিকারের সঙ্গে মিল হলেই গ্রহণ করা হয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** উত্তর শুনে মনে হল মন্ত্রিমহাশয়ের হোম ওয়ার্ক ভাল হয় নি। সুদের পরিমানটা বললেন না, জেনারেল উত্তর দিলেন। যেখানে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নয়া অর্থনীতির বিরোধিতা করছে, স্বনির্ভরতার কথা বলছে সেখানেই আবার বিরাট পরিমান বিদেশি ঋণের ওপর রাজ্য সরকারের

আর্থিক নীতিকে নির্ভরশীল করে তোলা হচ্ছে। কার্যত এটা স্ববিরোধিতা এর ব্যাখা কি?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত ঃ** আমি আগেই বলেছি এই ঋণের মধ্যে কোনও শর্ত নেই। তারপর মাননীয় সদস্য হোম ওয়র্কের কথা বললেন কেন জানিনা। কোনও শর্ত নেই। বাজেটের খুবই ছোট একটা অংশ এর মধ্যে পড়ছে। রাজ্যগুলির মধ্যে এই পরিমান সবচেয়ে কম। তাছাড়াও প্রতিটি প্রকল্পের ৮০ ভাগ অর্থ ঋণ হিসাবে আসছে। ২০ ভাগ রাজ্য সরকারকে দিতে হচ্ছে। আর যে ৮০ ভাগ ঋণ হিসাবে আসছে তার ৭০ ভাগ, অর্থাৎ ৫৬% কেন্দ্রীয় সরকার ১২.৫% হারে সুদের বিনিময়ে ঋণ হিসাবে দিচ্ছে, যা তারা আধ শতাংশ থেকে এক শতাংশ সুদের হারে পাচ্ছে। সুদ সহ টাকা রাজ্য সরকার নিজেই ফেরত দিচ্ছে। আমি আবার বলছি, এটা কিন্তু আমাদের গোটা বাজেটের কখনোই ১৫ শতাংশকে অতিক্রম করেনা। এর চেয়ে অনেক বেশি টাকার ঋণ দেশিয় আর্থিক প্রতিষ্ঠানগুলো থেকে এবং দেশের মানুষের কাছ থেকে নিচ্ছি। তা ছাড়াও আমি আবার বলছি এই প্রকল্পগুলোর ক্ষেত্রে কোনও শর্ত নেই। বাকি ক্ষেত্রে রাজ্য সরকারের অগ্রাধিকারের ক্ষেত্রগুলোর সঙ্গে যেখানে মিল হচ্ছে সেখানেই শুধু নেওয়া হচ্ছে। বরঞ্চ কেন্দ্রীয় সরকার আই.এম.এফ-এর কাছ থেকে যেসব ঋণ নিয়েছে তাতে দেশের সার্বভৌমত্বর ক্ষতি হয়েছে। ওখানে সেটা সঠিক হয়নি। এখানে আমাদের অগ্রাধিকার কোথাও ক্ষুন্ন হয়নি। আপনি বলতে পারেন কোথাও ক্ষুন্ন হয়েছে? একটাও দেখান?

## STARRED QUESTION
## (to which Oral Answers were laid on the table)

### উদ্বাস্তু দপ্তর আধুনিকীকরণ

***১২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৩) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতায় উদ্বাস্তু দপ্তরের কার্য্যালয়টি (ক্যামাক স্ট্রীটে) আধুনিকীকরণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, এ বাবদ কত টাকা খরচ হয়েছে?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সত্য। আধুনিকীকরণের নিরিখে কলকাতাস্থিত উদ্বাস্তু দপ্তরের কার্য্যালয়টি ফ্যাক্স সুবিধা সম্বলিত কমপিউটার যন্ত্রায়ন যোগাযোগের উন্নতি ও দ্রুতায়নে একটি ই.পি.এ.বি.এক্স. ব্যবস্থা স্থাপন করা হয়েছে।

(খ) ফ্যাক্স সম্বলিত কমপিউটার ব্যবস্থায়নে ৪,৮২,৬৯০ টাকা ও ই.পি.এ.বি.এক্স. ব্যবস্থায়নে ২,১০,৬০০ টাকা ব্যয়িত হয়েছে।

**পানিহাটিতে গঙ্গার ভাঙ্গন**

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৪) **শ্রী নির্মল ঘোষ** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পানিহাটির বিস্তীর্ণ অঞ্চলের গঙ্গার পাড় ভাঙ্গনের ফলে বহু বাড়ি, মন্দির, প্রতিষ্ঠান ভেঙ্গে পড়ার মুখে;

(খ) সত্যি হলে, এই অঞ্চলে গঙ্গার পাড় ভাঙ্গন রোধে সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছে কি না;

(গ) করে থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) উক্ত কাজের জন্য বরাদ্দ টাকার পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পানিহাটি অঞ্চলে গঙ্গার বাম তীর বরাবর তেমন কোনও উল্লেখযোগ্য ভাঙ্গন এখনও দেখা যায়নি। এই এলাকার গঙ্গার পাড় অধিকাংশ জায়গায় পাকা কাজ করে বাঁধানো হয়েছিল। এই পাকা কাজ ক্ষতিগ্রস্থ হলে এবং যেসব জায়গায় এখনও পাড় বাঁধানোর কাজ করা সম্ভব হয় নি সেখানে ভাঙ্গন দেখা দিলে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করা হয়।

(খ) গত বর্ষার সময় পানিহাটিতে তেয়রপাড়া, রাজারবাগান ও গিরিবালা ঘাটের ভাঙ্গনের ফলে কয়েকটি বাড়ী ও ঘাট ক্ষতিগ্রস্থ হওয়ার

আশঙ্কা দেখা দিয়েছিল। দুর্গাপূজার আগে ঐ অঞ্চলে কিছু প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের কাজ করার ফলে বাড়িগুলি ভেঙ্গে পড়ার সম্ভাবনা আপততঃ নেই।

(গ) আংশিকভাবে ক্ষতিগ্রস্থ কয়েকটি অঞ্চলের জন্য নতুন ভাঙ্গনরোধী প্রকল্প তৈরি করা হচ্ছে। কারগরী অনুমোদন এবং আর্থিক মঞ্জুরী সাপেক্ষে এই প্রকল্পগুলির কাজ ভবিষ্যতে করা হবে।

(ঘ) নতুন প্রকল্পগুলির বরাদ্দের পরিমাণ এখনও স্থিরীকৃত হয় নি।

## কয়লার সেস্

***১৩১**। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪) **শ্রী তপন হোড়** ঃ অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার কয়লার উপর 'সেস্' কমিয়ে দেবার সিদ্ধান্ত নিয়েছে;

(খ) সত্যি হলে, এর কারণ কি; এবং

(গ) এর ফলে রাজ্য সরকারের আর্থিক ক্ষতির পরিমাণ কত?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্যের কয়লা খনিগুলি চালু রাখার এবং খনি শ্রমিকদের চাকুরীর নিরাপত্তার স্বার্থে।

(গ) প্রায় ২৫০ কোটি টাকা।

## সারদাচরণ এরিয়ান ইনস্টিটিউশন

***১৩২**। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৪) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায়** ঃ বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সারদাচরণ এরিয়ান ইনস্টিটিউশনটিকে (৪২১-এ, রবীন্দ্র সরণী, কলিকাতা-৫) উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হচ্ছে;

এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, আগামী শিক্ষাবর্ষ থেকে তা কার্যকর হবে কি?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমান শিক্ষাবর্ষ করা হচ্ছে না।

(খ) এখনই বলা সম্ভব নয়।

## মুর্শিদাবাদ জেলায় ভাঙ্গন

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৯) **শ্রী পরেশনাথ দাস এবং শ্রী মোজাম্মেল হক** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত ভাগীরথী নদী সংলগ্ন কোন কোন ব্লকের কোন কোন মৌজা ভাঙ্গনের কবলে পড়েছে; এবং

(খ) উক্ত ভাঙ্গন প্রতিরোধের জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলায় ভাগীরথী নদী সংলগ্ন নিম্নলিখিত জায়গাগুলি ভাঙ্গনের কবলে পড়েছে।

| জায়গার নাম | ব্লক। থানা |
|---|---|
| ১) আলমপুর - জেহেরিনগর | সুতী - ২ |
| ২) ত্রিমোহিনী | ঐ |
| ৩) শ্রীধরপুর | ঐ |
| ৪) সুজাপুর রেবা | রঘুনাথগঞ্জ - ১ |
| ৫) রঘুনাথপুর | রঘুনাথগঞ্জ - ২ |
| ৬) নশিপুর | লালগোলা |
| ৭) কাবিলপুর | সাগরদিঘী |

| জায়গার নাম | ব্লক। থানা |
|---|---|
| ৮) দস্তুরহাট | ঐ |
| ৯) বাহাদুরপুর | মুর্শিদাবাদ। জিয়াগঞ্জ |
| ১০) দেবীপুর | জিয়াগঞ্জ |
| ১১) বরাহনগর - মেথরপাড়াঘাট | ঐ |
| ১২) কাশিয়াগঞ্জ | ঐ |
| ১৩) ভট্টপাড়া | জিয়াগঞ্জ |
| ১৪) মতিচূড়া | ঐ |
| ১৫) হঠাৎ কলোনি | জিয়াগঞ্জ। লালবাগ |
| ১৬) ঘোষপাড়া - বিনপাড়া | ঐ |
| ১৭) কলাবেড়িয়া | বহরমপুর |
| ১৮) চরহালালপুর | ঐ |
| ১৯) কাজিপাড়া | বেলডাঙ্গা-২। রেজিনগর |
| ২০) শিমুলডাঙ্গা | ঐ |
| ২১) মাগনপাড়া | ঐ |
| ২২) মহ্যমপুর | বেলডাঙ্গা-১। বেলডাঙ্গা |

(খ) ভাঙ্গন প্রতিরোধের জন্য নিম্নলিখিত পরিকল্পনাগুলি নেওয়া হয়েছে ঃ-

১) রঘুনাথগঞ্জ থানার ও রঘুনাথগঞ্জ - ১ ব্লকের অন্তর্গত সুজাপুর চরকায় ঃ

ভাঙ্গনের দৈর্ঘ্য - ৭৫০ মিটার

প্রকল্পের ব্যয় - ৬৬ লক্ষ টাকা।

২) জিয়াগঞ্জ থানার মুর্শিদাবাদ জিয়াগঞ্জ ব্লকের অন্তর্গত ঃ

ক) দেবীপুরে ঃ

ভাঙ্গনের দৈর্ঘ্য - ৮০০ মিটার

প্রকল্পের ব্যয় - ৭১ লক্ষ টাকা।

খ) বরাহনগর - মেথরপাড়া ঘাটে ঃ

ভাঙ্গনের দৈর্ঘ্য - ১২০০ মিটার

প্রকল্পের ব্যয় - ৮৫ লক্ষ টাকা।

গ) মতিচূড়ায় ঃ

ভাঙ্গনের দৈর্ঘ্য - ২৫০ মিটার

প্রকল্পের ব্যয় - ১৯ লক্ষ টাকা।

**চাঁই সম্প্রদায়**

***১৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৭) **শ্রী গোপালকৃষ্ণ দে** ঃ গত ৪-৭-৯৭ তারিখে ৭০৭ (অনুমোদিত প্রশ্ন নং ২৬৫৮) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে মাননীয় অনগ্রসর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চাঁই সম্প্রদায়কে তফসিলি শ্রেণীভুক্ত করার বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**অনগ্রসর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিষয়টি এখনও কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন আছে।

**রাজ্যে নথিভুক্ত নার্শারী**

***১৩৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৭) **শ্রী কমল মুখার্জি** ঃ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যে সরকারী নথিভুক্ত 'নার্শারী'র সংখ্যা কটি;

(খ) বেসরকারি নার্শারীগুলির কি কোনও সরকারী রেজিস্ট্রেশন বা সরকারের কাছে কোন দায়বদ্ধতা আছে; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'না' হলে এ বিষয়ে কোনও চিন্তাভাবনা সরকারের আছে কি?

**খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নাই।

(খ) নাই।

(গ) চিন্তাভাবনার স্তরে আছে।

**বেসরকারী উদ্যোগ মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজ**

***১৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪) **শ্রী আবু আয়েশ মন্ডল** ঃ উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বেসরকারী উদ্যোগে রাজ্যে ইঞ্জিনিয়ারিং ও মেডিক্যাল কলেজ স্থাপনে রাজ্য সরকারের পক্ষ থেকে ছাড়পত্র দেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, কখন থেকে এই কাজ শুরু করা হয়েছে;

(গ) ১৯৯৮ সালের ৩১শে অক্টোবর পর্যন্ত মোট কতগুলি ছাড়পত্র প্রদান করা হয়েছে; এবং

(ঘ) ছাড়পত্র প্রাপ্ত সংশ্লিষ্ট কলেজগুলি কোথায় কোথায় স্থাপিত হবে?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, একথা সত্যি যে বেসরকারী উদ্যোগে রাজ্যে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনে রাজ্য সরকারের পক্ষ থেকে কয়েকটি ক্ষেত্রে ছাড়পত্র দেওয়া হয়েছে।

(খ) ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষ থেকে এই কাজ শুরু করা হয়েছে।

(গ) ১৯৯৮ সালের একত্রিশে অক্টোবর পর্যন্ত মোট সাতটি কলেজের ক্ষেত্রে ছাড়পত্র প্রদান করা হয়েছে।

(ঘ) ছাড়পত্র প্রাপ্ত সংশ্লিষ্ট কলেজগুলি হলদিয়া, সল্টলেক (কলিকাতা), আসানসোল, কোলাঘাট, বাঁকুড়া, বহরমপুর এবং বানতলা (কলিকাতার নিকটে) স্থাপিত হয়েছে।

[12-00 — 12-10 p.m.]

**Mr. Speaker :** The Question Hour is over.

## DISCUSSION ON CREATION OF OBSTRUCTION TO THE GOVERNOR IN ADDRESSING THE HOUSE

**Mr. Speaker :** Now, I have a notice of motion moved by Shri Abu Ayes Mondal, MLA, Shri Tapan Hore, MLA, Shri Rabin Deb, MLA, Shri Purnendu Sen Gupta, MLA, and Shri Mehbub Mondal, MLA, against Honourable Members, Shri Rabin Mukherjee, Shri Tapas Banerjee, Shri Ramjanam Manjhi, Shri Sudhir Bhattacharjee and Shri Dilip Das regarding the creation of obstruction when the Governor was addressing the House on 12-3-1998.

Now, I find that Shri Dilip Das, Shri Ram Janam Manjhi and Shri Sudhir Bhattacharjee are present in the House. But I don't find Shri Rabin Mukherjee.

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, এর আগে হাউসে উঠেছিল এবং যে সমস্ত সদস্যদের বিরুদ্ধে অভিযোগ উঠেছে তারা তখন বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন, রাজ্যপালকে অসম্মান করার কোনও উদ্দেশ্য তাদের ছিল না। যেহেতু সরকারের তৈরি ভাষণ, তাই তারা প্রতিবাদ করেছেন। কিন্তু সেই প্রতিবাদ একটা গণতান্ত্রিক আন্দোলনের অঙ্গ। এর আগে এই হাউসে অনেক নজীর আছে। স্যার, মুখ্যমন্ত্রীকে মাইক ছুঁড়ে মারা হয়েছে। মাথা ফেটে গেছে, রক্তাক্ত হয়েছে, এর আগে এইকরম ঘটনা ঘটেছে। সুতরাং এটা একটা গণতান্ত্রিক আন্দোলনের অঙ্গ। রাজ্যপালকে অসম্মান করার উদ্দেশ্য ছিল না। তারা তাদের বক্তব্য রাখতে গিয়ে কারো একজনের এলাকার কারখানা বন্ধ, আর একজনের হাসপাতাল বন্ধ, স্বাভাবিকভাবেই এলাকার জনপ্রতিনিধি হিসাবে মানুষের যে ক্ষোভ সেই ক্ষোভের বর্হিঃপ্রকাশ করেছে। সুতরাং একে

রাজনৈতিক রঙ চড়িয়ে যদি আনা যায় তাহলে আমার মনে হয় বিরোধীদের প্রতি অবিচার করা হয়, বিরোধীদলের সদস্যদের যে আন্তরিক ক্ষোভ, এলাকার মানুষের প্রতি যে সহানুভূতি তার প্রতি অবিচার করা হয়। আমরা তখনও বলেছিলাম এখনও বলছি, এটা এখানেই ড্রপ করুন। হাউসের যে পরিবেশ আছে সেই পরিবেশকে কলুষিত করে লাভ নেই। এটা তখনই হয়েছে। মিটে গেছে, তারপর এটাকে বাড়তে দেওয়া উচিত নয়, এটা এখনই ড্রপ করে দেওয়া উচিত। মাননীয় সদস্যরা তাদের বক্তব্য রাখতে গিয়ে বলেছেন। সুতরাং আর একে বাড়তে না দিয়ে এখানেই শেষ করে দেওয়া উচিত।

## RULING FROM THE CHAIR

**Mr. Speaker :** Honourable Member, Mr. Abdul Mannan, we have heard these arguments many times before also. The relevant question over here is - the Governor comes to the House to perform a constitutional duty. He does not come out of his own choice. He is not a part of the debates of this House. He comes here to perform a constitutional duty to address the Members at the first Session of the House after an election and at the first sitting of the House in the year. That is his constitutional obligation he has to come and he has to read out the text prepared by the Government, not by himself. He cannot put a full-stop or a comma in that speech. Whatever the Government prepares, he will come and read. I have never understood that what the Government has prepared and that would be a subject matter of debate for four days, after the Governor leaves, on a Motion of thanks, when the Members will get opportune chance, enough chance to debate, criticise, create noise, turmoil in the House on the very subject matter on that debate which is the Governor's Address, where is the scope for distrubing the Governor? I cannot understand that. And if I remind a very famous case in Lok Sabha when an eminent parliamentarian like Prof. Hiren Mukherji, who was chastised by the Parliament, just because he raised a voice. He did not disturb.

He raised a voice of protest in the President's Address and he was chastised by the Parliament after the eight days' debates saying that - "No, he cannot do that". "It hás to be heard in silence. Nobody can pass commnets". So, nowhere you can comment, and here you are jumping around, shouting, throwing papers and that is all taken in the support of public cause. What is the public cause in dengrating the Governor, I cannot understand - a man who is helpless - a Head of State who has no power inside this House technically, he presides. He can also order the expulsion is a Member as happened in the Rajasthan, once a Governor ordered the expulsion of a Member and he was expelled from his gathering. But he has no power at that point of time. How can we say now that they were in very good faith trying to address the grievances of the people. They took part in the debate later on and they have not expressed sorrow over what they have done. A question pertinently arise i.e., if I am sorry for what I have done or if I am not sorry for what I have done; and if I say 'I have done it with right earnestness and what I did, was right, if I get opportunity I shall do it again' - then, there no question of forgiveness arises, no question of pardon arises. The decent procedure of Parliamentary practices says how they have to perform i.e. there has to be a sense of decorum and gentlemanliness. The Parliament is a place for gentlemen. Parliament is a place for representatives. A Parliament is not a place for voice raising performance, for unruly behaviour, for unbecoming conduct. It is not for that. So, I am sorry. (Voice) Mr. Tapas Ray, I am tallking. I am on my legs. So, you are going on giving running commentary. You should be in the football field. Why are you here? You go to the football field and put your running commentaries there. You are an expert in it. You should not be in Parliament. You should be in cricket ground. No commentry is given in Parliament. Please

take you seat now. Very well. Now, the question over here is if they are sorry for what they have done, we can consider for dropping the matter. If they don't express their regrets the question does not arise. We have to proceed according to the parliamentary norms, behaviour and conduct. No other question arises. (At this stage Mr. Saugata Roy rose to speak). You are not the concerned member. Mr. Roy, are you a concerned member? Yes, Mr. Dilip Das.

**শ্রী দিলীপ দাস ঃ** মান্নান সাহেব বলেছেন স্যার।

**মিঃ স্পিকার ঃ** আপনি দয়া করে বলুন।

**শ্রী দিলীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে বলার সুযোগ দিয়েছেন বলে আমি খুব আনন্দিত। আপনার কাছে আমি আবেদন করছি এই কারণে যে, আপনি যে কথাগুলি আমাদের বললেন একটু আগে সেই কথাগুলি আমি শুনলাম এবং ভালোভাবে উপলব্ধি করলাম। সেদিনের ঘটনার ব্যাপারে বলছি—মাননীয় রাজ্যপালের প্রতি আমার গভীর শ্রদ্ধা আছে এবং থাকবে। আমি ইচ্ছাকৃতভাবে এই সভায় তাঁকে কোনও অপমান করি নি। রাজ্যসরকারের বিরুদ্ধে আমার ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটেছে বিধানসভায়। স্যার, একটা কথা আপনার কাছে আমি উল্লেখ করছি। আমরা এখানে মেনশন বা জিরো আওয়ারে যেটা উল্লেখ করি তার কোনও অ্যাকশন হয়না। একটা কথা স্মরণ করিয়ে দিয়ে আবেদন করছি আপনার কাছে, স্যার, রায়গঞ্জে আমাদের এখানে ......

[12-10 — 12-20 p.m.]

**মিঃ স্পিকার ঃ** Mr. Das, I have not asked for a speech. Do you express regret for what you have done? Yes, No সোজা কথায় বলুন, এত বক্তৃতা দেবার দরকার নেই। আপনি বক্তৃতা অতীতেও দিয়েছেন। We have heard you. I feel you are not sorry for what you have done.

**শ্রী দিলীপ দাস ঃ** স্যার, ২১টা খুন করেছে তার কিছু হয়নি।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য যা মান্নান সাহেব আমাদের চিফ হুইপ বলেছেন। আর এই বিষয়ে আমি আগেও বলেছি। আজকের যে বক্তব্য সেটা মান্নান সাহেব আমাদের প্রতিনিধি হয়ে বলে দিয়েছেন।

**মিঃ স্পিকার ঃ** Do you regret? আপনি ক্ষমা চাইছেন কিনা বলুন? উনি কোনওটাই বলেননি। আই অ্যাম সরি। এই ভাবে হয়না। উনি যদি গভর্নর অ্যাড্রেসকে ডিসটার্ব করেন, আর তা যদি অপরাধ না হয়ে থাকে তাহলে ভেরি গুড, you will dicide that.

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও আইন ব্যবসায় ছিলেন, দীর্ঘদিন, আমিও আছি। একটা অপরাধের জন্য একটা মানুষের কতবার সাজা দেওয়া যায়? এর আগেও হাউসে আমি আমার বক্তব্য পেশ করেছি। সেদিনের কথায় কেউ যদি দুঃখ পেয়ে থাকেন তাহলে আমি দুঃখিত।

**মিঃ স্পিকার ঃ** ভেরি গুড। We accept the apology of Shri Tapas Banerjee.

**श्री राम जनम मांझी** :आदणीय अध्यक्ष जी, हाउस में एक ही सब्जेक्ट पर अनेक बाह विवृति देने को कहे है। एक मुर्गी को एक बार ही जबह किया जाता है, बार-बार नही किया जाता है। मै पहले भी कह चुका हूं हाउस मे राज्यपाल को अपमानित करने का कोई उद्देशय नही था। अपने इलाके का जनप्रतिनिधि की हैसियत से इलाके के बन्द-काल कारखाने की ओर मैने राज्यपाल का ध्यान दिलाना चाहा था, हमारे यहां बाउड़िया जूट मिल पांच वर्ष से वन्द है, फूलेश्वर मिल के मजदूरो को मालिक वेतन नही दे रहा है, मैने कोशिश किया था इस ओर राज्यपाल का ध्यान दिलाने का। राज्यपाल महोदय को अपमानित करने या, वदनाम करने का कोई उद्देश्य नहीं था। इसलिए मै, हमारे दल के चीफ हवीप का जो वक्तव्य है, उसपर एकमत होकर अपना वक्तव्य शेष करता हूं।

**Mr. Speaker :** Very well. Mr. Ramjanam Manjhi does not express apology. We will have to deal with him at the appropriate time.

Mr. Rabin Mukherjee is not present in the house today. I request the matter be put up tomorrow and a notice be given to Mr. Mukherjee to be present in the House tomorrow.

## ADJOURMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received two motion of Adjournment Motion on the subject reported frequent attack on fishermen, counters and boat passengers at Surnderbans areas by the pirates from Shri Gopal Krishna Dey and Shri Kamal Mukherjee.

The subject matter of the Motion relates to day-to-day administration of the Government and does not call for adjournment of the business of the House.

The Members may call attention of the Ministers concerned through Calling Attention, Mention, Question etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল -

সুন্দরবন এলাকায় জলদস্যু ও ডাকাতদের উপদ্রবে মানুষ অতিষ্ঠ। আতঙ্কে দিন কাটাচ্ছে সাধারণ মানুষ। সম্প্রতি মৎস্যচাষী ধীবরদের তুলে কেঁদোর জঙ্গলে নিয়ে মুক্তিপণ দাবি করে আটকে রেখেছিল। প্রায়ই নিত্যযাত্রীদের নৌকা অপহরণ করে সর্বস্ব লুঠ করছে। পাথরপ্রতিমা, রায়দিঘী, কুলতলি, বাসন্তী, গোসাবা এলাকায় এই সন্ত্রাস চলছে। শুধু নদীপথেই নয়, বাসপথেও ডাকাতি চলছে। প্রয়োজন নদীপথ ও বাসরাস্তায় পুলিশি তৎপরতা। প্রয়োজন নতুন থানা নির্মান করে মানুষকে নিরাপত্তা দেওয়া।

## CALLING ATTENTION (NOTICE)

**Mr. Speaker :** Today I have received two notices of Calling Attention on the following subjects, namely :

| Subjects | | Name |
|---|---|---|
| i) Reported murder of two person near Hooghly Bansberia Railway Stn. | : | Shri Nirmal Das |
| ii) Allotment of fund to the Asansol Municipal Corporation for various development works. | : | Shri Shyamadas Banerjee |

I have selected the notice of Shri Shyamadas Banerjee on the subject of Allotment of fund to the Asansol Municipal Corporation for various development works.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date. Mr. Sinha, will you be able to give it tomorrow?

**Shri Prabodh Chandra Sinha :** No, Sir. The statement will be sent to the member concerned.

## CALLING ATTENTION (STATEMENT)

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-Charge of Municipal Affairs Dept. to make a statement on the subject of reported death of one child in underground tank at Girish Park in Calcutta on 19-12-98.

(Attention called by Shri Jatu Lahiri and Shri Sultan Ahmed on the 21st December, 1998)

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯.১২.৯৮ তারিখে গিরিশ পার্কে ভূগর্ভস্থ জলাধারে একটি বালকের পতন ও মৃত্যু সম্পর্কে শ্রী জটু লাহিড়ী ও শ্রী সুলতান আহমেদ, বিধায়ক, কর্তৃক পশ্চিমবঙ্গ বিধানসভায় আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উত্তরে পৌর বিষয়ক ও নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে আমি নিম্নোক্ত বিবৃতি রাখছি ঃ-

গত ১৯শে ডিসেম্বর, ১৯৯৮ তারিখে কলকাতার গিরীশ পার্কে অগ্নি নির্বাপনের উদ্দেশ্যে নির্মিত ভূগর্ভস্থ অপরিশ্রুত জলের একটি জলাধারে একটি বালকের আকস্মিক পতন ও মর্মান্তিক মৃত্যু ঘটে। এই জলাধারটি বেশ পুরনো এবং জলাধারসহ এই পার্কটি মেট্রোরেলের কাছে দীর্ঘকাল গচ্ছিত ছিল। কিছুদিন পূর্বে মেট্রোরেল কর্তৃপক্ষ এই পার্কটির দায়িত্বভার কলকাতা পুরসভার হাতে প্রত্যর্পণ করে।

জলাধারটি যেহেতু কলকাতা পুরসভার এবং ঘটনার সময়ে কলকাতা পুরসভার হাতেই এর রক্ষণাবেক্ষণের দায়িত্ব ন্যস্ত ছিল, কলকাতা পুরসভা সংগত কারণেই এর নৈতিক দায় এড়াতে পারে না। একটি বালকের এই মর্মান্তিক ঘটনাটির অনুসন্ধান করে কর্তব্যে অবহেলাকারী এবং চিহ্নিত অপরাধীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা এবং ভবিষ্যতে এরকম দুঃখজনক ঘটনার যাতে পুনরাবৃত্তি না ঘটে তার জন্য যাবতীয় প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে কলকাতা পুরসভা শ্রী অরবিন্দ সাঁতরা, মুখ্য পুর বাস্তুকার (সিভিল) ও শ্রী দিব্যেন্দু রায়চৌধুরী, মুখ্য পুর বাস্তুকার (জল সরবরাহ বিভাগ) ২১শে ডিসেম্বর, ৯৮ তারিখে একটি তদন্ত কমিটি গঠন করেছে। এই কমিটির আগামী ১৫ দিনের মধ্যে তাঁদের প্রতিবেদন পেশ করতে বলা হয়েছে। এই প্রতিবেদন পাবার পরে সমগ্র বিষয়টি বিবেচনা করে কলকাতা পুরসভা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

ইতিমধ্যে দৃষ্টান্তমূলক সতর্কতা হিসেবে এ এলাকার উদ্যান বিভাগের রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত নির্বাহী বাস্তুকারকে অবিলম্বে ছুটিতে যাবার নির্দেশ দেওয়া হয়েছে।

বালকটির শোকসন্তপ্ত পরিবারকে সান্ত্বনা জানানোর কোনও ভাষা আমাদের জানা নেই।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী জটু লাহিড়ী ঃ** মিঃ স্পিকার স্যার, আমি মাননীয় মন্ত্রীর বিবৃতি শুনলাম। মেট্রোরেল এটাকে নিয়েছিল ঠিকই, কিন্তু এক বছর আগে সেটা ক্যালকাটা কর্পোরেশনকে প্রত্যার্পন করেছে। জলাধারটি বহুদিনের এবং সেটা রক্ষণাবেক্ষণের দায়িত্ব ক্যালকাটা কর্পোরেশনের। আপনি বলছিলেন, এটা একটা অপরাধ হয়েছে, অবহেলা হয়েছে কর্তব্যে। কিন্তু ঘটনা এটাই প্রথম নয়। গিরীশ পার্কে সাত বছরের অজয় সিংকে খেলতে গিয়ে মরতে হয়েছে। যেখানে শিশুরা যাবে, খেলাধূলা করবে

সেখানে সেই পার্কে জলাধার হয়েছে। সেখানে একটা শিশু খেলতে গিয়ে মারা গেল। এই ঘটনা আগেও ঘটেছে। বেলেঘাটা, মেয়রের এলাকায় একটা ম্যানহোলে একটা বাচ্ছা ছেলে পড়ে মারা গেল, তার দেহ গঙ্গার ধারে গিয়ে উদ্ধার করা হয়েছে। এই বছরের জানুয়ারি মাসে উল্টোডাঙ্গায় একটা ছেলে পড়ে মারা গেল। কর্পোরেশনের এই কাজগুলি করার জন্য যারা মূল দায়িত্বে আছেন তাঁরা সেই কাজগুলি করছেন না, অবহেলা করছেন। ভাঙ্গা-চোরা রাস্তা, পাথর ছিটকে মানুষ মারা যাচ্ছে। প্রকারন্তরে এই গুলি একটা খুনের চেষ্টা যারা এই জন্য তারা কি এই খুনের অপরাধে অপরাধী হবে না? এর জন্য আপনি কয়েকজনকে সাসপেন্ড করছেন তারপর একটা কমিটি করে দিয়েছেন। এই কমিটি করে দীর্ঘসূত্রতা করে বিষয়গুলি ধামাচাপা দেওয়ার চেষ্টা হচ্ছে। একবার নয়, বারে বারে এই ঘটনা ঘটছে। এই ঘটনা গুলি বলা যায় খুনের নামান্তর মাত্র। এই ঘটনাগুলির জন্য যারা অপরাধী তারা খুনী হিসাবে শাস্তি পাওয়া উচিত। এই রক্ষণাবেক্ষণের দায়িত্বে যাঁরা আছেন তাঁদের কি এই শাস্তি দেওয়ার ব্যবস্থা করছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা ঠিক আমি বিবৃতি দেবার সময় বলেছি এই যে ঘটনা ঘটেছে এর নৈতিক দায় কলিকাতা কর্পোরেশনের। আমরা দায়ী নয় এই কথা বলছি না। এই কথা ঠিক এই রকম ঘটনা আগেও ঘটেছিল। তারপরেই আমরা ওদের এই ব্যাপারে বলেছিলাম। ওদের এক্তিয়ারে যত সুয়োরেজ ড্রেনেজ আছে যেখানে ম্যানহোল ভেঙ্গে গিয়েছে কিংবা নেই সেখানে প্রতিটি জায়গায় যেখানে খবর পেয়েছে সেখানেই ম্যালহোলের কভার বসিয়েছে। ব্যবস্থা যে কিছু নেওয়া হয় নি তা নয়। এই ঘটনা ঘটবার পর ব্রিক সুয়ারেজ এবং পাইপ সুয়োরেজের উপর ১৯১৪টি ম্যানহোল কভার নুতন করে কলিকাতা কর্পোরেশন স্থাপন করেছে, ১৮৫১টি গালি পিটের ব্যবস্থা করা হয়েছে। যে গুলিতে ছিল না সেইখানে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। সমস্যা হচ্ছে কলিকাতায় ব্রিক সোয়ারেজ যা আছে পাইপ সোয়ারেজ যা আছে তাতে মোট প্রায় ১ লক্ষ ৬২ হাজার ম্যানহোল আছে। তা হলেও এই রকম যে ঘটনা ঘটছে এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। এর দায়িত্বে যাঁরা ছিলেন তাঁরা সেইভাবে দায়িত্ব পালন করতে পারেন নি। এই ব্যাপারে কলিকাতা কর্পোরেশন একটা তদন্ত কমিটি করেছে, সেই কমিটিকে দায়িত্ব দেওয়া হয়েছে, এখানকার দায়িত্বে কারা ছিলেন এবং কার কাজের অবহেলা হয়েছে সেটা বার করা। ভবিষ্যতে যাতে এই ঘটনা প্রতিহত করা যায় তার জন্য কি ব্যবস্থা কর্পোরেশনের পক্ষ থেকে নেওয়া উচিত তার সুপারিশ পাঠাতে বলা হয়েছে এবং

১৫ দিনের মধ্যে এই রিপোর্ট দিতে বলা হয়েছে। আমি আশা করি তাঁরা চিহ্নিত করতে পারবেন। তার জন্য এটা করা হয়েছে।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় স্পিকার স্যার, অজয় সিং কয়েকদিন আগে জলের ট্যাঙ্কে ডুবে মারা যায়। আজকে মন্ত্রিমহাশয় বিবৃতি দিয়েছেন কর্পোরেশনের দু-জন অফিসার এনকোয়্যারি করবেন এবং ১৫ দিনের মধ্যে রিপোর্ট দেবেন। যাদের দোষে যাদের ভুলের জন্য এটা হয়েছে যে ক্রিমিনালের নেগলিজেন্সির জন্য এটা হয়েছে তাদেরই এনকুয়্যারির দায়িত্ব দেওয়া হয়েছে। যদি ইনকুয়্যারি করতে হয় তাহলে পি.ডবলু.ডি. বা অন্য কোন ডিপার্টমেন্টের কিংবা সি.এম.ডি.এ-র কোনও ইঞ্জিনিয়রকে দিয়ে এই এনকোয়্যারি করতেন তাহলে ভাল হত। আজকে এটা নূতন ঘটনা নয়। কয়েক দিন আগে কাগজে বেরিয়েছিল ক্যালকাটা পুলিশ কলিকাতা কর্পোরেশনকে বলেছে ৬০/৭০টি ম্যানহোলের কভার নেই। আপনার কাছে যে তালিকা আছে তার মধ্যে কি এই ম্যানহোলের কথা উল্লেখ আছে? ১ বছর আগে একটা ঘটনা ঘটেছিল, গত লোকসভা নির্বাচনের সময় মেয়রের নিজের এলাকায় নিজের ওয়ার্ডে ম্যানহোলের মধ্যে পড়ে একটা বাচ্ছা ছেলে মারা যায়। তাকে কত ক্ষতিপূরণ দেওয়া হয়েছে বলতে পারবেন? কি ফ্যামিলি কমপেনসেশন দিয়েছেন সেটা হাউসকে জানাবেন। আর যাদের উপরে দায়িত্ব দিয়েছেন সেই অফিসার মিঃ সাঁতরা লংলিভে চলে গেছেন। তিনি আর করবেন না, এইভাবে কেসটাকে চাপা দেবার চেষ্টা করছেন এবং কিভাবে বাঁচানো যায় পৌরসভাকে তার চেষ্টা করছেন। টোটাল অ্যাডমিনিস্ট্রেশন ভেঙ্গে পড়েছে। আসলে মন্ত্রিমহাশয় বেশি সময় শিলিগুড়িতে দিচ্ছেন, কলকাতার জন্য সময় দেন না। কলকাতার মানুষকে টোটাল নেগলেক্ট করছেন। আপনি পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যাল অ্যাফেয়ারস্ মিনিস্টার, কলকাতাকে দেখছেন না।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী অশোক ভট্টাচার্য্য ঃ** মাননীয় সদস্য যেটা বললেন, সেই প্রসঙ্গে জানাই যে, কলকাতা পৌরসভার উচ্চ পদস্থ অফিসারকে দায়িত্ব দিয়েছি। দুজনেই চিফ ইঞ্জিনিয়ার র‍্যাঙ্কের, তাদের উপরে যথেষ্ট আস্থা আছে। রিপোর্ট দেওয়ার সঙ্গে সঙ্গে তারা যে ব্যবস্থা নিতে সুপারিশ করবেন, তার ব্যবস্থাগুলো আমরা নেব। আর এটা ঠিক নয় যে, মিঃ সাঁতরা চাকুরি ছেড়ে চলে গেছেন। চিফ ইঞ্জিনিয়ার একজন থাকবেনই। আর দ্বিতীয়ত আগে যে ঘটনাটি ঘটেছিল সেই পরিবারের পক্ষ থেকে যে আবেদন

করেছিল আমরা কর্পোরেশনের পক্ষ থেকে তারা যা চেয়েছে সেটা দেওয়ার চেষ্টা করেছি। এক্ষেত্রে কর্পোরেশনের পক্ষ থেকে ওই ক্ষতিগ্রস্থ পরিবারকে হয় চাকুরি দেওয়া হয়েছে অথবা দোকান অথবা আর্থিক ক্ষতিপূরণ দেওয়া হয়ে থাকে। ওই পরিবার সম্ভবত চাকুরির প্রস্তাব দিয়েছে। আমি এখনই বলতে পারব না যে চাকুরি পেয়েছে কিনা তবে চাকুরি দেওয়ার প্রস্তাব আমরা ঘোষণা করেছি। ওই ধরণের ঘটনা যদি কারুর হয়, কোন প্রস্তাব পেলে কর্পোরেশন একটা ক্ষতিপূরণের ব্যবস্থা করে থাকে যেভাবেই হোক না কেন। আর একটা অপ্রাসঙ্গিক বিষয় বলেছেন যে, আমি নাকি কলকাতার জন্য সময় দিই না। আমি তো শুধু কলকাতাকে দেখলে হবে না, ১২২টি পৌরসভা আমার হাতে, সুতরাং সবটাই তো আমাকে দেখতে হবে। আপনি তো কলকাতার বিধায়ক, আপনি কলকাতাকে দেখছেন। আর আমি তো শুধু কলকাতার বিধায়ক নই। আর তাছাড়া কলকাতায় থেকে যেমন রাজ্যকে দেখা যায় না ঠিক নয়, তেমনি কলকাতার বাইরে থেকে কলকাতাকে দেখা যায় না ঠিক নয়।

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 4th Report of the Subject Committee on Power, Commerce & Industries, Science & Technology and Non-Conventional Energy Sources, 1998-99

**Shri Rabin Deb :** Mr. Speaker, Sir, I beg to present the Fourth Report of the Subject Committee on Power, Commerce & Industries, Science & Technology and Non-Conventional Energy Sources, 1998-99 on West Bengal Renewable Energy Development Agency of Science and Technology and Non-Conventional Energy Sources Department.

## LAYING OF REPORT

### The 22nd Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corpn. Limited, for the year -- 1995-96

**Shri Prabodh Chandra Sinha :** Mr. Hon'ble Speaker, Sir, with your kind permission, I beg to lay the 22nd Annual Report

and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year, 1995-96.

## MENTION CASES

**মিঃ স্পিকার ঃ** মিঃ চট্টরাজ, আপনার কি বলার আছে বলুন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অমর্ত্য সেন নোবেল প্রাইজ পেয়েছেন বলে হাউস থেকে আনন্দ প্রকাশ করেছেন এবং আপনিও আপনার চেয়ার থেকে করেছেন। বিশেষ করে' নেতাজীকেও কুইস লিং বলার জন্যে ক্ষমা চেয়েছেন। এই অমর্ত্য সেন যখন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে হেড অব দি ডিপার্টমেন্ট হয়ে অ্যাপয়েন্টমেন্ট পান, বাংলার রূপকার ডাঃ বিধানচন্দ্র রায় উপযুক্ত লোককে উপযুক্ত জায়গায় বসিয়েছিলেন তখন ওই কমিউনিস্ট নেতারা, কমিউনিস্ট ভাইরা দারুনভাবে আপত্তি জানিয়েছিলেন। বিধানসভার বাইরে এবং ভেতরে। স্যার, ১৯৫৭ সালের ১৯শে জুনের হাউসের প্রসিডিং যদি দেখেন তাহলে দেখতে পাবেন যে, এই কমরেড বিপ্লবী জ্যোতি বসু ডাঃ বিধানচন্দ্র রায় যাঁকে পি.এস.সির চেয়ারম্যান করেছিলেন সেই যোগ্য ব্যক্তি আশুতোষ সেন, যিনি অমর্ত্য সেনের পিতা, তাঁর সম্পর্কেও অকথ্য কথা বলতে ছাড়েন নি। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে অমর্ত্য সেনের পিতা আশুতোষ সেনকে যে ভাষায় গালাগালি দিয়েছিলেন এবং যে ভাষা ইউজ করেছিলেন এই বিধানসভা কি কংগ্রেসের বাপের জমিদারি?

(গোলমাল)

স্যার, আমি চাই জ্যোতি বসু হাউসে দাঁড়িয়ে ক্ষমা চান, বিধান রায়ের আমলে অমর্ত্য সেন এবং আশুতোষ সেন সম্বন্ধে যা বলেছেন অন্যায় করেছেন। এর জন্য তাঁকে ক্ষমা চাইতে হবে। জ্যোতি বসু শুড বেগ অ্যাপলজি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রীমতী সাধনা মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাটোয়া বর্ধমান রাস্তায় বহু দূরপাল্লার গাড়ি, লরি যাতায়াত করে। সেই রাস্তা ভীষণ খারাপ। বিশেষ করে শ্রীখন্ড থেকে শ্রীখন্ড ডাকবাংলো এবং শ্রীখন্ড ডাকবাংলো থেকে নূতন হাট পর্যন্ত এই রাস্তার উপরে কোনও পিচ পাথর নেই। প্রতিদিন এই রাস্তার উপরে বাস

খারাপ হয়ে পড়ে থাকে। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে এই রাস্তা সারাবার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী শীতল সর্দার ঃ** (নট প্রেজেন্ট)।

**শ্রী পেলব কবি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের আসানসোল মহকুমায় খনি অঞ্চল থাকার জন্য ওখানে প্রচন্ড জলের অভাব। আর.সি.এফ.টির কাজ শুরু হয়েছিল দীর্ঘ কয়েক বছর আগে। ফার্স্ট ফেজের কাজ হয়েছে, সেকেন্ড ফেজের কাজ পুরো কমপ্লিট হয়নি। বহু মৌজা এখনও বাকি আছে। থার্ড ফেজের কাজ শুরু হবে আমরা শুনছি। মূলত এই টাকা খনি কর্তৃপক্ষের থেকে একটা বড় অংশ আসে। এখন যা অবস্থা, আর.সি.এফ.টির কাজ হবে কিনা, এই আশঙ্কায় আমরা ভুগছি। যদি এই অবস্থা হয় তাহলে আসানসোল মহকুমার মানুষ পানীয় জলের অভাবের দরুন প্রচন্ড সংকটের মুখে পড়বে। অবিলম্বে আর.সি.এফ.টি. থ্রি ফেজের কাজ শুরু করা যায় তার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি আসানসোল বাসীর পক্ষ থেকে।

**শ্রী মাণিক উপাধ্যায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে জনস্বাস্থ্য এবং কারিগরী মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই হাউসে দৃষ্টি আকর্ষণ করে করে মেম্বাররা সকলে বসে আছেন এবং সকলে বলছেন ঠিক আছে। কিন্তু সাধারণ মানুষের বেঁচে থাকার জন্য যে পানীয় জল, সেই পানীয় জলের ব্যবস্থার জন্য কোটি কোটি টাকা খরচ করে পানীয় জলের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু জলের জন্য যে মেজর অংশ অর্থাৎ ৮০ শতাংশ পাইপ লাইনে জল পড়ছে না। মানুষ খাবার জল ঠিক টাইমে পাচ্ছে না। সেই জায়গায় অনেক টাকা খরচ করে পাইপ লে ডাউন করা হয়েছে। পাইপ লাইন কিছু মৌজায় আছে, সেখানে আজ পর্যন্ত এক ফোঁটাও জল পড়ে না। শালানপুর ব্লকে মহিষমুন্ডায়, ৭ লক্ষ টাকা খরচ করে যে পাইপ লাইন আছে, ৭ খানা ট্যাঙ্ক আছে, সেখানে জল পড়ে না। বারাবনি ব্লকের মধ্যেও অনেক মৌজা আছে, যেখানে জল পড়ে না। কিছুদিন আগে এই মন্ত্রীসভার কারিগরী মন্ত্রী আমাদের লোকালে তিনি গিয়েছিলেন, সেখানে পাইপ লাইন ওপেন করার জন্য সেই প্রোজেক্টটা হচ্ছে পানুরিয়া সরিষাতলি খরাবর প্রোজেক্ট সেই প্রোজেক্টটা হচ্ছে অজয় নদী থেকে রোনাকুরা ঘাট পর্যন্ত, এর জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়। রোনাপুরা ঘাট থেকে জল এনে ওখানকার মানুষের পানীয় জলের ব্যবস্থা করার জন্য পঞ্চায়েত ইলেকশনের আগে কাজ আরম্ভ হয়েছিল

পঞ্চায়েত ইলেকশনে জেতার জন্য। কিন্তু সেই কাজ এখন বন্ধ হয়ে আছে। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

(এই সময় মাননীয় কংগ্রেস সদস্যরা মন্ত্রীদের অনুপস্থিতির ব্যাপারটি মাননীয় চেয়ারম্যান মহাশয়ের দৃষ্টিতে আনেন।)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের সকলের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে রাখছি। বিষয়টা হচ্ছে আমরা জনপ্রতিনিধি হিসাবে যে বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হই। সেই নির্বাচকমন্ডলীদের স্বাভাবিকভাবেই সেই বিধায়কের কাছে প্রত্যাশা থাকে তাদের এলাকার উন্নয়ন মূলক কাজে বিধায়করা আসবেন এবং তাদের মতামত দিতে পারবেন। কিন্তু আজকে পশ্চিমবঙ্গের বিধায়কদের কোনও উন্নয়নমূলক কাজে বা কোনও কিছুতে মতামত নির্ধারন করার কোনও অধিকার নেই। অথচ আপনি জানেন যে, লোকসভার সদস্যদের প্রতি বছর এক কোটি টাকা দেওয়া হয় তাদের নির্বাচন কেন্দ্রের উন্নয়নমূলক কাজের জন্য। এখন শোনা যাচ্ছে সেটা দু'কোটি টাকা করা হবে। মহারাষ্ট্র, আসাম, উত্তরপ্রদেশ এই সমস্ত রাজ্যে বিধায়ক পিছু ৫০ লক্ষ টাকা বরাদ্দ করা আছে। গুজরাটে বিধায়ক পিছু ২৫ লক্ষ টাকা করে বরাদ্দ করা আছে, বিহারে ৪০ কোটি টাকা করে বরাদ্দ করা আছে। মাননীয় চেয়ারম্যান মহাশয় নির্বাচকমন্ডলীর কাছে আমাদের যে দায়বদ্ধতা, উন্নয়নমূলক কাজে আমরা যাতে তাদের পাশে নিতে পারি, তাদের প্রত্যাশা পূরণ করতে পারি, সেই উদ্দেশ্যে বিধায়ক পিছু ৫০ লক্ষ টাকা করে বরাদ্দ করা হোক। বিধায়করা তাদের নির্বাচনী ক্ষেত্রের উন্নয়নমূলক কাজের যাতে সুপারিশ করতে পারেন তার জন্য ৫০ লক্ষ টাকা প্রতি বিধায়ক পিছু বরাদ্দ করা হোক। এই ব্যাপারে আমি গত হাউসেও প্রস্তাব রেখেছিলাম এবং মাননীয় বিরোধী দলের নেতা এই ব্যাপারে বক্তব্য রেখেছিলেন। মাননীয় স্পিকার মহাশয় তখন বলেছিলেন এই ব্যাপারটা সরকারের বিবেচনাধীন আছে। এই ব্যাপারটা আমি আবার সরকারের কাছে প্রস্তাব রাখছি এবং সরকারি চিফ হুইপের বক্তব্য জানতে চাই।

(নয়েজ)

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** এই ব্যাপারটা সরকারের এখনও বিবেচনাধীন আছে।

**শ্রী শঙ্করশরন নস্কর ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে আমার দক্ষিণ ২৪ পরগণা জেলায় আমতলা গ্রামের হাসপাতাল সম্বন্ধে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উক্ত হাসপাতালটি প্রতিষ্ঠিত হবার পর থেকে বহু মানুষ উপকৃত হচ্ছে। কিন্তু ওখানে সমস্যা অনেকগুলি এখনও থেকে গেছে। সব ডাক্তার এখনও পোস্টিং হয়নি। ছ'জন পোস্টিং হওয়ার কথা, সেখানে এখন দু'জন মাত্র কাজ করছেন। এক্স-রে মেসিন এসেছে, কিন্তু ওখানে টেকনিশিয়ান এখনও আসেনি। যারজন্য কাজের অসুবিধা হচ্ছে। রাত্রি ১১টার পর জল থাকছে না। চারজন মাত্র সুইপার আছে আরও আসার কথা, কিন্তু তারা আসেনি। সুতরাং আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই অব্যবস্থাগুলি তাড়াতাড়ি দূর করা যায়।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফোর্থ পে-কমিশনের রায় এই রাজ্যের সরকারি কর্মচারিদের ক্ষেত্রে ইতিমধ্যেই প্রযোজ্য হয়েছে এবং রাজ্যের সরকারি কর্মচারিরা তার সুযোগ সুবিধা পাচ্ছেনা। আমি জানিনা, মাননীয় অর্থমন্ত্রী অথবা মাননীয় শিক্ষামন্ত্রী জানেন কিনা, যেহেতু এই সরকার কো-অর্ডিনেশন কমিটির কর্মচারিদের উপর নির্ভরশীল, সেজন্যই আগে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে পে-কমিশনের রায় কার্যকর হয়েছে। কিন্তু সরকার লক্ষ লক্ষ শিক্ষক এবং অশিক্ষক কর্মচারিরা তাঁরা আজও এই সুযোগ পাচ্ছেন না। প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকেরা তাঁরা এখনও অন্ধকারে আছেন! এখনও পর্যন্ত জি.ও. বেরোয় নি। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি, শিক্ষক এবং শিক্ষাকর্মীদের ক্ষেত্রে অবিলম্বে ফোর্থ পে-কমিশনের রায় কার্যকর করার ব্যবস্থা করুন। এই প্রসঙ্গে আমি আর একটি বিষয়ে বলছি। ১৯৯০ সালে যে 'রোপা' বেরিয়েছিল, ৯০ সালের টাকা সরকার এখনও দেন নি। আমি শুনছি, সেই টাকা নাকি প্রভিডেন্ট ফান্ডে চলে যাবে। আমার অনুরোধ, এই টাকা নগদে দেওয়ার বন্দোবস্ত করুন। আর একান্তই যদি সেই টাকা এই দেউলিয়া সরকারের পক্ষে দেওয়া সম্ভব না হয়, তাহলে সেই টাকা ১৯৯০ সাল থেকে সুদ সহ দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, হুগলি জেলা সহ ৫টি জেলায় আইসিডিএস, এর অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে গত কয়েক মাস ধরে 'কেয়ার'

এর ফুড বন্ধ হয়ে গেছে। এইসব কেন্দ্রগুলিতে তফসিল জাতি, উপজাতি এবং দারিদ্রসীমার নিচে বসবাসকারী পরিবারের ৩-৫ বছরের শিশুরা পড়াশুনা করবার জন্য আসে। অবিলম্বে যাতে এই কেন্দ্রগুলিতে খাবারের ব্যবস্থা করা যায় তার জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেওকীনন্দন পোদ্দার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর ধ্যানাকর্ষণ করতে চাই। আমার অ্যাসেম্বলি কনস্টিটিউয়েন্সি জোড়াসাঁকোর রাস্তাঘাটের অবস্থা খুবই খারাপ। বিশেষ করে মহাত্মা গান্ধী রোডে, রবীন্দ্র সরণী, বিধান সরণী রাস্তার অবস্থা খুবই খারাপ। আমি মাননীয় মন্ত্রীকে রাস্তাগুলো একবার ঘুরে দেখবার জন্য অনুরোধ জানাই। আমি একাধিকবার এই হাউসে পৌরমন্ত্রীর ধ্যানাকর্ষণ করেছি। কিন্তু আমার মনে হয়, আমরা বিধায়করা যখন মন্ত্রীদের ধ্যানাকর্ষণ করে কোনও কথা বলি - এমনিতে তো মন্ত্রীরা হাউসে উপস্থিত থাকেন না - সেগুলো যখন তাঁদের কাছে যায়, সেগুলো ওয়েস্ট পেপার বাসকেটে ফেলে দেন। আমি এখানে একাধিকবার মহাত্মা গান্ধী রোড, রবীন্দ্র সরণী, বিধান সরণী সম্বন্ধে বলেছি। এই রাস্তাগুলো দিয়ে লক্ষ লক্ষ লোক যাতায়াত করে, হাজার হাজার যানবাহন যায়। এই রাস্তাগুলো যদি অবিলম্বে মেরামত করা হয় তাহলে কয়েক লক্ষ লোক উপকৃত হতে পারে। এমনিতে মানুষ মারা গেলে কলকাতা কর্পোরেশন চুপ করে বসে থাকে। কয়েকদিন আগে গিরীশ পার্কে একটা বাচ্ছা ছেলে মারা গেল। ওখানে একাধিক পৌর কর্পোরেশনের বোরো অফিস আছে। ওখানে ২৫ নং ওয়ার্ডের অফিস আছে এবং একজিকিউটিভ ইঞ্জিনিয়ার বসেন। ওখানে ম্যানহোল খোলা থাকার জন্য বাচ্ছা মারা গেল। যাতে কর্পোরেশনের রাস্তা মেরামত করা হয় এবং কর্পোরেশনের যেসব কর্মী ঐ বাচ্ছার মৃত্যুর জন্য দায়ী তাদের শাস্তির দাবি করছি।

**শ্রী মৃনালকান্তি রায় ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি জানাতে চাই, তৃণমূল কংগ্রেস রামনগরের বিভিন্ন জায়াগায় ব্যাপক হামলা, ভাঙ্গচুর চালাচ্ছে। দীঘাতে তারা সি.পি.এম-এর অফিসে ভাঙ্গচুর করে এবং সি.পি.এম. কর্মী বাদল জানা ভীষণ ভাবে আক্রান্ত হয়ে এখন গুরুতর আহত অবস্থায় দীঘার স্টেট জেনারেল হাসপাতালে চিকিৎসার্থে ভর্তি রয়েছে। তৃণমূল কংগ্রেস বি.জে.পির সঙ্গে হাত মিলিয়ে পর্যটন কেন্দ্র দীঘাতে ব্যাপক হামলা, ভাঙ্গচুর চালিয়ে বিভীষিকা সৃষ্টি করছে। পর্যটকরা সেখানে আতঙ্কিত হয়ে পড়ছেন, সাধারণ মানুষের জীবন-জীবিকা ব্যাহত হচ্ছে। এটা

কঠোর হস্তে দমন করা দরকার। সেখানে যাতে ঐসব ঘটনা আর না হয় এবং ঐ ঘটনার জন্য দোষী সেখানকার পদিমা-২ এর অঞ্চল প্রধানকে অবিলম্বে এ্যারেস্ট করার দাবি জানাচ্ছি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং পর্যটন মন্ত্রীকে।

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের এবং জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, একটি গুরুতর বিষয়ের প্রতি। আপনি হয়ত জানেন, আর্সেনিক প্রদূষণ সারা পশ্চিমবাংলাকে একটি বিষ কুম্ভে পরিণত করেছে। যা হিসেব পেয়েছি ৮টি জেলায় ৬৩টি ব্লকের ৯৫১টি গ্রামে আর্সেনিক প্রদূষণ ছড়িয়ে পড়েছে। আর্সেনিক প্রদূষণের যে সহনীয় মাত্রা -.৫ পার স্কোয়ার মিলিয়ন, সব জায়গায় এই মাত্রা ছাড়িয়ে গেছে। এর মধ্যে উত্তর এবং দক্ষিণ ২৪ পরগণায় পুরোপুরি রয়েছে, মালদায় রয়েছে। দেখা যাচ্ছে গঙ্গার একটা ধার দিয়ে। পুরো এলাকা আর্সেনিক প্রদূষিত হয়ে গেছে এবং এই আর্সেনিক প্লট মালদা, মুর্শিদাবাদ ছাড়িয়ে কলকাতায় পুরোপুরি চলে এসেছে। সরকার এখানে আর্সেনিক দূষণ রোধে যে ব্যবস্থা নিয়েছে, যথেষ্ট নয়। সরকার বজবজে এবং মালদায় দুটো বড় প্ল্যান্ট বসিয়েছে, কিন্তু এখনও কাজ কিছু হয়নি অথচ লক্ষ লক্ষ মানুষ এখনও আর্সেনিক দ্বারা আক্রান্ত হচ্ছে, গুরুতর চর্মরোগ হচ্ছে, তার চিকিৎসাও অল ইন্ডিয়া ইনিস্টিটিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেলথ এবং স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন ছাড়া আর কোথাও হয় না। কলকাতা পুরসভা, বিশেষ করে দক্ষিণ শহরতলি প্রিন্স আনোয়ার শা রোড থেকে বেহালা, সেখানে দেখা যাচ্ছে ভূগর্ভের স্তরে আর্সেনিক এসে গেছে। গড়িয়া থেকে টালিগঞ্জ ট্রাম ডিপো, যাদবপুর থেকে গড়িয়া, এর মধ্যে ৯২৯টি ডিপ টিউব ওয়েলের মধ্যে ৪৩৯টিতেই দেখা যাচ্ছে আর্সেনিক রয়েছে। সরকার যদি এখনই ব্যবস্থা না নেন, তাহলে কলকাতা শহরেও এটা ছড়িয়ে পড়বে। এখন পর্যন্ত সবচেয়ে তলায়, গভীর জলস্তরে এই আর্সেনিক নেই। কিন্তু এখন যদি গভীর জলস্তরের জলটা রক্ষা করা না যায় তাহলে আস্তে আস্তে চুঁইয়ে চুঁইয়ে আর্সেনিক সেখানে পৌঁছে যাবে। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, এই ব্যাপারে হাউসে একটা বিবৃতি দিন। গাইঘাটাতে সম্প্রতি দেখা গেছে যে কটা নতুন ডিপ টিউবওয়েল রয়েছে, তার সব কটাতে আর্সেনিক প্রদূষণ রয়েছে। এই অবস্থা চলতে দেওয়া যায় না। এটা জনস্বাস্থ্যের বিষয়। অবিলম্বে এদিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে আমার বিধানসভা

এলাকা সীমান্তবর্তী এলাকা। ইটিন্ডা থেকে ভোজডাঙ্গা পর্যন্ত ৬ কিলোমিটার রাস্তা রয়েছে। বাংলাদেশে রপ্তানিকৃত মাল নিয়ে যাওয়ার জন্য শত শত লরি এই রাস্তা দিয়ে রোজ যাতায়াত করে। বর্ষার আগে থেকেই এই রাস্তার অবস্থা খারাপ হয়েছে, বর্ষার পরে তো কোনও কথাই নেই। এটাকে আর রাস্তা বলা যায় না। লরি যাওয়া বন্ধ হয়ে গেছে। রিক্সা পর্যন্ত চলতে পারে না। ওখানকার লোকেরা প্রচন্ড বিক্ষুব্ধ হওয়ারই কথা। মাত্র ৬ কিমি রাস্তা, গুরুত্বপূর্ণ রাস্তা। এই রাস্তাটি যাতে অতি দ্রুত মেরামত করা হয় তার জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাছে হিউম্যান রাইটসের অর্ডারের একটা কপি রয়েছে। আমার কেন্দ্র জগাছা থানার মৌখালিতে ২২.১১.৯৭ তারিখে, সেই সময়ে থানার ও.সি. ছিলেন সুনীল গুহ। এই সুনীল গুহ তার পুলিশ পারটি নিয়ে মৌখালির একটা বাড়িতে যায়। উদ্দেশ্য ছিল যে আনোয়ার খান নামে একজন তার নামে বহুদিন ধরে অ্যারেস্ট ওয়ারেন্ট রয়েছে। এই আনোয়ার খাঁ.এর বাবার নাম গোলাম রসুল। কিন্তু হিউম্যান রাইটস কমিশন বলেছে যে এই আনোয়ার খাঁ মারা গিয়েছে। ও.সি. সুনীল গুহ যার নামে ওয়ারেন্ট সেই আনোয়ার খাঁ এর বাড়ি না গিয়ে অন্য একজন আনোয়ার খাঁ তার বাড়িতে যায়। দরজা ভেঙ্গে ঘরে ঢোকে। তার স্ত্রী, মেয়ে সনজিদা খাতুন তারা জিজ্ঞাসা করে কেন ঢুকেছেন, সে কথা না শুনে, এই সুনীল গুহের নির্দেশে তার পুলিশ পারটি সনজিদা খাতুনের উপর নারকীয় অত্যাচার করে। হিউম্যান রাইটস একথা স্বীকার করেছে। পরের দিন তারা আমার কাছে আসে। আমি নিজে যাই, বলি কেন এই কাজ করা হয়েছে। স্যার, সুনীল গুহের দশ হাজার টাকা ক্ষতিপূরণ চাওয়া হয়েছে। পুলিশ পারটির দুজনের সাসপেনশন হয়েছে। এই সুনীল গুহ এখন লিলুয়া থানার ও.সি.। এর কনস্টেবল হওয়ার কোনও যোগ্যতা নেই। পাগলা অফিসার। এই জাতীয় পুলিশের জন্য পুলিশের দুর্নাম হচ্ছে। সুনীল গুহের উপর আরও বেশি করে শাস্তি দেওয়া হোক। তা না হলে পুলিশের মর্যাদা হানি হচ্ছে।

**শ্রীমতী মিলি হীরা ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে হরিণঘাটা অঞ্চলের পানীয় জলের সমস্যার বিষয়ে পি.এইচ.ইর বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। হরিণঘাটা কনস্টিটিউয়েন্সি ব্লকে ১০টা জি.পি. রয়েছে, তার মধ্যে হরিণঘাটার দুটি জি.পি.-তে পি.এইচ.ইর ডিপ টিউবওয়েলের মাধ্যমে বিশুদ্ধ পানীয়

জল সরবরাহের ব্যবস্থা হয়েছে, কিন্তু বাকি ৮টি জি.পি.তে এই রকম পানীয় জল সরবরাহের কোনও ব্যবস্থা করা যায় নি। অনতিবিলম্বে এবং অগ্রাধিকারের ভিত্তিতে এই ৮টি জি.পি.তে ডিপ টিউবওয়েল স্থাপন করে যাতে পানীয় জলের ব্যবস্থা করা যায় তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আশা করছি এই সমস্যার সমাধানে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**श्री हाम जनम मांझी :** माननीय सभापति महोदय, मै आपके माध्यम से स्वास्थ मंत्री का ध्यान आकर्षित कराना चाहता हूं उलबेड़िया ई०एस०आई० हांस्पीटल जहां पर हजार-हजार मरीज आते है, मगर ई०एस०आई० हांम्पीटल मे महीजो की सुविधा के लिए कोई व्यवस्था नही हैं। ई०एस०आई० हांस्पीटल गरीब मजदूर मरीजो की सुविधा के लिए बनाया गया था किन्तु आज तक कोई कारगर व्यवस्था नही हुआ है। यन्त्र-पाती सब खराव पड़ा हुआ है। वहां के डाक्टर पार्ट टाइम काम करते है। वहां रोगियो के खाने की व्यवस्था नही है। वहां से रोगियो को ले जाने-लाने के लिए एम्बूलेन्स की कोई व्यवस्था नही है। इसलिए मै स्वास्थ मंत्री से अनुरोध करता हूं कि रोगियो को ले जाने के लिए एम्बूलेन्स की व्यवस्था किया जाय

**শ্রী মোজ্জামেল হক্ :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, মুর্শিদাবাদ জেলায় ইসলামপুরে চক্ গুড় গুড় গ্রামে দুঃস্থ রেশম শিল্পীদের বাস। সেই গ্রামের পাশ দিয়ে ভৈরব নদী বয়ে যাচ্ছে এবং এর ভাঙ্গনের ফলে তারা প্রতি বছরই ক্ষতিগ্রস্থ হচ্ছে। আমি বারবার মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। দু-বছর আগে ভৈরব নদীর কাজ করার কথা। গত বর্ষার সময় কাজ হতে গিয়েছিল কিন্তু ওখানকার মানুষ কাজ করতে দেয় নি, সেখানে জরুরি ভিত্তিতে কাজ করার জন্য। কিন্তু স্থায়ী ভাবে যে কাজ করার কথা দু-বছর ধরে তা করা হচ্ছে না এবং এর ফলে গ্রামটি ধ্বংসের মুখে। সেখানে শিল্পীরা খুব খারাপ অবস্থার মধ্যে রয়েছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন তিনি যেন এই বিষয়ে তাঁর বক্তব্য বলেন এবং কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটা বলেন।

**শ্রী দিলীপ দাস :** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় সভায় উপস্থিত করতে চাই। গত ১৭ই ডিসেম্বর আমার রায়গঞ্জ বিধানসভা কেন্দ্রে নামসংঘ ক্লাবের কিছু গুন্ডা এলাকায় দীর্ঘ দিন তোলা তুলছে

এবং এতে ব্যবসায়ীরা অতিষ্ঠ হয়ে উঠেছে দীর্ঘ দু বছর ধরে। ১৭ই ডিসেম্বর যখন নাম সংঘের ছেলেরা তোলা তুলতে যায় তখন জনৈক ব্যবসায়ী তাদের বলেন, ভেতরে এসে টাকা নিয়ে যাও। এবং আরো বলেন, প্রতি মাসে ১ হাজার দিই এমাসে দু-হাজার টাকা দেব। এই বলে তাদের ভেতরে ডেকে আটকে রেখে পুলিশে খবর দেয়। এই খবর নাম সংঘের ক্লাবে পৌঁছলে ছেলেরা রিভালভার নিয়ে ঐ ব্যবসায়ীর বাড়ি আক্রমণ করে। ইতিমধ্যে পুলিশও এসে হাজির হয় ঘটনাস্থলে। কিন্তু নাম সংঘের ছেলেরা তাদের আটক সদস্যদের ছাড়াতে গিয়ে ১৪ রাউন্ড গুলি ছোঁড়ে। ঐ ঘটনায় ঘটনাস্থলেই দু-জনের মৃত্যু হয়। এই অবস্থায় রায়গঞ্জের মানুষ ভীত এবং সন্ত্রস্ত ভাবে দিন যাপন করছে। স্যার, রায়গঞ্জে নভেম্বর মাসে ১৩টা খুন এবং ৭টা ডাকাতি হয়। ডিসেম্বরে এখনও পর্যন্ত ৯টা খুন হয়েছে। কিন্তু পুলিশ কাউকে ধরছে না। রায়গঞ্জের বরেন বৈশ্য ২১টা খুনের মামলায় আসামী। মাননীয় জজসাহেব তার স্থাবর-অস্থাবর সম্পত্তি ক্রোক করার আদেশ দিয়েছেন। অথচ সে একজন কন্ট্রাক্টর দিবালোকে টেন্ডার দিয়ে কন্ট্রাক্টরির ব্যবসা করছে। এমন অবস্থা যে আমি আমার বিধানসভার মানুষকে কোনও জবাব দিতে পারছিনা। মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে যদি মাননীয় স্পিকার চেয়ারে থাকতেন তাহলে আমি তাঁকেও এই প্রশ্ন করতাম, এলাকার মানুষকে কি জবাব দেব? আপনি হয়তো বুঝতে পারছেন কেন আমরা এই বিধানসভায় চিৎকার চেচাঁমেচি করি। আমি তাই আপনার মাধ্যমে আসু উক্ত অরাজক অবস্থার প্রতিকারের দাবি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** স্যার, রায়না, মাধবডিহি, খন্ডঘোষ প্রভৃতি থানার উপর দিয়ে দামোদর প্রবাহিত হচ্ছে। কিন্তু দামোদরের ভাঙ্গনের ফলে নতু, হরিপুর, বামনিয়া, ফতেপুর, সিঙ্গারপুর, কোটাশিমুর ও বৈতানপুর প্রভৃতি গ্রাম নদী গর্ভে বিলিন হয়ে যাওয়ার অবস্থা। আমি এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, একটা ৯ বছরের শিশু, অভিজিৎ মুখার্জি আমাকে খুবই একটা সেন্টিমেন্টাল বিষয়ে চিঠি লিখেছে। তার বক্তব্য হচ্ছে, দিল্লি, কলকাতা, মুম্বাই ও মাদ্রাজ ছাড়া দূরদর্শনের দ্বিতীয় চ্যানেল দেখা যায় না কেন? শহরে যারা থাকে তারাই শুধু মানুষ বাকিরা কি জানোয়ার? যদিও স্যার, এই চার শহরের

বাইরের মানুষদেরও ট্যাক্স একই ভাবে দিতে হয়। কিন্তু বিজ্ঞানের সুফল তারা ভোগ করতে পারছেন না, বঞ্চিত হচ্ছেন। তাই আমার নিবেদন, আমাদের মাননীয় তথ্যমন্ত্রী ঐ দ্বিতীয় চ্যানেল যাতে সকলে দেখতে পায় তার জন্য যেন কেন্দ্রীয় তথ্যমন্ত্রীকে উপযুক্ত ব্যবস্থা নিতে বলেন।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ থেকে প্রায় ১ বছর আগে মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের এই বিধানসভার ক্যাম্পাসের এক জায়গায় আমাদের সমস্ত রাজনৈতিক দল গুলোকে নিয়ে এবং মেদিনীপুর জেলার সমস্ত বিধায়কদের নিয়ে সভা করেছিলেন। মেদিনীপুর জেলাকে বিভাজন করার ব্যাপারে সেদিন মাননীয় মুখ্যমন্ত্রী নিজে মিটিং-এ আমাদের আহ্বান করেছিলেন। সারা ভারতবর্ষের মধ্যে মেদিনীপুর জেলা বৃহত্তম জেলা। মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের ডেকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, ৩ মাসের মাধ্যে মেদিনীপুর জেলার বিভাজনের ব্যাপারে খসড়া তৈরি করে আমাদের দেবেন। কিন্তু ১ বছর হয়ে গেল সেই বিভাজনের ব্যাপারে কোনওরকম খসড়া আমাদের হাতে পৌঁছায় নি। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে মেদিনীপুর জেলার বিভাজনের ব্যাপারে খসড়া তৈরি করা হয়। মাননীয় সভাপতি মহাশয়, ইতিমধ্যে আমি খবর নিয়ে জেনেছি এই ব্যাপারে আমলারা একটা খসড়া প্রস্তুত করেছেন এবং ব্রিটিশ আমলে মেদিনীপুর জেলাকে দুই ভাগে ভাগ করার যে ব্যবস্থা করা হয়েছিল সেই দুই ভাগে মেদিনীপুর জেলাকে ভাগ করার ব্যবস্থা ঐ খসড়াতে রয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, অশোক মিত্র সংস্কার কমিটি ২৫-৩০ লক্ষ মানুষের ভিত্তিতে মেদিনীপুর জেলাকে ভাগ করার প্রস্তাব করেছিলেন এবং সেই প্রস্তাব অনুসারে মেদিনীপুর জেলাকে দুইয়ের অধিক জেলা হিসেবে ভাগ করার ব্যবস্থা করা হোক এবং সেই সঙ্গে এ ব্যাপারে খসড়া তৈরি করে আমাদের কাছে দেওয়ার ব্যবস্থা করা হোক।

## ZERO HOUR

**শ্রী রবীন দেব ঃ** স্যার, আমি সাবজেকটা পাল্টাচ্ছি। আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসকে জানাচ্ছি। আমাদের রাজ্যে কংগ্রেস ঘাস এবং খাস দুয়ে মিলে তারা যেভাবে বিশৃঙ্খলা সৃষ্টি করছে তার বিরুদ্ধে মানুষ রায় দিচ্ছে। কলেজগুলোতে ছাত্র পরিষদের বিরুদ্ধে মানুষ রায় দিয়েছে। কালিয়াগঞ্জ

কলেজ ও নর্থ বেঙ্গলের কলেজগুলো এস.এফ.আই.য়ের দখলে এসেছে। আজকে বিধানসভা চত্বরে ছাত্র-পরিষদের কিছু গুন্ডা ঢুকে গিয়ে এখানে হামলা করেছে। ২১জন ধরা পড়েছে। এ ব্যাপারে আমাদের জানানো হোক যে এই হামলার পিছনে বিধায়কদের কারোর প্রত্যক্ষ মদত আছে কিনা। এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। এটা সিরিয়াস ব্যাপার। এই গুন্ডা-বাহিনী কি করে ঢুকলো তার তদন্ত করা উচিত। এবং দোষীদের কঠোর শাস্তি দিতে হবে। (এখানে মাইক অফ হয়ে যায়)

**শ্রী তাপস রায় ঃ** এইগুলো প্রসিডিংস থেকে বাদ যাবে।

**সভাপতি ঃ** ঠিক আছে, প্রসিডিংস দেখে তারপর ঠিক করব।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে।

**সভাপতি ঃ** নো পয়েন্ট অব অর্ডার।

**শ্রী তমাল মাঝি ঃ** মাননীয় সভাপতি মহাশয়, বর্ধমান জেলার বিভিন্ন মহকুমায় বিশেষ করে বর্ধমান, কালনা ও কাটোয়া এই ৩টি মহকুমায় রেশন দোকানে রেশন দ্রব্য সরবরাহ করতে ক্যারিং কস্ট বেশি হয় বলে হোল-সেলাররা মাল তোলেন না। সেজন্য সেখানে জনসাধারণ রেশনিং ব্যবস্থা থেকে বঞ্চিত হচ্ছেন। ৫ সপ্তাহ হয়ে গেলে সেই রেশন ড্রাই হয়ে যায়। কালনা, কাটোয়া মহকুমায় অনেকদিন ধরেই ঘাটতিপূর্ণ রেশন সরবরাহ চলছে। কালনা, কাটোয়ায় এই ঘাটতির জন্য যাতে নিকটবর্তী হিসেবে বর্ধমান জেলা থেকে রেশন দ্রব্য ঐ ৩টি মহকুমায় রেশন দোকানগুলোতে সরবরাহ করা হয় তার জন্য আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের স্বাস্থ্য মন্ত্রীর কাছে একটি বিষয় জানাতে চাই। বিষয়টি হচ্চে—উত্তরপাড়া স্টেট জেনারেল হাসপাতালের অব্যবস্থা এবং সুপারের গাফিলতি আজকে চরমে উঠেছে। হাসপাতালটিতে দীর্ঘদিন কোনও অ্যাম্বুলেন্স ছিলনা। সম্প্রতি একটি অচল অ্যাম্বুলেন্সকে সেখানে মেরামত করে চালু করা হয়েছিল। কিন্তু সারাবার এক মাসের মধ্যেই সেটা আবার খারাপ হয়ে গেছে। একটা মাত্র এক্স-রে মেশিন আছে, সেটা দিয়ে সাধারণ হাত ভাঙ্গা ছাড়া অন্য কিছু এক্স-রে করা যায় না।

ওখানে তিনটি ওয়ার্ড মাস্টার পোস্ট আছে, কিন্তু দু'জন মাত্র ওয়ার্ড মাস্টার আছে। দু'জন অ্যানাসথেসিস্-এর মধ্যে একজন সব সময় ওখানে থাকে না। এ' হাসপাতালে যে অ্যাডভাইসারি কমিটি আছে, সেই অ্যাডভাইসারি কমিটির '৮৮ সাল থেকে মিটিং এর সমস্ত মিনিটস্ সুপার লোপাট করে দিয়েছে। অবিলম্বে এই সমস্ত অব্যবস্থার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে সীমান্তের একটা উত্তেজনাকর এবং বিভ্রান্তিমূলক ঘটনার কথা উল্লেখ করতে চাই। একটা রাজনৈতিক দলের নাম করে বি.এস.এফ.-এর জওয়ানরা মুর্শিদাবাদ জেলার শেষপুর এবং জলঙ্গীতে কিছু পোস্টার মেরেছে। যে পার্টির নামে পোস্টার মারা হয়েছে তার নাম হচ্ছে 'জনআন্দোলনকারী পার্টি'। বি.এস.এফ.-এর সশস্ত্র জওয়ানরা এ' পোস্টার মেরে মানুষের মধ্যে উত্তেজনা এবং বিভ্রান্তির সৃষ্টি করছে। পোস্টারে লেখা আছে, 'সাবধান - খবরদার - হুঁশিয়ার'। বাজারের সমস্ত লোকজনকে তাড়িয়ে দিয়ে বি.এস.এফ.-এর সশস্ত্র জওয়ানরা এ' পোস্টার মেরেছে। বি.এস.এফ.-এর জওয়ানরা কি করে একটা রাজনৈতিক দলের পোস্টার মারে? এটা দেখা হোক। কারণ এটা দিয়ে মানুষের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। আমি বেশ কিছু পোস্টার নিয়ে এসেছি এবং আপনার কাছে জমা দিচ্ছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মেদিনীপুর জেলার পিংলা থানার অন্তর্গত জামনা থেকে পিংলা ডাকবাংলো পর্যন্ত ৩ কিলোমিটার মোরাম রাস্তাকে পাকা করার জন্য এই সভায় আমি আগেও দাবি জানিয়েছি, আজ আবার দাবি জানাচ্ছি। ময়নার শ্রীরামপুরে কাঁসাই নদীর ওপর একটা ব্রিজ তৈরি হচ্ছে। ব্রিজটি তৈরি হয়ে গেলে খড়গপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম প্রভৃতি অঞ্চল থেকে সোজাসুজি হলদিয়া, তমলুক, কলকাতায় যাতায়াতের পথ সুগম হবে যদি আমলা থেকে পিংলা ডাকবাংলো পর্যন্ত তিন কিলোমিটার রাস্তাটিকে পাকা করা যায়, বাস চলাচলের উপযুক্ত করা যায়। তাই আমি এই দাবি রাখছি।

**শ্রী সুভাষচন্দ্র সোরেণ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের নয়াগ্রাম অঞ্চলের দুটি ব্লকে বিদ্যুতের কাজ খুবই ধীর স্থির

গতিতে চলছে। এখন পর্যন্ত নয়াগ্রাম ব্লকের মাত্র ২% গ্রামে বিদ্যুত গিয়ে পৌঁছেছে। গোপীবল্লভপুরে একটা সাব-স্টেশন নির্মানের জন্য ১০ বছর আগে জমি অধিগ্রহণ করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত সেই সাব-স্টেশন নির্মানের কাজ করা হয় নি। এখন শোনা যাচ্ছে সেই গোপীবল্লভপুরের সাব-স্টেশনটির স্থান পরিবর্তন করা হচ্ছে ফেকোঘাটে। এই অবস্থায় আমি নয়াগ্রামের বিদ্যুতের কাজ তরান্বিত করার জন্য আপনার মাধ্যমে বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী সাধনা মল্লিক ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে কাটোয়া মহকুমার সরকারী হাসপাতালের অব্যবস্থা দূরীকরণের জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়া হাসপাতালে ১৬০টি বেড আছে। সেখানে ৩টি জেলার সংশ্লিষ্ট মানুষজন ঐ হাসপাতালে চিকিৎসার জন্য আসে। কিন্তু সেই হাসপাতালে কম্বল নেই, চাদর নেই, টি.বির ওষুধ নেই। এগুলি যাতে অবিলম্বে দেওয়া যায় তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে পৌর এবং নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অনেক গুরুত্বপূর্ণ বিষয় এই বিধানসভায় উল্লেখ করা হয়েছে। আমি একটি বিষয় উল্লেখ করতে চাই। আপনি জানেন, মেদিনীপুর পুরবোর্ড তৃণমূল এবং কংগ্রেস দ্বারা পরিচালিত। তারা হাডকো থেকে ঋণ নিয়ে জল প্রকল্পের জন্য যে মাস্টার প্ল্যান রচিত হয়েছিল সেই খাতে টাকা খরচ না করে তার কর্মচারীদের বেতন দিয়েছেন। আমি এই বিষয়ের প্রতি পৌর ও নগর উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এইভাবে উন্নয়নমূলক কাজের জন্য যে ঋণ নেওয়া হয়েছিল সেই ঋণের টাকা অন্য খাতে খরচ করা কি উচিত কাজ হয়েছে? তা যদি না হয়ে থাকে তাহলে এই ব্যাপারে দৃষ্টি, শাস্তি এবং এরজন্য আইনানুগ যে ব্যবস্থা তা নেবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শৈলজা কুমার দাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উল্লেখপর্বে মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র মহাশয় এই বিষয়ে উল্লেখ করেছিলেন। কিন্তু আমার আগে দেওয়া হয়েছে বলে তাই আমি আবার বলছি। গত মার্চ মাসে বাজেট অধিবেশনে অর্থমন্ত্রী যে সাধারণ বাজেট নিয়ে এসেছিলেন সেই বাজেট বক্তৃতা দিতে গিয়ে তিনি অঙ্গীকার করেছিলেন, অনিতিবিলম্বে পে-কমিশনের রিপোর্ট প্রকাশিত হবে, অক্টোবর মাসে পূজোর পর

সুযোগ সুবিধা পাওয়া যাবে। ইতিমধ্যে সরকারী কর্মচারীরা এই সুযোগ সুবিধা পাচ্ছেন, কিন্তু অগণিত যারা শিক্ষক তারা এই বাড়তি সুযোগ, আর্থিক সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন কেন? মাননীয় অর্থমন্ত্রী যে অঙ্গীকার এই বিধানসভায় দাঁড়িয়ে করেছিলেন, এই চলতি অধিবেশনে কেন তিনি তা করতে পারলেন না, কেন তিনি এদের সম্পর্কে একটাও বিবৃতি দিলেন না? আগামীকাল এই বিধানসভায় দাঁড়িয়ে শিক্ষকদের জন্য যাতে বিবৃতি দেন তারজন্য অনুরোধ করছি।

**শ্রী শ্যামা প্রসাদ পাল ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রতি বছর আমাদের দেশে বন্যা, খরা এবং পোকার জন্য কৃষি ফসলের ক্ষতি হয়। অথচ কৃষকেরা ৩ পারসেন্ট হারে ইনস্যুরেন্সের জন্য টাকা দেন, যার থেকে দেয় রাজ্যসরকার। ব্যক্তিগতক্ষেত্রে ইনস্যুরেন্স পাওয়া যায়। গাড়ি কেনার জন্য, বাড়ি তৈরি করার জন্য কিংবা অন্য খাতে ইনস্যুরেন্স পাওয়া যায়। আমার প্রশ্ন, তাহলে কৃষকদের ফসলের জন্য কেন প্লট ভিত্তিক ইনস্যুরেন্স পাওয়া যাবে না? আমি এই দাবি কেন্দ্রীয় সরকারের কাছে রাখার জন্য মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বন্যায় মুর্শিদাবাদ জেলার বাঁধগুলি প্রচন্ডভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। সেই বাঁধগুলি মেরামত করা অতি সত্বর প্রয়োজন। দেখা গেছে, বাঁধগুলির যেসব জায়গায় ভাঙ্গছে সেইসব জায়াগার মানুষেরা বারে বারে মাটি কেটে কেটে নিয়ে বাড়ি তৈরি করছে। এর ফলে বাঁধগুলি আরো ক্ষতিগ্রস্থ হচ্ছে। এতে আগামীদিনে মুর্শিদাবাদে আরও ভয়াবহ বন্যা হতে পারে। মাননীয় সেচমন্ত্রীর কাছে তাই বলছি, অবিলম্বে এই বাঁধগুলি মেরামত করার ব্যবস্থা করুন এবং বেআইনিভাবে দখল করে যারা এটা ক্ষতিগ্রস্থ করছে তাদের ওখান থেকে সরাবার ব্যবস্থা করুন। প্রয়োজনে মাস্টার প্ল্যান করে ভাঙ্গনের কবলে যারা পড়ছেন তাদের বাঁচানোর ব্যবস্থা করুন।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার একটি গুরুত্বপূর্ণ সড়ক চুঁচুড়া থেকে তারকেশ্বর, এই সড়কটির হারিট থেকে তারকেশ্বর পর্যন্ত অংশটির অত্যন্ত খারাপ হয়ে পড়েছে। প্রতিদিন শত শত ট্রাক, বাস, ট্রেকার

এই রাস্তাটি দিয়ে চলাচল করে। অনেক সময়ই তাদের দুর্ঘটনার সম্মুখীন হতে হয়। অতি সত্বর যাতে রাস্তাটির সংস্কার করা হয় তারজন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুল করিম চৌধুরী ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৯শে অক্টোবর তারিখে 'উত্তরবঙ্গ' সংবাদপত্রে একটি সংবাদ বেরিয়েছে যে নতুন চা বাগান নিয়ে রাজ্যের নীতি ডিসেম্বরে ঘোষিত হবে। সেখানে বলা হয়েছে যে সমস্ত বেআইনি চা বাগানগুলিকে ডিসেম্বরের মধ্যে নাকি ছাড়পত্র দিয়ে দেওয়া হবে। স্যার, সরকারি গাইড লাইন লঙ্ঘন করে বেআইনি চা বাগান যেগুলি হয়েছে সেগুলিকে সরকারি স্বীকৃতি দানের ব্যাপারে আমি ইসলামপুর মহকুমা চা চাষ আবাদ ও গ্রাম বাঁচাও সংগ্রাম কমিটির পক্ষ থেকে মাননীয় মন্ত্রী সূর্যকান্ত মিশ্রকে চিঠি দিয়ে। মেমোরান্ডাম দিয়ে বলেছিলাম যে এই বাগানগুলিতে যারা জমি হারিয়েছে তারা মজদুর হিসাবে সেখানে থাকবেন না, পার্টনার হিসাবে সেখানে তাদের রাখতে হবে। এটা এ' সমস্ত চা বাগানে ইমপোজ করতে হবে। গরিব মানুষ, যারা তাদের জমি বিক্রি করে আজকে ভূমিহীন হয়ে গিয়েছে সেখানে তারা দাস হিসাবে থাকবেন না, তাদের পার্টনারশিপ দিতে হবে। পুনরায় এই হাউসে এই দাবি আমি রাখছি।

**শ্রী বংশী বদন মৈত্র ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী (পুলিশ) মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, আমাদের হুগলি জেলার খানাকুল এলাকায় তৃণমূল এবং বি.জে.পির সন্ত্রাসের কথা বারবার আমরা এখানে বলেছি। স্যার, গতকাল তারা আবার আমাদের কয়েকটি বাড়ি ভাঙ্গচুর করেছে, কয়েকজন ভাগচাষীকে উচ্ছেদ করেছে, একটি দোকান লুঠ করেছে এবং কয়েকজনকে মারধোর করেছে। স্যার, আপনি জানেন, আমাদের ওখানে বলপাই - দৌলতবাদ পাঠাগার গত ৩১.১০ তারিখে তৃণমুল, বিজেপি লোকরা আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছে। এ ব্যাপারে আমি গ্রন্থাগার দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব এই বলে যে সেখানে যেসব বইপত্র পুড়ে গিয়েছে তার পূর্ণ দায়িত্ব তিনি গ্রহণ করুন ও গ্রন্থাগারের বাড়িটি ঠিক করে দেবার ব্যবস্থা করুন। স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ, যারা সেখানে সন্ত্রাস সৃষ্টি করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পর্যটনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, খেজুরিতে ভ্রমন কেন্দ্র স্থাপনের দাবি দীর্ঘদিনের। দীর্ঘদিন ধরে এই দাবি জানানো হলেও সেখানে আজও ভ্রমনকেন্দ্র গড়ে ওঠে নি। স্যার, আপনি জানেন, ইস্ট ইন্ডিয়া কোম্পানির আমলে এই খেজুরিতে ১৮৮৪ সালে প্রথম প্রাচীন বন্দর তৈরি হয়েছিল। এই খেজুরিতে প্রথম পোস্ট অফিস এবং প্রথম টেলিগ্রাফ যোগাযোগ ব্যবস্থা শুরু হয়। তা ছাড়া এই খেজুরিতেই মুসলিমদের বিখ্যাত তীর্থক্ষেত্র মসনদীয়ালা রয়েছে। শত শত মুসলিম তীর্থযাত্রী প্রতি বছর সেখানে যান তীর্থ করতে। দীঘা, শঙ্করপুর এবং এই খেজুরিকে কেন্দ্র করে সেখানে একটা টুরিজ্যম জোন গড়ে তোলা যায়। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে পুনরায় আমি দাবি জানাচ্ছি যে, তার প্রতিশ্রুতিমতো খেজুরিতে অবিলম্বে একটি ভ্রমন কেন্দ্র গড়ে তোলা হোক।

**শ্রী দিলীপ কুমার দাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এন.বি.এস.টি.সির বাস সংখ্যা ছিল ১২শত, আর রুটের সংখ্যা ছিল ৯শত। এই উত্তরবঙ্গ পরিবহনের বর্তমান যে অবস্থা তাতে এখন বাসের সংখ্যা হচ্ছে ৬০০, আর রুটের সংখ্যা হচ্ছে ৫০০। বাস রাস্তায় ব্যাপক হারে না নামিয়ে, পুরানো বাসগুলি মেরামত না করে, রাজ্য সরকারের পরিবহন মন্ত্রী নিজে কিছু পয়সা রোজগার করার চেষ্টার জন্য কুচবিহার বাস টার্মিনাস করতে গিয়ে ৪ থেকে ৫ কোটি টাকা ধ্বংস করেছেন, শিলিগুড়িতে এই রকম ভাবে ৪ থেকে ৫ কোটি টাকা এবং বহরমপুরে ৩ থেকে ৪ কোটি টাকা ধ্বংস করেছেন। আমার প্রশ্ন হচ্ছে, টার্মিনাস হচ্ছে এমন জায়গায় যেখানে বাস নেই। সারাদিন ১৪ কি ১৫টি বাস এখানে চলে। বাসের উন্নয়ন না করে, রাস্তায় যাতে মানুষ বের হতে পারে, মানুয যাতে শহরে আসতে পারে, কাজে আসতে পারে, তার জন্য ব্যবস্থা না করে শুধু তিনি টার্মিনাস বাড়িয়ে যাচ্ছেন। যে সম্পত্তি বেআইনি ভাবে টার্মিনাসের নামে কেনা হচ্ছে তার একটা টাকা পিছন দিক দিয়ে মন্ত্রীর পকেটে ঢুকছে। আমি আপনার এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে এই বিষয়ে তদন্ত হওয়া দরকার এবং পরিবহন মন্ত্রীর বিচার হওয়া দরকার।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা উলুবেড়িয়া

বিধানসভা কেন্দ্রে ইছাপুর থেকে মাথাপাড়া নবগ্রাম কোলিয়ারী নামে যে রাস্তাটি আছে, সেই রাস্তার প্রায় ১৫ থেকে ২০ কিলোমিটার রাস্তা অত্যন্ত খারাপ অবস্থায় রয়েছে। সেখানে পর্যটকরা যাতায়াত করে। ডিসেম্বর মাসে হাজার হাজার পিকনিক পার্টি সেখানে যায়। এই রাস্তার অবস্থা এত খারাপ যে যেকোনও মূহুর্তে একটা অ্যাকসিডেন্ট হয়ে লোক মারা যেতে পারে। অতীতে এই রকম অনেক হয়েছে। অনেক মানুষ মারা গেছে। কাজেই আমি আপনার মাধ্যমে এই ইছাপুর থেকে মাথাপাড়া নবগ্রাম কোলিয়ারী রাস্তাটি সংস্কারের জন্য আবেদন জানাচ্ছি। কারণ সামনে জানুয়ারি মাস আসছে তখন প্রচুর পিকনিক পার্টি যাতায়াত করবে এবং পর্যটকরা যাতায়াত করবে। কাজেই এই রাস্তাটি যাতে সংস্কার করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, গতকাল জ্যোতির্ময়ী শিকদার পশ্চিমবঙ্গে পা দেবার পর থেকে রাজ্যের মানুষ আবেগে, উচ্ছ্বাসে তাকে সম্বর্ধনা জানিয়েছে। জ্যোতির্ময়ী শিকদার অতীতে গড়ে উঠেছেন নিজস্ব উদ্যোগে, পরিশ্রমে। সরকারী সহায়তা এখানে খুববেশি ছিলনা খবরের কাগজে বেরিয়েছে যে তার পরবর্তী অলিম্পিকে সাফল্যের জন্য বিদেশে প্রশিক্ষণ দরকার। তিনি সেজন্য আমেরিকায় প্রশিক্ষণের ইচ্ছা প্রকাশ করেছেন। কিন্তু সেই প্রশিক্ষণ অত্যন্ত ব্যয়বহুল। কাজেই আমি আপনার মাধ্যমে রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রী সভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি যে, জ্যোতির্ময়ীর আমেরিকায় প্রশিক্ষণের জন্য সিডনীর অলিম্পিকের প্রস্তুতির জন্য সব ধরনের আর্থিক সহায়তা রাজ্য সরকারের তরফ থেকে দেওয়া হোক। তাহলে জ্যেতির্ময়ী শিকদারকে কেন্দ্র করে আমাদের দেশের তরুন যুব-যুবতীরা যে স্বপ্ন দেখছে সেটা বাস্তবায়িত হবে এবং নুতন নুতন জ্যোতির্ময়ী পশ্চিম বাংলায় গড়ে উঠতে পারবে।

[1-30 — 2-00 p.m.(including adjournment)]

**শ্রী প্রত্যুষ মুখার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে ভারতীয় পেটেন্ট অ্যাক্ট সংশোধন করার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং গতকাল যে সংশোধনী রাজ্যসভায় পাশ করা হয়েছে সে বিষয়ে আমরা সকলেই উদ্বিগ্ন। আমরা এই কারণে উদ্বিগ্ন যে, জি-৭ ভূক্ত দেশগুলো যারা ডব্লু.টি.ওকে নিয়ন্ত্রন করে তারা আজকে আমাদের দেশের সুরক্ষা, বিশেষ করে কৃষি, রাসায়নিক দ্রব্য এবং ফার্মাসিউটিক্যাল দ্রব্যের বিষয়ে সুরক্ষাগুলি পুরোপুরি তুলে দেবার জন্য আমাদের

উপর চাপ সৃষ্টি করছে। আমরা জানি, ১৯৯৪ সালে তৎকালীন সরকার 'গ্যাট' এর যে ট্রিপসে সই করেছিলেন মারাকাসে তারমধ্যে ছিল বিভিন্ন দেশের পেটেন্ট অ্যাক্টের সংশোধন করতে হবে। তাদের উদ্দেশ্যই ছিল্ল পৃথিবীর দেশগুলির বাজার দখল করা। আজকে আমরা লক্ষ্য করছি, যে কাজটা আজকে করা হচ্ছে তাতে আমাদের কৃষি, রসায়ন এবং ওষুধপত্রের উপর যে সুরক্ষা ছিল সেটা পুরোপুরি ধ্বংস হবে। এবং সেটা করছে কংগ্রেস এবং বি.জে.পি. একসঙ্গে। আমরা মনে করি এবং আমাদের সরকারও মনে করেন যে, এটা যদি গ্রহণ করা হয় তাহলে আগামী দিনে আমরা প্রচন্ড বিপদের মধ্যে পড়ব। দেশের একজন স্বাধীনচেতা নাগরিক হিসাবে ভবিষ্যৎ প্রজন্মের কথা চিন্তা করে আমি এর বিরোধিতা করলাম, কংগ্রেস এবং বিজেপির ওদের কাছে আত্মসমর্পনের বিরোধিতা করলাম। এই বলে বক্তব্য শেষ করলাম।

(At this stage The House was adjourned till 2.00 p.m.)

(After recess)

[2-00 — 2-10 p.m.]

## LEGISLATION

### The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1998

**Dr. Surjya Kanta Mishra :** Mr. Chairman, Sir, I beg to introduce the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1998.

(Secretary read the Title of the Bill).

**Mr. Surjya Kanta Mishra :** Mr. Chairman, Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1998 be taken into consideration.

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সি (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৮ রেখেছেন এবং পাশ করার জন্য পেশ করেছেন, তার উপর আমি দু-একটা কথা বলছি। স্যার, আপনি জানেন এই দি ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সি (অ্যামেন্ডমেন্ট) বিল ১৯৯৮ নিয়ে এই হাউসে অনেক কনট্রোভারসি হয়েছে। মন্ত্রিমহাশয় পুরোপুরি পরিবর্তন

করে একটা আইন রেখেছিলেন। তারপর সেই বিলটা আমাদের অনুরোধে সিলেক্ট কমিটিতে গিয়েছিল। তারপর সিলেক্ট কমিটিতে কিছু কিছু সুপারিশ করেছিলাম এবং সেই গুলির সাথে নিয়ে প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট নুতন যে চেহারা নিয়েছিল সেটা পাশ হয়েছিল। তারপর সেটা রাষ্ট্রপতির কাছে গিয়েছিল। আমরা অনেকেই দেখেছি বাড়িওয়ালারা খুব অনুরোধ করে জানতে চেয়েছিল এই বিল পাশ হতে দেরি হচ্ছে কেন। এখন অবশ্য রাষ্ট্রপতির অ্যাসেন্ট এসে গেছে। এই বিলের মূল লক্ষ্য হল বাড়িভাড়া সংক্রান্ত যে নানা সমস্যা ছিল সেটা তাড়াতাড়ি মিটিয়ে দেওয়া যায়। এই মামলা আগে ১০-১২ বছর লেগে যেত, সেটা যাতে দীর্ঘদিন না চলে, ইজেক্টমেন্ট সুট যাতে নিযুক্ত ভাড়াটের ক্ষেত্রে প্লেস করা হয় ঠিক সময়ে। কিন্তু এই ব্যাপারে কিছু কনট্রোভারসি ছিল। যদি বাড়িওয়ালা মারা যায় তাহলে তার বিধবা স্ত্রীর কি সুযোগ থাকবে, ছেলেমেয়েদের কি সুযোগ থাকবে, ভাড়াটিয়া যদি মারা যায় তাহলে তার বিধবা স্ত্রীর কি সুযোগ থাকবে এবং ছেলেমেয়েদের কি সু যোগ থাকবে। এটা নিয়ে একটা নুতন বিল করা শুরু করলেন। সেটা কি রকম সেপ নিয়েছে, আর আগের চেয়ে ডিসপিউট কম হচ্ছে কিনা, নূতন যে মেকানিজিম করা হয়েছে তাতে কতটা সুবিধা হবে সেটা সদ্য আমরা বুঝতে পারছি না। এই রাষ্ট্রপতির সম্মতি পাওয়া গেছে, কাজ শুরু হবে। এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই হাউসে কয়েক দিন আগে আমরা দেখেছি সিটি সিভিল কোর্ট অ্যামেন্ডমেন্ট বিল এবং স্মল কজেজ অ্যামেন্ডমেন্ট বিল জুডিসিয়াল মিনিস্টার নিয়ে এসেছিলেন। তারপর আমাদের হাউসে যেটা কখনও হয় না, সেটা হল - বিল দুটি হাউসে প্লেস করবার জন্য ইন্ট্রোডিউসড্ হল, তা আবার উইথড্র হয়ে গেল। তার কারণ হল, আজকের এই বিলটি হাউসে প্লেসড্ হয়নি। আজকেই হচ্ছে বিল পাশ করার শেষ দিন। আগামীকাল হাউস শেষ হয়ে যাবে। সেজন্য ঐ দুটি বিল এই হাউসে আনা যাবে না। ভূমি রাজস্ব দপ্তর এই অ্যামেন্ডমেন্ট আনতে কেন এত দেরি করল, যারজন্য ঐ বিল দুটি পাশ করানো গেল না, মাননীয় আইন মন্ত্রীকে বিল দুটি উইথড্র করতে হল তা ব্যাখা করে বলবেন। অ্যাজ দি ডিপার্টমেন্ট the department owes an explanation to this House why they have not been able to submit the Bill in time.

আমি আশা করি, সেটি উনি আজকে ক্লারিফাই করবেন। আজকের এই যে অ্যামেন্ডমেন্ট, এটি খুবই সীমিত উদ্দেশ্য নিয়ে প্লেস করা হয়েছে। আপনি জানেন, কলকাতা হাইকোর্ট ওরিজিন্যাল জুরিসডিকশন বলে একটা ব্যাপার আছে। কলকাতার

মূল এলাকা যেটি ছিল, সেই এলাকাকে বলে ওরিজিন্যাল জুরিসডিকশন - সেটি হচ্ছে হাইকোর্ট। তার তলার কোর্ট হচ্ছে সিভিল কোর্ট, আর তার তলায় হচ্ছে প্রেসিডেন্সি স্মল কজেস কোর্ট। এখন ফার্স্ট অ্যাপিল যাতে হাইকোর্টে না যায়, তারজন্য দুটি স্তর করে দেওয়া হল। বলা হয়েছে, ১০ লক্ষ টাকার বেশি যদি হয় তাহলে হাইকোর্টে যাবে, অর্থাৎ ওরিজিন্যাল জুরিসডিকশনে যাবে। আর ৩০ হাজার থেকে ১০ লক্ষের মধ্যে থাকলে সেটা যাবে সিটি সিভিল কোর্টে। তার নিচে হলে, আর বাকি সব, ওরা বলছেন একসেপ্ট অ্যাজ otherwise provided in the foregoing provisions of this clause, to the Chief Judge of the Court of Small Causes constituted under the Presidency Small Courts Act, 1882, in the town of Calcutta, who may try the suit himself or many transfer the suit for trial to any other Judge of the said Court who shall, then, try the suit as a Court of first instance.

তার মানে কিছু কেস যেগুলো ৩০ হাজার টাকার কম হয়ে গেল - তার মানে ১০ লক্ষ টাকার বেশি হাইকোর্টে য়াবে, আর ৩০ হাজার থেকে ১০ লক্ষ টাকা সিটি সিভিল কোর্টে যাবে। এছাড়া বাকী সবগুলো যাবে প্রেসিডেন্সি স্মল কজেস কোর্টে। এটা নতুন করে ইন্ট্রোডাকশন করছেন। এটি কলকাতার সীমিত এলাকা। এটি স্বভাবতই মূল আইনটি যখন আমরা পাশ করেছি, এতে বাধা দেবার কোনও কারণ নেই। মাননীয় মন্ত্রিমহাশয় নিজেও জানেন, এই প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট নিয়ে যখন আমাদের আলোচনার চলছিল, আমরা নানা রকম হোস্টাইল ক্রিটিসিজম্ ফেস করেছি। আমরা সিলেক্ট কমিটিতে পাঠাবার পর বহু বাড়িওয়ালা আমাদের ফোন করে গালাগালি দিত। আমরা বলেছি, এটা ব্যালান্সড্ হওয়া দরকার। কলকাতা শহরে যেখানে ভাড়াটিয়ার সংখ্যা বেশি, আর পুরানো বাড়ি যেগুলো আছে, যেখানে অনেকদিন ধরে ডিসপিউট চলছে সেখানে বাড়িওয়ালা যাতে ডিসপিউট করে তাদের তুলে না দেয়, আবার বাড়িওয়ালার যাতে গ্রাসাচ্ছদন হয় সেটা দেখা দরকার। এইভাবে আবার ভারসাম্য আনার চেষ্টা করা হয়েছে। এখন এই বিলটি অপারেট করা শুরু হলে আমরা বুঝতে পারব কতটা ডিসপিউট হচ্ছে বা না হচ্ছে। আগে একটা ইজেকটমেন্ট কেস কোর্টে গেলে তা ১৫/২০ বছরের আগে মিটতো না। নতুন এই সিস্টেমে কন্ট্রোলারের প্রভিসন করা হয়েছে। কন্ট্রোলারকে কিছু পাওয়ার দেওয়া হয়েছে। কন্ট্রোলার কতটা মেটাতে পারেন, কতটা স্পিডি জাস্টিস দিতে পারেন সেটা দেখার পর সব বোঝা যাবে। মূল বিলটি যখন এসেছিল, সিলেক্ট

কমিটিতে যাওয়ার সময়ে আমরা এর বিরোধিতা করিনি। মন্ত্রী এটা ক্লারিফাই করবেন, কেন এই অ্যামেন্ডমেন্টটা দিতে দেরি হল? যারজন্য জুডিসিয়াল ডিপার্টমেন্টের অন্য দুটি বিল আনা গেল না এবং এই বিলটি ইমপ্লিমেনটেশনে দেরি হয়ে গেল। উনি কি মনে করছেন? প্রেসিডেন্টের অ্যাসেন্টে যাওয়ার সময়ে এই পিরিয়ডে অনেক রিপ্রেজেনটেশন পেয়েছেন। আইনটাকে মানুষ কিভাবে দেখছে এবং স্বীকৃতি দিচ্ছে মাননীয় মন্ত্রী নিশ্চয় বলবেন এই কথাটা বলে বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-10 — 2-20 p.m.]

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** স্যার, বিরোধীদলের সদস্য সৌগত রায় বললেন যে এই বিলে বাধা দেবার কোনও কারণ নেই, কাজেই আমি আর কথা বাড়াতে চাই না। প্রসঙ্গক্রমে যেটা দেখছি সেটা হচ্ছে যে, ১৯৯৭ সালে নতুন আইন যে এসেছে প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট যেটা হাউসে সেটেল্ করেছিলাম, সেটা রাষ্ট্রপতির অনুমোদনের জন্য গেছিল। গতকাল সন্ধ্যায় খবর পেয়েছি যে এবং চিঠিও আমার কাছে আছে, যে গত ১১ই ডিসেম্বর অনুমোদন তিনি অনুমোদন দিয়েছেন। তারপরে আমাদের নোটিফিকেশন করতে হবে রুলটাকে লাগু করার জন্যে। সেটা আমরা যথাযথ সময়েই করার চেষ্টা করব। তারপরে কি হবে না হবে সেটা বলা মুশকিল। বিলটি নিয়ে যখন সিলেক্ট কমিটিতে আলোচনা হয় তখনই বলেছিলাম যে পরীক্ষা মূলকভাবে এটা দেখতে হবে এবং তারপরে যদি সংশোধন ইত্যাদি আমাদের করতে হয় তখন আমরা সেটা দেখব। এই ব্যাপারে আমাদের মন খোলা আছে। এই বিলটি আইনে কার্যকর হবার শুরু থেকে প্রথম দু বছর নতুন করে কোনও এভিকশন করা যাবে না। এবং যেহেতু এভিকশন করা যাবে না, একে নতুন আইন ধরে তখন ওই ব্যাপারে সব পুরনো আইনই বলবৎ থাকবে। ১৯৫৬ সালের আইনটার বলবৎ থাকবে। পুরানো যে সমস্ত এভিকশনের মামলা সেগুলো পুরনো আইনেই বিচার হবে। স্মল কজেস কোর্টের যে মামলা আছে সেই মামলাগুলোর ভার লাঘব করার জন্যে ওখানেই বিচার হবে। মহামান্য হাইকোর্টের নির্দেশ অনুসারে যেহেতু স্মল কজেস কোর্টে বেশি মামলা নেই এবং কাজও যথেষ্ট নয়, সেইকারণে তাদের কাজ দেওয়া দরকার বলে আদেশ দেওয়া হয়েছে। এখানে আমরা যে সংশোধনী এনেছি, সেই সংশোধনীতে প্রস্তাব করেছিলাম এইরকম একটা স্মল কজেস কোর্টে কাজ হবে। এবং সিটি সিভিল কোর্টে ৩০ হাজার টাকা পর্যন্ত মামলা রয়েছে, সেটা আর

ওখানে জমা হবে না। সুতরাং সেইদিক থেকে মামলা যাতে তাড়াতাড়ি নিস্পত্তি হয় এবং সুবিধা হয় সেই চিন্তা করে মামলা যারা করেন তাদেরও যাতে আর্থিক সুবিধা হয় সেটা ভেবেই করা হয়। এই বিলের অবজেক্ট অ্যান্ড রিজিন্সে যেটা বলা আছে তাতে সুবিধা হবে কারণ তার পয়সাপত্র কম লাগবে। এইসব সুবিধার কথা বিবেচনা করে আমরা সংশোধনী এনেছি এবং তার কার্যকারিতার কথা বলেছি। অবজেক্টস্ অ্যান্ড রিজিন্স এ সব কিছু বলা আছে। আর কেন দেরিতে আনা হল যেটা বললেন সেক্ষেত্রে বলছি যে, এটা তো সেশনের মধ্যে এনেছি। বিচার বিভাগীয় দপ্তর বলছে যে, এটা আমাদের আর অ্যামেন্ডমেন্ট করা লাগবে না, ৫৬ সালের যে অ্যামেন্ডমেন্ট সেটাই বলবৎ থাকবে। তারপরে আমাদের দপ্তর থেকে এটা নিয়ে দুপক্ষে আলোচনা করে একমত হই যে এটা ঠিক নয় তার কারণ স্মল কজেস কোর্ট এই ব্যাপারটা আমাদের আইনে নেই। আগে সিটি সিভিল কোর্টটা হাইকোর্টের এক নম্বর সিডিউলে ছিল। ১৯৫৬ সালের আইনে তার এক্তিয়ার, তার জুরিসডিকশন বাড়ানো কমানো হয় যাতে করে আপনা আপনি আমাদের আইনে ওটা সংশোধিত হবে বলে ধরে নিতে হবে। কিন্তু যেহেতু স্মল কজেস কোর্টের কথাটা নেই সেইজন্য আমাদের আইনটাকে আগে সংশোধন করতে হবে। এই যে বিষয়টা সেটা পরে আমরা একমত হই, তা না হলে আগে এইরকম হয়েছে ১৯৬৭ সালে, তারা একটা অ্যামেন্ডমেন্ট করেছিল সিলিংয়ের ব্যাপারে। ওরা যখন অ্যামেন্ডমেন্ট করল তখন আপনা আপনি আমাদের আইনে সংশোধিত বলে ধরে নেওয়া হয়। ওরা ভেবেছিলেন প্রথমে যে ওদের অর্থাৎ বিচার বিভাগের আইনটা সংশোধন করলেই হবে। পরে আমরা সেটা বোঝাই আগে আমাদের করতে হবে, তারপরে তোমাদের করতে হবে। এবং সেই ব্যাপারে আমরা একমত হয়েছে যে এতে কোনও অসুবিধা নেই। একটা টেকনিক্যাল ব্যাপারের জন্য বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। আমি মনে করি এটা করার পর ওদের কাজ অনেক ছোট হয়ে যাবে। সৌগতবাবু যদি চান যে কাজটা তাড়াতাড়ি করতে হবে তাহলে হয়ত কালকেই হতে পারে কিনা বলতে পারি না। কিন্তু অর্ডিন্যান্স হতে পারে এবং দু মাস পরেও ওটা হতে পারে। আমরা কাজটা শুরু করে দিতে পারি। আমরা এই ব্যাপারে কাজটা সহমত হয়ে করতে পারি এবং এই ব্যাপারে খুব একটা কারুর আপত্তি নেই। তাই আমি আর কথা বাড়াতে চাই না এবং সময়ও আর নিতে চাই না আশা করি এতে সবাই সর্বসম্মতিক্রমে অনুমোদন করবেন। পরে আইনমন্ত্রী তথা বিচারমন্ত্রীর সঙ্গে কথা বলব যে এটা তরান্বিত করার জন্য এবং অর্ডিন্যান্স করার জন্য এবং তাহলে পরে আমরা পরের সেশনে সেটা আমরা

সবাই মিলে পাশ করিয়ে নিতে পারব। এইকথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

অর্ডিন্যান্স করেও হতে পারে, আবার ২ মাস পরেও হতে পারে। আমাদের কাজ শুরু করা যেতে পারে। এটা এমন একটা ব্যাপার আমরা সময় করে নিয়ে করতে পারি। কাজেই আমার মনে হয়, এতে কোনও আপত্তি থাকতে পারে না। আপত্তি নেইও। আমি আর সময় নিতে চাই না। আমি আশা করব সর্বসম্মতিক্রমে এটা অনুমোদন হবে। আমি আইনমন্ত্রীর সঙ্গে কথা বলব যাতে এটা তরান্বিত হয় পরের সেশনে পাস করা যায়।

The motion of Dr. Suryya Kanta Mishra that the West Bengal Premises Tenancy (Amendment) Bill,1998 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 & 2**

The question that Clauses 1 & 2 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1998, as settled in the Assembly, be passed.

The motion of Dr. Surjya Kanta Mishra that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1998, as settled in the Assembly be passed.

The was then put and agreed to.

## LEGISLATION

### The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1998

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to introduce the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1998.

## The West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1998

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to introduce the West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1998.

## The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1998

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to introduce the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1998.

(Secretary then read the Titles of the Bills)

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1998 be taken into consideration.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1998 be taken into consideration.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1998 be taken into consideration.

[2-20 — 2-30 p.m.]

**শ্রী অতীশ চন্দ্র সিনহা :** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে পরিষদীয় মন্ত্রিমহাশয় যে তিনটি বিল আমাদের সামনে পেশ করেছেন, ১৯, ২০ এবং ২১ নম্বর, আমি সেই বিলগুলিকে সমর্থন করছি। সমর্থন করতে উঠে এখানে কয়েকটি অসুবিধার কথা না বললে সকলের দৃষ্টি আকর্ষণ করা যাবেনা। যে সকল সমস্যা থেকে গেছে তা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরতে চাই। আপনি

জানেন যে, আমাদের পশ্চিমবাংলার বিধায়ক, মন্ত্রীরা, স্পিকার, ডেপুটি স্পিকার, চিফ হুইপ তারা যে বেতন বা ভাতা পান, তা অন্য রাজ্যের তুলনায় অনেক কম। তবে আমরা অনেক চেষ্টা করে খানিকটা বাড়াতে পেরেছি। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু এই দুর্মূল্যের ব্যাপারে সেটা যথেষ্ট কিনা সেই ব্যাপারে সন্দেহ আছে। এটা নিশ্চয় মাননীয় মন্ত্রিমহাশয় পরবর্তীকালে দেখবেন, বা সরকার দেখবেন। এটা অস্বীকার করার কোনও উপায় নেই বিধায়ক, মন্ত্রী, স্পিকার, ডেপুটি স্পিকার, যারা যারা আছেন, তাদের সকলেরই এখন এটা ফুল টাইম জব হয়ে গেছে। যে ধরনের কাজ বিধায়কদের করতে হয় তাতে শুধুমাত্র এনার্জি নষ্ট হয়না, অনেক সময় এমন পরিস্থিতিরও স্বীকার হতে হয়, যা কখনও সরকারী কর্মচারীদের হতে হয়না। আমাদের থেকে অনেক সুবিধাজনক পরিস্থিতিতেও তারা থাকে। আমাদের অনেক সময় এমন পরিস্থিতির মোকাবিলা করতে হয় যা খুবই দূরহ ব্যাপার। আমরা দেখলাম যারা মিনিস্টার অফ স্টেটের পদমর্যাদাভুক্ত তাদের স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িজদের সঙ্গে একই পর্যায়ে এনেছেন। সরকারের তরফে মন্ত্রী যারা আছেন, লিডার অফ দি অপোজিশন হিসাবে আমিও মন্ত্রীর পর্যায়ে পড়ি, স্পিকার, ডেপুটি স্পিকার, চিফ হুইপ আমরা সবাই এই পর্যায়ে পড়ি, কিন্তু স্টেট গভর্নমেন্ট officers arecrrawing the highest pay allowance. তাদের সঙ্গে আমাদের একই করে দেওয়া হয়েছে। এটা কি ধরনের দৃষ্টিভঙ্গী আমি বুঝলাম না। এই দৃষ্টিভঙ্গীর পরিবর্তন করা দরকার। স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িজ বা সেন্ট্রাল গভর্নমেন্ট এমপ্লয়িজদের কাজ এক রকম, আর আমাদের কাজ আরেক রকম। আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় পরবর্তীকালে নিশ্চয় এই ব্যাপারটা দেখবেন যাতে এই জিনিসটা শোধরানো যায়।

মিঃ চেয়ারম্যান স্যার, আপনি জানেন যে আমাদের মাননীয় সদস্য মিহির গোস্বামী এবং আপনাদের সদস্যা কুমকুম চক্রবর্তী তারা যেখানে কাজ করেন, মিহির গোস্বামী কুচবিহার কো-অপারেটিভ ব্যাঙ্কে কাজ করেন এবং কুমকুম চক্রবর্তী একটি ন্যাশানালাইজড্ ব্যাঙ্কে কাজ করেন। যেহেতু তারা ওখান থেকে মাইনে নেয়, তাই এম.এল.এ. হিসাবে কোনও কিছু পান না, এটা খুবই অন্যায় হচ্ছে। স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক পশ্চিমবঙ্গ সরকারের আওতায় আছে, এই ব্যাপারে আইন পাল্টানো দরকার। যাতে করে মিহির গোস্বামী দুটি জায়গা থেকেই বেতন পেতে পারে। শিক্ষকরা সমস্ত রকম ভাতাও পান এবং মাইনেও পান তাহলে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের ক্ষেত্রে অন্য রকম আইন কেন হবে।

এই কথাটা আমরা বারবার এনটাইটেলমেন্ট কমিটিতে আলোচনা করেছি, কিন্তু এই সমস্যার সমাধান হয় নি। শ্রীমতী চক্রবর্তীর ক্ষেত্রে ন্যাশানালাইজড্ ব্যাঙ্ক সেটা পশ্চিমবঙ্গ সরকারের হাতে নেই। আমি অনুরোধ করব, এনটাইটেলমেন্ট কমিটির, বা স্পিকারের বা সরকারের তরফ থেকে ন্যাশানালাইজড্ ব্যাঙ্কের সঙ্গে কথা বলে যাতে শ্রীমতী চক্রবর্তী দুটো জায়গা থেকেই বেতন পান, সেটা দেখতে। ৫ বছরের মধ্যে আড়াই বছর চলে গেল, অথচ এখনও পর্যন্ত উভয় জায়গা থেকে মাইনে পাচ্ছেন না। এই অনভিপ্রেত ঘটনা যাতে না ঘটে এবং আগামী দিনে যাতে এর থেকে পরিত্রাণ পেতে পারি, তার চেষ্টা করতে হবে।

আমার আর একটি সাজেশন আছে। আপনারা জানেন, প্রাথমিক শিক্ষক বা মাধ্যমিক শিক্ষক বা কলেজ শিক্ষকরা যখন সাবজেক্ট কমিটি বা স্ট্যান্ডিং কমিটি বা বিধানসভা চলাকালীন আসেন, তাঁরা লিভ উইথ পে পান। দেখা যায়, এসব ক্ষেত্রে মাসের মধ্যে প্রায় ৩০ দিনই তাঁরা নিয়োজিত থাকেন, ফলে শিক্ষকতা আর ঠিক ভাবে করতে পারেন না। ওয়ান টিচার, টু টিচার স্কুলের যদি এম.এল.এ. হন, তাহলে সেই শিক্ষা প্রতিষ্ঠানের পঠন-পাঠন ভয়ানক অসুবিধা হয়। এক্ষেত্রে কোনও শিক্ষক যখন বি.এড. পড়তে যান, তার জায়গায় আর একজনকে নেওয়া হয় লিয়েন হিসাবে, এক্ষেত্রেও সেই ব্যবস্থা যাতে কার্যকর করা যায়, সেটা আপনাকে বিবেচনা করতে হবে। সেখানকার শিক্ষা ব্যবস্থা যাতে ভেঙ্গে না পড়ে, সেটা অবশ্যই দেখা দরকার।

আর একটি ছোট্ট কথা বলি - আপনারও নিশ্চয় স্বীকার করবেন - বিধানসভা থেকে আমাদের যে আইডেন্টিটি কার্ড দেওয়া হয়, সেটা এত মোটা এবং ভারি যে, আমাদের পক্ষে বহন করা অসুবিধাজনক হয়ে পড়ে। আমার কার্ডটি আমার মানি ব্যাগে থাকে, দেখে মনে হয় যেন তাতে হাজার-হাজার টাকা আছে আসলে কিন্তু আছে আইডেন্টিটি কার্ডটি।

আর একটি বিষয়, আমাদের বিধানসভা সদস্যদের আউটসাইড রেলওয়ে কুপন সীমাবদ্ধ থাকে সাড়ে ১২ হাজার টাকার মধ্যে। একবার দিল্লি গেলেই তা খরচ হয়ে যায়। এটা বাড়িয়ে ২৫ হাজার টাকা করা যায় কিনা, সেটা ভাবতে হবে

আর একটি বিষয় বলছি, যেটা অনেক এক্স-এম.এল.এ.রাও বলেছেন তাদের মেডিক্যাল অ্যালাউন্স যেটা দেওয়া হয়, সেটা ক্লাস - ১ অফিসারদের মতো। কিন্তু

এর সুযোগ সুবিধা, রীতি নীতি কি, সেটা তাঁরাও যেমন জানেন না, আমাদের জিজ্ঞেস করলে আমরাও বলতে পারি না। এই পদ্ধতিটা আরও সহজ করা যায় কিনা, সেটা বিবেচনা করতে হবে।

এই তিনটে বিলকে সমর্থন করেও বলছি, আমাদের ভাতা বাড়িয়েও অন্যান্য রাজ্যের সঙ্গে সমতা আনতে পারেন নি। এখানেও আমরা পশ্চিমবাংলায় অনেক নিচে আছি। আগামীদিনে নিশ্চয়ই সকলের সহযোগিতা পাব যাতে বিধানসভার সদস্যদের সুযোগ সুবিধা আরও বেশি করে বাড়ানো যায়। আরেকটা কথা আমি বলতে চাইছি সেটা হচ্ছে আমরা একটা প্রস্তাব এনেছিলাম, স্পিকারের চেয়ার থেকেও বলা হয়েছিল যে সেটা গভর্নমেন্টের কনসিডারেশনে আছে। আপনি জানেন যে লোকসভার সদস্যরা প্রতি বছর এক লক্ষ টাকা করে পান নিজেদের এলাকায় উন্নয়ন করার জন্য। আমাদের বিধানসভার সদস্যরা কোনও কাজ করতে পারছে না একমাত্র সার্টিফিকেট দেওয়া ছাড়া। কোনও জায়গায় কোনও অসুবিধা হলে এক মাত্র দৈহিকভাবে উপস্থিত হওয়া ছাড়া আমাদের কাজ করার কোনও জায়গা নেই। আমরা প্রস্তাব করেছিলাম আমাদের নিজ নিজ বিধানসভা এলাকায় উন্নয়নের কাজ করার জন্য ৫০ লক্ষ করে টাকা দেওয়া হোক। যাতে আমরা কাজ করতে পারি। নির্দিষ্টভাবে আপনারা রুলস করবেন ডি.এম. এর মাধ্যমে, পদাধিকারীদের মাধ্যমে হোক আমরা সেই উন্নয়নের কাজ যাতে আমরা করতে পারি, সেদিকে দৃষ্টি দেওয়া হোক। এটা সরকারের বিবেচনাধীন আছে। মুখ্যমন্ত্রীর কাছে আমরা বারবার বলেছি। এখনও কোনও নির্দিষ্ট সিদ্ধান্ত সরকারের তরফ থেকে পাওয়া যায় নি, আমি আবার অনুরোধ করছি বিধানসভার সদস্যরা যেন কাজ করার সুযোগ পায় সেজন্য সরকার এর তরফে তাড়াতাড়ি সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই তিনটি বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, এখানে যে তিনটি বিল উত্থাপন করা হয়েছে, বর্তমান এম.এল.এ. ভাতা এবং বেতন বৃদ্ধি সংক্রান্ত একটা বিল, প্রাক্তন বিধায়কদের পেনসন সংক্রান্ত একটা বিল, বর্তমান মন্ত্রীসভার সদস্য, স্পিকার ডেপুটি স্পিকার, বিরোধী দলের নেতা যারা মন্ত্রীর মর্যদা ভূক্ত তাঁদের বেতন ভাতা বৃদ্ধি করার জন্য একটা বিল এখানে উত্থাপন করা হয়েছে। আমি বিরোধীদলের নেতাকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি অত্যন্ত বাস্তব সম্মত দৃষ্টিভঙ্গি নিয়ে

বিলগুলোর মূল্যায়ন করে তার বক্তব্যের মধ্যে কতগুলো সাজেশন রেখেছেন। আপনারা সকলেই জানেন যে পশ্চিমবাংলার বিধায়কদের এবং মন্ত্রীরা এখানে যে বেতন, ভাতার সুযোগ সুবিধা পেয়ে থাকেন ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় তা যথেষ্ট কম। অথচ আমরা বুঝতে পারছি যে বর্তমান অর্থনৈতিক সংকটে, আর্থিক মূল্যবৃদ্ধির ফলে জীবনযাত্রা যেভাবে ব্যয়বহুল হয়ে উঠছে তাতে বিধায়কদের যে দায়িত্ব কর্তব্য পালন করতে হয়, তাতে অন্যান্য সুযোগ সুবিধা বৃদ্ধি করতে না পারলে, বিধায়কদের দায়িত্ব কর্তব্য পালন করা সম্ভব না। আপনারা জানেন যে এম.এল.এ.দের সুযোগ সুবিধা বৃদ্ধি করার জন্য একটা কমিটি আছে। কমিটি অন এনটাইটলমেন্ট অব মেম্বারস্। সেই কমিটি বিভিন্ন সময়ে বিধানসভার সদস্যদের জন্য সরকারের কাছে কিছু কিছু সুপারিশ করে থাকেন এবং সরকার সেই সুপারিশগুলো কার্যকর করার চেষ্টা করে থাকেন। এবারকার কমিটি বিধায়কদের ক্ষেত্রে, প্রাক্তন বিধায়কদের ক্ষেত্রে যে সুপারিশ করেছিলেন, সেই সুপারিশ মেনে নিয়ে সরকার দুটো বিল এনেছেন। বিধায়কদের ক্ষেত্রে আর্থিক সুযোগ সুবিধা বৃদ্ধি করা হয়েছে সেই কারণে মন্ত্রীদের ক্ষেত্রেও সমতা আনার জন্য তাদের ক্ষেত্রেও কিছু সুযোগ সুবিধা বৃদ্ধি করার জন্য বিলটা আনা হয়েছে। যে সমস্ত সাজেশনগুলো এসেছে, এনটাইটলমেন্ট কমিটি এগুলো পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করে দেখবে কোথায় কি করা যায়। বিশেষ করে যে দুজন বিধায়কের কথা উনি বললেন শ্রী মিহির গোস্বামী এবং শ্রীমতী কুমকুম চক্রবর্তী, এটা ঘটনা যে এক্ষেত্রে কিছুটা বৈষম্য ঘটে যাচ্ছে। আমরা কতটা এ ব্যাপারে করতে পারি দেখি। কেন না শিক্ষকদের ক্ষেত্রে যেহেতু কোনও বিধি-নিষেধ নেই, সেইহেতু অন্য সরকারী সংস্থা বা বেসরকারী সংস্থায় যাঁরা কাজ করছেন তাঁদের ক্ষেত্রে বৈষম্যটা খুব দ্রুত দূর হওয়া দরকার আমি এ বিষয়ে যতটা তাড়াতাড়ি সম্ভব সরকারের সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সঙ্গে কথা বলে কি করা যায় সে সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের চেষ্টা করব। বাকি শিক্ষক সদস্য যাঁরা আছেন তাঁরা বিধানসভার অধিবেশনে কিংবা সাবজেকট কমিটির অধিবেশনে যোগ দিতে এলে তাঁরা সবেতন ছুটি পেয়ে থাকেন। এক্ষেত্রে স্কুল বা কলেজে পাঠদানের ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি হচ্ছে এ বিষয়ে সন্দেহ নেই। এটা একটা পলিসি ম্যাটার বা নীতিগত প্রশ্ন। এই নীতিগত প্রশ্নে সরকারকে সার্বিক দৃষ্টিতে ভাবনা চিন্তা করে একটা সিদ্ধান্তে উপনীত হতে হবে। তার পরে আমরা যথা সম্ভব উপযুক্ত ফোরামে আলোচনা করে কি করা যায় সেটা দেখব। যত দূর মনে পড়ছে এই রকম দৃষ্টান্ত গোটা ভারতবর্ষে এক-আধটা স্টেটে বোধ হয় আছে।

আমার যতদূর মনে পড়ছে বোধহয় উত্তরপ্রদেশে আমি ডেফিনিটলি বলছি না সেখানে এই রকম একটা প্রথা চালু আছে। আমরা খোঁজ নিয়ে দেখব ভারতবর্ষের অন্যান্য রাজ্যে এই ক্ষেত্রে কি প্রথা চালু আছে, আমরা কি করতে পারি সেটা দেখব। উনি এম.এল.এদের জন্য যে বিশেষ তহবিলের কথা বলেছেন পার্লামেন্টের সদস্যর জন্য সেটা আছে। উনি নিজেই বলেছেন যে সরকার বিষয়টা নিজেই বিবেচনা করছেন। সুতরাং এটা বিবেচনার পর্যায়ে আছে, সেই বিবেচনাকে তরান্বিত করার চেষ্টা করা হবে। এই কয়টি কথা বলে আমি আশা করছি মাননীয় সদস্যগন এই তিনটে বিলকে সমর্থন করবেন এবং এই বিল তিনটি বিনা বাধায় পাশ হয়ে যাবে। আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করা উচিত, কিন্তু প্রশ্ন হচ্ছে মাস্টার মহাশয়দের ক্ষেত্রে দোজ হু are elected here as members of the Assembly.

আমাদের কাছে যখন আজকে বিলটা এসেছে ডাবল পেনসনের বেনিফিটের। এক্ষেত্রে আমাদের কাছে যখন মাননীয় শিক্ষামন্ত্রী বা শিক্ষা দপ্তর থেকে অপশন চাওয়া হয় তখন দুটো অপশন ছিল। একটা ছিল কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, আরেকটা ছিল পেনসন আন্ডার রোপা, নিউ স্কেল। তখন আমরা ভেবেছিলাম একটাই পেনসন পাব। সুতরাং আমরা তখন পেনসনটা অফ্ করেছিলাম। অ্যাসেম্বলি পেনসনটা মনে করে এখানে কনট্রিবিউটরি পেনসনটাকে অফ্ করেছিলাম। নাউ দিস বিল has come into force এখানে আসার পর একটা আইনগত প্রশ্ন দাঁড়াচ্ছে, হোয়েদার দোজ এম.এল.এজ হু আর টিচার তাঁদের ক্ষেত্রে এই অপশনটা দেওয়ার ক্ষেত্রে এটা ওপেন করা থাকবে কিনা। কারণ আমি সেখানে কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডটা অফ্ করেছি। এখন আমি দুটো পেনসনের আওতায়, সেক্ষেত্রে আমাকে এটা দেওয়া হবে কি না, আমাকে এটা অ্যালাউ করা হবে কি না?

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** এখানকার পেনসন পেতে কোনও অসুবিধা নেই। এই আইনে বলে দেওয়া আছে যে কর্মক্ষেত্রের পেনসনটা পাওয়ার ক্ষেত্রে কোনও অসুবিধা নেই। সুতরাং প্রশ্নটা উঠেছে এটা হচ্ছে অপশনের ব্যাপারে যে সব শিক্ষক এম.এল.এ. প্রতিনিধিরা এই অসুবিধার মধ্যে পড়েছেন দে ক্যান submit a representation to the Education Department.

এডুকেশন ডিপার্টমেন্ট তার জি.ও.টাকে মোডিফাই করে অপশন দেওয়ার সুযোগ করে দিলে তাঁরা অপশন পেতে পারেন।

[2-40 — 3-00 p.m.(including adjournment)]

**(1)** The motion of Shri Prabodh Chandra Sinha that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1998, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 3 and the Preamble

**Mr. Chairman :** There is no amendment to Clauses 1-3 and the Preamble.

The question that Clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1998 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**(2)** The motion of Shri Prabodh Chandra Sinha that the West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1998, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 3 and the Preamble

**Mr. Chairman :** There is no amendment to Clauses 1 to 3 and the Preamble.

The question that Clauses 1 to 3 and the preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1998, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(3) The motion of Shri Prabodh Chandra Sinha that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1998, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 2 and the Preamble**

**Mr. Chairman :** There is no amendment to Clauses 1 and 2 and the Preamble.

The question that the Clauses 1 and 2 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1998, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**PERSONAL EXPLANATION ON A REPORT OF COMMITEE ON PRIVILEGES FOR 'BAR OF THE HOUSE'**

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমরা শুনছি, তিনটের সময় এশিয়ান এজের এডিটর এম.জে.আকবরকে সমন করা হয়েছে প্রিভিলেজ কমিটির সুপারিশ অনুযায়ী। আমরা এই হাউসে আগেও বলেছি আমরা জানি সংবাদপত্রে কখনও কখনও নানা বিক্ষিপ্ত তথ্য বের হয়।

কিন্তু তবুও সংবাদপত্রের সমালোচনা আমাদের সহ্য করতে হয়। অনিচ্ছাসত্ত্বেও সেগুলো আমাদের সহ্য করতে হয়। কষ্ট হয় জানি। ওয়াকফ নিয়ে বছর দেড়েক আগে কোনও সংবাদপত্রে কোনও নিউজ বেরিয়েছিল, এবং তখন যে অবস্থায় নিউজ বেরিয়েছিল, হাউসে তখন একটা অ্যাবনরমাল সিচুয়েশন ছিল, কোনও কিছুই শোনা যাচ্ছিল না, বিরাট গোলমাল হচ্ছিল, তারমধ্যে নিউজটা বেরিয়েছিল। সেই সংবাদকে ভিত্তি করে, তার পরিপ্রেক্ষিতে এম.জে.আকবরের বিরুদ্ধে একটা শাস্তিমূলক

ব্যবস্থার জন্য সুপারিশ করা হয়েছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব যে এটাকে ইগনোর করা হোক। ম্যাটারটাকে ড্রপ করা হোক। আমাদের পশ্চিমবাংলাতে এরকম ঘটনা একবারই ঘটে ছিল। ১৯৭৬ সালের ১৮ই এপ্রিল একজন সাংবাদিককে ভর্ৎসনা করা হয়েছিল, সেটা হয়েছিল একজন বামপন্থী সদস্যকে কেন্দ্র করে। আমাদের এই হাউসের একটা ঐতিহ্য আছে। আমরা পশ্চিমবাংলার মানুষ। সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাস করি। অনেক ক্ষেত্রে অনেক সময় প্রেস কাউন্সিল বিলকে, প্রেস বিলকে আমরা সমালোচনা করেছি। এই হাউসে অনেক বড় বড় কথা আমরা বলেছি সংবাদপত্রের স্বাধীনতাকে রক্ষা করার জন্য। সেজন্য বলছি এই ম্যাটারটাকে ড্রপ করা হোক। আমাদের দলের পক্ষ থেকে আমরা একটা অনুরোধ করছি যদি সেটা ড্রপ করা না হয় তাহলে যে প্রসিডিংসটা হবে ৩টের সময়, আমরা সেই প্রসিডিংসটাতে পার্টিসিপেট করতে পারব না। আমরা সেই সময়টাতে হাউসের বাইরে থাকব। আমরা এই প্রসিডিং-এ পার্টিসিপেট করব না। এর সঙ্গে আমরা কোনওক্রমে জড়িত থাকতে ইচ্ছুক নই। আমরা ঐ সময়টাতে হাউসের বাইরে থাকব।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** প্রথমত এই হাউসে, দিস্ ইজ্ অলসো আনপ্রিসিডেন্টেড, যে কংগ্রেস দলের পক্ষ থেকে যেটা করা হল। এটা ঠিক যে এর আগেও একবার একটা সামন্ হয়েছিল ১৯৭৬ সালে। কিন্তু আমাদের রাজ্যে বিধানসভার সংসদীয় ইতিহাসে এটা কংগ্রেস দলই একটা আনপ্রিসিডেন্টারি ঘটনা ঘটাতে চলেছে। প্রিভিলেজ কমিটির রেকমেন্ডেশন অনুযায়ী একজন পারসন্ কনসার্ন কে সামন্ করা হয়েছে, হি ইজ্ টু অ্যাপিয়ার বিফোর দিস্ অ্যাসেম্বলি অ্যাট থ্রি পি.এম.। এবং তার প্রসিডিংস অনুযায়ী যেমন হওয়ার তেমনটা হবে। তাঁরা সেটাকে সমর্থন করলেন কি করলেন না তার জন্য রিবেটে তাঁরা পার্টিসিপেট করতে পারেন। তাঁদের অপিনিয়ন তাঁরা দিতে পারেন। কিন্তু একটা কন্‌জেক্‌চার থেকে ৩টের সময় কি ঘটনা ঘটতে চলেছে, বিষয়টা আদৌও বাস্তবায়িত হবে কিনা, ডেফার হতে পারে—সেগুলো আমরা কেউ জানিনা। একটা কন্‌জেকচার থেকে তাঁরা বিষয়টাকে এমন ভাবে অংশগ্রহণ করলেন যে, যদি এই জিনিস হয়, তাহলে ৩টের সময় আমরা এখানে থাকব না, আমরা চলে যাব। আমাদের অ্যাবসেন্সে যা করার করেন। এরকম একটা নগ্নভাবে একটা বিষয়কে, একটা কমিটির সুপারিশকে বাতিল করা, ভায়োলেট করা, চ্যালেঞ্জ করা, বিধানসভার যা এক্তিয়ার সেটাকে চ্যালেঞ্জ করা—এটা সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে নিয়মনীতি বিরোধী। এবং কংগ্রেস দল তার দেউলিয়াপনা প্রকাশ করছে, যেভাবে নগ্নতার সঙ্গে এই ভূমিকা পালন করতে চলেছে, আমি সেজন্য কংগ্রেস দলকে

অনুরোধ কোরবো যে, সংসদীয় গণতন্ত্রের রীতি-নীতি সবটাকে অবজার্ভ করে, যেমন ভাবে হাউসের যা কিছু আছে সেটাকে তেমন ভাবে পরিচালিত করতে আপনারা সাহায্য করুন। এই পথ ঠিক পথ নয়, এটা সঠিক পথ নয়, এটা বিপজ্জনক পথ। এটা পার্লামেন্টারি ডেমোক্রেসি। এইটুকু আমি আপনাদের বলতে পারি।

**মাননীয় সভাপতি ঃ** এখন হাউসের বিরতি। আবার আমরা ৩টের সময় মিলিত হব।

(At this stage the House was adjourned till 3.00 p.m.)

**(After Adjournment)**

[3-00 — 3-10 p.m.]

(একাধিক কংগ্রেস সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন)

(গোলমাল)

**Mr. Speaker :** বসুন, বসুন, বসুন। No debate on this. Please take your seat. Please take your seat. মার্শাল কই? Marshall will ascertain whether the delinquent is present or not. খবর নিন।

(Several Congress(I) members rose to speak.)

No debate on this.

**Shri Saugata Roy :** I like to raise a point on this.

**Mr. Speaker :** No point on this. Please take your seat. We are acting on the report of the Privilege Committee. We can't take any point on this. Take your seat.

**Shri Saugata Roy :** Sir, it is important.

**Mr. Speaker :** No point on this. Please take your seat.

**শ্রী সৌগত রায় ঃ** আমরা আগেই বলেছি, [* * * *]

Note : *Not recorded as ordered by the chair.

(Noise)

**Mr. Speaker :** Please take your seat Mr. Roy. Nothing will be recorded. Nothing will go on record. Take your seat.

(Several Congress(I) members rose to speak without mike and there was pandimonium)

(Noise)

**Mr. Speaker :** Nothing will be recorded. Nothing will go on record. Take your seat.

I am informed by the Marshal that the delinquent is not present as yet. We will wait for five minutes.

...(After five minutes)...

...(Noise)...

(Several Congress(I) Hon'ble Members rose to speak)

**Mr. Spealer :** Please take your seats, Hon'ble Members. Take your seats. No point of order now - I have not allowed it. Take your seats. I am standing. I am on my legs. Please take your seats.

As the delinquent has not appeared, the matter cannot be taken up today. It will be adjourned till the next Sessoin, for this Session will terminate tomorrow. So I am moving a resolution in the House that this matter be adjourned till the next Session, when a date and time ...(noise and interruptions)... when a date and time will be fixed accordingly.

The motion was then put and agreed to.

## RULING FROM THE CHAIR

**Mr. Speaker :** The matter is adjourned till the next Session.

Now I have to make some comments on this. It is very unfortunate that the Opposition today is very boisterous in protection of an editor.

[3-10 — 3-27 p.m.(including adjournment)]

They have grossly violated the very cardinal in journalism by printing wrong news, mis-information and attempted to impeach in the character of the Chair. They forget that in the year 1976 on 23.4.76, Kalpataru Sengupta, Editor of Satyajug was summoned to this House, in the Bar of this House and he approached and was punished by this House. They were then in the Government. What do they want to say ? That when they are in government, it is appropriate to summon Editors recommended by the Privilege Committee and punish them and when they are not in government, it is not appropriate to summon Editors. They are the protectors of democracy ! They are the champions of democracy ! Champions of democracy are those that are champions of truth. If someone has printed an untruth, he should have the courage to face the Bar or say, "I am sorry". There are two things. There are no other alternatives. A long period of time has relapsed since the public have seen a wrong news. They concerned that the delinquent has not said 'sorry'. This is against the principle of journalism. Yes, mistakes can be made, some wrong information can be released but once it comes to knowledge that it is a mistake, the mistake has to be rectified saying, "I am sorry". That has to be learned by the Press also. They have a role to play and if they cannot do that they must have the courage and guts to face the Bar and face the consequences.

(The House was adjourned for 15 minutes)

[3-27 — 3-40 p.m.] After Adjournment

## MOTION UNDER RULE 319

**Shri Saugata Roy :** Sir, I beg to move that the Statement of the Primary and Secondary Education Minister on the Pabitra Sarkar Committee Report made on 21st December, 1998, be taken into consideration.

**শ্রী সঞ্জীব কুমার দাস ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, ডঃ পবিত্র সরকার কমিটির রিপোর্টের উপর আলোচনায় অংশ গ্রহণ করে আমি কয়েকটি কথা বলতে চাই। এই রিপোর্ট একপেশে, এই রিপোর্ট মটিভেটেড, এই রিপোর্ট পক্ষপাতদুষ্ট। কারণ এই কমিটি গড়ার আগেই বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যে রাজ্যের সি.পি.এম. পার্টি ইংরাজির ব্যাপারে কি চায়। এই পবিত্র কমিটি হুবহু সেটাই রেকমেন্ড করেছেন।

[3-30 — 3-40 p.m.]

আমি বুঝতে পারছিনা যে এত পয়সা খরচ করার কি দরকার ছিল। এখন একটা লোককে দিয়ে মাননীয় শিক্ষা মন্ত্রী এই ওয়ান ম্যান কমিটি তৈরি করলেন যিনি সারা জীবন ধরে ইংরাজির বিরুদ্ধে লিখে গেলেন। আমার মনে হয় বিড়ালকে যদি মাছের পাহারায় দেওয়া যায় তাহলে যা হয়, ঠিক একই রকম ভাবে মাননীয় কান্তিবাবু এই কমিটি করে সারা রাজ্যের মানুষকে ধোকা দিলেন। আপনারা সকলে নিশ্চয়ই রিপোর্ট দেখেছেন। পবিত্র সরকার মহাশয় জ্ঞানী-গুনি ব্যক্তি। তিনি রিপোর্টের প্রথম ৩০ পৃষ্ঠাতে যে সমস্ত রেফারেন্স এনেছেন সেটা ১৯৫৪ সাল থেকে আরম্ভ করে ১৯৯৪ সাল পর্যন্ত অনেক রেফারেন্স এনেছেন। কিন্তু এই রাজ্যের অগণিত শিক্ষাজীবী, বুদ্ধিজীবী মানুষ যেমন ডঃ সুকুমার সেন, সুনীতি চট্টোপাধ্যায়, অন্নদা শঙ্কর রায়, এই সমস্ত বুদ্ধিজীবী এবং পন্ডিত ব্যক্তিদের কোন উক্তি এই বক্তব্যের মধ্যে দেখছি না। আমার বক্তব্য হচ্ছে, আমরা এই কমিটি করেছিলাম কেন? কারণ এই যে কমিটি হয়েছে, তিনি রিপোর্ট দেবেন যে কোন ক্লাশ থেকে ইংরাজি হবে। একটা বিদগ্ধ লোক লেখাপড়া করেছেন, আপনাদের পার্টির সঙ্গে যুক্ত আছেন বলে তাকে কমিটিতে এনেছেন। আমরা আশা করেছিলাম যে, তার সমস্ত অবজার্ভেশনের

পরে তিনি মতামত দেবেন, রিপোর্ট দেবেন অথবা জনগণ যা চাইছে তা দেবেন। তার এই রিপোর্টের পরেও সাংবাদিকদের ডেকে বলেছেন যে, এই রিপোর্টের ছত্রে ছত্রে তিনি ইংরাজির বিরুদ্ধে বলে একটা জায়গায় বলেছেন যে, মানুষ চাচ্ছে বলে তিনি এটা রেকমেন্ডেশন করেছেন। তাহলে পবিত্র সরকারের মতো লোককে দিয়ে কমিটি করার দরকার ছিল না। এই হাউসের একজন সদস্য, সি.পি.এম.-এর লোক দিয়ে গ্রামে গঞ্জে, স্কুলে গিয়ে খোঁজ খবর নিয়ে, একটা স্ট্যাটিসটিক দিলেই ব্যাপারটা মিটে যেত। আমি একটা উদাহরণ দিচ্ছি। আপনারা অবাক হয়ে যাবেন। রেকমেন্ডেশনে বলা হয়েছে যে, ওপেনিং The Opinions of the above were devided as given below : On English where to begin its : for status quo 781 from Class I - 1121, from Class II 414, from Class III - 508, from Class IV - 139 তার মত হচ্ছে ইংরাজি না চালু হোক। তাহলে পবিত্র সরকার তার নিজের কোনও অভিমত দেননি। জনগণের কাছ থেকে রিপোর্ট নিয়ে যদি দিতে হয় তাহলে ১ হাজার ১২১ জন মানুষ অভিমত দিয়েছে যে ফ্রম ক্লাস ওয়ান থেকে ইংরাজি চালু করা হোক। আপনাদের বিবেচনার জন্য আমি জানাতে চাই যে, মানুষের রায় যদি সঠিক রায় হয় তাহলে ১ হাজার ১২১ জন মানুষ যে রায় দিল সেই রায়কে কেন গ্রহণ করলেন না? এই কমিটি সেই রায় দিলেন না। আমি আশা করছি উনি বলবেন, ক্লাস থ্রি থেকে ৫০৮ জন বলেছেন, যা ইন্টারগ্যাটিভ হয়েছিল, আর ১ হাজার ১২১ জন মানুষ রায় দিল একটা। তাহলে কার রায়ে এটা হল? মানুষের রায়ে হলনা, আর ওনার বিচার-বুদ্ধি মতো রায় দিলেন না। সবটাই বিরোধিতা করে গেলেন। সেজন্য এটা বলছি যে, এটা এক পেশে, এটা ঠিক নয়। আমি সরকারকে অনুরোধ করব যে এই ব্যাপারটা আবার নুতনভাবে চিন্তাভাবনা করুন। ক্লাস ওয়ান থেকে চালু করা হবে অনেকে বলেছেন। একটা প্রশ্ন থাকতে পারে, একটা ইস্যু হতে পারে। কেউ বলবেন যে শিশু বয়স থেকে চালু হওয়া উচিত, আবার কেউ বলবেন যে চালু হওয়া উচিত নয়। এই রিপোর্টে কোথাও কোনও অভিমত আছে যে শিশু বয়স থেকে চালু হওয়া উচিত, একটা লোকের অভিমত আছে? আমি সময় পেলে অন্তত ২০ জন অভিজ্ঞ ব্যক্তির অভিমত দিতে পারতাম। আমি আপনাদের অবগতির জন্য একটা রিপোর্ট দিতে চাই। তিনি আপনাদেরই মতে লোক, তিনি মাও-সে-তুং। এক সময় চীনা কমিউনিষ্ট পার্টির উচ্চতর নেতা কর্মিদের আলোচনা সভায় মাও-সে-তুং বলেছেন, তোমাদের মধ্যে কে কে ইংরাজি শিখছো? তোমাদের অবশ্যই ইংরাজি শেখা উচিত।

আমি নিয়মিত ইংরাজি স্কুলে পড়াশুনা করার সুযোগ পাইনি। তার ফলে বিদেশী ভাষা শেখার ব্যাপারে আমি খুব পিছিয়ে আছি। বিদেশী ভাষা অল্প বয়েস থেকে শেখা উচিত এবং প্রাথমিক স্কুল থেকে এই শিক্ষা শুরু হলে ভাল হয়। এসব আমার কথা নয়, মাও-সে-তুং এর কথা। ১৯৭৩ সালে ২০শে ডিসেম্বর এটা বেরিয়েছিল। আমি আর এক দার্শনিকের কথা বলতে চাই। আমি বার্নাড রাসেলের কথা বলছি। তিনি বলেছেন - শিশু বয়সেই ভাষা আয়ত্ব করা সম্ভব, অধিক বয়সে যা কখনও সম্ভব নয়। সম্ভব হলে শিশু বয়সেই একাধিক ভাষা শেখানো উচিত শিশু বয়সে আবার কোনও ভাষা শিখলে তা মাতৃভাষা শিক্ষার ক্ষেত্রে বাধা সৃষ্টি করবে, আমি তা বিশ্বাস করি না। এটা আমার কথা নয়, বার্নাড রাসেলের কথা। পেনফিল্ড বলেছেন - 'মস্তিষ্ক বিজ্ঞানের নিয়ম অনুযায়ী শিশুর মস্তক চার থেকে দশ বছর পর্যন্ত একাধিক ভাষা শিক্ষা করার ক্ষেত্রে যথেষ্ট সময়'। আমি এরকম অনেক উদাহরণ দিতে পারি বেইজিং রিভিউ নাম্বার - ওয়ানে ১৯৭৯ সালের ৭ই জানুয়ারী বেরিয়েছিল চিনে - 'সমাজতান্ত্রিক দেশে প্রাথমিক স্তরে বিদেশী ভাষা শিক্ষা শুরু হচ্ছে এবং অবশ্যই ইংরেজি ভাষা। প্রাথমিক স্তরে ভর্তির বয়সও সাত বছর, অবস্য সেটা ছয় বা সাড়ে ছয় বছরও হতে পারে'। বেইজিং রিভিউ নাম্বার ওয়ানে ৭ই জানুয়ারী, ১৯৭৯ সালে চিনের কমিউনিস্ট পার্টি বলেছেন - 'আমাদের এখানে শিশু বয়সেই ইংরেজী শিক্ষা চালু করা উচিত, 'কিন্তু আপনারা ঠিক করলেন যে, সেটা চালু করা যাবে না। আপনারা ইংরেজি ভাষা দিলেন 'মাতৃভাষা মাতৃদুগ্ধ সম' কথাটা রবীন্দ্রনাথের কাছ থেকে ধার করে নিয়ে বলে দিয়ে তারফলে, মাননীয় কান্তিবাবু, আজকে কি অবস্থা হয়েছে? আপনাকে বলি, তারফলে শিশুর পেটের অবস্থা আজকে মায়ের দুধ খাবার মতো অবস্থায় নেই। একটি সমীক্ষা হয়েছিল ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউটে। আমি নাম বলে দিচ্ছি। শমিক গুহরায়, সুধীরকুমার মিত্র এবং স্টেট কাউন্সিল অব এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং-এর শিবশঙ্কর রায় - এঁরা ১৯৮১ সালে সমীক্ষাটা শুরু করেছিলেন এবং তাদের রিপোর্ট ১৯৯৩ সালে ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউটে পেশ করেছিলেন। তাতে দেখতে পাচ্ছি যে, শুধু বাংলায় নূন্যতম প্রতিষ্ঠিত মানে পৌছাতে পেরেছে মাত্র ২৬ শতাংশ, অধিক বয়সে ৩৬ শতাংশ এবং দুই মিলিয়ে চৌকাঠ পেরোতে পেরেছে মাত্র ২০ শতাংশ। অর্থাৎ নিট সত্যটা এটাই দাঁড়াল যে, এই চার বছর পড়াবার পর এই রাজ্যে ৫ জনের ৪ জন শিশু কিছুই শিখতে পারেনি। আর একটা উদাহরণ দিই। এই পশ্চিমবঙ্গে চারটি বিশ্ববিদ্যালয় - কলকাতা, যাদবপুর, বর্ধমান এবং উত্তরবঙ্গ

বিশ্ববিদ্যালয়কে বেছে নেওয়া হয়েছিল। সেখানে ১১১ জন এম.এ., এম.এস.সি. পড়া ছাত্রছাত্রী এবং ২৩ জন ইউনিভার্সিটির অধ্যাপকের ইন্টারভিউ নেওয়া হয়েছিল। তাতে বাংলা মাধ্যমে পড়েছে কিন্তু প্রথম শ্রেণী থেকে ইংরেজি শিখেছে ১৭.১২ পারসেন্ট, বাংলা মাধ্যমে পড়ে পঞ্চম শ্রেণী থেকে ইংরেজি পড়েছে ১২.৬২ পারসেন্ট। আর শুরু থেকে ইংরেজি মাধ্যমে পড়েছে ৩৯.৬২ পারসেন্ট। হিসেব করে দেখা যায় যে, প্রথম থেকে ইংরেজি পড়েছে ৮৮ পারসেন্ট। ১২ পারসেন্ট ছাত্রছাত্রী পঞ্চম শ্রেণী থেকে ইংরেজি পড়েছে। ফল কি দাঁড়িয়েছে? ১১১ জন সেরা ছাত্রছাত্রীর মধ্যে ১৪ জন সরকারের নিয়ম অনুযায়ী পঞ্চম শ্রেণী থেকে ইংরেজি পড়েছে। পরবর্তীকালে হিসেবে দেখা গেছে যে, তাদের মধ্যে ১০ জন বাংলায় এম.এ. পাশ করেছে। এই হল অবস্থা! তাই আজকে এটা পরিষ্কার হয়ে গেছে যে, যারা প্রাথমিক স্তরে ইংরেজি তুলে দেবার জন্য অ্যাজিটেশন করেছেন, ময়দানে যারা অনশন করবার আয়োজন করেছেন, আমি খুব দায়িত্ব নিয়ে বলতে পারি, আজকে তাদের ছেলেমেয়েরা ইংরেজি মাধ্যমে পড়ছে। এটা হল বাস্তব সত্য। আর এখানে দাঁড়িয়ে তারাই বলছেন যে, পঞ্চম শ্রেণী থেকে ইংরেজি পড়াতে হবে। আপনাদের ছেলেমেয়েরা সবাই দুধে ভাতে থাকবে, আর আমরা যারা গ্রামে বাস করি তাদের ছেলেমেয়েদের ব্যাপার নিয়ে বির্তক হবে এই লজিকটাই আপনারা তুলে ধরছেন। আমি খুব বিনীতভাবে বলতে চাই, প্রাথমিক স্তরে ইংরেজি তুলে দেবার ফলে কি হল? ১৩.৫.১৯৯৩ তারিখে মাননীয় কান্তিবাবু, আপনি 'গণশক্তি'তে লিখেছিলেন যে, ভারতবর্ষে ইংরেজি মাধ্যম স্কুলের সংখ্যা সবচেয়ে বেশি এই রাজ্যে। আমি বলি, অন্য কোনও পত্রিকা নয়, এশিয়ান এজের এম.জি.আকবর এটা লেখেননি, মাননীয় কান্তিবাবু 'গণশক্তি'তে এটা লিখেছেন। সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আপনারা এই কথা বলছেন। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন - Rickshaw pullers, Van pullers and others demand that English must be the component in the syllabus at the primary stage. রিক্সাওয়ালারাও চাইছে, আপনাদের বাস্তব অভিজ্ঞতা এটা হওয়া উচিত। তাই এই রিপোর্টের বিরোধিতা করে এবং প্রথম শ্রেণী থেকে ইংরাজি চালু করার দাবি জানিয়ে এবং শুধু এই রিপোর্টের বিরোধিতা নয় এই রিপোর্টকে ছিঁড়ে ফেলে দিয়ে আবার প্রথম শ্রেণী থেকে ইংরাজি চালু করার দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**ডাঃ সুজন চক্রবর্তী ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের এই পশ্চিমবাংলার মর্যাদা সম্পন্ন বিধানসভায় আমি প্রথমবার আমার বক্তব্য রাখছি। আমি প্রথমে সকল সদস্যকে ধন্যবাদ জানাচ্ছি এবং আমি আশা করব সকল সদস্য নিশ্চয় আমাকে বক্তব্য রাখতে সহযোগিতা করবেন। আমার আগে সঞ্জীববাবু বলেছেন, হঠাৎ চিনের যে কোনও কারণে উনি ভক্ত হয়েছেন, তাঁর এই ভক্তি কত দিন থাকবে আমি জানিনা। আমার আগে সঞ্জীববাবু বলেছেন, বলেছেন যখন তখন একটা বিষয়ে বলার লোভ আমি সামলাতে পারছি না। উনি ভাল বক্তৃতা দিয়েছেন কিন্তু বইটা ছিঁড়ে ফেলেছেন। উনি ১১১ জনের কথা উল্লেখ করেছেন যার মধ্যে ৪৪ পারসেন্ট ক্লাস ওয়ান থেকে ইংরাজি পড়েছেন। পশ্চিমবাংলায় ১৯৬৩ সালে থেকে ১৯৮১ সাল পর্যন্ত ওয়ান থেকে ইংরাজি পড়া ছাড়া মানুষের কোনও বিকল্প ছিল না। যদি এটা অন্ধ্রপ্রদেশে হত, ঠিক উল্টো চেহারা পেতেন, যদি এটা তামিলনাড়ুতে হত তাহলে এর উল্টো চেহারা পেতেন যদি এটা মহারাষ্ট্রে হত তাহলে এটার উল্টো চেহারা পেতেন অথবা যদি ২০ বছর আগেকার স্ট্যাটিসটিকস্ দিতেন তাহলে এর উল্টো চেহারা পেতেন। ১৯৬৩ সালের আগে যাঁরা পড়েছেন তাঁরা সম্ভবত ইংরাজি পড়েন নি। তথ্য খুব ভাল, সাহায্য করে, কিন্তু তথ্য ঠিকমতো উদ্ধার করতে না পারনে ভুল ডিরেকশনে আমাদের ঠেলে নিয়ে যেতে পারে। আমি শুধু ৪-৫টি পয়েন্ট আপনাদের সামনে উৎথাপন করতে চাই। নিশ্চয়ই সবাই একমত হবেন যে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার লোকায়ত সরকারের মর্যাদা নিয়ে চলছে। ২০ বছরে ক্লোজ মাইন্ড না নিয়ে ওপেন মাইন্ড অ্যাটিচুড নিয়েছে বলেই ৩ বার এডুকেশন কমিশনের রিপোর্ট অনুযায়ী সরকার সিদ্ধান্ত নিয়েছে। হিমাংশু বিকাশ মজুমদার, ১৯৮১ সালে যে ক্লাস সিক্স থেকে ইংরাজি চালু করা হয়েছে তা সেই কমিশনের রিপোর্টের উপর ভিত্তি করেই চালু করা হয়েছে। পরবর্তীকালে অশোক মিত্র কমিশন, তার পরবর্তীকালে পবিত্র সরকার কমিশন। ১৯৫০ সালে ক্লাস ফাইভ থেকে ইংরাজি চালু হলো হরেন রায়চৌধুরী কমিটির রিপোর্টের ভিত্তিতে। ১৯৮১ সালে যে কমিশনের রিপোর্ট দেওয়া হয়েছিল সেটা তৈরি হয়েছিল ১৯৭৪ সালে। বোধ হয় সি.পি.এম. নয় বলে বলবেন না, চাইলে বলতে পারেন। ১৯৬৩ সালে ক্লাস ওয়ান থেকে ইংরাজি চালু হল কমপ্লিটলি অ্যাডমিনিস্ট্রেটিভ ডিসিশনে। অ্যাডমিনিস্ট্রেটিভ ডিসিশনে এই ধরণের সিদ্ধান্ত নেওয়া উচিত নয় লোকায়িত সরকারের। আপনারা লোকায়িত সরকারের পরিচয় দেন নি। বামফ্রন্ট সরকার

লোকায়িত সরকারের পরিচয় দিয়েছে। আমি শুধু এই কথা বলতে চাই সারা ভারতবর্ষে আমি অন্তত ১০টি কমিশনের নাম বলতে পারব - ক্ষের কমিশন, মুদালিয়া কমিশন, কোঠারি কমিশন, এঁরা প্রাইমারিতে ইংরাজি পড়ানোর কথা বলেন নি। ইউ.জি.সির যত গুলি রিপোর্ট এন.সি.আর.টির যতগুলি রিপোর্ট তাতে একটা কথাও বলেন নি। আমার আগে সুনীতিবাবুর কথা বলেছেন, সুকুমারবাবুর কথা বলেছেন, এই ব্যাপারে ঠিকমতো পড়ে দেখলে উনি যে কথা বলেছেন সেটা মেলাতে পারবেন না। একটা কমিশনের নাম বলতে পারবেন অল ইন্ডিয়া লেভেল কমিশনের যে কমিশন বলেছে ক্লাস ওয়ান থেকে ইংরাজি পড়ানো হোক? একটা কোনও কমিশন যা গভর্নমেন্ট অব ইন্ডিয়া করেছে, ইউ.জি.সি. যা করেছে, এন.সি.ই.আর.টি. যা করছে, বিভিন্ন সময়ে যা করেছে, একটা কমিশনের নাম বলতে পারবেন? বোধহয় কেউ বলতে পারবেন না। গতকাল পঙ্কজবাবু বলছিলেন, অনেক খুঁজেপেতে পবিত্রবাবুকে বার করা হয়েছে। আমি যদি এইভাবে প্রশ্নটা রাখি, আচ্ছা, পঙ্কজবাবু, সারা ভারতবর্ষ ঘুরে একটা কমিশনের নাম বলতে পারবেন, যিনি পবিত্রবাবুর বিরুদ্ধে মত দিয়েছেন? একটা কোনও নাম বলতে পারবেন না যাঁরা বিরুদ্ধ কোনও মন্তব্য করেছেন। সারা পৃথিবীতে একটা দেশ দেখাতে পারবেন? সারা ভারতবর্ষে একটা রাজ্য দেখাতে পারবেন একসেপ্ট নাগাল্যান্ড? নাগাল্যান্ডের কথা সবাই জানেন, সেখানে পিকিউলিয়ার প্রবলেম আছে। নাগাল্যান্ড ছাড়া ভারতবর্ষে একটা রাজ্যে ক্লাস ওয়ান থেকে ইংরাজি আছে? আমি যতটুকু জানি, ইন্ডিয়ান ন্যাশানাল কংগ্রেস জাতীয় দল - শোভনবাবু নেই, তৃণমূল নেই - টিএমসি-কে ওঁরা বলেছিলেন তিন মাসের কংগ্রেস। এখানে দেবপ্রসাদবাবু বসে আছেন, খানিকটা ইরেলিভ্যান্ট হয়ে গেছে। কিন্তু ইন্ডিয়ান ন্যাশানাল কংগ্রেস একটা ন্যাশানাল পার্টি, গোটা ভারতবর্ষে একটা নীতি নিয়ে চলেন। গোটা দেশে রাজত্ব করেছেন, বলতে পারবেন কোন রাজ্যে পড়ানো হয়? ন্যাশানাল পার্টি, ন্যাশানাল লিডারদের মত নিন, ন্যাশানাল লিডারদের অভিমত নিয়ে চলুন। সর্বভারতীয় দলকে আমি যেভাবে বুঝেছি, এটা কখনও একটা রাজনৈতিক দলের মত হতে পারে না। এইভাবে এগোনো যায় না। কালকে সৌগতবাবু বলেছেন, শিক্ষায় আমাদের রাজ্য ব্যর্থ হয়েছে। আমাদের রাজ্যের ছেলেমেয়েরা বাইরের রাজ্যে গিয়ে পড়ছে। আমাদের রাজ্যের বাইরে রাজ্যের একসেলেন্টের জন্য বাইরের কলেজে চান্স পাচ্ছে। আগে পেত না। এটা তাই বামফ্রন্ট সরকারের সাফল্য কিনা? উল্টো পুরাণ পড়ে লাভ হয় না। আমি যে কথা বলব, 'নেট'এর পারফরম্যান্স, অল ইন্ডিয়ায় 'নেট' এর সাকসেস রেট ১০ পারসেন্ট।

বেঙ্গলের সাকসেস রেট ১২ পারসেন্ট। আপনি দেখুন মাধ্যমিক শিক্ষা ৩.৬ টাইমস্ বেড়েছে। ভারতবর্ষে কোন রাজ্যে প্রাইমারি এডুকেশন এনরোলমেন্ট এই রকম বেড়েছে? পশ্চিমবাংলায় বেড়েছে ২.৪ পারসেন্ট। ভারতবর্ষের কোন রাজ্যে হয়েছে? আমরা তো যখন বলব তখন ভেবেচিন্তে বলব। হায়ার সেকেন্ডারি র‍্যাঙ্কার বামফ্রন্ট আসার আগে পর্যন্ত হিন্দু স্কুল, হেয়ার স্কুল এবং সাউথ পয়েন্টের মধ্যে ঘুরপাক খাচ্ছিল। লেফট ফ্রন্ট আসার আগে কলকাতার তিন-চারটি স্কুলেতেই সেন্টার্ড ছিল। আর আজ ডায়মন্ডহারবার স্কুলে সেকেন্ড হয়, কিংবা কোচবিহার স্কুল, কিংবা চাকদহের স্কুল, কিংবা বেলপাহাড়ি স্কুলে হয়। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার যে ব্যবস্থা নিয়েছেন, এতে হয়তো ওঁদের দুঃখ হতে পারে। অমর্ত্য সেন কালকে বলেছেন সারা ভারতবর্ষে প্রাইমারি শিক্ষা চালাবার ক্ষমতা আছে। কিন্তু তা চালু হয় নি। কে তার দায়িত্ব নেবে? এডুকেশন নেবে? এডুকেশন চালু হতে পারে। কিন্তু কে তার দায়িত্ব নেবে? আরও ভাল করে এডুকেশনের এক্সপানশন করার দরকার ছিল। কিন্তু শিক্ষাখাতে ভারত সরকারের খরচ ১০ পারসেন্টও হচ্ছে না, খরচ হচ্ছে লেস দ্যান টু পারসেন্ট, মোর দ্যান ওয়ান পারসেন্ট, এর মধ্যেই ঘোরাফেরা করছে। ভাত দেবার ক্ষমতা নেই কিল মারার গোঁসাই। আমি আমার কথা গুটিয়ে আনতে চাই। দেয়ার ইজ ডেফিনেটলি এ সায়েন্স অব ল্যাংগোয়েজ। ভাষার একটা নিজস্ব বিজ্ঞান আছে। ভাষার একটা সোসিওলজি আছে। মাননীয় সদস্য দুটি জায়গা থেকে কোট করেছেন। এর উৎস জানতে পারলে ভাল হোত। পাবলব, সোসিওলজিস্ট, তিনি এই পরীক্ষা বারবার করেছেন, বিজ্ঞানীরা বারবার পরীক্ষা করেছেন।

[3-50 — 4-00 p.m.]

ফার্স্ট ল্যাংগুয়েজ ইজ দি ল্যাংগুয়েজ অব ড্রিম, ফার্স্ট ল্যাংগুয়েজ অব এনভায়োরেনমেন্ট। অটোমেটিক্যালি সেটাই শেখানো হয়। আর সেকেন্ড ল্যাংগুয়েজ হিসাবে যেটা বলা হয় সেটা আসলে সেকেন্ড ল্যাংগুয়েজ নয়, ফরেন ল্যাংগুয়েজ অব ট্রান্সলেশন, হ্যাঁ, এটা বলা হত ১১-১২ বছর বয়স পর্যন্ত, তারপরেই ট্রান্সলেশনের পাওয়ারটা ডেভেলপ বেটার করে। সোসিওলজিস্ট এবং সায়েনটিস্টরা যেকথা বলেছেনে আমরাও সেই একই কথা বলছি যে পাওয়ার অব ট্রান্সলেশন অ্যাট দি এজ অব ১২তে বাড়ে। সেখানে কি আমাদের গভর্নমেন্ট কোনও কম্প্রোমাইজ করছে না? যেখানে ১২ বছরে ইনটেলেক্ট বাড়ছে, শিশুদের মনের বিকাশ বাড়ছে সেখানে ইংরাজি শিক্ষাকে একেবারে শিশুতে না আনাতে কোনও ত্রুটি নেই। তবে

এই শিশুদের মনের বিকাশ অবশ্য অনেক বেড়েছে, ফলে এক বছর দু বছর আগে তারা সেটাকে ভাবতে শিখছে। ভারতবর্ষে দু একঠি রাজ্য যথা উড়িষ্যা এবং তামিলনাড়ুতে ক্লাস থ্রির থেকেই ইংরাজি চালু করেছে। তার আগে কারুর চালু করার কোনও প্রশ্নই ওঠেনি। ফলে এই বিবেচনাতেই আমাদের দেখা উচিত এবং আমি শুধু শেষ করব এই কথা বলে যে ওপেন মাইন্ডেড অ্যাটিচিউট নিয়ে লেফট ফ্রন্ট গভর্নমেন্ট চলে। কমিশনের সিদ্ধান্ত নিয়েই চলে। অ্যাডমিনিস্ট্রেটিভ ডিসিশনের ভিত্তিতে চলে না।. পবিত্র সরকার কমিশনের রিপোর্ট পশ্চিমবঙ্গের শিক্ষা জগতকে আরো এগিয়ে নিয়ে যেতে চেষ্টা করবে। বামফ্রন্ট সরকারের যে প্রস্তাব এখানে গ্রহণ করেছে সেই প্রস্তাবকে সমর্থন করে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মেহেবুব মন্ডল ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আজকে যে ওয়ান কমিটির রিপোর্ট এখানে প্লেস করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে বলতে চাই যে, এই ধরণের রিপোর্ট সর্বাঙ্গীন বিজ্ঞান সন্মত এবং গণতান্ত্রিক সর্বস্তরের মানুষ সেখানে বুদ্ধিজীবি শুধু নয়, খেটে খাওয়া দিন মজুর সবাই এই রিপোর্টে তাদের মতামত প্রতিফলিত করেছে। এই ধরণের রিপোর্ট আগে কখনও হয়ে থাকলেও হাজার হাজার মানুষের মতামত প্রতিফলিত হয় নি। স্বাধীনতার পরে পরেই ৪৮ সালে আমরা দেখেছি তদানীন্তন শিক্ষামন্ত্রী হরেন্দ্রনাথ চৌধুরীর নেতৃত্বে এক সদস্যর রিপোর্টে প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেন। পরবর্তীকালে ১৯৬৩ সালে কংগ্রেস সরকারের প্রশাসনিক আদেশে তৃতীয় শ্রেণীতে আবার ইংরাজি চালু করেন। ১৯৭৪ সালে কংগ্রেস জমানাতে হিমাংশু বিমল মজুমদারের নেতৃত্বে আরেকটি কমিটি গঠন করা হয়। সেখানে ১৯৭৯ সালে সেই রিপোর্ট পেশ করা হয়। ১৯৮১ সালে বামফ্রন্ট সরকার ওই রিপোর্টের পূর্ণ মর্যাদা দিয়ে ষষ্ঠ শ্রেণীতে ইংরাজি চালু করেন। আজকে আমরা দেখতে পাচ্ছি ১৯৪৮ সালে ইংরাজি তুলে দেওয়া হল। ১৯৬৩ সালে তৃতীয় শ্রেণীতে সেটা চালু করা হল। ১৯৮৪ সালের সুপারিশ অনুযায়ী পরবর্তীকালে ইংরাজিকে আবার ফিরিয়ে আনা হল। তাহলে কংগ্রেস জমানাতেই দেখা যাচ্ছে ইংরাজি তুলে দেওয়া হচ্ছে আবার ইংরাজি আনা হচ্ছে। এই ধরণের বিভ্রান্তি এবং তাদের নিজস্ব যে কোনও মতামত নেই সেটা কংগ্রেসের মধ্যেই বোঝা যাচ্ছে। বরং এই ব্যাপারে ৮৩ সালে তৎকালীন শিক্ষামন্ত্রী শম্ভু ঘোষ এর নাম স্মরণ করতে পারি, তিনি বলেছিলেন প্রাথমিক স্তরে ইংরাজি চালু করতে হবে। ইংরাজি শিক্ষার প্রয়োজনীয়তা আছে, এটা আমরাও স্বীকার করি। কারণ, এখন বিভিন্ন জায়গায়

ব্যাঙের ছাতার মতো কিন্ডার গার্ডেন স্কুল এবং বিভিন্ন ইংলিশ মিডিয়াম স্কুল হচ্ছে। সেখানে দেখা যাচ্ছে বিভিন্ন অভিভাবকরা যে রকম লাইনে ভিড় বাড়াচ্ছে, সেক্ষেত্রে যে ইংরাজি শিক্ষার প্রয়োজনীয়তা আছে তা দেখা যাচ্ছে। অনেক স্কুলে অভিভাবকরা নিজেরাই সই করে দিচ্ছে, বলে দিচ্ছে আমরা ইংরাজি পড়াতে চাই। তাই ইংরাজি পড়ানোর প্রয়োজনীয়তা আছে। রিকসাওয়ালার ছেলের নামে যদি একটা চিঠি আসে কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে, খামের উপর যদি ইংরাজিতে লেখা থাকে সেটা পড়ার জন্যও ইংরাজির প্রয়োজনীয়তা আছে। অনেক মহিলা আছে, যাদেরকে বিভিন্ন কাজে রাজ্যের বাইরে যেতে হয়, সেই মহিলারা তারা যদি একটু ইংরাজি শেখে তাহলে তাদেরকে শ্বশুর শাশুড়ির গঞ্জনা শুনতে হয়না। শুধুমাত্র মেঘালয়ে ক্লাস ওয়ান থেকে এবং কেরালায় ক্লাস টু থেকে ইংরাজি চালু আছে। সেখানে খৃস্টান সম্প্রদায়ের লোক বেশি আছে। কিন্তু আমাদের এখানে - পেজ নাম্বার এইট রিপোর্টের অংশটা যদি দেখা যায়, তাহলে দেখবেন কোথাও কোনও জায়গায় আপনারা বলতে পারবেন না ভারতবর্ষের কোথাও ক্লাস ওয়ান টু থেকে ইংরাজি চালু আছে। এখানে ডাটাও দেওয়া আছে। আপনারা দেখবেন মধ্যবিত্ত শ্রেণীর লার্জ অ্যান্ড মিডিল ক্লাস অলমোস্ট আননোন ইন আদার প্রভিন্স একটা বড় অভাবগ্রস্থ মধ্যবিত্ত শ্রেণী আছে, তাদের কথা চিন্তা করে বামফ্রন্ট সরকার আমাদের এখানে ইংরাজি চালু করার কথা চিন্তা করেছেন। তাদের মধ্যে বিভিন্ন উৎসাহ দেখা যাচ্ছে, তাদের মধ্যে আত্মবিশ্বাস দেখা যাচ্ছে, সেইজন্য এই যে রিপোর্ট ক্লাস থ্রি থেকে ইংরাজি লেখা এবং লেখা শেখানো ও পড়ানো এটা শুরু করার কথা বলেছেন, এটা ভাল। ক্লাস টু থেকে সেকেন্ড সেমিস্টার যেটা আরম্ভ হবে সেখানে রঙিন ছবি ও অক্ষরজ্ঞান পরিচয় এর কথা বলা হয়েছে। সেখানে জিরো থেকে নাইন পর্যন্ত এই সংখ্যা শেখানোর যাতে ব্যবস্থা হয় - আমাদের অভিমত সেটা যেন রাখা হয় - সেটা দেখবেন। যেমন লবণ ছাড়া অন্ন ভাল লাগে না, তেমনি গ্রামার ছাড়া শুধু ইংরাজি শেখা যায়না। এটাও আমাদের দেখা দরকার। সেইজন্য আই হ্যাভ এ ডগ যাতে সেটা আই অ্যাম এ ডগ না হয়, তাই বলছি শিক্ষকদের শিক্ষার মূল্যায়ণ করতে হবে। প্রতি মাসে স্ট্যাটিসটিকস জমা করতে হবে, যাতে তারা ৫ বছর বা তিন বছর অন্তর সেটা জমা দিতে পারে। সঙ্গে সঙ্গে বলি, শিক্ষকদের পোস্টিং নিজের এলাকায় নয়, নিজের পাশের এলাকায় পোস্টিং দিতে হবে। এটাও আমাদের দেখার দরকার আছে। সঙ্গে সঙ্গে বলতে চাই, সেই অঞ্চলে ভাষা যা আছে তার সঙ্গে স্কুলে বাংলা ভাষা এবং পরবর্তীকালে ইংরাজি ভাষা, তবে আঞ্চলিক ভাষাকে শ্রদ্ধা করার জন্য বাংলা ভাষার প্রয়োজনীয়তা

আছে। সেইজন্য বাংলা ভাষার পর ইংরাজি ভাষা চালু করতে হবে, তা না হলে লঘু মস্তিস্কের মধ্যে একটা গুরুভার অর্জন করে যাবে। অবশেষে বলতে চাই, নেতাজী সুভাষচন্দ্র বসুর আগে হচ্ছে হিন্দুস্থান, আগে হিন্দি ভাষা রাষ্ট্রভাষা হলেও, তিনি বলেছিলেন হিন্দুস্থানের হরফে রোমান ভাষাও চালু করতে হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**মহঃ সোহরাব ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, পবিত্র সরকারের এই অপবিত্র রিপোর্ট সম্পর্কে দু-একটি কথা বলতে চাই। যখন কোনও মানুষের উপর বিচারের ভার পড়ে তখন তাকে নিউট্রাল হতে হয়।

[4-00 — 4-10 p.m.]

যে মানুষটি আগাগোড়া, সব সময় লিখিতভাবে বলে এসেছেন যে আমি ইংরাজির বিরুদ্ধে। বামফ্রন্ট সরকার সব সময় বলে আমরা জনগণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থায় বিশ্বাসী, সেই জনগণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থার মধ্যে তারা এই বিচার করবার ভার দিলেন এমন একটি লোককে, যিনি নিরপেক্ষ নন। বিড়ালকে মাছ আগলাতে দেওয়ার মতো। তিনি বললেন, আমি বিচারক পবিত্র সরকার, আর ব্যক্তি পবিত্র সরকার আলাদা। স্যার, এটা কখনও সম্ভব, একই রূপে দু'জন মানুষ। বিচারক পবিত্র সরকার সমস্ত ভিউস বিচার করে তিনি রায় দেবেন, সমস্ত জনমত বিচার করে তিনি রায় দেবেন, আর ব্যক্তি পবিত্র সরকারের কোনও মত থাকবে না, এটা কখন সম্ভব হয়? বামফ্রন্ট সরকারের, বিশেষ করে কান্তিবাবুর এটা বিশেষ ভুল হয়েছে। প্রাথমিক স্তরে ইংরাজি চালু করতে হবে, ১৯৮৩ সালে যখন ইংরাজি তুলে দেওয়া হয় তখন থেকেই বিভিন্ন সময়ে এই ব্যাপারে অন্দোলন হয়েছে, বিভিন্ন শিক্ষক সংগঠন, বিভিন্ন রাজনৈতিক দল, তারা বলেছে এই সিদ্ধান্ত ভুল। প্রাথমিক স্তরে ইংরাজি পড়াতে হবে। কিছুদিন আগে আমাদের লিডারকে সঙ্গে নিয়ে আমরা মাস্টার মশাইরা যখন মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে যাই, তখন কান্তিবাবু সেখানে ছিলেন, তার সামনেই মুখ্যমন্ত্রী বললেন এই সিদ্ধান্তটা আমাদের চরম ভুল হয়েছে। আমরা তখন তাকে বললাম আপনি থাকতে থাকতেই এই ভুলটা সংশোধন করে নিন, নইলে কান্তিবাবুরা এই ভুল আর সংশোধন করতে পারবেন না, মাননীয় মুখ্যমন্ত্রীকে তখন আমরা এই অনুরোধই করেছিলাম। ওরা বলে পশ্চিমবাংলায় প্র্যাকটিকাল ডেমোক্রেসি খুব চলছে, তাই যদি হয়, তাহলে তার পর থেকে গোটা

পশ্চিমবাংলায় ব্যাঙের ছাতার মতো ইংরাজি মিডিয়াম স্কুল কেন চালু হচ্ছে? এখানে সুজন চক্রবর্তী বললেন, মাদার টাঙ্গ is the language of the infants ইংরাজি পড়ানো মানে বাংলা ভাষাকে অবহেলা করা নয়। আমরা কখনোই বলিনি বাংলাকে বাদ দিয়ে ইংরাজি পড়াতে হবে। বিভিন্ন শিক্ষাবিদ, বিভিন্ন এক্সপার্ট যারা আছে তারা অলওয়েজ ডিফার। প্রাথমিক স্তরের শিক্ষাব্যবস্থাতে দুটি ভাষায় শিক্ষা দিতে হবে। বিখ্যাত শিক্ষাবিদ জ্যামোস্টি বলেছেন, এ স্টুডেন্ট ক্যান লার্ন more then one language at a time in his in fancy। সুতরাং এই অবস্থায়,এই সভায় সমস্ত শিক্ষাবিদ এক হন না। আজকে মানুষের সামাজিক অবস্থার কথা, বাস্তব অবস্থার কথা ভাবতে হবে। পবিত্র সরকারের এই রিপোর্টের ক্ষেত্রে যাদবপুর ইউনিভার্সিটির প্রফেশর বলেছেন আই ডু নট base this suggestion on my view about the best or scientifically determined age for learning a second language. The choice of a suitable stage for teaching English, in West Bengal should rather be based on practical and social factors. This is the most important thing practical and social factors. Social factor .. drop out (2) পবিত্র সরকার মহাশয় বলেছেন যে, তিনি যখন বিভিন্ন জেলায় জেলায় ঘুরেছেন, তখন সাধারণ মানুষের ছেলে, রিক্সাওয়ালার ছেলে তারা বলছে - জ্যোতিবাবুর ছেলেরা, কান্তিবাবুর ছেলেরা ভাল জামাপ্যান্ট পরে স্কুলে যাচ্ছে, ইংরাজি ছড়া বলছে, তাহলে আমরা কেন ইংরাজি পড়তে পারব না। এই যে হুজুরের ছেলে হুজুর হবে, আর মজুরের ছেলে মজুর, এই যে দ্বিজাতি তত্ত্বের কথা আপনারা নিয়ে এসেছেন তার বিরুদ্ধেই সাধারণ মানুষ সোচ্চার হয়েছে ১৯৮৩ সাল থেকে এবং তার বিরুদ্ধেই তারা আন্দোলন করছে। একটা ছেলে যদি ক্লাস টেনের পরে যেতে না পারে তাহলে সেই ছেলেগুলোর অবস্থা কি হবে। তাদের একটা ওষুধের দাম জানতে হবে না, কত নাম্বার বাস কোথায় যাবে সেটা সে জানতে পারবে না, ট্যাক্সির নাম্বার কত সেটা সে জানতে পারবে না। রেডিও, টি.ভি.তে ইংরাজি কথাবার্তা থাকে বা আপনাদের পার্টির নাম যে সি.পি.এম. না অন্য কিছু সেটা কি তারা জানবে না। এই যেখানে বাস্তব অবস্থা, সেখানে আপনারা ইংরাজিকে বাদ দিয়েছিলেন'৮৩ সালে, আবার আজকে পবিত্র সরকার কমিটির এই কথা বলছেন। বারবার আপনারা আপনাদের দলীয় লোককেই কমিটি বা কমিশনে বসিয়েছেন। পবিত্র সরকার বিদ্বান ব্যক্তি সন্দেহ নেই, কিন্তু

তিনি ক্যারিয়ার তৈরি করেছেন আপনাদের পা চেটে চেটে। তিনি প্রফেসর হলেন, ভাইস চ্যান্সেলর, হেড এগ্জামিনার হলেন। তিনি লিখলেন বাংলা ব্যাকরণ, যা পশ্চিমবাংলার সব স্কুলে স্কুলে পড়ানো হচ্ছে। আবার এই রিপোর্ট দেওয়ার পর বই লিখলেন 'হাসতে হাসতে ইংরাজি শেখ'। এই বই আবার সারা ভারতবর্ষ জুড়ে বের হবে। এই হচ্ছে পবিত্র সরকার। উইথ ডিউ রেসপেক্ট টু হিম, আমি বলছি তিনি নিরপেক্ষ লোক নন। তিনি পশ্চিমবাংলার বুদ্ধিজীবীদের মধ্যে নন, পশ্চিমবাংলার মার্কসবাদী কমিউনিস্ট পার্টি আলিমুদ্দিন স্ট্রিটের মধ্যে ঢুকে গেছেন। আমরা কাগজে দেখছি, বিমানবাবু, কান্তিবাবু একদিকে, আর জ্যোতিবাবু, বুদ্ধবাবু বলছেন গোড়া থেকে পড়াতে হবে। সেখানে পবিত্র সরকার অ্যারিস্টটলের মতো মধ্য পন্থা নিলেন - ক্লাস ২ থেকে এ.বি.সি.ডি. পড়ানো হবে, তারপর শিখবে ক্লাস - ৩ থেকে। কান্তিবাবু যখন কোনও সিদ্ধান্ত নেন, তিনি বলেন, আর নড়চড় হবে না। এর আগের সেশনে বাজেট সেশনে প্রশ্ন করেছিলাম, প্রাথমিক স্তরে ইংরাজি চালু করার কথা কিছু চিন্তাভাবনা করছেন কি? তিনি বলেছিলেন না। আবার যখন অশোক মিত্র কমিশনের পরে ক্লাস - ৫ থেকে চালু হল, তখন বলেছিলেন - এটা শিক্ষার ক্ষেত্রে একটি বিজ্ঞান সম্মত পথ। আজকে তিনি তাঁর স্টেটমেন্টে বলেছেন, শিশু বয়সই উপযুক্ত সময়, এই কমিটির যুক্তি অভিনন্দনযোগ্য। তাহলে কেন এতদিন বারে বারে বলেছেন - প্রাথমিক স্তরে হবে না? এই অবস্থায় দেখছি গোটা পশ্চিমবাংলার শিক্ষা ক্ষেত্রে দ্বিজাতি তত্ত্ব চলে এসেছে। আমরা বাংলা ভাষার বিরুদ্ধে কিছু বলছি না, শুধু বলছি ক্লাস - ১ থেকেই ইংরাজি পড়ানো হোক - যেটা বাস্তব অবস্থায় পশ্চিমবাংলার মানুষের কথা। কান্তিবাবু আজকে এই কথা বলেছেন, আবার দেখব কিছুদিন পরে তিনি বলছেন, আর একটা কমিটি করছি, ক্লাস - ১ থেকে পড়ানো হবে। এদের চরিত্র এটাই, একবার ভুল করেন, আবার নতুন করে চিন্তাভাবনা করেন।

তাই আমি স্যার বলতে চাই, পবিত্র সরকারের এই রিপোর্ট একপেশে, এতে কোনও নিরপেক্ষতা নেই, কেবলমাত্র কমিউনিস্ট পার্টি (মার্কসবাদী) ঘরোয়া বিবাদের মধ্যে একটা মধ্য পন্থা নিয়ে এই কথা বলেছেন তার রিপোর্টে। এর পরেও, যেসব পরিকাঠামোর কথা বললেন, সেই সম্বন্ধে কিছু নেই এই রিপোর্টের মধ্যে।

আবার জোরের সঙ্গে বলছি, এই রিপোর্ট বাতিল করা হোক, ক্লাস - ১ থেকে ইংরাজি ভাষা চালু করা হোক, পশ্চিমবাংলার মানুষের যে আশা, তাদের ছেলেমেয়েরাও

মানুষ হোক, সেই আশা পূরণ করা হোক। এই কথা বলে, এর প্রতিবাদ করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে পি.কে. সরকার কমিটির যে রিপোর্ট পেশ করা হয়েছে সেই রিপোর্টের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। কমিউনিস্ট পার্টি বা কমিউনিস্ট পার্টির চরিত্রই এই। ওরা অনেক দেরিতে বোঝেন। স্কুলের ব্যাক বেঞ্চের ছেলেরা যেমন দেরিতে অংক, বাংলা বোঝেন। ওরাও একেটু দেরিতে বোঝেন। স্বাধীনতা পাওয়ার পর বললেন যে আমরা স্বাধীনতা পাই নি। এ আজাদি ঝুটা হ্যায়। আবার বললেন যে স্বাধীনতা পেয়েছি। পরবর্তীকালে নেতাজীকে বললেন তে কুইসলিঙ। আবার তাঁর জন্মশতবর্ষে বুদ্ধদেববাবু বলছেন যে বই বার করব, ছবি বার করব, মূর্তি করব। এখন তো নেতাজীকে দেশপ্রেমিকও বলা হচ্ছে। বুর্জোয়া কবি বলেছেন রবীন্দ্রনাথকে। তাঁর ঐকতান কবিতা না পড়েই তাঁকে বললেন যে তিনি বুর্জোয়া কবি। বললেন রবীন্দ্রনাথ পড়া যাবে না। সুকান্তকে পড়তে হবে। এখন বলছেন যে তিনি বিশ্বকবি। আরও একটু এগিয়ে বললেন যে তাঁকে বিশ্বকবি করল কে, আমরা বামফ্রন্ট সরকার অথবা সি.পি.এম. আবার কে। আজকে আবার নুতন করে বললেন যে ইংরাজি চালু হবে। আমি জানতে চাই যে কান্তিবাবু কেন সভায় নেই? স্যার, আমি আপনাকে বলছি সভায় আলোচনা চলছে। অথচ মন্ত্রী থাকেন না। তিনি ঘরে বসে মাইকে কথা শুনছেন এটা কি সভাকে উপেক্ষা করা নয়। অবমাননা করা নয়। সঞ্জীববাবু যথার্থই বলেছেন পি.কে.সরকার কমিটির কি দরকার ছিল। সুজনবাবু, প্রাক্তন ছাত্রনেতা তিনি বলেছেন পশ্চিমবঙ্গে বামফ্রন্টের আমলে তিনটি কমিশন হয়েছে। মজুমদার কমিশন, অশোক মিত্র কমিশন, আর পি.কে.সরকার কমিশন। সুজনবাবু জেনে রাখুন যে পি.কে.সরকার কমিশন নয়, কমিটি। কমিশনের যে ক্ষমতা থাকে কমিটির সেই ক্ষমতা থাকে না। সঞ্জীববাবু যথার্থই বলেছেন যে লক্ষ লক্ষ টাকা খরচ করে পি.কে.সরকার কমিটি করার কি দরকার ছিল? এই রিপোর্টে বলা হয়েছে যে রিক্সা চালক, ট্রলিভ্যান চালক সকলেই ইংরাজি চায়। ছাত্রছাত্রীরা সকলেই ইংরাজির প্রতি আগ্রহী। এতো সকলেরই জানা। এর জন্য কি কোনও রিপোর্টের দরকার ছিল। আমরা জ্যোতিবাবুর কাছে গিয়েছিলাম। জ্যোতিবাবু বলেছিলেন মধ্যবিত্ত মানসিকতা। আপনারাও বলেছেন মিডল ক্লাস সেন্টিমেন্ট। স্যার, আমাদের এখানে লেখা থাকে মাতারা লস্ত্রি। ইংরাজি

লেখা থাকে। সাইনবোর্ড লেখা থাকে ইংরাজিতে। বাসের নম্বর লেখা থাকে ইংরাজিতে। সবই চলছে ইংরাজিতে। আর সাধারণ মানুষ কি করবে? তবে একটা জিনিস করা যেতে পারে। আগামী প্রজন্মের ছেলেমেয়েরা ইংরাজি না শিখে ঘুরে বেড়াবে এবং সি.পি.এমের দালালি করবে। আমি আপনাকে কিছু কথা বলতে চাই। সুজনবাবুকে মনে করিয়ে দিতে চাই। শিক্ষা হচ্ছে স্টেট এবং সেন্ট্রালের সাবজেক্ট। যার জন্য নাগাল্যান্ডে ক্লাস ওয়ান থেকে ইংরাজি পড়ানো হয়। আর আপনারা ইংরাজি তুলে দিলেন। এদিকে ব্যাঙের ছাতার মতো ইংলিশ মিডিয়াম স্কুল তৈরি হয়ে চলছে। সঞ্জীববাবু বলেছেন সবচেয়ে বেশি ইংলিশ মিডিয়াম স্কুল আমাদের রাজ্যে আছে। আমি পবিত্রকুমার সরকারের সমালোচনা করছি না। কিছু বাংলার মানুষ ছিলেন যারা চেয়েছিলেন জ্যোতিবাবুর সঙ্গে, শিক্ষামন্ত্রীর সঙ্গে আলোচনা করতে। তাঁরা এসপ্ল্যানেড ইস্টে চিৎকার করে বলেছিলেন তোমাদের সাথে একটু আলোচনা করব। পি.কে.সরকারের চেয়ে কম মানুষ নন তাঁরা। তাঁরা হচ্ছেন ডঃ রমা চৌধুরী, ডঃ প্রতুল গুপ্ত, ডঃ সত্যেন সেন, ডঃ প্রমথনাথ বিশি, কবি সুভাষ মুখোপাধ্যায় এঁরা সেদিন মিছিল করে দাঁড়িয়ে এই কথা বলেছিলেন আমরা একটু আলোচনা করব, ইংরাজি তুলে দেবেন না। আপনারা শুনলেন না। ব্যর্থ সরকার, ব্যর্থ শিক্ষামন্ত্রী, ব্যর্থ মুখ্যমন্ত্রী তাঁরা বলেছিলেন আমরা কারোর সাথে আলোচনা করব না। আজ তাঁরা পরলোক গমন করেছেন। আজ ডঃ রমা চৌধুরী নেই, প্রতুল গুপ্ত নেই, প্রমথনাথ বিশি নেই। আজকে তাঁদের আত্মার প্রতি তর্পন করে বলুন আমি অন্যায় করেছি, আপনার পাপের প্রায়শ্চিত্ত করে এই কথা বলুন। আপনার পি.কে.সরকার কমিটির রিপোর্ট প্লেস করেছেন। রিপোর্টে বলেছে ক্লাস টু থেকে চালু করতে। কেন ক্লাস ওয়ান থেকে নয়? ক্লাস ওয়ানে ছোট বয়স থেকে যে ছেলেটি পড়বে সে বাংলার সাথে ইংরাজিও পড়তে পারবে, তার কোনও অসুবিধা হবে না। সেদুটো একই সাথে পড়তে পারবে। আজকে ভারতবর্ষ কসমোপলিটান দেশ, যেখানে আমাদের ভাষা নাগাল্যান্ডে গেলে কেউ বোঝে না, সেখানে ইংরাজি চলে, কেরেলায় বাংলা বললে বুঝবে না, সেখানে ইংরাজি বলে, মাদ্রাজে হিন্দী বলে। আর আমাদের মিডিয়া হচ্ছে বাংলা ফাইভ থেকে যে স্ট্যান্ডার্ড করেছেন সেই স্ট্যান্ডার্ডের পরিবর্তন করা উচিত। ক্লাস ফাইভ থেকে যে স্ট্যান্ডার্ড করেছেন তাতে দু বছরে মাধ্যমিকে ১০৫ জন ব্যাক পেলে দেখবেন তার মধ্যে ৯০ জন ইংরাজিতে ব্যাক পেয়েছে। এই খবর কি আপনারা রাখেন কান্তিবাবু? আমি আমার বাস্তব অভিজ্ঞতা দিয়ে বলছি অবিলম্বে ক্লাস ওয়ান থেকে ইংরাজি শুরু করা দরকার। আমি আপনাদের আরেকটা

চক্রান্তের কথা বলছি। আপনারা বলেছেন ৩ বছর পর আবার রিভিউ হবে, আর কমিটি বলেছে ৫ বছর পর আবার রিভিউ হবে। এটা চক্রান্ত ছাড়া আর কিছুই নয়। জ্যোতিবাবু বলেছেন ইংরাজি চালাতে হবে। জ্যোতিবাবু যত দিন ইংরাজি তত দিন। জ্যোতিবাবু নেই, কমিটিও নেই। বিমানবাবু বলেছেন ইংরাজি তোলা যাবে না। জ্যোতিবাবু বলেছেন ইংরাজি বসাতে হবে। জ্যোতিবাবু বলেছেন ক্লাস ওয়ান থেকে আর বিমানবাবু বলেছেন ক্লাস ফাইভ থেকে। তাই মাঝামাঝি করে ক্লাস টু করে দেওয়া হল। বাজারে কেউ বলে ৯ টাকা কেজি আলু, কেউ বলেন ১১ টাকা কেজি আলু। তখন মাঝামাঝি ১০ টাকা কেজি আলুর দর হয়। ধন্যবাদ আপনাকে কান্তিবাবু। আপনাকে ধন্যবাদ জানাবার ভাষা আমার জানা নেই। আপনি আজকে বলুন ইংরাজি তুলে দিয়ে পশ্চিমবাংলার শিক্ষা ক্ষেত্রে কতটা অগ্রগতি আপনি করতে পেরেছেন? ইংরাজি তুলে দিয়ে পশ্চিমবাংলার ছাত্রদের কোন জায়গায় নিয়ে গেছেন? আপনি বলতে পারেন সি.পি.এম. করলে চাকরি পাওয়া যাবে, কিন্তু ফরোয়ার্ড ব্লক, আর.এস.পি. বা অন্য কোনও ছোট দল করলে পাবে না। পি.এস.সি. পরীক্ষায় কোন ভাষায় প্রশ্নপত্র হয়? ইংরাজি ভাষায়। এই কমিটির রিপোর্ট কোন ভাষায় হয়েছে? ইংরাজিতে হয়েছে। এস.এস.সি., পি.এস.সি., জয়েন্ট এন্ট্রান্স ইত্যাদি পরীক্ষায় প্রশ্নপত্র কোন ভাষায় হয়? ইংরাজিতে হয়। আর ক্লাস টু থেকে শুরু হবে। এই রিপোর্ট আপনাদের নিজেদের দলীয় মস্তিস্ক প্রসূত একটা রিপোর্ট এটা পি.কে.সরকারকে ঘরে বসিয়ে করানো হয়েছে। এই রিপোর্টের সম্পূর্নভাবে বিরোধিতা করছি। ক্লাস ওয়ান থেকে ইংরাজি চালু করার ব্যবস্থা করা হোক। ব্যর্থ শিক্ষামন্ত্রী এই আক্রমণ আপনাকে ব্যক্তিগত আক্রমণ নয়, আপনার দপ্তরকে বলছি। আপনি বলেছেন এক হাজার শিক্ষক নিয়োগ করবেন এবং এক হাজার স্কুল স্যাংশন করেছেন। কিন্তু শিক্ষক নিয়োগ আপনি করতে পারেন নি। টু টিচার্স এবং ওয়ান টিচার স্কুলগুলির কি অবস্থা, তার মাঝখানে আপনি আরেকটা চক্রান্ত শুরু করেছেন। আমি মনে করি এই রিপোর্ট একটা জাল রিপোর্ট, এটা সি.পি.এমের দলীয় রিপোর্ট। ক্লাস ওয়ান থেকে ইংরাজি চালু করা উচিত এই বলে এই রিপোর্টকে ছিঁড়ে দিয়ে এই রিপোর্টকে সম্পূর্নভাবে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, ১৮ বছর আগে বামফ্রন্ট মন্ত্রীসভা প্রাথমিক থেকে ইংরাজি প্রত্যাহার করেছিল এবং মাতৃভাষায় শিক্ষার সুপারিশ

করেছিল। ১৮ বছর ধরে এটা শিক্ষা ব্যবস্থায় প্রবর্তিত ছিল। বামফ্রন্ট সরকার আজকে আবার প্রাথমিক থেকে ইংরাজি চালু করতে যাচ্ছেন। কিন্তু ওঁদের বক্তব্য শুনে মনে হচ্ছে যেন ওঁদের আন্দোলনের চাপে এটা হয়েছে। তা নয়। আমাদের বামফ্রন্ট সরকার এতদিন অভিজ্ঞতার মধ্যে দিয়ে বুঝতে পেরে এটা করেছেন। স্যার, রবীন্দ্রনাথের রামকানাইয়ের নির্বুদ্ধিতার গল্পে আমরা দেখতে পাই সেখানে উকিল বলছে, বাইজোভ কেমন ঠেসে ধরেছিলাম। স্যার, প্রাথমিকে এক ভাষায় শিক্ষাদান, মাতৃভাষায় শিক্ষাদান তত্ত্বগতভাবে, বৈজ্ঞানিকভাবে স্বীকৃত। ভারবর্ষের সর্বত্র নাগাল্যান্ড বাদে, মাতৃভাষায় শিক্ষাদান চালু আছে। সারা পৃথিবীতেও এটা চালু আছে। এটা শিক্ষাবিদরাই বলেছেন, কান্তিবাবু নতুন কিছু করেন নি। শিশুদের মনস্তাত্ত্বিক দিকে তাকিয়ে এটা করা হয়েছিল। কিন্তু ভারতবর্ষ যেহেতু বহু ভাষাভাষি বৈচিত্রময় দেশ, কোনও একটা ভাষা লিংক ল্যাংগুয়েজ হিসাবে গড়ে ওঠেনি তাই ইংরাজির একটা ভূমিকা আছে। এক্ষেত্রে মাননীয় অসিতবাবু ঠিকই বলেছেন, ইংরাজির ব্যবহার আছে। যারা ইংরাজিতে কৃতবিদ্যা তারা অতি সহজেই সমাজের সামনে চলে আসে এবং সেই জন্য মানুযের মধ্যে এই ভাষা শেখার একটা প্রবণতা আছে। সেই দিকে দৃষ্টিপাত করে বামফ্রন্ট মন্ত্রীসভা প্রাথমিকে পুনরায় ইংরাজি শিক্ষার প্রবর্তন করছেন। কেন প্রথম শ্রেণী থেকে করতে বলছেন? দ্বিতীয় শ্রেণী থেকে অক্ষরজ্ঞান হবে এবং তার পর থেকে ইংরাজি শেখানো হবে। আমাদের সময় প্রাথমিকে ইংরাজি ছিল না। কিন্তু তার মধ্যেও বহু লোক বেরিয়ে এসেছেন। আর তাদের ইংরাজিতে বুৎপত্তি নেই, ইংরাজি পড়তে পারে না, এমন কথা কিন্তু ভাবার অবকাশ নেই। মাননীয় সদস্য অসিতবাবু একটা বাজে কথা বললেন। তিনি বললেন, জ্যোতিবাবু এবং বিমানবাবুর মত পার্থক্যে নাকি এই অবস্থাটা স্বীকার করে নেওয়া হয়েছে এবং তিন বছর বাদে আবার ইংরাজি প্রাথমিক থেকে তুলে দেওয়া হবে। এটা ঠিক নয়। তবে এর মধ্যে দিয়ে যে কথাটা বেরিয়ে আসছে তা হল, ওঁরা ধরে নিচ্ছেন ওঁরা এদিকে আর আসবেন না। এবং এটা ধরেই বলছেন, জ্যোতিবাবুর জীবদ্দশায় ইংরাজি চালু থাকলেও উনি চলে গেলে ইংরাজিও উঠে যাবে। তা ওঁরা যেমন যেমন পড়াশোনা করে এসেছেন সেইভাবে বিতর্ক করুন। কিন্তু ঘটনা হচ্ছে আমি খুব জোরের সঙ্গে বলছি, প্রাথমিক স্তরে মাতৃভাষায় শিক্ষাদান অবৈজ্ঞানিক নয়। সারা পৃথিবীতে এটা চালু আছে। সারা ভারতবর্ষের অভিজ্ঞতার নিরিখে ইংরাজি আবার চালু করা হলেও আজকে দেখা যাচ্ছে এক একটা ক্লাসে ৬০/৭০টা ছেলেমেয়ে পড়াশোনা করছে। শিক্ষকের অভাব রয়েছে। অনেক ওয়ান টিচার স্কুল রয়েছে।

পরীক্ষার সমস্যা, বাড়িঘরের সমস্যা আছে। তার উপর আবার ইংরাজি পারবেন এই ধরনের ভালো শিক্ষকেরও দরকার আছে। সেই জন্য প্রাথমিকে ইংরাজি চালু করে দিলেই রাতারাতি সবাই ইংরাজিতে পন্ডিত হয়ে যাবে না। তাই বেসিক ট্রেনিং-এর মতো এক্ষেত্রেও ট্রেনিংক্যাম্প করা দরকার যাতে শিক্ষকরা সহজে ইংরাজি পড়াতে পারেন এবং ছাত্রদের মধ্যে তা সঞ্চারিত করতে পারেন। এটা বিদেশি ভাষা, এত সহজে রপ্ত হয় না। তাই উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলার জন্য চিন্তাভাবনা করা দরকার। ওঁরা বললেন, প্রাথমিকে মাতৃভাষায় শিক্ষাদানের ফলে যত্রতত্র ইংরাজি স্কুল গড়ে উঠলো। ইংরেজি স্কুল গড়ে উঠবে। আমাদের সমাজে ৫০ বছরে যে ধনতান্ত্রিক অর্থনীতি ভারতবর্ষে প্রবর্তিত সেখানে নতুন শ্রেণী তৈরি হয়েছে গ্রাম-শহরে। অর্থনীতিতে বলেছে নোভারিচ্ ক্লাস। নোভারিচ্ ক্লাস, নতুন ধনিক শ্রেণী গ্রাম-শহরে গড়ে উঠেছে। তাদের অভিভাবকদের ইচ্ছা এবং তারই প্রতিফলন ঘটছে—এইসব নতুন নতুন ইংরেজি স্কুল তাঁরা গড়ে তুলছেন গ্রামে-গঞ্জে সর্বত্র। একটু যাঁরা আর্থিক ভাবে সম্পদশালী তাঁরা ভাবছেন যে, আমরা সাধারণ স্কুলে পড়াবোনা, আমাদের ছেলেমেয়েদের একটু বাড়তি সুযোগ সুবিধা দেব। এই আর্থিক অবস্থার পরিবর্তনের ফলেই এই ধরনের স্কুল গড়ে উঠছে সর্বত্র। প্রাথমিকে ইংরেজি চালু হওয়া সত্ত্বেও এ আমরা দেখব যে, সর্বত্র এটা বন্ধ করা যাচ্ছে না। এটা হবেই। তার পৃষ্ঠপোষক হচ্ছে গ্রামের ধনিক শ্রেণী, তাদের অর্থনৈতিক কৌলিন্যের জোরে তাদের ছেলেমেয়েদের পার্থক্য করে গড়ে তুলতে চাইছে। এই হচ্ছে বিষয়। সেজন্য ওঁরা যেটা মনে করছেন সেটা আরও জোরের সঙ্গে বলছেন। যেটা চালু হয়েছে সেটাকে বলুন না। প্রথম শ্রেণীতে না হয়, বলুন এটাকেই আরও পূর্ণাঙ্গ করে তোলার জন্য। এটাকে আরও পূর্ণাঙ্গ করে ভাষা শিক্ষাটা যাতে সহজ হয় সেই ভাবে সাজেশন রাখুন। সেসব না রেখে তার বিরোধিতা করছেন এবং সেই বিরোধিতার মধ্যে যুক্তি থাকছে না। যুক্তি থাকছে না এটা মেনেই নেওয়া হয়েছে। একথা বলার অর্থ অভিজ্ঞতা, অভিজ্ঞতায় মানুষ শেখে। অভিজ্ঞতার মধ্যে দিয়ে আবার প্রাথমিকে ইংরেজি চালু হল। যদি দেখা যায় ফল পাওয়া যাচ্ছে না তবে অন্য ভাবে ভাবা যাবে। কে বলেছে প্রথম শ্রেণী থেকে পড়ালেই বিদ্যা বেড়ে যাবে, তার দক্ষতা বেড়ে যাবে। আজকে ওঁরা যে কথা বলছেন, প্রাথমিকে প্রথম শ্রেণী থেকে ইংরাজি চালু করতে হবে। এর মধ্যে কোনও বিষয় নেই, কোনও সুষ্ঠু চিন্তাধারা নেই, বিরোধিতার জন্যই তাঁরা বিরোধিতা করছেন, অতএব একে সমর্থন করা যাচ্ছে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আজকে পবিত্র সরকার কমিটির রিপোর্ট, যার প্রতিপাদ্য বিষয় হল, প্রাথমিকে ইংরেজি চালু হবে এবং কোথা থেকে হবে সেই বিষয়বস্তুর উপরই বলতে গিয়ে আমি আজকে আপনাকে শোনাতে চাই যে, বামফ্রন্ট সরকারের বক্তব্য পবিত্র সরকার কমিটির মধ্যে দিয়ে বেরিয়েছে অর্থাৎ বামফ্রন্ট সরকারের নবোদয় হয়েছে, অথবা বোধোদয় হয়েছে। নতুন করে যে বোধের কথা আপনারা বললেন, তাঁরা একথা ঠিকই বলেছেন যে, হ্যাঁ আমরা আগে ক্লাস ফাইভ থেকে ইংরেজি চালু করার কথা বলেছিলাম। বলুন তো জয়ন্তবাবু - এটা কোন বৈজ্ঞানিক তথ্য যে, আজকে ক্লাস ফাইভে ইংরেজি পড়াতে গেলে আমাকে বলতে হয়, ইংরেজি সেনটেন্সটা বলে দিয়ে তার পারসিং করাতে হয়, ক্লাস ফাইভের এই সিলেবাস যেটা আমাদের দেওয়া হয়েছে, আপনি বলুন এটা কি সেই বিজ্ঞানসম্মত শিক্ষা? আজকে কেনই বা প্রথম শ্রেণী থেকে ইংরেজি পড়ানো অবৈজ্ঞানিক হবে? আপনি তো জানেন যে শিশু যখন জন্মলাভ করে তখন সে অযুত সম্ভাবনা নিয়ে আসে, তা সেই সম্ভাবনাগুলোকে যাচাই করে নেওয়ার জন্যই তো আমরা বলেছি, এডুকেশন ইজ্ দি ম্যানিফেসটেশন অব পারফেকশন অলরেডি ইন ম্যান্। তাহলে তার মনের মধ্যে যেগুলো ছিল, যেগুলো আছে, তার বহিঃ প্রকাশের নাম যদি শিক্ষা হয় তাহলে কেন আজকে প্রথম শ্রেণী থেকে এটাকে চালু করা যাবে না? এটাই তো আপনারা বিজ্ঞানসম্মত ভাবে ভাববেন। আজকে আপনারাই বলছেন যে, আইন আদালতে মাতৃভাষায় আমরা সব অর্ডারগুলো দেব, সার্কুলার দেব। পেরেছেন? অনেক জায়গায় ইংরাজি হঠাও্র নাম করে আপনারা সেই সময় কি করলেন? ইংরেজিটাকে হঠিয়ে দিলেন প্রথম শ্রেণী থেকে, আজকে আপনাদের যখন বোধোদয় হয়েছে যে, না, আমরা ভাল কাজ করিনি। কেউ কেউ বলছেন ধনতান্ত্রিক শিক্ষাব্যবস্থায় বা ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থায় আমরা অনেকে আছি বলে আমাদের ছেলে-পুলেদের আমরা পাঠিয়ে দিচ্ছি নার্সারি, কেজি ইত্যাদি জায়গায়। তাহলে কেনই বা দিচ্ছেন? যুক্তিটা ওটা নয়, যুক্তিটা হচ্ছে এই যে, আজকে আমাদের ছেলেপুলেরা যারা ইংরেজি জানে না বা জানার সুযোগ পায় নি তারা আজকে প্রতিযোগিতা মূলক শিক্ষাতে হেরে যাচ্ছে।

[4-30 — 4-40 p.m.]

এবং সারা ভারতবর্ষের ক্ষেত্রে আমরা পিছিয়ে আছি। তা যদি না হয় তাহলে আপনারা বলুন বিগত বছর গুলিতে আপনারা ভারতবর্ষকে কটা আই.এ.এস.,

আই.পি.এস. দিতে পেরেছেন? আপনারা কেবল মাত্র বলে দিয়েছেন প্রিভিলেজ ক্লাস যারা তারাই শুধু ইংরাজি শিখবে। আপনাদের মধ্যে অনেকেই এখানে সেই প্রিভিলেজ ক্লাস হিসাবে চিহ্নিত হয়ে আছেন। এই অবস্থায় যারা নন্-প্রিভিলেজ ক্লাস তাদের ইংরাজি শিক্ষালাভের সুযোগ থেকে বঞ্চিত করে আপনাদের কি লাভ হল? মিত্র কমিশনের মাধ্যমে প্রথম শ্রেণী থেকে প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দিয়ে ঘুম দিলেন। সেই কুম্ভকর্ণের ঘুম দীর্ঘদিন পরে পশ্চিমবাংলার মানুষের কণ্ঠস্বরের চিৎকারে যদিও বা ভাঙ্গল তথাপি তারা যা বলতে চাইছে তা আপনারা শুনতে চাইছেন না। এখন আপনারা কি বলছেন, না কমিশন করেই লোকায়ত সরকার চলে। কমিশনের সুপারিশ অনুযায়ীই যদি আপনারা চলতে চান তাহলে সর্বক্ষেত্রে তা চলছেন না কেন? আমরা তো দেখেছি অনেক কমিশনের রিপোর্টকেই আপনারা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছেন, কোনও মূল্য দেন নি। যে ভদ্রলোককে আপনারা এই কাজ করতে দিয়েছিলেন, আমার সহকর্মী অনেক সদস্য বন্ধু এখানে বললেন সেই ভদ্রলোক পবিত্র সরকার নাকি প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষার বিরুদ্ধে ছিলেন। তা যদি হয় তাহলে আমরা দেখছি তিনি ইংরাজি শিক্ষার বিরুদ্ধে হয়েও ক্লাস টু থেকে ইংরাজি শিক্ষা চালু করার পক্ষে সুপারিশ করেছেন। তাহলে আমাকে বলতে হচ্ছে যে তাঁরও বোধোদয় হয়েছে। বাস্তব অবস্থাকে জেনে তিনি নতুনভাবে চিন্তাভাবনা করেছেন, তাই নমঃ নমঃ করে, অথবা নেগেটিভ নেগেটিভ করে একটা জায়গায় ক্লাস টুতে থেমে গেছেন। তাই আমি বলতে চাইছি প্রাথমিক স্তরের শুরু থেকেই এটা করা উচিত ছিল। আজকে যা করতে যাচ্ছেন তাতে ক্লাস টুতে গিয়ে একজন শিশুর ইংরাজি অক্ষরের সঙ্গে পরিচয় হবে, ক্যাপিটাল লেটার, স্মল লেটারের সঙ্গে পরিচয় হবে। আমি আপনাদের অনুরোধ করছি, আপনারা আপনাদের বাড়িতে যে সমস্ত শিশুরা এখনও বিদ্যালয়ে যায় নি তাদের গিয়ে জিজ্ঞেস করবেন এ' গানটা কোন যন্ত্র থেকে বেরচ্ছে, দেখবেন সে উত্তর দেবে টি.ভি. থেকে বা রেডিও থেকে। ইংরাজি কথা স্কুলে না গিয়েও সে পরিবেশ থেকে শিখে ফেলেছে। তার মানে শিশু মনোবিজ্ঞান এই কথাই বলে যে, শিশুকালে সে একটা কাদার তাল সে সময়ে তাকে যা শেখানো যাবে সে তাই শিখবে। আমাদের গ্রামবাংলায় একটা কথা প্রচলিত আছে, 'কাঁচায় না নোয়ালে বাঁশ, পাকলে করে টাঁশ টাঁশ'। কাজেই প্রথম শ্রেণী থেকে শিশুদের ইংরাজি শেখাবার ক্ষেত্রে আমরা মনে করি কোনও অসুবিধা নেই। 'মাতৃভাষা মাতৃদুগ্ধ' এটা আমরা সবাই জানি। কিন্তু মাতৃ দুগ্ধের সঙ্গে আরো অন্যান্য কিছু দেওয়া দরকার আছে। সুতরাং মাতৃভাষা শেখার সঙ্গে সঙ্গে এই নয় যে, ইংরাজিকে অবহেলা করতে হবে।

আমি তাই আপনার কাছে বলতে চাই এই যে রিপোর্ট আজকে আমাদের সামনে দেওয়া হয়েছে সেই রিপোর্টের মধ্যে পশ্চিমবাংলার মানুষের কাছ থেকে ইতিমধ্যে মিঃ সরকার যে রিপোর্ট পেয়েছে তাকে মূল্য দেওয়া হয় নি। এর আগে আমার প্রফেসর, টিচার, শিক্ষক হিমাংশু বিমল মজুমদারকে দিয়ে প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় নো ডিটেনশন রিপোর্ট করিয়ে মূল্যায়নের নামে প্রকৃত মূল্যায়নকে কবর দিয়ে দিয়েছেন। আজকে এই যে রিপোর্ট নিয়ে আলোচনা হচ্ছে, এতে আমাদের মত না থাকায় আমি এই রিপোর্টকে সাপোর্ট করতে পারলাম না, এর বিরোধিতা করলাম। থ্যাংক ইউ স্যার।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি পবিত্র সরকারের রিপোর্টকে স্বাগত জানাচ্ছি এবং সরকারের অ্যাকশন টেকেন রিপোর্টটি সর্বসম্মত সিদ্ধান্ত বলেই আমি মনে করছি। ৫০ বছর স্বাধীনতার পর আমাদের ভারতবর্ষে নিরক্ষরতার সংখ্যা কত? আমরা এখনও প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন করে তুলতে পারলাম না। আমরা এখনও চিৎকার করছি যে ভারতবর্ষকে নিরক্ষরতা মুক্ত দেশ হিসাবে করতে হবে এবং সেই সংগ্রাম আমরা এখনও চালিয়ে যাচ্ছি। আজকে আমরা পড়াশুনার ক্ষেত্রে ইংরাজি কোন ক্লাস থেকে পড়ানো হবে তা নিয়ে চর্চা করছি। প্রাথমিক স্তরে মাতৃভাষার মাধ্যমে যে শিক্ষা সেই ব্যাপারে আমরা এখনও স্বাক্ষর করে তুলতে পারলাম না। যাইহোক, আমরা পৃথিবী থেকে বিচ্ছিন্ন হয়ে থাকতে পারি না, আমাদের জ্ঞানের পরিধি বাড়াতে হবে। কিন্তু ভারতবর্ষের ক্ষেত্রে সেই কমিশন বলুন আর কোঠারি কমিশনই বলুন কিংবা বিভিন্ন ধরণের যে কমিশন তৈরি করা হয়েছিল তারা কিন্তু প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষা চালু করার কথা বলেননি। আপনারা (কংগ্রেসিদের উদ্দেশ্য করে) এখানে বই ছিড়ে ফেলতে পারেন, আপনারা কাগজ ছিঁড়তে ভালবাসেন, আপনারা ভাঙ্গতেও ভালবাসেন। কিন্তু আপনারা কোনও কিছু গড়তে জানেন না। তাই ৫০ বছরের অভিশাপ আমরা বহন করে চলেছি। আপনারা নিজেরাও জানেন যে, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে - সে অন্ধ্রপ্রদেশ বলুন তামিলনাড়ুও বলুন কিংবা অন্যান্য রাজ্যে ক্লাস - থ্রি থেকে ইংরাজি ভাষাকে দ্বিতীয় ভাষা হিসাবে তারা গ্রহণ করেছে। আপনারা বলছেন ইংরাজি না জানলে কিছু করা যায় না। আমি আপনাদের সাথে এই ব্যাপারে একমত নই। আমার যতদুর মনে পড়ে, আমার স্মৃতিশক্তি যদি লোপ না পায় তাহলে আমার মনে আছে, কংগ্রেসের একজন সর্বভারতীয় সভাপতি হয়েছিলেন যিনি দক্ষিণ ভারতের লোক। তাঁর বোধ হয় ইংরাজি জ্ঞান খুব বেশি ছিল না। তাসত্বেও তিনি সর্বভারতীয়

ক্ষেত্রে রাজনৈতিক মঞ্চ আলোকিত করেছিলেন। সুতরাং সেক্ষেত্রে আমার বক্তব্য হচ্ছে, আমাদের পশ্চিমবাংলায় আদিবাসি সম্প্রদায় আছে, তফসিলি জাতি এবং উপজাতিরা আছেন। আমরা এখনও প্রাথমিকস্তরে ড্রপ আউটের সংখ্যা দেখছি। যাইহোক, সেটা আলাদা ব্যাপার, কিন্তু আজকের দুনিয়ায়, এই ৫০ বছর স্বাধীন হওয়ার ফলে আমাদের দেশে একটা শ্রেণীত্ব জন্ম নিয়েছে। আমাদের দেশে নার্সারি স্কুল এবং কে.জি. স্কুল অনেক হয়েছে। সুতরাং সরকারি খরচায় যাতে ইংরাজি পঠন-পাঠন চালু হতে পারে তারজন্যই এটা করা হচ্ছে। কিন্তু বি.জি.খের কমিশন বলেছিল, যেসব শিশু নিখরচায় ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষালাভ করিবে তাহার ইংরেজি ভাষা শিক্ষা অপচয় হইবে মাত্র। এই অল্প সময়ে ইংরেজির মতো সম্পূর্ণ একটি বিদেশি ভাষার শিক্ষাদানে কোনও উদ্দেশ্য সিদ্ধ হইবে না। আমি তাই বলছি, আজকে যুগের পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে বামফ্রন্ট সরকার একটা সঠিক সিদ্ধান্তে এসে উপনীত হয়েছে। এটা আরো ভাল হতো যদি মায়ের পেট থেকে ইংরাজি বলতে পারতো। কিন্তু সেটা আমাদের ভারতবর্ষে কোনও রাজ্যেই সম্ভবপর নয়। আমরা কথায় কথায় বিদ্যাসাগরের কথা বলি, রবীন্দ্রনাথের কথা বলি, মাতৃভাষা মায়ের দুধের মতোন - একথাও আমরা বলি এবং সেই ভাষাতে প্রাথমিক শিক্ষা দেবার কথা বলি। কিন্তু আমাদের মাথার মধ্যে যে কলোনিয়াল চিন্তাভাবনা রয়েছে, যে ইংরেজি ভাষা না শিখলে পরে আর কিছু হল না, আমি কিন্তু সেই দলের পক্ষে নই। আমাদের পরিধি বাড়ানোর জন্য টু সিস্টেম শিক্ষাতে একদিকে ইংরাজি পঠন-পাঠন বাড়াবে কিন্তু ইংরেজিই আসল পঠন-পাঠন নয়, তাকে প্রতিহত করার জন্য যে ভাবনা-চিন্তা করেছেন তারজন্য স্বাগত জানাচ্ছি, সমর্থন জানাচ্ছি। আশা করি, এই শিক্ষণ পদ্ধতির জন্য মাস্টারমশাইরা উন্নত সিলেবাস চালু করবেন। আমরা আবার প্রতিযোগিতায় ফিরে আসব এবং আসতে পারবই। আমরা হেরে যাইনি। আমরা হৈ চৈ চাই না। আজকে আপনারা জানবেন যে কমপিটিটিভ এগজামিনেশন আজকে অনেক জায়গায় মাতৃভাষার মাধ্যমে শুরু হচ্ছে। এই বলে অ্যাকশন টেকেন রিপোর্টকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 p.m.]

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, পবিত্র সরকার কমিটির রিপোর্ট যা পেশ করা হয়েছে আবার ক্লাস থ্রি থেক ইংরাজি প্রবর্তনের জন্য আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, রবীন্দ্রনাথকে কোটেশন করে

ওরা প্রায়ই একটা কথা বলেন এবং এর আগে সারা পশ্চিমবঙ্গে দেওয়ালে দেওয়ালে তা লিখেছেন যে, 'মাতৃভাষা মাতৃদুগ্ধ'। কিন্তু রবীন্দ্রনাথের লেখায় পরের যে লাইনটা আছে সেটা কেউ বলেনও না, লেখেন না। রবীন্দ্রনাথ তার পরের লাইনে লিখেছেন, 'ইংরাজি ভাবের ভাষা না হইলেও ইহা কাজের ভাষা, কাজেই ইহাকে পরিত্যাগ করা উচিত নয়'। ইংরাজি শিক্ষার যে প্রয়োজনীয়তা আছে সেটা অনেকদিন পরে, অনেক বিশ্লেষণ করে ওরা বুঝেছেন এবং আবার ক্লাস থ্রি থেকে ইংরাজি প্রবর্তনের কথা বলছেন। যদিও রিপিটেশন হয়ে যাবে তবুও বলছি, একথা ঠিক যে ইংরাজি ক্লাস থ্রি থেকে না ক্লাস ওয়ান থেকে এ নিয়ে ওদের মধ্যে দ্বিমত আছে, কন্ট্রাড্রিকশন আছে। তারজন্যই ওরা এমন একজন লোককে ফিট করলেন যিনি ওদের মতবাদে পুষ্ট এবং তাকে দিয়ে একটা রিপোর্ট করিয়ে দেওয়া হল যে ক্লাস থ্রি থেকে ইংরাজি চালু হোক। যেহেতু জ্যোতিবাবু বলেছেন যে ক্লাস থ্রি থেকে ইংরাজি চালু হোক সেই জন্য তাই করা হল। কারণ ওয়ান থেকে হলে সেখানে বিরোধীদের দাবি মানতে হয়, জনগনের দাবি মানতে হয় তাই ওরা ওয়ান থেকে করলেন না। এটা করে ওরা আবার একটা সর্বনাশ করছেন। এতদিন ধরে এক্সপেরিমেন্ট করে ওরা দেখলেন যে মানুষ কি চায় কিন্তু তা সত্ত্বেও ওরা ক্লাস ওয়ান থেকে করলেন না। ওরা রবীন্দ্রনাথের কথা বলেন, আমিও স্যার, তার কথাই কোট করছি—'যা আমরা বিশ্বাস করি তা আমরা পালন করি না'। এই কথাটা স্যার, ওদের সম্বন্ধে বেশি করে খাটে। যা ওরা বিশ্বাস করেন তা ওরা ব্যক্তিগত ভাবে কেউ পালন করেন না। যেমন কথায় কথায় ওরা বলেন যে ওরা নাকি নাস্তিক কিন্তু মন্দির বা মসজিদের সামনে গেলেই ওদের মাথা নত হয়ে যায়, কাজেই ওরা নাস্তিক নয় তেমনি ওরা মানেন যে ইংরাজি শিক্ষার প্রয়োজন আছে। স্যার, এইসব নিয়ে যারা লেখাপড়া করেন, গবেষণা করেন তারা বলেন, যদি একটা অ্যাডিশন্যাল ভাষা শিখতে হয় তাহলে বাচ্ছা বয়স, যখন থেকে তার জ্ঞানটা শুরু হয় তখনই সেটা শেখার উপযুক্ত সময়। সুতরাং সেই ক্লাস ওয়ান থেকেই যদি ইংরাজি শেখানো যেত তাহলে কিন্তু ভাল হত। আমি ওদের জিজ্ঞাসা করি, আপনাদের বাড়ির লোকজন, আত্মীয়স্বজন, আপনারা কি আপনাদের বাড়িতে বাচ্ছাদের ক্লাস ওয়ান থেকে ইংরাজি পড়ান না? কারুর বাড়ির ছেলে যদি বাংলা স্কুলে পড়েও তাহলে তাতেও কি তাদের ইংরাজি পড়ান না? তাদের কিন্তু ইংরাজি পড়ান। কাজেই আপনারা নিজেরাই একটা স্ববিরোধিতায় ভুগছেন। কিন্তু যেহেতু জ্যোতিবাবু বলে ফেলেছেন যে এটা ক্লাস থ্রি থেকে করতে হবে তাই ক্লাস থ্রি থেকে করছেন। এই প্রসঙ্গে আপনাদের

জিজ্ঞাসা করি, দীর্ঘদিন ধরে যারা ইংরাজি শেখা থেকে বঞ্চিত হল, যাদের এতগুলো বছর নষ্ট হয়ে গেল, যারা ভালোভাবে ইংরাজি শিখতে পারলো না তাদের কি হবে? তারা তো আগামীদিনে কমপিটিটিভ পরীক্ষাতে দাঁড়াতে পারবে না। তাদের এই যে বিরাট একটা ক্ষতি হয়ে গেল এই ক্ষতিটা কে পূরণ করবে? এই ক্ষতিটা তাদের কিন্তু আপনারা করে ফেলেছেন। আগামীদিনে এই টার্মে বা এর পরের টার্মে যদি আপনারা থাকেন তাহলে আমরা দেখব আবার একটা কমিশন আপনারা করবেন এই পবিত্র সরকারের মতোন কারুকে ধরেবেঁধে এনে এবং বলবেন ক্লাস ওয়ান থেকেই ইংরাজি চালু করলাম। যদিও খুব প্রাসঙ্গিক নয়, তবুও শিক্ষার ব্যাপারে বলে বলছি, এই যে পাশ ফেল প্রথা আপনারা তুলে দিয়েছেন এটা যে কার মস্তিষ্কপ্রসূত কার বিচারবুদ্ধি প্রসূত সেটা আপনারা বলুন। অবশ্য আপনাদের কে চালায় সেটা বোঝা যায়। এই পাশ, ফেল প্রথা তুলে দিয়ে আপনারা ছাত্রদের ভবিষ্যতটা নষ্ট করছেন। ওয়ান থেকে ফোর পর্যন্ত স্কুলে স্কুলে আপনারা পাশ, ফেল প্রথা তুলে দিলেন। আপনারা অনেক সেমিনার করেন, গবেষণা করেন, এখন এ সম্পর্কে বললেই আপনারা পৃথিবীর কমিউনিস্ট দেশের উদাহরণ দিয়ে বলবেন সেখানে পাশ, ফেল নেই। আমি বলব, পাশ, ফেল প্রথা থাকলে ছাত্রদের একটা চাপ থাকতো। মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি পশ্চিমবঙ্গ প্রাথমিক স্তর থেকে ইংরাজি ওঠাতে পারেন নি। আজকে সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় ব্যাঙের ছাতার মতো ইংলিশ মিডিয়াম স্কুল গড়ে উঠেছে। পশ্চিমবাংলার কার্শিয়াং থেকে বরাকরের শেষ প্রান্ত পর্যন্ত প্রত্যেক জায়গায় ছোট ছোট ইংলিশ মিডিয়াম স্কুল কোথাও টু রুম, কোথাও থ্রি রুমে স্কুল করছে। আপনি দুটো ক্লাসের জন্ম দিয়েছেন। কিভাবে এই দুটো ক্লাসের জন্ম দিয়েছেন সেটা দেখুন। একটা হচ্ছে, যারা বিত্তশালী তারা তাদের ছেলে-মেয়েদের ইংলিশ মিডিয়ামের স্কুলগুলিতে পড়াচ্ছেন এবং এটা সকলেই জানেন। আর যারা গরিব মানুষ, যাদের পয়সা নেই, তাদের ছেলেমেয়েদের কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির স্কুলে পড়াচ্ছেন। তাদের ইংরাজি পড়াবার ব্যবস্থা নেই। এইভাবে আপনারা দুটো ক্লাসের জন্ম দিয়েছেন। আমি অনেক বিরোধী দলের নেতাদের জানি যাদের ছেলেমেয়েদের ইংলিশ মিডিয়ামে পড়াচ্ছেন। আর যাদের পয়সা নেই তাদের কর্পোরেশনের স্কুলে পড়াচ্ছেন, সেখানে তাদের ক্লাস থ্রি পর্যন্ত ইংরাজি পড়াবার কোনও ব্যবস্থা নেই। আপনারা ক্লাসলেস সোসাইটির কথা বলেন, অথচ এইভাবে আপনারা সমাজে দুটো ক্লাসের বীজ বপন করে চলেছেন। তাই, আমাদের বিরোধী দলের পক্ষ থেকে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং আমি ব্যক্তিগত

ভাবেও পবিত্র সরকার কমিটি যে রিপোর্ট দিয়েছে, সেই রিপোর্টের বিরোধিতা করছি এবং একথা বলছি যে ক্লাস ওয়ান থেকে ইংরাজি শিক্ষা প্রবর্তন করা হোক। আমি ঈশ্বরের কাছে প্রার্থনা করি যে আপনাদের শুভ বুদ্ধির উদয় হোক। এই কথা বলে আমার ৰক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে পবিত্র সরকার কমিটির রিপোর্টের উপরে মাননীয় মন্ত্রিমহাশয় যে বিবৃতি দিয়েছেন, সরকারের যে অ্যাকশন টোকেন রিপোর্ট, তার উপরে আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে, পবিত্র সরকার কমিটির রিপোর্ট, তার উপরে মন্ত্রীর বিবৃতি, এগুলি আক্ষরিক অর্থে ঠিক আছে। কিন্তু যেটা বাস্তব, অ্যাকশন টোকেন রিপোর্ট যা আছে, আসলে পশ্চিমবাংলায় বিগত ১৯ বছর ধরে শিক্ষার উপরে বামফ্রন্ট সরকারের যে ভ্রান্ত ভাষা এবং শিক্ষা নীতি তার ফলে যে অভিশাপ নেমে এসেছিল, তার অবসান ঘটলো এবং দীর্ঘ ১৯ বছর ধরে বামফ্রন্ট সরকার যে নীতি থেকে সরে আসছিলেন, ১৯ বছর পরে জনগণের দীর্ঘ আন্দোলনের মধ্যে দিয়ে, যে আন্দোলন ভাষা শিক্ষার আন্দোলন, পশ্চিমবঙ্গর গণ-আন্দোলনের ইতিহাস এই আন্দোলনের জয়ও ঐতিহাসিক জয়। কালকে অন্তত বামফ্রন্ট সরকার জনমতের সেই আন্দোলনের দাবিকে মেনে নিয়েছে। মেনে নিতে বাধ্য হয়েছে কি মেনে নিয়েছে সেই প্রশ্নে আসছি না, তারা সেটা মেনে নিয়েছে। এটা জনগণের জয়। আজকে বিশেষ করে স্মরণ করিয়ে দিতে চাই যে, অনেক মূল্য দিয়ে এই দাবি আদায় করতে হয়েছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই যে, এখানকার বরেণ্য প্রয়াত বুদ্ধিজীবী ডঃ সুকুমার সেন, প্রমথনাথ বিশি, নিহাররঞ্জন রায়, প্রেমেন্দ্র মিত্র, প্রতুল গুপ্ত, এই সমস্ত বুদ্ধিজীবি মানুষ যারা এই দাবি নিয়ে রাস্তায় নেমেছিলেন এবং সেদিন এই দাবি আদায় করার পরিপ্রেক্ষিতে এক সময়ে সরকার বলেছিলেন যে, ইংরাজি পড়ালে শাস্তি দেওয়া হবে, এই রকম একটা অ্যাটিচ্যুড ছিল। কিন্তু জনগণের প্রয়োজনে সেদিন শিক্ষকরা, অভিভাবকরা, শিক্ষানুরাগী মানুষ তারা এগিয়ে এসেছিলেন এবং সরকারের নির্দেশ সত্বেও আজকে শতকরা ৫৩ ভাগ স্কুলে প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানো হয়েছে। ফলে আজকে পবিত্র সরকার কমিটির এই রিপোর্ট যদিও বলা হয়েছে যে দ্বিতীয় শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হবে, কিন্তু কার্যত প্রথম শ্রেণী থেকে ইতিমধ্যে ৫৩ ভাগ স্কুলে ইংরাজি পড়ানো হচ্ছে এবং কার্যত প্রথম শ্রেণী থেকে যে ইংরাজি পড়ানো হবে সেটা বলার অবকাশ রাখেনা। ফলে এটা একটা মস্তবড় জয়। এখানে অনেকে পবিত্র সরকারের রিপোর্টটা ছিঁড়ে ফেলেছেন। এটা নুতন ব্যাপার কিছু নয়। আমরা

তো পবিত্র সরকার কমিটি বয়কট করেছিলাম। কারণ পবিত্র সরকার কমিটি বসানোর কোনও প্রয়োজন ছিলনা, জনমত যাচাই ইতিপূর্বে হয়ে গেছে, বিশেষ করে দীর্ঘ আন্দোলনের মধ্যে দিয়ে। ২রা ফেব্রুয়ারি সর্বাত্মক বাংলা বন্ধ এটা প্রমান করে দিয়েছে যে জনমত এর পক্ষে।

[4-50 — 5-00 p.m.]

কিন্তু তা সত্বেও সরকার এই কমিটি বসালেন। তারফলে এক বছর বিলম্ব হল এবং আরো কিছু ছাত্রছাত্রীর ক্ষতি হল। এটাও স্মরণ করতে চাই, আজকে এটা গণ আন্দোলনের মস্তবড় জয়। আপনাদের এই ভ্রান্তনীতির ফলে ইতিমধ্যে পৌনে চার কোটি ছাত্রছাত্রীর যাদের শিক্ষাজীবন, ভবিষ্যত নষ্ট হয়েছে আজকে দুঃখের সঙ্গে তাদের কথা স্মরণ করতে চাই। আমি স্পেসিফিক্যালি বলতে চাই, যখন পবিত্র সরকার কমিটি বলেছেন যে, জনগণের মর্যাদা রাখতে - ব্যক্তিগত মতামত যাই থাকুক - যেহেতু রিক্সাওয়ালা থেকে শুরু করে দিনমজুর সবাই চাইছেন প্রাথমিক শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হোক, তাই এই সুপারিশ, সেখানে জনগণের মর্যাদা যখন দিলেনই, তাহলে প্রথম শ্রেণী বাদ দিলেন কেন? এক্ষেত্রে যুক্তি দেখিয়েছেন যে, প্রথম শ্রেণী থেকে ইংরেজি পড়ানোয় গ্রামাঞ্চলে অসুবিধা রয়েছে, কারণ গ্রামবাংলায় কিছু এলাকার ছাত্রছাত্রীদের হোম ডায়ালগ আদি বাংলা যার সঙ্গে প্রাথমিক স্কুলে পড়ানো বাংলার পার্থক্য রয়েছে। তারফলে নাকি প্রথম শ্রেণীতে হোম ডায়লগ, বাংলা এবং ইংরেজি - এই তিনটি ল্যাঙ্গুয়েজ হয়ে যাচ্ছে। এই নতুন থিওরি আপনারা আবিস্কার করেছেন। কিন্তু মাদার টাঙ্গ এবং হোম ডায়ালগের মধ্যে পার্থক্য কি? তাহলে সেখানে মাদার টাঙ্গয়েই শিক্ষা দেওয়া হোক। তারজন্য বলছি, প্রথম শ্রেণী থেকে ইংরেজি চালু না করবার যে যুক্তি সেটা যুক্তিগ্রাহ্য নয়। আর কার্যত আপনাদের প্রথম শ্রেণী থেকেই ইংরেজি পড়াতে হবে। এখানে মন্ত্রিমহাশয় অ্যাকশন টেকেন্ রিপোর্টে বলেছেন যে, যেহেতু তাদের টার্মস অব রেফারেন্স পরীক্ষা নেবার বিষয়টা ছিল না তার জন্য রিপোর্টে সেটা বিবেচিত হয়নি। এখানে প্রশ্ন, টার্মস অব রেফারেন্সের সঙ্গে এটা কি ইন্টারলিঙ্কড্? আজকে প্রাথমিক স্তরে পরীক্ষা ব্যবস্থা উঠে যাওয়ার ফলে শিক্ষার মান যে নেমে যাচ্ছে এটা তো বাস্তব! বিগত সাত বছর ধরে রাজ্যে বেসরকারি পর্যায়ে বিত্তি পরীক্ষা শুরু হয়ে গেছে এটাও তো বাস্তব! সেখানে টার্মস অব রেফারেন্স ছিল না বলে পরীক্ষা নেবার সিদ্ধান্ত নেওয়া যায়নি এটা কতটা যুক্তি সঙ্গত? একটি গণশিক্ষা সম্মেলনে বলেছেন 'সার্কেলওয়াইজ

বার্ষিক পরীক্ষা নেবেন, কারণ শিক্ষকরা প্রাথমিক স্তরে মানের মূল্যায়ণ করছেন কিনা সেটা বুঝবার ব্যবস্থা আমাদের রাজ্যে নেই। কিন্তু ছাত্রছাত্রীদের পারফর্মেন্স কিরকম হচ্ছে সেটা বুঝা না গেলে শিক্ষকরা মূল্যায়ণ ঠিকমতো করছেন কিনা সেটা বুঝা যাবে না। তারজন্য প্রয়োজন বার্ষিক পরীক্ষার। তাহলে বার্ষিক পরীক্ষা নিন। সরকার যেখানে ভাবছেন যে, শিক্ষার মানের উন্নয়ন হচ্ছে কিনা, মূল্যায়ন হচ্ছে কিনা বুঝা যাচ্ছে না, সেখানে স্পেসিফিক্যালি পরীক্ষা নেবার কথা বলে দিন। সরকার যদি ব্যাপারটা উপলব্ধি করে থাকেন তাহলে অতীতে যেরকম বার্ষিক পরীক্ষা হত সেরকম পরীক্ষা ব্যবস্থা যাতে প্রথম শ্রেণী থেকে শুরু হয় সেটা বিবেচনা করুন।

দ্বিতীয় কথা হচ্ছে এরসঙ্গে ইন্টারলিঙ্কড্ এবং শিক্ষার ক্ষেত্রে যেটা মস্তবড় একটা সমস্যা - অনেক অনেক কথা বলছেন, কিন্তু এটা বাস্তব যে, 'ইংরেজি হঠাও' স্লোগান কেন্দ্রর বিজেপি এবং কংগ্রেসের অরিজিন্যাল স্লোগান। এটা তাদের কোনও ভ্রান্তনীতি থেকে নয়, এটা একটা ক্লাশ ডিভাইন - শ্রেণী বৈষম্য সৃষ্টি করবার জন্য একটা ভেস্টেড ক্লাশ তৈরি করবার জন্য তাদের এই স্লোগান। সেটা তারা ইমপ্লিমেন্ট করতে চেয়েছেন। জনগণের সেই প্রবল আন্দোলনের মধ্যে দিয়ে আজকে আবার সেই দাবি মেনে নিয়েছেন এটা জনগণের কাছে কল্যাণকর। আরো সমস্যা আছে। বেসরকারিকরণ, বানিজ্যকরণ এবং কেন্দ্রে বিজেপি সরকার থাকার জন্য সাম্প্রদায়িকরণ, এই সমস্ত ঘটনা ঘটছে। বানিজ্যকরণ বেসরকারিকরণ এইগুলি অত্যন্ত মারত্মক জিনিস। এইগুলি আজকে শিক্ষার সাথে যুক্ত হয়ে গেছে, এর বিরুদ্ধে লড়াই করতে হবে। বানিজ্যকরণ এবং বেসরকারিকরণের ফলে আজকে শিক্ষার ক্ষেত্রে ব্যয়ভার বাড়ছে। পশ্চিমবাংলায় বেসরকারিকরণ নীতি কার্যকর হচ্ছে। দেখতে পাচ্ছি বেসরকারি উদ্যোগে ইঞ্জিনিয়রিং কলেজ হচ্ছে যে শিক্ষাটা অত্যন্ত ব্যয় বহুল। এই ধরণের ইঞ্জিনিয়রিং কলেজ স্থাপিত হলে শিক্ষা ক্ষেত্রে ব্যয় বেড়ে যাবে। এই প্রবণতা যদি বাড়তে থাকে তাহলে আগামী দিনে শিক্ষা সঙ্কুচিত হবে। এটা অত্যন্ত ভয়ঙ্কর। অপর দিকে ভর্ত্তির সমস্যা আছে। আজকে সিট রেসট্রিকশন স্কিম হয়েছে। আজকে স্কুল কলেজ বা উচ্চ বিদ্যালয়ের ভর্তির সমস্যা মারাত্মক আকারে দেখা দিয়েছে। যে হারে বেসরকারিকরণের দিকে যাচ্ছে তাতে বিষয়টা অত্যন্ত আতঙ্কজনক। শিক্ষা বিস্তারের স্বার্থে বেসরকারিকরণের বিরুদ্ধে বানিজ্যকরণের বিরুদ্ধে এবং ভর্তির সমস্যা দূরীকরণের ক্ষেত্রে এই সরকার প্রচেষ্টা নেবেন এই অশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাফা বিন কাশেম ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, প্রখ্যাত ভাষা তথ্যবিদ ডঃ পবিত্র সরকারের কমিটির রিপোর্টের ভিত্তিতে প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানোর ব্যাপারে রাজ্য সরকার যে সিদ্ধান্ত নিয়েছে সেই সিদ্ধান্তের কথা মাননীয় শিক্ষামন্ত্রী এই হাউসে দু-দিন আগে জানিয়ছেন তাকে আমি স্বাগত জানাচ্ছি এবং সমর্থন করছি। মাননীয় সভাপতি মহাশয়, এটা আমরা সবাই জানি যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর, মানুষ এই সরকারকে প্রতিষ্ঠিত করবার পর শিক্ষার ক্ষেত্রে রাজ্যে যে সমস্ত পদক্ষেপ গ্রহণ করেছে তার মধ্যে এটা একটা বহু আলোচিত বিষয় এবং এই কথা বলার অপেক্ষা রাখে না যে এটা একটা বিতর্কের বিষয় হয়েছে। ১৯৮১ সালে সরকার সিদ্ধান্ত নিয়েছে যে প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানো হবে না, ক্লাস সিক্স থেকে পড়ানো হবে। এই নিয়ে বহু বিতর্ক হয়েছে। বিতর্ক হয়েছে খারাপ নয়। গুরুত্বপূর্ন বিষয়ে বিতর্ক হতে পারে, বিতর্ক কাম্য। বিশেষ করে শিক্ষার মতো বিষয়ে বিতর্ক অবশ্যই কাম্য। এই কথা বলা যায় না যে বিতর্ক খারাপ হয়েছে। কিন্তু বিতর্কের দুটি ধারা আছে। একটা হচ্ছে গঠনমূলক। সেই সমালোচনা শিক্ষাগত যুক্তির উপর দাঁড়িয়ে অনেকে করেছেন এই কথা ঠিক যে বামফ্রন্ট সরকার আমাদের রাজ্যে অনেক বেশি মানুষকে শিক্ষা সম্পর্কে সচেতন করতে পেরেছে, শিক্ষা সম্পর্কে তাদের মতামত দিতে মানুষের আগ্রহ বেড়েছে। সেই কারণে বিতর্ক বেড়েছে। আর দ্বিতীয় কারণে যেটা বিতর্ক বেড়েছে তা হল, যারা বিরোধী দল, বামফ্রন্ট সরকারকে রাজনীতিগত ভাবে পছন্দ করে না, তাকে ছোট করার জন্য সমালোচনা করতে হবে, সেই কারণে বিতর্ক হয়েছে। বামফ্রন্ট সরকারের বড় বড় সাফল্যের মধ্যে যদি উল্লেখযোগ্য কোনও সাফল্য থেকে থাকে যেটা চোখে পড়ার মতো সেটা হলো শিক্ষার ক্ষেত্রে সাফল্য। অনেক মাননীয় সদস্য বলেছেন, ইতিপূর্বে আলোচিত হয়েছে মাতৃভাষায় প্রাথমিক শিক্ষার বিষয় নিয়ে। এই কথা বারে বারে বলতে হবে ১৯৮১ সালে এই সরকার যে সিদ্ধান্ত নিয়েছিল সেটা কিন্তু আচমকা নয় কোনও খামখেয়ালীপনার বশবর্তী হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেনি যে কথা মাননীয় সদস্য সুদর্শন চক্রবর্তী মহাশয় বলেছেন। একটা কমিটির রিপোর্টের ভিত্তিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কিন্তু ১৯৭৪ সালে যখন কংগ্রেস সরকার ছিল, সেই মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে হিমাংশু ভূষণ মজুমদারের নেতৃত্বে একটা কমিটি নিযুক্ত হয়েছিল। কিন্তু এই কমিটি তিন বছর কাজ করতে পারেনি। ১৯৭৭ সালে বামফ্রন্ট আসার পরে এই কমিটির সঙ্গে কিছু বিশেষজ্ঞ যুক্ত করে পুনরুজ্জীবিত করা হয়। তাঁরা রিপোর্ট দেন ১৯৭৯ সালে এটা জেনে রাখা ভাল যে,

সেই রিপোর্টে একেবারে বলাই ছিল, প্রাথমিক স্তরে পড়ানো হবে না। আমি আগের কথা ছেড়ে দিলাম। স্বাধীনতার পর কংগ্রেস দল যখন ক্ষমতায় ছিল, তখন এখানে হরেন্দ্রনাথ রায় চৌধুরী শিক্ষামন্ত্রী তার নেতৃত্বে যে কমিটি হয়েছিল, সেই কমিটির সিদ্ধান্ত ছিল যে, না, প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানো হবে না। ১৯৬৩ সালে হঠাৎ করে ইংরাজি চালু হল।

**মিঃ চেয়ারম্যান ঃ** কাশেম সাহেব, আপনি বসুন। আমাদের হাউসের এখন বিরতি। আমরা আবার ৫.৩০ মিনিটে মিলিত হব।

(At this stage the House was adjourned till 5.30 p.m.)

**(After recess)**

[5-30 — 5-40 p.m.]

**শ্রী মুস্তাফা বিন কাশেম ঃ** মাননীয় চেয়ারম্যান আবার বলতে দেবার সুযোগ করে দেবার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি যেটা মাননীয় সদস্যদের মনে করিয়ে দিতে চাই সেটা হচ্ছে যে, অনেক চিন্তা ভাবনা করে একটা নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি নিয়ে এই সরকার ১৯৮৯ সালে এই সিদ্ধান্ত নিয়েছিল। তার আগে কমিশনের রিপোর্ট সামনে এনে যেটা বারেবারে বলা হয়েছে সরকারের এই ব্যাপারে বিশেষ দৃষ্টিভঙ্গি ছিল ক্ষমতায় আসার পরে প্রথম যে করণীয় কাজ ছিল সেই হিসাবে। তার আগে কংগ্রেস সরকার জগতকে ধ্বংস স্তূপে পরিণত করে রেখেছিল। সেই একটার পর একটা জঞ্জালকে সরিয়ে ধাপে ধাপে যথাযথ ব্যবস্থা নিয়ে শিক্ষা ক্ষেত্রে একটা সুস্থ পরিবেশ ফিরিয়ে আনার জন্যে চেষ্টা করেছে। আর দ্বিতীয় পদক্ষেপ হচ্ছে শিক্ষাকে জনমুখী করে মুষ্টিমেয়র মধ্যে সীমিত না করে, তার বিকাশ ঘটিয়ে সব ঘরের ছেলে মেয়েদের মধ্যে শিক্ষা পৌছতে পারে তার ব্যবস্থা করার। আমাদের সংবিধানে সাংবিধানিক নিয়ম ছিল যে সংবিধান চালু হবার ১০ বছরের মধ্যে প্রাথমিক শিক্ষা নয়, এলিমেন্টারি এডুকেশনকে সর্বজনীন করতে হবে। সেটা সংবিধানের পাতাতেই থেকেছে, রাজনৈতিক সদিচ্ছার অভাবে আমাদের ভারতবর্ষ জুড়ে সংবিধানের ওই নির্দেশ পালন করা হয়নি। আমাদের সরকার ক্ষমতায় এসে অন্তত আমাদের রাজ্যে নানা প্রতিকূলতার মধ্যে থেকেও সংবিধানের পাতার থেকে বিশেষ রূপ দেবার প্রয়াশে জনমুখী করে। সেখানে অনেক ব্যবস্থার মধ্যে এই চিন্তা ভাবনা নিশ্চিতভাবে কাজ করছে যে, যে সমস্ত ঘরের ছেলে মেয়েরা স্কুলে আসার

ক্ষেত্রে ভাবতে হত, পারত না এবং তাদের অভিভাবকেরা দারিদ্রতার বঞ্চনায় দিনের পর দিন থাকত, আজকে তাদের ছেলে মেয়েকে স্কুলে টেনে এনে শুধু নয়, টেনে এনে যতদিন পড়তে চায় পড়ানোর ব্যবস্থা করা হয়েছে। স্কুল ছুটের যে হার ছিল, সেটা কমানোর ব্যবস্থা করা হয়েছে। এটা ৮৯ সালের কথা নয়, তার আগের দশকের কথা ভাবুন। পশ্চিমবঙ্গ সরকার এই পরিবর্তিত অবস্থার মধ্যে থেকে যে সিদ্ধান্ত গ্রহণ করেছে, সেখানে একটা পশ্চাদপদ অংশের মানুষের ছেলে মেয়েদের পড়তে পাঠানোর কথা যেখানে ভাবা যেত না, সেটা করার ব্যবস্থা করা গেছে। সেই অবস্থার কথা চিন্তা করে সেখানে দ্বিতীয় ভাষাকে শিক্ষায় চাপিয়ে দিয়ে তাদের মধ্যে একটা ভীতির সঞ্চার না করে, তাদেরকে নিরুৎসাহিত না করে এবং স্কুল ছুটের বেশি না হয় সেই দৃষ্টিভঙ্গি সামনে রেখে এই ব্যবস্থা করা হয়েছিল। তারপরে আপনারা অনেকেই বলেছেন যে এই কমিশন করার দরকার ছিল না, তাহলে জাতীয় স্তরে যে কোন সমস্ত বিভিন্ন রাজ্যে গঠিত হয়েছে এবং আমাদের রাজ্যে, তার কোনও মূল্য নেই? এইসব কমিশন যে কাজকর্ম করেছে তাদের মতামত নিয়ে, আলাপ-আলোচনা করেই এটা করা হয়েছে। কোনও একটা কমিশনও আমাদের এই সিদ্ধান্তকে সমালোচনা করল না আর আপনাদের মাথাতেই যত প্রশ্ন এল। ভারতবর্ষ স্বাধীন হবার পর থেকে আজ পর্যন্ত যতগুলো কমিশন হয়েছে জাতীয় স্তরে এবং রাজ্যে কাজ করেছে এই ব্যাপারে, তার কোনও কমিশনের রিপোর্টে এইকথা আসে নি। কোঠারি কমিশন বলুন বা অন্য যে কোনও কমিশনে বড় বড় শ্রদ্ধেয় ব্যক্তি এবং পন্ডিত মানুষেরা কাজ করেছেন এবং অনেক কমিশনের সঙ্গে আমরা আলাপ-আলোচনাও করেছি। পরবর্তীকালে ১৯৬৯ সালে ডঃ ত্রিগুনা সেনের নেতৃত্বে আমাদের পার্লামেন্টের কয়েকজন সদস্যকে নিয়ে কমিটি হয়েছিল, শেষ পর্যন্ত তারাও বলেছিলেন না। কোন দিক থেকে কোথা থেকে আপনারা সূত্র নেবেন? কোথা থেকে উৎসাহ পাবেন? সুতরাং সবটা সামনে রেখে, এই দৃষ্টিভঙ্গি রেখে প্রাথমিক স্তর থেকে যাতে ইংরাজি না পড়ানো যায়, যারা সমালোচনা করেন, এটা আমার কথা নয়, কোনও নূতন কথা নয়, বাইরে যারা থাকেন তারা এটা বলার চেষ্টা করেন বেশিরভাগ এটা সৎভাবে বলেন না যেন বামফ্রন্ট সরকার স্কুল থেকে ইংরাজি তুলে দিয়েছে। ইংরাজি পড়ানোটা বন্ধ করে দিয়েছে। কিন্তু ৭ বছর বাধ্যতামূলকভাবে যে ইংরাজি শিক্ষা ৮১ সাল থেকে আমাদের বিদ্যালয়ে চলছে এটাকে পারলে চেপে যেতে চান, বলতে চান না মানুষের সামনে। যেন প্রাথমিকে ইংরাজি গুরুত্বকে অস্বীকার করিনা। ৮১ সালে প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানো হবে না এই সিদ্ধান্তটার মানে কি, তার কি

এইটা অর্থ বামফ্রন্ট সরকারের আমলে ইংরাজির যে গুরুত্ব আছে আমাদের সমাজে, আমাদের ব্যবহারিক জীবনে তা অস্বীকৃত হয়েছে ক্লাস সিক্স থেকে বাধ্যতামূলক ভাবে ইংরাজি পড়ানো টেন পর্যন্ত। হায়ার সেকেন্ডারি স্তরে ইলেভেন এবং টুয়েলভে। এটা সবাই জানেন, আমি একটা কথা বলার চেষ্টা করছি, অনেকে বলেন যে আজকে আপনারা দ্বিতীয় শ্রেণী থেকে ইংরাজি পড়াবার ব্যবস্থা করছেন, কিন্তু এই যে কয়েকটি বছর আমাদের চলে গেল, আমাদের রাজ্যে তা অন্য রাজ্য থেকে পিছিয়ে গেল। অনুগ্রহ করে শুনবেন, ৯২ সালের হিসাব হচ্ছে, তামিলনাড়ুতে ১০ বছরে বাধ্যতামূলক ইংরাজি পড়ানো হয়। আর হিমাচলপ্রদেশে ৯ বছর ক্লাস ফোর থেকে ক্লাস টুয়েলভ পর্যন্ত, তামিলনাড়ুতে ক্লাস থ্রি থেকে ক্লাস টুয়েলভ, আর ৮১ সালের পরে আমাদের পশ্চিমবাংলায় ৮ বছরে ইংরাজি পড়ানো হয়। ৯২ সালের পর থেকে ক্লাস ফাইভ থেকে ইংরাজি চালু করার পরে, তার আগের থেকে ৭ বছর আর অন্যান্য রাজ্যে মহারাষ্ট্র মধ্যপ্রদেশে ৮ বছর পশ্চিমবাংলায় ৮ বছর চলছিল তাহলে কোন রাজ্যে থেকে বাধ্যতামূলক ইংরাজি পড়ানোর ব্যবস্থা আছে? এই সমস্ত রাজ্যে তামিলনাড়ু ছাড়া ৮ বছর শুধু হিমাচলপ্রদেশ, সব রাজ্য থেকে পশ্চিমবাংলা তাহলে পিছিয়ে গেল? কোন যুক্তিতে এটা প্রতিষ্ঠিত করলেন? এটা আপনারা বুঝতে পারেন, আমি বুঝতে পারিনা। যাইহোক না কেন, এই কনটেক্সে এটা করা হয়েছে। তার ফলও ফলেছে ২১, ২২ বছর পরে, এটা অস্বীকার করে লাভ নেই। শিক্ষায় একেবারে এনরোলমেন্ট যেটা স্কুলে আনার ব্যাপার, সেখানে অগ্রগতি ১০৪ শতাংশ। সেখানে এজ আন্ডার স্টুডেন্ট ধরে নিয়ে সেখানে এনরোলমেন্ট আমাদের পশ্চিমবাংলায় ড্রপ আউট রেট ক্লাস ওয়ানকে বাদ দিয়ে ক্লাস টু থেকে যদি ধরা হয় তাহলে আমাদের রাজ্যে ড্রপ আউট রেট ক্রমশ কমছে। তার হিসাব এখানে বারবার উঠেছে। যাইহোক না কেন, মাননীয় চেয়ারম্যান স্যার, যে কথাটা বলি, এইভাবে সমালোচনা যে হচ্ছে পিছিয়ে গিয়েছি, এই পিছিয়ে যাওয়া কোন দিকে, প্রাথমিকে ইংরাজি তুলে দেওয়ায় প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানো হচ্ছে না বলে পিছিয়ে আছি, এটা যুক্তিতে খাটে না। এখানে পবিত্র সরকার তাঁর রিপোর্টে যে সুপারিশগুলি করেছেন, বিরোধী দলের মাননীয় সদস্য অধ্যাপক সঞ্জীব দাস বলার সময় বললেন যে তিনি নিজের কোনও বক্তব্য দাঁড় করালেন না। বন্ধুবর সঞ্জীব দাস চ্যাপ্টার সেভেনের রিপোর্টে যে অবজারভেশন দিয়েছে, এবং মতামত ও সুপারিশগুলি করেছে, সেখানে যে কথাগুলি বলেছেন যে আগের চ্যাপ্টারে আমরা যা উল্লেখ করেছি - তার থেকে করা আছে - আমরা বিভিন্ন কথা বলেছি

এবং এটা আমরা সুপারিশ করছি। তার থেকে আপনারা অনেক বৈপরীত্ব খোঁজার চেষ্টা করবেন! আমি যে সুপারিশ করছি কমিটির প্রধান হিসাবে, সেই সুপারিশ আমি এই চ্যাপ্টারে বলতে চাই সেখানে তিনি যে যুক্তি রেখেছেন এটা ঠিকই আজকে পশ্চিমবাংলায় বাস্তব অবস্থার পরিবর্তন হয়েছে। শিক্ষার ভাষা যে সমস্ত যুক্তি হিসাব-নিকাশ যদি এর মধ্যে আনতেই হয়, সেই ধরণের সিদ্ধান্ত গ্রহণ করতে গেলে বাস্তব অবস্থা যা তা বলতে চাই, সরকারীভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে গেলে নিশ্চিতভাবে হিসাব-নিকাশ করতে হবে এবং ২০/২১ বছর ধরে আমাদের গ্রামবাংলার মানুষের অবস্থা, আর্থ সামাজিক অবস্থার পরিবর্তন এর সঙ্গে সঙ্গে আকাঙ্খা চাহিদার যে পরিবর্তন ঘটেছে সেটাও বিচার বিবেচনার মধ্যে আনতে হবে। এবং সেখানে নিশ্চিতভাবে ইতিবাচক পরিবর্তন ঘটেছে। আজকে বামফ্রন্ট সরকার কতগুলো পদক্ষেপের মধ্যে দিয়ে এর পরিবর্তন ঘটিয়েছেন। এটা বাস্তব ভূমিসংস্কার, ভূমিহীনদের মধ্যে পাট্টা বিতরণ, শ্রমিকদের মজুরি বৃদ্ধি, এই সমস্ত করার ফলে মানুষের অর্থনৈতিক ক্ষমতা, বিশেষ করে গ্রাম এলাকার অগ্রগতি হয়েছে এবং তার ফলে তারা ছেলেমেয়েদের স্কুলে পাঠাতে পারছেন। ফলে মধ্যবিত্ত মানুষের সংখ্যা বাড়ছে। গ্রাম এবং শহরে এই উন্নয়নের জোয়ার লাগার ফলে এই সমস্ত মানুষদের ইংরাজি শেখার একটা আগ্রহ রয়েছে। যাদের কথা রিপোর্টে বলা হয়েছে রিকসা ভ্যানওয়ালা অনেকে ওদের কথা শুনে হাঁসলেন - মধ্যবিত্ত হতে চাইছেন। এই মানসিক পরিবর্তনের আকাঙ্খায় তারা আজকে ইংরাজি শিখতে চাইছেন। আজকে বিশ্বায়ন এবং উদারিকরণের সুফল হচ্ছে আজকে নতুন নতুন প্রযুক্তি আসছে, নতুন তথ্য আসছে এবং এই সমস্ত তথ্য জেনে শ্রমিক কর্মচারিদের মধ্যে ইংরাজির প্রতি একটা চাহিদা বাড়ছে। আজকে বাস্তব অবস্থার কথা মনে রেখে সরকার যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তাকে আরেকবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 — 5-50 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, পবিত্র সরকারের যে রিপোর্ট, সেই রিপোর্ট গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রী যে রিপোর্ট পেশ করেছেন তার উপরে সৌগত রায় মহাশয় যে আলোচনার দাবি করেছেন, সেই প্রসঙ্গে বলতে গিয়ে সর্বপ্রথমে আমি বলতে চাই, ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে এই সরকার মনে করেছিল একটা কিছু বৈপ্লবিক কাজ আমাদের করতে হবে। সেই বৈপ্লবিক

কাজ করলে সেটা কল্যাণ করবে না অ-কল্যাণ করবে সেটা তারা ভেবে দেখলেন না। হঠাৎ একটা সিদ্ধান্ত নিলেন এবং সেই সিদ্ধান্তকে কঠোরভাবে বলবৎ করার চেষ্টা করলেন। ফলটা হল ছাত্র সমাজের জীবন থেকে কুড়িটি বছর তারা কেড়ে নিলেন। এখন গণ আন্দোলনের দাবিতে এবং ছাত্র-সমাজের দাবিতে এবং মানুষের দাবিতে আবার সিদ্ধান্ত ঘোষণা করলেন। যে সিদ্ধান্ত নেবার কথা ঘোষণা করলেন সেই সিদ্ধান্তকে বাস্তবিক বলে আমি মনে করছি না। কেন ক্লাস ওয়ান থেকে তারা ইংরাজি শিখবে না, কেন দ্বিতীয় শ্রেণী থেকে ছবি দেখে শিখবে এবং তৃতীয় শ্রেণী থেকে ইংরাজি পড়বে? আমরা এটা সরাসরি ক্লাস ওয়ান থেকে করার দাবি জানাচ্ছি। পবিত্র সরকারের রিপোর্টের ফলেই যে এটা এরা করেছেন তা আমি মনে করি না, এটা সি.পি.এম. পার্টির অন্তর্দ্বন্দের প্রতিফলন। এই রিপোর্ট লেখা হয়েছে আলিমুদ্দিনের ডিরেকশনে। পবিত্র সরকার নিজে লিখেছেন আমি কতগুলো স্কুল পরিদর্শন করেছি, ছাত্র সমাজের সঙ্গে কথা বলেছি, ইত্যাদি। আজকে ব্যাপারটা হচ্ছে বিমান বসু এবং তার পাল্টা গ্রুপ-এর লড়াইয়ের জন্যই এই পাশ ফেল প্রথা তুলে দেওয়া হচ্ছে। অশোক মিত্র কমিশন যে রিপোর্ট দিয়েছিল তার লাস্ট পাতায় একটা প্যারায় ছিল। তাতে বলা ছিল, To prevent the proliferation of bogus English Medium Institutions, the State Government may insist on compulsory registration of such schools পেরেছেন করতে? এটা ছিল অশোক মিত্র কমিশনের রিপোর্টের শেষ ডাইরেকটিভস। আপনারা সেটা মানলেন না, দেখা গেল এই রাজ্যের প্রত্যন্ত গ্রামের মধ্যেও একটা ছোট ঘর নিয়েও ইংরাজি মিডিয়াম স্কুল চালু হয়েছে। কিন্তু মানুষের মধ্যে প্রবণতা ছিল শিশুকাল থেকেই ছেলে-মেয়েদের ইংরাজি পড়াবেন। কোথাও কোথাও স্কুলগুলো লুকিয়ে ইংরাজি শিক্ষার চেষ্টা করেছিল। কিন্তু তারা যাতে সরকারি সাহায্য না পায়, সরকারি অনুমোদন পর্যন্ত না পায়, সেইজন্য ডি.আইরা হেডমাস্টার, হেড মিস্ট্রেসদের ডেকে ধমক দিয়েছে এটা কার্যকর করতে হবে। আজকে আমরা দেখতে পাচ্ছি, শুধু প্রাথমিক নয়, গোটা শিক্ষা ব্যবস্থাটাকেই পলিটিকালাইজড করে দিয়েছেন। আলিমুদ্দিন স্ট্রিটের নির্দেশে চলছে। শিক্ষক নিয়োগের জন্য করেছেন সার্ভিস কমিশন। এটাও হয়েছে আলিমুদ্দিন স্ট্রিটের নির্দেশে। গোটা শিক্ষা ব্যবস্থার মধ্যে রাজনৈতিক অনুপ্রবেশ ঘটিয়ে বাংলার ছাত্র সমাজের কাছ থেকে ২০টি বছর আপনারা কেড়ে নিয়েছেন। পাশ ফেল প্রথা যদি মা থাকে, তাহলে মেধার বিকাশ হয় না। এটা চালু করুন। এবারে সমস্ত লজ্জা ঝেড়ে ফেলে আবার ক্লাস - ওয়ান থেকে ইংরাজি শিক্ষার ব্যবস্থা চালু করুন। এই কটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী সুধীর ভট্টাচার্য্য ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, রাজ্যের শিক্ষা মন্ত্রক 'পবিত্র সরকার কমিশন' যেটা বসিয়েছিলেন, নামে পবিত্র হলেও তাঁর রিপোর্টটা বাংলার অভিভাবক ও ছাত্রসমাজের কাছে তাকে অপবিত্র করেছে। আজকে এই কথা আপনাকে বলতে বাধ্য হচ্ছি, দক্ষিণ ২৪ পরগণার যে কটা স্কুলে উনি গিয়েছিলেন, সেইগুলো কলকাতা সংলগ্ন সোনারপুর, গড়িয়া, রাজাপুরের মধ্যেই সীমাবদ্ধ। কোনও দূরবর্তী স্কুলে যে গিয়েছেন তার নজির নেই। কলকাতার পাশ্ববর্তী কয়েকটি স্কুলে গিয়ে এই রিপোর্ট তৈরি করা হয়েছে। ৭৭ সালে ক্ষমতায় আসার পর সি.পি.এম. পরিচালিত বামফ্রন্ট সরকার রাইটার্স বিল্ডিংয়ে বসে বলেছিল, আমরা শ্রমজীবি মানুষের দিকে লক্ষ্য রাখব। কিন্তু ওনারা যেদিকেই তাকিয়েছেন, তাই শেষ করে দিয়েছেন। যে রবীন্দ্রনাথকে তারা একদিন বুর্জোয়া বলতেন, তিনিই একদিন হঠাৎ ভালো হয়ে গেলেন তাদেরই কাছে। বললেন, মাতৃভাষা মাতৃদুগ্ধ সম। ইংরাজি তুলে দিয়ে আবার তা নিয়ে এলেন - ২২ বছর পর। দেখলেন ভোট কমে যাচ্ছে তাই সুকৌশলী মুখ্যমন্ত্রী এবং তার দোসর দুর্যোধন, দুঃশাসনরা এটা আনতে চাইলেন। হাতের কাছে ছিল খুড়োর কল - পবিত্র সরকার, তাকে বসিয়ে দিয়ে এটা করা হল সুকৌশলে। আজকে যদি উচ্চ শিক্ষা মন্ত্রীকে বাংলার যুবকরা বলে - আমাদের ২২টি বছর ফিরিয়ে দিন - তাহলে তিনি কি বলবেন? তাদের সমস্ত দিক থেকে আপনারা বঞ্চিত করেছেন। তাদের শিক্ষার বিরুদ্ধে বললেন। তাদের সমস্ত দিক থেকে বঞ্চিত করেছেন। আপনারা স্বীকার করলেন। সেই আমার মনসামঙ্গল। সেই চাঁদ সদাগর পূজো দিয়েছিলেন মা মনসাকে। আজকে লোকের চাপে পড়ে, সাধারণ মানুষের চাপে পড়ে পূজো দিলেন কিন্তু সেই বাঁ হাতে পূজো দিলেন। আজকে মাননীয় শিক্ষামন্ত্রী বলুন আপনিও তো একজন শিক্ষক। আজকে এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে আমার বলতে লজ্জা হয়, আজকে একজন শিক্ষক, গ্রামাঞ্চলে মাস্টারি করে, আজকে আপনি বলুন যে আমিও একজন শিক্ষক, আমি বাইরে কোনও পরিচয় দিতে পারি না। আজকে আপনারা যুবকদের শেষ করেছেন। আজকে আপনার অন্তত উচিত ছিল পদত্যাগ করা। আজকে মুখ্যমন্ত্রী অত্যন্ত সুকৌশলী। কৌশলে তিনি এইভাবে বামফ্রন্টের জমানায় আছে। বলুন কাদের ছেলে বাংলা স্কুলে পড়ে? আপনাদের ছেলে কিন্ডারগার্টেন স্কুলে পড়ে, সব ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে। আমি আর আমার বক্তব্য দীর্ঘ করব না। আমার সংক্ষিপ্ত সময়। একটা কথা বলে যাই। আমাদের দাবি, আমাদের দলের দাবি প্রাথমিক স্তর থেকে ইংরাজি শেখাতে হবে। আসুন লজ্জার কিছু নেই। প্রাথমিক স্তর থেকে ইংরাজি শেখান। আমি আপনাদের

বলছি পার্টির তরফ থেকে, আপনাদের সমালোচনা করব না। আপনারা চলে আসুন। ভুল তো আপনারা সারা জীবন করেছেন। আপনারা রবীন্দ্রনাথকে বুঝতে ভুল করেছেন, সুভাষচন্দ্রকে বুঝতে ভুল করেছেন। আপনারা বলেছিলেন, ভারত চিন আক্রমণ করেছে। আপনারা সেই ভুল করেছিলেন। ২০ বছর পরে বললেন যে আমাদের ভুল হয়েছে। আপনারা একটু লেটে বোঝেন, তাই দেরিতে বুঝেছেন। বাংলার মানুষের স্বার্থে, শ্রমজীবি মানুষের স্বার্থে প্রাথমিক স্বার্থে প্রাথমিক স্তর থেকে ইংরাজি শেখান।

[5-50 — 6-00 p.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমি সরকারের পক্ষ থেকে, পবিত্র সরকার কমিশনের প্রতিবেদনের উপর ভিত্তি করে, তার সুপারিশ অনুযায়ী যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেই সিদ্ধান্তকে সম্পূর্নভাবে সমর্থন করছি এবং সেই সমর্থনের সাথে যাতে গোটা বিধানসভার মাননীয় সদস্যগণ সহমত পোষণ করেন সেই আবেদন রেখে আমি কয়েকটা কথা উল্লেখ করতে চাই। আমি প্রথমে স্মরণ করছি এখন থেকে ৯৭ বছর আগে ঠিক এই ২৩শে ডিসেম্বর তারিখে গুরুদেব রবীন্দ্রনাথ, তিনি বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় স্থাপন করেছিলেন, তাঁর সেই বিশিষ্ট দিনে ২৩শে ডিসেম্বর তারিখে আমরাও এই বিধানসভায় আলোচনা করছি এই নিয়ে যে ইংরাজি কোন শ্রেণীতে প্রবর্তন করা হবে কি হবে না এই বিষয়টা নিয়ে। এখানে যাঁরা অভিজ্ঞ সদস্য আছেন তাঁদের কাছে বিনীতভাবে আমি নিবেদন করতে চাই যে স্বাধীন ভারতে এর আগে কখনও এ ধরণের ঘটনা ঘটে নি কোনও বিধানসভায় বা কেন্দ্রে। কোন শ্রেণীতে ইংরাজি প্রবর্তন করা হবে বরাবর পরিবর্তন হয়েছে বিভিন্ন রাজ্যে। এই পরিবর্তন হয়েছে কোথাও বিশেযজ্ঞ কমিটির সুপারিশ অনুসারে কোথাও সরকারি প্রশাসনের সিদ্ধান্তের উপর ভিত্তি করে কিন্তু কখনও আইনসভায় বিষয়টা নিয়ে আলোচনা হয় নি। এতে আমরা ক্ষুব্ধ নই। বাংলার মানুষের শিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধি পেয়েছে এবং তার প্রতিফলন বিভিন্ন জায়গায় হয়েছে। এটা নিশ্চয়ই আনন্দের বিষয়, অভিনন্দনযোগ্য। শুধু আমি বিনীতভাবে নিবেদন করতে চাই আমাদের বিরোধীপক্ষের, কংগ্রেস এবং এস.ইউ.সি. এবং তৃণমূল কংগ্রেসের মাননীয় সদস্যদের কাছে যে আপনার শিক্ষা সম্পর্কে বক্তব্য রেখেছেন, একটা কথাই আপনারা বলতে চেয়েছেন শিক্ষার প্রতি আপনাদের সীমাহীন আগ্রহ। আপনারা বাংলাকে শিক্ষার ক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে চান। সেজন্য বিভিন্ন সুপারিশ, বিভিন্ন সমালোচনা আপনারা

করতে চেয়েছেন। আমি আপনাদের সামনে কয়েকটি বিষয় হাজির করতে চাই। গত ২৪ তারিখে বর্তমান প্রধানমন্ত্রী লোকসভায় দাঁড়িয়ে বলেছেন, ভারতবর্ষে প্রাথমিক বিদ্যালয়ে ১১ কোটি শিশু পড়াশোনা করে। এবং সেই বয়সের ৩ কোটি শিশু প্রাথমিক বিদ্যালয়ে আসা থেকে বঞ্চিত হচ্ছে স্বাধীনতার ৫১ বছর পরেও। প্রাথমিক শিক্ষা সম্পর্কে যদি কোথাও উৎকণ্ঠা প্রকাশ করতে হয় তো সেটা এখানে। আমাদের ১৩ কোটি শিশু বিদ্যালয়ে আসে, এটা আমাদের বর্তমান প্রধানমন্ত্রীর কথা, আমার কথা নয়, তিনি বলেছেন, সারা বিশ্বের ১৬ শতাংশ ৬ থেকে ১১ বছর বয়সের শিশু বাস করে আমাদের ভারতবর্ষে। শিশুর বিদ্যালয়ে আসার কথা - এই রকম শিশু বাস করে ভারতবর্ষে ২২ পারসেন্ট। সীমাহীন ব্যাথা বেদনা আমাদের মনে। আমরা এ কথা জানি ১৯৪৭ সালে - আমাদের ভারত স্বাধীনতা লাভ করে - তখন যে জনগনণা হয় তখন আমাদের খন্ডিত ভারতবর্ষের নিরক্ষর মানুষের সংখ্যা ছিল ২৫ কোটি, আর আজকে স্বাধীনতার এত দিন পরেও তার সংখ্যা ৪৫ কোটি যদি দুঃখ বেদনা প্রকাস করতে হয় তাহলে সেই দুঃখের কারণ এখানে। ইংরাজির গুরুত্ব সারা বিশ্বে আছে, এ কথা আমরা অস্বীকার করি না। আমরা ইংরাজি সম্পর্কে বিভিন্ন সময়ের সরকারী বেসরকারী মতামত থেকে সিদ্ধান্ত নিয়েছি। আমরা ইংরাজির গুরুত্ব কমাতে চাই না, কিন্তু কোন শ্রেণী থেকে কি ভাবে ইংরাজি পড়ানো হবে, কোন পদ্ধতিতে পড়ানো হবে? বিরোধীরা বলার চেষ্টা করেছেন যে, আমরা ইংরাজিকে অস্বীকার করতে চাই। আমি এই প্রসঙ্গে এখানে ১৯৫১ সালের ইন্টার ন্যাশানাল এডুকেশনাল ইয়ার বুক থেকে বলছি - ১৯৫১ সালে সারা বিশ্বে যত নিরক্ষর মানুষ ছিল তার ২৯ শতাংশ হচ্ছে ভারতবর্ষে। আর ১৯৯৮ সালে সারা বিশ্বে ৩২.৮ শতাংশ ভারতবর্ষে। শিক্ষার প্রতি আগ্রহ এই কি তার পরিচয়? সীমাহীন সম্পদ থাকা সত্ত্বেও বিশ্বের কাছে ভারতবর্ষের পরিচয় সবচেয়ে নিরক্ষর মানুষের দেশ। নিরক্ষর মানুষের হার ভারতবর্ষে বৃদ্ধি পাচ্ছে। শিক্ষা সম্পর্কে আলোচনায় আপনারা কার্যকর অংশ নেবেন। আমি পশ্চিমবঙ্গের কথা বলছি ১৯৫১ সালে যে আদমসুমারি হয়েছে তাতে কেরালার পরেই পশ্চিমবঙ্গের স্থান ছিল। তারপর আপনারা যখন পশ্চিমবঙ্গে শাসন ক্ষমতায় ছিলেন তখন পশ্চিমবঙ্গের স্থান ছিল ১৭ নম্বরে। তার মানে ১৬টি রাজ্যের পরে আমাদের স্থান, এটা কার অপরাধে হয়েছিল? শিক্ষা সম্পর্কে যখন কথা বলবেন তখন আপনাদের কৃত পাপের কথা ভাবা উচিত। আরেকটা বিষয়ে আমি বলব, মাননীয় সদস্য সৌগতবাবু আমার পর বলবেন। ওয়ার্ল্ড ইয়ার বুকের পেজ নং ১০০ সেখানে বলছে আপনাদের আমলের কথা,

সারা বিশ্বে ১৭৫টি দেশে শিক্ষার জন্য যত সরকারি ব্যয় হয় - কেন্দ্র রাজ্য সরকার মিলিয়ে তার ০.৮ শতাংশ ব্যয় হয় ভারতবর্ষে। বিশ্বের একের তিন অংশ মানুষ যে দেশে বাস করে । এই সীমাহীন অন্যায় শিক্ষার প্রতি উপেক্ষা করা দেখিয়েছেন? আর আপনারা এখানে শিক্ষা নিয়ে কথা বলছেন আর দরদের পরিচয় দেখাতে চাইছেন আপনারা ইংরাজির কথা বলছেন। প্রথম শ্রেণী থেকে ইংরাজি চালু করতে চাইছেন। এই আপনাদের দ্বারাই শিক্ষা নীতি তৈরি হয়েছিল। তার অধীনে যে প্রোগ্রাম অব অ্যাকশন ১৯৯১/৯২ সালে হয়েছিল তাতে কি বলা হয়েছিল? তাতে বলা হয়েছিল, প্রাথমিক স্তরে দ্বিতীয় ভাষা পড়ানো উচিত নয়। আর, আজকে আপনারা এই কথা বলছেন। আপনারা ওড়িষ্যা ও মধ্যপ্রদেশে ক্ষমতায় আছেন। সেখানে যথাক্রমে চতুর্থ ও ষষ্ঠ শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হয়। মহারাষ্ট্রে পঞ্চম শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হয়। গুজরাটে পঞ্চম শ্রেণী থেকে ঐচ্ছিক হিসাবে ইংরাজি পড়ানো হয়। আমরা ইংরাজির উপর বরাবর গুরুত্ব দিয়েছি, দিচ্ছি এবং দিতে চাই। কিন্তু কোন পদ্ধতিতে, কোন শ্রেণী থেকে এটা পড়ালে ছাত্র-ছাত্রীদের দখল বৃদ্ধি পাবে আমাদের নজর সেই দিকেও রয়েছে। এখানে মাননীয় সদস্য তাপসবাবু 'নো ডিটেশন' সম্বন্ধে বলতে গিয়ে বলেছেন, 'এটা কার মাথা থেকে এসেছে', ইত্যাদি। আমি ওনাকে জানাতে চাই যে, সমস্ত শিক্ষাবিদ রাই এই 'নো ডিটেশন'-এর স্বপক্ষে বলেছেন। এটা সারা বিশ্বে চালু আছে। পৃথিবীর এমন কোনও দেশ নেই যেখানে নো ডিটেশন পলিসি চালু নেই। প্রাথমিকস্তরে একটা ছাত্রকে কখনও দু-বছর আটকে রাখা যায় না - এটা বিশ্বের সমস্ত শিক্ষাবিদদের অভিমত। তাই এটা আপনাদের কাছে হাজির করেছি।

[6-00 — 6-10 p.m.]

আপনারা এখানে আরেকটা কথা বলেছেন, 'কেন কমিশন নিয়োগ করা হল' ইত্যাদি। ভারতবর্য স্বাধীনতা লাভ করার পর অনেকগুলো কমিশন হয়েছে। এখনও পর্যন্ত প্রায় এইট্টি থ্রি কমিশনস হ্যাভ বিন সেট আপ বাই দি গভর্নমেন্ট অব ইন্ডিয়া। নানা রকম পরিবর্তন করতে হয়েছে বলে কমিশন বসেছে। আর, এখানে এস.ইউ.সি. সদস্য বললেন, কমিশন বসানোর দরকার নেই। কিন্তু আমরা মনে করি, শিক্ষা একটা চলমান, নিয়ত পরিবর্তনশীল বিষয়। এবং এই পরিবর্তনশীল সমাজের সঙ্গে সঙ্গতি রেখেই শিক্ষার বিষয় ও পদ্ধতি পরিবর্তন দরকার। চলমান সমাজে কখনও একই রকম শিক্ষা পদ্ধতি থাকতে পারে না। বর্তমান গতিশীল সমাজে কম্পিউটার

এসেছে, ই-মেল এসেছে। তথ্য প্রযুক্তির অগ্রগতির ফলে নানা নতুন নতুন বিষয় আসছে শিল্পায়ন হচ্ছে। বিশ্ব আজকে ছোট হয়ে যাচ্ছে। বিশ্বায়নের যুগে আজকে শিক্ষার মানকে সেইভাবে নির্ধারণ করতে হবে। তাই তো বারেবারে পর্যলোচনা করতে হয় এবং সেই জন্য এক্ষেত্রে তিনটে কমিশন কমিটির মতামত নেওয়া হয়েছে। এবং তিন বছর পরে আবার কমিশন, কমিটি বসাতে হবে, তাদের পরামর্শ নিতে হবে। যেমন, দেখুন এগারো শ্রেণী উচ্চ-মাধ্যমিক চালু হয়েছিল, কয়েক বছর পরে দ্বাদশ শ্রেণী তার সঙ্গে যুক্ত হল। আবার, তিন বছরের স্নাতক কোর্স একবার চালু করা হলেও পরে সেটা দু-বছর হয়ে গেল। কাজেই এর মধ্যে দিয়ে শিক্ষার ব্যাপারে সর্বদাই একটা পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। শিক্ষার ব্যাপারে সব সময়েই পরীক্ষা নিরীক্ষা করতে হয় এবং তার ভেতর দিয়েই সঠিক সিদ্ধান্তে উপনীত হতে হয়। আমি ১৯৮১ থেকে ১৯৮৮ সালের কথা বলছি, সুধীরবাবু বললেন, ছাত্রছাত্রীদের সর্বনাশ হয়ে গেল। আমি ওনাকে বলছি, আপনি অহেতুক চিন্তা করছেন, ছাত্র-ছাত্রীদের কোনও ক্ষতি হয়নি। আমরা ষষ্ঠ শ্রেণী থেকে ইংরাজি পড়ানোর কথা বলেছিলাম কিন্তু অশোক মিত্র কমিশনের সুপারিশ অনুযায়ী এটা পঞ্চম শ্রেণী থেকে করা হয়। কিন্তু এই সময়ের মধ্যে সর্বভারতীয় পরীক্ষায়, বিদেশে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বলে যাঁরা সুযোগ পেয়েছেন তাঁরা পশ্চিমবাংলা থেকেই গিয়েছেন। অর্থাৎ এই সময় পশ্চিমবাংলার ছাত্র-ছাত্রীদের শিক্ষার উপর দখল কমেনি। কোনও তথ্যই এটা বলেনি। নেট পরীক্ষা, সর্বভারতীয় পরীক্ষার যোগ্য পদে নিযুক্ত হওয়ার ক্ষেত্রে কোথাও পশ্চিমবাংলার ছেলেরা পিছিয়ে নেই। ষষ্ঠ শ্রেণী থেকে ইংরাজি পড়ানোর পরও না। আবার, কোনও কোনও পত্রিকা সমীক্ষার পর বলছে, শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্ররা ইংরাজিতে ভালো ফল করেছে কিন্তু তারা ইংরাজিতে বলা-কওয়ার ক্ষেত্রে কিছুটা খারাপ করেছে। এক্ষেত্রে আধুনিক নানা পদ্ধতির সাহায্য নিয়ে তাদের অসুবিধা দূর করার সুযোগ আছে। সেই ভাবে চেষ্টা করলে কয়েক মাসের মধ্যেই তাঁরা তাদের বাচনভঙ্গীর ক্ষেত্রে উন্নতি করতে পারবেন। কিন্তু ইংরাজি যথাসময়ে আমরা পড়ানো শুরু করেছিলাম দেখেই অন্যান্য বিষয়ের উপর গুরুত্ব দিতে পেরেছিলাম দেখেই, বিভিন্ন পত্র-পত্রিকার সমীক্ষাতে যে কথা প্রমানিত হয় যে, পশ্চিমবাংলার ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিষয়ে যে দক্ষতা, যে ব্যুৎপত্তি আছে সে অনেক উন্নত। কিন্তু বর্তমান অবস্থার বিচারে পবিত্র সরকার কমিটি যে সুপারিশ আমাদের করেছেন তা হল যে, তৃতীয় শ্রেণী থেকে আনুষ্ঠানিক ভাবে ইংরাজি পড়ানো হবে, আর দ্বিতীয় শ্রেণী থেকে ছেলেমেয়েদের ইংরাজি অক্ষর পরিচয়,

শব্দের পরিচয়, বিভিন্ন ছড়ার সাথে পরিচয় ঘটানো হবে। আমরা মনে করি, বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে এই সুপারিশ যথোচিত বিজ্ঞানসম্মত, যুক্তি নির্ভর। আপনাদের কাছে আমরা আবেদন করব যে শিক্ষা নিয়ে এখানে দলবাজির কোনও স্থান নেই। কোন শ্রেণী থেকে ইংরাজি চালু হবে, কি চালু হবে না তার সঙ্গে আদর্শগত সংঘাতের কোনও প্রশ্ন থাকতে পারে না। আমরা সবাই জানি যে আমরা পশ্চিমবাংলার উন্নতি চাই। সার্বিক অগ্রগমনং তাতে আমরা সবাই আগ্রহী। পবিত্র সরকার কমিটি একটা বিশেষজ্ঞ কমিটি হিসেবে দেশ-বিদেশের যে কোনও তথ্য, শিক্ষাবিদ, শিশু মনস্তাত্তিক যাঁরা তাঁদের মতামত, ভাষাতত্ত্ববিদদের মতামত নিয়েছেন। পশ্চিমবাংলায় গত দুই দশকে যে অগ্রগতি ঘটেছে সেই অগ্রগতির কথা বিবেচনার মধ্যে রেখে পবিত্র সরকার কমিটি যে সুপারিশ আমাদের কাছে রেখেছেন, আমরা সরকারের পক্ষ থেকে সেগুলো বিচার বিশ্লেষণ করেছি, বিভিন্ন ভাবে বিভিন্ন আঙ্গিক থেকে তাকে দেখবার চেষ্টা করেছি এবং আমরা মনে করছি এই সুপারিশ যথোচিত, এই সুপারিশ সম্পূর্ণ ভাবে সমর্থন যোগ্য। সেজন্য আমরা এই সিদ্ধান্ত অনুসারে সরকারের পক্ষ থেকে আমরা সিদ্ধান্ত নিয়েছি। সেজন্য আপনাদের কাছে আবেদন করব, বিধানসভায় বিভিন্ন কারণে তর্ক-বিতর্ক হতে পারে, বিরোধীতা হতে পারে, কিন্তু আমাদের পশ্চিমবাংলার যে সুনাম আছে শিক্ষার ক্ষেত্রে, যে সুনাম একসময় বিনষ্ঠ হয়েছিল সেই সুনাম আবার পুনরুদ্ধার হয়েছে সেই সুনামকে আমরা আবার রক্ষা করতে চাইছি। ভারতবর্যের সামনে আমরা নতুন দৃষ্টান্ত স্থাপন করতে চাই। সেজন্য বিরোধী পক্ষ ও বাংলার সমস্ত শিক্ষা পিপাসু, শিক্ষাব্রতী মানুষের কাছে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমি আবেদন জানাব যে, ঐক্যবদ্ধ ভাবে নতুন সিদ্ধান্ত বাংলার গ্রামে গ্রামে, শহরে শহরে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আন্তরিকতা নিয়ে যাতে কার্যকর করা যায়। জানি প্রয়োগ করার ক্ষেত্রে বাধা অনেক, আমার বিদ্যালয়ের পরিকাঠামোর ঘাটতি আছে, আমার শিক্ষক নিয়োগের ঘাটতি আছে। কিন্তু সমস্ত বাধা থাকা সত্বেও আন্তরিকতা ও নিষ্ঠার সাহায্যে বাংলার মানুষের আশীর্বাদ ধন্য হয়ে, রবীন্দ্রনাথের বাংলা, রামমোহনের বাংলা, বিদ্যাসাগরের বাংলা, সকলের সমর্থন পুষ্ট হয়ে এই কাজটা আমরা সম্পন্ন করতে চাই। সেজন্য সকল পক্ষের এই সিদ্ধান্তকে স্বাগত জানানোর জন্য সমর্থন জানানোর জন্য আবেদন জানিয়ে, আপনাদের ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মাননীয় সভাপতি মহাশয় ঃ** আলোচনার নির্ধারিত সময় ২ ঘন্টা শেষ হয়ে যাওয়ায় আরও ৩০ মিনিট সময় বাড়ানো হল।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, পবিত্র সরকারের এক সদস্যের কমিটির উপর যে আলোচনার সুত্রপাত আমি এখানে করেছিলাম, সেই বিতর্কে যারা অংশগ্রহণ করেছিলেন তাঁদের সকলকেই আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। এবং আমি অল্প সময়ের মধ্যে এই রিপোর্ট সম্পর্কে আমাদের যা বক্তব্য তা পেশ করার চেষ্টা করব। যদি এককথায় আমাকে বলা হত যে পবিত্র সরকারের কমিটির রিপোর্ট সম্পর্কে আপনাদের বা আপনার কি বক্তব্য তাহলে আমি সেই কথা বলতুম যা গান্ধীজি রিচ্ কমিশনের উপর বলেছিলেন, ইট ইজ্ এ পোস্ট ডেটেড্ চেক অন্ এ ক্র্যাশিং ব্যাঙ্ক। যে ব্যাঙ্ক ভেঙ্গে পড়ছে তাতে দিন পার হয়ে যাওয়া একটা চেক দিয়ে আপনারা এই পবিত্র সরকার কমিটির রিপোর্ট পেয়েছেন। প্রকৃতপক্ষে কান্তিবাবু ভেবে দেখবেন, বামফ্রন্ট সরকার এবং আপনি ব্যক্তিগত ভাবে পশ্চিমবাংলার অভিভাবক কুলের উপর যুদ্ধ ঘোষণা করেছেন। কি উদ্দেশ্যে তা আমি জানি না। অভিভাবকরা চায় যে ইংলিশ ক্লাস ওয়ান থেকে পড়ানো হোক, গরিবরা চায় এবং পবিত্রবাবু স্বীকার করেছেন যে যারা রিকসা চালায়, যারা ভ্যান চালায় তারাও তাদের বাচ্ছারা ইংরাজি ওয়ান থেকে পড়ুক। আর বামফ্রন্ট, বিশেষ করে সি.পি.এম. বিশেষ করে কান্তিবাবু চান না যে তারা ওয়ান থেকে ইংরাজি পড়ুক। এই যুদ্ধে পশ্চিমবাংলার অভিভাবককুল বনাম বামফ্রন্টের যুদ্ধে, বামফ্রন্ট পবিত্র সরকারকে শিখন্ডী হিসাবে দাঁড় করিয়ে লড়াই করছে। তাই আপনারা যে সিদ্ধান্ত নিজেরা পেশ করতেন ভেবেছেন, বাংলার এম.এ. বাংলা ছন্দে ডক্টরেট রবীন্দ্রভারতীর প্রাক্তন উপাচার্যকে দিয়ে ইংরাজিতে এই রিপোর্ট আপনারা পেশ করেছেন।

[6-10 — 6-20 p.m.]

রিপোর্ট কিসের ওপর, ইংলিশের ওপর। কাকে দিয়ে দেওয়া হচ্ছে, বাংলার ডক্টরেটকে দিয়ে। কোন ভাষায়, ইংরাজিতে। রিপোর্টের ব্যাপারে বলতে গিয়ে নতুন সদস্য সুজন চক্রবর্তী অনেক কমিশনের উল্লেখ করলেন। উনি নতুন সদস্য, উনি কমিশন আর কমিটির পার্থক্যটা এখনো জানেন না। হিমাংশু বিমল মজুমদারের কমিশন ছিল, কমিটি ছিল না। পবিত্র সরকারের কমিশন নয়, কমিটি। অশোক মিত্র কমিশন, কমিটি নয়। কমিশন আর কমিটি, দুটোর মধ্যে গুলিয়ে ফেলেছেন নতুন সদস্য সুজন চক্রবর্তী, তাঁকে দোষ দেওয়া যায় না। কিন্তু পবিত্র সরকার কমিটির রিপোর্টটা একটা আশ্চর্য ডকুমেন্ট - আমি প্রথম পাতা থেকে শেষ পর্যন্ত দশবার পড়েছি। রিপোর্টটা যা রিপোর্ট করছে আর ওঁর যে কনক্লুশন, দুটো একদম উল্টো এবং কেন

উনি যে অবজারভেশনে ফাইনালি এলেন তার কোনও তথ্যগত ভিত্তি নেই। তার কারণ হচ্ছে পবিত্র সরকার হ্যাড এ ব্রিফ—আমরা এটা চাই, তুমি এটাকে ইম্পলিমেন্ট কর। কেন চাই, কেন থ্রি, কেন টু নয়, কেন ওয়ান নয়, কেন ফোর নয়? এটা হচ্ছে কম্প্রোমাইস। সিপিএম-এর মধ্যে একটা অংশ জ্যোতিবাবুর নেতৃত্বে চান ক্লাস ওয়ান থেকে ইংরাজি চালু হোক। আর একটা অংশ বিমানবসুর নেতৃত্বে চান ক্লাস ফাইভ থেকে ইংরাজি চালু করা হোক। তাই কালকে অনশন করা হয়েছে। অর্থমন্ত্রীর মা বাইরে অনশন করছেন। ইংরাজি চলবেনা 'বাংলা ভাষা ও চেতনা সমিতি'। এর মধ্যে প্রগাঢ় অর্থ রয়েছে—সিপিএম-এর হেরে যাওয়া সাংসদ এবং অর্থমন্ত্রীর মা যখন বাইরে অনশন করেন ইংরাজির বিরুদ্ধে তখন তার মানে এই দাঁড়ায় যে, পার্টির যে লড়াইটা, সেটা সামাল দেবার জন্যই পবিত্রবাবুর ক্লাস থ্রি'র রিপোর্ট। কমিটি যে সাক্ষ্য নিয়েছে তাতে দেখা যাচ্ছে ১১২১ জন চেয়েছিল ক্লাস ওয়ান থেকে, ক্লাস টু থেকে ৪১৪ জন আর ক্লাস থ্রি থেকে ৫০৮ জন। কমিটি এই ৫০৮ জনের ওপিনিয়ন মানলেন। তাঁরা ১১২১ জনের অভিমত মানলেন না। ১১২১ জন চেয়েছিল ক্লাস ওয়ান থেকে, কিন্তু তাঁদের মত মানলেন না। এই হচ্ছে কমিটির গণতন্ত্র। ১১২১ জনের মত না মেনে পবিত্রবাবু ৫০৮ জনের মত মানলেন। সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, কমিটি একজন ভাষাতত্ত্ববিদ লেমবার্গকে কোট্ করেছে। তিনি বলছেন, 'বাচ্ছাদের একটা অসাধারণ ক্ষমতা থাকে এক থেকে এগারো বছর বয়স পর্যন্ত তারা নতুন ভাষা সহজে শিখতে পারে। এবং ওরা পেনফিল্ডকে উদ্ধৃত করেছেন। পেনফিল্ড একজন নিউরো ফিজিসিয়ান, তিনি বলেছিলেন, 'পিউব্যারটির পর থেকে, ১২/১৩ বছরের পর থেকে আমাদের ব্রেনে যে নিউরোণগুলো থাকে, যেগুলো ভাষাটাকে গ্রহণ করে সেগুলো আসতে আসতে স্টিফ হয়ে যায়। তাই বাচ্ছাদের ভাষা শেখাবার সব চেয়ে ভাল সময় এক থেকে এগারো বছর। 'একটা বাঙালি বাচ্ছা ছেলে হিন্দুস্থানি আয়ার কাছে থাকলে সহজেই হিন্দি শিখে নেয়। আবার সে যদি তেলেগু আয়ার কাছে থাকে তাহলে সে তেলেগু শিখে নেবে। সারা পৃথিবীতেই বাচ্ছাদের ভাষা শেখার একটা স্বাভাবিক প্রবণতা আছে, একটা ক্রিটিক্যাল পিরিয়ড আছে। তাই বলা হয়, 'ল্যাংগুয়েজ friendly carrier of the child. অথচ কান্তিবাবু এই তত্ত্বটা পুরোপুরি চেপে গেলেন, এটা তিনি বললেন না। একটা তিন বছরের বাচ্ছাকে আপনি কমপিউটারের সামনে বসিয়ে দিন, কিছু দিনের মধ্যে সে কমপিউটার ফ্রেন্ডলি হয়ে যাবে। তার কারণ তার বয়সটা চটকরে পিক-আপ করতে পারে। কান্তিবাবু এখন প্রশ্ন হচ্ছে আপনি ক্লাস থ্রি করলেন কিসের ভিত্তিতে?

যত কমিশন হয়েছে সবাই বলেছে ক্লাস ফাইভ থেকে, কোনও কমিশনই তো বলে নি ক্লাস থ্রি থেকে! তাহলে থ্রি'টা আপনাদের মস্তিষ্কপ্রসূত আপনারা নিজেরাই বের করেছেন। দু'জন মহিলা অধ্যাপিকার উদ্ধৃতি দেওয়া হয়েছে। একজন সুরভি ব্যানার্জি, যিনি আপনাদের কাছে পরিচিত জ্যোতিবাবুর বায়োগ্রাফি লিখে। তিনি বলেছেন, ক্লাস ওয়ান থেকে ইংরাজি চালু করা উচিত। আর একজন ডঃ সুপ্রিয়া চৌধুরী, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রধান। তিনি কি বলেছেন? তিনিও বলেছেন ক্লাস ওয়ান থেকে। তাহলে যুক্তিটা কি দাঁড়ালো? ১১২১ জন মানে বেশিরভাগ গার্জেন চেয়েছেন ক্লাস (১) থেকে ইংরাজি চালু করা হোক। লেনবার্গ এবং পেনফিল্ডকে উদ্ধৃত করে এই কমিটি বলেছেন যে, বাচ্চাদের মাথা হচ্ছে ল্যাঙ্গুয়েজ ফ্রেন্ডলি, ১ থেকে ১১ বছর হচ্ছে সব চেয়ে ভাল সময় এবং যত ছোট হবে ক্যাচ্ দেম্ আরলি, এটাই সব চেয়ে ভাল। ২ জন বিশিষ্ট শিক্ষাবিদ তাঁরা বলেছেন যে, ক্লাস (১) ওয়ান থেকে ইংরাজি শেখানো হোক। কিন্তু সব বলার পর উনি কি বলেছেন? যে না। উনি তাসত্ত্বেও একটা বিচিত্র থিয়োরি দিয়েছেন যেটা দেবপ্রসাদবাবু তাঁর সমালোচনা করেছেন। ওনার থিয়োরিটা হচ্ছে যে, বাচ্চাদের যে ইংরাজি শেখানো হয় সেটা থার্ড ল্যাঙ্গুয়েজ হয়ে যাবে। বাচ্ছারা নাকি বাড়িতে এক রকম ভাষায় কথা বলে আবার বাংলা শেখালে সেটা আর একটা ভাষা, আর ইংরাজি তৃতীয় ভাষা। পবিত্রবাবু এই তত্ত্ব এবং তথ্য কোথায় পেলেন তা আমি জানি না। বরাবরই মানুষের একটা কথার ভাষা আছে, একটা পড়ার ভাষা আছে। এটা বরাবরই ছিল, কিন্তু সেটা মাতৃভাষা। তার বেসিক স্ট্রাকচার, কনস্ট্রাকস্ন সিনটাক্স সব কিছু এক। পবিত্রবাবু শুধু ক্লাস থ্রিকে জাসটিফাই করার জন্য বা ক্লাস - টুতে হাফ্ কে জাসটিফাই করার জন্য এই তত্ত্বটা বার করলেন। সরি, আমি পবিত্রবাবুকে কোনও শিক্ষাবিদ বা ভারতবর্ষের কোনও শিক্ষাবিদ হিসাবে মানতে পারছি না। আমি আজকে কান্তিবাবুর বক্তৃতা মন দিয়ে শুনলাম। কান্তিবাবুর যে মূল ইস্যু সম্পর্কে দেবপ্রসাদবাবু উল্লেখ করেছেন। কিন্তু আমি বলব, আপনাদের উপেক্ষা করেই ৫৩ পারসেন্ট বাচ্চা এরই মধ্যে ইংরাজি পড়ছে এবং যদি গরিব মানুষের পয়সার জোর থাকতো তাহলে প্রত্যেকেই তারা তাদের ছেলে-মেয়েদের ইংরাজি পড়াতো এবং যাদের পয়সার জোর নেই অর্থাৎ গ্রামের গরিব মানুষ তাদের ছেলে-মেয়েদেরই এক সময় বাংলা পড়াতো আপনারা কনডেম করে রাখছেন এবং যারা রিক্সাপুলার সেও পারলে নতুন করে তার ছেলে-মেয়েদের ইংরাজি শেখাবে। আপনি একটা বিচিত্র নীতি নিয়েছেন। আপনি বলেছেন, ক্লাস (৪) পর্যন্ত স্কুল করতে কোনও পারমিশনের দরকার নেই। তাই স্কুল

হচ্ছে পাড়ায় পাড়ায়, গ্রামে গ্রামে, গঞ্জে গঞ্জে এবং শহরে শহরে স্কুল হচ্ছে। মাসরুমিং অব স্কুলসের কথা আপনি বলেছেন। সারা বাংলার মানুষের মতামত একদিকে আর বামফ্রন্টের কয়েকটি অংশের মানুষ তার বিরুদ্ধে দাঁড়িয়ে আছেন। আপনাদের কাছে আমার আবেদন, এই হাউসে আপনার এই অনড় নীতি থেকে সরার কথা বারবার বলেছি, তার কারণ, যেদিন শেষ হয়, টি.এস.ইলিয়টের ভাষায় সেদিন কোনও বিরাট শব্দ করে আপনারা যাবেন না। দাস উইল দি world dim. Thus will the world dim. Not with a bang. But with a whimper. আপনারা জানেন যে, সেদিন কেউ শব্দ পাবে না। চিৎকার হবে না। তার কারণ, বাংলার মানুষের সিদ্ধান্তের বিরুদ্ধে, বাংলার শিক্ষককুলের সিদ্ধান্তের বিরুদ্ধে, বাংলার অভিভাবককুলের এই সিদ্ধান্তের বিরুদ্ধে, বাংলার মনীষার সিদ্ধান্তের বিরুদ্ধে। দেবপ্রসাদবাবু উল্লেখ করেছেন - সুকুমার সেন, প্রমথনাথ বিশী, প্রেমেন্দ্র মিত্র, নীহাররঞ্জন রায়, অন্নদা শঙ্কর প্রভৃতি যাঁরা ইংরাজি ভাষা শেখবার অধিকার গরিব মানুষকে দেবার জন্য, মানুষকে দেবার জন্য রাস্তায় নেমেছিলেন তাঁদের প্রবীন বয়সে, তাঁদেরকে আপনারা সবাই হেলায় উপেক্ষা করলেন। পবিত্র সরকার নিশ্চয়ই যাঁদের নাম আমি বললাম - তাঁদের চেয়ে বড় পন্ডিত নন। বাংলার মানুষ আপনাদের কিছুটা ধাক্কা দিয়ে ইংরাজি পড়ার বয়স কিছুটা বাড়িয়েছেন। কিন্তু মনে রাখবেন, বাংলার দুইজনই নোবেল লরিয়েট ছিলেন, একজন রবীন্দ্রনাথ, উনি ইংরাজিতে লিখে নোবেল লরিয়েট হয়েছিলেন, আর একজন ডঃ অমর্ত্য সেন, তিনিও তাঁর অর্থনীতি ইংরাজিতে না লিখলে নোবেল লরিয়েট হতেন না। আর যিনি দীর্ঘদিন মুখ্যমন্ত্রী থাকায় নোবেল প্রাইজ পাবেন সেই জ্যোতিবাবু তিনিও বলেছেন যে, ছোটবেলায় তিনি জীবন শুরু করেছিলেন লরেটো স্কুলে। সমস্ত মেয়েদের মধ্যে উনিই ছিলেন একমাত্র ছেলে। সুতরাং যে সুযোগ জ্যোতিবাবু পেয়েছেন, সেই সুযোগ থেকে বাংলার মানুষকে আপনারা বঞ্চিত করেছেন। সেইজন্য বাংলার মানুষ আপনাদের ক্ষমা করবে না। তাই এই রিপোর্ট, I reject this report with the contempt it deserves. with all the rejection at my command because this report neither represents the view of the vox populi of Bengal, nor does it represent the intellectual opinion of Bengal. This is a pot boiler report, pot pourie of different opinions in the CPM. Hence this report ought to be rejected lock stock and barrel. এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** সৌগতবাবু, একটা তথ্য আমি শুধরে দিই, আপনি ভুল করে ফেলেছেন। রবীন্দ্রনাথ 'গীতাঞ্জলি' লিখেছিলেন প্রথম বাংলাতেই। সংগস অফারিংটা ওটা অনুবাদ করে দেওয়া হয়েছিল। খানিকটা উনি নিজে করেছিলেন আর খানিকটা ইয়েট্ করেছিলেন। কিন্তু মূল গ্রন্থটি গীতাঞ্জলি রবীন্দ্রনাথের বাংলায় লেখা।

**Mr. Chairman :** The discussion is concluded.

## Adjournment

The House was then adjourned at 6.20 p.m. till a.m. on Thursday, the 24th December, 1998 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House. Calcutta. on Thursday, the 24th December, 1998 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 7 Ministers of State and 128 Members.

[11-00 — 11-10 a.m.]

## UNSTARRED QUESTIONS
## (to which Written Answers were laid on the Table)

### নদীয়া সাব-স্টেশন

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫) **শ্রী অজয় দে** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় কৃষ্ণনগরের ভাত-জাংলায় সাব-স্টেশন নির্মাণের কাজটি কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(খ) উক্ত কাজে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কৃষ্ণনগরের ভাত-জাংলায় একটি ১৩২ কে.ভি. ক্ষমতার সাব-স্টেশন জাপানের ও.ই.সি.এফ.-এর সহায়তায় তৈরী হবে।

সাব-স্টেশনটির ক্ষমতা নিম্নরূপ ঃ

**ট্রান্সফরমার**

৩১.৫ এম.ভি.এ. - ২টি ১৩২/৩৩ কে.ভি.

৬.৩ এম.ভি.এ. - ২টি ৩৩/১১ কে.ভি. মোট পাঁচটি।

সাব-স্টেশনটির পরিকাঠামো সংক্রান্ত নির্মাণ কাজ চলছে। আশা করা যায় '৯৯ সালের মার্চ/এপ্রিল মাস নাগাদ সাব-স্টেশন নির্মাণ কাজ শুরু হবে।

(খ) উক্ত কাজে বরাদ্দকৃত অর্থের পরিমাণ আনুমানিক ১৩ কোটি টাকা।

**হুগলি জেলার গ্রন্থাগারগুলিতে আর্থিক অনুদান**

**১৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৬) **শ্রী কমল মুখার্জি** ঃ শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরে হুগলি জেলায় কয়টি গ্রন্থাগার কি পরিমাণ আর্থিক অনুদান/সাহায্য পেয়েছে;

(খ) উক্ত জেলায় ঐ সময়ে নতুন কোনও গ্রন্থাগার সরকারী অনুমোদন পেয়েছে কি না;

(গ) পেয়ে থাকলে, উক্ত গ্রন্থাগারটির নাম কি; এবং

(ঘ) টাকার পরিমাণ কত?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নিয়মিত অনুদান ছাড়াও ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরে ১৪টি গ্রন্থাগার, ১৯ লক্ষ ৫১ হাজার ৮৮২ টাকা অনুদান/সাহায্য পেয়েছে।

(খ) পায়নি।

(গ) মন্তব্য নিষ্প্রয়োজন।

(ঘ) মন্তব্য নিষ্প্রয়োজন।

**হোমগার্ডদের ভাতা**

**১৪।** (অনুমোদিত প্রশ্ন নং ২১৮) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** ঃ স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হোমগার্ডদের দৈনিক ভাতা বৃদ্ধির কোনও প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হোমগার্ডদের দৈনিক ভাতা বৃদ্ধির প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

(খ) এই মুহূর্তে দিন নির্দ্দিষ্ট করে বলা সম্ভব নয়।

**পশুপালন দপ্তরের প্রজেক্ট অফিস**

**১৫।** (অনুমোদিত প্রশ্ন নং ২৪৪) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা সত্যি যে, মির্জাগালিব স্ট্রিটে অবস্থিত পশুপালন দপ্তরের প্রজেক্ট অফিসের বাৎসরিক খরচ ৬০ লক্ষ টাকা;

(খ) সত্যি হলে, উক্ত প্রজেক্ট অফিসের নিযুক্ত কর্মচারীর সঠিক সংখ্যা কত; এবং

(গ) প্রজেক্ট অফিস দ্বারা কি কি প্রকার কাজ পরিচালিত হয়ে থাকে?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে ঐ অফিসের মোট খরচ হয়েছে ৪৬.৮২ লক্ষ টাকা।

(খ) সি.আর.এস. প্রজেক্ট গঙ্গানগরসহ এই অফিসের মোট কর্মচারীর সংখ্যা ৫৪।

(গ) এই অফিসের তত্ত্বাবধানে গঙ্গানগর-এ অবস্থিত সি.আর.এস. প্রকল্পটি পরিচালিত হয়। গঙ্গানগর গরু ও মহিষের মালিকেরা কলকাতা থেকে স্থানান্তর করে দৈনিক পশু প্রতি তিন (৩) টাকা হারে ভাড়া দিয়ে তাঁদের পশুপালন করেন। এই খাতে সরকারের বাৎসরিক

আয় ২০ (কুড়ি) লক্ষ টাকারও অধিক। গবাদি পশু অনুমোদন কর্তৃপক্ষ এবং কলিকাতা পুলিশের সহযোগিতায় যে সমস্ত বেওয়ারিশ গরু মহিষাদি ধৃত হয়, তাদের নির্দিষ্ট একটি বিচার ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি করেন নির্দিষ্ট কর্তৃপক্ষ, এই অফিসের অধীনে। (পশ্চিমবঙ্গ গবাদিপশু অনুমোদন আইন ১৯৫৯ এবং ১৯৮৪-এর সংশোধীসহ উল্লিখিত) এ ছাড়াও রাজ্য ও কেন্দ্র সরকারের পরিকল্পনাভুক্ত অর্থের প্রকল্প রচনার কাজও ঐ অফিসে করা হয়ে থাকে। অতিরিক্ত অধিকর্তা (পরিকল্পনা) এই কাজ পরিচালনার জন্য এই অফিসেই বসেন।

## বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় স্বাস্থ্যকেন্দ্র

**১৬।** (অনুমোদিত প্রশ্ন নং ২৭৬) **শ্রী রামপদ সামন্ত** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় রাজ্যের কোন কোন স্বাস্থ্যকেন্দ্রে কি কি ধরনের উন্নয়ন প্রকল্প কার্যকর করা হয়েছে এবং হচ্ছে;

(খ) উপরিউক্ত আর্থিক সাহায্যে কোনও গ্রামীণ হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্র তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে কি না; এবং

(গ) থাকলে, সেগুলি কোথায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) **নির্মাণ সংক্রান্ত ঃ** নিম্নলিখিত স্বাস্থ্যকেন্দ্রগুলির পুনঃনির্মাণের কাজ শুরু হয়েছে ঃ

গদামথুরা ও ঘুটিয়ারিশরিফ (দক্ষিণ ২৪ পরগনা) গোপালপুর ও ঘোলা (উত্তর ২৪ পরগনা)

এছাড়া আরও ৩২টি স্বাস্থ্যকেন্দ্র বিভিন্ন ধরনের নির্মাণকার্য অবিলম্বে শুরু করা হবে যার মধ্যে প্রয়োজনীয় বসার ব্যবস্থা, ল্যাবরেটরি, অস্ত্রোপচার ঘর, বর্জ্য পদার্থ সদ্ব্যবহার সংস্থান প্রভৃতি আছে।

**প্রয়োজনীয় ঔষধপত্র-যন্ত্রপাতি সরবরাহ সংক্রান্ত ঃ** উল্লেখিত ৩৬টি স্বাস্থ্যকেন্দ্র (সুন্দরবন অঞ্চলে) প্রয়োজনীয় নির্মাণকার্য শেষ হলে বিভিন্ন ধরনের যন্ত্রপাতি যথাসময়ে সরবরাহ করা হবে।

ইতিমধ্যে প্রয়োজনীয় ঔষধ ও অন্যান্য ব্যবহারপযোগী জিনিসপত্র কেনার জন্য জেলাশাসক মুখ্য প্রকল্প আধিকারিক উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলাকে অর্থবরাদ্দ করা হয়েছে।

(খ) এ পর্যন্ত এই ধরনের কোনও পরিকল্পনা নেওয়া হয়নি।

(গ) প্রশ্ন ওঠে না।

**গ্রন্থাগারে আর্থিক সাহায্য**

**১৭।** (অনুমোদিত প্রশ্ন নং ২৮২) **শ্রী ব্রহ্মময় নন্দ** ঃ শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরে জেলাগুলিতে গ্রন্থাগারভিত্তিক (তালিকাসহ) কি পরিমাণ আর্থিক সাহায্য দেওয়া হয়েছে?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৭-৯৮ আর্থিক বৎসরে জেলাভিত্তিক গৃহ নির্মাণ বাবদ মোট ৩ কোটি ২৫ লক্ষ ৩৪ হাজার ৮ শত টাকা। (বিভিন্ন জেলার পৃথক পৃথক গ্রন্থাগারের তালিকা দেওয়া হয়েছে)।

এছাড়া পুস্তক ও পত্র-পত্রিকা, বাঁধাই ও রক্ষণা-বেক্ষণ, আসবাবপত্র ও সরঞ্জাম, উপনিমিত্ত খাত (কন্টিনজেন্সি), ভ্রাম্যমান গ্রন্থাগার পরিষেবা খাতেও আর্থিক সাহায্য দেওয়া হয়েছে নিম্নরূপ ঃ (জেলাভিত্তিক)

| | | |
|---|---|---|
| বাঁকুড়া | .. | ৪ লক্ষ ১৫ হাজার টাকা |
| বীরভূম | .. | ৪ লক্ষ ৫ হাজার ৮০০ টাকা |
| বর্ধমান | .. | ৬ লক্ষ ৮৩ হাজার টাকা |
| কলকাতা | .. | ৬ লক্ষ ৮১ হাজার ৫৯৫ টাকা |

| | | |
|---|---|---|
| কোচবিহার | .. | ৩ লক্ষ ৮ হাজার ৩৪০ টাকা |
| দার্জিলিং | .. | ৪ লক্ষ ৩৭ হাজার ২০০ টাকা |
| হুগলি | .. | ৮ লক্ষ ৮ হাজার ৬২১ টাকা |
| হাওড়া | .. | ৪ লক্ষ ৪৫ হাজার ৬৬৭ টাকা |
| জলপাইগুড়ি | .. | ৩ লক্ষ ৫১ হাজার ৫০০ টাকা |
| মালদহ | .. | ৩ লক্ষ ৪৪ হাজার ৫০০ টাকা |
| মেদিনীপুর | .. | ৮ লক্ষ ৯২ হাজার ২৯০ টাকা |
| মুর্শিদাবাদ | .. | ৫ লক্ষ ৩ হাজার ৭০০ টাকা |
| নদীয়া | .. | ৩ লক্ষ ৭৭ হাজার ২০০ টাকা |
| পুরুলিয়া | .. | ৩ লক্ষ ৮৪ হাজার ৭০০ টাকা |
| উত্তর ২৪ পরগনা | .. | ১৩ লক্ষ ৯ হাজার ৪৩৬ টাকা |
| দক্ষিণ ২৪ পরগনা | .. | ৫ লক্ষ ১৯ হাজার ১০০ টাকা |
| দক্ষিণ দিনাজপুর | .. | ২ লক্ষ ১০ হাজার ৫০০ টাকা |
| উত্তর দিনাজপুর | .. | ২ লক্ষ ২২ হাজার ২০০ টাকা |
| **মোট ঃ** | | **৯৩ লক্ষ ৩৪৯ টাকা** |

## চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিট্যুট

**১৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৪০৮) **শ্রী রবীন দেব** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউটের রোগীদের চিকিৎসার জন্য এবং মূল্যবান ও অত্যন্ত গুরুত্বপূর্ণ যন্ত্র দীর্ঘদিন অবধি অব্যবহার্য থাকায় নষ্ট হতে চলেছে, এবং;

(খ) সত্যি হলে, এর কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) ১৯৯৪ এর মার্চ মাসে ঐ যন্ত্রটি (এল.এ) ইন্সস্টিটিউটে প্রথম আসে। ঐ যন্ত্রটি বসাবার জন্য আলাদা একটি বাড়ি নির্মাণের জন্য ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারের অনুমোদন ছাড়াও কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অনুমোদনের প্রয়োজন হয়। এই সকল পদ্ধতি প্রকরণের জন্যই ঐ যন্ত্র বসাতে দেরি হচ্ছে।

**নদীয়া জেলা পরিষদে বরাদ্দকৃত অর্থ**

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৮) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস** : পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলা পরিষদ, ১৯৯৮-৯৯ এর আর্থিক বছরে আ.ই.এ.ওয়াই., ই.এ.এস., জে.আর.ওয়াই, এবং এম.ডব্লু.এস. খাতে কোনও বরাদ্দকৃত অর্থ পায় নি;

(খ) সত্যি হলে, তার কারণ কি; এবং

(গ) এ বিষয়ে সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) (১) আই.এ.ওয়াই বরাদ্দকৃত টাকা এখনও পায়নি।

(২) ই.এ.এস. বরাদ্দকৃত টাকা এখনও পায়নি।

(৩) জে.আর.ওয়াই বরাদ্দকৃত টাকা থেকে ৬,৮৯,৪৫,০০০.০০ টাকা পেয়েছে।

(৪) এম.ডব্লু.এস বরাদ্দকৃত টাকা থেকে ৯৬,৯৪,০০০.০০ টাকা পেয়েছে।

(খ) আই.এ.ওয়াই এবং ই.এ.এস. বাবদ বরাদ্দের জন্য জিলা পরিষদ থেকে প্রস্তাব পাবার পর ভারত সরকারের কাছে পাঠানো হয়েছে। এখনও ভারত সরকার কোনও টাকা ছাড়েন নি।

**বাকী দুটি প্রকল্পের ব্যাপারে এ প্রশ্ন ওঠে না।**

(গ) ভারত সরকারের সংশ্লিষ্ট বিভাগের কাছে অনুসন্ধান করা হচ্ছে যাতে প্রস্তাব অনুযায়ী টাকা ভারত সরকার অবিলম্বে ছেড়ে দেন।

## বৃত্তিমূলক প্রশিক্ষণ

**২০।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৮) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি** ঃ অনগ্রসর শ্রেণী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আদিবাসী এবং তফসিলী জাতির অল্প শিক্ষিত এবং অশিক্ষিতদের জন্য বৃত্তিমূলক বিষয়ে কোনও প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না;

(খ) থাকলে, বৎসরে কত জনকে ঐ শিক্ষা দেওয়া হয়; এবং

(গ) অদূর ভবিষ্যতে ঐ রূপ প্রশিক্ষণের ব্যবস্থা প্রসারিত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**অনগ্রসর শ্রেণী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ট্রেনিং কাম প্রোডাক্সন স্কিমের অধীনে ব্যবস্থা আছে।

(খ) ১২৪০ জনকে ট্রেনিং দেওয়ার ব্যবস্থা আছে। তবে প্রতি বৎসর পূর্ণ সংখ্যক শিক্ষার্থী না পাওয়ার জন্য কিছু কিছু বিষয়ে শিক্ষার্থীর সংখ্যা কম হয়।

(গ) আপাতত নাই।

## আলিপুরদুয়ার মহকুমা

**২১।** (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৫) **শ্রী নির্মল দাস** ঃ স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুরদুয়ার মহকুমাকে জেলায় উন্নীত করার জন্য প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না। তবে প্রশাসনিক সুবিধার প্রয়োজনে আলিপুরদুয়ার মহকুমা এলাকার জন্য একটি অতিরিক্ত জেলা শাসকের পদ সৃষ্টি করা হয়েছে।

### জলপাইগুড়িতে স্টেডিয়াম

২২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮১) **শ্রী নির্মল দাস** ঃ ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ারে কোনও স্টেডিয়াম নির্মাণের প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না;

(খ) থাকলে,

(১) সেটি কোন পর্যায়ে আছে; এবং

(২) কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) কেবলমাত্র সরকারী আদেশনামা নং ১১০২ এস.ওয়াই.এস. (এস.পি.) তাং ২২শে সেপ্টেম্বর, ১৯৯৪ এর আদেশবলে আলিপুরদুয়রে স্টেডিয়াম নির্মাণের জন্য একটি 'বোর্ড অব ম্যানেজমেন্ট' গঠিত হয়েছে।

(২) এ সম্পর্কে নির্দিষ্টভাবে কিছু বলা সম্ভব নয়।

### আলিপুরদুয়ারে ভেষজ উদ্যান

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৫) **শ্রী নির্মল দাস** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুরদুয়ারে স্বাস্থ্য দপ্তরের অধিকৃত তপসিখাতায় ভেষজ উদ্যান শুরু করার কোনও উদ্যোগ বর্তমান আর্থিক বছরে সরকারের বিবেচনাধীন আছে কি না, এবং

(খ) থাকলে, উক্ত কাজে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## ভেটেরিনারী ম্যানুয়েল

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৩) **শ্রী গোপাল কৃষ্ণ দে** ঃ প্রানিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকার কর্তৃক প্রকাশিত ম্যানুয়েল-এর সর্বশেষ সংস্করণ কবে প্রকাশিত হয়েছে; এবং

(খ) উক্ত সংস্করণের প্রতিলিপি রাজ্যের পশু চিকিৎসকের মধ্যে বিতরণ করা হয়েছে কি না?

**প্রানিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ভেটেরিনারী ম্যানুয়েলের সর্বশেষ সংস্করণ ১৯৬৩ সালে প্রকাশিত হয়।

(খ) ভেটেরিনারী ম্যানুয়েলের শেষ সংস্করণ রাজ্যের পশু চিকিৎসা কেন্দ্র ও সংশ্লিষ্ট অফিসের মাধ্যমে দেওয়া হয়েছিল।

## পণ্য চলাচলের জন্য রাস্তা

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭১২) **শ্রী সুশীল বিশ্বাস** ঃ কৃষি (কৃষিজ বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষিজ-বিপণন দপ্তর থেকে পণ্য চলাচলের জন্য নতুন কোনও রাস্তা তৈরীর প্রস্তাব পেশ হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, নদীয়া জেলার কৃষ্ণনগর ১নং ব্লকের আন্দুলপোতা প্রাথমিক বিদ্যালয় থেকে ডিগ্রি মানিকতলা পর্যন্ত রাস্তা করবার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(গ) থাকলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**কৃষি (কৃষিজ বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, মোট ২৭টি রাস্তা নির্মাণের জন্য ৮৬.৬৩ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব সরকারের বিবেচনার জন্য পেশ করা হয়েছে।

(খ) অনুরূপ কোনও প্রস্তাব অদ্যাবধি এই দপ্তরে পেশ করা হয়নি।

(গ) যেহেতু কোনও প্রস্তাব পাওয়া যায় নি অতএব কাজ শুরু করার প্রশ্ন এখানে প্রযোজ্য নয়।

**অডিও-ভিসুয়ালের মাধ্যমে প্রশিক্ষণ**

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬) **শ্রী আবু আয়েশ মন্ডল** ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে দেশের পূর্ব ও উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যসমূহের গ্রামীণ জনগণের জন্য অডিও-ভিসুয়ালের মাধ্যমে তথ্য সম্প্রসারণ ও উন্নয়নের উদ্দেশ্যে ইতালি সরকারের সহযোগিতায় প্রশিক্ষণ তথা প্রযোজনা কেন্দ্র স্থাপনের কাজ শুরু করা হয়েছে;

(খ) সত্যি হলে, কবে থেকে উক্ত কেন্দ্রটি স্থাপনের কাজটি শুরু করা হয়েছে;

(গ) কোথায় সংশ্লিষ্ট কেন্দ্রটি স্থাপন করা হয়েছে; এবং

(ঘ) উক্ত প্রকল্প রূপায়ণের কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সেপ্টেম্বর, ১৯৯৭ সাল থেকে।

(গ) সল্টলেকে 'রূপায়ণ' কালার ফিল্ম ল্যাবোরেটরির সংলগ্ন জমিতে।

(ঘ) ডিসেম্বর, ২০০০ সাল নাগাদ।

**বিশ্বব্যাঙ্কের সহায়তায় স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন**

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮) **শ্রী আবু আয়েশ মন্ডল** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্কের সহযোগিতায় রাজ্য ব্যবস্থায় উন্নয়ন প্রকল্পের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) **স্বাস্থ্য সংক্রান্ত ঃ** এই প্রকল্পের আওতাভুক্ত সর্বশ্রেণীর হাসপাতালগুলিতে ফ্যাক্স মেশিন ফটোকপিয়ার ইতিমধ্যে সরবরাহ করা হয়েছে। একই সঙ্গে প্রয়োজনীয় ওষুধপত্র, অস্ত্রোপচারের জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদিও সরবরাহ করা হয়েছে। এছাড়া জেলা হাসপাতালগুলিতে একটি করে অ্যাম্বুলেন্স এবং জেলার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে টেলিফোন দেওয়ার কাজ দ্রুততার সঙ্গে করা হয়েছে। বিভিন্ন হাসপাতালে এক্সরে মেশিন, গদি ও বালিশ সরবরাহ করা হচ্ছে।

বিভিন্ন হাসপাতালে বর্জ্য পদার্থ দূরীকরণ কর্মসূচী, রেফারেল পদ্ধতিও সন্তোষজনকভাবে অগ্রসর হচ্ছে। বর্জ্য পদার্থ দূরীকরণ কর্মসূচীকে যথাক্রমে স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী এই তিন ভাগে ভাগ করা হয়েছে। এবং কাজের সন্তোষজনক অগ্রগতি হচ্ছে।

প্রকল্পভুক্ত চিকিৎসাকেন্দ্রগুলির চিকিৎসক ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচী যথাযথভাবে রূপায়িত হচ্ছে। হাসপাতালগুলিতে তথ্য সংরক্ষণ, বিশ্লেষণ ও মূল্যায়নের সুষ্ঠু ব্যবস্থা চালু হয়েছে। স্বাস্থ্য, শিক্ষা ও প্রচারের কর্মসূচী হাসপাতালগুলিতে এবং জনসাধারণের মধ্যে ছড়িয়ে দেওয়া হচ্ছে।

(খ) **নির্মাণ সংক্রান্ত ঃ** এই প্রকল্পের আওতাভুক্ত ২০৬টি হাসপাতালের মধ্যে ২৩টির কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে (মোট আর্থিক মূল্য ১৮ কোটি টাকা) আরো ৯টি হাসপাতালের (আর্থিক মূল্য ৭ কোটি টাকা) দরপত্র জমা পড়েছে দরপত্র আহ্বান করা হয়েছে ২৪টি হাসপাতালের (আর্থিক মূল্য ১৮ কোটি টাকা) এবং ৮৩টি হাসপাতালের ডিজাইনিং, ড্রইংয়ের কাজ প্রাথমিক পর্যায় রয়েছে। এছাড়া ৬৭টি হাসপাতালের পরামর্শদাতা (কনসালট্যান্ট) নির্বাচনের কাজও শুরু হয়েছে।

নির্দিষ্ট সময়সীমার মধ্যে উল্লেখিত সমস্ত কাজগুলি শেষ হবে বলে আশা করা যায়।

### সচিত্র কিশোর অভিধান

**২৮।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭) **শ্রী আবু আয়েশ মন্ডল** ঃ তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, পশ্চিমবাংলা আকাদেমি কর্তৃক একটি সচিত্র কিশোর অভিধান প্রকাশের পরিকল্পনা নেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, অভিধানটি প্রকাশের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**তথ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) চেষ্টা হচ্ছে বইটি বইমেলার মধ্যে প্রকাশ করার।

### বন্যপ্রাণী নিরাপত্তা

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১) **শ্রী আবু আয়েশ মন্ডল** ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বন্যপ্রাণী নিরাপত্তা রক্ষায় দেশের বিভিন্ন রাজ্যগুলির কাজকর্মের তুলনামূলক কোনও তথ্য রাজ্য সরকারের আছে কি না;

(খ) থাকলে সংশ্লিষ্ট ক্ষেত্রে এ রাজ্যের উল্লেখযোগ্য কোনও অবস্থান আছে কি না; এবং

(গ) থাকলে, তা কি?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অন্যান্য রাজ্যগুলির তথ্য সাধারণত কেন্দ্রীয় সরকারের কাছে থাকে।

(খ) বন্যপ্রাণী নিরাপত্তা রক্ষায় এ রাজ্যের অবস্থান উল্লেখযোগ্য।

(গ) বন্যপ্রাণী ও জীববৈচিত্র সংরক্ষণের উদ্দেশ্য পশ্চিমবঙ্গের মোট বনভূমির ৩৪ শতাংশ এলাকাকে সম্পূর্ণ সংরক্ষণের আওতায় আনা হয়েছে, যদিও সমগ্র ভারতবর্ষের ক্ষেত্রে এ ধরণের সংরক্ষিত এলাকার পরিমাণ মোট বনভূমির মাত্র ১৬.৫ শতাংশ।

অরণ্য ও বন্য প্রাণী সংরক্ষণে বন সংলগ্ন জনগণের সক্রিয় অংশগ্রহণ যৌথ বন পরিচালন পদ্ধতির সূচনা আমাদের রাজ্যকে জাতীয় স্তরে এক অগ্রগণ্য ও পথ নির্দেশক রাজ্যে রূপান্তরিত করেছে।

গত দুই দশকে রাজ্যে বাঘ, হাতি, গন্ডার ও ভারতীয় বাইসনের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। যথা—

| | বাঘ | হাতি | গন্ডার |
|---|---|---|---|
| ১৯৭৬ | ২৯৬ | - | - |
| ১৯৮৯ | ৩৬১ | ১৭৫ | ৩৯ |
| ১৯৯৮ | ৩৬১ | ২২৫ | ৬৮ |

**বর্জ্য পদার্থ ব্যবস্থাপনা প্রকল্প**

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২৩) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিদেশি আর্থিক সহায়তায় এ রাজ্যে পৌরাঞ্চলে 'তরল ও কঠিন বর্জ্য পদার্থ ব্যবস্থাপনা প্রকল্প' এটি কোন পর্যায়ে আছে?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) জার্মানীর আর্থিক সহায়তায় এ রাজ্যের সি.এম.ডি. এলাকার বাইরে ৮০টি পৌরাঞ্চলে 'তরল ও কঠিন বর্জ্যপদার্থ ব্যবস্থাপনা প্রকল্প'টি এখন যে পর্যায়ে আছে, তা হল ঃ

১৯৯৫ সালে প্রকল্পটি ভারত সরকারের কাছে জমা দেওয়ার পর ১৯৯৭ সালের মার্চ মাস থেকে জার্মান সরকারের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা শুরু হয়। এই প্রতিনিধিরা ২টি শহর ঘুরেও দেখেন। এরই ফলশ্রুতি হিসাবে 'জার্মান স্টাডি অ্যান্ড এক্সপার্ট ফান্ড' থেকে এই প্রকল্পের সম্ভাবনা পর্যালোচনার জন্য বিদেশি কনসালটেন্ট নিয়োগের শর্তাবলী রাজ্য সরকারের মন্তব্যের জন্য পাঠানো হয়। এই শর্তাবলির উপর মন্তব্য পাঠানোর পর গত ২৭ নভেম্বর, ১৯৯৮ তারিখে জার্মান সরকারের প্রতিনিধিরা কলকাতায় এসে আলোচনা করেছেন। এই আলোচনায় হাড্‌কো এবং আই.সি.আই.সি.আই.-এর প্রতিনিধিরাও ছিলেন।

শর্তাবলী অনুযায়ী বিদেশী কনসালটেন্ট ৮০টি শহরের অবস্থা পর্যালোচনার পর ২০টি শহরকে বেছে নিয়ে প্রাথমিক পর্যায়ের নিরীক্ষা করবেন এবং এই নিরীক্ষার মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে ১০টি শহরকে চিহ্নিত করবেন। পরবর্তী সময়ে দ্বিতীয় পর্যায়ে এই দশটি শহরের নিরীক্ষা চালিয়ে প্রকল্পগুলি চূড়ান্ত করা হবে।

আশা করা যায় আগামী ২/৩ মাসের মধ্যে জার্মান সরকারের এই বিষয়ে সিদ্ধান্ত আমরা জানতে পারব।

### তাঁত শিল্পের উন্নতিকরণে ডিপ্লোমা কোর্স

**৩১।** (অনুমোদিত প্রশ্ন নং ২৯) **শ্রী অজয় দে ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের তাঁত শিল্পের উন্নতিকরণের উদ্দেশ্যে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি (আই.আই.এইচ.টি.) এর ডিপ্লোমা কোর্স চালু করার প্রস্তাব কেন্দ্রীয় সরকার কর্তৃক পাঠানো হয়েছে; এবং

(খ) সত্যি হলে, রাজ্য সরকার এ ব্যাপারে কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিষয়টি বিবেচনা করা হচ্ছে।

**স্বাস্থ্য-সুরক্ষা কর্মসূচী**

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪) **শ্রী অজয় দে ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য পুর এলাকার দারিদ্রসীমার নিচে বসবাসকারী মা ও শিশুদের স্বাস্থ্য-সুরক্ষাকল্পে কোনও কর্মসূচী গ্রহণ করা হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, (১) তা কোন ধরনের এবং

(২) কোন কোন পুরসভা এর অন্তর্ভুক্ত হয়েছে;

(গ) উক্ত কাজে কোনও বিদেশি সংস্থা বিনিয়োগ করেছে কি না; এবং

(ঘ) করে থাকলে, তার পরিমাণ কত?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) বিভিন্ন পক্ষ থেকে দরিদ্র পরিবারের মা ও শিশুদের স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে বিভিন্ন ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়া কিছু পুর এলাকায় দারিদ্রসীমার নিচে বসবাসকারী মায়েদের এবং ৫ বৎসর অনুর্দ্ধ শিশুদের জন্য বিশ্বব্যাঙ্কের সহায়তায় স্বাস্থ্য উন্নয়ন প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। এই কর্মসূচীর প্রধান প্রধান বিষয়গুলি হলো গর্ভবতী মায়েদের টীকাদান, মায়েদের জন্য আয়রন ট্যাবলেটের ব্যবস্থা, অবাঞ্ছিত মাতৃত্ব দূরীকরণ, নিরাপদ প্রসবের সুবিধা সৃষ্টি করা, প্রসবকালীন ও প্রসবোত্তর কালে মায়েদের সুচিকিৎসার ব্যবস্থা

গ্রহণ, পরিবার পরিকল্পনার পুষ্টি সম্পর্কে মায়েদের সচেতনতা বৃদ্ধি, শিশুদের টীকাদান. শিশুর মাতৃ দুগ্ধের প্রয়োজনীয়তার বিষয়ে মায়েদের সচেতনতা বৃদ্ধি, শিশুদের শারীরিক বৃদ্ধি লক্ষ্য রাখা ও শিশুদের রাতকানা রোগ নিবারণ করা.. ইত্যাদি।

(খ) (২) সি.এম.ডি.এ. এলাকার ৪১টি পুরসভা এবং সি.এম.ডি.এ. এলাকার বাইরে শুধু মাত্র আসানসোল পুরসভা বর্তমানে এই প্রকল্পের অন্তর্ভুক্ত।

(গ) হ্যাঁ। বিশ্বব্যাঙ্ক উক্ত কাজে অর্থ ঋণদান করেছে।

(ঘ) উক্ত কাজে অর্থ বিনিয়োগের পরিমাণ তেতাল্লিশ কোটি বিয়াল্লিশ লক্ষ টাকা।

### পঞ্চায়েতের দায়িত্বে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

**৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৩৬) **শ্রী অজয় দে** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, রাজ্যের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির পরিচালনভার পঞ্চায়েতের উপর অর্পণ করা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, সংশ্লিষ্ট ডাক্তার ও অন্যান্য স্বাস্থ্যকর্মী নিয়োগের ভার পঞ্চায়েতের হাতে থাকবে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্য, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ দায়িত্ব নিতে চাইলে পরিচালনভার অর্পণ করা হবে পরীক্ষামূলকভাবে।

(খ) চেষ্টা করা হচ্ছে ডাক্তার ও অন্যান্য স্বাস্থ্যকর্মী নির্বাচনের ভার একটি পরিচালন কমিটির উপর ন্যস্ত করতে। ডাক্তারের ক্ষেত্রে স্বাস্থ্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার হবেন নিয়োগকর্তা এবং অন্যান্য স্বাস্থ্যকর্মীদের নিয়োগকর্তা হবেন পরিচালন কমিটির চেয়ারম্যান। সমস্ত নিয়োগই হবে চুক্তি এবং নির্দিষ্ট পারিশ্রমিকের ভিত্তিতে। সমগ্র বিষয়টি এখনও বিবেচনাধীন।

**কোনা এক্সপ্রেসওয়ে**

**৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৩৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোনা এক্সপ্রেসওয়ে চালু হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, কবে থেকে চালু করা হয়েছে;

(গ) উক্ত এক্সপ্রেসওয়ের দৈর্ঘ্য ও প্রস্ত কত; এবং

(ঘ) উক্ত প্রকল্প নির্মাণে কত টাকা ব্যয় হয়েছে?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ০.০০ কি.মি. থেকে ১.১৩ কি.মি. পর্যন্ত রাস্তা ১৯৯৬ সালের নভেম্বর মাসে চালু করা হয়েছিল। ১.১৩ কি.মি. পর থেকে ৭.১৬৭ কি.মি. পর্যন্ত রাস্তা ১৯৯৮ সালের ৫ই সেপ্টেম্বর চালু করা হয়েছে।

(গ) দৈর্ঘ্য ৭.১৬৭ কি.মি. প্রস্থ ০.০০ কি.মি. থেকে ১.১৩ কি.মি. পর্যন্ত ৪ (চার) লেন যুক্ত বিভক্ত রাস্তা এবং ১.১৩ কি.মি. থেকে ২.৩৬৭ কি.মি. পর্যন্ত ২ (দুই) লেন যুক্ত রাস্তা এবং ২.৩৬৭ কি.মি. থেকে ৩.০৭ কি.মি. পর্যন্ত ৩ (তিন) লেন যুক্ত রাস্তা সাঁত্রাগাছি রেলওয়ে লাইনের উপর ব্রিজ এবং ব্রিজ সংযোগকারী রাস্তা এবং ৩.০৭ কি.মি. থেকে ৭.১৬৭ কি.মি. পর্যন্ত প্রধানত ২ (দুই) লেন যুক্ত রাস্তা মাঝে হাওড়া ড্রেনেজ ক্যানাল থেকে জাতীয় সড়ক পর্যন্ত ৩ (তিন) লেন যুক্ত রাস্তা।

(ঘ) জমি অধিগ্রহণ, পুনর্বাসন, রেলওয়ে লাইনের উপরে সংযোগকারী রাস্তা ও ব্রিজ ইত্যাদি নির্মাণ বাবদ অক্টোবর ১৯৯৮ পর্যন্ত আনুমানিক ২৭ (সাতাশ) কোটি টাকা ব্যয় হয়েছে। আরো ১৩ কোটি টাকার মতন খরচ হতে পারে Final Payment করার সময়।

**Fly-overs at Lake Gardens and Bondel Gate**

**35.** (Admitted Question No. 45) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Public Workers Department be pleased to state

(a) the progress in the construction of fly-overs at 'Lake Gardens' and 'Bondel Gate' of Calcutta: and

(b) the expected date of completion of the same?

**Minister-in-charge of the Public Works Department :**

(a) 22% of the whole work of the R.O.B. Project at 'Lake Gardens' and 16% of the whole whork of the R.O.B. project at 'Bondel Gate' have since been completed.

(b) March 2001.

**Steps taken to reduce the High Price of Mustard Oil**

**36.** (Admitted Question No. 52) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) average price of Mustard Oil in Calcutta Markets for the month of September, October and November 1998.

The steps taken as per by the Government to reduce the same?

**Minister-in-charge of the Food and Supplies Department:**

(a) The average retail prices of Mustard Oil in Calcutta Markets for the month of September, October and November, 1998 were Rs. 60.50, Rs. 63.50 and 67.50 per Kilogram respectively.

The state Government has already taken possible measures to watch and control the prices of Mustard Oil which are as follows :

(1) The matter is being reviewed in every weekly meeting with concerned officers of this Department.

(2) Regular meetings with the oil millers, importers and traders to monitor price trends of Mustard Oil and other Edible Oils, are being held.

(3) The Cabinet Committee for Price Monitoring is regularly holding co-ordination meetings with concerned officers to monitor the price position and action taken to keep prices of essential commodities under control.

(4) The Enforcement Branch of the Police is keeping strict vigil on the availability and prices of Edible Oils, including Mustard Oil.

(5) The Food and Supplies Department is also supplying Palmolein Oil through the Public distribution system It is also going to distribute Refined Soyabean Oil.

**Preventive Measures for Malaria**

**37.** (Admitted Question No. 53) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state-

(a) whether Malaria has broken out in epidemic form in Calcutta in October, November, 1998:

(b) if so, the number of people effected in these two months and

(c) the steps taken so far by the Government for prevention and treatment of the ailing persons?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :**

(a) No.

(b) Blood slides Examined

| Oct | Nov. |
|---|---|
| 27688 | 45036 |

Found Malaria positive

| Oct. | Nov |
|---|---|
| 7784 | 17152 |

(c) Steps taken [as per NMEP guidelines, GOI]

(i) E.D.P.T. - early diagnosis and prompt treatment by anti malaria/drugs in Calcutta hospitals including these of Medical Colleges, 60 Microscopy Centres including 36 Malaria Clinics of CMC, 42 fever treatment report, 40 clinical establishment like Laboratories and Nursing Homes are also performing E.D.P.T.

(ii) **Close monitoring** - at all levels towards procurement & supply of anti-malaria drugs, reagents for Blood slides examination, glass-slides Microscopies etc.

(iii) Training programme regarding Malaria Microscopy and management of Malaria.

(c) Step taken - Prevention :

(i) Sources reduction of mosquito breeding places and spray works with larvicidal materials in all institutions, hospitals and adjacent areas, as well as through their vector control department.

(ii) Mass awareness campaign regarding prevention of Malaria with the help of Government machinery, Calcutta Municipal Corporation and voluntary Organisations.

(iii) Display of Hoardings, Banners distribution of leaflets, posters, books, etc.

(iv) Inter Sectoral meeting in between Government and Calcutta Corporation held from time to time to review the situation on malaria to take necessary steps.

(v) Calcutta Corporation observed Malaria month this year.

(vi) Seminar and Group discussion Organised through Tropical School of Medicine, I.M.A. and by some N.G.O.s.

**Joint Sector Housing Projects**

**38.** (Admitted Question No. 54) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state-

(a) number of Joint Sector Housing Projects in the State with names of Partners and location; and

(b) the stage at which this Projects are now ?

**Minister-in-charge of the Housing Department :**

(a) There are two Joint Sector Housing Projects in the State at present.

One Housing Project is located at Mandalganthi on V.I.P. Road in North 24-Parganas District about 1.5 km.

towards the city of Calcutta from Calcutta Airport. This Housing Project is being executed by the Bengal Peerless Housing Development Company Ltd. formed between West Bengal Housing Board and Peerless General Finance and Investment Company Ltd.

The other Housing Project is located at 1050/1, Survey Park, E.M. Bye Pass, Santoshpur, Calcutta-700075 (opposite Satyajit Roy Film Institute). This Housing Project is being executed by Bengal Ambuja Housing Developement Ltd. formed between West Bengal Housing Board and Gujrat Ambuja Cements Ltd.

(b) Bengal Peerless Housing Development Co. Ltd. has so far constructed 248 flats for LIG (Low Income Group) People, 384 flats for MIG (Midle Income Group) people and 256 flats for HIG (High Income Group) people. All these flats were handed over to the allottees in November, 1998. This Joint Sector Company will begin works of construction of another 416 flats for HIG people shortly.

Bengal Ambuja Housing Develpment Ltd. has so far constructed 264 flats for LIG people and 626 flats for MIG people. All these flats were allotted in phases by August, 1998 416 flats for HIG people are under construction and these flats are expected to be handed over to the allottees in phases by April, 2001. This Joint Sector Company will take up works of construction of another 252 flats for HIG people shortly.

**স্মরণীয় ব্যক্তিদের মূর্তি**

**৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৪) **শ্রী কমল কুমার মুখার্জি** ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮, ১৯৯৮-৯৯ আর্থিক বছরে সরকার স্মরণীয় ব্যক্তিদের মূর্তি স্থাপনে কত টাকা বরাদ্দ রেখেছিলেন;

(খ) তন্মধ্যে কত টাকা ব্যয়িত হয়েছে; এবং

(গ) কলিকাতায় 'চার্লি চ্যাপলিন' ও 'ইন্দিরা গান্ধীর' মূর্তি স্থাপনের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে মোট ৭ লক্ষ ৪০ হাজার টাকার বরাদ্দ ছিল। ঐ সমপরিমাণ অর্থ ১৯৯৮-৯৯ আর্থিক বছরেও বরাদ্দ করা হয়েছে।

(খ) ১৯৯৭-৯৮ সালের সমগ্র বরাদ্দ অর্থের অর্ধেকেরও বেশি ও বর্তমান আর্থিক বছরে এখনও পর্যন্ত মোট বরাদ্দের এক চতুর্থাংশের কিছু কম ব্যয়িত হয়েছে।

'চার্লি চ্যাপলিন' মূর্তি স্থাপনের প্রকল্পটি দীর্ঘকাল ধরে সরকারের চিন্তা ভাবনার মধ্যে রয়েছে। 'ইন্দিরা গান্ধী' মূর্তিটির নির্মাণ কাজ সম্পূর্ণ। কিন্তু জায়গা নির্বাচন সমস্যাহেতু স্থাপনকার্যটি এখনও করা যায় নি।

**মূল্যবৃদ্ধি প্রতিরোধ**

**৪০।** (অনুমোদিত প্রশ্ন নং ৭০) **শ্রী কমলকুমার মুখার্জি ঃ** কৃষি (কৃষিজ বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে আলু, পিঁয়াজ, লঙ্কা, সরষের তেল ইত্যাদির মূল্যবৃদ্ধি প্রতিরোধে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**কৃষি (কৃষিজ বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই এই অত্যাবশকীয় জিনিসগুলির উৎপাদনের দায়-দায়িত্ব এই বিভাগের উপর ন্যস্ত নয়। আলু কৃষি-বিপণনের, তেল, খাদ্য বিভাগের এবং পেঁয়াজ, লঙ্কা ইত্যাদি কাঁচা সব্জি খাদ্য সংরক্ষণ বিভাগের আওতার অধীন। কাজেই অত্যাবশকীয় এই সকল পণ্যের স্বাভাবিক বিপণন ব্যবস্থাকে সরাসরি নিয়ন্ত্রণ করে মূল্যবৃদ্ধি প্রতিরোধ করার মতো কোনও আইন বিপণন দপ্তরের হাতে না থাকলেও সরবরাহে কৃত্রিম অভাব সৃষ্টি করে অকারণ মূল্যবৃদ্ধি রুখতে বিপণন দপ্তর আগাগোড়াই সচেষ্ট ও তৎপর থেকেছে এবং অত্যাবশকীয় পণ্যগুলির মূল্যর গতিবিধির উপর সজাগ দৃষ্টি রাখার ব্যবস্থা করা হয়েছে।

আলুর ক্ষেত্রে ১৯৯৭-৯৮ সালে অকাল বর্ষনের ফলে আলু উৎপাদন মার খেয়েছে ও রাজ্যের হিমঘরগুলিতে মাত্র ৭০-৭৫ শতাংশ স্থান পূরণ হয়। তৎসত্ত্বেও বিপণন বিভাগের তৎপরতায় হিমঘর থেকে রাজ্যের বাজারগুলিতে নিয়মিত যোগান অক্ষুন্ন রেখে ও হিমঘর থেকে বার হওয়া আলুর গতিবিধিকে কিছুটা নিয়ন্ত্রন করে বাজার দামের সামঞ্জস্য রক্ষা করা গেছে। সেপ্টেম্বর, অক্টোবর এমনকি নভেম্বর মাসের মাঝামাঝি পর্যন্ত আলুর দাম যেখানে ১০ টাকার মধ্যে ছিল সেখানে অন্যান্য রাজ্যে কেজি প্রতি ১১-১৯ টাকা। পিঁয়াজের ক্ষেত্রে এ রাজ্য অন্য রাজ্যের উপর অনেকাংশে নির্ভরশীল। প্রাকৃতিক বিপর্যয়ে পিঁয়াজের ফলন মার খাওয়ার ফলে ঐ রাজ্যগুলি থেকে সরবরাহ কমে যায় ও দামের উর্দ্ধগতি লক্ষ্য করা যায় কিন্তু রাজ্য সরকারের আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টায় অন্যতম সরবরাহকারী রাজ্য কর্নাটক ও মহারাষ্ট্রের ব্যবসায়ীদের সহযোগিতার ফলে এ রাজ্যে পিঁয়াজ আমদানী সাম্প্রতিককালে বৃদ্ধি পেয়েছে ও দাম কিছুটা ধরে রাখা গেছে।

খরা ও বন্যাজনিত প্রাকৃতিক বিপর্যয়ে ১৯৯৮ সালে এ রাজ্যে লঙ্কাসহ সমস্ত শাক-সব্জির চাষই ক্ষতিগ্রস্থ হওয়ার দরুন এ বছর বাজারে দামের অস্বাভাবিক বৃদ্ধি ঘটেছে।

লঙ্কা ও অন্যান্য শাক-সব্জি অধিক পচনশীল হওয়ায় এগুলি বিপণনের ক্ষেত্রে নিয়ন্ত্রণও সম্ভব নয়। তাই ক্রেতা সাধারণ ও কৃষক উভয়েরই স্বার্থে যাতে শাক-সব্জির উৎপাদনকারীরা সরাসরি মাঠ থেকে তুলে এনে তাঁদের উৎপন্ন কৃষিপণ্য বাজারে বিক্রয় করতে পারেন সে ব্যাপারে চিন্তাভাবনা করা হচ্ছে।

সরষের তেলের ক্ষেত্রেও এরাজ্যে পুরোপুরি পরনির্ভরশীল তাই স্বনির্ভরতার পথে এগোনোর দিকে দৃষ্টি দিয়ে রাজ্য সরকার প্রয়াস চালাচ্ছেন।

### চন্দননগর হাসপাতাল

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭) **শ্রী কমল কুমার মুখার্জি** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, হুগলি জেলায় চন্দননগর মহকুমা হাসপাতালে কুকুর ও সাপে কামড়ানোর প্রতিষেধক ওষুধ বা সিরাম না থাকায় দুঃস্থ রোগীদের খুবই অসুবিধা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, ঐ হাসপাতালে উক্ত প্রতিষেধক অতি দ্রুত সরবরাহের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই তথ্য সত্যি নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

### Appointment to the Post of General Manager, W.B.E.C.S.C. Ltd.

42. (Admitted Question No. 122) **Shri Sobhandeb Chattopadhyay :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state-

(a) whether it is a fact that without approval of the Government one Deputy Secretary to the Food &

Supplies Department is performing the function of the General Manager of West Bengal Essential Commodities Supply Corporation Limited for a pretty long time; and

(b) if so, the reasons thereof?

**Minister-in-charge of the Food and Supplies Department:**

(a) On approval of the Government of Food & Supplies Department one Deputy Secretary of this Department is performing the function of the General Manager, West Bengal Essential Commodities Supply Corporation Limited since 21.10.97 as an ad-hoc arrangement.

(b) Home (P & AR) Department was not in a position to post any Officer as General Manager, West Bengal Essential Commodities Supply Corporation Limited. In the interest of public service Government in the Food & Supplies Department had to resort the ad-hoc arrangement.

### পেঁয়াজের মূল্যবৃদ্ধি

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০) **শ্রী দেবপ্রসাদ সরকার :** কৃষিজ-বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পেঁয়াজের মূল্যবৃদ্ধির কারণ কি; এবং

(খ) উক্ত মূল্যবৃদ্ধি রোধ করার জন্য সরকার এ পর্যন্ত কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**কৃষিজ-বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ভবিষ্যতে পেঁয়াজের ক্ষেত্রে অন্য রাজ্যের উপর নির্ভরতা কমাবার লক্ষ্যে রাজ্যে কৃষকদের কাছে পেঁয়াজের চাষের প্রযুক্তি পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে কৃষি-বিপণন বিভাগের পক্ষ থেকে প্রদর্শনী ক্ষেত্র

**স্থাপনের মাধ্যমে হাতে কলমে প্রশিক্ষণ দেওয়ার প্রকল্প গ্রহণ** কর হয়েছে। পেঁয়াজ সংক্রান্ত বিষয়টি বর্তমানে হর্টিকালচার বিভাগের অধীনে। ঐ বিভাগ কর্তৃক এই বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্বন্ধে আমরা অবগত নই।

(খ) অকাল বর্ষনের কারণে রাজ্যের প্রধান সরবরাহকারী রাজ্যগুলিতে পেঁয়াজের ফলন মার খাওয়া ও পরিবহন খরচ উল্লেখযোগ্যভাবে বেড়ে যাওয়ার দরুন এরাজ্যে আমদানী অস্বাভাবিক রকম কমে যাওয়া।

**রাজ্যে ম্যালেরিয়া**

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৮ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত রাজ্যে ম্যালেরিয়ায় (সাধারণ ও ম্যালিগন্যান্ট) আক্রান্ত ও মৃতের সংখ্যা কত?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| | | |
|---|---|---|
| সাধারণ ম্যালেরিয়ায় আক্রান্ত | | ৫৬,০০০ |
| ম্যালিগন্যান্ট ম্যালেরিয়ায় আক্রান্ত | | ৫,৭৬৭ |
| মোট সংখ্যা | | ৬১,৭৬৭ |
| মৃত্যুর সংখ্যা ঃ | সঠিক | ৫৫ |
| | সন্দেহজনক | ১০ |
| | মোট | ৬৫ |

**রাজ্যে আন্ত্রিক**

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩) **শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৮ সালের জানুয়ারী থেকে অক্টোবর পর্যন্ত রাজ্যে আন্ত্রিকে আক্রান্ত ও মৃত মানুষের সংখ্যা কত?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

প্রশ্নোত্তর সময়ে আক্রান্ত ১,০৮,৫৬৮ জন এবং মৃতের সংখ্যা ৮৭৯ জন।

## সরকার পরিচালিত গ্রন্থাগার

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭) **শ্রী তারক বন্দোপাধ্যায়** ঃ শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সরকার পরিচালিত মোট গ্রন্থাগারের সংখ্যা কত;

(খ) কোন কোন জেলায় মোট কতগুলি সরকার পরিচালিত গ্রন্থাগার রয়েছে;

(গ) উক্ত গ্রন্থাগারগুলিতে দুষ্প্রাপ্য 'আউট অব প্রিন্ট' পুস্তকের কোনও তালিকা আছে কি না; এবং

(ঘ) উক্ত গ্রন্থাগারগুলিতে দুষ্প্রাপ্য 'আউট অব প্রিন্ট' বই পাঠকদের ইস্যু করার সময় কোনও শর্ত পালন করা হয় কি?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সরাসরি সরকার পরিচালিত গ্রন্থাগারের সংখ্যা ১১টি।

(খ) সরাসরি সরকার পরিচালিত গ্রন্থাগার ঃ

| | |
|---|---|
| কলকাতা .. .. | ২ |
| কোচবিহার .. .. | ১ |
| দার্জিলিং .. .. | ২ |
| হুগলী .. .. | ১ |
| পুরুলিয়া .. .. | ১ |
| মেদিনীপুর .. .. | ১ |
| উত্তর ২৪ পরগনা .. .. | ৩ |
| **মোট** .. | **১১ টি** |

(গ) দুষ্প্রাপ্য পুস্তকের নির্দিষ্ট কোনও পৃথক তালিকা নেই, তবে দুষ্প্রাপ্য সব পুস্তকের সঙ্গে ক্যাটালগ্ কার্ড করা হয়। এই ক্যাটালগ্ কার্ডই লিস্ট বা তালিকা।

(ঘ) বই গ্রন্থাগারে বসে পড়তে হয়। বাড়িতে নেওয়া চলে না।

## পলিটেকনিক কলেজ

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি পলিটেকনিক কলেজ আছে;

(খ) তন্মধ্যে, মহিলা পলিটেকনিক কলেজের সংখ্যা কত; এবং

(গ) রাজ্যে কতগুলি বেসরকারী কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান আছে এবং সেগুলির অবস্থান কোথায়?

**কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পশ্চিমবঙ্গে মোট ৩৪টি পলিটেকনিক কলেজ আছে, যার মধ্যে ওয়েস্ট বেঙ্গল সার্ভে ইন্সটিটিউটে এবং ২টি স্পনসরড্ পলিটেকনিক অন্তর্ভূক্ত।

(খ) উপরিউক্ত ৩৪টি পলিটেকনিক প্রতিষ্ঠানের মধ্যে ৩টি পলিটেকনিক শুধুমাত্র মহিলাদের জন্য নির্ধারিত।

(গ) পলিটেকনিক পর্যায়ে আরও ২টি বেসরকারী কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান এই রাজ্যে আছে, যাদের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনীয়ারিং স্তরের পাঠক্রম ও পরীক্ষাদির নিয়ামক পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরী শিক্ষা সংসদ।

(১) এয়ার টেকনিক্যাল স্কুল, দমদম, উত্তর ২৪ পরগনা।

(২) কাঁচড়াপাড়া টেকনিক্যাল স্কুল, উত্তর ২৪ পরগনা।

## গঙ্গার তীরবর্তী উদ্বাস্তু কলোনী

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, চিৎপুর, কালীঘাট ও নর্থপোর্ট পুলিশ থানার অন্তর্গত বাগবাজার গঙ্গার ঘাট থেকে নিমতলা ঘাট পর্যন্ত এলাকায় খোলা জায়গায় বহু সংখ্যায় বহিরাগত উদ্বাস্তু বসবাস করছেন; এবং

(খ) অবগত থাকলে, এই সব উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উল্লিখিত স্থানে কেবলমাত্র চিৎপুর থানার অন্তর্গত চারটি স্বীকৃত উদ্বাস্তু কলোনি আছে। যথা ঃ

(১) শহীদ কলোনি;

(২) অরবিন্দ কলোনি;

(৩) পূর্ববঙ্গ বাস্তুহারা কলোনি;

(৪) সরকার বাগান বাস্তুহারা কলোনি।

বাগবাজার গঙ্গার ঘাট থেকে নিমতলা ঘাট পর্যন্ত খোলা জায়গায় কোনও স্বীকৃত উদ্বাস্তু পরিবারের বিষয় এই বিভাগ অবগত নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

## কলকাতায় উড়ালপুল

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯) শ্রী তারক বন্দোপাধ্যায় ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোলকাতায় রাস্তায় পথচারীদের সুবিধার্থে কয়েকটি উড়ালপুল নির্মাণের কোনও প্রস্তাব সরকারের আছে কি না;

(খ) থাকলে, সেগুলি কোন কোন অঞ্চলে হবে; এবং

(গ) প্রস্তাবটি কার্যকর করবার জন্য অর্থের সংস্থান কি ভাবে ঘটবে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কয়েকটি প্রস্তাব বিবেচনাধীন আছে। তবে এই উক্তিতে আশ্বাসরূপে গ্রহণ করা যুক্তিযুক্ত হবে না।

(খ) যে সকল পথচারীদের ব্যবহার্য উড়ালপুল নির্মাণযোগ্য সেগুলি হচ্ছে—

(১) দেশপ্রাণ শাসমল রোড পারাপারকারী (টালিগঞ্জ মেট্রো স্টেশনের কাছে),

(২) জহরলাল নেহেরু রোড ও লেলিন সরনি পারাপারকারী,

(৩) দক্ষিণাপণের কাছে (ঢাকুরিয়া ব্রিজ),

(৪) দক্ষিণদাড়ি এবং উল্টোডাঙ্গা এলাকাগুলির সঙ্গে রেললাইনের পূর্বদিকের সংযোগকারী,

(৫) বেলভেডিয়ার রোড পারাপারকারী (চিড়িয়াখানার কাছে),

(৬) সি.আই.টি. রোড (উল্টোডাঙ্গা) পারাপারকারী (এন.বি.এস.টি.সি. স্ট্যান্ডের কাছে)।

(গ) স্পনসরশিপের মাধ্যমে।

## রাজ্যের বনভূমি

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায়** ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট বনভূমির পরিমাণ কত;

(খ) রাজ্যে নতুন করে কোনও বনভূমি তৈরির পরিকল্পনা সরকারের আছে কি না;

(গ) বেথুয়াডহরি বনাঞ্চলে কতগুলি ও কি কি ধরনের মৃগ আছে; এবং

(ঘ) বেথুয়াডহরি বনাঞ্চলে মৃগ ছাড়া আর কি ধরনের পশু আছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গে নথিভুক্ত বনভূমির পরিমাণ ১১৮৭৯ বর্গ কিমি. যা পশ্চিমবঙ্গের ভৌগলিক এলাকার ১৩.৪%।

(খ) পশ্চিমবঙ্গে নথিভুক্ত বনভূমি তৈরী করার পরিকল্পনা আপাতত নেই। কিন্তু সামাজিক বনসৃজনের মাধ্যমে নথিভুক্ত বনভূমি ছাড়া নতুন জমিতে প্রতিবছর বন তৈরী করা হয়।

(গ) ২৯৫টি চিতল হরিণ আছে।

(ঘ) শিয়াল, সরীসৃপ, খরগোশ, বনবিড়াল, কাঠবিড়ালী, গোসাপ ও অন্যান্য পাখি আছে।

### কোনা ট্রাক টার্মিনাল

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬) **শ্রী আব্দুল মান্নান** ঃ নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোনা ট্রাক টার্মিনাল নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে;

(খ) উক্ত কাজের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(গ) এ পর্যন্ত কি পরিমাণ অর্থ ঐ কাজে ব্যয়িত হয়েছে?

**নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হাওড়ার কোনা ট্রাক টার্মিনাল প্রকল্পের প্রথম পর্যায়ে (Stage-1) ৪১.৯৮ একর জমি অধিগ্রহণ করা হয়েছে এবং মাটি ভরাটের কাজ সম্পূর্ণ। রাস্তা, ড্রেন, জলসরবরাহ ও অন্যান্য পরিকাঠামোর কাজের বিশদ এস্টিমেট তৈরির কাজ চলছে।

(খ) জমির দাম বাদে প্রায় ১০ কোটি (৯৫৪ লক্ষ) টাকা ধরা হয়েছে।

(গ) জমির দাম বাবদ ২.৮২ কোটি টাকা ও জমি ভরাটের জন্য ১.১২ কোটি টাকা খরচ হয়েছে।

## চুক্তির ভিত্তিতে চিকিৎসক নিয়োগ

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১.১০.৯৮ পর্যন্ত রাজ্যের কতগুলি সরকারী হাসপাতালে চুক্তির ভিত্তিতে মোট কতজন চিকিৎসক নিয়োগ করা হয়েছে;

(খ) চুক্তির শর্তাদি কি কি?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের ৩৮৭টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ৩৮৭ জন চিকিৎসক চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হয়েছে।

(খ) এক বৎসরের মেয়াদে চুক্তির ভিত্তিতে সরকারি বাসস্থানের সুযোগ প্রাপ্ত চিকিৎসকেরা মাসিক ৬০০০ টাকা অন্যথায় ৬,২০০ টাকা পারিশ্রমিকের বিনিময়ে নিয়োগ করা হয়।

যে কোনও পক্ষ থেকে এক মাসের নোটিশে অথবা এক মাসের পারিশ্রমিকের বিনিময়ে চুক্তি মুক্ত হতে পারে।

চুক্তির ভিত্তিতে নিয়োগের ঊর্দ্ধতম সময়সীমা ৬০ বৎসর।

নিয়োগের ক্ষেত্রে নির্বাচিত প্রার্থীকে ৬০ টাকার বন্ড জমা দিতে হয়।

নির্ধারিত জেলা কমিটির মাধ্যমে চুক্তি ভিত্তিক ডাক্তার নির্বাচিত হন।

## রামগঙ্গায় ভূতল পরিবহনের বাস টার্মিনাস

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০) **শ্রী গোপাল কৃষ্ণ দে ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামগঙ্গায় ভূতল পরিবহনের বাস টার্মিনাস গড়ে তোলার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে. কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় জমি এখনও পাওয়া যায় নি। সুতরাং কবে নাগাদ বাস টার্মিনাসটি গড়ে তোলা যাবে — তা এখনই বলা সম্ভব হয়।

**চাল সংগ্রহ**

**৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫) **শ্রী আবু আয়েশ মন্ডল** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত আর্থিক বৎসরে (১৯৯৭-৯৮) রাজ্যের চালকলগুলিতে সামগ্রিকভাবে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ছিল; এবং

(খ) উক্ত বৎসরে কি পরিমাণ চাল সংগৃহীত হয়েছিল?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাজ্যের চালকলগুলি থেকে লেভির মাধ্যমে চাল সংগ্রহের কাজ আর্থিক বৎসর অনুযায়ী হয় না। এই কাজ খরিফ বর্ষ অনুযায়ী হয়। বিগত খরিফ বর্ষ ছিল ১লা নভেম্বর ১৯৯৭ থেকে ৩১শে অক্টোবর ১৯৯৮ পর্যন্ত। বিগত খরিফ বৎসরে (১৯৯৭-৯৮) রাজ্যের চালকলগুলি থেকে সামগ্রিকভাবে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল ৩,৫০,০০০ মেট্রিক টন।

(খ) উক্ত খরিফ বৎসরে চালকলগুলি থেকে সংগৃহীত চালের মোট পরিমাণ ২,০৩,৮৯২ মেট্রিক টন।

**উত্তরবঙ্গে বন্যা**

**৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯) **শ্রী অশোক দেব** : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ সহ উত্তরবঙ্গে সাম্প্রতিক বন্যায় মোট কত কি.মি. সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে; এবং

(খ) উক্ত সড়কগুলির সংস্কারের ব্যাপারে সরকারের পরিকল্পনা কিরূপ?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পূর্ত বিভাগের অধীন কিছু কালভার্ট ও ব্রিজ সমেত মোট ১১৯৬ (এক হাজার একশত ছিয়ানব্বই) কি.মি. সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে। এরমধ্যে পূর্ত দপ্তরের অধীনে ৪৩৫ (চারশত পঁয়ত্রিশ) কি.মি. পূর্ত (সড়ক) দপ্তরের অধীনে ৩৩৩ (তিনশত তেত্রিশ) কি.মি. এবং জাতীয় সড়কে ৪২৮ (চারশত আঠাশ) কি.মি. রাস্তা আছে।

(খ) সাময়িক মেরামতির মাধ্যমে আর্থিক যোগান অনুযায়ী সড়কগুলির যান চলাচলের উপযোগী করে তোলার ব্যবস্থা নেওয়া হয়েছে এবং স্থায়ী মেরামতির জন্য যথাযথ প্রকল্প তৈরি করে রাজ্য সড়কগুলির জন্য রাজ্য অর্থ বিভাগকে এবং জাতীয় সড়কগুলির জন্য কেন্দ্রীয় ভূতল পরিবহন মন্ত্রককে অর্থ মঞ্জুরির জন্য আবেদন করা হয়েছে।

## সরকারী হাসপাতালে ব্রেন স্ক্যান্ ব্যবস্থা

**৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং ১৮২) **শ্রী অশোক দেব** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলিকাতার সরকারি হাসপাতালগুলিতে ব্রেন স্ক্যান্ ব্যবস্থা চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ কোন কোন হাসপাতালে উক্ত ব্যবস্থা চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে বাঙ্গুর ইন্সটিটিউট অব নিউরোলজিতে সি.টি.স্ক্যান্ ব্যবস্থা চালু আছে।

(খ) সরকারি হাসপাতালে আরও একটি সি.টি.স্ক্যান্ মেশিন বসানোর সরকারি পরিকল্পনার সম্ভাব্যতা খতিয়ে দেখা হচ্ছে।

**রাজ্যে বন্যা**

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩) **শ্রী অশোক দেব** ঃ ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সাম্প্রতিক বন্যায় মোট ক্ষয়ক্ষতির পরিমাণ কত;

(খ) উক্ত বন্যায় কত জনের প্রাণহানি ঘটেছে;

(গ) বন্যায় ক্ষতিগ্রস্থ শস্যের পরিমাণ ও মূল্য কত;

(ঘ) কত সংখ্যক গবাদি পশু উক্ত বন্যায় মারা গেছে; এবং

(ঙ) বন্যার পর বিভিন্ন রোগের ফলে মৃতের সংখ্যা কত?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট ক্ষয়ক্ষতির পরিমাণ (আর্থিক মূল্যে) ৩,৫৯৬.৩৫ কোটি টাকা;

(খ) ৫৬০ জন মানুষের প্রাণহানি ঘটেছে;

(গ) ১০,৩৫,০০০ হেক্টর কৃষিক্ষেত্রে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং খরিফ ও রবি শস্যের ক্ষতির পরিমাণ (আর্থিক মূল্যে) যথাক্রমে - ১৩৭১.৯২ কোটি ও ১৮৬.৮২ কোটি মোট ১৫৫৮.৮০ কোটি টাকা;

(ঘ) ৮৯৪ গবাদি পশু মারা গেছে, ১৯,৮৫০ গবাদি পশু ক্ষতিগ্রস্থ হয়েছে;

(ঙ) বন্যার কারণে আন্ত্রিক রোগে মৃতের সংখ্যা ৩৯৫ ও সাপের কামড়ে মৃতের সংখ্যা ৬৪। বাকি জলেডুবে ও ঘরবাড়ি চাপা পড়ে যাওয়ার জন্য এবং (Electrocution)/বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃতের সংখ্যা ১০১।

**সিরামিক ডেভেলপমেন্ট কর্পোরেশন**

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৩) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** ঃ কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ সরকার অধিগৃহীত সংস্থা 'সিরামিক ডেভেলপমেন্ট কর্পোরেশন' বন্ধ করে দেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, এজন্য কতজন শ্রমিক ও কর্মচারী কর্মহীন হয়ে পড়েছেন: এবং

(গ) উক্ত সংস্থার পরিচালন খাতে ম্যানেজিং ডিরেক্টরের মাহিনা ও অন্যান্য বাবদ সরকারের বাৎসরিক খরচের পরিমাণ কত?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ১ লক্ষ ৪১ হাজার ৬৪৪ টাকা।

### মঞ্জুষা

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, লিন্ড্‌সে স্ট্রিটস্থ 'মঞ্জুষা' শো-রুম থেকে প্রায়শঃই অর্থ এবং পোষাক চুরি হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, এ ব্যাপারে দায়ী কর্মচারীর বিরুদ্ধে কোনও শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে কি না?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### ভস্মীভূত পাঠাগার

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৩) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার 'বনপাই সাধারণ পাঠাগার' ভস্মীভূত হওয়ার কারণ কি; এবং

(খ) উক্ত পাঠাগারে বই এর সংখ্যা কত ছিল?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) দুষ্কৃতকারীদের আক্রমণে ও অগ্নি সংযোগে এই পাঠাগারটি ভস্মীভূত হয়।

(খ) ২,৮১০টি।

## সর্প দংশনে মৃত্যু

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৯) **শ্রী ব্রহ্মময় নন্দ** : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ ও মুর্শিদাবাদ জেলায় সাম্প্রতিক বন্যায় কত জনের সর্প দংশনে জীবনহানি ঘটেছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) মালদহ জেলায় ৩৬ জন এবং মুর্শিদাবাদ জেলায় ২০ জনের জীবনহানি ঘটেছে।

## দূষণমুক্ত শ্মশান

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৩) **শ্রী ব্রহ্মময় নন্দ** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি শ্মশান দূষণমুক্ত করা হয়েছে; এবং

(খ) শ্মশানগুলির নাম কি?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ২০টি।

(খ) শ্মশানগুলির নাম হল :

| শ্মশানঘাটগুলির নাম | শ্মশানঘাটগুলি যে পৌরসভা/ পৌরনিগমের অন্তর্ভূক্ত |
|---|---|
| ১। বরানগর শ্মশানঘাট | বরানগর |
| ২। বালি (পাঠকঘাট) শ্মশানঘাট | বালি |
| ৩। ভদ্রেশ্বর শ্মশানঘাট | ভদ্রেশ্বর |
| ৪। ব্যারাকপুর শ্মশানঘাট | ব্যারাকপুর |
| ৫। উত্তরপাড়া কোৎরঙ শ্মশানঘাট | উত্তরপাড়া কোৎরঙ |
| ৬। বৈদ্যবাটি শ্মশানঘাট | বৈদ্যবাটি |
| ৭। রত্নেশ্বর শ্মশানঘাট | গারুলিয়া |
| ৮। হালিশহর শ্মশানঘাট | হালিশহর |
| ৯। ভাটপাড়া শ্মশানঘাট | ভাটপাড়া |
| ১০। হুগলি-চুঁচুড়া শ্মশানঘাট | হুগলি-চুঁচুড়া |
| ১১। রামকৃষ্ণ মহাশ্মশান | কলিকাতা পৌরনিগম |
| ১২। কাশীমিত্র শ্মশান | কলিকাতা পৌরনিগম |
| ১৩। শিরিটি শ্মশান | কলিকাতা পৌরনিগম |
| ১৪। বীরজুনালা শ্মশান | কলিকাতা পৌরনিগম |
| ১৫। শিবপুর শ্মশান | হাওড়া পৌরনিগম |
| ১৬। সালকিয়া (১) শ্মশান | হাওড়া পৌরনিগম |
| ১৭। সালকিয়া (২) শ্মশান | হাওড়া পৌরনিগম |
| ১৮। খাগড়া শ্মশান | বহরমপুর (মুর্শিদাবাদ) |
| ১৯। গোরাবাজার শ্মশান | বহরমপুর (মুর্শিদাবাদ) |
| ২০। নবদ্বীপ শ্মশান | নবদ্বীপ |

## সোদপুর-এ রাস্তা সংস্কার

**৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৩০২) **শ্রী নির্মল ঘোষ** ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছে যে, পানিহাটী বিধানসভা কেন্দ্রের মধ্যে অবস্থিত সোদপুর ফ্লাইওভারের (সতীশ সেতু) নিচের দুই পাশে রাস্তাগুলি যাতায়াতের অযোগ্য হয়ে পড়েছে; এবং

(খ) থাকলে, উক্ত রাস্তাগুলি সংস্কার করে পুনরায় চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত রাস্তার অবস্থা খারাপ হয়েছে—এ বিষয়ে সরকার অবগত হয়েছে;

(খ) আছে, খুব শীঘ্রই মেরামতির কাজ আরম্ভ হবে আশা করা যায়।

**বি.টি.রোড সংস্কার**

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৩) **শ্রী নির্মল ঘোষ** ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডানলপ থেকে ব্যারাকপুর পর্যন্ত বি.টি.রোড প্রশস্ত ও সংস্কার কাজটি বিলম্বিত হওয়ার কারণ কি; এবং

(খ) রাতে উক্ত রাস্তাটির পর্যাপ্ত আলোকিত করার বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে রয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) বর্তমানে ডানলপ থেকে ব্যারাকপুর পর্যন্ত বি.টি.রোড প্রশস্ত করার পরিকল্পনা পূর্ত বিভাগের নেই।

(২) অর্থের যোগান অনুসারে রাস্তাটির রক্ষণাবেক্ষণের চেষ্টা করা হচ্ছে।

(খ) ডাললপ ব্রিজ থেকে কামারহাটির এন.টি.সি. ফ্যাক্টরী পর্যন্ত অংশ আলোকিত করার জন্য ৭৯,৮৩,০২৬ টাকার (উনআশি লক্ষ তিরাশি হাজার ছাব্বিশ টাকা) একটি সংশোধিত প্রস্তাব বিবেচনার জন্য উন্নয়ন ও পরিকল্পনা দপ্তরে পাঠানো হচ্ছে।

**বিধায়কদের মাধ্যমে সামগ্রী বিতরণ**

**৬৫**। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৫) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি** ঃ ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রতি বছর পবিত্র ঈদ ও দুর্গাপূজার সময় বিধায়কদের মাধ্যমে বিলি করার জন্য কম্বল, ধুতি, শাড়ি, লুঙ্গি ও বাচ্চাদের জামাকাপড় দেওয়া হয়; এবং

(খ) সত্যি হলে, উক্ত সামগ্রীর পরিমাণ বাড়াবার কোনও চিন্তা ভাবনা সরকারের আছে কি না?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) বর্তমানে এইরূপ কোনও প্রস্তাব সরকারের বিবেচনা নেই।

## নিউ আলিপুর কলেজের পরিচালন সমিতি

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬৬) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নিউ আলিপুর কলেজের পরিচালন সমিতির সদস্যদের নাম কি; এবং

(খ) কলেজ পরিচালন সমিতিতে সরকারী প্রতিনিধি নির্দ্ধারণ করার পদ্ধতি কি?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) নিউ আলিপুর কলেজের পরিচালন সমিতির সদস্যগণের তালিকা সংযোজন করা আছে।

**Members of the Governing Body New Alipore College**

Dr. Pijush Chatterjee
President
102/1 Satyen Roy Road
Calcutta 700034

Dr. Banadev Mukhopadhyay
Member, Univ. Nominee
1A, Rani Rashmoni Road
Calcutta 700013

Prof. Jayanta Mukherjee
Member, Univ. Nominee
54 R N Das Road
Calcutta 700031

Shri Sanjay Banerjee
Member, Govt. Nominee
2/13 Samajgarh
Calcutta 700040

Shri Manoj Pratim Ganguli
Member Govt. Nominee
9/65 Netajinagar
Calcutta 700092

Shri Tulsidas Mukherjee
Member, CMC Nominee
11/14 Panditia Road
Calcutta 700029

Shri Arup Bose
Member, G.S.Students' Union
New Alipore College
Calcutta 700053

Dr. Sankar Chandra Ghosh
Teacher-in-charge/Secretary
Manshadanga, Bakra
Howrah 711105

Prof. Kashinath Mandal
Member, Teacher Representative
Jaychandipur
Bakhrehat
South 24 Parganas

Prof. Sachin Kumar Ghosh
Member, Teacher Representative
76B Rishi Arabinda Sarani
Nonamath, Haridevpur
Calcutta 700082

Dr. Asok Kumar Ghosh
Member, Teacher Representative
8 N.N.Dutta Road
Calcutta 700040

Shri Manoranjan Biswas
Member, Teacher Representative
23/A/B, Khanpur Road
Calcutta 700047

Shri Amiya Kumar Sarkar
Member, Non-Teaching Representative
10 Jeliapara Road
Calcutta 700014

Shri Uddharan Das
Member, Non-Teaching Representative
Ramkrishnanagar, Haridevpur
Calcutta 700082

(খ) সরকার নানা বিষয়ে বিবেচনা করে কলেজ পরিচালন সমিতিতে সরকারী প্রতিনিধি নির্দ্ধারণ করে।

**বাঙ্গুর হাসপাতাল সম্প্রসারণ**

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৮) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এম.আর. বাঙ্গুর হাসপাতাল সম্প্রসারণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য উন্নয়ন সংক্রান্ত প্রকল্পটির আওতাভূক্ত এম.আর.বাঙ্গুর হাসপাতালের উন্নয়নের জন্য প্রয়োজনীয় নির্মাণকার্য অবিলম্বে শুরু করা হবে। এর জন্য নির্মাণকারী সংস্থা নির্বাচন করা হয়েছে। প্রয়োজনীয় কাজ পরিচালন কমিটি (স্টিয়ারিং কমিটি) অনুমোদনসাপেক্ষে শুরু করা হবে। প্রকল্পটির মোট খরচ ৯৯,৪৬,০০০ (নিরানব্বই লক্ষ ছেচল্লিশ হাজার টাকা) ধরা হয়েছে।

(খ) দ্রষ্টব্য (ক)।

## ভস্মীভূত পাঠাগার পুনঃনির্মাণ

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৭) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** ঃ শিক্ষা (গ্রন্থাগার) ও বইমেলা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলী জেলার খানাকুল-বলপাই-দৌলতচক গ্রামীণ পাঠাগারটি গত ৩১শে অক্টোবর ১৯৯৮ এ সম্পূর্ণরূপে ভস্মীভূত হয়ে যায়; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি।

(খ) ঘটনাটির অব্যবহিত পরেই রাজ্য সরকারের পক্ষ থেকে গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঘোষণা করেছেন যে, সরকার ভস্মীভূত গ্রন্থাগারটি পুনঃনির্মাণ ও চালু করার জন্য সর্বতোভাবে

সাহায্য করবে। লাইব্রেরী ভবন নির্মাণ, আসবাবপত্র ও বই-এর জন্য গ্রন্থাগার কর্তৃপক্ষকে জেলা গ্রন্থাগার আধিকারিকের পরামর্শে স্কিম দিতে অনুরোধ করা হয়েছে। এই স্কিমগুলি জরুরি ভিত্তিতে অনুমোদনের ব্যবস্থা করা হচ্ছে। তা ছাড়া জেলা গ্রন্থাগার আধিকারিককে পরিচালন সমিতি ও জেলার লোকাল লাইব্রেরী অথরিটির সঙ্গে পরামর্শ করে গ্রন্থাগারটির ভবন নির্মাণের কাজ সম্পূর্ণ না হওয়া পর্যন্ত কাছাকাছি কোনও স্থানে সাময়িকভাবে স্থানান্তরিত করে গ্রন্থাগার পরিষেবা পুনরায় চালু করা যায় কি না—তা দেখার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

**বিবেকানন্দ সেতুর মেরামত**

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৯) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** ঃ পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বালী বিবেকানন্দ সেতুর দক্ষিণদিকের রাস্তাটি মেরামতের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিবেকানন্দ সেতুর কলিকাতার দিকস্থ অ্যাপ্রোচ রোডের সংস্কার এবং তৎসংলগ্ন অস্থায়ী বাস স্ট্যান্ড নির্মাণের পর যত দ্রুত সম্ভব দক্ষিণদিকের রাস্তাটির মেরামতির কাজ শুরু করার চেষ্টা চলছে।

**শিয়ালদহ স্টেশনচত্বর উন্নয়ন**

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৭) **শ্রী রবীন দেব** ঃ নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শিয়ালদহ স্টেশনচত্বর এবং সংলগ্ন এলাকার উন্নয়নের জন্য কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কি?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, পরিকল্পনা আছে এবং তা বাস্তবে রূপায়িত করা হচ্ছে।

(খ) শিয়ালদহ স্টেশন এবং সংলগ্ন এলাকার উন্নয়নের পরিকল্পনা অনুযায়ী স্টেশনচত্বরের দক্ষিণদিকে (নতুন কোর্ট বিল্ডিংয়ের পূর্বদিকে যেখানে পুরানো কোর্ট বিল্ডিং ছিল) সি.এম.ডি.এ. একটি বাস টার্মিনাস তৈরি করছে। সি.এম.ডি.এ.-র দ্বারা নির্মীয়মাণ এই বাস টার্মিনাসের উত্তরদিকে স্টেশনসংলগ্ন এলাকায় পূর্বরেল কর্তৃপক্ষ বাস, অটোরিক্সা এবং সরাসরি অন্যান্য গাড়ি চালানোর জন্য বিভিন্ন 'Bay' তৈরি করছে। এর ফলে স্টেশনচত্বর এবং সংলগ্ন এলাকায় স্টেশন-অভিমুখী/বহিমুখী বাস ও সরাসরি চলাচলকারী অন্যান্য যানবাহন সুষ্ঠুভাবে নিয়ন্ত্রিত করা যাবে এবং আশা করা হচ্ছে এর ফলে যানজট অনেকাংশে কম হবে। বাস টার্মিনাসের জন্য অনুমোদিত ব্যয় ১০৩.৬৪ লক্ষ টাকা।

### হাইকোর্টে বাংলা ভাষা ব্যবহার

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৪১১) **শ্রী রবীন দেব** ঃ আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উচ্চন্যায়ালয়ে (হাইকোর্ট) সর্বস্তরে বাংলা ভাষা ব্যবহারের সরকারী উদ্যোগ এ পর্যন্ত কতখানি বাস্তবায়িত হয়েছে?

**আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিষয়টি বর্তমানে কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীনে আছে।

### আসানসোলে বিদ্যুৎ সরবরাহে অবনতি

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫১) **শ্রী তাপস ব্যানার্জি** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি আসানসোল অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় অবনতি ঘটেছে; এবং

(খ) সত্যি হলে, এই অবস্থার প্রতিকারে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আসানসোল এলাকার বিদ্যুৎ পরিস্থিতি নির্ভর করে ডি.ভি.সি. কর্তৃক বিদ্যুৎ যোগানের উপর। গত অক্টোবর মাসে এন.টি.পি.সি.-র বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকার জন্য উক্ত অঞ্চলে বিদ্যুৎ যোগান সাময়িকভাবে আংশিক ব্যাহত হয়েছিল। বর্তমানে সেই পরিস্থিতি নেই এবং অবস্থার উন্নতি ঘটেছে।

(খ) উক্ত অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা আরও উন্নত করার জন্য বর্ধমান জেলা পরিষদ এবং আসানসোল দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটির সাথে আলোচনাক্রমে আরও সাতটি ৩৩/১১ কেভি সাব-স্টেশন ও একটি ২২০/১৩২/৩৩ কে.ভি সাব-স্টেশন নির্মাণের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নির্মাণ প্রকল্পে প্রায় ৬০ কোটি টাকার প্রয়োজন এবং এর জন্য ডব্লু.বি.আই.ডি.এফ.সি.-র কাছে ঋণের জন্য আবেদন করা হয়েছে।

### বে-আইনী মজুতদার

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫১) **শ্রী তাপস ব্যানার্জি** ঃ স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭-৯৮ আর্থিক বছরে কতজন মজুতদারকে বে-আইনীভাবে খাদ্যদ্রব্য মজুত রাখার অপরাধে গ্রেপ্তার করা হয়েছে;

(খ) উক্ত গ্রেপ্তার করা মজুতদারদের মধ্যে বর্ধমান জেলার কোন কোন মহকুমায় কতজন গ্রেপ্তার হয়েছে; এবং

(গ) গ্রেপ্তার হওয়া মজুতদারদের কাছ থেকে কত টাকার খাদ্যদ্রব্য আটক করা হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪৭৮ জনকে।

(খ) বর্ধমান সদর-এ - ২জন এবং

কাটোয়ায় - ১০ জন।

(গ) ৩,৫৮,৬৪,৭৬৬ (তিন কোটি আটান্ন লক্ষ চৌষট্টি হাজার সাত শত ছেষট্টি টাকার)

## বন্যায় আন্ত্রিক

**৭৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৭১) **শ্রী তপন হোড়** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাম্প্রতিক বন্যায় রাজ্যে আন্ত্রিক রোগে আক্রান্ত হয়ে কতজনের জীবনহানি (জেলাভিত্তিক) ঘটেছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সাম্প্রতিক বন্যায় আন্ত্রিক রোগে (Gastroenteritis) রাজ্যে ৪৩,০৬৫ জন আক্রান্ত হয়েছেন এবং ৪১৯ জনের জীবনহানি ঘটেছে।

জেলাভিত্তিক আক্রান্ত এবং মৃতের সংখ্যা

| | জেলা | আক্রান্ত | মৃতের সংখ্যা |
|---|---|---|---|
| ১। | মালদহ | ১৫,৮৩৮ | ২৩৯ |
| ২। | মুর্শিদাবাদ | ১০,১৭২ | ৮০ |
| ৩। | নদীয়া | ১,৮৭৩ | ৯ |
| ৪। | উঃ দিনাজপুর | ২,৬৬১ | ২৮ |
| ৫। | দঃ দিনাজপুর | ৩,০২০ | ৭ |
| ৬। | জলপাইগুড়ি | ৮,২১৬ | ৩৭ |
| । | কোচবিহার | ১,২৮৫ | ১৯ |
| | | ৪৩০৬৫ | ৪১৯ |

## কর্মবিনিয়োগ কেন্দ্র

**৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৯) **শ্রী সঞ্জয় বক্সী** ঃ কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা বর্তমানে কত;

(খ) সল্টলেক কর্মবিনিয়োগ কেন্দ্রে এবং টালা কর্মবিনিয়োগ কেন্দ্রে এ পর্যন্ত কতজন কর্মপ্রার্থীর নাম লিপিবদ্ধ আছে; এবং

(গ) ১৯৯৭ এর জানুয়ারি থেকে ১৯৯৮ এর অক্টোবর পর্যন্ত উক্ত দুটি কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কতজন বেকার কর্মে নিযুক্ত হয়েছেন?

**কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে অক্টোবর, ১৯৯৮ পর্যন্ত নথিভুক্ত বেকারের সংখ্যা ৫৯,৩৩,৭৬৬ জন।

(খ) অক্টোবর ১৯৯৮ পর্যন্ত নথিভুক্ত বেকারের সংখ্যা নিম্নরূপ ঃ

| **কর্মবিনিয়োগ কেন্দ্রের নাম** | **নথিভুক্ত বেকারের সংখ্যা** |
|---|---|
| ১। আঞ্চলিক কর্মবিনিয়োগ কেন্দ্র, সল্টলেক, কলিকাতা | ২,০৫,০৪৬ জন। |
| ২। উপ-আঞ্চলিক কর্মবিনিয়োগ কেন্দ্র, উত্তর কলিকাতা | ৮৮,১৫১ জন। |

(গ) উক্ত সময়ের মধ্যে কর্মবিনিয়োগ কেন্দ্র দুটি হতে চাকুরিপ্রাপকের সংখ্যা নিম্নরূপ ঃ

| **কর্মবিনিয়োগ কেন্দ্রের নাম** | **চাকুরিপ্রাপকের সংখ্যা** |
|---|---|
| ১। আঞ্চলিক কর্মবিনিয়োগ কেন্দ্র, সল্টলেক, কলিকাতা | ৩৮৯ জন। |
| ২। উপ-আঞ্চলিক কর্মবিনিয়োগ কেন্দ্র, উত্তর কলিকাতা | ৩৭২ জন। |

### মেয়ো হাসপাতাল

**৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৪) **শ্রী সঞ্জয় বক্সী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জোড়াবাগান বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মেয়ো হাসপাতালটি সরকার পুনরায় সাধারণ হাসপাতাল হিসাবে চালু করতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত হাসপাতালটি পুনরায় চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ২০০০ সালের মাঝামাঝি নাগাদ হাসপাতালে বহির্বিভাগ, প্যাথোলজি, এক্সরে ইত্যাদি চালু হবে বলে আশা করা যায় এবং তার পরে ২-৩ বছরের মধ্যে অন্তর্বিভাগ চালু হবে আশা করা যায়।

### Advance Medicare Research Institute

**77.** (Admitted Question No. 507) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Family Welfare Health Department be pleased to state-

(a) whether the State Government is connected with the AMRI (Advance Medicare Research Institute); and

(b) if so, the members in the Governing Body of the Institution?

**Minister-in-charge of Health and Family Welfare Department :**

(a) In views of the decision & (b) taken by the State Government that Niramoy Group of Institutions will be run by the Joint Sector Company formed by the State Government with Advanced Medicare & Research Institute Limited, a Joint Sector Company in the name of Advanced Medicare & Research Institute Limited

(AMRIL) was formed through participation of the State Government into its equity capital; and

(b) At present there are 16 (sixteen) members in the Board of Directors of the Company.

### সীমান্তবর্তী জেলাগুলিতে লিয়াঁজো কমিটি

**৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৫২০) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস** ঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তবর্তী জেলাগুলিতে জেলা প্রশাসন, জনপ্রতিনিধি ও সীমান্তরক্ষী বাহিনীর উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে 'লিয়াঁজো' কমিটি আছে; এবং

(খ) থাকলে, উক্ত কমিটির জেলা ও ব্লক পর্যায়ের সদস্য ও সদস্যা কে কে;

(গ) কতদিন পরপর উক্ত কমিটির সভা হওয়ার কথা; এবং

(ঘ) নদীয়া জেলাতে উক্ত কমিটির নিয়মিত সভা হয় কি না ও শেষ সভা কবে হয়েছে?

**স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) জেলা পর্যায়ের 'লিয়াঁজো' কমিটি ও ব্লক পর্যায়ের 'লিয়াঁজো' কমিটি গঠন নিম্নে দেওয়া হল ঃ

**জেলা পর্যায়ের লিয়াঁজো কমিটি**

| | | |
|---|---|---|
| সভাপতি, জেলাপরিষদ | — | চেয়ারম্যান |
| জেলাশাসক | — | সদস্য আহ্বায়ক |
| সুপারিনটেনডেন্ট অব পুলিশ | — | সদস্য |
| কম্যানডান্ট বি.এস.এফ. | — | সদস্য |

| | | |
|---|---|---|
| বিধায়ক | — | সদস্য |
| অ্যাসিস্‌টেন্ট কমিশনার, কাস্টমস্ | — | সদস্য |

**ব্লক পর্যায়ের লিয়াঁজো কমিটি**

| | | |
|---|---|---|
| সভাপতি, পঞ্চায়েত সমিতি | — | চেয়ারম্যান |
| ব্লক উন্নয়ন আধিকারিক | — | সদস্য |
| অফিসার ইন-চার্জ স্থানীয় থানা, থানাসমূহ | — | সদস্য |
| কোম্পানি কমান্ডার বি.এস.এফ. | — | সদস্য |
| প্রধান গ্রাম পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েতসমূহ | — | সদস্য |

(গ) উক্ত কমিটিগুলির প্রতি মাসে সভা হওয়ার কথা।

(ঘ) ১৭-১-১৯৯৮ পর্যন্ত নদীয়া জেলা 'লিয়াঁজো' কমিটির পাঁচটি সভা অনুষ্ঠিত হয়েছে।

**বগুলা হারানচন্দ্র সতীশচন্দ্র শ্রীকৃষ্ণ বালিকা বিদ্যালয়**

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৩) **শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস** ঃ বিদ্যালয় (শিক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার হাঁসখালি থানার অধীন বগুলা হারানচন্দ্র সতীশচন্দ্র শ্রীকৃষ্ণ বালিকা বিদ্যালয়টি দ্বাদশ শ্রেণীতে উন্নীত করার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, প্রস্তাবটি কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**বিদ্যালয় (শিক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

## অধ্যাপকের শূন্যপদ

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪১) **শ্রী কমল মুখার্জি** ঃ উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের সরকারী কলেজসমূহে কতজন অধ্যাপকের পদ শূন্য আছে;

(খ) হুগলি জেলায় চন্দননগর সরকারী কলেজে বর্তমানে শিক্ষক ও অশিক্ষকের কটি পদ শূন্য অবস্থায় আছে; এবং

(গ) ঐ পদগুলি পূরণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রায় তিনশত পদ খালি আছে।

(খ) শিক্ষক পদ শূন্য আছে ২৫টি। কোনও অশিক্ষক পদ শূন্য নেই।

(গ) শূন্যপদে শিক্ষক নিয়োগের ব্যাপারে ইতিমধ্যেই পাবলিক সার্ভিস কমিশনকে যথাযোগ্য ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়েছে।

## হীরাপুরে লিফ্‌ট ইরিগেশন

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৯) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি** ঃ জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হীরাপুর বিধানসভা কেন্দ্রে দামোদর নদী থেকে লিফ্‌ট ইরিগেশনের কোনও প্রকল্প গৃহীত হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই দপ্তরের বিবেচনাধীনে এখনও পর্যন্ত হীরাপুর বিধানসভা কেন্দ্রে রিভার লিফ্‌ট ইরিগেশনের কোনও প্রকল্প নেই।

তবে জেলা প্ল্যানিং কমিটি বর্ধমান জেলায় গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল (আর.আই.ডি.এফ.) এর মধ্যে বৃহৎ আকারের এবং ১০টি ক্ষুদ্র আকারের আর.এল.আই. প্রকল্পের প্রস্তাব রেখেছেন। কিন্তু এই প্রকল্পগুলির জন্য নির্বাচিত অঞ্চলের তালিকা এখনও পাওয়া যায় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

### সিঙ্গুরে দিয়াড়া-বড়া মার্কেট লিংক রোড

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭১) **শ্রী বিদ্যুৎ কুমার দাস** ঃ কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার সিঙ্গুর থানার অন্তর্গত দিয়াড়া-বড়া মার্কেট লিংক রোডের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত রাস্তাটি নির্মাণের মোট খসড়া ব্যয় ৫৫,৬৬,৫২৩.০০ টাকার প্রস্তাব অনুযায়ী বর্তমান আর্থিক বর্ষে ৬ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব অর্থদপ্তর মঞ্জুর করেছে এবং কাজ শীঘ্রই শুরু করা হবে।

### বাংলায় পঞ্চায়েতের চিঠিপত্র

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৪) **শ্রী পেলব কবি** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার পঞ্চায়েতগুলিতে যে চিঠিপত্র পাঠান তার ভাষা ইংরাজি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে উক্ত যোগাযোগের মাধ্যম বাংলা ভাষা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ কথা সম্পূর্ণ সত্যি নয়। বেশিরভাগ চিঠি বাংলা ভাষায় পাঠানো হয়।

ক্রমান্বয়ে যতদূর সম্ভব বাংলা ভাষাকে যোগাযোগের মূল মাধ্যম করার পরিকল্পনা সরকারের আছে।

**আই.আর.ডি.পি.-র ঋণ**

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৫) **শ্রী অজয় দে** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আই.আর.ডি.পি. ঋণ-এর সুযোগ কিসের ভিত্তিতে দেওয়া হয়;

(খ) উক্ত ঋণদানের ক্ষেত্রে কোনও আর্থিক সীমারেখা আছে কি না; এবং

(গ) থাকলে, তা কিরূপ?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দারিদ্রসীমার নিচে বসবাসকারী পরিবারবর্গকে উক্ত সীমারেখা অতিক্রম করতে সাহায্য করার জন্য আই.আর.ডি.পি. প্রকল্পে ঋণ ও অনুদান দেওয়া হয়।

(খ) ঋণদানের ক্ষেত্রে কোনও সীমা নেই। একটা প্রকল্পকে সার্থকভাবে রূপায়িত করতে যত অর্থের প্রয়োজন সেই পরিমাণ ঋণদান করা বিধেয়। কোনও চিহ্নিত পরিবারের ক্ষেত্রে অনুদানের পরিমাণ সাধারণ জাতির ক্ষেত্রে মোট প্রকল্প ব্যয়ের ৩৩.৩ শতাংশ, যা টাকার অঙ্কে অনুর্দ্ধ ৪০০০.০০ টাকা পর্যন্ত এবং তফসিলী জাতি বা উপজাতি অথবা শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে মোট প্রকল্প ব্যয়ের ৫০ শতাংশ, যা টাকার অঙ্কে অনুর্দ্ধ ৬০০০.০০ টাকা পর্যন্ত। ক্ষুদ্র সেচ প্রকল্পে অনুদানের কোনও ঊর্দ্ধসীমা নেই। অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষিত এবং ট্রাইসেম প্রকল্পে প্রশিক্ষণ প্রাপ্ত যুবক-যুবতীদের ক্ষেত্রে এই অনুদানের পরিমাণ মোট প্রকল্প বরাদ্দের ৫০ শতাংশ, অনুর্দ্ধ ৭৫০০.০০ টাকা পর্যন্ত।

এ ছাড়া আই.আর.ডি.পি. প্রকল্পের মোট বরাদ্দ ব্যয়ের ২৫ শতাংশ টাকা গুচ্ছ প্রকল্পে ব্যয় করতে হবে। কমপক্ষে ৫ জনের একটি

গুচ্ছের জন্য মোট প্রকল্প ব্যয়ের ৫০ শতাংশ অথবা ১.২৫ লক্ষ টাকার যেটি কম, অনুদান হিসাবে দেওয়া হবে।

(খ) 'খ' এর উত্তর দেখা যেতে পারে।

**অতিরিক্ত তথ্যাবলি ঃ**

১৯৯৭-৯৮ সালে দারিদ্রসীমার নিচে ৯১,৭৩৩টি পরিবারকে এই প্রকল্পে ঋণ দেওয়া হয়েছিল। এঁদের মধ্যে ৩৪,৩৩৯ (৩৭.৪৩ শতাংশ) তফসিলী জাতি ও উপজাতিভুক্ত এবং ৩৪,১৭৩ জন মহিলা (৩৭.২৫ শতাংশ)। গত আর্থিক বছরে মোট ৭,৪৮০.২৫ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছিল (ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা—১৭,৯৮৬ লক্ষ টাকা) এবং অনুদান দেওয়া হয়েছিল ৩,৭৫৫.৯৪ লক্ষ টাকা। বর্তমান আর্থিক বছরে (১৯৯৮-৯৯) নভেম্বর পর্যন্ত ৪৬.৩৪১টি পরিবারকে এ প্রকল্পে ঋণ দেওয়া হয়েছে যার মধ্যে ১৬.৯২১ জন (৩৬.৫১শতাংশ) তফসিলী জাতি/উপজাতিভুক্ত এবং ১৫,৪১৩ জন মহিলা।

**ই.এ.এস. প্রোগ্রামে কেন্দ্রীয় বরাদ্দ**

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৩) **শ্রী ঈদ্ মহম্মদ** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৮-১৯৯৯ আর্থিক বছরে এ পর্যন্ত ই.এ.এস. প্রোগ্রামে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত আর্থিক সাহায্য পেয়েছে; এবং

(খ) উক্ত অর্থের কি পরিমাণ ব্যয় হয়েছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৮-১৯৯৯ আর্থিক বছরে এ পর্যন্ত (নভেম্বর মাস পর্যন্ত) ই.এ.এস. প্রোগ্রামে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মোট ৬১ কোটি টাকা পেয়েছে।

(খ) চলতি বছরের অক্টোবর মাস পর্যন্ত ঐ প্রোগ্রামে মোট ৩৯ কোটি ৯৩ লক্ষ ৭১ হাজার টাকা ব্যয় হয়েছে। এই ব্যয়ের মধ্যে রাজ্য পরিকল্পনা তহবিল থেকে বরাদ্দকৃত অর্থও অন্তর্ভুক্ত আছে।

**কান্দী মহাকুমার সিভিল কোর্টে বিচারকের শূন্যপদ**

**৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৩) **শ্রী অশোক দেব** ঃ বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার কান্দী মহাকুমার সিভিল কোর্টে কোনও বিচারক নেই;

(খ) সত্যি হলে, তার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ উক্ত পদটি পূরণ হবে বলে আশা করা যায়?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) শূন্য একটি পদ শীঘ্র পূরণ হবে বলে আশা করা যায়।

**পর্যটনের উন্নয়নে সার্ভে**

**৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৯) **শ্রী নিশিকান্ত মেহেতা** ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলার পর্যটনের উন্নয়নের জন্য 'মোড রিসর্ট প্রাইভেট লিমিটেড' কে সার্ভে করার নির্দেশ দেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত কাজ কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ! সত্যি

(খ) আশা করা যায় বর্তমান আর্থিক বছরে মোড রিসর্ট প্রাইভেট লিমিটেড 'পুরুলিয়া সংক্রান্ত পর্যটন উন্নয়নের সমীক্ষা সমাপ্ত করতে পারবে।

## পুরুলিয়ায় সঞ্চিত চুণাপাথর

**৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৮) **শ্রী নিশিকান্ত মেহেতা** ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কি পরিমাণ চুনাপাথর আছে;

(খ) চুনাপাথরগুলি কি পদ্ধতিতে উত্তোলন করা হয়; এবং

(গ) উত্তোলনের সঠিক পরিমাণ কত?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরুলিয়া জেলায় প্রায় ২ কোটি টন পরিমাণ নিম্নমানের চুনাপাথর (শতকরা ২৫ ভাগ ক্যালসিয়াম অক্সাইড) সঞ্চিত আছে বলে এ পর্যন্ত হিসাব করা হয়েছে। ঝালদা, হংসপাথর এবং বাগমারার মধ্যবর্তী বা পাশ্ববর্তী অঞ্চলসমূহে গচ্ছিত খনিজগুলি আছে।

(খ) দুটি খনির ইজারা এখন মঞ্জুর করা হয়েছে এবং খনিজ পদার্থটি ভূমিখন্ডের উপরিভাগ থেকে 'শ্রমিক দ্বারা উত্তোলন পদ্ধতিতে (Manual open cast method) উত্তোলন করা হয়।

(গ) ১৯৯১-৯২ থেকে ১৯৯৬-৯৭ পর্যন্ত পুরুলিয়া জেলায় উত্তোলিত চুনাপাথরের পরিমাণ নিচে দেওয়া হল ঃ

| সাল | পরিমাণ |
|---|---|
| ১৯৯১-৯২ | ৫৬৯ মেট্রিক টন |
| ১৯৯২-৯৩ | ৪২২ মেট্রিক টন |
| ১৯৯৩-৯৪ | ৫৭২ মেট্রিক টন |
| ১৯৯৪-৯৫ | ৪৬৪ মেট্রিক টন |
| ১৯৯৫-৯৬ | ৪৯৪ মেট্রিক টন |
| ১৯৯৬-৯৭ | ১৮৩৭ মেট্রিক টন |
| ১৯৯৭-৯৮ | গ্রন্থনা করা হয় নি |

**পঞ্চায়েত পরিচালনায় গ্রামসংসদের ভূমিকা**

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৩) **শ্রী নিশিকান্ত মেহেতা** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পঞ্চায়েত পরিচালনা ব্যবস্থায় গ্রামসংসদ ও গ্রামসভার সিদ্ধান্তগুলি কি ম্যান্ডেটরী বা অবলিগেটরী?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গ্রামসংসদ বা গ্রামসভার সিদ্ধান্তগুলি কার্যকর করা আবশ্যিক (ম্যান্ডেটরী বা অবলিগেটরী) নয়। তবে গ্রামসংসদ বা গ্রামসভার কোনও সিদ্ধান্ত কার্যকর করতে চাইলে গ্রাম পঞ্চায়েতের সভায় সেই অনুযায়ী গ্রাম পঞ্চায়েতকে সিদ্ধান্ত নিতে হবে।

**গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন নিগম**

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭১) **শ্রী ভক্তরাম পান** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন নিগমের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়;

(খ) উপরি উক্ত নিগমের প্রশাসনিক পরিকাঠামোটি কিরূপ; এবং

(গ) বর্তমান আর্থিক বছরে উপরি উক্ত কাজের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন নিগম এই বছর আগস্ট মাসে গঠিত হয়েছে, কিন্তু নানান প্রশাসনিক কারণে এই নিগমের কাজকর্ম এখনও শুরু করা যায় নি, আশা করা যায় আগামী বছরে নিগমের কাজ শুরু করা যাবে।

(খ) এই সংস্থার কাজকর্ম চালানোর জন্য সাতজন সদস্যবিশিষ্ট একটি বোর্ড গঠিত হয়েছে। পরিকাঠামোর বাকি বিষয়গুলি এখনও স্থিরীকৃত ও চূড়ান্ত করা যায় নি।

(গ) এই নিগমের অনুমোদিত শেয়ার মূলধন ৫০ কোটি টাকা। নিগমের খরচের জন্য এ বছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১৫.৫০ লক্ষ টাকা যার মধ্যে এ পর্যন্ত কোম্পানি রেজিস্ট্রেশন ইত্যাদি বাবদ ১৫.০৮ লক্ষ টাকা খরচ হয়েছে।

**Mr. Speaker :** There is a motion moved by Shri Abu Ayes Mondal. Is Shri Rabin Mukherjee present?

(At this stage, Shri Rabin Mukherjee was not found present in the house)

He is not present. Very well. We will take it up later on if he comes during the course of the Session. Otherwise, I will pass my order at the end of the Session.

## CALLING ATTENTION (NOTICE)

**Mr. Speaker :** Today, I have received one notice of Calling Attention on the following subject.

1. Non-disposal of cases in the courts due to decrease in the number of Judges - by Shri Ashok Kumar Deb.

As this was dealt with on a question by the Minister and it was answered in a great detail, it is out of order and disallowed.

## CALLING ATTENTION (STATEMENT)

Now, I call upon the Minister-in-charge of Agriculture Marketing Department to make a statement on the subject of control of price of potato.

(Attention called by Shri Nirmal Das on the 22nd December 1998)

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থকরী ফসল আলু চাষে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকসহ অন্যান্য কৃষকেরা এই ফসল চাষ করে প্রত্যেকে নিজেদের

সংসারকে প্রতিপালন করতে চায়। ফলে আলুর এলাকা এবং উৎপাদন ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। অন্যান্য জিনিসের ন্যায় প্রত্যেকটি কৃষি উপকরণের দাম বৃদ্ধি পাওয়ায় আলুর উৎপাদনজনিত খরচ বৃদ্ধি হয়েছে এবং আলুর মূল্যও বৃদ্ধি হয়েছে। পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষে চাষবাসের উন্নতি প্রভূত হইলেও এখনও চাষবাস আংশিকভাবে প্রকৃতির উপর নির্ভরশীল। ফলে ১৯৯৭-৯৮ সালে আলুর মরশুমে এমন কি আলু পেকে উঠার সময় অকাল বর্ষনের ফলে আলুর ফলন এবং উৎপাদন প্রচন্ড মার যায়। ১৯৯৮ সালে সারা বছর কোনও না কোনও প্রান্তে প্রাকৃতিক বিপর্যয় যথা বন্যা, খরা, টর্নেডো প্রভৃতি লেগেই ছিল। ফলে শাক সব্জির উৎপাদন ও প্রত্যেকটি মরশুমেই ব্যাহত হয় এবং শাক সব্জি না পেয়ে আলুর চাহিদা বেড়ে যায়।

১৯৯৭-৯৮ সালে আলুর এলাকা, ফলন এবং উৎপাদন পর্যালোচনা করলে দেখা যায়, ঐ বছরের কি অবস্থা।

| সাল | এলাকা (হাজার হেক্টর) | হেক্টরপ্রতি ফলন (কেজিতে) | মোট উৎপাদন (হাজার মেট্রিক টন) |
|---|---|---|---|
| ১৯৯৭-৯৮ | ২৮৪.০১৫ | ২০৯৪৭ | ৫৯৪৯.৩৬৫ |
| ১৯৯৬-৯৭ | ৩১৪.২৯৮ | ২৬৯৫৬ | ৮৪৭২.২৬৫ |
| ১৯৯৫-৯৬ | ২৫৫.৮৮৯ | ২৪৪৫৬ | ৬২৫৮.০২৭ |

১৯৯৭-৯৮ সালে, মাঠ থেকে আলু উঠার সময় বাজার দর উর্দ্ধমুখী থাকে এবং কৃষকেরা এই সন্তোষজনক দাম পেয়ে গত মরশুমের ক্ষতি পূরণ হয়। বেশির ভাগ ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষক ক্ষেত থেকেই আলু বিক্রি করে দেন অন্য দিকে আলু অপেক্ষাকৃত কম উৎপাদন হওয়া এবং হিমঘরজাত করার মুখে ভাল দাম থাকায় হিমঘরগুলিতে জায়গা থাকা সত্ত্বেও মাত্র শতকরা ৭০-৭৫ ভাল কোল্ড স্টোরেজের স্থান পূরণ হয়।

এসব সত্ত্বেও পশ্চিমবঙ্গবাসীদের সর্বোচ্চ কেজি প্রতি ১০-১১ টাকার মধ্যে আলু সরবরাহ করা সম্ভব হয়েছিল। অথচ ভারতবর্ষের অন্যান্য রাজ্যে ঐ একই সময়ে কেজি প্রতি আলুর দাম ছিল ১৮-১৯ টাকা।

পশ্চিমবঙ্গবাসী সকলেই জানেন ডিসেম্বর মাস থেকে প্রতি বছর স্থানীয় বা পাঞ্জাব বা অন্যান্য প্রদেশ থেকে নতুন আলু আমদানি হয় এবং পুরানো আলুর দাম পড়তে থাকে। এ বছরও তার ব্যতিক্রম হয়নি।

হিমঘরে মজুত আলুর উপর নিয়ন্ত্রিত নজরদারি ও তদারকির ফলে অন্য রাজ্যে কেজি প্রতি আলুর দাম ১৮-১৯ টাকা হওয়া সত্ত্বেও এরাজ্যে খুচরো আলুর দাম সর্বোচ্য ১০-১১ টাকা ধরে রাখা সম্ভব হয়েছিল।

হিমঘরে রাখা কোনও আলু জোরকরে বের করে বিক্রি করে দেওয়ার আইনগত কোনও ক্ষমতা সরকারের হাতে নেই।

প্রথমেই বলেছি আলুর উৎপাদন অনেকটা প্রকৃতি এবং আনুষাঙ্গিক ব্যবস্থাদির উপর নির্ভর করে। তাই কোনও কোনও বছর আলু উৎপাদনের তারতম্য ঘটে যায়। প্রয়োজনের তুলনায় বেশি আলু উৎপাদন হয়ে গেলে আলু বহুল ব্যবহার কিভাবে করা যায় সে ব্যাপারেও চিন্তা ভাবনা হচ্ছে। অন্যান্য সংস্থা বা হিমঘর মালিকদের আমি অনুরোধ করেছি স্বদেশ-বিদেশে গিয়ে দেখে আসুন কিভাবে আলু ব্যবহার হচ্ছে। আমাদের রাজ্যেও সেই প্রযুক্তি ব্যবহার করতে হবে। প্রয়োজনে ওদের সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছি। সরকারও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করছেন।

আলু যেহেতু পচনশীল ফসল এবং অল্প সময়ের মধ্যে নষ্ট হয়ে যায়, সেইহেতু সংরক্ষনের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। এখন পশ্চিমবঙ্গে মোট ৩২৩টি হিমঘর আছে এবং উত্তরবঙ্গের জেলাগুলিতেও হিমঘরের সংখ্যা বেড়ে চলেছে। আরও বেশি করে হিমঘর স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে। ১৯৯৮ সালে প্রায় ৩৪ লক্ষ মেট্রিক টন আলু সংরক্ষণ করার ব্যবস্থা হয়েছে। যা কিনা ১৯৯৫ সালের চেয়ে ৭ লক্ষ মেট্রিক টন বেশি।

কৃষকরা হিমঘরে আলু মজুত রেখে বাজারের চাহিদামতো যাতে আলু বিক্রি করতে পারেন তার ব্যবস্থা প্রায় সুনিশ্চিত করা গেছে।

হিমঘরে আলু রেখে অভাবের সময় টাকার প্রয়োজন হলে আলু বন্ড জমা রেখে ব্যাঙ্ক ঋণ বা Pledge Finance এর মাধ্যমে কৃষকদের টাকার ব্যবস্থা করা গেছে।

এবার আলুর বহুল-ব্যবহার চালু করতে পারলে আলু চাষীদের স্বার্থ আরও সুনিশ্চিত করা সম্ভব হবে।

আমাদের আরও অনেক হিমঘর তৈরি করা প্রয়োজন বিশেষত উত্তরবঙ্গের চাষীদের স্বার্থে। হিমঘর ব্যবসাটা যাহাতে অন্যান্য শিল্পের ন্যায় সরকারি সুযোগ

সুবিধা পায় এবং এই ব্যবসায় আরও বেশি লগ্নি করার জন্য ব্যবসায়ীরা আগ্রহী হন - সেজন্য সকল দিক বিশেষভাবে বিবেচনা করা হচ্ছে। আলুর উচ্চ বা নিম্নমূল্য নির্দ্ধারিত করে দেওয়া এই মুহূর্তে সম্ভব নয়। তবে আলু চাষীদের স্বার্থ রক্ষার জন্য কৃষি বিপণন বিভাগ সর্বদা চেষ্টা করে যাচ্ছেন। মাননীয় সদস্যদের সর্বপ্রকার সহযোগিতা এবং সুচিন্তিত পরামর্শ আমরা আগ্রহের সহিত কামনা করি।

## DEBATE ON A REPORT OF THE PRIVILEG COMMITTEE

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল বিধানসভার যে রীতিনীতি সেটা আর একবার খুব দুর্ভাগ্যজনকভাবে লঙ্ঘন করতে দেখেছি। গতকাল বিধানসভা থেকে আপনি সাংবাদিক এম.জি.আকবরকে সমন করেছিলেন। তার বিরুদ্ধে গতকাল দেখেছি কংগ্রেসের শ্রী সৌগত রায় সহ অন্যান্য সদস্যরা তারা বলেছেন যে, সংবাদপত্রের কণ্ঠ রোধ করা হচ্ছে। আজকে একথা ওরা কি করে বলেন? একথা বলে আপনার চেয়ারকে এবং বিধানসভাকে অপমান করা হয়েছে। ওরা এখানে এম.জি.আকবরের জন্য বলছেন, দালালি করছেন, কিন্তু জানেন না যে, গতকালই রাজ্যসভায় কি ঘটেছে। গতকাল রাজ্যসভাতে এম.জি.আকবরের উপর সমন জারি করা হয়েছে। রাজ্যসভার চেয়ারম্যানের কাছে রাজ্যসভার কংগ্রেসের নেতা, সেখানে প্রণব মুখার্জিও আছেন, তারা স্বাধিকারভঙ্গের নোটিস দিয়েছেন এবং চেয়ারম্যান কৃষ্ণকান্ত সেটা বিবেচনা করবেন বলে রাজ্যসভায় বিবৃতি দিয়েছেন। আজকে বিধানসভায় যখন সৌগতবাবুর নেতৃত্বে কংগ্রেস এই ভূমিকা পালন করছেন তখন রাজ্যসভায় ঠিক বিপরীত ভূমিকা পালন করছেন। কংগ্রেস একটি জাতীয় দল, কিন্তু তাদের বিধানসভায় এক নীতি এবং কেন্দ্রে অন্য নীতি। এই ভূমিকার জন্য তাদের আমি ধিক্কার দিচ্ছি। সাংবাদিকের কণ্ঠ রোধ করা হচ্ছে বলে ওরা গতকাল বিধানসভায় যে বিবৃতি দিয়েছেন তাতে বিধানসভার স্বাধিকার ভঙ্গ হয়েছে, আপনার চেয়ারকে অপমান করা হয়েছে। তারজন্য আমরা প্রিভিলেজ মোশন আনতে চাই। এ ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এখানে আপনি যে অলোচনা করেছিলেন তাতে কংগ্রেসের গাত্রদাহ হয়েছে। যারা জরুরি অবস্থার সময় প্রেস সেনসরশিপ করেছিলেন, যারা বরুণ সেনগুপ্তকে জেলে পুরেছিলেন, আজকে তারাই নাকি সাংবাদিক এবং সংবাদপত্রের রক্ষক! ওদিকে গতকালই একটি ঘটনা ঘটেছে; তাদের নেতা রাজ্যসভায় এশিয়ান এজের এম.জি.আকবরের বিরুদ্ধে সমন জারি

করেছেন। আমি স্যার দেখতে চাই তাঁরা কি মন্তব্য করেছেন। আমার বক্তব্য হচ্ছে হাউসকে অবমাননা করা হয়েছে। এটা হাউসের ডিসিসন। এখানকার আইন নিয়মাবলি এইগুলি অবজ্ঞা করছে যাঁরা, তাঁদের পক্ষ অবলম্বন করছে কংগ্রেস। এই হচ্ছে বিরোধী সদস্যদের অবস্থা। আমি বুঝতে পারছি না ওঁরা কতটা নিচে নামতে পারেন। নিজেদের ব্যক্তিগত স্বার্থ রক্ষা করার জন্য হাউসের যে সম্মান সেটাকেও পদদলিত করছে। এখানে ওনারা বলছেন যে সাংবাদিকদের কণ্ঠ রোধ করা হচ্ছে অপরদিকে ওঁদের নেতা মনমোহন সিং রাজ্যসভায় সমন জারি করেছেন, প্রিভিলেজ দিয়েছেন সেই একই লোকের বিরুদ্ধে এই কংগ্রেস। এই রকম ওঁদের দুর্দশা হয়েছে। ওঁদের রাজ্য সভায় এক মত আর বিধান সভায় আর এক মত। এই জিনিসই ওঁদের সর্বনাশের পথে ঠেলে দিয়েছে। আমরা সংবাদপত্রের বিরুদ্ধে নয় সাংবাদিকদের বিরুদ্ধে নয়, এই হাউসকে যাঁরা অবমাননা করছেন তাঁদের বিরুদ্ধে আমাদের প্রতিবাদ। এই সম্পর্কে আপনি বিবৃতি দিন, আপনি রুলিং দিন এবং আমাদের কি করনীয় সেটা জানান।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার স্যার, শাসকদলের দু-জন বক্তার বক্তব্য শোনার পর আরো নিশ্চিত হলাম যে কালকে যে উদ্দেশ্যে বক্তব্য রেখেছিলাম সেটা সঠিক। এই হাউসে আপনি অনেক বার রুলিং দিয়েছেন যে অন্য জায়গায় কি হচ্ছে না হচ্ছে সেটা এখানে আলোচনা করা যায় না। সেই রুলিংকে না মেনে...

(গোলমাল)

অন্য হাউসের এই সব জিনিস নিয়ে এই হাউসে আলোচনা করা যায় না, একাধিকবার আপনি এই রুলিং দিয়েছেন। আজকে সেটাকে ডিফাইন করে এখানে আলোচনা হচ্ছে। আমরা যেটা বলতে চেয়েছিলাম তা হলো ওঁনার অপরাধ ক্ষমা করে দেওয়া হোক। এর আগে প্রিভিলেজ কমিটি রিপোর্ট দিয়েছিল, সেই রিপোর্টে ক্ষমা করে দেওয়ার কথা বলা হয়েছিল। আজকে রাজ্যসভার রেফারেন্স টেনে নানা কথা বলা হচ্ছে। আজকে এখানে শাসক দলের দু-জন বক্তার বক্তব্য শুনে মনে হচ্ছে। মিঃ এম.জি.আকবরের অপরাধের বিরুদ্ধে ওঁনাদের রাগ নয় ব্যক্তি মিঃ আকবরের বিরুদ্ধে ওঁনাদের রাগ। তাঁর বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা নেওয়ার বিরুদ্ধে আমাদের প্রতিবাদ। পশ্চিমবঙ্গ বিধানসভায় কি হবে না হবে নিশ্চয়ই সেটা দেখার ব্যাপার আমাদের আছে। আমাদের একটা ঐতিহ্য আছে সংস্কৃতি আছে, এই হাউসে সাধারণত কোনও

সাংবাদিককে হেনস্থা করা হয় না। ১৯৭৬ সালে এই রকম একটা ঘটনা ঘটেছিল বামপন্থী সদস্যাকে কেন্দ্র করে। খুব কুৎসিত ভাষায় কাগজে লেখা হয়েছিল ইলা মিত্রের ব্যাপারে। সম্ভবত কুমার দীপ্ত সেনগুপ্তের নোটিসের ভিত্তিতে করা হয়েছিল। এ ছাড়া দীর্ঘ ৫২ বছর ধরে এই ধরণের ঘটনার এই হাউসে নজির নেই। আজকে সেই নজির তৈরি হলে খারাপ হবে। এটা বিধানসভার ইতিহাসে হয় নি। এই হাউস থেকে প্রিভিলেজ কমিটি তৈরি করে দেওয়া হয়েছে, সেই প্রিভিলেজ কমিটি একটা রিপোর্ট দিয়েছিল, সেই রিপোর্ট হাউসে প্লেস করা হল। সেই রিপোর্টে একজন সদস্য সন্তুষ্ট না হওয়ার জন্য ফারদার আবার সেই প্রিভিলেজ কমিটিতে পাঠিয়ে দেওয়া হল বিচার করার জন্য। প্রথমের রিপোর্টে বলা হল ক্ষমা করে দেওয়া হোক। আবার একই কমিটির সদস্য তারা আবার বিচার করে বললেন যে শাস্তি দেওয়া হোক। একই কমিটির একই সদস্য দু-বার দু রকম রায় দিচ্ছেন। সেই জন্য আমি বলছি আমাদের যাতে সন্দেহ করতে না পারে, আমাদের ইনফ্লুয়েন্সের ব্যাপারে সন্দেহ করতে না পারে সেই বিষয়ে চিন্তা করা উচিত। আমাদের সন্দেহের উর্দ্ধে থাকা উচিত। এটা একটা সামান্য ব্যাপার নয়, এটাকে একটা পারসোনাল ইস্যু না করে, তাঁর উপর প্রতিশোধ নেবার মনোভাব না দেখিয়ে ড্রপ করা হোক। এটা জানিয়ে দেওয়া হোক যে পশ্চিমবঙ্গ বিধানসভার সাংবাদিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ইচ্ছা নেই। আমাদের অনেক লাঞ্ছনা সহ্য করতে হয়, আমরাও অনেক প্রিভিলেজ দিয়েছি, পরে সেইগুলি ড্রপ করা হয়েছে। আজকে যে অবস্থা তৈরি হয়েছে, আপনি দেখুন, অভিযোগকারি ছিলেন রবীন মন্ডল। তিনি প্রিভিলেজ কমিটিতে তুলেছিলেন। আজকে তিনি, সেই একই লোক বিচারকের ভূমিকায়। সেইজন্য বলছি, কালকেও বলেছি রাজ্যসভার নজির টেনে এখানে আপনি কিছু করবেন না। আপনি এর আগে নিজেও ব্যাখা দিয়েছেন যে, অন্য হাউসের নজির এখানে টানা যায় না। সেজন্য বলছি, এম.জে.আকবরের উপরে প্রতিশোধ নিতে গিয়ে আপনি এটা করবেন না।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় স্পিকার মহোদয়, কালকের ঘটনা সম্পর্কে আজকে আমরা কয়েকজন এখানে আলোচনা করছি। অদ্ভুত ব্যাপার, আমাদের মাননীয় প্রবীন সদস্য সৌগত রায় যে ভাবে এম.জে.আকবরের পক্ষ সমর্থন করেছেন, এটা নজিরবিহীন ঘটনা। কারণ তিনি প্রিভিলেজ কমিটির একজন মেম্বার। আমিও প্রিভিলেজ কমিটির একজন মেম্বার। প্রিভিলেজ কমিটিতে একটা সিদ্ধান্ত হয়ে যাওয়ার পর সেই সিদ্ধান্ত যদি তিনি মেনে না নেন - তিনি বলে গিয়েছিলেন যে, আমি

দুঃখ প্রকাশ করব। আমরা এর আগে স্টেটস্‌ম্যান পত্রিকার সম্পাদককে ডেকেছিলাম। তিনি দুঃখ প্রকাশ করেছিলেন। কিন্তু এম.জে.আকবর তিনি দুঃখ প্রকাশ করেন নি। আমরা সেইজন্য তাঁকে ডেকেছি। এতে অন্যায় কোথায়? কংগ্রেস দল তারা বিধানসভায় এক রকম নীতি নিয়ে চলেন, আবার লোকসভায় আর এক রকম নীতি নিয়ে চলেন। সৌগত রায় প্রিভিলেজ কমিটির একজন মেম্বার। তিনি ওখানকার সিদ্ধান্তের সাথে একমত হয়েছিলেন। তারপর তিনি কি করে এই রকম বলেন তা আমি জানি না। সেইজন্য আপনি কালকে যেটা করেছেন, সেটা সঠিক পথ। আপনি সঠিক করেছেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কৃপাসিন্ধু সাহা যে কথা বললেন, তিনি হাউসে একটা অসত্য কথা বলেছেন। আমিও প্রিভিলেজ কমিটির একজন মেম্বার। যেদিন এম.জে.আকবর সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়া হয়, সেদিন আমি সৌগতবাবু ডিফার করেছিলাম। আমরা বলেছিলাম, আজকে যেভাবে সিদ্ধান্ত নেওয়া হচ্ছ, এতে আমাদের নোট অব ডিসেন্ট নেওয়া হোক। সেই সময়ে ডেপুটি স্পিকার চেয়ারম্যান ছিলেন। তিনি বইপত্র এনে বলেছিলেন, এখানে নোট অব ডিসেন্ট দেবার কোনও পদ্ধতি নেই। এর আগে ডাঃ মানস ভুঁইঞার ব্যাপারে এই হাউসে যখন প্রিভিলেজ এসেছিল, সেই সময়ে অপূর্বলাল মজুমদার প্রিভিলেজ কমিটিতে একজন সদস্য ছিলেন। তিনি নোট অব ডিসেন্ট দিয়েছিলেন। প্রিভিলেজ কমিটিতে সেদিন কিন্তু আমরা এম.জে.আকবরের বিরুদ্ধে এই রকম শাস্তিমূলক সিদ্ধান্ত নেওয়ার বিরুদ্ধে ছিলাম। আমরা কংগ্রেসের পক্ষ থেকে সম্পূর্ণ বিপক্ষে ছিলাম। বিষয়টি নিয়ে বির্তক হয়েছিল। বির্তক হওয়ার পর আমাদের দেখানো হয় যে নোট অব ডিসেন্ট দেওয়ার কোনও পদ্ধতি নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দ্ব্যর্থহীন ভাষায় বলছি যে, সেদিন আমি এবং সৌগতবাবু বিরুদ্ধাচারণ করেছি। একজন মানুষের বিরুদ্ধে সামান্য একটা ব্যাপার নিয়ে আপনি অনেক দৃষ্টান্ত স্থাপন করেছেন - এই রকম ভাবে সাংবাদিকের কণ্ঠরোধ করা, মিডিয়াকে ভয় দেখানো, এতে হাউসের সম্মান ক্ষুন্ন হয়। আপনি অনেক দৃষ্টান্ত স্থাপন করেছেন। আমি পুনরায় বলছি যে, আমরা সেদিন নোট অব ডিসেন্ট দিয়েছিলাম। এর পরেও যদি এই রকম হয়, তাহলে আমরা প্রিভিলেজ কমিটি থেকে পদত্যাগ করতে বাধ্য হব।

(এই সময়ে মাননীয় সদস্য সৌগত রায় হাউসে এসে কিছু বলার জন্য দাবি করেন।)

(গোলমাল)

(Noise & Interruptions)

Ruling from the chair (on the debate)

**Mr. Speaker :** I cannot allow it. Mr. Roy, please take your seat.

(Noise & Interruptions)

Take your seat. I am on my leg.

[11-20 — 11-30 a.m.]

**Mr. Speaker :** No more, no more. I am sorry, you are late. I cannot allow it. Take your seat. I cannot allow it. I am sorry.

...noise & interruptions...

No, No, No, Take your seat. Please take your seat. Mr. Roy, take your seat. Mr. Roy, please take your seat. I am on my legs.

.....Noise.....

Mr. Ram Janam Manjhi, please take your seat. Now, it is very unfortunate that what should have taken place on a debate on a report of the Privilage Committee, is taking place now. The report was placed in the House. Members get copy of it. A date was fixed for adoption. Nobody raised any question. It was adopted unanimously. There was no problem as regards that. How does this problem arise now ? A matter cannot be debated, once it is adopted by the House. I am sorry if you do not know the rules, go and read it once more. The report was adopted by the House unanimously. So, the question does not arise. The report has been adopted by the House. It was the report of this Privilage Committee placed on the table of the House. It is laid on the table for the several days. A date was fixed for adoption. Nobody wanted

a debate. Nobody had anything to say. Now, they have got lets to say because you may have certain personal interest to act - an axe to grind. I am not concerned with that. We are concerned with the system, we are concerned with the rules, we are concerned with the practices. As I have said yesterday, we are not concerned with the personalities, we are not concerned with the individuals. There are precedents in the House where editors have been summoned to the Bar of the House and they have appeared. If you commit a mistake either you say, "sorry" or you appear before the Bar. There is no alternative. Nobody can be so great as to say, 'I am not sorry'. The Chief Minister had said sorrry in this House on occassions. There is no greater greatness than saying, 'sorry, I made a mistake'. But there is no greatness in trying to protect someone who is trying to avoid the responsibility of saying.'I am sorry for not appearing before the House'.

(noise & interruptions)

I am on my legs. Please, take your seat. Nobody debated the issue when the report was laid. I am sorry, It cannot be debated now. It is out of order. If Mr. Tapan Hore files a Notice of Privilege, I will look into it.

(Noise)

## LAYING OF REPORT

### The Annual Reports of the West Bengal Electronics Industry Development Corporation Limited for the years 1994-95, 1995-96 and 1996-97

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to lay the Annual Report of the West Bengal Electronics Industry Development Corporation Limited for the year - 1994-95, 1995-96 and 1996-97.

**The Reports and Annual Accounts of the Webel Informatics Limited for the years 1990-91 and 1991-92**

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to lay the Report and Annual Accounts of the Webel Informatics Limited for the years - 1990-91 and 1991-92.

**The Annual Reports of the Webel Carbon and Metal Film Resistors Limited for the years 1990-91 and 1991-92**

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to lay the Annual Reports of the Webel Carbon and Metal Film Resistors Limited for the years 1990-91 and 1991-92.

**The Reports and Accounts of the Webel Mediatronics Limited for the year 1995-96**

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to lay the Report and Accouts of the Webel Mediatronics Limited for the year 1995-96.

**The Audit Report and Financial Statements of the Webel Video Devicess Limited for the year ended on 31st March,1993**

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to lay the Audit Report and Financial Statements of the Webel Devicess Limited for the year ended 31st March, 1993.

**DISSCUSSION ON MOTION UNDER RULE - 185**

**Mr. Speaker :** Now, I call upon Shri Deba Prasad Sarkar to move his motion

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that. This House notes with deep concern -

"that the recent US aggression on Iraq backed by UK on the fake allegation that the Iraq Government has not provided the necessary level of co-operation to the UN arms inspectors to work effectively has not only transgressed the sovereignity of Iraq but also pushed the entire Middle East on to the brink of a war, posing severe threat to world peace;

that in the face of unprecedented voice of protest by the peace-loving people all over the world including USA though the US Government has temporarily stopped its airstrikes, the possibility of fresh attack cannot be ruled out in any way;

that the US attack takes place at a moment when the International Atomic Energy Agency has explicity stated that Iraq has not failed in any way to co-operate with the UN inspection negating the US claim to the contrary which is being used by the latter as a plea for attack; and

that the savage US has showed complete disregard to UN Council and Security Council's decisions and UN Charter rather cynical contempt towards the entire anti-imperialist peace-loving world opinion.

This House also notes with deep concern -

that unable to surmount the acute economic crisis in their country and to ensure their hegemony over the Middle East oil resources, the US imperialism is having resort to this barbaric attack; and

that the shameful ignominy the President of that country faces now, may have prompted the US to choose this moment of attack to divert people's attention inside the country any even the world over.

This House, therefore, expresses its strongest indignation at and condemnation of the dastardly US aggression on Iraq and its naked overlordism in complete violation of all norms and trampling all canons of international law and demands along with the peace-loving people of India and the world that -

1. the US Government abandon its policy of overlordism and desist from violating in the any way the sovereignity of Iraq and any other country in future;

2. the US military presence in the Persian Gulf be withdrawn immediately; and

3. the economic sanctions against Iraq be lifted immediately."

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেবপ্রসাদ সরকার এবং অন্যান্য মাননীয় সদস্যদের এই যে প্রস্তাব আমি এটাকে সর্বসম্মতিক্রমে আমাদের পার্টির তরফ থেকে সমর্থন করছি এবং আজকে সারা বিশ্বের জনগণ দেখছে, ইউ.এস.এ. এবং ইউ.কে. দুইজনে যৌথভাবে ইরাকের উপর যেভাবে আক্রমণ করেছে, নগ্নভাবে জনমতকে উপেক্ষা করে, এটা শুধু বিধানসভায় দাঁড়িয়ে কনডেম করলে মনে হয় না যথেষ্ট হবে। এর জন্য আমাদের আরো যতদূর যাওয়া দরকার, যাওয়ার প্রয়োজন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই, ইরাকের উপর আগে এই বিষয়ে আঘাত হেনেছিল যখন ইউ.এন. এর মাধ্যমে একটা সমাধান করার চেষ্টা হচ্ছিল এবং ইউ.এন.ও.র কাছে যখন ব্যাপারটা পেন্ডিং আছে এবং ইউ.এন.ও. ব্যাপারটা দেখছেন, তখন রাষ্ট্রপুঞ্জকে উপেক্ষা করে মতামত না নিয়ে, রাষ্ট্রপুঞ্জের পর্যবেক্ষক ঘুরে এসেছে তার মতামতকে উপেক্ষা করে সেক্রেটারি জেনারেলের মত না নিয়ে....

[11-30 — 11-40 a.m.]

স্যার, ইউ.এস. এবং ইউ.কে. যেভাবে ইরাকের উপরে আঘাত এনেছে এটা সভ্য সমাজের পক্ষে, সভ্য দেশের পক্ষে কলঙ্কজনক। আজকে আমরা বিধানসভায় প্রস্তাব এনে সারা ভারতবর্ষকে জানিয়ে দিতে চাই, তারাও যাতে একই রকম প্রস্তাব

এনে সেই রেজিলিউশন বিশ্বের দরবারে পৌঁছে দেয়। শুধু পার্লামেন্টে করলে হবে না। আমরা তাদের দেখিয়ে দিতে চাই, আমেরিকার অর্থ আছে, সামরিক শক্তি আছে, বল আছে, তাই তারা ছোট ছোট দেশের উপরে আক্রমণ করে, তাদের এই আগ্রাসী নীতি ঠিক নয়। তারা নিজেদের সমস্যায় জর্জরিত, বিশেষ করে বিল ক্লিনটন যখন ইমপিচমেন্টের মুখে দাঁড়িয়ে, ঠিক সেই সময় দেশের অর্থনৈতিক সমস্যা যখন নানাভাবে জর্জরিত, তখন সেই সমস্ত সমস্যার মোকাবিলা না করে ইরাকের উপরে আঘাত হেনেছেন। আমরা এই বিধানসভায় দাঁড়িয়ে রেজোলিউশনের মাধ্যমে প্রস্তাব এনে ভারতবর্ষের প্রধানমন্ত্রীর কাছে দাবি করব আমাদের দেশের রাষ্ট্রদূতের মাধ্যমে এই সংবাদ পৌঁছে দেন সারা বিশ্বের কাছে। আজকে ভারতবর্ষই শুধু উদ্বেগ প্রকাশ করছে না রাশিয়া, চিন; ফ্রান্স প্রত্যেকটি দেশ আমেরিকা এবং ইউ.কে এই দুটো দেশের আগ্রাসী নীতি এবং এই আক্রমণের বিরুদ্ধে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত পরিস্কার যখন থেকে রাশিয়া দুর্বল হয়ে গেছে, তখন থেকেই আমেরিকা সুযোগ পাচ্ছে সারা বিশ্বে নিজেদের একাধিপত্য দখল করার জন্য। রাশিয়া একটি শক্তিশালী দেশ ছিল, তারা দুর্বল হয়ে যাওয়াতে আমেরিকার শক্তি আরও বেড়েছে এবং সারা বিশ্বে তারা খবরদারি করছে। যখন পাকিস্তান বোমা ফাটাচ্ছে, তখন তারা চুপ করে আছে, যখন বোমা ফাটাচ্ছে তখন অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপিত করছেন নিজেদের ক্ষমতা, নিজেদের দাম্ভিকতা দেখানোর জন্য। শুধু আমরা বিধানসভায় নয়, পশ্চিমবাংলার মানুষকে জানিয়ে দিতে চাই যে, ব্রিটেন এবং আমেরিকার এই নগ্ন আক্রমণকে আমরা মেনে নিতে পারিনি। তারা হাসপাতালের উপরে বোমা ফেলেছে, কলেজের উপরে বোমা ফেলেছে, সাধারণ মানুষের উপরে বোমা ফেলেছে, তার ফলে আজকে বহু মানুষ হতাহত হয়েছে। রাষ্ট্রপুঞ্জকে আমরা পূর্ণ সমর্থন দিই, কিন্তু তারা তাদের ক্ষমতা কতখানি ব্যবহার করতে পেরেছে। তাদের উচিত ছিল দ্ব্যর্থহীন ভাষায় এটাকে কনডেম করা। রাষ্ট্রপুঞ্জের বিচারাধীন ব্যাপারটাকে উপেক্ষা করে এই আক্রমণ করা হয়েছে, এটা তাদের দেখা উচিত। আমি বলব, এই প্রস্তাব ভারত সরকার এবং রাষ্ট্রপুঞ্জের কাছে পাঠিয়ে দেওয়া যাতে কোনও অছিলায় আমেরিকা ইরাকের উপরে আর আঘাত হানতে না পারে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক। এই কটি কথা বলে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** স্যার, আজকে বিধানসভায় মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। আমরা দেখেছি সাম্রাজ্যবাদ আমেরিকা নগ্নভাবে - এখানে যদিও নগ্ন কথাটা স্পষ্ট নয় বর্বরোচিতভাবে ইরাকের উপরে আক্রমণ করেছে। এবং মধ্যপ্রাচ্যের শান্তি বিঘ্নিত হচ্ছে। শুধু তাই নয়, সারা পৃথিবী জুড়ে যুদ্ধ পরিস্থিতি তৈরি হয়েছে। এই বৈজ্ঞানিক সত্য আমরা জানি, পৃথিবীতে যত দিন সাম্রাজ্যবাদ, ধনবাদ থাকবে, ততদিন যুদ্ধের অনিবার্যতা লক্ষ্য করা যাবে। সাম্রাজ্যবাদ শক্তি যুদ্ধ বাধাবে তাদের নিজের প্রয়োজনে, বাজার দখলের প্রয়োজনে, এটা আমরা দেখতে পাচ্ছি, বিশেষ করে মধ্যপ্রাচ্যের তৈল সম্পদের উপর দখলদারী কায়েম করার জন্য আমেরিকা সাম্রাজ্যবাদ বারবার এটা করেছে। শুধু তাই নয়, যুদ্ধোত্তোর পরিস্থিতিতে ইউ.এন.ও. সিকিউরিটি কাউন্সিল গঠিত হয়েছিল বিবাদমান দেশগুলোর মধ্যে শান্তি, মিমাংসার জন্য। সেটাকেও আমেরিকা সাম্রাজ্যবাদ সম্পূর্ণভাবে প্রহসনে পরিণত করেছে। আমরা দেখছি, ইরাক ইউ.এন.ও.র সিকিউরিটি কাউন্সিলের নির্দেশ মতোই চলেছে, অশান্তির বা যুদ্ধের কোনও কারণই ছিল না। কিন্তু সাম্রাজ্যবাদ নিজের শক্তি জাহির করার জন্য যেমন দুর্বল দেশগুলিকে আক্রমণ করে, সেটাই ঘটেছে এখানে ইরাকের উপর মার্কিন হামলাতে। মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় ঠিকই বলেছেন, সমাজতান্ত্রিক দুনিয়ার পতনের ফলে বাই-পোলার সিস্টেম নষ্ট হয়েছে, ফলে আমেরিকার সুবিধা হয়েছে। পৃথিবীর মানুষ যুদ্ধের বিরুদ্ধে যে লড়াই সংগঠিত করেছিল, সেটা ব্যাহত হচ্ছে। এক্ষেত্রে এশিয়া, আফ্রিকার অনুন্নত দেশগুলোর জনমত গড়ে তুলতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমেরিকা যুদ্ধের সাধারণ নীতি-নিয়মগুলি পর্যন্ত লঙ্ঘন করেছে - দিনের পর দিন হাসপাতালে এবং জনগণের বাসস্থানের উপর আক্রমণ করেছে, আবাল বৃদ্ধ-বনিতা আক্রান্ত হয়েছে। আমেরিকা সাম্রাজ্যবাদ এখন বলছে সাদ্দাম হোসেনকে সরে যেতে হবে। একটা সার্বভৌম দেশ, সেখানে কে বা কারা রাষ্ট্র পরিচালনা করবে, সেটা কি আমেরিকা সাম্রাজ্যবাদ ঠিক করে দেবে? তারা অন্য দেশের স্বাধীনতা এবং সার্বভৌমত্বের উপর আঘাত করছে। সেইজন্য আমাদের দাবি থাকবে - সারা ভারতবর্ষের মানুষ, যাদের সাম্রাজ্যবাদ বিরোধী, উপনিবেশবাদ বিরোধী ঐতিহ্য আছে, তারা এর বিরুদ্ধে একত্রিত হোন, সোচ্চার হোন। এখন দিল্লিতে যে সরকার বসে আছে, তারা তো চিরকালই সাম্রাজ্যবাদকে তোষণ করে এসেছে। তাদেরও এই ভূমিকা এখন নিতে হবে, এর বিরুদ্ধে জনমত গড়ে তুলতে হবে - জনসাধারণের স্বার্থেই এটা করতে হবে। এই কয়টি কথা বলে,

মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে সমস্ত দাবি করেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে, তাঁকে আবার অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ আমিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় যে মোশন এনেছেন, তাকে পুরোপুরি সমর্থন করছি। আমার বিশ্বাস, দল-মত নির্বিশেষে এই হাউসের সমস্ত মাননীয় সদস্যই তাকে সমর্থন করবেন।

[11-40 — 11-50 a.m.]

আমেরিকান সাম্রাজ্যবাদ আর একবার দেখিয়ে দিল যে, তারা গায়ের জোরে যা ইচ্ছা তাই করতে পারে এবং ইরাকের উপর যে আক্রমণ হল এই আক্রমণের জন্য ইউনাইটেড নেশনস্ অথবা সেক্রেটারি কাউন্সিলের কোনও মতও নেওয়া হয়নি। এরা এদের ইচ্ছামত ইরাক আক্রমণ করে এটা দেখিয়ে দিল যে, যে কোনও দেশের আভ্যন্তরীন ব্যাপারে সাম্রাজ্যবাদী শক্তি হস্তক্ষেপ করতে পারে। এটা ভালো যে এর বিরুদ্ধে বিশ্ব জনমত প্রতিবাদ জানিয়েছে, যারমধ্যে আমেরিকান জনগণ ও আছে। কাগজে পড়ে যা মনে হয়, যে এত জোরাল প্রতিবাদ এই ধরণের আক্রমনের বিরুদ্ধে আমেরিকান জনমত করেনি। এখন সেটা একটা ভাল দিক। আর আমার এটা মনে হচ্ছে যে আমরা যদি এই প্রচার না চালিয়ে যাই, তাহলে আবার এই রকম আক্রমণ হতে পারে। এটা মনে করবার কোনও কারণ নেই যে, অভিযোগ থেকে আমেরিকান জনমতকে ডাইভার্ট করার জন্য এটা করা হয়েছে। এটা হয়ত থাকতে পারে। কিন্তু আসল সমস্যা হচ্ছে যে, আমেরিকান সাম্রাজ্যবাদী পুঁজিবাদী সংকটে ডুবে যাচ্ছে। তার উদ্ধার পাওয়ার জন্য তারা তৃতীয় বিশ্বের দেশগুলিকে নিশানা করেছে। এরা কত তেল বিক্রি করবে, কি দামে বিক্রি করবে, কার কাছে বিক্রি করবে ওটা আমেরিকা ঠিক করবে? কেন এটা ইরাকের জনগণ মানবে? এটা হতে পারে না। আমেরিকার ইতিহাসে যা কিছু হয়েছে, তারা বোধহয় তার থেকে কোনও শিক্ষা গ্রহণ করেনি। স্যার, আপনারা জানেন যে, কিভাবে কোরিয়ার যুদ্ধে লিপ্ত হয়েছিল আমেরিকান সাম্রাজ্যবাদী শক্তি। কিভাবে ভিয়েতনাম আক্রমণ করে ভিয়েতনামের জনগণকে দমনের চেষ্টা করেছিল। ভিয়েতনামের যুদ্ধ ৩০ বছর ধরে চলল। কেমিক্যালস্ ওয়ারফেয়ার পর্যন্ত করল। ক্ষেত খামার সব জায়গায় আগুন প্রবেশ করেছিল। কিন্তু ভিয়েতনামের জনগণ তাদের এই অস্ত্রশস্ত্র নিয়ে এদের অপমান করলেন এবং কিভাবে এরা অপমানিত হয়ে ভিয়েতনাম থেকে পালাতে হয়েছিল ইতিহাস তার সাক্ষ্য দিচ্ছে। আমার মনে পড়ে ১৯৫২ সালের কথা, যখন

সোভিয়েত ইউনিয়ন ছিল এবং তারা আনবিক বোমা পরীক্ষা করেছিল। আমরা তখন জেলে। আমরা জেলখানায় কাগজ পড়তাম যে, তারজন্য আমেরিকার মনোপলি ভেঙ্গে যাচ্ছে। নিউক্লিয়ার উইপনসের ব্যাপারে। সেইজন্য ওরা নিজের দেশের দুজন নিউক্লিয়ার সাইনটিস্ট রোজেনবার্গ দম্পতি, স্বামী-স্ত্রী, তাদের বিরুদ্ধে মামলা করে তাদের ইলেকট্রিক চেয়ারে বসিয়ে তাদের হত্যা করেছিল। বিশ্ব জুড়ে প্রতিবাদ হয়েছিল! আমেরিকা ইতিহাস থেকে শিক্ষা গ্রহণ করেনি। বিজ্ঞান যে কোনও একটা দেশে সীমাবদ্ধ থাকতে পারে না, সেটা ওরা জানে না? সারা দুনিয়া গ্রাস করার জন্য ওদের যে পরিকল্পনা, সেটা আর কার্যকর হবে না। কেন না বহু দেশ আজকে নানাভাবে উন্নতির দিকে এগোচ্ছে। সেইজন্য ইরাক আগেও আক্রমণ হয়েছিল। অনেক ক্ষয়ক্ষতি হয়েছিল। তারপর থেকে ইরাককে ব্লকেড করে রেখেছে। শস্য, খাদ্য, ওষুধ সব বন্ধ করে রেখেছে। হাজার হাজার লোক সেখানে মারা যাচ্ছে। আর ওরা সেই ব্লকেড চালিয়ে যাচ্ছে। স্যার, এটাও মনে আছে যে, কিউবার বিরুদ্ধে এই ব্লকেড করে রেখেছে দীর্ঘদিন ধরে। কাজেই ইরাকের উপর এই আক্রমণ করে আমেরিকান সাম্রাজ্যবাদী আর একবার তাদের নগ্ন চেহারা দেখিয়েছে। ইরাকের অস্ত্র থাকবে, কি থাকবে না এই পরীক্ষা করার অধিকার কে দিল আমেরিকাকে এবং আমেরিকার কাছে যে অস্ত্র আছে তার পরীক্ষা করবে কে? ইউনাইটেড নেশনস্ তো সেটার ব্যাপারে কিছু বলে না? আইন ভেঙ্গে আমেরিকা যখন কাজ করে তার বিরুদ্ধে কেউ কিছু তো বলে না? সব চুপ করে মেনে নিয়েও আক্রমণ যে হল এই আক্রমণ এর আগে কারো অনুমতি তারা নেয় নি। আমেরিকা অথবা ব্রিটেন। শেষ পর্যন্ত ক্লিনটন সাহেব বলেছেন সাদ্দাম হোসেন যদি সরে যায় তাহলে পরে ভাল হয়। কেন সাদ্দামের উপর এত রাগ কেন? কেননা উনি সাম্রাজ্যবাদ বিরোধী। ইজিপ্টের প্রেসিডেন্ট জামালউদ্দিন নাসেরও সাম্রাজ্যবাদ বিরোধী ছিলেন। তাকেও আমেরিকা অপমান করার চেষ্টা করেছিল। কিন্তু তিনি শেষ পর্যন্ত লড়াই করেছিলেন। ইরাকের প্রেসিডেন্ট কে হবে আমেরিকা ঠিক করতে পারবে না। আমার মনে হয় না যে ইরাকের জনগণ এই প্রশ্নে মাথা নত করবেন। আমাদের দেশ ভারতবর্ষও এই ধরণের সাম্রাজ্যবাদ বিরোধী। আমরা ইউনিভারসাল নিউক্লিয়ার ডিসআর্মামেন্টে বিশ্বাস করি। এটাই হওয়া দরকার কিন্তু সেটা হচ্ছে না, করছে না। আজকে সারা দুনিয়াতে অ্যাটম বম্ব দিয়ে কিছু করা যাবে না। কারণ অনেক দেশেরই আজকে এ জিনিস রয়েছে। যুদ্ধ হলে পরে পৃথিবী ধ্বংস হয়ে যাবে। সেজন্য আমরা এই আক্রমণের নিন্দা করছি। মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার তিনটি দাবি করেছেন,

আমিও সেই দাবি সমর্থন করি। The US Government abandon its policy of overlordism and desist from violating in any way the sovereignity of Iraq and any other country in future;

the US military presence in the Persian Gulf be withdrawn immediately; and

the economic sanctions against Iraq be lifted immediately.

এটা অত্যন্ত ন্যায়সঙ্গত দাবি। আমি মনে করি এই দাবি হাউসের সকলেই সমর্থন করবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ইরাকের উপর যে আগ্রাসী আক্রমণ মার্কিন যুক্তরাষ্ট্র এবং গ্রেট ব্রিটেন করেছে তার বিরুদ্ধে প্রতিবাদ ধিক্কার জানিয়ে, এই আগ্রাসী নীতি বন্ধ করার জন্য যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবে যে সমস্ত মাননীয় সদস্যরা বক্তব্য রেখেছেন তাঁদের সকলকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। সারা বিশ্বের জনমত এর বিরুদ্ধে। এই জনমতের বিরুদ্ধে দাঁড়িয়ে মার্কিন সাম্রাজ্যবাদ সাময়িকভাবে তাদের আক্রমণ বন্ধ করতে বাধ্য হলেও, আমরা দেখেছি, আজকের সংবাদপত্রে আমেরিকা হুমকি দিয়ে বেড়াচ্ছে তারা বলছে, ওরা যদি ওদের মারণাস্ত্র ধ্বংস না করে, সাদ্দামকে যদি সরিয়ে দেওয়া না হয় তাহলে নিষেধাজ্ঞা জারি করা হবে, সেখান থেকে নিষেধাজ্ঞা তুলে নেবে না। আজকে কোনও দেশের সার্বভৌমত্বের প্রশ্নে কে তাদের প্রেসিডেন্ট হবে না হবে সেটা সে দেশের জনসাধারণ নির্ধারণ করবে। কারোর আধিপত্যবাদ নিয়ে কাউকে সে অধিকার দেওয়া হয় নি। অন্য দেশের সে অধিকার কেন থাকবে? আপনি জানেন যে নিরাপত্তা পরিষদ এবং রাষ্ট্রসংঘের যে অস্ত্র সংক্রান্ত শাখা সংগঠন - ইউনেসকো তারা কার্যত আজকে আমেরিকার দালালে, আমেরিকার স্বার্থরক্ষার যন্ত্রে পর্যবসিত হয়েছে নিরাপত্তা পরিষদের যে তিনটে দেশ সদস্য - রাশিয়া, ফ্রান্স, চিন এরা এর বিরোধিতা করেছে। এমন কি, আপনি জানেন রাষ্ট্রসংঘের মহাসচিব কোফি আন্নান মিলিটারি অ্যাটাকের আগে যে ইরাকের উপর কোনও আক্রমণে যাওয়ার আগে তাদের সঙ্গে রাজনৈতিকভাবে অলোচনা করা উচিত। কোফি আন্নানের সেই চিঠি কি ভাবে মার্কিন সদস্য নিরাপত্তা পরিষদে টুকরো টুকরো করে ছিঁড়ে ফেলেছিলেন।

[11-50 — 12-00 Noon]

ফলে আজকে যেখানে নিরাপত্তা পরিষদের সদস্যরা বলেছেন রিচার্ড বাটলারের বিষয়ে বারেবারে এই আক্রমণকারী আমেরিকা তাদের তাঁবেদার হয়ে কাজ করছে এবং ইন্টার ন্যাশনাল অ্যাটমিক্ এজেন্সি তাঁরা বলছেন ইরাক সরকার তাঁরা সম্পূর্ণভাবে অস্ত্র অনুসন্ধান কমিটিকে সাহায্য করেছে তিন শতাধিকবার বিভিন্ন অস্ত্রাগার তারা দেখাবার ক্ষেত্রে সহযোগিতা করেছেন, সেখানে তাঁরা কোনও রকম অসহযোগিতা দেখান নি। নন্ কো-অপারেশনের ব্যাপারে মিথ্যা অ্যালিগেশন দিয়ে রিচার্ড বাটলার আমেরিকার আক্রমণকে জাস্টিফাই করার জন্য একটা মিথ্যা রিপোর্ট দিয়েছেন। তার উপর ভিত্তি করে ইরাকের উপর আক্রমণ হয়েছে। বিভিন্ন দেশ এমনকি ইউ.কে. এবং আমেরিকার বিভিন্ন মানুষ, বড় বড় মানুষ তাঁরা এর প্রতিবাদ করেছেন। ফলে স্বাভাবিক ভাবেই আজকে আমেরিকার ওভার লর্ডইজম, তাঁদের দাদাগিরি, তাঁদের আধিপত্যবাদ নীতির বিরুদ্ধে গোটা বিশ্বের মানুষ যে ভাবে সোচ্চার হয়েছে তার সঙ্গে সহমত পোষণ করে আমরা এই বিধানসভায় সর্বসম্মত প্রস্তাব, সর্বদলীয় প্রস্তাব আনছি এবং এই প্রস্তাবের কপি অবিলম্বে যাতে আমেরিকার অ্যাম্বাসিতে পাঠিয়ে দেওয়া হয় আমাদের এই প্রতিবাদ এবং ইরাকের জনগণ যেভাবে আক্রান্ত হয়েছেন আমরা সেই আক্রমণের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি তার কপি সেখানে পাঠানো হোক এই প্রস্তাব রেখে আমি সরকারের কাছে আমাদের এই সর্বদলীয় প্রস্তাবে যাঁরা অন্যায়ের বিরুদ্ধে এগিয়ে এসেছেন তাঁদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** The motion of Shri Deba Prasad Sarkar that

This House notes with deep concern—

"that the recent US aggression on Iraq backed by UK on the fake allegation that the Iraq Government has not provided the necessary level of co-operation to the UN arms inspectors to work effectively has not only transgressed the sovereignty of Iraq but also pushed the entire Middle East on to the brink of a war, posing severe threat to world peace;

that in the face of unprecedented voice of protest by the peace-loving people all over the world including USA and UK though

the US Government has temporarily stopped its airstrikes, the possibility of fresh attack cannot be ruled out in any way;

that the US attack takes place at a moment when the International Atomic Energy Agency has explicitly stated that Iraq has not failed in any way to co-operate with the UN inspection negating the US claim to the centrary which is being used by the latter as a plea for attack; and

that the savage US attack has showed complete disregard to UN Council and Security Council's decisions and UN Charter rather cynical contempt towards the entire anti-imperialist peace-loving world opinion.

This House also notes with deep concern—

that unable to surmount the acute economic crisis in their country and to ensure their hegemony over the Middle East oil resources, the US imperialism is having resort to this barbaric attack; and

that the shameful ignominy the President of that country faces now, many have prompted the US to choose this moment of attack to divert people's attention inside the country and even the world over.

This House, therefore, expresses its strongest indignation at and condemnation of the dastardly US aggression on Iraq and its naked overlordism in complete violation of all norms and trampling all canons of international law and demands along with the peaceloving people of India and the world that—

1. the US Government abandon its policy of overlordism and desist from violating in any way the severeignty of Iraq and any other country in future;

2. the US military presence in the Persian Gulf be withdrawn immediately; and

3. the economic sanctions against Iraq be lifted immediately."

—was then put and carried nem. con.

## MOTION UNDER RULE - 185

**Shri Rabin Deb :** Sir, I beg to move that This House notes with grave concern -

"that a large number of industrial units in the entire country including West Bengal are lying sick and closed, and a large number of Central Public Sector Undertakings in the State are also sick and suffering from inadequate provision of funds.

This House is of the opinion -

that the policy of indiscriminate liberalisation, disinvestment in the Central Public Sector Units and Insurance and Banking Sectors will aggrevate the situation and add to the over-increasing unemployment problem of the country.

This House, therefore, urges upon the Government of India to formulate a correct national policy regarding revival of closed and sick industrial units in the interest of the workers as also for industrial regeneration and to co-operate with the State Government in evolving a concrete course of actions to revive the closed and sick industrial units in the State without any further delay." স্যার, আমার বক্তব্য পরে রাখব।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, যে প্রস্তাব রবীনবাবু এনেছেন এটা সাধারণভাবে ডিস ইনভেস্টমেন্ট সিক অ্যান্ড ইন্ডাস্ট্রির সম্পর্কে একটা সাধারণ প্রস্তাব, আমরা এটাকে সমর্থন করছি মূলত শ্রমিকদের চাকরির নিরাপত্তা রাখার ক্ষেত্রে যাতে

শ্রমিকদের চাকরি বাঁচানোর ক্ষেত্রে। এর মানে এই নয় যে পাবলিক সেক্টর আন্ডারটেকিং, ক্লোসড অ্যান্ড সিক্ ইন্ডাস্ট্রিজ সম্বন্ধে সি.পি.এমের সাথে আমাদের দৃষ্টিভঙ্গি এক। ব্যাঙ্কিং ইনসিওরেন্স সেক্টরের ব্যাপারে আমাদের দৃষ্টিভঙ্গিও এক নয়। যে কথা আজকে বলা দরকার এটা কেউ অস্বীকার করতে পারবেন না যে আমাদের দেশে সেন্ট্রাল অ্যান্ড স্টেটে পাবলিক সেক্টর আন্ডারটেকিং-এর সংস্কার করা দরকার। অনেক পাবলিক সেক্টর আন্ডারটেকিং লোকসান করছে। তাদেরকে সংস্কার করে এবং অর্থনৈতিক কাঠামোর পরিবর্তন করে লাভজনক করা দরকার। তার কারণ, কেন্দ্রীয় বা রাজ্য সরকারের যে পাবলিক সেক্টর আন্ডারটেকিং লস করুক না কেন সেই লস রাজ্যের বাজেট থেকে বা কেন্দ্রের বাজেট থেকে দিতে হয়। এবং ইট ইজ এ ড্রাগ অন দি এক্সচেকার। এবং এটাও দুর্ভাগ্যজনক যে আমরা স্বাধীনতার এতদিন পরেও এত পাবলিক সেক্টর আন্ডারটেকিং তৈরি হওয়ার পরেও সাধারণভাবে একটা পাবলিক সেক্টর কালচার তৈরি করতে পারিনি। পাবলিক সেক্টর বা প্রাইভেট সেক্টর যে জাতীয় সম্পত্তি তা ম্যানেজমেন্ট বা শ্রমিক কারো মধ্যে প্রবেশ করাতে পারা যায়নি। তাই পাবলিক সেক্টরে ম্যানেজমেন্টটা আশানুরূপ হতে পারেনি। আর, পাবলিক সেক্টরের ওয়ার্কারদের ক্ষেত্রে যে বিশেষ দরদ থাকা দরকার ছিল সেটা সব জায়গায় দেখানো হয়নি। ফলে একটা ক্রাইসিস এসেছে। আপনি জানেন স্যার, ১৯৯১ সালে ডঃ মনমোহন সিং একটা নতুন অর্থনৈতিক নীতি নিয়ে এসেছিলেন তাতে বলা হয়েছিল যে পাবলিক সেক্টর সিক হয়ে গেছে তাকে বি.আই.এফ.আর-এ পাঠানো হবে। এবং তাতে বলা হয়েছিল রুগ্ন বা সিকের জন্য কি ক্রাইটেরিয়া হবে। বলা হয়েছিল, পরপর ৩ বছর কোনও ইউনিট লস করলে সেটা সিক বলে ধরা হবে এবং তা বি.আই.এফ.আর.-এ যাবে। কিন্তু দেখা যাচ্ছে বি.আই.এফ.আর. রুগ্নশিল্প বাঁচানোর ক্ষেত্রে শ্রমিকদের আশা আকাঙ্খা পূরণ করতে পারেনি। এটা শিল্প পুনরুজ্জীবনের সংস্থা না হয়ে শিল্প বন্ধের সংস্থা হয়ে দাঁড়িয়েছে। সুতরাং এই বি.আই.এফ.আর.কে পুরোপুরি ভাবে রি-স্ট্রাকচারিং করার দরকার আছে। এমন সংস্থা হতে হবে যা রুগ্ন এবং দুর্বল ইউনিটগুলোকে কি ভাবে লাভজনক করা যায় সেটা দেখবে। এই সঙ্গে সঙ্গে আরেকটা কথা বলা দরকার, যদিও আমরা এটা প্রস্তাবের মধ্যে উল্লেখ করে দিই নি, কিন্তু আলোচনা করা দরকার যে, কেন্দ্রীয় সরকার সম্প্রতি ৮টা পাবলিক সেক্টর আন্ডারটেকিং বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছেন। আমরা এর তীব্র বিরোধিতা করছি। কংগ্রেস আমলে, ১৯৯১/৯৬ সালে অনেক পাবলিক সেক্টর আন্ডারটেকিং বি.আই.এফ.আর.-এ গিয়েছিল কিন্তু কোনওটাই বন্ধের সিদ্ধান্ত

নেওয়া হয়নি। আর, আজকে হঠাৎ করে কয়েকটা সংস্থাকে বন্ধ করার সিদ্ধান্ত ওরা নিয়েছেন। এর মধ্যে অনেকগুলো পশ্চিমবঙ্গে রয়েছে। যেমন আর.আই.সি., এম.এ.এম.সি., বি.ও.জি.এ., সাইকেল কর্পোরেশন অব ইন্ডিয়া, ওয়েবার্ড, ন্যাশনাল ইনস্ট্রুমেন্ট প্রভৃতি। এই রকম কয়েকটা কারখানা আজকে বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং এ ব্যাপারে বি.আই.এফ.আর. সিদ্ধান্ত ছিল - এটা আমরা গ্রহণ করছি না। আমরা মনে করি, কোম্পানিগুলো বাঁচানোর যথেষ্ট সুযোগ ছিল। আজকাল শ্রমিকরাও অনেক তৈরি হয়েছেন। তাঁদের যদি বলা হয় ইউনিটটি বাঁচানের জন্য স্যাক্রিফাইস করতে হবে তাহলে তাঁরা সেটা মেনে নেন। কিন্তু এক্ষেত্রে সেই ধরণের কোনও সুযোগ শ্রমিকদের দেওয়া হয়নি। আর, পশ্চিমবাংলায় যদি এই ইউনিটগুলো বন্ধ হয়ে যায় তাহলে আমাদের অর্থনীতির উপর একটা প্রচন্ড চাপ পড়বে। তাই এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে আরো ভাবতে হবে। দুর্বল এবং রুগ্ন শিল্প সম্পর্কে তাঁরা যেন আলাদা করে ভাবেন। আবার, দু-ধরণের কেন্দ্রীয় সরকারি সংস্থা আছে। এক রকম হচ্ছে রুগ্ন ছিল কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করে জাতীয়করণ করেছেন এবং আরেকটা হচ্ছে, কেন্দ্রীয় সরকার সংস্থাগুলো শুরু করেছিল পরে রুগ্ন হয়ে গেছে। যেমন আর.আই.সি. উদ্বাস্তুদের স্বার্থে তৈরি হয়েছিল। এম.এ.এম.সি. কয়লা শিল্পে যে মেশিনারি দরকার হয় তা তৈরি করত। ভারত অপথ্যালমিক গ্লাস লিমিটেড বিভিন্ন ধরণের অপথ্যালমিক গ্লাস তৈরি করত। সুতরাং এই দু-ধরণের কোম্পানি এর মধ্যে পড়ছে। আমরা মনে করি, কেন্দ্রীয় সরকার যেগুলো জাতীয়করণ করেছিলেন তা জাতীয় স্বার্থেই করা হয়েছিল এবং আজকে সেগুলো বন্ধ করার ফলে তার উৎপাদনই শুধু বন্ধ হল না সাথে সাথে বিপুল পরিমাণ শ্রমিক অসুবিধায় পড়বে। যদিও কেন্দ্রীয় সরকার ভলান্টারি সেপারেশন স্কীম দেবেন বলেছিন কিন্তু কোনও ইউনিট বন্ধ করে শ্রমিকরা ভলান্টরি সেপারেশন স্কীম চান না।

[12-00 — 12-10 p.m.]

ইউনিটের প্রোডাকশন বন্ধ হলে সামগ্রিকভাবে অর্থনীতিতে বিপদ দেখা দেয়। আজকে এই হাউস থেকে নিশ্চয়ই দাবি করব যে, কেন্দ্রীয় সরকার এই যে ৮টি শিল্প সংস্থাকে বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন সেই ব্যাপারটা তাঁরা যেন পুনর্বিবেচনা করে দেখেন। যদি তা না হয় তাহলে দেশের সর্বত্র শ্রমিকরা আন্দোলন গড়ে তুলবেন। আমি আর.আই.সি.র কথা বলতে চাই, যেটা উদ্বাস্তুদের স্বার্থে তৈরি হয়েছিল। এতে অনেক ছোট ছোট ইউনিট গড়ে উঠেছিল। আমরা আর.আই.সি.র ইউনিটগুলোর

ব্যাপার রিভাইভাল প্ল্যান কেন্দ্রীয় সরকারকে দিয়েছিলাম। কিন্তু কেন্দ্রের বি.জে.পি. সরকার সেটা গ্রহণ করেনি। ব্যাঙ্কিং এবং ইনসিওরেন্স সেক্টর সম্বন্ধে অনেক কথা বলার আছে। কিন্তু এখন সময় নেই। কেন্দ্রীয় সরকার যে ব্যাঙ্কগুলো নিয়েছেন - রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক এবং রাষ্ট্রায়ত্ত ইনসিওরেন্স কোম্পানি যেগুলো আছে সেগুলোর ডিস-ইনভেস্টমেন্টের বিরুদ্ধে বা সেগুলোকে আংশিকভাবে প্রাইভেটাইজেশনের বিরুদ্ধে। ব্যাঙ্কিং সেক্টরের ক্ষেত্রে নিশ্চয়ই অনেক কিছু করা যেতে পারে। ইনসিওরেন্স সেক্টরের ক্ষেত্রে বিচার-বিবেচনা করে ইনসিওরেন্স সেক্টরে কিছু কিছু প্রাইভেট সেক্টরকে আসতে দেওয়া যেতে পারে। তার মানে এই নয় যে, দীর্ঘ দিন ধরে ব্যাঙ্ক, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ও ইনসিওরেন্স কোম্পানিগুলো দেশকে যে সার্ভিস, প্রায়োরিটি সেক্টরে যে টাকা তারা লগ্নি করেছে সেটা বন্ধ করে দেবে। কেন্দ্রীয় সরকারের বর্তমান নীতি পুনর্বিবেচনার যে প্রস্তাব আনা হয়েছে শ্রমিকদের স্বার্থে, দেশের অর্থনীতির স্বার্থে, আমাদের রাজ্যের সেই প্রস্তাবকে সমর্থন করছি।

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক শ্রী রবীন দেব আনীত এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি দুই-চারটি কথা বলছি। এই প্রস্তাব সর্বসম্মত প্রস্তাব। আমরা বোধহয় ২৪শে মার্চ, ১৯৯৮ তারিখে দিয়েছিলাম। তবে শুধু প্রস্তাব নিয়ে বোধহয় কোনও কাজ হয় না। বি.জে.পি. সরকার বিদেশি সাম্রাজ্যবাদীদের কাছে এবং পুঁজিপতিদের কাছে মাথা বিকিয়ে দিয়ে জাতীয় স্বার্থকে বিপন্ন করে এই সিদ্ধান্ত তারা গ্রহণ করেছে। তাদের কর্ণে আমাদের এই আবেদন পৌঁছাবে বলে আমার মনে হয় না। আমার আগে সৌগতবাবু যে কথা বললেন, আমি তাঁরই কথা বলে বলতে চাই যে, যে আটটি শিল্পকে তাঁরা বন্ধ করার প্রস্তাব দিয়েছেন তার মধ্যে ৬টি পশ্চিমবঙ্গে। তার মধ্যে আর.আই.সি.র কথা উল্লেখ করেছেন। এই আর.আই.সি. নিয়ে আমি এবং আমাদের প্রাক্তন সদস্য ননীবাবু গত ১৮ তারিখে দিল্লি গিয়েছিলাম। সি.আই.টি.ইউ., এ.আই.টি.ইউ.সি., আই.এন.টি.ইউ.সি.র প্রতিনিধিরাও গিয়েছিলেন। সেখানে সিকন্দর বখ্‌ত ও প্রাইম মিনিস্টারের সাথে দেখা করেছি। সৌগতবাবু থাকতে পারেন নি, তিনি যেতে পারেন নি। এ ব্যাপারে যৌথ প্রচেষ্টার মধ্যে দিয়ে কাজ করতে হবে। সেখানে গিয়ে শুনলাম, সিকন্দর বখ্‌ত পরিস্কার বলেছেন যে, তিনি এটা করতে পারবেন না এবং এর কোনওটাই করতে পারবেন না। প্রধানমন্ত্রী বলেছেন বিষয়টা দেখব। আর.আই.সি.র সম্বন্ধে যে, উদ্বাস্তুদের অর্থনৈতিক দিকের উন্নতি করার জন্য এটা গড়ে উঠেছিল। কিন্তু এটাকে বারবার বি.আই.এফ.আরে রেফার করা হয়েছে। কিন্তু বি.আই.এফ.আর. এটা গ্রহণ করেনি।

কারণ এটা রেজিস্টার্ড কোম্পানি নয়। এগুলো ক্ষুদ্র ও কুটির শিল্প হিসেবে গড়ে উঠেছিল। আর.আই.সি.র ব্যাপারে মানবিকতার প্রশ্ন আছে। উদ্বাস্তুদের অর্থনৈতিক সমস্যার সমাধানের জন্য যে পরিকল্পনা করা হয়েছিল সেই কারখানাগুলো বন্ধ করার কোনও কারণ নেই। পশ্চিমবঙ্গ সরকারের কাছে আমার বক্তব্য, এইভাবে চলতে পারেনা। আমাদের শিল্প বিভাগ, শিল্প পুনর্গঠন বিভাগ এবং শ্রম বিভাগকে শ্রমিক প্রতিনিধিদের সঙ্গে বসে আলাপ আলোচনা করে বিকল্প প্রস্তাব অনুসন্ধান করে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা তা বিচার বিবেচনা করতে হবে। শ্রমিক স্বার্থ বিরোধী কেন্দ্রীয় সরকার, এমন কি পূর্বেকার কংগ্রেসি কেন্দ্রীয় সরকার ডিস-ইনভেস্টমেন্ট পলিসি চালু করেছে গ্লোবালাইজেশনের নামে। কংগ্রেস নির্লজ্জের মতো এল.আই.সি.-র ক্ষেত্রে ৪৯% বেসরকারি পুঁজির পক্ষে ওকালতি করছে। পেটেন্ট বিল পাশ করার জন্য কংগ্রেস সংসদে উদ্যোগ নিচ্ছে। এই ধরণের দ্বিচারিতার কোনও অর্থ হয় না। এরপরেও তাঁদের এখানে শ্রমিকদরদী সাজার কোনও কারণ আছে বলে আমি মনে করি না। এই অবস্থায় সামগ্রিকভাবে রাজ্যের শ্রমিক শ্রেণীর স্বার্থ রক্ষার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে এগিয়ে আসতে হবে এবং শ্রমিকদের সাথে নিয়ে যৌথভাবে উদ্যোগ গ্রহণ করতে হবে। তাদের সঙ্গে বসে আলোচনা করে কোনও বিকল্প প্রস্তাব দেওয়া যায় কি না তা ভেবে দেখতে হবে। সরকারের কাছে সেই উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানিয়ে, এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবব্রত ব্যানার্জি** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখন পর্যন্ত আটটি কারখানা বন্ধ করার অর্ডার কেন্দ্রীয় মন্ত্রীসভা দিয়েছে। আপাতত আটটি কারখানা বন্ধের সিদ্ধান্ত হলেও আরো অনেকগুলো কারখানা রয়েছে, যেগুলো বন্ধ করার জন্য বি.আই.এফ.আর. প্রস্তাব পাঠিয়েছে। আশু যে আটটি কারখানা বন্ধের সিদ্ধান্ত হয়েছে তার মধ্যে বেশিরভাগই পশ্চিমবাংলায় এবং পশ্চিমবাংলায় যেগুলো সেগুলোর বৃহৎ অংশই আমাদের বর্ধমান জেলায় অবস্থিত। সেখানে যেমন এম.এ.এম.সি, বি.ও.জি.এল., সাইকেল কর্পোরেশন অব ইন্ডিয়া আছে, সেখানে তেমন আর.আই.সি.এর একটা ইউনিটও আছে। এই আটটি কারখানার শ্রমিকের সংখ্যা ১১,০০০। এই ১১,০০০ শ্রমিককে ভলান্টারি সেপারেশন স্কিমে যেতে বলা হচ্ছে। ভলান্টারি কথাটা থাকলেও, এই স্কিমটা যে কতটা ভলান্টারি তা আমরা সবাই জানি। কারণ ২৮শে ফেব্রুয়ারি কাট্ অব ডেট্ ঘোষণা করা হয়েছে ভলান্টারি সেপ্যারেশন স্কিমের। ২৮শে ফেব্রুয়ারির মধ্যে শ্রমিকদের অ্যাপ্লাই করতে হবে। তারপরে কারখানাগুলি লিকুইডিশনে যাবে,

যার অর্থ শ্রমিকরা তাদের পাওনা-গন্ডা কিছুই পাবে না। কাজেই চাপ সৃষ্টি করে সমস্ত শ্রমিকদের ভলান্টারি স্কিমের নামে বাধ্যতামূলকভাবে অবসর গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সব চেয়ে আশ্চর্যের বিষয়, এই কারখানাগুলি প্রতিরক্ষার ক্ষেত্রে, বৈদেশিক বানিজ্যের ক্ষেত্রে দীর্ঘদিন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছে। আমি এ বিষয়ে শুধু একটা কারখানার কথা বলব, বি.ও.জি.এল. কারখানা, যেটা প্রতিরক্ষার জন্য কাচ তৈরি করে, যে কাচের প্রয়োজন হয় টেলিস্কোপ, পেরিস্কোপ, ট্যাঙ্ক, সাবমেরিন ইত্যাদির জন্য এবং এটা ভারতবর্ষের মধ্যে একটা মাত্র পাবলিক সেক্টর কারখানা কাচ তৈরির। এই কারখানাটা বন্ধ করা হচ্ছে। এম.এ.এম.সি.র মতো কারখানা, যা গোটা পশ্চিমবাংলায় মাইন মেশিনারি স্পেয়ারের সব চেয়ে বড় কারখানা সোভিয়েত রাশিয়ার কোলাবরেশনে তৈরি হয়েছিল, সেই কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। সব চেয়ে আশ্চর্যের বিষয় হচ্ছে, এখানে কস্ট ফ্যাক্টর কি ধরণের অ্যানালাইসিস হয়েছে ক্লোজার কস্টলিয়ার দ্যান রিভাইভ্যাল। এম.এ.এম.সি. কারখানা বি.আই.এফ.আর. এর কাছে গিয়েছিল রিভ্যাইভ্যাল প্যাকেজের জন্য এবং ১৪১ কোটি টাকার প্রয়োজন বলে ওরা জানিয়েছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার সেটা রাজি হননি। তারা প্রায় ডাব্‌ল পরিমানে অর্থ দিতে রাজি হয়েছে শ্রমিকদের ছাঁটাই করার জন্য।.....

(এই সময়ে পরবর্তী স্পিকার ডাকায় মাইক অফ্ হয়ে যায়)

[12-10 — 12-20 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রবীনবাবু এবং অন্যান্যরা শিল্প সংক্রান্ত যে প্রস্তাব এনেছেন আমি সমর্থনতো করছিই, উপরন্তু আমি মনে করছি, ভাষার দিক থেকে যেহেতু পলিসি এই শব্দটা ব্যবহার করেছেন সেহেতু আরো বিস্তারিত, আরো একটু শক্ত ভাষায় বাস্তবটা স্বীকার করা উচিত ছিল, কিন্তু সর্বদলীয় করতে গিয়ে হয়তো করা যায়নি। কিন্তু পৃথিবীর মানচিত্র তা নয়। আজকে শুধুমাত্র ৮টি কারখানা বন্ধ হয়েছে বলে যদি রেজোলিউশন আনা হয়ে থাকে তাহলে আমি বলব এটা এত ছোট ব্যাপার নয়। টোটাল আই.এম.এফ. ওয়ার্ল্ড ব্যাঙ্ক, মাল্টি-ন্যাশনাল, ট্রান্স-ন্যাশনাল এই সমগ্র প্রেক্ষাপটটা বিচার না করে এবং তার সঙ্গে গ্লোবালাইজেশন এবং লিবারালাইজেশন ওভার অল যদি না দেখি তাহলে এই ৮টি কারখানা অথবা যে ১১টি ঝুলছে, সব কটির মূল্যায়ণ করা যাবে না। এর পরেও আপনি জানেন, বি.আই.এফ.আরের কাছে বেশ কয়েকটি কারখানা

ওয়াইন্ডআপের জন্য ঝুলে আছে। তার মধ্যে ২৭টি কারখানা এই পশ্চিবাংলার মধ্যে রয়েছে। মূল বিষয়বস্তুটা কোথায় আমি সেই প্রসঙ্গে একটু বলি। আজকে পশ্চিমবাংলা শুধু নয়, আজকে সারা পৃথিবীতে গ্লোবালাইজেশনের জন্য চাকরি করা লোক বেকার হয়ে যাচ্ছে। শুধু এশিয়াতে ৫০ পারসেন্ট চাকরি করা লোক বেকারত্বে চলে গেছে। এই বেকারত্ব শুধুমাত্র পশ্চিমবাংলার ক্ষেত্রে নয়, সামগ্রিকভাবে গোটা পৃথিবীতে। এমনই একটি নীতি যার অংশীদার ভারতবর্ষ হয়েছে এবং যার সর্বনাশে আমাদের এখানে একটা নৈরাজ্য তৈরি করেছে। আমি আপনাদের ক্ষেত্রে বলছি, আজকে আপনারা শুধুমাত্র পশ্চিমবাংলা দেখছেন এবং বলছেন যে ৮টি কারখানা বন্ধ। এর মধ্যে আবার প্রাইভেট কারখানা কয়েক হাজার বন্ধ হয়ে গেছে। ডানলপের মতোন কারখানা খুলতে পারছে না। হিন্দ্ মোটরস কারখানায় ৫০ পারসেন্ট লে-অফ করার জন্য ঝুলছে। মেটাল বক্সে ইতিমধ্যে ২৫৬ জন আত্মহত্যা করেছে, স্টারভেশন ডেথে মারা গেছে। এম.এ.এম.সিতেও ঠিক একই অবস্থা। সুতরাং এই সংখ্যা দিয়ে রেজোলিউশন হবে না, নিয়মভিত্তিক রেজোলিউশন করা উচিত। আমি মনে করি গোটা দেশে একটা ভয়ঙ্কর গ্লোবালাইজেশন আসছে। এই গ্লোবালাইজেশন আমাদের অনেক আগে যেসব দেশে আছে সেইসব দেশে যতবার মিটিং করেছি, চ্যালেঞ্জ অব গ্লোবালাইজেশন। হোয়াই চ্যালেঞ্জ? গ্লোবালাইজেশন যদি এতই ভাল, এতই পাওয়ারফুল তাহলে গ্লোবালাইজেশন চ্যালেঞ্জ কেন? আজকে জার্মানিতে ২১ পারসেন্ট বেকার হয়ে দাঁড়িয়েছে। ইউ.কে.তেও বেকারের যন্ত্রনা রয়েছে। ইউরোপ - ল্যাটিন আমেরিকা কোথায় নেই বেকার? কোনও দেশ এইভাবে চলতে পারবে না। আজকে আই.এম.এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ককে লেখা উচিত ছিল। এরা কাবলিওলার ভূমিকায় গিয়ে সারা বিশ্বকে ধ্বংস করার চেষ্টা করছে। মাল্টি-ন্যাশনাল, ট্রান্স-ন্যাশনাল এরা সমস্ত সম্পত্তি নিজেদের হাতে নেবার চেষ্টা করছে। আজকে গোটা পৃথিবীতে রাজনীতি, অর্থনীতি, সমাজনীতি যদি এই সমস্ত মাল্টি-ন্যাশনাল, ট্রান্স-ন্যাশনাল, আই.এম.এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের হাতে চলে যায় তাহলে দেশে সর্বনাশের বীজ বোনা হয়ে যায়। আজকে দেশ কোথায় চলে যাচ্ছে? আজকে আই.এম.এফ., ওয়ার্ল্ড ব্যাঙ্কের ইন্টারেস্ট কাবলিওয়ালাকেও ছাড়িয়ে গেছে। ইন্দোনেশিয়া শুধুমাত্র সুদ গুনতে গুনতে ভিখারির অবস্থায় পরিণত হয়েছে। থাইল্যান্ডেও সেই একই অবস্থা। ল্যাটিন আমেরিকা সবচেয়ে বেশী লোন করেছিল। যদি সেইসব দেশের উন্নতি হত তাহলে ওখানকার লোকদের রাস্তায় ভিক্ষা করতে হত না, স্টারভেশন ডেথ হত না, সেখানে ডাকাতি বাড়তো না। এই গরিব মানুষের দেশ ভারতবর্ষ।

১৯৯১ সালে যে নীতি ভারতবর্ষে চালু করেছেন কেন্দ্রীয় সরকার সেই নীতি সর্বনাশের মুখে। সেই নীতি যদি ভাল নীতি হত — অর্থনীতিবিদ হবার দরকার নেই - ভাল নীতি হলে আপনার বাজারের থলেতে তার ইমপ্যাক্ট পড়তো, আপনার জামাকাপড়ে তার ইমপ্যাক্ট পড়তো, আপনার ব্যবহারিক জীবনে তার ইমপ্যাক্ট পড়তো, আপনি বুঝতে পারতেন। কত এমপ্লয়মেন্ট বেড়েছে? কত লোকের চাকরী বেড়েছে? চাকরি তো ক্রমশ কমছে আর আমরা বলছি এই নীতি চূড়ান্ত ভাল। এই ভারত সরকার ৯১ সালেও বলেছিল যে বছরে তিন কোটি লোকের চাকরী হবে। আজকে '৯৮ সালে দাঁড়িয়ে বলুন যে তিন কোটি করে যদি চাকরী হত তাহলে কত কোটি লোকের চাকরী হবার কথা ছিল এবং কত কোটির চাকরী হয়েছে আর কত বেকার নতুন করে সৃষ্টি হয়েছে বা বেড়েছে। সুতরাং নীতিভিত্তিক এই জিনিসটা আরও বেশি কঠিনভাবে আনা উচিত ছিল। ৮টা অথবা ৯টাকে কেন্দ্র করে নয়, আমার মনে হয় এর সঙ্গে যোগ করা উচিত যে আমরা ১০০ পারসেন্ট এই উদার বাজার নীতির বিরুদ্ধে। আজকে আমাদের বাজার ক্যাপচার করছে কারা? এসব কি সবাই মিলে ভাববেন না? ভারতবর্ষের জাহাজের মতোন বাজার এবং এর আভ্যন্তরীন বাজারকে ক্যাপচার করার জন্য আজকে পেটেন্ট বিল পর্যন্ত সই হয়ে যাচ্ছে। কি আছে এই পেটেন্ট বিলে? মাথার সিঁদূর, মাথার টিপ, পায়ের আলতা থেকে আরম্ভ করে নিম, তুলসি পর্যন্ত এতে চলে আসছে। ৩।।শোর পেটেন্টশিপের উপর করা হল কার স্বার্থে আমাকে বুঝিয়ে দিন। এতে তো অর্থনীতিবিদ হবার দরকার নেই। ওষুধের দাম বলছে আর বাড়বে না। আগে যা বেড়ে গেছে বেড়ে গেছে আর বাড়বে না।। কিন্তু আমরা দেখছি, সাধারণভাবে যে সমস্ত ওষুধ আমরা ব্যবহার করি সেই সমস্ত ওষুধের দাম জ্যামিতির হারে বেড়ে গিয়েছে। এর পর যদি নতুন করে আবার পেটেন্টশিপের জন্য বাড়ে তাহলে এক ভয়ঙ্কর নৈরাজ্যের দিকে আমরা চলে যাব। ডাকাতি রুখতে পারবেন? আজকে যেসব জিনিস হচ্ছে এর নাম ডাকাতি নয়। একটা ফার্স্ট বয় ছেলে সে ছিনতাই করছে এটা কিন্তু ডাকাতি নয়, নৈরাজ্যের। You heading towards anarchiem, we are heading towards debt trap. আমরা ডেবট ট্রাপের দিকে এগিয়ে যাচ্ছি, যেমন করে ল্যাটিন আমেরিকা, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড এগিয়ে যাচ্ছে। পৃথিবীর এই মানচিত্রকে সামনে রেখে আজকে আপনাদের ভাবতে হবে। অনেক বড় বড় অর্থনীতিবিদ বলছেন যে ওয়ার্ল্ড ট্রেড করার জন্য আমাদের পেটেন্টশিপ দরকার, আমাদের নাকি গ্যাটে সই করা দরকার। ডব্লু.টি.ও. হয়েছে আমি আই.এল.ও.র মেম্বার, আমি গিয়েছিলাম, আমি জানি সব, কোথায়

আমরা আছি সেটা বললে আপনারা অবাক হয়ে যাবেন না। সারা পৃথিবীতে যত এক্সপোর্ট হচ্ছে আমাদের তাতে ০.৩ পারসেন্ট এর জন্য গ্যাটে সই করতে হবে? এরজন্য ডানকেল করতে হবে? এরজন্য চাকরিবৃত্তি করতে হবে? আজকে এই জিনিসটা সকলের ভাবা দরকার। কংগ্রেস, কমিউনিস্টের ব্যাপার নয়, অর্থনীতি হচ্ছে সম্পূর্ণভাবে মানুষের জিনিস। কংগ্রেস, কমিউনিস্ট লড়াই আছে, ভোটের লড়াই আছে কিন্তু অর্থনীতিতে সে লড়াই থাকলে দেশের সর্বনাশ হয়ে যাবে। মানুষ বাঁচলে তারপর কংগ্রেস, কমিউনিস্ট হবে, ভোট হবে। স্বভাবতই আমি মনে করি, লুকিয়ে চুরিয়ে নয়, তীব্রভাবে এর বিরোধিতা করা দরকার। আজকে গ্লোবালাইজেশনের নাম করে কি ভাবে বাজার ক্যাপচার করছে দেখুন। আজকে আফ্রিকাকে বলে দিচ্ছে তোমরা চেঁচামেচি করো না, তোমাদের বাজারে হাত দিচ্ছি না, আরবকেও তাই বলে দিচ্ছে, বলছে শুধু ভারতবর্ষের বাজারে হাত দিচ্ছি। ভারতবর্ষে কি আসছে? আসছে পাঁপড় ভাজা, আলু ভাজা, ডাভ সাবান। লাক্স সাবান মাখার ক্ষমতা যাদের নেই তাদের জন্য ডাভ সাবান? এখনও সকালবেলা বাবুঘাটে গেলে দেখবেন লোকে গঙ্গামাটি সাবানের বিকল্প হিসাবে ব্যবহার করছে। যে দেশে সাবানের বিকল্প গঙ্গামাটি সে দেশে ডাভ সাবান নিয়ে এলে তাতে আমাদের কি মুক্তি হবে? সেই অর্থনীতি আমাদের বাঁচাবে - একথা আমি বিশ্বাস করি না। স্বভাবতই গ্লোবালাইজেশন এবং উদার অর্থনীতি আমাদের মতোন দেশের সর্বনাশ করছে এবং করবে। এই ৮টা কারখানা নয়, একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাবে এবং মাল্টি ন্যাশনাল, ট্রান্স ন্যাশনাল তারা আমাদের টুঁটি চেপে ধরবে। আজকে সব গভর্নমেন্টই বলছে যে স্বনির্ভর হও। যদি টিপ পর্যন্ত নিয়ে নেয় তাহলে কোথা থেকে স্বনির্ভর হবে? এই সমস্ত হিপোক্রাসির বিরোধিতা করার জন্য আমি হাউসে দাঁড়িয়ে আমার বক্তব্য রাখলাম।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী রবীন দেব এবং অন্যান্যরা যে প্রস্তাব এনেছেন রুগ্ন শিল্প সম্পর্কে জাতীয় নীতির প্রশ্নে সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি।

[12-20 — 12-30 p.m.]

এটা ঠিক যে ভাবে সুব্রতবাবু, এই প্রস্তাবের সমর্থন করেছেন তাতে আমরা আনন্দিত। তবে এটা ঠিক যে, আজকে এখানে যেটা বলেছেন, এটা যদি ১০ বছর আগে বলতেন তাহলে এতখানি সর্বনাশ দেশের হত না। আমরা জানি যে, কেন্দ্রীয় সরকারের

রুগ্ন শিল্প পুনরুজ্জীবন সম্পর্কে কোনও জাতীয় নীতি নেই। জাতীয় নীতি যেটা আছে সেটা হচ্ছে ধ্বংসাত্মক, কোন বাঁচাবার জন্য কোনও জাতীয় নীতি নেই। এটা কংগ্রেস আমলেই হয়েছে। সিক ইন্ডাস্ট্রি কমিটির রিপোর্ট যেটা আছে তারপরে ওঁকার গোস্বামি রিপোর্ট এনে তাকে পরিবর্তন করা হয়েছে। সেই সংশোধন করে গভর্নমেন্ট কোম্পানীগুলিকে নিয়ে গিয়ে তারা আরো সর্বনাশকে তরান্বিত করেছে। যেখানে বি.আই.এফ.আর. বা ফিনান্সিয়াল ইনস্টিটিউট, এরা আলাপ-আলোচনা করে প্যাকেজ ঠিক করবে, সেখানে শেষ পর্যন্ত সরকারকে ঠিক করতে হবে কত টাকা দেবে না দেবে। একে বি.আই.এফ.আরে পাঠিয়ে শুধু সময় নষ্ট করা এবং পুনরুজ্জীবনকে অসম্ভব করে তোলা, এই সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নিয়েছিলেন এবং তার ফলে এই সিক ইন্ডাস্ট্রি কোম্পানি অ্যাক্টে সংশোধিত হয় এবং তাতে খুবই ক্ষতি হয়েছে। আমি এটাতে সময় বাড়াতে চাইনা। আমরা মনে করি যে, গভর্নমেন্ট অব ইন্ডিয়া তারা কোনও পুনরুজ্জীবনের সঠিক পদক্ষেপ নিচ্ছেন না। তারা এগুলি ধ্বংস করতে চাচ্ছেন। এত সম্পদ, লক্ষ লক্ষ শ্রমিকের জীবন ধ্বংস হয়ে যাবার জন্য কেন্দ্রীয় সরকারের কোনও মাথা ব্যাথা নেই। তারা তথাকথিত উদার নীতি, আমদানি নীতি এবং বিশ্ব বানিজ্য সংস্থাতে সই, এখন যে পেটেন্ট বিল হচ্ছে এবং বিমা ও ব্যাঙ্কের ব্যাপারে যে সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, এটা আমাদের দেশের স্বার্থে নয়, এটা প্রধানত সাম্রাজ্যবাদ এবং সাম্রাজ্যবাদীদের মদতে পুষ্ট যে সমস্ত বিশৃঙ্খলা আছে তাদের স্বার্থের দিকে তাকিয়ে করা হচ্ছে। কংগ্রেসের অনুসৃত নয়া অর্থনীতির জন্য সারা দেশের কোনও ভাল হয়নি। ১৫/২০ ভাগ লোকের হয়ত ভাল হয়েছে কিন্তু ভারতবর্ষ একটা বিশাল দেশ, ৯০ কোটি মানুষের বাস সেখানে ১৫/২০ ভাগ মানে হচ্ছে প্রায় ১৮ কোটি লোক, ইউরোপের অনেক দেশের লোক সংখ্যার সমান হতে পারে। সেজন্য তাদের এই বাজারটা খুবই দরকার। সেজন্য ওরা এই বাজারটা দখল করতে চায়। কিন্তু এটা অত্যন্ত দুঃখের এবং লজ্জার বিষয় যে, দিল্লির সরকার বারে বারে ওদের সেই বাজার দখল করার পথে যতগুলি বাধা ছিল সেই বাধাগুলি অপসারিত করছে। এতে আমাদের দেশিয় শিল্প ধ্বংস হয়ে যাক তাতে ক্ষতি নেই, কিন্তু ওরা যাতে ঢুকতে পারে সেই ব্যবস্থা দেওয়া হচ্ছে। এই প্রস্তাবে বিস্তৃত আলোচনা করার সুযোগ নেই। তবে যে কয়টা কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত সংস্থা বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে, আর যেগুলি বন্ধের দিকে যাচ্ছে, হিন্দুস্থান কেব্‌ল, চিত্তরঞ্জন লোকমটিভ ওয়ার্কস, ইত্যাদি এই সব বিশাল কারখানা, এক একটা কারখানা এক একটা শহরের মতো, এগুলির দিকে যদি তাকাই, কি নীতি এখানে কার্যকর

হচ্ছে দেখি তাহলে আমরা বুঝতে পারব যে কি রকম সরকার আছে, দেশ বিরোধী সরকার। অন্য দিকে রাজ্য সরকার রুগ্ন শিল্প পুনরুজ্জীবনের ক্ষেত্রের কতগুলি সদর্থক এবং বিস্তৃত পরিকল্পনা গ্রহণ করেছেন। আমি তার বিস্তারিতের মধ্যে যেতে চাই না। কি রাজ্য সংস্থা, কি বেসরকারি সংস্থা, সকলকে পুনরুজ্জীবনের জন্য রাজ্য সরকার অনেকগুলি সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং কার্যকর করেছে। তার ফলে কিছু কিছু ক্ষেত্রে পুনরুজ্জীবিত হচ্ছে। কয়েকটি ক্ষেত্রে একেবারে সিক হয়ে যাওয়া ইন্ডাস্ট্রি আবার নতুন করে চালু হয়েছে। রাজ্য সরকার যে সমস্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন, কেন্দ্রীয় সরকার তার ধারে কাছে দিয়েও যান না। যদিও এটা ঠিক যে, আমাদের দেশের যে রাষ্ট্রীয় কাঠামো তাতে কেন্দ্রীয় সরকার এই রকম ধ্বংসাত্মক নীতি নিলে, আমাদের ইমপোর্ট পলিসি যা আছে, ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশনের চুক্তিতে সই করা, পেটেন্ট বিলে সই করা, ইনসিওরেন্স, ব্যাঙ্কের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া, এই সব রাজ্য সরকারের পক্ষে এড়িয়ে যাওয়া কঠিন এবং অসম্ভব। তাসত্ত্বেও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আপ্রাণ চেষ্টা করছে, রুগ্ন শিল্পকে পুনরুজ্জীবনের জন্য কতকগুলি নীতি গ্রহণ করেছে। অনেকগুলো জিনিস আমরা কার্যকর করেছি এবং আন্তরিকভাবে তার প্রচেষ্টা চলছে রুগ্নশিল্প পুনরুজ্জীবনের স্বার্থে। আজকে কেন্দ্রের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে ভয়ঙ্কর বিপর্যয়ের মধ্যে ফেলে দিয়েছে কেন্দ্রের বিজেপি সরকার।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমাদের সময় শেষ হয়ে যাচ্ছে। তাই আরো ১০ মিনিট সময় বাড়াবার জন্য সভায় প্রস্তাব রাখছি।

(এই সময় সভার সম্মতিক্রমে ১০ মিনিট সময় বৃদ্ধি ঘটে)

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, ওরা যে ধ্বংসাত্মক নীতি নিয়েছে সেটা আগে থেকেই বোঝা যাচ্ছিল। এটা নতুন নয়। মাননীয় সদস্যরা জানেন যে, রাজ্য সরকার এক দশক বেশি সময় ধরে কেন্দ্রীয় সরকারের কাছে কেন্দ্রের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি পুনরুজ্জীবনের জন্য কতগুলো গঠনমূলক প্রস্তাব বারে বারে দিয়েছে কিন্তু সেটা তারা গ্রহণ করেন নি। রাজ্য সরকার প্রস্তাব দিয়েছিল, সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলোকে তাদের সমস্ত ঋণ মকুব করে দেওয়া হোক। লোন তারা পাচ্ছে না, কিন্তু ঋণ যা আছে সেটা মকুব করা হোক। তাদের যে মূলধন লাগবে, ক্যাপিটাল ইনভেস্টমেন্ট করতে হবে সেটা বাজেট থেকে এবং ফিনানসিয়াল ইনস্টিটিউশন থেকে দেওয়া হোক। আধুনিকীকরণ এবং ডাইভার্সিফিকেশনের মধ্যে দিয়ে শিল্পগুলিকে পুনরুজ্জীবিত করা হোক। উৎপাদন ক্ষমতা যা রয়েছে তার পূর্ণ

সদ্ব্যবহার করা হোক। শ্রমিকদের অংশ গ্রহণ - এটা পুরোপুরি চালু করা হোক কেন্দ্রীয় সংস্থায়। এই যে সাতদফা প্রস্তাব এই সাতদফা প্রস্তাব নিয়ে রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারকে বারবার বলেছে। যদি এগুলো মানা হোত তাহলে আজকে শিল্পগুলি ধ্বংসের দিকে বন্ধ হয়ে যাওয়ার দিকে চলে যাচ্ছে সেটা হত না। তবে এখনও সেটা করা সম্ভব আমাদের রাজ্যে রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির বিশেষভাবে মনিটরিং হচ্ছে। ইতিমধ্যে নয়-দশটি শিল্প সিক হতে হতে সেখানে লাভ হচ্ছে। বাকিগুলোর জন্যও আমরা চেষ্টা করছি। কেন্দ্রের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি কিন্তু অনেক বড় বড়। সেখানে শ্রমিক সংখ্যাও অনেক বেশি। সম্পত্তির পরিমাণও বেশি। তারজন্য ইন্ডাস্ট্রির স্বার্থে রাজ্য সরকার যেসব সুপারিশ করেছে সেগুলো নিয়ে আলাপ আলোচনা করে গ্রহণ করবার জন্য দাবি করছি। আরো দাবি করছি যে, কেন্দ্রীয় সরকার সমস্ত রাজ্য সরকারের সাথে কথাবার্তা বলে, ফিনানসিয়াল ইনস্টিটিউশন, ব্যাঙ্ক এবং বিশেষজ্ঞদের সঙ্গে কথা বলে রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির রুগ্নতা সম্পর্কে কি করা যায় সেটা সভা ডেকে সেখানে স্থির করুন, সেখানে প্রস্তাব গ্রহণ করুন, কারণ এভাবে ঘোষণা করে শিল্প বন্ধ করে দেওয়াটা দেশের পক্ষে মারাত্মক, সেটা অপরাধের সমতুল্য। তারজন্য আমি এই প্রস্তাবকে পূর্ণরূপে সমর্থন করছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী রবীন দেব ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি যে প্রস্তাব উত্থাপন করেছি ইতঃমধ্যে তার উপর শ্রী অমর চৌধুরী, শ্রী সৌগত রায়, শ্রী সুব্রত মুখার্জি এবং শ্রী বিদ্যুত গাঙ্গুলি, যারা যারা বলেছেন তাদের আমি ধন্যবাদ দিচ্ছি,। এটা সকলের কাছে পরিস্কার - সৌগতবাবু যাই বলুন, সেটা তাঁর দৃষ্টিভঙ্গি - কিন্তু একটা সহমত পোষণ করবার প্রতি যে চাপ সৃষ্টি হচ্ছে, এবং সেটা নীতির ব্যাপারে। একটা নীতির উপর দাঁড়িয়ে এই সমস্যাগুলি তৈরি হয়েছে সেটাই বড় কথা, যেটা সুব্রতবাবু বলেছেন। ১৯৯১ সালের লিবারালাইজেশন, প্রাইভেটাইজেশন এবং গ্লোবাল নীতির জন্যই আজকে এই ভয়ঙ্কর পরিণতি। এরজন্যই কারখানার রুগ্নতা এরজন্যই কারখানা বন্ধ হয়ে যাওয়া। দেশের স্বাধীনতার পর সৌগতবাবুদের কংগ্রেস সরকার যা পারেননি, আজকে কেন্দ্রের বিজেপি সরকার আটটি রাষ্ট্রায়ত্ত সংস্থা বন্ধ করে দিচ্ছেন। তারপর সেখানেই থামেনি, আরো ২৩টি সংস্থা সম্পর্কে তাঁদের বক্তব্য কি জানেন? আমাদের ও.এন.জি.সি.র মতো সংস্থা যে ১২ হাজার কোটি টাকা লাভ করেছে সেই সংস্থাকে বলছে, নবরত্ন, ৯টি সংস্থার মধ্যে ও.এন.জি.সি, আই.ও.সি. এই সংস্থাগুলোকে

ডিসইনভেস্টমেন্ট করতে বলছে। আবার সেখানেও থেমে থাকেনি, গত ৪ঠা ডিসেম্বর কেন্দ্রীয় অর্থমন্ত্রকের উপদেষ্টা বলেছেন পর্যায়ক্রমে প্রতিরক্ষা এবং নিরাপত্তার সাথে যুক্ত রাষ্ট্রীয় ক্ষেত্রে বাদ দিয়ে সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থা বেসরকারিকরণ করে দেওয়া হবে। ২৪২টির মধ্যে - সৌগতবাবু যেটা বললেন - আমরা জানি ৯৬টি সংস্থা নানাভাবে যেগুলি লোকসানে চলছিল সেইগুলিকে অধিগ্রহণ করা হয়েছিল। অনেক লাভজনক সংস্থা, যেমন এই জীবন বিমার কথা উল্লেখ করা হয়েছে, ১৯৫৬ সালের ১লা সেপ্টেম্বর তখনকার অর্থমন্ত্রী সি.ডি.দেশমুখ জীবনবিমা জাতীয়করণ করেছিলেন, তখন মাত্র ৫ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছিল। এখন আমরা দেখতে পাচ্ছি ১৯৯৭/৯৮ সালের মার্চ পর্যন্ত ৩১ হাজার কোটি টাকা শুধু প্রফিট দিয়েছে এই জীবনবিমা। এর পর এক টাকাও বিনিয়াগ করা হয় নি। এখন হচ্ছে ১লক্ষ ৫কোটি টাকা তাদের লাইফ ইনভেস্টমেন্ট হয়েছে। মাননীয় মন্ত্রী ওংকার গোস্বামীর কথা বলেছেন। এই আই.এম.এফ. বিশ্বব্যাঙ্ক, বিশ্ব বানিজ্য সংস্থার কথা বলেছেন। মরক্কোর মারাকাশে আমাদের বঙ্গসন্তান বঙ্গ শতাব্দীর প্রথম দিনটিতে সই করার ফলেইতো আজকে পেটেন্ট আইন নিয়ে ভয়ঙ্কর অবস্থা তৈরি হচ্ছে। তার ফলে আমাদের জীবনদায়ী ঔষধের দাম বাড়ছে আমাদের কৃষি ক্ষেত্রে যা কিছু স্বয়ংভরতা ছিল তা ধ্বংস হয়ে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই জায়গায় দাঁড়িয়ে আমাদের বক্তব্য হচ্ছে - দেবব্রত বন্দ্যোপাধ্যায়, তিনিও লিখেছেন এই ৮টি রাষ্ট্রায়ত্ত সংস্থার মধ্যে ৬টি ক্ষেত্রে যেগুলি লাভে চলছিল চাহিদা রয়েছে, যেমন সাইকেল কর্পোরেশন, সামান্য টাকা বিনিয়োগ করলে সেটা কার্যকর করা যেত, তারজন্য বিজেপি সরকারের কোনও তাপ-উত্তাপ নেই। তাঁরা এই রুগ্ন শিল্পকে চাঙ্গা করার প্রশ্নে, নতুন শিল্প গড়ে তোলার প্রশ্নে তাঁদের কোনও উদ্যোগ নেই। কিন্তু এটা মনে রাখা দরকার, আমাদের মন্ত্রী বিদ্যুৎ গাঙ্গুলি মহাশয় উল্লেখ করেছেন, আমাদের রাজ্য সরকার কতকগুলি উদ্যোগ নিয়েছেন। বি.আই.কোম্পানি, এটা বন্ধ করার সিদ্ধান্ত হয়েছিল, তাকে চালু করবার উদ্যোগ রাজ্য সরকার নিচ্ছে। বেঙ্গল কেমিক্যাল রাজ্য সরকার উদ্যোগ নিয়ে সেই ব্যাপারে কার্য্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। আমাদের যেটা থাকা দরকার সেটা হল কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা। এতে আমরা ক্ষান্ত থাকছি না। আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার বিশ্বব্যাঙ্ক এবং বিশ্ব বানিজ্য সংস্থা, তাদের নির্দেশে আমাদের দেশের অর্থনীতিতে দেশের স্বয়ম্ভরতাকে বিপন্ন করার ফলশ্রুতি হিসাবে আমাদের রাজ্যের উপর বাড়তি চাপ সৃষ্টি হয়েছে, সংকট তৈরি হয়েছে। তার ফলে বেকারি বাড়ছে এবং তার উপর আমাদের এখানে যারা কাজের লোক,

নতুন করে তারা কাজ হারাচ্ছে এই রকম একটা ভয়ঙ্কর অর্থনৈতিক সংকটের মধ্যে মানুষ পড়ছে। সেখানে দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী যে ৭দফা বিকল্প প্রস্তাব দিয়েছেন তাকে আমি সমর্থন করছি। আজকে মাননীয় সদস্য সুব্রত মুখার্জি মহাশয় যে কথা গুলি উল্লেখ করলেন, আরো বেশি কঠোর ভাবে আরো বেশি দৃঢ় ভাবে সেই কথা সৌগতবাবু বলতে পারলেন না। আমি বিনম্রভাবে বলছি আজকে বিজেপি কংগ্রেসকে সাথে নিয়ে পেটেন্ট আইন পেশ করছেন। তাসত্ত্বেও তাঁরা এই প্রস্তাবকে সমর্থন জানিয়েছেন সেইজন্য তাঁদের ধন্যবাদ। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Dy. Speaker :** The motion of Shri Rabin Deb that—

This House notes with grave concern -

"that a large number of industrial units in the entire country including West Bengal are lying sick and closed, and a large number of Central Public Sector Undertakings in the State are also sick and suffering from inadequate provision of funds.

This House is of the opinion -

that the policy of indiscriminate liberalisation, disinvestment in the Central Public Sector Units and Insurance and Banking Sectors, will aggrevate the situation and add to the over-increasing unemployment problem of the country.

This House, therefore, urges upon the Government of India to formulate a correct national regarding revival of closed and sick industrial units in the interest of the workers as also for industrial regeneration and to co-operate with the State Government in evolving a concrete course of actions to revive the closed and sick industrial units in the State without any further delay"

was then put and carried nem.con.

## MOTION UNDER RULE 185

**Mr. Deputy Speaker :** Now, discussion on Motion under Rule 185. Shri Rabindra Nath Mondal to move his motion.

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আমি আমার মোশন মুভ করছি।

"এই সভা গভীর উৎকণ্ঠার সাথে লক্ষ্য করছে যে —

অটল বিহারী বাজপেয়ীর নেতৃত্বে বিজেপি জোট সরকার ক্ষমতাসীন হবার পর গোটা দেশে সাম্প্রদায়িক পরিস্থিতির অবনতি হয়েছে; কেন্দ্রীয় সরকার এবং বিজেপি ও তার সহযোগী পরিচালিত রাজ্য সরকারগুলিকে ব্যবহার করে সাম্প্রদায়িক শক্তি বিভিন্ন সম্প্রদায়গুলির মধ্যেকার সম্প্রীতির পরিবেশ বিনষ্ট করেছে; বিদ্বেষের আবহাওয়া তৈরি করতে সাহায্য করছে, এবং কেবল মুসলমাল নয়, সংখ্যালঘু খৃস্টান সম্প্রদায়ের বিরুদ্ধেও আজ আক্রমণ নামিয়ে আনা হয়েছে যা কখনও দৈহিক কখনও মতাদর্শগত।

এই সভা মনে করে যে —

সংঘ-পরিবারের বিকৃত মতাদর্শ আজ শিক্ষার জগতে নামিয়ে আনার চেষ্টা হচ্ছে; গুরুত্বপূর্ণ জাতীয় শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে আক্রান্ত হচ্ছেন—বহিস্কৃত হচ্ছেন গোটা দেশ এবং পৃথিবীর কাছে গ্রহণযোগ্য বিদগ্ধ ব্যক্তিরা; এবং এদের জায়গায় নিয়ে আসা হচ্ছে সংঘ-পরিবারের লোকজনদের।

এই সভা আরও মনে করে যে —

ভয়ঙ্কর অতীতের থেকে কোনও শিক্ষা না নিয়ে বিতর্কিত বাবরি মসজিদের জায়গায় 'রামমন্দির' প্রতিষ্ঠার অপচেষ্টার অভিযোগ জোরের সাথে উত্থাপিত হচ্ছে এবং কেবল অযোধ্যা নয়, মথুরা, কাশী এবং কর্নাটকের বুরবাদানপুর দরগাকে বাবরি মসজিদের অবস্থায় পরিণত করার চেষ্টা বিপজ্জনকভাবে বেড়ে উঠেছে; সরকারকে ব্যবহার করে দেশের ইতিহাসকে বিকৃতভাবে উপস্থাপিত করার কুৎসিত প্রচেষ্টা চলছে; নিম্নোক্ত সাম্প্রাদায়িক মতাদর্শ আজ দেশের বিচার ব্যবস্থা, আমলাতন্ত্র, নিরাপত্তা ব্যবস্থাকেও প্রভাবিত করতে চাইছে; আজ আক্রান্ত দেশের ইতিহাস, সংস্কৃতি ও শিক্ষা, সংস্কৃতির জগতে এমনকি খেলার জগতেও স্বৈরাচার প্রতিষ্টার চেষ্টাকে

তীব্র করে তুলছে সংঘ-পরিবার ও তার সহযোগীরা; এবং কেন্দ্রীয় সরকার এই সমস্ত কিছুকে প্রতিহত করতে ব্যর্থ।

এই সভা আরও লক্ষ্য করছে যে —

স্বাধীনতার ৫০তম বছরে দেশের ধর্মনিরপেক্ষতা সবচেয়ে তীব্র আক্রমণের মুখোমুখি এবং এ আক্রমণ প্রসারিত হচ্ছে মানুষের গণতান্ত্রিক অধিকার এবং সুস্থ চেতনার জগতেও।

সেইহেতু এই সভা দেশের সমস্ত ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক শুভবুদ্ধিসম্পন্ন মানুষের কাছে এই আক্রমণকে প্রতিহত করার সংগ্রামে ঐক্যবদ্ধভাবে সামিল হতে আহ্বান রাখছে।"

মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আমি এই মোশন মুভ করার মুহূর্তে অত্যন্ত ব্যাথাহত হৃদয়ে এই মোশন মুভ করছি। কারণ স্বাধীনতার ৫১ বছর বাদে এই বিষয় তুলতে হবে, এই রকম ভাবনা-চিন্তা আমার ছিল না। কিন্তু আজকে সামগ্রিকভাবে দেশের বস্তুনিষ্ঠ যে পরিস্থিতি তার প্রেক্ষাপটে দাঁড়িয়ে এই বিষয়টি সবচেয়ে গুরুতর বিপর্যয়ের মুখে এসে দাঁড়িয়ে আছে। আমার এই মোশনটা এখানে লিখিতভাবে আছে। মাননীয় সদস্যরা সব সময়ে হয়তো মোশনগুলি পড়ার সুযোগ পান না, কাজের চাপে বা অন্য কারণে। সেজন্য মোশনটি পড়ে দিতে পারলে ভাল হত। আমি এই মোশনের মধ্যে যে কনটেন্ট আছে, তার সঙ্গে দু'একটি বিষয় যুক্ত করতে চাইছি। সেটি হল, আমরা ঠিক ৭১৯ দিন বাদে একবিংশ শতাব্দীতে প্রবেশ করতে চলেছি। আপনি জানেন, স্যার, বিজ্ঞান প্রযুক্তি কৌশল আজকে যে আক্রমণের সামনে এসে দাঁড়িয়েছে, সেই সময়ে দাঁড়িয়ে আমরা এমন কিছু ঘটাবো না যেখানে কেন্দ্রীয় সরকার, আমরা কয়েকশো বছর পিছিয়ে যাব, এই পরিস্থিতি আমরা করতে চাই না। বিশ্বায়ন আজকে গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। এই সময়ে, আমাদের ভারতবর্ষ ধর্মনিরপেক্ষ দেশ, হিন্দুত্বায়ন করতে চলেছে কেন্দ্রীয় সরকার। রাজনীতিগতভাবে, মতাদর্শগত ভাবে তাদের যে পরিকল্পনা, তারা পরিকল্পিত ভাবে হিন্দুত্বায়নের দিকে নিয়ে যাচ্ছে। শুধুমাত্র শিক্ষার ক্ষেত্রে নয়। শিক্ষাক্ষেত্রে আমি শুধু এইটুকু বলতে পারি, কয়েকদিন আগে আমরা লক্ষ্য করেছি, শিক্ষাক্ষেত্রে জোর জবরদস্তি করে ভারতবর্ষে একটা মতাদর্শ চাপিয়ে দেবার চেষ্টা হয়েছে সরস্বতী বন্দনার নামে। এরফলে আক্রমণ নেমে এসেছে। শুধু শিক্ষার জগতে নয়, সাংস্কৃতিক

জগতে আক্রমণ নেমে এসেছে, খেলাধুলার জগতে এই আক্রমণ নেমে এসেছে। তারা বলছে পাকিস্তানকে আমরা খেলতে দেব না। ক্রিকেটের স্কিপার ভারতবর্ষে যখন শতরান করেন, তখন হিন্দু কিংবা মুসলিম, সমগ্র ভারতবর্ষে আমরা একাত্ম হয়ে যাই। খেলাধূলা সব কিছুর উর্দ্ধে। আমরা নেপোলিয়ন বোনাপার্টের কথা জানি। তিনি বলেছিলেন, খেলাধূলার মধ্যে দিয়ে আমি বিশ্বে একাত্মতা প্রতিষ্ঠা করব। খেলার মান সেইক্ষেত্রে সবকিছুর উর্দ্ধে বিরাজ করে। অন্যদিকে, সাংস্কৃতিক ক্ষেত্রে আক্রমণটা নেমে এসেছে সরস্বতী বন্দনার নামে। ভারতবর্ষের বিদগ্ধ পন্ডিত আলি মিঞা, তিনি বলেছিলেন মুসলিম ছাত্রছাত্রীদের তাদের যদি বলা হয় সরস্বতী বন্দনা কর, এটা সম্ভব নয়। তারা বলবে, আমরা আল্লাকে জানি। তাদের পক্ষে এটা সম্ভব নয়। মকবুল ফিদা হুসেন তিনি একজন বিখ্যাত শিল্পী। তাঁর বাড়ির উপরে আক্রমণ নামিয়ে আনা হল। কয়েকদিন আগে এই রকম দিলীপকুমার, তাঁর বাড়িতে আক্রমণ করা হল। ভারতবর্ষে খেলাধূলার জগতকে এইভাবে আক্রমণ করা হচ্ছে, ভারতবর্ষের সংস্কৃতির উপরে আক্রমণ করা হচ্ছে। সুতরাং এই রকম গভীর পরিস্থিতিতে দাঁড়িয়ে ভারতবর্ষের গণতান্ত্রিকপ্রিয় মানুষকে এর বিরুদ্ধে মোকাবিলা করতে হবে। ১৯৫১ সালের আগে ভারতবর্ষে স্বাধীনতা আন্দোলনে আমাদের মনে আছে মাতঙ্গিনী হাজরার কথা, আমাদের মনে আছে বিনয়-বাদল-দীনেশ, মাস্টারদা সূর্য সেনের কথা, আমাদের মনে আছে ক্ষুদিরামের কথা, তাদের থেকে শুরু করে যেসব বিপ্লবী দেশে এই স্বাধীনতা এনেছিলেন, সেই রকম পরিস্থিতির মধ্যে থেকে আজকে স্বাধীনতার ৫১ বছর পরে যে বিপর্যয়ের মুখে এসে দেশ দাঁড়িয়েছে তাতে দলমত নির্বিশেষে সমস্ত গণতান্ত্রিক মানুষ এবং ধর্মনিরপেক্ষ মানুষকে ঐক্যবদ্ধভাবে এর মোকাবিলা করতে হবে। এবং সেই পরিপ্রেক্ষিতে এই মোশনে অন্তত বাধা দেবেন না আশা করি এবং সবাই সহযোগিতা করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রী রবীন মন্ডল, শ্রী সত্য বাপুলি এবং কৃপাসিন্ধু সাহা এবং অন্যান্যরা যে প্রস্তাব এনেছেন ভারতবর্ষের সাম্প্রদায়িক সম্প্রীতির প্রশ্নে, তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। ভারতবর্ষে সাম্প্রদায়িক সম্প্রীতি অত্যন্ত প্রাচীন বিষয়। অনেক বিদেশি শাসক ইংরেজদের আগে এখানে এসেছে এবং ক্রমে ক্রমে তাদের পথ ও মত পরিবর্তন করে এই দেশের শরিক হয়ে গেছে। এই দেশের তারা অধিবাসী হয়ে গেছে।

অনেকবার সংঘর্ষ হয়েছে, কিন্তু ভারতবর্ষকে তারা নীতির থেকে পরিবর্তন করতে পারে নি। পরবর্তী পর্যায়ে বৃটিশ শাসক আমাদের দেশে আসে এবং তারা নিজেদের সাম্রাজ্য সেখানে দানা বাঁধার জন্যে ভারতবর্ষের সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুন্ন করার চেষ্টা করেছিলেন। এবং তার উদাহরণ ১৯০৫ সালে বঙ্গভঙ্গ আন্দোলন হয়েছে। সেখানে ভারতবর্ষে হিন্দু মুসলমানদের সাম্প্রদায়িক সম্প্রীতি ধ্বংস করার চেষ্টা করা হয়েছিল। অত্যন্ত দুঃখের বিষয় সেখানে যখন অনেক ক্ষতি করতে পেরেছিলেন ঠিক তেমনি তখন বাংলার কবি রবীন্দ্রনাথ ঠাকুরকে সামনে রেখে, সাম্প্রদায়িক সম্প্রীতি যাতে ক্ষুন্ন না হতে পারে তার চেষ্টা করা হয়েছিল। সেই কারণে রবীন্দ্রনাথ ঠাকুরের একটা গান খুব মনে পড়ে, 'বাংলার মাটি, বাংলার জল বাংলার বায়ু বাংলার স্থল, পূণ্য হোক, পূণ্য হোক পূণ্য হোক হে ভগবান' - এই গানটি সেই সময়ে যে উদ্দেশ্যে রবীন্দ্রনাথ রচনা করেছিলেন তার কারণ ছিল এরমধ্যে দিয়ে হিন্দু মুসলমানদের হাতে রাখী পরিয়ে দেবে, আর মুসলমান হিন্দুদের হাতে রাখী পরিয়ে দেবে। কিন্তু ওই প্রচেষ্টা সফল হয়নি। তারপর দেশ স্বাধীন হল এবং তার পরবর্তী পর্যায়ে একটি শক্তির সৃষ্টি হল, সেই শক্তি কখনও আর এস এসের নামে, কখনও হিন্দু মহাসভার নামে, কখনও জনসংঘের নামে এবং সর্বশেষ বিজেপির নামে ভারতবর্ষে সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুন্ন করার চেষ্টা করেছে। এটা আগেও করেছে এবং এখনও করছে। আমাদের যে দল, সর্বভারতীয় দল, যার নেতৃত্বে ভারতবর্ষ স্বাধীন হয়েছে, সেখানেও তারা আঘাত আনার চেষ্টা করেছে। তারপরে তো বিজেপি জাতীয় ক্ষমতায় এল, তখন বিজেপি এবং জনসংঘের মাধ্যমে আঘাত আনার চেষ্টা করা হয়েছে। তারা চেয়েছিল যে ভারতবর্ষ যাতে ভেঙ্গে যায় এবং ভারতবর্ষ যাতে আরও দুর্বল হয়ে যায়, কিন্তু সেই চেষ্টা তাদের সফল হয় নি। কিছুদিন দাঙ্গা হয়েছে ঠিকই, কিন্তু পরবর্তী পর্যায়ে সাম্প্রদায়িক সম্প্রীতি ফিরে এসেছে। আমরা জানি আমাদের অভিজ্ঞতাও আছে যে, ভারতবর্ষের মানুষ সেদিন বাবরি মসজিদ ধ্বংসকে ভাল চোখে দেখে নি। সেইকারণে আজও আমরা ৬ই ডিসেম্বর প্রতিটি বছর বাবরি মসজিদ ধ্বংসের জন্য চোখের জল দিয়ে ওই দিনটিকে তর্পন করি। আমি মনে করি ভারতবর্ষে সাম্প্রদায়িক সম্প্রীতির ক্ষেত্রে দিনটি একটি জঘন্যতম দিন বলে চিহ্নিত করা যায়। আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে এবং আমাদের একটা ব্যর্থতা, সেই ব্যর্থতার সুযোগ নিয়ে বিজেপি সরকার এসে হিন্দুত্বের সুড়সুড়ি দেবার চেষ্টা করছেন। এবং তারসঙ্গে গভীর বেদনার সঙ্গে একথা বলতে বাধ্য হচ্ছি যে, সেদিন মুখ্যমন্ত্রী বললেন হ্যাঁ, আমি ভি.পি.সিং এর কথায়

আদবানির কাছে গিয়েছিলাম, বিজেপির কাছে গিয়েছিলাম। এখানেই চরম ব্যর্থতা। মাননীয় মুখ্যমন্ত্রী আপনার দল সাম্প্রদায়িক নয়, আমি জানি, বামফ্রন্ট দল সাম্প্রদায়িক নয় আমি জানি। তা সত্ত্বেও শুধুমাত্র ক্ষমতার লোভে কংগ্রেস বিরোধিতার জন্য ভি.পি.সিং এর কাছে চলে গেলেন। ভি.পি.সিং এর কথায় আদবানির কাছে গেলেন, বাজপেয়ীর কাছে গেলেন, তাই তারা ৮৪ সালে তিনটি আসন পেয়েছিল।

(এর পর মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য রবীন মন্ডল ও অন্যান্যরা যে প্রস্তাব এখানে এনেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করে বলতে চাই যে কথা সত্য আজকে কেন্দ্রে বিজেপি জোট সরকার গোটা দেশে তাদের সাম্প্রদায়িক নীতি নিয়ে, গোটা দেশের সাংস্কৃতিক পরিমন্ডলকে যেভাবে বিষাক্ত করে তুলেছে তাতে শুভবুদ্ধি সম্পন্ন গণতন্ত্র প্রিয় মানুষ উদ্বিগ্ন না হয়ে পারে না। স্যার, আপনি জানেন অন্ধত্ব ও কুসংস্কারের বিরুদ্ধে নব জাগরণের মণীষীরা এই দেশে ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থায় এবং তার পারিবারিক যে সামাজিক এবং সংস্কৃতির পরিমন্ডল গড়ে তুলে আমাদের দেশে যে সংগ্রাম করে গিয়েছিল স্বাধীনতার উত্তরকালে, সেই সময় শাসকশ্রেণীর পক্ষ থেকে বারবার তার উপরে আঘাত নেমে এসেছে। কেন্দ্রে বিজেপি জোট সরকার ক্ষমতাসীন হওয়ার পর সেই আঘাত এতটাই যে সমস্ত আঘাতের যে ব্যপকতা এবং ভয়াবহতা তাকে অতিক্রম করে একটা ভয়ঙ্কর মারাত্মক পরিস্থিতি সৃষ্টি করেছে। এই বি.জে.পি. জোট সরকার তাদের এই সর্বনাশা নীতির দ্বারা একদিকে দেশে যেমন সাম্প্রদায়িক ধর্মীয় বিদ্বেষ এবং মতভেদের পরিবেশকে আরও বাড়িয়ে তুলছে, অপরদিকে আজকে দেশের আভ্যন্তরীণ সমস্ত গণতান্ত্রিক প্রগতিশীল চিন্তা-ভাবনার পথে অন্তরায় সৃষ্টি করে গোটা দেশে ফ্যাসিবাদী জমি তৈরি করবার এক ভয়াবহ উদ্যোগ এবং প্রচেষ্টা নিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনারা জানেন এই বি.জে.পি. সরকার কেন্দ্রে সম্প্রতি রাজ্যের শিক্ষামন্ত্রীদের যে সম্মেলন ডেকেছিলেন সেই সম্মেলনে তারা শুধু শিক্ষাকে বাণিজ্যিক এবং বেসরকারিকরণ নয়, শিক্ষায় সাম্প্রদায়িক কথা তারা বলছেন এবং সরস্বতী বন্দনা হচ্ছে উত্তরপ্রদেশে, বন্দেমাতরম সঙ্গীত জাতি ধর্মনিরপেক্ষ তাও সেখানে তারা সরস্বতী বন্দনাকে বাধ্যতামূলক করতে চেয়েছিল। যদিও তারা বিরোধিতার জন্য কার্যকর করতে পারিনি। আপনারা জানেন দীনদয়াল বলেছে, হিন্দুরা যদি একজোট হয় তারা খারাপ লোক হলেও ভাল কথা বলে, কিন্তু মুসলমানরা একজোট হলে তারা খারাপ কথা বলে।

(এই সময় মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সাম্প্রদায়িক সম্প্রীতি সামনে রেখে যে প্রস্তাব এখানে আনা হয়েছে তা রাজনৈতিক অভিসন্ধি চরিতার্থ করার জন্য আনা হয়েছে বলে মনে করি। এই বি.জে.পি. সরকার ভারতবর্ষে ক্ষমতায় আসার পর থেকে এখনও পর্যন্ত কোনও রাজ্যে কোথাও সাম্প্রদায়িক দাঙ্গা হয়নি। যদিও এই দল সংঘ পরিবার দ্বারা পরিচালিত, তবে কোনও একটা বিশেষ ধর্মের কথা মানুষের উপরে চাপিয়ে দেওয়ার চেষ্টার আমরা বিরোধী। ধর্মীয় চেতনার উপরে কোনও রুপ প্রভাব বা মতামত চাপিয়ে দেওয়ার নীতি আমরা বিশ্বাস করি না। আমরা মনে করি আমাদের দেশের যে মূল সুর, মূল স্পিরিট, - হেথায় আর্য, হেথা অনার্য, হেথায় দ্রাবিড় চিন, - শক, হূণ, দল পাঠান, মোগল, একদেহে হল লীন। আমাদের ভারতবর্ষের যে হাজার হাজার বছরের ইতিহাস, যদি কেউ মনে করেন আজকে শুধুমাত্র কোনও একটা বিশেষ ধর্মের কথা মানুষের উপরে চাপিয়ে দেওয়ার চেষ্টা হবে আমরা তার বিরুদ্ধে নিশ্চয় বক্তব্য রাখব। তবে যাঁরা আজকে প্রস্তাব এনেছেন তাদের সততা সম্পর্কে আমাদের মনে সন্দেহ আছে। আজকে যারা এই বিজেপি সরকারের বিরুদ্ধে প্রস্তাব এনেছেন তাদের কাছে আমি জানতে চাই বাবরি মসজিদ যখন ধ্বংস করা হল তখন সিপিএমের অ্যাকটিভ কর্মীরা দাঙ্গায় অংশগ্রহণ করেছিল কেন, কখনও কখনও সিপিএমের দলের যিনি নেতা, তিনি বিজেপির সঙ্গে হাতে হাত মিলিয়ে ব্রিগেডে সভা করেছিলেন কেন, তাই তাদের এই মোশন আনার কোনও অধিকার নেই, তাদের সততার উপরে যথেষ্ট সন্দেহ আছে।

(এই সময়ে মাইক বন্ধ হয়ে যায়)

[12-50 — 1-00 p.m.]

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রবীন্দ্রনাথ মন্ডল, সত্যরঞ্জন বাপুলি এবং অন্যান্যদের আনীত সাম্প্রদায়িক সম্প্রীতির উপরে যে সর্বদলীয় প্রস্তাব এসেছে তাকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। স্যার, আমাদের এই রাষ্ট্র গঠন হয়েছে গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা এবং সমাজতন্ত্রের উপরে নির্ভর করে এবং পঞ্চাশ বছর হয়েছে আমাদের দেশ স্বাধীন হয়েছে। সেই স্বাধীনতা আনতে গিয়ে যে শয়ে শয়ে শহীদ প্রাণ বিসর্জন দিয়েছে তাদের মধ্যে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, শিখ আছে। তারা দেশকে স্বাধীন করবার জন্য

ফাঁসির মঞ্চে পর্যন্ত গান গেয়েছিলেন। হোমেজ টু হিরোজ অব এভরিডে, বলে যে বইটা আছে তাতে তিনশো থেকে তিনশো পঞ্চাশ জন শহীদের নাম আছে যারা দেশকে এবং জাতিকে ঐক্যবদ্ধ করে একটা স্বাধীন ভারতবর্ষ করার স্বপ্ন দেখেছিল। এই ভারতবর্ষ গৌতম বুদ্ধের দেশ, স্বামীজীর দেশ, সেই দেশে সমস্ত জাতির মানুষ একত্রে বাস করবে। আজকে সেই অমর আত্মাগুলো আমাদের দিকে তাকিয়ে আছে কিভাবে আমরা জগৎ সভায় শ্রেষ্ঠ আসন নেব। আমরা একবিংশ শতাব্দীতে পা দিতে চলেছি, আমাদের ভারতবর্ষ গণতান্ত্রিক এবং ধর্মনিরপেক্ষ। কিন্তু স্বাধীন ভারতবর্ষের উত্তর পশ্চিম সীমান্তের আকাশে আজকে অন্ধকার এগিয়ে আসছে। আজকে যারা কেন্দ্রীয় সরকারে বসে আছে তারা একটা সাম্প্রদায়িক বিভেদ সৃষ্টি করে এমন একটা আবহ তৈরি করেছে, আজকে ভারতবর্ষের চিরন্তন উদ্দেশ্য ধর্মনিরপেক্ষ এবং স্বাধীনতা আজকে বিপদগ্রস্থ অবস্থায় এসে দাঁড়িয়েছে। সেখানে দাঁড়িয়ে, আজকে যে প্রস্তাব আনা হয়েছে, তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। সেই সঙ্গে আর একটি কথা বলতে চাই, রাজনীতির জন্য রাজনীতি করতে গেলে যে অশুভ শক্তির সঙ্গে আঁতাত করতে হয়, তার জন্য কোনও না কোনও সময়ে মাসুল দিতেই হয়। যে অস্পৃশ্যতা, অশুচিতা একসময় অশুভ ছিল, জাত পাতের সেই অভিশাপ আমরা যেখানে কাটিয়ে ওঠার জন্য অনেক সংগ্রাম করেছি, আজকে বিজেপি সরকার আবার সেই হিন্দুত্ববাদ প্রতিষ্ঠা করতে উদগ্রীব হয়েছে। আজকে সর্বক্ষেত্রেই সাম্প্রদায়িকতা আনতে চাইছে তারা, তার বিরুদ্ধে আজ দলমত নির্বিশেষে রুখে দাঁড়াতে হবে, এই চেষ্টা আমাদের করে যেতেই হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় যে মোশানটি মাননীয় সদস্য রবীন মন্ডল, সৌগত রায় ও অন্যান্যরা এনেছেন, তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা যে দেশের গর্ব করি, যে দেশের সংবিধান আমাদের মৌলিক অধিকার দিয়েছে, সেই দেশটাকে বাঁচাতে পারি দলমত নির্বিশেষে চেষ্টায়। সেই দেশটাকে ছিন্ন ভিন্ন করার জন্য দিল্লিতে যারা ক্ষমতাসীন আছে, তারা এমন কতগুলো মতাদর্শ এবং কার্যক্রম নিয়েছে, যা শুধু বিপজ্জনকই নয়, আমাদের দেশকে অবধারিতভাবে অন্ধকারে নিমজ্জিত করবে। স্বাধীনতা সংগ্রামে আমাদের যতই মতপার্থক্য থাকুক না কেন, একটি ব্যাপারে আমরা ঐক্যমত্য ছিলাম, সেইটি হচ্ছে ভারতবর্ষ নানা ধর্মের দেশ, নানা বর্ণের দেশ, নানা ভাষার দেশ, নানা সংস্কৃতির দেশ, যে বৈচিত্র অন্য কোনও দেশে নেই, এটাকে রক্ষা করতে হবে। এই বৈচিত্রকে

রক্ষা করলেই ভারতবর্ষের মানুষের ঐক্য এবং স্থায়িত্ব এবং সৌভ্রাতৃত্ব সম্ভব। সেই বৈচিত্রের উপর আঘাত হানলে ভারতবর্ষের ঐক্য এবং সংহতি বিপন্ন হতে বাধ্য। আমাদের সংবিধান যখন রচনা করা হয়, তখন এই নিগূঢ় সত্যটা বিধৃত হয়েছে আমাদের সংবিধানের বিভিন্ন ধারায় এবং ছত্রে। আজকে দেখতে পারি, দিল্লিতে এমন একটি শক্তি ক্ষমতায় এসেছে, তারা ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের এই যে ধারা, যে ঐক্য, এই যে মূল্যায়ন, তাতে বিশ্বাস করে না। করে না বলেই ক্ষমতায় আসার পর তারা প্রথম আক্রমণ শানিত করেছে শিক্ষার উপরে, বিশেষ করে ভারতবর্ষের ইতিহাসকে বিকৃত করার কাজে। আমরা বারবার বলছি যে, ভারতবর্ষের এই উর্বর ভূমি বহু বিদেশি শক্তিকে এখানে টেনে এনেছে, যারা এখানে এসে একদেহে লীন হয়েছে 'শক হুন দল পাঠান মোগল এক দেহে হল লীন'। কিন্তু এরা ভারতের ইতিহাস কিভাবে বর্ণনা করছে? যারা বাইরে থেকে এসেছে, তারা বিদেশি, এই দেশটা তাদের নয়। এবং এই তত্ত্ব প্রতিষ্ঠা করতে গিয়ে তারা বলছে, ভারতবর্ষ হচ্ছে হিন্দুদের পিতৃভূমি এবং পূণ্য ভূমি, - ফাদার ল্যান্ড অ্যান্ড হোলি ল্যান্ড।

[1-00 — 1-10 p.m.]

পিতৃভূমি এবং পূণ্যভূমি বাকি যারা, ভারতবর্ষ তাদের পিতৃভূমি নয়, তাদের দেশ নয়। তারা বিদেশি। আপনারা অবাক হয়ে যাবেন, উত্তরপ্রদেশ এবং রাজস্থানে ওরা যে ইতিহাস রচনা করেছেন, তার বক্তব্য হচ্ছে - আলেকজান্ডারের সময় থেকে ভারতে মুক্তিযুদ্ধ শুরু হয়েছে এবং যারা আজকে ভারতবর্ষে আছে, তার ভিতরে ভারতের ১৩ কোটি মুসলমান, বৌদ্ধ, ক্রিশ্চান আছে, এই দেশটি তাদের নয়। এই দেশে থাকতে গেলে হিন্দু সংস্কৃতি, আর্য সংস্কৃতি সেটাকে গ্রহণ করে থাকতে হবে দ্বিতীয় শ্রেণীর নাগরিক হিসাবে এবং এইজন্য তারা বেছে নিয়েছেন শিক্ষা ব্যবস্থা এবং বিগত শিক্ষা সম্মেলনে তার এজেন্ডা পেপারস্ আমার কাছে আছে। অত্যন্ত সুকৌশলে বলছেন - ইন্ডিয়ান education has to be indianised, nationalised and spiritualised. মানেটা কি? ইন্ডিয়ানাইজড্ মানে হচ্ছে ওরা বলছেন যে, ভারতবর্ষ হচ্ছে হিন্দুদের। সেইজন্য শিক্ষাটাকে হিন্দুত্বকরণ করতে হবে। ন্যাশনালাইজড্ হচ্ছে - ভারতের নেশন বলতে বোঝায় হিন্দু নেশন। ফলে শিক্ষাটাকে হিন্দুত্বকরণ করতে হবে। স্পিরিচুয়ালাইজডের উপর ভারতের মাটিতে রাজা রামমোহন রায় যা শুরু করছিলেন নবজাগরণ যেখানে বৈজ্ঞানিক চিন্তা ধারার উপর জোর

দেওয়া হয়েছিল, সেখানে বলা হয়েছে যে, আমাদের শিক্ষাব্যবস্থাকে বিজ্ঞান থেকে সরিয়ে নিয়ে গিয়ে হিন্দু বিশ্বাস এবং যুক্তি হীনতার দিকে নিয়ে যেতে হবে এবং আরও সুকৌশলে এজেন্ডা পেপারে বলেছেন যে, নৈতিক শিক্ষা দিতে হবে এবং যেটার নাম তারা বলছেন ভ্যালু এডুকেশন এবং এই নৈতিক শিক্ষার নাম করে রাজস্থানে তারা যখন ক্ষমতায় ছিলেন, উত্তরপ্রদেশের আর. এস.এসের যারা প্রচারক, তাদের স্কুল কলেজে আনা হচ্ছে নৈতিক শিক্ষা দেওয়ার জন্য এবং ভ্যালু এডুকেশনের নাম করে তার মূল বক্তব্যটা কি? তার মূল বক্তব্য হচ্ছে যে বাবরি মসজিদ আগের বার ধ্বংস করেছিল করসেবকরা। তারা হচ্ছে জাতীয় বীর এবং মুক্তি সংগ্রামী এবং দেশপ্রেমী। ভারতের ইতিহাস হিন্দুদের বিজয়ের ইতিহাস এবং সেই গৌরব ফিরিয়ে আনতে হবে। এতে মুসলমানদের কোনও ভূমিকা নেই। ভারতের স্বাধীনতা আন্দোলনে মুসলমানদের কোনও ভূমিকা নেই। তারা ইংরেজদের সঙ্গে হাত মিলিয়েছিল। কুতুব মিনার তৈরি করেছিল নাকি সমুদ্রগুপ্ত। তারা বলছে যে, সংগ্রামী নায়ক হচ্ছে - গোলওয়ালকার, সাবারকার। আর এস এসের নেতারা বলছে যে, জাতীয় দিনগুলি পালন করতে হবে না, হিন্দু ধর্মীয় দিনগুলি জাতীয় দিন হিসাবে পালন করা হবে এইভাবে ইতিহাসকে তারা বিকৃত করছে এবং স্বাধীনতা আন্দোলনকে বিকৃত করছে। গান্ধীজিকে যিনি হত্যা করেছিলেন, যে কারণে হত্যা করেছিলেন, সেই কারণটি ঊর্দ্ধে তুলে ধরে সাম্প্রদায়িকতার যে বীজ বপন করেছেন, যা আমাদের দেশকে বিভক্ত করবে এবং হিন্দু রাষ্ট্রের নাম করে, তারা হিন্দু ধর্মের যে ব্যাখা দিচ্ছেন, সেটা হিন্দু ধর্মের আসল ব্যাখা নয় এবং এইভাবে সাম্প্রদায়িক ভেদবুদ্ধি শিক্ষার ভেতর নিয়ে গিয়ে আমাদের দেশকে ধ্বংস করে যাচ্ছে এবং সেটা আমরা দেখব আফগানিস্তানে তালিবানরা করছে। এরা ধর্মীয় বিভেদ তৈরি করছে। আপনারা শুনে আরও অবাক হয়ে যাবেন যে, ইতিহাসকে এরা কিভাবে বিকৃত করছে। তারা বলছে যে, চিনের সভ্যতার আলো জ্বালিয়েছে ভারতীয়রা। ইরানে প্রথম বসবাসকারী ভারতীয়রা। এইসব বিকৃত তথ্য তারা প্রচার করছে। পাকিস্তান, বাংলাদেশ এবং মায়ানমারের কিছু অংশ এগুলি যুক্ত করে বলা হয়েছে যে এটা হচ্ছে ভারত। এই মারাত্মক জিনিসগুলি এরা শিক্ষাক্ষেত্রে প্রচার করছেন। শিক্ষামন্ত্রী সম্মেলনে এই ধরণের নগ্ন, উলঙ্গ সাম্প্রদায়িকীকরণ এজেন্ডা পেপার এ রাখা আগে কখনও দেখেনি। আমরা এর তীব্র প্রতিবাদ করছি। আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয় সদস্যদের যাঁরা এই গুরুত্বপূর্ণ মোশন এনেছেন এই হাউসে। আশা করছি সকলেই সমর্থন করবেন। সর্বসম্মতভাবে। আমাদের মধ্যে যতই মতপার্থক্য থাকুক না কেন

আমরা যদি ঐক্য সংহতিকে রক্ষা করতে চাই, ভ্রাতৃত্ববোধকে রক্ষা করতে চাই আমাদের এগিয়ে আসতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমাদের যে সময় ধার্য করা ছিল সেই সময় শেষ হয়ে যাওয়ায় সকলের অনুমতি নিয়ে আমি আরও পাঁচ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

**শ্রী রবীন মন্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি ধন্যবাদ জানাচ্ছি যাঁরা এই আলোচনায় অংশগ্রহণ করেছেন। কিন্তু মুশকিল হচ্ছে যে সাম্প্রদায়িক সম্প্রীতির কথা বলতে গেলে একেবারে নির্দ্বিধায় বলা চলে এমন পরিস্থিতি আমাদের নেই, এই হাউসের মধ্যেও নেই। এটা ওদের কাছে আশা করা যায় না। আমাদের রাজ্যেও তৃতীয় রাজনৈতিক শক্তি তৈরি করার চেষ্টা করা হচ্ছে। যাকে ডমিনেট করছে বিজেপির মতো সাম্প্রদায়িক শক্তি। এটা আমাদের রাজ্যের পক্ষে বিপদ। আমাদের রাজনীতি যাই হোক সচেতন মানুষ সেটা মব আপ করবে, যে ভাবে সেটা কমব্যাট করার করবে। সর্বদলীয়ভাবে সাম্প্রদায়িকতার কথা বলতে গেলে ওদের একটু গা জ্বালা করবে। সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য আমরা বারবার নানাভাবে পরীক্ষা নিরীক্ষা করেছি। আমরা সেই দৃষ্টান্ত স্থাপন করেছি। শিখ দাঙ্গার সময়ে একমাত্র একজনই মুখ্যমন্ত্রী - সারা ভারতবর্ষের মধ্যে একজনই মুখ্যমন্ত্রী যিনি দেশপ্রিয় পার্ক থেকে দেশবন্ধু পার্ক পর্যন্ত ৫০ হাজার মানুষের শান্তি মিছিল সংগঠিত করেছিলেন। এই রাজ্যে সেই পরিস্থিতি এখনও আছে। এটা বলা উচিত। নির্লজ্জতর কোন জায়গায় নিয়ে গেছেন। বলছে গোলাম আলিকে গান করতে দেব না। গোলাম আলি গান করতে পারবে না। এখানে এনে গান করিয়ে আমরা দেখিয়ে দেব, আমরা বলেছি। খেলাধূলা হবে, খেলা করানো হবে। সেই সততাটুকু থাকলে অন্তত দিল্লিতে বলতে পারতেন, অন্তত সাম্প্রদায়িক সম্প্রীতির কারণে যে আমরা এই সরকারকে সমর্থন করি না।

(গোলমাল)

তা সত্ত্বেও এইরকম একটা গুরুত্বপূর্ণ স্পর্শকাতর বিষয়ে যে ভারতবর্ষের মানচিত্রে একটা বিপজ্জনক পরিস্থিতি সৃষ্টি করছে, তার বিরুদ্ধে মানুষ ইতিমধ্যেই রাজনৈতিক সংগ্রাম শুরু করেছে। কয়েকটি নির্বাচনের মধ্যে তার প্রতিফলন আমরা দেখতে পেয়েছি। সাম্প্রদায়িক সম্প্রীতির যে মহান আদর্শ ধর্মনিরপেক্ষতা, ধর্মনিরপেক্ষতাই মহান ঐতিহ্য, এটা প্রতিষ্ঠিত হবে। এই কথা বলে, এই মোশনকে যাঁরা সমর্থন করেছেন তাঁদের অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Rabindra Nath Mondal that

এই সভা গভীর উৎকণ্ঠার সাথে লক্ষ্য করছে যে—

"অটল বিহারী বাজপেয়ীর নেতৃত্বে বিজেপি জোট সরকার ক্ষমতাসীন হবার পর গোটা দেশে সাম্প্রদায়িক পরিস্থিতির অবনতি হয়েছে; কেন্দ্রীয় সরকার এবং বিজেপি ও তার সহযোগী পরিচালিত রাজ্য সরকারগুলিকে ব্যবহার করে সাম্প্রদায়িক শক্তি বিভিন্ন সম্প্রদায়গুলির মধ্যেকার সম্প্রীতির পরিবেশ বিনষ্ট করেছে; বিদ্বেষের আবহাওয়া তৈরী করতে সাহায্য করছে, এবং কেবল মুসলমান নয়, সংখ্যালঘু খৃষ্টান সম্প্রদায়ের বিরুদ্ধেও আজ আক্রমণ নামিয়ে আনা হয়েছে যা কখনও দৈহিক কখনও মতাদর্শগত।

এই সভা মনে করে যে—

সংঘ-পরিবারের বিকৃত মতাদর্শ আজ শিক্ষার জগতে নামিয়ে আনার চেষ্টা হচ্ছে; গুরুত্বপূর্ণ জাতীয় শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে আক্রান্ত হচ্ছেন—বহিস্কৃত হচ্ছেন গোটা দেশ এবং পৃথিবীর কাছে গ্রহণযোগ্য বিদগ্ধ ব্যক্তিরা; এবং এদের জায়গায় নিয়ে আসা হচ্ছে সংঘ-পরিবারের লোকজনদের।

এই সভা আরও মনে করে যে—

ভয়ঙ্কর অতীতের থেকে কোন শিক্ষা না নিয়ে বিতর্কিত বাবরি মসজিদের জায়গায় 'রামমন্দির' প্রতিষ্ঠার অপচেষ্টার অভিযোগ জোরের সাথে উত্থাপিত হচ্ছে এবং কেবল অযোধ্যা নয়, মথুরা, কাশী এবং কর্ণাটকের বুরবাদানপুর দরগাকে বাবরি মসজিদের অবস্থায় পরিণত করার চেষ্টা বিপজ্জনকভাবে বেড়ে উঠেছে; সরকারকে ব্যবহার করে দেশের ইতিহাসকে বিকৃতভাবে উপস্থাপিত করার কুৎসিত প্রচেষ্টা চলছে; বিযাক্ত সাম্প্রদায়িক মতাদর্শ আজ দেশের বিচার ব্যবস্থা, আমলাতন্ত্র, নিরাপত্তা ব্যবস্থাকেও প্রভাবিত করতে চাইছে; আজ আক্রান্ত দেশের ইতিহাস, সংস্কৃতি ও শিক্ষা, সংস্কৃতির জগতে এমনকি খেলার জগতেও স্বৈরাচার প্রতিষ্টার চেষ্টাকে তীব্র করে তুলেছে সংঘ-পরিবার ও তার সহযোগীরা; এবং কেন্দ্রীয় সরকার এই সমস্ত কিছুকে প্রতিহত করতে ব্যর্থ।

এই সভা আরও লক্ষ্য করছে যে—

স্বাধীনতার ৫০তম বছরে দেশের ধর্মনিরপেক্ষতা সবচেয়ে তীব্র আক্রমণের মুখোমুখি এবং এ আক্রমণ প্রসারিত হচ্ছে মানুষের গণতান্ত্রিক অধিকার এবং সুস্থ চেতনার জগতেও।

সেইহেতু এই সভা দেশের সমস্ত ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক শুভবুদ্ধিসম্পন্ন মানুষের কাছে এই আক্রমণকে প্রতিহত করার সংগ্রামে ঐক্যবদ্ধভাবে সামিল হতে আহ্বান রাখছে।"

was then put and carried.

[1-10 — 1-20 p.m.]

## MOTION UNDER RULE 185

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮৫ ধারা অনুযায়ী মূল প্রস্তাব আমি এখানে উত্থাপন করছি। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি স্বাধীন হওয়ার পর আজ পর্যন্ত বিশ্ববরেণ্য নেতা নেতাজী সুভাষচন্দ্রের রহস্যজনক অন্তর্ধান সম্পর্কে এখনও পর্যন্ত দেশবাসী অন্ধকারে রয়ে গেছে। আমি এই প্রস্তাব এখানে উত্থাপন করছি। আলোচনার পরে আমি আমার দু-একটি কথা বলব এই সভায়।

Sir, I beg to move that—

this House notes with grave concern-

that the people and scholars of India are still in the dark about the mysterious disappearance of Netaji Subhas Chandra Bose during the Second World War.

that different statements were made on the floors of Parliament at different times regarding whereabouts of Netaji Subhas Bose;

that the judicial pronouncements of the Supreme Court and High Courts in India created more suspicions in the minds of people of India regarding Netaji's alleged death in the plane crash; and

that the records and documents in different countries of Europe, America, Far East and South-East Asia and also India regarding the mysterious disappearance of Netaji Subhas Chandra Bose after alleged plane crash have not been made available to the people and scholars of India.

This House is of the opinion -

that the report of the death of Netaji Subhas Chandra Bose on an alleged plane crash has not been proved beyond doubt; and

that the reports of the two Commissions of Enquiry set up by the Government of India are not believed by the people and scholars of India.

This House, therefore, through the State Government demands that the Government of India should make necessary arrangements for availability of records and documents in and outside India so that the scholars and people could have access to them and also to institute a fresh enquiry commission in order to remove the mystery regarding the whereabouts of Netaji Subhas Chandra Bose."

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ রুল ১৮৫-এ যে মোশন এসেছে, সেই মোশনকে আমি সমর্থন করছি এবং সেই মোশনকে সমর্থন করতে গিয়ে আমি আমার বক্তব্য রাখছি। এটা খুব দুঃখের বিষয় যেটা কৃপাসিন্ধু বাবু বলছিলেন যে, স্বাধীনতার ৫০ বছর উত্তীর্ন হয়েছে। স্বাধীনতা আন্দোলনের অন্যতম পথিকৃত বিশ্ববরেণ্য নেতা নেতাজী সুভাষচন্দ্রের রহস্যজনক অন্তর্ধান হয়েছে। সেই রহস্যজনক অন্তর্ধানের বিষয়ে কোনও সমাধান হয় নি এবং ভারবর্ষের মানুষের মনের মধ্যে এখনও যে সন্দেহের অবকাশ থেকে গেছে যে নেতাজী সুভাষচন্দ্র অন্তর্ধান করেছিলেন কিনা তাইহোকু থেকে, ১৯৪৫ সালের ১৮ই আগস্ট প্লেন ক্রাসে মারা গেছেন কিনা সেই সম্পর্কে মানুষের মনে যথেষ্ট সন্দেহ রয়ে গেছে। সেই সন্দেহ দূর যাতে করা যায় তার জন্য একটা প্রস্তাব এসেছে একটা কমিশন তৈরি করবার জন্য। স্যার, সকলে একমত হবেন যে নেতাজীর নাম শুনলে আমাদের

সকলের মনেই এমন একটা দেশপ্রেম, দেশের জন্য সর্বত্যাগ করার আদর্শ মাথা চাড়া দিয়ে ওঠে। এই রকম একটা মানুষ, বড় ঘরে আর্থিক দিকে স্বচ্ছল পরিবারে জন্মগ্রহণ করেও দেশকে বৃটিশের হাত থেকে স্বাধীন করবার জন্য যে আত্মত্যাগ করেছিলেন যে কষ্ট সহ্য করেছিলেন তা পৃথিবীর ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখিত থাকবে এ বিষয়ে কোনও সন্দেহ নেই। এই রকম একটা মানুষের শেষ পরিণতি কি হল সেটা নিশ্চয় কোনও সন্দেহের অবকাশ না রেখে বার করা উচিৎ। আজকে এই বিষয়ে নিয়ে এখানে মোশন এসেছে, একে আমরা সমর্থন করি। স্যার, 'সন্দেহের অবকাশ' এই জন্য বলছি, কারণ আমাদের কাছে, যতদূর জানি, বিভিন্ন সোর্স থেকে খবর রেখেছি, নেতাজী সুভাষচন্দ্র বোস দ্বিতীয় বিশ্ব যুদ্ধের সময় যখন বৃটিশরা জয়লাভ করছিল এবং জাপান হার ছিল তখন বৃটিশদের হাতে যাতে তিনি ধরা না পড়েন - বৃটিশদের হাতে ধরা পড়লে তো তাঁকে গুলি করে মারত, এ বিষয়ে কোনও সন্দেহ নেই - তাঁদের হাত থেকে বাঁচবার জন্যই তিনি এমন একটা পরিকল্পনা করেছিলেন বলে মনে করা হচ্ছে। নেতাজীর সঙ্গে তখন হবিবুর রহমান ছিলেন। সাধারণ মানুষের কাছে প্রচলিত যে, নেতাজী সুভাষচন্দ্র বসু তাইহোকু বিমান বন্দরে বিমান ক্রাসে মারা গেছেন। অনেকের ধারনা বৃটিশ যাতে তাঁর পেছনে লেগে না থাকে তার জন্য তিনি এই খবর প্রচার করিয়ে দিয়েছিলেন। আর, এই বিষয়টা এখনও প্রমাণিত হয়নি। ১৯৪৫ সালের ১৮ই আগস্ট প্লেন দুর্ঘটনায় যে তাঁর মৃত্যু হয়েছে এটা এখনও প্রমাণিত হয়নি। এই নিয়ে একাধিক কমিশন ও কমিটি হয়েছে কিন্তু তা হওয়া সত্ত্বেও মানুষের মন থেকে ঐ সন্দেহের নিরসন হয়নি। স্যার, ১৯৫৬ সালে শাহনওয়াজ কমিটি যে রিপোর্ট দিয়েছিল তাতে দেখবেন এক-একজন সাক্ষী এক-এক রকম কথা বলেছেন। সুতরাং তার থেকে প্রমাণিত হয়নি যে, ঐ বিমান দূর্ঘটনায় নেতাজীর মৃত্যু হয়েছে। তার পর জাস্টিস খোসলাকে দিয়ে খোসলা কমিশন করা হয়েছিল। সেখানেও নানা রকম পরস্পর বিরোধী খবর বেরিয়েছিল।

আবার স্যার, আপনি জানেন নেতাজী সুভাষচন্দ্র বোসকে মরণোত্তর ভারতরত্ন দেবার ব্যাপারে সারা দেশে একটা আলোড়ন সৃষ্টি হয়েছিল এবং সুপ্রিম কোর্টে এই নিয়ে কেস উঠেছিল। সুপ্রিম কোর্ট বলেছে, যে ব্যক্তির মৃত্যু প্রমাণিত হয়নি তাঁকে ভারতরত্ন দেওয়া চলবে না। এছাড়া কলকাতা হাইকোর্ট, উড়িষ্যা হাইকোর্ট এবং আরো বিভিন্ন কোর্ট তাঁর মৃত্যুর ব্যাপারে সন্দেহ প্রকাশ করেছে। সুতরাং তাঁর অন্তর্ধান সম্বন্ধে অসত্য কথা লুক্কায়িত আছে কিনা এবং সে ব্যাপারে বিভিন্ন হাইকোর্ট ও সুপ্রিম কোর্ট যখন সন্দেহ প্রকাশ করেছে তখন সেইসব সন্দেহ যত তাড়াতাড়ি মানুষের মন থেকে দূর করা হয় ততই ভালো।

স্যার, এটা সকলেই জানেন যে, ১৮৯৭ সালে কটকে নেতাজী সুভাষচন্দ্র বসু জন্মগ্রহণ করেন। তিনি যদি আজকে বেঁচে থাকেন - আশাকরি তিনি বেঁচে আছেন - তাহলে তাঁর বয়স ১০২ বছর হবে। কিন্তু তাঁর বেঁচে থাকা বা মারা যাওয়ার থেকেও যেটা বড় প্রশ্ন হয়ে আজকে দেখা দিয়েছে তা হচ্ছে, তাঁর অন্তর্ধানের পর কি হল? তিনি কোথায় গেলেন সেটা পরিস্কার হওয়া দরকার। এই বিষয়টা এখনও রহস্যজনক হয়ে রয়েছে। আমরা জানি, অনেক পরে শেষ পর্যন্ত তিনি নাকি রাশিয়া চলে গিয়েছিলেন। আমাদের এশিয়াটিক সোসাইটির সদস্যরা যখন নেতাজীর অন্তর্ধান সম্বন্ধে গবেষনার জন্য রাশিয়ার 'ওমস'-এ গিয়েছিলেন সেখানে নাকি তাঁর অন্তর্ধানের পরেও বেঁচে থাকার তথ্য প্রমান পাওয়া গেছে। সুতরাং এ সম্বন্ধে মোশনে যেটা বলা হয়েছে অর্থাৎ ভারতবর্ষ এবং ভারতবর্ষের বাইরের দলিল দস্তাবেজ, বৃটিশ ইন্টালিজেন্সের কাছে যে কাগজপত্র আছে, নেতাজীর অন্তর্ধান সম্বন্ধে রিসার্চরত স্কলারদের কাছে যে সমস্ত কাগজপত্র আছে, সমস্ত পেশ করা হোক এবং শেষ পর্যন্ত তিনি বেঁচে আছেন না মারা গেছেন সেটা ভারতবর্ষের মানুষের কাছে প্রকাশ করার জন্য একটা কমিশন বা কমিটি করা হোক। এটা খুবই প্রয়োজন বলে আমি মনে করি। এটা খুবই দুঃখের কথা যে, এরকম একজন নেতা যিনি ভারতবর্ষকে স্বাধীন করার জন্য সর্বস্য ত্যাগ করেছিলেন তাঁর অন্তর্ধান রহস্য আজকে অন্ধকারে আচ্ছন্ন হয়ে রয়েছে, যেহেতু একটা কমিশন এবং একটা কমিটি সন্দেহাতীত ভাবে কিছু প্রমান করতে পারেন নি। মানুষের মনে নেতাজীর অন্তর্ধান সম্পর্কে সন্দেহ আছে, বিভিন্ন কোর্ট এবং সুপ্রিম কোর্ট সন্দেহ প্রকাশ করেছেন। এই সন্দেহ দূর করার জন্য যত তাড়াতাড়ি সম্ভব কমিশন নিযুক্ত করা হোক এবং নেতাজীর অন্তর্ধান ও শেষ পর্যন্ত তাঁর পরিণতি কি হয়েছিল সে বিষয়ে সারা পৃথিবীর মানুষের কাছে তথ্য প্রকাশ করা হোক। এবং এই জন্য যে মোশন আনা হয়েছে তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নেতাজী সুভাষচন্দ্র বসুর রহস্যময় অন্তর্ধানের কিনারা করতে এবং তাঁর সম্বন্ধে প্রামান্য যে সমস্ত নথি আমাদের দেশে এবং বিদেশে আছে সেগুলো সংগ্রহ করে মানুষের কাছে প্রকাশ করতে যে প্রস্তাব এখানে আনা হয়েছে তার সমর্থনে আমি দুই-একটি কথা বলছি। আজকে এই যে দাবি উঠেছে এটা নিছক কোনও ভাবাবেগের বিষয় নয়। এটা

আমাদের দেশের প্রত্যেকটি মানুষের অধিকারের প্রশ্ন। কারণ নেতাজীর মতো একজন ন্যাশনাল হিরো, তিনি কোথায়, কিভাবে মানুষের লোকচক্ষুর অন্তরালে চলে গেলেন দেশের মানুষ তা জানতে পারবে না, তাদের জানতে সুযোগ দেওয়া হবে না সেটা দেশের মানুষ কিছুতেই মানতে পারে নি। এই রহস্যময় অন্তর্ধানের কিনারা করার জন্য একটা কমিশন গঠন করা হয়েছিল। কিন্তু বাস্তবিক পক্ষে মানুষের মনে যে সন্দেহ আছে তা তাঁরা দূর করতে পারেন নি। বরং আমাদের সন্দেহ গাঢ় থেকে গাঢ়তর হয়েছে। একটা কল্পিত, অর্ধসত্য জিনিসকে প্রস্তুত করতে চাওয়া হয়েছে। যে উদ্দেশ্যে কমিশন গঠিত হয়েছিল যে, নেতাজীর মৃত্যু বিমান দুর্ঘটনায় হয়েছিল কিনা এবং যারজন্য নেতাজীকে মরণোত্তর ভারতরত্ন দেওয়ার প্রস্তাব নিয়েও সারা দেশে হৈচৈ হয়েছে। কারণ তাঁর মৃত্যু হয়েছে কিনা সেটা প্রমাণিত হয়নি বলেই তাঁকে মরণোত্তর ভারতরত্ন দেওয়া সমীচীন হবে না। ঐ একই কারণে জাপানের রেনকোজি মন্দির থেকে নেতাজীর ছাই ভস্ম আনার যে উদ্যোগ ভারত সরকারের তরফ থেকে দুই-একবার হয়েছিল তাও দেশের মানুষ মানতে পারেনি। আমাদের মধ্যে খুব সঙ্গত ভাবেই এই সমস্ত প্রশ্ন দেখা দিচ্ছে যে, এই রহস্যের একটা কিনারা হওয়ার দরকার। প্রকৃত ঘটনা কি, তাঁর অবস্থান কোথায় এই সমস্ত তথ্য আমাদের দেশের প্রত্যেকটি মানুষের অধিকার আছে। ছাত্র, গবেষক, দেশপ্রেমিক —প্রত্যেকটি মানুষই তাঁর সম্বন্ধে জানতে চান। এই কারণে জানতে চান যে, তাঁকে আমরা বীরের আসনে বসিয়েছি, তিনি আমাদের মধ্যে রূপকথার গাঁথা হয়ে বসে আছেন, আমাদের স্বাধীনতা আন্দোলনের পুরোধা সৈনিক যিনি আমাদের সবার মন জয় করেছিলেন। তাঁর মতো একজন বীরের প্রতি আমরা যথাযথ শ্রদ্ধা জানাতে পারিনি। তাঁকে নিয়ে তামাশা হয়েছে, এটা বন্ধ হওয়া দরকার। তাই আজকে দাবি উঠেছে আর একটা কমিশন গঠন করা হোক যাঁরা পূর্বতন কমিশনের রিপোর্টের মধ্যে যে সমস্ত অসঙ্গতি আছে সে সমস্ত খতিয়ে দেখবেন। তাঁর সম্পর্কে নতুন করে তথ্য সংগ্রহ করবেন এবং একটা সঠিক সিদ্ধান্তে উপনীত হবেন যেটা দেশের মানুষের কাছে বিশ্বাসযোগ্য বলে মনে হবে। সাথে সাথে প্রমান্য নথিপত্রগুলি গবেষকদের কাছে, দেশের বুদ্ধিজীবীদের কাছে সহজলভ্য করতে হবে। সমস্ত প্রকাশ করতে হবে যাতে তা নিয়ে আরো আলাপ আলোচনা, গবেষনা চলতে পারে এবং আমরা সকলে যাতে আমাদের সঠিক ভূমিকা পালন করতে পারি। তাই আমি এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি এবং সকল পক্ষের কাছে সমর্থনের আবেদন জানাচ্ছি।

**শ্রী নটবর বাগদি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য কৃপাসিন্ধু সাহা, তাপস রায়, রবীন দেব প্রভৃতি যে প্রস্তাব উৎথাপন করছেন তাকে সমর্থন করে আমি দু' একটা কথা বলতে চাই। বিশেষ করে এই প্রস্তাবের শেষে যে লাইনটি আছে, 'নেতাজী সুভাষচন্দ্র বসুর অবস্থান সম্পর্কে রহস্যের সমাধানের জন্য নতুন করে একটি তদন্ত কমিশন গঠন করবেন' এই দাবিকে সমর্থন করছি। এর আগে এ বিষয়ে দুটো কমিশন গঠন করা হয়েছিল। 'শাহনাওয়াজ কমিশন' এবং 'খোলনা কমিশন'। প্রাক্তন প্রধানমন্ত্রী মোরারজি দেশাই প্রধানমন্ত্রী থাকাকালীন ঘোষনা করেছিলেন যে, দুটো কমিশনের রিপোর্টের মধ্যে কোনও সাদৃশ্য নেই, কোনওটাকেই সঠিক বলে মনে হচ্ছেনা। সে কারণে দুটো কমিশনের রিপোর্টকেই বাতিল করা হয়েছিল। বিরোধী দলের নেতা মাননীয় অতীশচন্দ্র সিনহা বললেন যে, সুপ্রিম কোর্ট, কলকাতা হাইকোর্ট এবং উড়িষ্যা হাইকোর্ট নেতাজীর মৃত্যুর বিষয়ে যে রায়গুলো দিয়েছে সেগুলো জনগণের মধ্যে আরো বিভ্রান্তি এবং সন্দেহের সৃষ্টি করেছে। উড়িষ্যা হাইকোর্ট একটা রায়ে বলেছিল, 'ওয়ার ক্রিমিনাল লিস্ট থেকে নেতাজী সুভাষচন্দ্র বসুর নাম বাদ দেওয়া হোক'। এই রকম পরিস্থিতিতে প্রকৃত তথ্য এবং সত্য উদঘাটনের জন্য আজকে এই প্রস্তাব এখানে পেশ করা হয়েছে। ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে যে সমস্ত নথিপত্র আছে সে সমস্ত একত্রিত করে এ বিষয়ে নতুন করে একটা উদ্যোগ নেওয়ার দরকার আছে বলে আমি মনে করি। এটা ঠিক যে, আমাদের দেশের স্বাধীনতা সংগ্রামের অগ্রগণ্য সৈনিক নেতাজী সুভাষচন্দ্র বসু, তাঁর অন্তর্ধান রহস্যর প্রকৃত সত্য উদঘাটনের জন্য এই বিধানসভা থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দল প্যাঠিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে নতুন করে কমিশন গঠনের দাবি জানানো দরকার। কারণ আমরা দেখছি উড়িষ্যা হাইকোর্টের রায়ের সঙ্গে কলকাতা হাইকোর্টের রায়ের কোনও মিল নেই। খোশলা কমিশনের রিপোর্টের সঙ্গে শাহনাওয়াজ খান কমিশনের রিপোর্টের কোনও মিল নেই, সাদৃশ্য নেই। সুতরাং আজকে এখানে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব শুধু মাত্র গ্রহণ করলেই হবে না, এই প্রস্তাব নিয়ে আমি মনে করি একটা সর্বদলীয় কমিটি গঠন করে নতুন করে কমিশন গঠনের দাবি কেন্দ্রের কাছে পেশ করা দরকার। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাই, এই হাউসে অনেকদিন পরে আজকে আমরা এই মোশন এনেছি। বেটার

লেট্ দ্যান নেভার। যাইহোক, আজকে তথ্য উদ্ধৃত করে দেখাতে চাইব যে, তাইহকু বিমান বন্দরে যে দুর্ঘটনা সেই দুর্ঘটনাতে নেতাজী মারা যাননি এবং এই বিষয়ে বৃটিশের নিজের তথ্য আছে। তারা এটাকে সন্দেহ করছে। নেহেরু প্রেস কনফারেন্স করে বলেছেন যে, তিনি মারা যাননি। অ্যাংলো আমেরিকান ইনটেলিজেন্স তারা বলছে, নেতাজীর যে ভারতবর্ষের বাইরে পালিয়ে যাওয়ার পরিকল্পনা রাশিয়া ভায়া মানচুরিয়া, এতে লর্ড ওয়েভেল, গভর্নমেন্ট অব ইন্ডিয়া, একটা সিরিয়াস সংকটে পড়লেন। এই যে নেতাজী তাইহকু থেকে রাশিয়া চলে গেলেন তাঁর সম্পর্কে কি অ্যাকশন নেওয়া হবে - এই সংকটে তিনি পড়লেন। ১১ই আগস্ট, ১৯৪৫ সালে তৎকালীন যিনি প্রাইভেট সেক্রেটারি ছিলেন, ই.জেনকিন, private secretary to Viceroy informed Shri R.F. Modi, Home Member Viceroy's Executive Council informed that His Excellency, the Viceroy of India expressed that Bose should be treated as a war criminal. ১৭ই আগস্ট, ১৯৪৫, গুরুত্বপূর্ণ দিন। এই ১৭ই আগস্ট, ১৯৪৫ সালে আরলি মরনিং ব্যাঙ্ককে নেতাজী একটি চিঠি ডিক্টেশন দিলেন টু জন থিবি। (ই. ভাস্করণ, কন্ফিডেনসিয়াল সেক্রেটারি টু নেতাজী), ইন দি ফলোয়িং টার্মস। নেতাজী যে ডিক্টেশনটা দিলেন সেটি হচ্ছে, "I am writing all these to you as I am on the eve of taking a long journey by Air and who knows an accident may not overtake me". আগস্ট ১৮ই, ১৯৪৫ সালে যেদিন ঘটনা ঘটে সেদিন ডকুমেন্ট আরো রিভেলিং। হিকারি কিক্ন হচ্ছে জাপানের হেড-কোয়ার্টারের নাম। সেখানে 'টি' যে সিগন্যাল ছিল অর্থাৎ 'টি' মিন্স বোস। সিগনাল 'টি' টপ সেক্রেট সিগনাল পাঠাচ্ছেন আগস্ট ১৮ তারিখে। কে পাঠাচ্ছেন, কাকে পাঠাচ্ছেন - টু ও.সি. হিকারি কিক্ন, মানে ওখানে মিলিটারি হেড্ কোয়ার্টারের যিনি অফিসার ইন চার্জ তাকে পাঠাচ্ছেন। কে পাঠাচ্ছেন? চিফ অব দি স্টাফ সাউদার্ন আর্মি সিগনাল নাম্বার ৩০৩। To day at 17 hours it is important, please note 'T' means Bose. 'T' with Lt. Gen. Shidei and others, left here (Saigon) for Tokyo via Formoja and Dairen, inform Indian community of this. ১৮ তারিখে ৫টার সময়ে ভেবে দেখুন, একজন লেফ্টেনান্ট জেনারেল, মিলিটারি হেড কোয়ার্টার, ও.সিকে জানালেন, নেতাজী ঐদিন ৫টার সময়ে। নেতাজী ঐ দিন ৫টার সময়ই এখান থেকে ফরমোসা, দাইরেন হয়ে যাবেন এবং ভারতবাসী যারা ছিলেন তাদেরকে জানাতে বলেছিলেন this is very important. At 5 O'clock, that record is there Netaji left Saigon via Dairen to reach

Tokyo. এবারে প্লেন ক্রাশ হয়েছে, অফিসিয়াল ডকুমেন্টস কি বলছে? The alleged plane crash took place at 2 p.m. যেটা কমিশনে বলেছে দুটার সময় তাইহোকু বিমান বন্দরে দুর্ঘটনা হয় ১৮ই আগস্ট, ১৯৪৫ সালে দুটার সময় এই বিমান দুর্ঘটনা ঘটে। According to the telegram Netaji left Saigon at 5 p.m. অথচ মিলিটারি হেড অফিস থেকে যে টেলিগ্রাম যাচ্ছে তাতে বলছে ৫টার সময় তিনি সায়গন ত্যাগ করেছেন, ডাইরেন হয়ে, ফরমোসা হয়ে টোকিও যাবেন। অথচ এরা বলছে প্লেন ক্রাশ হয়েছে দুটার সময় - কমিশন বলছেন। তাহলে What is the truth ? Again British Intelligence comments: "It is noteworthy that No.1 message was sent by Lt. Gen. Isoda himself (He was the O.C. Hikari Kikan). হিকারি কিক্‌ন মানে মিলিটারি হেড কোয়ার্টারের যিনি ও.সি. লেফটেনান্ট জেনারেল Isoda who was at Saigon at that time. The message was not sent until 18th August. In view of the fact that the signal was given an urgent priority it seems obvious that in actual fact the signal originated on 18th August, 1945. "and Netaji left at 1700 hours i.e. 5 O'clock. Then Southern Army Staff II Signal No.66 dated August 20th 1945. 'T' means Bose - 'T' while on the way to the capital, as a result of an accident to this Aircraft at Taihoku at 1400 hours on the 18th August seriously injured and died at midnight". Please note died at mid-night on the same date. His body has been flown to Tokyo by the Formosan Army. কিন্তু কমিশনে আছে His body was cremated in Formosa. Taihoku was in Formosa and his body was cremated in Formosa and here the report - British Intelligence report is body was flown to Tokyo and here "I have thanked the Formosan Army for their Kindness". বলে এখানে সাদার্ন আর্মি স্টাফ থেকে তাদের থ্যাঙ্কস দিচ্ছে Now "If the signal is taken for granted there will arise the question as to how his body would be cremated at Formosa?

**Mr. Speaker :** Mr. Mukherjee the time is supposed to expire at 1.40. I think you need some more time and as such I extend the time by half an hour.

**Mr. Dy. Speaker :** Half an hour is my time.

**Mr. Speaker :** No, I will have to finish earlier. We have to attend other programmes.

**Mr. Dy. Speaker :** Allotment of time have been given more than that.

**Mr. Speaker :** You continue.

[1-40 — 1-50 p.m.]

**Shri Anil Mukherjee :** British Intelligence comments - this is very important - "It is possible that Isoda (Chief of Hikari Kinkan) had come here (Saigon) to work out and co-ordinate his deception plan" - deception plan - "with Lt. Gen. Nimata and he stayed at Saigon until this plan has been executed under his (Isoda's) personal supervision". So from the records it is revealed that Taihoku Air-Crash was a 'deception plan' - according to British Intelligence report. সেই বৃটিশ সরকার নিজে স্বীকার করেছে যে তাইহকু বিমান বন্দরে - বন্দরের দুর্ঘটানাটা হচ্ছে ডিসেপশন প্ল্যান।

Now August 23, 1945 Sir Mudie's reply to Jenkin, Pvt. Secretary to the Viceroy. Mudie was a member of Home, Executive Council. "that in certain circumstances his (Netaji's) presence in Russia would be so dangerous as to rule it out altogether. As regards treatment of Bose, six possibilities were - leave him where he is and don't ask for his surrender in many ways the easiest course would be to leave him where he is and not ask for his release". So এখানে বলছে যে সেক্রেটারি টু লড ওয়েভেল, তিনি বলছেন হোম মেম্বারকে, একজিকিউটিভ কাউন্সিলে, নিজে চিঠিতে লিখছেন যে, 'বোস রাশিয়ায় আছে' আবার তাঁদের প্রবলেম হল হাউ টু ট্রাই রিবেল সোয়ার্জ এবং তাঁরা বলছেন অবশেষে - অনেকগুলি পয়েন্ট আছে, আমি আলোচনা করছি না তাঁরা বার্মায় ট্রাই করবে না ইন্ডিয়ায় ট্রাই করবে। এই নিয়ে অনেক পয়েন্ট আলোচনা হয়েছে বৃটিশ

ক্যাবিনেটে। তারপর সেখানে প্রস্তাব দেওয়া হয় যে বোস রাশিয়ার যেখানে আছে সেখানেই থাকতে দাও, তাঁকে ডিসটার্ব করো না।

It was a note signed by the Home Member of the Executive Council. "and not to ask for his release. He might, of course, in certain circumstances be welcomed by the Russians. This course would raise fewest immediate political difficulties but the security authorities consider that in certain circumstances his presence in Russia would be so dangerous as to rule it out altogether. তাঁর উপস্থিতি রাশিয়াতে অত্যন্ত বিপদ জনক বলে তাঁরা মনে করেছেন। তারপর হচ্ছে টপ সিকরেট নোট। একটা নোট এল টপ সিকরেট এবং এটা মুডি পাঠালেন অর্থাৎ যিনি হোম মেম্বার, একজিকিউটিভ কাউন্সিল। was the startling revelation of the information of Netaji's escape to Manchuria". It is from a top secret note of Mudie, Home Member, Executive Council তিনি একটা নোট দিলেন একেবারে সাংঘাতিক ভাবে, ইনফরমেশন দিলেন যে, Netaji escaped to Manchuria ওঠা যে ডিসেপশান প্ল্যান তিনি মানচুয়ারিতে গিয়ে হাজির হয়েছেন এবং "According to Russian Archival's documents Netaji reached Omsk - O, M, S & K - in Siberia - Airport and received by the Ambassador of Provisional Govt. of Azad Hind on or about 26th August, 1945 along with the Emperor of Manchukno". মানচুংকু যিনি মানচুরিয়ার এমপায়ার ছিলেন, তিনি তাঁকে সঙ্গে নিয়ে তাঁর যে আজাদ হিন্দ গভর্নমেন্টের এমবাসি রাশিয়াতে ছিল - এটা এশিয়াটিক সোসাইটির গবেষক দলও পেয়েছে, আপটু ১৯৪৬ তাদেরকে যে দলিল দেওয়া হয়েছে তাতে আছে, আজাদ হিন্দ ফৌজের প্রভিশনাল গভর্নমেন্ট এমবাসি, ওমসের এমবাসাডার ছিলেন - প্রথমে তিনি সেখানে গিয়ে উঠলেন। এই নোট দিচ্ছে বৃটিশ, বৃটিশ নোট। তাতে হোমসকে আজাদ হিন্দ ফৌজের প্রভিন্সিয়াল গভর্নমেন্টের এমবাসি এবং এ্যামবাসাডার ছিলেন এবং তখন তিনি সেখানে গিয়ে উঠেছিলেন। এটা নোট দিচ্ছে বৃটিশ রুলার

Lord Wavell's Diary of 24.8.45 reveals his remark about the plane crash story. It stated. "I wonder if the Japanese announcement of Subhas Chandra Bose's death in an air crash is true. I

suspect it very much, it is just what would be given out if he meant to go underground". Regarding Netaji's plan to go to Manchuria, Lt. Gen. Isoda told before the Netaji Inquiry Commission: "It was finally decided in the meeting (at Bangkok) that Netaji will go to Russia via Manchuria". He further said, "He knew it definitely that Netaji was going to Russia" and added "He was going to Russia via Saigon লর্ড ওয়াগনের ডায়েরি থেকে পাওয়া গেছে যে নেতাজী আন্ডার গ্রাউন্ডে চলে গেছেন এবং এটা আন্ডার গ্রাউন্ডে চলে গেছেন বলে সন্দেহ করে নোট পাঠিয়েছেন। There was no plan to stay at Saigon".

Mr. S.A. Iyer remarked : "But where was Netaji going we did not ask him and he did not tell us. But we knew and he knew that we knew. The plane was bound for Manchuria". আবার বলেছেন যে, রাশিয়ার দিকে যাবার জন্য মন্টেরিয়া গেছেন।

According to British Intelligence : "Subhas Chandra Bose was preparing to leave for Moscow in order to place all information about the Indian Freedom Movement before the leaders of the U.S.S.R. It was also said that Col. S. A. Malik would follow Subhas Chandra Bose to Moscow. B 766 heard the news from Lt. Subramanium (then a Lt. of the YE-U Rest Camp). In December, 1944, Lt. Sadhu Singh of H.Q.1 Divn. INA who was acting as Q.M. of the YE-U Rest Camp, informed B 766 that Subhas Chandra Bose had left for Moscow and was soon expected back in Tokyo. "(Secret File N.249 INA-II(H) G.H.Q. Case on Subhas Chandra Bose).

Mr. Finney, the Director of Intelligence Bureau of the British Govt. attached to Mac Aurthur's H.Q. at Tokyo in an urgent message from Bangkok informed his higher authority in India on November 12, 1945.

[1-50 — 2-00 p.m.]

It was and understand thing that in the Embassy in Hikari - Kikan that he (Bose) was going to hand over himself to the Russians in Russia (Netaji Commission and exhibit No. Com28/V.

There is massive evidence to show that he (Netaji) did plan to shift his area of operation to Soviet Russia, Indo-China and China.

It was proved abundantly that not only that there was a plan to shift the areas of operation but that the plane crash story was an integral part of such strategy. It is very very important that Justice Khosla said on one occasion in course of enquiry proceedings : If there was plan like this, it is a very strong argument against the findings of the Shah Nawaz Khan Committee. Khosla further said 'If the existence of such a plan is established, it will go a long way to prove that Netaji did not die in crash (Netaji Enquiry Committee Proceedings Vol. II Page 499, Page 500 dated 4.11.70).

In 1946 19th Feb, the Intelligence Bureau in New Delhi communicated to its counter part in Singapore it is beyond doubt that he (Bose) had plan to go underground with a number of selected friends with him. It discloses these reports on 11th September, in 1945. This is the Jawahar Lal Nehru who himself told a Press reporter at Jhansi that like many other people, he did not believe the story about the reported death of Subhas Chandra Bose. He said, I have received a number of reports which have raised in me grave doubts and I disbelieve the authenticity of the news. Nehru subsequently suppressed those reports never produced them either before Netaji Enquiry Committee (1956) or before Netaji Enquiry

Commission (1970). On 25th October, 1945, the matter had indeed already taken up at the highest level of the British Government. When the Prime Minister of the U.K. chaired a meeting to consider, among other items what to do with Subhas Chandra Bose in the post war situation. The same day British Cabinet discussed a confidential note sent by Lord Wavel the then Viceroy of India, regarding the finalisation of policy towards 'BOSE'. This (Transfer of power) - Vol - (VI). Now these are the documents which indicate to Commissions contrary report. That is the Khosla Commission. So in this record that he did not die in Taihoku Air Crash. Secondly many members have already said the Government of India did not able to prove his death before the Supreme Court. When Bharat Ratna was going to be awarded by the Central Government. Second in the Calcutta High Court a public litigation case which was lodged by some individual, the Calcutta High Court, you see, gave an order that no death certificate or death must not be mentioned in any book. They prescribed all the books in India those contained death report of Netaji. Third, recently in Orrisa High Court they have said, they asked or directed the Central Government that you take necessary step to keep off the list of the War criminals of Netaji's name. Netaji's name is still in the list of the war criminals and the Orissa High Court directed the Central Government. Recently, you know, that the research scholars going to Russia dealing with Indo Russia relation, there they have found that several documents proving that Netaji was in Russia upto 1946 but Stalin's file was not given what was after 1946. Forth was Prime Minister Morarji Desai when Mr. Saugata Roy was also the Minister, in the Parliament, on the floor of the parliament in 1978, 28th March that Morarji Desai did not believe the two Commissions' report. Hence I thank all the members of

this August Assembly that they have brought this motion under Rule 185 and requested the Central Government to have fresh enquiry and de-classified all documents and records inside and outside India. Thank you, Sir.

**Mr. Speaker :** Now, I would inform you that we have in the Governor's gallery Mrs. A.K.Fazlul Haque and Mr. A. K. Fazlul Haque's Seri-Bangla's son who are our guest today. I would request you to acknowledge their presence.

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার স্যার, ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ সন্তান, বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ বিপ্লবী, দেশপ্রেমিক নেতাজী সুভাষচন্দ্র বসুর অন্তর্ধান রহস্যের সন্ধানে নতুন করে তদন্ত কমিশন গঠন করতে চেয়ে যে প্রস্তাব এসেছে আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি। একথা ঠিক যে ভারতবর্ষের মানুষ জানতে চায়, এতবড় একজন দেশপ্রেমিক এবং বিপ্লবী তাঁর মৃত্যু হয়েছে কিনা, তিনি সত্যি সত্যিই বেঁচে আছেন কিনা। এই প্রসঙ্গে বলি, ভারত সরকার যে দুটি তদন্ত কমিশন করেছিলেন একটি তদন্ত কমিটি, একটি তদন্ত কমিশন কেউই তাঁরা ভারতবর্ষের মানুষের স্যাটিস্ফাই করতে পারেন নি। ভারতবর্ষের মানুষের মনে এই তথ্য নিয়ে সন্দেহ আছে। এর পরে বিশ্বের বিভিন্ন সংবাদপত্রে এবং আমাদের দেশেও নানা ধরণের সংবাদ পরিবেশন করা হয়েছে। কখনও বলা হয়েছে, তাঁকে সোভিয়েত রাশিয়ায় দেখা গেছে। কখনও বলা হয়েছে, পৃথিবীর অন্য দেশে তাঁকে দেখা গেছে। আমি মনে করি, ভারতবর্ষের মানুষের এই ইচ্ছা পূরণের জন্য নতুন করে তদন্ত কমিটি করা উচিত। আমি যতদূর জানি, ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে তাঁরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন। কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী স্বীকার করে নিয়েছেন যে তাঁরা নতুন করে তদন্ত কমিটি করতে চান। এমন একজন ব্যক্তি যাঁর সম্বন্ধে আমাদের নতুন করে জানা উচিত। আমি বিশেষ ভাবে নাম না করে এই কথা বলতে চাই, আমি দেখতে পাচ্ছি রবীন দেবের নাম এবং পূর্ণেন্দু সেনগুপ্তের নাম দেখতে পাচ্ছি। ১৯৪৫ সালের ১৯শে আগস্ট অবিভক্ত কমিউনিস্ট পার্টির যে পত্রিকা ছিল, সেই পত্রিকায় বেরিয়েছিল। সেই পিপলস্ ওয়ার পত্রিকায় বেরিয়েছিল্ এ কুইস্লিং ডেথ্ নেতাজীর মৃত্যু কাহিনী ছাপা হয়েছিল কমিউনিস্ট পত্রিকায়। এ কুইস্লিং ডেথের নাম দিয়ে এতবড় ক্যাপশন দিয়ে খবর

ছাপানো হয়েছিল। আজকে আমি জানতে চাই আপনারা কি সেই জায়গাতেই দাঁড়িয়ে আছেন, না নেতাজী সুভাষচন্দ্র বসুকে অন্য চোখে দেখছেন। আপনারা যদি সত্যি তাঁকে দেশপ্রেমিক, বিপ্লবী বলে মনে করেন তাহলে তাঁর অন্তর্ধান রহস্য উন্মোচন হওয়া উচিত এবং সেটা আজকের সভাতে যে পরিবেশিত হয়েছে এবং যে প্রস্তাব এসেছে তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আপনি জানেন স্যার, ভারতবর্ষের সুপ্রিম কোর্ট এবং কলকাতা হাইকোর্ট, উড়িষ্যা হাইকোর্ট বিভিন্ন সময়ে রায় দিয়ে বলেছেন যে, নেতাজী সুভাষচন্দ্র বসুর আগে লেট লেখা যাবে না। কেন লেখা যাবে না সেটা নিশ্চয় সন্দেহের অবকাশ হয় নি বলেই লেখা যাবে না বলা হয়েছে। নিশ্চয় ভারতবর্ষের মানুষ জানতে চায় সত্যি সত্যি তাঁর মৃত্যু হয়েছে কিনা। অতএব নতুন করে তদন্ত কমিশনের দাবি যে এই হাউসে এসেছে তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮৫নং রেজুলেউশনের উপরে সকল সদস্যরা যে আলোচনা করলেন তাদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি আরো আমাদের উপাধ্যক্ষ মহাশয়কে, কারণ আমাদের যে প্রস্তাব ছিল এবং দাবি ছিল, সেই দাবিকে জোরদার করার জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে সমস্ত পয়েন্টস্ উল্লেখ করেছেন তাতে করে প্রস্তাবটি আরো জোরদার হল। এই নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে আমি আর নতুন করে আলোচনা করছি না। আমি সবাইকে ধন্যবাদ এবং অভিনন্দন জানিয়ে আমার প্রস্তাব যাতে গৃহীত হয় সেই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-00 — 2-10 p.m.]

**Shri Sobhan Deb Chattopadhyay :** The motion of Shri Kripa Sindhu Saha that

"This House notes with grave concern—

that the people and scholars of India are still in the dark about the mysterious disappearance of Netaji Subhas Chandra Bose during the Second World War;

that different statements were made on the floors of Parliament at different times regarding whereabouts of Netaji Subhas Bose;

that the judicial pronouncements of the Supreme Court and High Court in India created more suspicions in the minds of people of India regarding Netaji's alleged death in the plane crash; and

that the records and documents in different countries of Europe, America, Far East and South East Asia and also India regarding the mysterious disappearance of Netaji Subhas Chandra Bose after alleged plane crash have not been made available to the people and scholars of India.

This House is of the opinion—

that the report of the death of Netaji Subhas Chandra Bose on an alleged plance crash has not been proved beyond doubt; and

that the reports of the two Commissions of Enquiry set up by the Government of India are not believed by the people and scholars of India.

This House, therefore, through the State Government demands that the Government of India should make necessary arrangements for availability of records and documents in and outside India so that the scholars and people could have access to them and also to institute a fresh enquiry commission in order to remove the mystery regarding the whereabouts of Netaji Subhas Chandra Bose."

was then put and carried nem.con.

**Mr. Speaker :** In the morning I had called Shri Rabin Mukherjee on the matter of notice given by Shri Abu Ayes Mondal and others. Mr. Mukherjee, I want your reply in a very short question. Do you regret the manner in which you behaved on 12th March, 1998 during Governor's Address? I don't want to hear any

speech from you. I have already heard you. I want to know your answer 'yes' or 'no'. If you want to say 'yes', you are free to do that. Otherwise if you don't we have to proceed according to the rules.

**শ্রী রবীন মুখার্জি ঃ** স্যার, গত ১২ই মার্চ, ১৯৯৮ সালে রাজ্যপাল যে বক্তব্য রাখলেন বিধানসভাতে, তাতে আমি মনে করি ওটা ওঁনার ভাষণ নয়, আলিমুদ্দিন স্ট্রিট থেকে তৈরি করা বক্তব্যই উনি হাউসে রাখলেন। সেই বক্তব্যের মধ্যে পশ্চিমবঙ্গের শ্রমিক শ্রেণীর কথা উল্লেখ ছিল না, বন্ধ কলকারখানার কথা উল্লেখ ছিল না। ডানলপ কারখানা বন্ধ হয়েছে নিশ্চয় জানেন। ডানলপের মতো একটা কারখানা প্রায় ১ বছর হয়ে গেল বন্ধ হয়ে আছে। ডানলপ্ কারখানা বন্ধ, এরসঙ্গে হিন্দ মোটর কারখানাতেও শ্রমিকদের উপর চরম নির্যাতন এবং অত্যাচার চলছে।

**Mr. Speaker :** Please don't disturb. I have heard your speech. You don't regret. O.K. I am sorrry. There is no time deal with the matter in this session. I postpone the matter to the next session. Then I will take a decision what is to be done.

## MOTION UNDER RULE 185

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** স্যার, আমি আমার মোশন মুভ করছি। "এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, গত জুলাই মাস থেকে ভয়াবহ বন্যার ফলে পশ্চিমবঙ্গের ১৪টি জেলা বিধ্বস্ত হয়েছে, প্রায় ১ কোটি মানুষ সর্বস্বান্ত হয়েছে, ৩২৪ জনের প্রাণহানি ঘটেছে, ৪ লক্ষের উপর ঘরবাড়ি ভেঙ্গে গেছে এবং মাঠের ফসলহানি সমেত ক্ষতির পরিমান প্রায় ২০০০ কোটি টাকা ছাড়িয়ে গেছে এবং একদিকে বন্যার কবলে ১৪টি জেলার মানুষ প্রায় সর্বস্বান্ত হয়ে পড়েছেন ও অন্যদিকে খরার প্রকোপে বাঁকুড়া ও পুরুলিয়া জেলার মানুষের দুর্গতি চরমসীমায় গিয়ে পৌঁছেছে।

এই সভা মনে করে যে, রাজ্য সরকারের তরফ থেকে ত্রাণের অব্যবস্থা ও অপ্রতুলতা, কেন্দ্রীয় সরকারের ঔদাসীন্য, বন্যা এবং গঙ্গা-পদ্মার ভাঙ্গন প্রতিরোধকল্পে প্রয়োজনীয় উদ্যোগের অভাব রাজ্যের মানুষকে এক চরম দুর্দশার মধ্যে ফেলেছে।

এই সভা আরও মনে করে যে, ১৯৭৮ সালের বন্যার পর প্রীতম সিং কমিটির এবং ১৯৯৬ সালে জি.আর.কেশকর কমিটির সুপারিশগুলি কার্যকর না

হওয়ার ফলে বিশেষ করে, মালদা ও মুর্শিদাবাদ জেলার মানুষের মনে চরম হতাশা দেখা দিয়েছে। অতএব, এই সভা রাজ্য সরকারের কাছে যুদ্ধকালীন তৎপরতার সঙ্গে উপযুক্ত ত্রাণের ব্যবস্থা গ্রহণের এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে প্রয়োজনীয় অর্থ সাহায্যের দাবি জানাচ্ছে।" আমি আমার বক্তব্য এর পরে বলব।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, বন্যা বিধ্বস্ত এলাকায় বন্যার ত্রাণ নিয়ে যে প্রস্তাব আনা হয়েছে, সেই প্রস্তাব এর পক্ষে বলতে গিয়ে বলতে চাই যে পশ্চিমবঙ্গ একটা রিভারিয়ান স্টেট, নদী মাতৃক দেশ হিসাবে গণ্য হতে পারে। আমরা দেখেছি এই পশ্চিমবঙ্গে বন্যা এবং খরা প্রত্যেক বছরে একটা ব্যাপার, তাই সরকারকে হঠাৎ কোনও নুতন উদ্যোগ নিতে হয় বন্যা বা খরার ত্রাণের জন্য এমন কোনও কারণ ভাবার থাকতে পারে না। আমরা দেখেছি বার বার খরাতে, বন্যাতে, কখনও ঘুর্ণিঝড়ে পশ্চিমবঙ্গ যখন বিধ্বস্ত হয় তখন প্রত্যেকটি ক্ষেত্রে ত্রাণে এর অপ্রতুলতার অভিযোগ ওঠে। এই অভিযোগ আমরা যারা বিরোধী তারা শুধু তুলি না, ট্রেজারি বেঞ্চ থেকেও তোলা হয়। আমরা যখন আজকে এই বক্তব্য রাখতে যাব তখন ট্রেজারি বেঞ্চ এর পক্ষ থেকে সংখ্যাতত্ত্বের মাদারি খেলা শুরু হবে। নানারকম হিসাব নিকাশ এর তথ্য পেশ করে বোঝানো হবে বন্যায় ত্রাণ দেওয়াটা সঠিকভাবে হয়েছে। কিন্তু স্যার, একটা প্রস্তাব আমি রাখতে চাই তা হল, হাউস থেকে একটা ফ্যাক্ট ফাইন্ডিংস টিম পাঠান, এই সমস্ত বন্যা বিধ্বস্ত এলাকা, খরা প্রবণ এলাকায় তাহলেই সত্যটা প্রমাণ হয়ে যাবে। এই সরকার ত্রাণের ক্ষেত্রে কি রকম উদাসীনতা দেখিয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের সেচের ক্ষেত্রে অপদার্থতার জন্য যখন বারংবার মুর্শিদাবাদ মালদা শহরে বন্যা হচ্ছে, তখন সেই বিষয়ে আমরা কোনও সদিচ্ছার ভূমিকা নিতে দেখিনি। ইরোশনের ক্ষেত্রে আমাদের সরকারের উদাসীনতার ভাব, কয়েকদিন আগে বুদ্ধদেব বাবু বললেন, মালদায় যে বন্যা হয়েছে তার কারণ ফারাক্কা ব্যারেজ প্রোজেক্ট বাঁধ দেয়নি।

[2-10 — 2-20 p.m.]

উনি জানেন না এই ফারাক্কা ব্যারেজ প্রোজেক্টের কাজ শুধুমাত্র স্পার তৈরি করা, আর এমব্যাঙ্কমেন্ট তৈরি করার দায়িত্ব রাজ্য সরকারের সেচ দপ্তরের। সেটা কেন ঠিকভাবে নির্মিত হয়নি তা আমরা জানি না। স্যার, মাওসেতুং একটা কথা বলেছিলেন, কিছু কিছু ব্যক্তি আছে যারা গাড়ি থেকে নেমে কোনও কিছু লক্ষ্য না

করে, পর্যবেক্ষন না করে একটা মন্তব্য করে দেন। সেটা যে একশ বার ভুল, তা প্রমাণিত হতে বাধ্য। উনি টেকনিশিয়ান নন, উনি টেকনিক্যাল নো হাউ জানেন না। চিফ ইঞ্জিনিয়ার কমিটির যে রেকমেন্ডেশন ছিল, পার্টির ক্যাডারদের সুবিধার্থে সেগুলো বানচাল করে দেবার প্রচেষ্টা হচ্ছে।

স্যার, ত্রাণ নিয়ে আমি বলতে চাই, পশ্চিমবঙ্গে এবারের বন্যার সময় যদি কেউ ত্রাণের ব্যবস্থা করে থাকেন এবং সদর্থক ভূমিকা গ্রহণ করে থাকেন তাহলে তারা হচ্ছে সামরিক বাহিনী, ভারত সেবাশ্রম সংঘ, রামকৃষ্ণ মিশন এবং কিছু এন.জি.ও. সংস্থা। যখন মানুষগুলো বন্যাপীড়িত অবস্থায় অবহেলার মধ্যে দিন কাটাচ্ছে তখন নজরুল মঞ্চে আপনাদের দিল্লির নেতারা কাবাব খাবে, না তন্দুরি খাবে সেই নিয়ে ব্যস্ত আছেন; দক্ষিণ ভারতের নেতারা পোঙ্গল খাবে না ইডলি-ধোসা খাবে সেই নিয়ে ব্যস্ত আছেন; পশ্চিমবঙ্গের কমরেডরা তেল কই খাবেন না মাগুর মাছের ঝোল খাবেন সেই চিন্তায় আপনারা ব্যস্ত ছিলেন। অথচ সারা পশ্চিমবাংলার মানুষ তখন বন্যা বিধ্বস্ত অবস্থায় আছে। আমরা জানি ভূতনির চরের মানুষগুলো তেরো, চোদ্দ দিন খোলা আকাশের নিচে বাস করেছে। তাই আমি বলতে চাই, বিলাসে ব্যসনে, আনন্দ অনুষ্ঠানে নয়, দূর্ভিক্ষ, দারিদ্রে রাষ্ট্র বিপ্লবে মানুষের পাশে থাকতে, আপনারা সেই পাশে থাকার কথা ভুলে গেছেন। আজকে বন্যাপীড়িত মানুষগুলোকে নিয়ে রাজনীতি করা হয়েছে, তাদের মধ্যে লাইন টানা হয়েছে, কারা সি.পি.এম. কারা কংগ্রেস। রিলিফ যখন যাচ্ছে তখন সেখানে চরম দলবাজী করা হচ্ছে। যেখানে পঞ্চায়েতের মাধ্যমে রিলিফ দেওয়ার কথা, সেখানে পঞ্চায়েত সমিতির মাধ্যমে রিলিফ দেওয়া হয়েছে এবং শাসকদলের লোকেদের মাধ্যমে রিলিফ বন্টন করা হয়েছে। আমি বি.ডি.ও.-কে জিজ্ঞাসা করলাম তারপোলিন কত এসেছে। কারণ তারপোলিন তখন গুরুত্বপূর্ণ জিনিস ছিল। তিনি বললেন এক একটা অঞ্চলে আমরা পনেরোটা করে তারপোলিন দিচ্ছি, যেখানে কুড়িটা থেকে পঁচিশ হাজার লোক খোলা আকাশের নিচে বাস করছে, সেখানে এক একটি অঞ্চলে পনেরোটি করে তারপোলিন দেওয়া চাহিদার তুলনায় খুবই অপ্রতুল এবং আমাদের অভিযোগ যে সঠিক তা এখানেই প্রমাণ হয়ে যায়। ওখানে বন্যা পীড়িত মানুষদের যে খাদ্য দেওয়া হয়েছিল, যে চাল দেওয়া হয়েছিল, সেগুলো পশুখাদ্যের চাল। আমি এক সময় এফ.সি.আইয়ের কন্ট্রাক্টার ছিলাম আমি জানি, সেইসব চাল বিলি করা হয়েছিল। তাই এই সরকারের উদাসীনতাকে আমি ঘৃণা করি এবং আমি তার প্রতিবাদ করে এই মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গৌতম রায়চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে রেজিলিউশন আমাদের দলের পক্ষ থেকে আনা হয়েছে তাকে সমর্থন করে আমি দু-চারটি কথা বলতে চাই। আমি বিগত বন্যার কোনও পোস্টমর্টেম করতে চাইনা। বন্যার সময় আমাদের রিলিফ মিনিস্টার, ফিনান্স মিনিস্টার, হোম মিনিস্টার গেলেন এবং আমাদের মুখ্যমন্ত্রী গেলেন বন্যা দেখতে। বিগত বন্যাতে ১২০০ কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে এবং সেখানে সরকার থেকে বারো থেকে পনেরো পারসেন্টের বেশি রিলিফ দিতে পারেনি। সেই পোস্টমর্টেমের মধ্যে না গিয়ে আপনার মাধ্যমে যে কথাটা আমি বলতে চাই, আমাদের রাজ্য সরকারের যে কাজগুলো করা দরকার রাজনীতির উর্দ্ধে উঠে সেই কাজগুলো অবিলম্বে করা দরকার। সমস্ত রকম রাজনীতির উর্দ্ধে থেকে, সেই কাজগুলো অবিলম্বে শুরু করা দরকার। আমি আপনার মাধ্যমে বলতে চাই, দিন কয়েক আগে আমাদের মাননীয় অর্থমন্ত্রী মালদা সফরে গিয়েছিলেন। সেখানে তিনি এবং মালদা জেলার সভাধিপতি যৌথ সিদ্ধান্ত নিয়েছিলেন টেকনিক্যাল কমিটি, চিফ ইঞ্জিনিয়র মালদা ডিভিসন, গঙ্গা ডিভিসন, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়র, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, টেকনিক্যাল ইঞ্জিনিয়ার বলেছিলেন, সাড়ে ৭শো মিটার বাঁধ যদি না দেওয়া হয়, তাহলে আগামী '৯৯ সালে আবার নতুন করে বন্যা হবে। কিন্তু যেহেতু শুধুমাত্র অর্থমন্ত্রী এবং জেলা সভাধিপতি বলেছেন ২।৪টে সি.পি.এম.-এর গ্রামকে বাঁচাবার জন্য, তাই, যেখানে টেকনিক্যালি ভায়াবেল নয়, সেখানে অন্য ধার থেকে বাঁধ দেওয়া হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, চিফ ইঞ্জিনিয়ার, সঙ্গে সুপারিনটেন্ডেন্ট ইঞ্জিনিয়ার, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার যে টেকনিক্যাল রিপোর্ট দিয়েছেন, সেটাকে কেন ডিসওবে করা হয়েছে? মালদার মানুষকে কেন নতুন করে বন্যার মুখে ফেলা হয়েছে? যেখানে টেকনিক্যাল কমিটি বলেছে ১০ কোটি বোল্ডার দরকার, ৩ লক্ষ কিউবিক মিটারের কাজ করতে হবে, সেখানে বলা হচ্ছে ৫০ হাজার কিউবিক মিটারের বেশি কাজ হবে না। তাহলে যে বলা হচ্ছে, স্পার তৈরি করা হবে মালদা, মুর্শিদাবাদকে বন্যার হাত থেকে রক্ষা করার জন্য, ভাঙনের হাত থেকে রক্ষা করার জন্য, সেই পদক্ষেপ কোথাও নেওয়া হল? আজকে রাজ্য সরকার যে-কথা বলছেন, গঙ্গার বিপুল জলের জন্য এই বন্যা হয়েছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[2-20 — 2-30 p.m.]

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব এখানে মাননীয়া সদস্যা সাবিত্রী মিত্র উত্থাপন করেছেন, ভয়াবহ বন্যা এবং খরাতে যে ক্ষতি হয়েছে, তার

জন্য আমরা সবাই দুঃখিত। কিন্তু যেভাবে এই প্রস্তাবটি আনা হয়েছে,—রাজ্য সরকারকে এই ব্যর্থতার জন্য দায়ী করে, তাতে এই প্রস্তাবকে আমি সমর্থন করতে পারি না। বলা হচ্ছে দু হাজার কোটি টাকার মতো ক্ষয়ক্ষতি হয়েছে। এটা সবার জানা, রাজ্য সরকারের যে সামর্থ্য, সেই সামর্থ্য নিয়ে ঝাঁপিয়ে পড়েছে। মাননীয় সদস্য অধীর চৌধুরী বলেই চলে গেলেন - আন্তরিকতা নেই, ঠিকাদার ছিলেন তো, স্বাভাবিক ভাবেই ঐটুকুই তাঁর মনোভাব। উনি বললেন দলবাজী হচ্ছে। কিন্তু ওনার জানা উচিত যে, ওনারই জেলার ধুলিয়ানের কমিশনার আবতার হোসেন ৭৮ জনকে উদ্ধার করেছেন, তার পর তাঁর জীবনটা চলে গেছে। প্রথমেই তাঁর প্রতি সাবিত্রী মিত্র, অধীর চৌধুরি এবং গৌতম চক্রবর্তীর শ্রদ্ধা জানানো উচিত ছিল। আবতার হোসেন, যিনি একজন বিড়ি শ্রমিক, কমিশনার, যিনি বন্যার্তদের উদ্ধারের কাজে নিজের জীবন আহুতি দিলেন, তার প্রতি এতটুকু শ্রদ্ধাজ্ঞাপনও আপনারা করলেন না। অথচ এখানে আপনারা এতসব কথা বলছেন। সমীরণ ভট্টাচার্য, মেদিনীপুরের গণেশ দাস, হাওড়ার ভুলু প্রামাণিক, বাঁকুড়ার গেনু কাজি, কুচবিহারের কুসুমুদ্দিন মিএগা, বীরভূমের দিলীপ ঘোষ পঞ্চায়েতের মেম্বার, ২৫শে সেপ্টেম্বর যাদের প্রাণ চলে গিয়েছিল রামপুরহাটে। শুনে রাখুন ১৪ই সেপ্টেম্বর স্বপন দে যিনি বর্ধমানের পূর্বস্থলিতে বন্যার্তদের ত্রাণ করতে গিয়ে, আপনাদের সঙ্গি ওই ঘাস কংগ্রেস তৃণমূলের হাতে তাকে প্রাণ দিতে হয়েছিল। আপনি এটা ঠিকই বলেছেন যে, বন্যা নিয়ে দলবাজি ঠিক নয়। আমি বলছি এখানে কেউ কেউ ছবির জন্য, আবার কেউ কেউ খবরের কাগজের খবরের জন্য করে থাকেন এইসব। এখানে একজন আই এন সি করেন, বাইরে টি এম সি করেন, তিনি প্রতিরক্ষা দপ্তর থেকে বিমান নিয়ে মালদা মুর্শিদাবাদে উৎসব করতে যান। মানুষকে নিয়ে খেলা নয়। আমরা একদিকে রাজ্যসরকারের সীমিত সামর্থ্য নিয়ে, আমাদের পঞ্চায়েত, ত্রিস্তরীয় পঞ্চায়েত, বিভিন্ন সমাজসেবী সংস্থাগুলি, গণ সংগঠনগুলি তারা ঝাঁপিয়ে পড়েছিলেন। কিন্তু আমরা দুঃখিত, ব্যথিত যে ৩২৪ জনের প্রাণ গেছে। কিন্তু অনেক মানুষকে মোটামুটি রক্ষা করা গেছে। তবে এখন প্রশ্নটা যে, ওই সময় দলবাজি করাটা নিশ্চয় বুদ্ধিমত্তার পরিচয় নয়। এতে পীড়িত মানুষ সাহায্য পায় না। আপনারা এখানে আমলাবাজি করলেন, এতে বন্যার্তদের সুবিধা হয় না। হয়ত আপনাদের নাম খবরের কাগজে উঠতে পারে, কিন্তু পীড়িত মানুষদের কোনও সুরাহা হয় না। এখানে গল্পের গরু গাছে ওঠে। কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণের কথা ভাবলেন? কার প্রতি অবমাননা করা হয়েছে, সেগুলি নিয়ে ভাববেন। এগুলি নিয়ে ছেলে খেলা করবেন না। এক্ষেত্রে

পরিহাসের বিষয় নয়। তাই আমি আপনাদের উদ্দেশ্যে বলি যে, যেহেতু রাজ্য সরকারের সামর্থ্য কম, তাই মানুষের কাছে আহ্বান জানিয়েছেন। ৪ কোটি টাকা মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে জমা পড়েছে। ৪ কোটি টাকা এটা হচ্ছে মানুষের অবদান। কেন্দ্র কোনও টাকা দিচ্ছে না। এই ত্রাণ তহবিলে যে টাকা জমা পড়েছে, তার সঙ্গে বন্যাত্রাণের জন্য যে টাকা দেওয়া হয়েছে, সেগুলির মিলিত অর্থ জেলাগুলিতে বিতরণ করা হয়েছে। এখন শুরু হয়েছে পুনর্গঠনের কাজ। পুনর্গঠনের কাজ আমাদের করতে হবে। এই প্রস্তাবের মধ্যে রাজ্যসরকারের বিরুদ্ধে যে কথাগুলো বলেছেন সেগুলো প্রত্যাহার করে কেন্দ্রের কাছে দাবি করুন। এব্যাপারে কেন্দ্রের দায়িত্ব রয়েছে। আমাদের রাজ্য তো ভারতবর্ষের বাইরে নয়। আমাদের তো ঐতিহ্য রয়েছে। এই গড়ার প্রশ্নে, সমস্ত মানুষের বিপদে তাদের পাশে দাঁড়াবার প্রশ্নে আমাদের ভূমিকা আছে। আমরা জানি সব কংগ্রেসীরা হামলাবাজি করে না। আমরা জানি বলেই দলমত নির্বিশেষে যারা প্রাকৃতিক দুর্যোগে যারা ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের পাশে দাঁড়ান। তার জন্য আমরা আপনার কাছে আহ্বান জানাচ্ছি রাজ্য সরকারের সমালোচনা বাদ দিয়ে প্রকৃত অর্থে সরকারের পুনর্গঠনের প্রক্রিয়ায় সরকারী তৎপরতাকে বৃদ্ধি করুন। কেন্দ্রীয় সরকার আমাদের অর্থ দিচ্ছে না, তাদের বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়া দরকার! কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করুন। সেটা করুন নিশ্চয়ই আমরা আপনাদের সমর্থন করব। উদ্দেশ্য প্রণোদিত হয়ে প্রস্তাব আনলে আমরা তার বিরুদ্ধে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী অতীশচন্দ্র সিনহা** ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এখানে যে মোশন আনা হয়েছে, আপনি লক্ষ্য করে দেখবেন এর মধ্যে তেমন কিছু বলা হয়নি, যেখানে সরকারের তরফে এই প্রস্তাবের বিরোধিতা করার কোনও প্রয়োজন আছে। দুটো শব্দ ব্যবহার করা হয়েছে যেখানে রবীন বাবুদের আপত্তি হচ্ছে বলে আমার মনে হয়। রাজ্যসরকারের তরফে ত্রাণের অব্যবস্থা এবং অপ্রতুলতা। এই ব্যাপারে কি কোনও সন্দেহ আছে? এতো আপনিও জানেন যে যেখানে প্রয়োজন অনেক সেখানে ছিটেফোঁটা অংশ যায় তাহলে তো অব্যবস্থা হবেই। এতো হতে বাধ্য। ক্ষয়ক্ষতির পরিমাণ যেখানে দু হাজার কোটি টাকা ছাড়িয়ে গেছে, সেখানে দেয় টাকা এত কম যে সেখানে তো অব্যবস্থা হবেই। আপনারা কি মনে করেন ত্রাণের ব্যবস্থা প্রচুর পরিমানে হয়েছে। তাহলে এটার সম্পর্কে আপত্তি করার কোনও প্রয়োজন

নেই। শুধু শুধু রাজনৈতিক কারণে এইরকম একটা ইমপর্ট্যান্ট রেজলিউশনের বিরোধিতা করতে নেমেছেন যেখানে পশ্চিমবাংলার মানুষ ক্ষতিগ্রস্থ। ১৪টা জেলা বন্যায় ক্ষতিগ্রস্থ আর দুটো জেলা খরায় ক্ষতিগ্রস্থ। প্রচুর পরিমাণে ত্রাণের ব্যবস্থা করতে পারেন নি, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা আনতে পারেন নি সেটাও তো আপনাদের ব্যর্থতা। নিশ্চয়ই আমরা আপনাদের সঙ্গে আছি। রবীনবাবু জানেন যে যখন অলপার্টি ডেলিগেশন গিয়েছিলেন আমার যাওয়ার কথা ছিল না, আমি জোর করে ফ্লাডের ব্যাপারে যাতে কেন্দ্রীয় সরকারের কাছে টাকা আনতে পারা যায় তার জন্য আমার নামটা ইনক্লুড করেছিলাম। কিন্তু সেই সময়ে ইলেকশনের ব্যাপার চলছিল। চারটে রাজ্যতে ইলেকশন এর ব্যাপার চলছিল। আমরা কাউকে সেখানে পেলাম না। প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যানের সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট করারও চেষ্টা করা হয়েছিল কিন্তু কাউকে পাওয়া গেল না। প্রধানমন্ত্রীর সঙ্গেও চেষ্টা করা হয়েছিল কিন্তু পাওয়া যায় নি। সুতরাং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা আনার ব্যাপারে কোনও অসুবিধা আমাদের তরফে হবে না। একথা অস্বীকার করার কোনও উপায় নেই যে যথেষ্ট ত্রাণ সাহায্য দেওয়া যাচ্ছে না। এখানে প্রশ্ন করা হয়েছিল। ৩৭ নম্বর প্রশ্ন। মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার প্রশ্ন করেছিলেন। তার উত্তরে বলা হয়েছে যে মুর্শিদাবাদ জেলায় ক্ষতির পরিমাণ হচ্ছে ১১৮ কোটি ৮৪ লক্ষ, মালদা জেলায় ক্ষতির পরিমাণ ৪৩০ কোটি ৭২ লক্ষ ৫৫ হাজার, সেখানে মারা গেছে ৭১ জন। সেখানে দুর্যোগ ত্রাণ তহবিলে কেন্দ্রীয় অর্থের পরিমাণ ৩২ কোটি টাকা, আর পরিকাঠামো সংস্কারের জন্য কেন্দ্রীয় পরিকল্পনা সহায়তা দিয়েছেন ৭৫ কোটি টাকা। রাজ্য সরকার মুর্শিদাবাদের ত্রাণের জন্য ৭ কোটি ২৫ লক্ষ ৭১ হাজার টাকা দিয়েছেন। মালদার জন্য ১২ কোটি ৬ লক্ষ ২০ হাজার টাকা দিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ৪ কোটি টাকা মাত্র পেয়েছেন এটা সমুদ্রে ছিটেফোঁটা, এতে ত্রাণের ব্যবস্থা হয় না। যেটুকু ত্রাণ মানুষের কাছে গেছে সেটা স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে, তাঁদের আমি ধন্যবাদ জানাচ্ছি। যেভাবে বন্যায় রিলিফ দেওয়া হয়েছে সেটা রাজ্য সরকারের একটা ব্যর্থতা। মালদার গোপালপুরের কাছে ১০০ গজের মতো জায়গা সেটা অ্যাকোয়ার করার জন্য ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট আর ডি.এমের মধ্যে যুদ্ধ হচ্ছে। সেটা যদি অ্যাকোয়ার করতে পারতেন তাহলে ফিফথ এমব্যাঙ্কমেন্ট ভেঙে যেত না এবং সিক্সথ এমব্যাঙ্কমেন্ট করা যেত এটা দেবব্রত বন্দ্যোপাধ্যায় ইরিগেশন মিনিস্টারের কথা। তাঁকে প্রশ্ন করেছিলেন সৌগত রায়, তার উত্তরে তিনি বলেছেন "The flood in Malda

was primarily caused by breach of the 5th retired embankment by erosion at Gopalpur in Manikchak P.S. 25 kilometers upstream of Farakka Barrage" কেন গোপালপুরে ইরোশন হলো? ফিফথ এমব্যাঙ্কমেন্টের জন্য জায়গা অ্যাকোয়ার করে এমব্যাঙ্কমেন্ট কেন তৈরি করা গেলনা এই প্রশ্ন কি আমরা করতে পারি না? এই ব্যর্থতা কি দিবালোকের মতো স্পষ্ট হয়ে ওঠে না। আমরা এই মোশনের মধ্যে দিয়ে যেটা বলতে চাইছি আপনাদের চেষ্টা আরও বেশি হওয়া উচিত। আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকার যাতে আরও এগিয়ে আসেন তার জন্য আপনাদের চেষ্টা করা উচিত। কিন্তু এ ব্যাপারে আমাদের সরকারের মদত নেই। আমাদের যতটুকু মদত চান আমরা দিতে পারি। আপনারা কেন এটাকে নিয়ে রাজনীতি করতে চাইছেন বুঝতে পারছি না। বন্যার ফলে কি সাংঘাতিক অবস্থা হয়েছে। ১৯৭৮ সালে যে বন্যা হয়েছিল তার জন্য প্রীতম সিং কমিটির রিপোর্টে সাজেশন দেওয়া হয়েছিল বন্যাকে প্রতিরোধ করার জন্য কি কি ব্যবস্থা নেওয়া যায়। তারপর ১৯৯৬ সালে জি.আর.কেসকার কমিটি রেকমেন্ডেশন দিয়েছিল, তাঁরা বলেছিল "During the period since 1978 valuable bank land of about 25 sq. kilometer in Malda and about 60 sq. kilometer in Murshidabad have been eroded. তার ফলে ১৩ হাজার হেক্টর মালদায় এবং ৭৩ হাজার হেক্টর মুর্শিদাবাদের জমি জলের তলায় চলে গেছে। তাদের বাড়িঘর জমি সব পদ্মা গর্ভে চলে গেছে। সেখানে প্রীতম সিং কমিটির সুপারিশগুলি কার্যকর হচ্ছে না এবং তার ফলে গঙ্গা-পদ্মার এই তান্ডব ২২ বছর ধরে চলছে। আপনাদের কি কোনও দায়িত্ব নেই? এই যারা বাস্তুহীন, জমিহীন, যাদের বাসস্থান নেই তাদের যাতে বাসস্থান হয় তারা যাতে চাষবাস করে জীবিকা নির্বাহ করতে পারে? আপনারা কেবল ভাষণ দিচ্ছেন। এটা সর্বহারার ব্যাপার। জি.আর.বোসকার কমিটির রেকমেন্ডেশন ছিল ৯১৭ কোটি টাকার কিছু শর্টটার্ম এবং কিছু লংটার্ম কাজের। এর কোনওটাই রাজ্য সরকার করছেন না, কেন্দ্রীয় সরকার করছেন না। তাঁরা বার বার বলছেন, কটু-মুট কাজ সরকারের তরফ থেকে করা হচ্ছে, টাকাগুলো শুধু শুধু নষ্ট হয়ে যাচ্ছে এবং তার ফলে কন্ট্রাক্টরদের সুবিধা হয়ে যাচ্ছে। সত্যিকার গঙ্গা-পদ্মা ভাঙ্গন রোধ করার জন্য যে ব্যবস্থা নেওয়া উচিত ছিল তার কাজ হচ্ছেনা। আপনাদের এব্যাপারে সজাগ হওয়া উচিত। আমরা মনে করেছিলাম, এই বিষয়ে আপনারা আমাদের সঙ্গে সহমত পোষণ করবেন, আমাদের সমর্থন করবেন। কিন্তু তা না করে আপনারা আজকে এব্যাপারে আমাদের বিরুদ্ধে মত পোষণ করছেন। তাহলে

সারা পশ্চিমবাংলার সাড়ে সাত কোটি মানুষের কাছে এর মধ্যে দিয়ে আপনারা কি ম্যাসেজ দিচ্ছেন? পশ্চিমবাংলায় ত্রাণের ব্যাপারে অপ্রতুলতা আছে এটা কি স্বীকার করছেন না? আর, ত্রাণে অপ্রতুলতা থাকলে অব্যবস্থাও থাকবে। স্যার, ২২শে সেপ্টেম্বর যে রিপোর্ট দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে, ৩৬ লক্ষ বাড়ি সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে এবং আংশিক ধ্বংস প্রাপ্ত বাড়ির সংখ্যা হচ্ছে ৪০ হাজারের মতো। আপনারা আরও বলছেন, যাদের বাড়ি সম্পূর্ণভাবে ধ্বংস হয়েছে তাদের দু হাজার টাকা এবং যাদের বাড়ি আংশিক ক্ষতি হয়েছে তাদের এক হাজার টাকা করে দেবেন। যদিও দু হাজার টাকায় একটা বাড়ি সম্পূর্ণভাবে তৈরি করা যাবে না। যাইহোক, তাহলে আপনাদের হিসাব মতো ৩৬ লক্ষ নতুন বাড়ির জন্য ২ হাজার টাকা করে দিলে ৭,২০০ কোটি এবং ৪০ হাজার আংশিক ক্ষতিগ্রস্ত বাড়ির জন্য ১ হাজার টাকা করে দিলে ৩০০ কোটি অর্থাৎ মোট ৭,৬০০ কোটি টাকা দুটো মিলিয়ে লাগে। এটা কি করে হবে? আমাদের একটু এটা বলবেন কি? পশ্চিমবাংলার পুরো বাজেট দিলেও এটা করা যাবে না। বন্যা-ত্রাণের ব্যাপারটা, ত্রাণ হচ্ছে কিনা সেটা সরকার নিশ্চয় দেখবেন। এর সাথে আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে যে ৬৩০ কোটি টাকা চেয়েছেন সেটাও পাওয়ার চেষ্টা সর্বতোভাবে করুন। এবং এজন্য যদি আমাদের সাহায্য লাগে তাহলে আমরা তা করব। আপনারা বিষয়টাকে শুধু শুধু রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে দেখছেন। তবে আশা করব, আজকে এব্যাপারে যে মোশন আনা হয়েছে। সেটা আপনারা সমর্থন করবেন। ধন্যবাদ।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয়া সাবিত্রী মিত্র মহাশয়া এবং অন্যান্যরা যে প্রস্তাব এখানে এনেছেন আমি তাকে সমর্থন করতে পারছি না। বন্যা বার বার আসবে, প্রকৃতিকে আমরা কন্ট্রোল করতে পারিনা। যে প্রস্তাব আনা হয়েছে তাতে বলা হয়েছে, '১৪টা জেলা আক্রান্ত হয়েছে।' এটা ঠিকই আছে। আর, ১ কোটি লোক আক্রান্ত হয়েছে। শতাংশের দিক থেকে ৭৯.৭১। প্রাণ হানির ব্যাপারে এখানে বলা হয়েছে, ৩২৪ জন মারা গেছে। কিন্তু প্রাণহানি ঘটেছে ৫৬০ জনের মতো। এইভাবে সম্পূর্ণ এবং আংশিকভাবে ক্ষতিগ্রস্থ বাড়ির সংখ্যা ৮ লক্ষ ৭৩ হাজার ১২৭ এবং এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্য প্রতিষ্ঠান, রাস্তা-ঘাট, ইত্যাদিরও ক্ষতি হয়েছে। এই অবস্থার মধ্যে প্রত্যেক জেলাতে সর্বদলীয় কমিটি করে ত্রাণ বিলি করা হয়েছে এবং প্রত্যেক সদস্য এ বিষয়ে অবহিত আছেন। আর, জি.আর. দেওয়া হয়েছে ১৮ হাজার ৫৫৭ মেট্রিক টন। জামা কাপড় বিলি করা হয়েছে ১.১৩ লক্ষ পিস। গৃহ নির্মাণ প্রকল্পের জন্য ২৪.১২.৯৮ তারিখ পর্যন্ত

দার্জিলিং, কুচবিহার, জলপাইগুড়ি, মালদা, মুর্শিদাবাদের জন্য ৪১ কোটি ১৯ লক্ষ ৩০ হাজার টাকা পাঠানো হয়েছে। তাছাড়া আমরা হাডকো থেকে গৃহনির্মাণের জন্য প্রায় ১০২ কোটি টাকা লোন নেওয়ার ব্যবস্থা করেছি। ইতিমধ্যে আমরা ৭৫ কোটি টাকা পেয়েছি। সেই টাকা থেকে আমরা, যাদের বাড়ির সম্পূর্ণ অংশের ক্ষতি হয়েছে তাদের বাড়ি নির্মাণ করার জন্য ২ হাজার টাকা করে এবং যাদের বাড়ির আংশিক ক্ষতি হয়েছে তাদের বাড়ির জন্য আমরা ১ হাজার টাকা করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। তবে আমরা সব জেলা থেকে তালিকা এখনও পাই নি। কয়েকটা জেলা থেকে যে তালিকা পেয়েছি সেই অনুযায়ী আমরা টাকা পাঠিয়েছি। এছাড়া পলিথিন, ধুতি, শাড়ি, লুঙ্গি, দুধ ইত্যাদি প্রতিটি জেলাতে পাঠানো হয়েছে। এবছরে সত্যি অভূতপূর্ব বন্যা হয়েছে। এরকম বন্যা অতীতে দেখা যায়নি। তাই বন্যা হলে, বন্যার মোকাবিলা করতে হলে সকলের সহযোগিতা দরকার। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, যাঁরা আজকে এই প্রস্তাবকে সমর্থন করেছেন তাঁদেরকে আমি ধন্যবাদ দিচ্ছি। কিন্তু আমি বিরোধী দলের সদস্য মন্ত্রীকে ধন্যবাদ দিতে পারলাম না। কারণ আমরা ভেবেছিলাম, আমরা আশা করেছিলাম, একটা মানবিক কারণে আমরা আজকে এটাকে তুলেছিলাম হাউসের সামনে—কিন্তু আজকে এটাকে আপনারা রাজনৈতিক প্রস্তাব বললেন। আপনারা প্রত্যেকটি পদক্ষেপ রাজনৈতিকভাবে চলেন। তার জন্য এটাকে রাজনৈতিক প্রস্তাব বলছেন। আজকে একথা জেনে রাখা দরকার যে, মালদার বন্যাকে রুখতে এই রাজ্যসরকারের এতটুকু সহযোগিতা ছিল না। আমি বলছি মালদা জেলার বন্যা মহানন্দায়, এমব্যাঙ্কমেন্ট দিয়ে যিনি রুখেছিলেন তিনি হলেন এ.বি.এ. গণিখান চৌধুরি। অথচ আপনারা সেই বাঁধটাকে মেরামত না করে, সমস্ত টাকা চুরি করে আজকে আপনারা কৃত্রিম বন্যা নিয়ে এলেন। আর আজকে এটাকে বলছেন রাজনৈতিক প্রস্তাব। আমরা বলেছি, বন্যার সময় কোনও মন্ত্রীকে জেলায় ঢুকতে দেওয়া হবে না। কারণ তাতে রেসকিউ করা যায় না, কাজকর্ম কিছুই হয় না। কারণ জেলা প্রশাসন মন্ত্রীকে নিয়েই ব্যস্ত থাকেন। ঐ নজরপুরে বাঁধ ভেঙে গিয়ে গোটা মালদা ভেসে গেল। তখন জেলা প্রশাসন মন্ত্রীকে খাওয়ানোর জন্য ব্যস্ত থাকায় রেসকিউ করার জন্য একটা লঞ্চ পর্যন্ত পাওয়া যায় নি। সেজন্য বন্যার সময় মন্ত্রীকে

জেলায় ঢুকতে দিলে মাঝখানে দাঁড়িয়ে আমরা কোনও কাজকর্ম করতে পারব না। মাননীয় মন্ত্রী বিধানসভায় দাড়িয়ে একটা [**] কথা বললেন যে, আপনারা নাকি বন্যার মোকাবিলার জন্য সর্বদলীয় কমিটি করেছেন, আপনারা ত্রাণ কমিটি করেছেন। আমি বলছি, আপনারা সি.পি.এম. পার্টির চেয়ারম্যানকে সভাপতি করে নিয়ে ত্রাণ কমিটি করেছেন, আপনারা জেলা সভাধিপতিকে নিয়ে ত্রাণ কমিটি করেছেন। আর আপনি বলছেন যে, সর্বদলীয় কমিটি করেছেন। আমরা বলেছিলাম এব্যাপারে সর্বদলীয় কমিটি করা হোক। কিন্তু আপনারা সর্বদলীয় কমিটি করেন নি। আপনারা বলেছেন, মিনিকিট দিয়েছেন। কিন্তু আপনারা কাদের মিনিকিট দিয়েছেন? ভূমিহীনদের আপনারা মিনিকিট দিয়েছেন? জি.আর. আপনারা কাদের দিয়েছেন? জি.আর. আপনারা আপনাদের কমরেডদের বাড়িতে ভাগ করে দিয়েছেন। এরপরেও বলবেন আমরা রাজনৈতিক প্রস্তাব এনেছি, আমরা রাজনৈতিকভাবে কাজ করছি? আপনারা রাজনীতি করেন, জেলায় গিয়ে রাজনীতি করুন। বন্যাকে রোখার জন্য সেচ দপ্তর যেখানে ৫০০ মিটার বাঁধ দেওয়ার কথা বলেছিলেন সেখানে আপনারা ৫০০ মিটার বাঁধ দিতে পারতেন। কিন্তু সেখানে আপনারা ডি.এম. অশোক সাঁতরার সঙ্গে ইগোর লড়াইয়ের জন্য সেই জায়গায় বাঁধ না করার জন্য মালদায় কৃত্রিম বন্যার সৃষ্টি হল। অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত বলেছিলেন যে, তিনি শীতকালে ওখানে উপস্থিত থেকে কাজ করাবেন। কি কাজ করাবেন? মালদা মুর্শিদাবাদকে নতুন করে বন্যার মুখে ঠেলে দেবার প্রচেষ্টা হয়ত গ্রহণ করবেন। কারণ আমরা দেখেছি চিফ ইঞ্জিনিয়ার কমিটির প্রস্তাব মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী অসীম দাশগুপ্তের উপস্থিতিতে খারিজ হয়ে গেছে। চিফ ইঞ্জিনিয়ার কমিটি প্রস্তাব দিয়েছিল—দেড় কিলোমিটার দূর থেকে বাঁধ না দিলে বন্যা ঠেকানো যাবে না। সেই প্রস্তাব খারিজ করে মাত্র ৬০০ মিটার বাঁধ হল কেবল মাত্র সিপিএম-এর কয়েকটা গ্রামকে বাঁচাবার জন্য। এর থেকে নির্লজ্জ রাজনীতি আর কি হতে পারে! অথচ আমাদের এই প্রস্তাবকে রাজনৈতিক প্রস্তাব বলা হচ্ছে। আপনারা মহানন্দা এমব্যাঙ্কমেন্টের জন্য কত দিয়েছেন? ১৬০ কিলোমিটার বাঁধের জন্য বছরে ৪৫ লক্ষ টাকা। তাও মন্ত্রী এবং ডিপার্টমেন্টের হাত থেকে তা নিয়ে জেলা পরিষদের হাতে তুলে দেওয়া হয়েছে সেখান থেকে চুরি করে ফান্ড করার জন্য। ওখানে আজকে বাস্তব অবস্থা যা তাতে পঞ্চাননপুর, গোপালপুর, ময়নাপুর, মানিকচক, ভুতনি প্রভৃতির ভাঙন রোধ করতে হলে আপ স্ট্রিমে বাঁধ দিতে হবে, বিশেষ করে জঙ্গালীটোলায় বাঁধ দিতে হবে। সেই বাঁধ না দিলে মালদা শহরকে বাঁচানো যাবেনা, গঙ্গা মালদা শহরকে ধুয়ে নিয়ে যাবে। আপ স্ট্রিমে বাঁধ

দিলে গঙ্গা তার স্বাভাবিক রুট দিয়েই প্রবাহিত হবে। কিন্তু আমরা জানি আপনারা সে কাজ করবেননা। কারণ বন্যাই যদি না হয় তাহলে তো আর চুরি করা যাবেনা, ভোটে লড়বার টাকা পাওয়া যাবেনা। এইভাবে আপনারা পশ্চিমবঙ্গকে ধ্বংস করছেন। আপনাদের লজ্জা হওয়া উচিত, তা না, আপনারা বলছেন এটা রাজনৈতিক প্রস্তাব! এটা মোটেই রাজনৈতিক প্রস্তাব নয়, মালদা মুর্শিদাবাদের মানুষের স্বার্থের প্রস্তাব। এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে, মন্ত্রীকে ধিক্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Chairman :** The motion of Shrimati Sabitri Mitra that

"এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, গত জুলাই মাস থেকে ভয়াবহ বন্যার ফলে পশ্চিমবঙ্গের ১৪টি জেলা বিধ্বস্ত হয়েছে, প্রায় ১ কোটি মানুষ সর্বস্বান্ত হয়েছে, ৩২৪ জনের প্রাণহানি ঘটেছে, ৪ লক্ষের ওপর ঘরবাড়ি ভেঙ্গে গেছে এবং মাঠের ফসলহানিসমেত ক্ষতির পরিমাণ প্রায় ২০০০ কোটি টাকা ছাড়িয়ে গেছে এবং একদিকে বন্যার কবলে ১৪টি জেলার মানুষ প্রায় সর্বস্বান্ত হয়ে পড়েছেন ও অন্যদিকে খরার প্রকোপে বাঁকুড়া ও পুরুলিয়া জেলার মানুষের দুর্গতি চরমসীমায় গিয়ে পৌঁছেছে।

এই সভা মনে করে যে, রাজ্য সরকারের তরফ থেকে ত্রাণের অব্যবস্থা ও অপ্রতুলতা, কেন্দ্রীয় সরকারের ঔদাসীন্য, বন্যা এবং গঙ্গা-পদ্মার ভাঙ্গন প্রতিরোধকল্পে প্রয়োজনীয় উদ্যোগের অভাব রাজ্যের মানুষকে এক চরম দুর্দশার মধ্যে ফেলেছে।

এই সভা আরও মনে করে যে, ১৯৭৮ সালের বন্যার পর প্রীতম সিং কমিটির এবং ১৯৯৬ সালে জি.আর. কেশকর কমিটির সুপারিশগুলি কার্যকর না হওয়ার ফলে বিশেষ করে, মালদা ও মুর্শিদাবাদ জেলার মানুষের মনে চরম হতাশা দেখা দিয়েছে।

অতএব, এই সভা রাজ্য সরকারের কাছে যুদ্ধকালীন তৎপরতার সঙ্গে উপযুক্ত ত্রাণের ব্যবস্থা গ্রহণের এবং রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে প্রয়োজনীয় অর্থ সাহায্যের দাবি জানাচ্ছে।"

was put to vote and a Division was taken with the following results :

**NOES**

Abdul Razzak Molla, Shri

Bagdi, Shri Kiriti

Bagdi, Shri Lakhan

Banerjee, Shri Debabrata

Bhakat, Shri Buddhadeb

Biswas, Shri Haripada

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kamalakshi

Biswas, Shrimati Susmita

Bose, Shri Shyamaprasad

Chattopadhyay, Shri Jyoti Krishna

Chaudhuri, Shri Amar

Dal, Shrimati Nandarani

Das, Shri Ananda Gopal

Das, Thakur, Shri Chittaranjan

Deb, Shri Rabin

Dey (Bose), Shrimati Ibha

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Dutta, Dr. Gouripada

Dutta, Shri Gurupada

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Biren

Goswami, Shri Subhas

Hazra, Shri Samar

Hembram, Shrimati Deblina

Kisku, Shri Lakshri Ram

Kundu, Shri Ranjit

Let, Shri Bishnu

Mahata, Shri Kamala Kanta

Mahata, Shri Satya Ranjan

Majhi, Shri Tamal

Mandal, Shri Ramchandra

Mehboob Mondal, Shri

Mirquasim Mondal, Shri

Mistry, Shri Bimal

Mondal, Shri Rabindranath

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Nirmal

Naskar, Shri Sankar Sharan

Naskar, Shri Subhas

Paik, Shri Nikunja

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Mrinal Kanti

Saha, Shri Kripa Sindhu

Sengupta, Shri Purnendu

Sengupta (Bose), Shrimati Kamal

Sk. Khabiruddin Ahmed, Shri

Shaw, Shri Prabin Kumar

Sinha, Shri Prabodh Chandra

Zamadar, Shri Badal

**AYES**

Abdul Mannan, Shri

Abu Sufian Sarkar, Shri

Banerjee, Shri Ambica

Banerjee, Shri Shyamadas

Bhattacharjee, Shri Sudhir

Biswas, Shri Shashanka Shekhor

Chakraborty, Shri Gautam

Chowdhury, Shri Adhir Ranjan

Das, Shri Sailaja Kumar

Deb, Shri Ashoke Kumar

Dey, Shri Ajoy

Dey, Shri Gopal Krishna

Dutta, Shri Sabuj

Gyan Singh Sohanpal, Shri

Mahato, Shri Shantiram

Mandal, Shri Tushar Kanti

Md. Sohrab, Shri

Mitra, Shri Asit

Mukherjee, Shri Ashoke

Mukherjee, Shri Rabin

Mukherjee, Shri Sibdas

Roy, Shri Tapas

Rubi Nur, Shrimati

Sinha, Shri Atish Chandra

**Abst.**

Kabi, Shri Pelab

The Ayes being 25 and Noes 51 and Abst. 1

The motion was lost.

[2-50 — 3-00 p.m.]

**Shri Shyamadas Banerjee :** Sir, I beg to move "Whereas, the Management of Coal India Ltd., and Eastern Coalfield Ltd.,

have decided to close down 64 Coal Mines and 5 Area Offices of E.C.L.

Whereas, 72,000 workers of E.C.L. will loss their jobs as a result of this decision;

Whereas, the Mines in the Asansol-Andal-Raniganj belt produce good quality of coal and can produce more coal through modernisation;

Whereas, it is possible to improve the financial condition of the mines by introducing better management and preventing wastage;

Whereas, the Central Government has chosen to close the mines on the basis of a recommendation by I.C.I.C.I., an Organisation not acquainted with coal production; and

Whereas, the Union Coal Minister had given an assurance to the West Bengal Chief Minister on 25th November, 1998 that the mines will not be closed;

This House, therefore, urges on the Union Government through the State Government to reconsider its decision to close down the 64 mines and 5 Area Offices and take steps to revitalise the mines through joint efforts of the Central and the State Governments."

শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ আমি মোশনটা মুভ করছি।

This House notes with grave concern—

that a large number of industrial units in the entire country including West Bengal are lying sick and closed, and a large number of Central Public Sector Undertakings in the State are also sick and suffering from inadequate provision of funds.

This House is of the opinion—

that the policy of indiscriminate liberalisation, disinvestment in the Central Public Sector Units and Insurance and Banking Sectors will aggrevate the situation and add to the over-increasing unemployment problem of the country.

This House, therefore, urges upon the Government of India to formulate a correct national policy regarding revival of closed and sick industrial units in the interest of the workers as also for industrial regeneration and to co-operate with the State Government in evolving a concrete course of actions to revive the closed and sick industrial units in the State without any further delay.

আশাকরি প্রত্যেক সদস্যের টেবিলে এর কপি পৌঁছে গেছে। আমি প্রথমে কয়েকটি বক্তব্য রেখে পরবর্তী ক্ষেত্রে আমি আমার বক্তব্য আপনাদের সামনে রাখব। প্রথমেই বলি, পশ্চিমবাংলার ৭২ হাজার মানুষকে কেন্দ্রীয় সরকার তাদের মুখের গ্রাস কেড়ে নেবার চেষ্টা করছে। আমরা তাই তার বিরুদ্ধে দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধ হয়ে এই প্রস্তাব সভায় নিতে চাই। অগণতান্ত্রিকভাবে কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্ত গ্রহণ করছে তার বিরুদ্ধে আমাদের সোচ্চার হওয়ার দরকার আছে, কেন্দ্রীয় সরকারের এই অগণতান্ত্রিক কার্যকলাপের বিরুদ্ধে আমাদের নিঃসন্দেহে একমত হয়ে বলার প্রয়োজন আছে। ১৯৭১-৭২ সালে কোকিং কোল এবং ১৯৭৩ সালে নন-কোকিং কোলের কয়লাখনিগুলি রাষ্ট্রায়ত্ত্ব করা হয়েছিল। এই রাষ্ট্রায়ত্ত্ব করার একটি মাত্র কারণ ছিল, এই সমস্ত কয়লা খনিগুলি বেসরকারি মালিকদের হাতে ছিল। ব্যক্তিগত মালিকানায় থাকার ফলে অবৈজ্ঞানিকভাবে তারা কয়লা উত্তোলন করতো, পরিমিত টাকা লগ্নী করতো না, কাজের পরিবেশ খারাপ ছিল এবং শ্রমিকদের ঠকানো হতো। এইজন্য রাষ্ট্রায়ত্ত্ব করা হয়েছিল। তখন সমস্ত কয়লাখনিতে ১ লক্ষ ৯২ হাজার কর্মচারী ছিল, আর এখন অর্থাৎ পরবর্তীকালে ১ লক্ষ ৪০ হাজার কর্মচারিতে নেমে এসেছে। আমরা হঠাৎ দেখলাম, ২২ অক্টোবর ই.সি.এল. বোর্ড একটা সিদ্ধান্ত নিলেন। কি সিদ্ধান্ত? দিল্লির মন্ত্রক থেকে একজন অফিসার সিদ্ধান্ত নিলেন ৬৪টি কয়লাখনি বন্ধ করে দিতে হবে আর ৫টি এরিয়া অফিস বন্ধ করে দিতে হবে। ৬টি এরিয়া অফিস বন্ধ করার কথা বলা হয়েছে। কিন্তু ১টি এরিয়া

অফিস বিহারে থাকায় পশ্চিমবঙ্গে ৫টি এরিয়া অফিস বন্ধ করে দেওয়া হবে। এরফলে ৭২ হাজার কর্মচারিকে ছাঁটাই করে দেওয়া হবে। তাই বলছি, এই প্রস্তাব ঐক্যবদ্ধভাবে নেবার প্রয়োজন আছে।

স্যার, এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই যে, হঠাৎ করে কোল ইন্ডিয়া কর্তৃপক্ষ প্রস্তাব নিয়ে ২৮শে জুন, ১৯৯৮ সালে ই.সি.এল.সি.এল.কে এক কোটি কুড়ি লক্ষ টাকার অর্ডার দিলেন যাতে ই.সি.এল.ও বি.সি.এলকে পুনর্গঠনের জন্য যথোপযুক্ত রিপোর্ট পাওয়া যায়। এক মাসের মধ্যে একজন অফিসার একটা রিপোর্ট তৈরি করে পাঠিয়ে দিলেন। ১ কোটি ২০ লক্ষ টাকা ব্যয় করা হল অথচ যে কয়লাখনিগুলি বন্ধ করে দেবার কথা হচ্ছে সেই কয়লাখনিগুলিতে এই টাকাটা যদি লাগানো যেত তাহলে কয়লাখনিগুলি উন্নত করা যেত এবং এই কয়লাখনিগুলি বন্ধ করতে হত না। রানিগঞ্জ, জামুরিয়ার মতন কোল ফিল্ড এরিয়াতে উন্নত মানের কয়লা এখনও মজুত আছে। আমরা জানি, ই.সি.এলের যেসব কয়লাখনি এখনও আছে সেই ই.সি.এলের কয়লাখনিগুলিতে ৬০ লক্ষ বিলিয়ন টন কয়লা এখনও মজুত আছে। ৯০ থেকে ১০০ বছর ধরে সেখান থেকে কয়লা উত্তোলন করা যাবে। কিন্তু কেন্দ্রীয় সরকার আজ চক্রান্ত করে সেগুলি বেসরকারি মালিকানার হাতে তুলে দেওয়ার চক্রান্ত করছে এবং তা করে ৭২ হাজার শ্রমিকের মুখের গ্রাস কেড়ে নেওয়ার চেষ্টা করছে। আমার আবেদন, আসুন, এই সভা থেকে ঐক্যবদ্ধভাবে এর বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানাই। কেন্দ্রীয় সরকারের এই যে অগণতান্ত্রিক কার্যকলাপ এর বিরুদ্ধে আমাদের সকলের ঐক্যবদ্ধভাবে প্রতিবাদ জানানো দরকার এবং এই অপচেষ্টা রোধ করা দরকার। স্যার, এই প্রসঙ্গে আমি কয়েকটি বক্তব্য রাখতে চাই। আমদানি করা কয়লার উপর আমদানি শুল্ক চালু করা হোক। কারণ আমদানি করা কয়লা কোনও সেস বা সেলস ট্যাক্স দেয় না। পক্ষান্তরে দেশীয় কয়লার উপর আরও কিছু ছাড় দেওয়া হোক। দু নং হচ্ছে, লৌহ শিল্পের ন্যায় কয়লা শিল্পকে একটি পরিচালন ব্যবস্থার মধ্যে এনে লাভজনক খনি থেকে অলাভজনক খনিতে লগ্নী করলে যে ১০০০ কোটি টাকা আয়কর দিতে হয় সেটা বেঁচে যাবে যদি কোল ইন্ডিয়াকে একটি না লাভ না ক্ষতির ভিত্তিতে চালাতে হয়। তিন নং হচ্ছে, ভারত সরকার যেমন বিদেশ থেকে পেট্রোল ও ডিজেল কিনতে ভর্তুকি দেন এবং তা দিয়ে দেশে বিক্রি করেন সেইরকম কয়লার ক্ষেত্রেও বাজেটে ভর্তুকির ব্যবস্থা রাখতে হবে। ৪নং হচ্ছে, ই.সি.এল.কে বাঁচানোর স্বার্থে কোল ইন্ডিয়া যদি কয়লা চালান দেওয়ার সময় টন প্রতি ২০ টাকা করে উন্নয়ন ফান্ডের নামে

লেভি তোলেন তবে প্রায় ৫১৬ কোটি টাকা তার থেকে পাওয়া যেতে পারে। ই.সি.এলকে বাঁচানোর স্বার্থে এটা করা দরকার। স্যার, আমরা দেখছি, ই.সি.এল. কর্তৃপক্ষ সেফটির ব্যাপারে নজর দিচ্ছেন না। অন্তত ২০টি কোলিয়ারিতে এখনও আগুন জ্বলছে। সেফটির ব্যাপারে যদি নজর না দেন তাহলে ৬৪টির সঙ্গে সঙ্গে আরও ২০টি কোলিয়ারি সেখানে বন্ধ হয়ে যাবে। রাজ্যসরকারের একটি শুভ প্রচেষ্টার কথা উল্লেখ করতে চাই। রাজ্যসরকার ২৫০ কোটি টাকা এখানে সেস বাবদ যেটা পান তার থেকে ছাড় দিয়েছেন। এতে আমরা আনন্দিত। আমি এই সভায় সব মাননীয় সদস্যকে অনুরোধ করব, আজকে ভারতবর্ষে কেন্দ্রীয় সরকার যারা চালাচ্ছেন, আসুন ঐক্যবদ্ধভাবে কেন্দ্রীয় সরকারের এই অগণতান্ত্রিক কাজের বিরুদ্ধে আমরা লড়াই করি কারণ ৭২ হাজার মানুষ আমাদের দিকে তাকিয়ে আছেন। ৭২ হাজার মানুষ বললে ভুল হবে, এই ৭২ হাজার মানুষের প্রত্যেকের পরিবারে যদি ৫ জন করে ধরা হয় এবং এই কয়লাখনিগুলিকে কেন্দ্র করে যেসব ছোট, বড় দোকান ইত্যাদি আছে তার উপর নির্ভরশীল মানুষগুলিকে যদি ধরা হয় তাহলে দেখা যাবে ১০ থেকে ১২ লক্ষ মানুষ এই খনিগুলির উপর নির্ভরশীল কেন্দ্রীয় সরকার যদি এই খনিগুলি বন্ধ করে দেন তাহলে এই মানুষগুলি না খেতে পেয়ে মারা যাবেন। পরিশেষে আমি বলব, আমেরিকা নাগাসাকিতে যে দিন বোমা ফেলেছিল সেই দিনটিতে যেমন আমরা প্রতি বছর ধিক্কার দিবস পালন করি তেমনি ভাবে এই ১২ লক্ষ মানুষকে না খেতে দিয়ে মেরে ফেলার যে চক্রান্ত কেন্দ্রীয় সরকার করছে তার বিরুদ্ধে আমাদের ঐক্যবদ্ধভাবে লড়াই করতে হবে, প্রতিবাদ জানাতে হবে। আমরা জানি, এই সরকারের বিরুদ্ধে আমাদের অনেক বক্তব্য আছে কিন্তু তবুও এই কয়লাখনির ব্যাপারে দাঁড়িয়ে আসুন আমরা এই সভা থেকে সিদ্ধান্ত নিয়ে ঐক্যবদ্ধভাবে লড়াই করি কেন্দ্রীয় সরকারের অগণতান্ত্রিক কার্যকলাপের বিরুদ্ধে এবং বেসরকারি মালিকানার হাতে এই কয়লাখনিগুলি তুলে দেওয়ার চক্রান্তের বিরুদ্ধে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, ই.সি.এল.-এর ব্যাপারে বহু আলোচনা ইতিপূর্বে হয়েছে, বহু আলোচিত বিষয় আছে। আজকে শুধু ৭২ হাজার কর্মচারী নয়, তার সঙ্গে আরও ৫০ হাজার কর্মচারী অর্থাৎ দেখা যাবে যে পশ্চিমবাংলার ৫ থেকে ৬ লক্ষ লোক আজকে একটা অনিশ্চিত অবস্থার মধ্যে

পড়েছেন। ই.সি.এল.-এর সম্প্রতি যে ভূমিকা তার ফলে পশ্চিমবাংলার ৫ থেকে ৬ লক্ষ লোক গভীর অনিশ্চয়তায় ভুগছেন। এখানে প্রশ্ন হচ্ছে যে, ই.সি.এল. কেন এই সিদ্ধান্ত নিচ্ছে? ৬৪টি কয়লা খনিকে তারা কেন তুলে দিতে চলেছেন? এটা লাভজনক সংস্থা নয় বলে কি? কিন্তু আমরা জানি যে ই.সি.এল.-এর বাতিল করা খনি, বেঙ্গল এমেটা কোল মাইনস লিমিটেড, তারা ২০ বছর বাতিল হওয়া খনি, রানিগঞ্জ-এর উত্তরে অবস্থিত, পূর্ব-পশ্চিমে যে কয়লা খনি সেটা তারা অধিগ্রহণ করেন, বেঙ্গল এমেটা কোল মাইনস লিমিটেড এবং ১৯৯৭ সালের সেপ্টেম্বর মাস থেকে সেখানে উৎপাদন শুরু হয়। ৫ লক্ষ টাকা সেখানে সংস্থা ইতিমধ্যে লাভ করেছে। কাজেই ই.সি.এল. কর্তৃপক্ষ বলছেন যে, এই সংস্থা লাভজনক নয়, ৬৪টি কয়লা খনি লাভ জনক নয়, সেটা আজকে প্রমাণিত হয়েছে। আজকে তারা তাদের ব্যর্থতা ঢাকবার জন্য এই ৬৪টি কয়লা খনিকে তারা বন্ধ করে দিতে চলেছে। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমরা বলছি যে, আজকে বর্ধমান, বীরভূমের বড় একটা অংশ আছে যেখানে কয়লার ভান্ডার আছে, যেখানে ১০০ বছরের উন্নতমানের কয়লা মজুত আছে, সেখানে দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকারের চক্রান্তে, ই.সি.এলের চক্রান্তে আজকে লক্ষ লক্ষ মানুষ গৃহহীন অসহায় অনাহারের মধ্যে দিন কাটাচ্ছে। সেখানে আজকে এইরকম একটা অবস্থা এসে দাঁড়িয়েছে। আজকে ই.সি.এল. কর্তৃপক্ষ পশ্চিমবঙ্গ সরকারের সেস তারা কমিয়ে দিয়েছে। ই.সি.এল.-এর কয়লার উপরে যে রয়্যালটি দেবার কথা পশ্চিমবঙ্গ সরকারকে, সেটাও তারা দেননা। তাসত্ত্বেও কয়লার উপরে সেস তারা কমিয়ে দিয়েছে। ২৫০ কোটি টাকা ক্ষতি বামফ্রন্ট সরকার নিয়েছেন। তাসত্ত্বেও আমরা লক্ষ্য করছি যে, ই.সি.এল. এখন পর্যন্ত তারা এই কয়লা খনি চালু করার ব্যাপারে কোনও ইতিবাচক ব্যবস্থা নিচ্ছে না। আমরা এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমরা একথা বলতে চাই যে, আজকে প্রত্যেকটি কয়লা খনি লাভজনক। আজকে অপচয় হচ্ছে এবং সেজন্য ই.সি.এল. কর্তৃপক্ষ তারা এই ধরনের সিদ্ধান্ত নিচ্ছে।.....

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বসুন। সুব্রতবাবু, আপনার কি পয়েন্ট অব অর্ডার আছে বলুন।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের এই হাউসের অনুমতি ছিল বিজনেস অ্যাডভাইসরি কমিটির মাধ্যমে ৩টা পর্যন্ত। আপনি হাউসের অনুমতি না নিয়ে বা কোনও ঘোষণা না করে ৩ টার পরেও

হাউস চালাচ্ছেন। আমি এটা নিয়মের কথা বলছি। আপনি আরও আধ ঘন্টা চালান, এক ঘন্টা চালান, আমরা সেটা চাইব। কারণ এর পরে জুটের উপরে দুটো রেজলিউশন আছে। কিন্তু আপনি প্রস্তাব না দিয়ে অলরেডি ৩টা বেজে গেছে অথচ হাউস চালাচ্ছেন। এই যে তিন মিনিট চললো, এটা অবৈধ হাউস। আপনি তো অবৈধ ডেপুটি স্পিকার হয়ে দাঁড়াচ্ছেন বলে মনে হচ্ছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি অবৈধ ডেপুটি স্পিকার, আর আপনি অবৈধ এম.এল.এ।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** অবৈধ ডেপুটি স্পিকার থেকে কি হবে, তার চেয়ে পদত্যাগ করে দিন। হাউস ৩টে পর্যন্ত চলার কথা। ৩টে বেজে গেছে আপনি তবুও হাউস চালাচ্ছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** বসুন, বসুন। এটা আমাদের আগের যেসব মোশন এসেছিল...

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** আপনি তো বলবেন যে আরও আধ ঘন্টা সময় বাড়ালাম বা ১০ মিনিট সময় বাড়ালাম। আপনি তো বহুদিন ধরে আছেন। আপনি আগে এটা বলুন। আগে হাউসের অনুমতি নিন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বসুন। এটা আমাদের প্রত্যেকটি মোশনে সময় বাড়িয়ে বাড়িয়ে গেছে। এখনও দুটো মোশন আছে।

(এই সময়ে অফিসের একজন অফিসার ডেপুটি স্পিকারের সঙ্গে কথা বলেন)

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** আবার শেখাচ্ছে পিছন থেকে। আবার শেখাচ্ছে। আবার ক্লাশ ফোর স্টাফ আপনাকে শেখাচ্ছে। আপনাকে নিয়ে আর পারা গেলনা।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এর আগে প্রিভিলেজ মোশনের সময় অনেকটা টাইম গেছে - এক ঘন্টা গেছে। সেই টাইমটা বাদ দিলে এর সময় ৪টা পর্যন্ত রয়েছে।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** উপাধ্যক্ষ মহাশয়, ই.সি.এলের ৭২ হাজার শ্রমিক ছাঁটাই এবং ৬৪টি কয়লাখনি বন্ধের বিরুদ্ধে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাব

সম্পর্কে আমি প্রথমে যে কথা বলতে চাই যে, ই.সি.এল. অক্টোবরের ২২ তারিখের বোর্ডের মিটিংয়ে যে সিদ্ধান্ত নিয়েছিলেন তাতে ৬টি এলাকা অফিস সহ ৬৪টি কয়লাখনি তারা বন্ধ করবেন। ই.সি.এল. আই.সি.আই.সি.আই.-এর মাধ্যমে এইরকম সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমরা জানি আই.সি.আই.সি.আই., এই সংস্থাটি শিল্পে ঋণ এবং পুঁজি যোগান দিয়ে তার সুদে সংস্থাটি চলে। কোথায়ও ই.সি.এল.কে খনি বন্ধ করবার কথা বলা হয়নি। এই ভুল ব্যাখ্যা ওরা আই.সি.আই.সি.আই.-এর বিরুদ্ধে করছেন। ঐ রিপোর্টে তারা যা বলেছেন তাতে কোথায়ও কয়লাখনি বন্ধ করতে বলেননি। তারা যেহেতু কয়লাখনি সম্পর্কে তাদের কোনও এক্সপার্টাইজ নেই, সুতরাং কয়লাখনি বন্ধ করবার ব্যাপারে ই.সি.এল.-কে বিরত থাকতে বলেছেন তারা। কয়লাখনিগুলোকে অলাভজনক বলা হয়েছে। কিন্তু আমাদের কাছে কোল ইন্ডিয়ার যে রিপোর্ট রয়েছে তাতে দেখতে পাচ্ছি, সারা ভারতবর্ষে কয়লার যে মজুত-ভান্ডার রয়েছে - এ সম্পর্কে কয়লা মন্ত্রকেরও একটা রিপোর্ট রয়েছে, কিন্তু সময়াভাবে সবটা আলোচনা করতে পারছি না - ১.১.১৯৯৭ পর্যন্ত যে পরিমান কয়লার খোঁজ পাওয়া গেছে তার পরিমান ৭২,৭৩৩.২৩ মিলিয়ন টন এবং মোট কয়লা আছে ভারতবর্ষে ২,০৪,৬৫২.৬৯ মিলিয়ন টন। এই ভান্ডার আমাদের ভারতবর্ষে রয়েছে, অথচ আশ্চর্যজনকভাবে আমাদের দেশে কয়লা আমদানি করা হচ্ছে। সেটা ১৯৯৭-৯৮ সালে করা হয়েছে ২৪ মিলিয়ন টন অর্থাৎ ২ কোটি ২৪ লক্ষ টন। ১৯৯৮-৯৯ সালে কয়লা আমদানি করা হবে ৪০ মিলিয়ন টন। আমাদের প্রশ্ন হল, ১৯৯৭ সালে কয়লা মন্ত্রক যা বলেছেন, আমাদের ভারতবর্ষে ২,০৪,৬৫২.৬৯ মিলিয়ন টনের কয়লার মজুত ভান্ডার থাকা সত্বেও কেন কয়লা আমদানি করবার জন্য একটা অদ্ভূত অবস্থা সৃষ্টি করা হয়েছে? তারা ৪১ কোটি টাকা ভারতবর্ষে বিনিয়োগ করেছেন এবং শুধুমাত্র ই.সি.এলে তারা বিনিয়োগ করেছেন কয়লাখনিগুলির উন্নয়নের জন্য। ই.সি.এলের জয়েন্ট কনসালটেটিভ কমিটির কাছে ওদের ম্যানেজিং ডাইরেক্টর একথা স্বীকার করেছেন। কয়লাখনি জাতীয়করণের পরে এযাবত ই.সি.এল.-এর ৫৭টি খনি বন্ধ করা হয়েছে এবং ৫০,০০০ শ্রমিককে ইতিমধ্যে ছাঁটাই করা হয়েছে, কিন্তু তা সত্বেও ই.সি.এলে লোকসান কমেনি। কয়লা মন্ত্রক এটা দুর্ভাগ্যজনকভাবে কংগ্রেস আমল থেকেই শুরু করেছে। বিদেশের হাতে তুলে দেবার জন্য এটা তারা করছেন। তাঁরা এখানে কোলিয়ারি খুলতে আগ্রহ প্রকাশ করেছেন। স্যার, এই প্রস্তাব সম্পর্কে আমার নির্দিষ্ট প্রস্তাব হলো যে আমাদের এই খনিগুলি যা অলাভজনক বলা হচ্ছে সেই সম্পর্কে কোনও নির্দিষ্ট তথ্য কয়লা মন্ত্রকের হাতে নেই। আমার

দ্বিতীয় কথা হলো যে আমাদের এই কয়লা খনির অভ্যন্তরে তাঁদের ম্যানেজমেন্টের যে ব্যর্থতা, দূর করতে হবে। কয়লা খনির অভ্যন্তরে দুর্নীতি যা আছে সেই দুর্নীতি দূর করতে তাঁরা ব্যর্থ হচ্ছেন। বিদেশ থেকে যে যন্ত্রপাতি আমদানি করা হচ্ছে কোটি কোটি টাকা দিয়ে সেই যন্ত্র এখনও অব্যবহারিত আছে। আমার অন্যতম গুরুত্বপূর্ণ কথা হলো যে কোল ইন্ডিয়াকে একটা হোল্ডিং কোম্পানি করা দরকার। তাহলে কোল ইন্ডিয়াতে একজন চেয়ারম্যান থাকবেন আর তার ইউনিটে যে সাবসিডিয়ারি আছে, ই.সি.এল., বি.সি.সি.এল., সি.সি.এল., তারা এক-একটা কোম্পানি হিসাবে কাজ করবে এবং তাদের একজন করে এম.ডি. থাকবেন। এর জন্য ১২০০ কোটি টাকা নেট সেভিংস হবে, ইনকাম ট্যাক্স যা কেন্দ্রীয় সরকার পান সেই ইনকাম ট্যাক্স তাদের দিতে হবে না। ১২০০ কোটি টাকা নেট সেভিংস কোল ইন্ডিয়া করতে পারবে। সেটা তারা নূতন কয়লা খনিতে বিনিয়োগ করতে পারবে। আমার ধারণা এর থেকে কয়লাখনিগুলি আধুনিকিকরণ করা সম্ভব। স্যার, আর একটা কথা বিভিন্ন জায়গাতে প্রচার করা হয় এবং এটা আমাদের ভারতবর্ষের শ্রমিক বিরোধী, ঐক্যবদ্ধভাবে ট্রেড ইউনিয়নের বিরুদ্ধে এই কথা প্রচার করা হচ্ছে। বলা হচ্ছে উৎপাদন ব্যহত হচ্ছে। কিন্তু কয়লা খনি দপ্তরের কোল মিনিস্টার রিপোর্টে বলা হচ্ছে যে আমরা ১৫ শতাংশ প্রোডাকশন ইনক্রিজ করব। এক অফ নাউ টিল ডেট নাউ ১৯ পারসেন্ট প্রোডাকশন ইনক্রিজ করা হয়েছে। ১৯ শতাংশ উৎপাদন বেড়েছে কয়লা খনিতে! সুতরাং ম্যানেজমেন্টের ব্যর্থতা ঢাকবার জন্য এই দায় শ্রমিকদের উপর চাপাতে পারেন না। ৯২ হাজার শ্রমিক কয়লা খনি এলাকার অসংখ্য মানুষ ছোট ছোট ব্যবসায়ী গ্রামের সমস্ত মানুষের স্বার্থের কথা চিন্তা করে আমরা এক যোগে সমস্ত দল মিলে ঐক্যবদ্ধভাবে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে এই প্রস্তাব গ্রহণ করবো। আশা করি আমরা সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করব। ধন্যবাদ।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই মোশনের জন্য যে টাইম ধরা ছিল সেই টাইম শেষ হয়ে গেছে, আমি আরও আধ ঘন্টা সময় বাড়িয়ে নিচ্ছি, আশা করি আপনাদের কারো আপত্তি নেই।

(ভয়েস - ইয়েস)

**শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত আনন্দের বিষয় ই.সি.এল.-এর ৭২ হাজার কর্মচারীকে বসিয়ে দেবার জন্য, কোলিয়ারি বন্ধ করে দেবার জন্য এবং ৬টি কোলিয়ারি অফিসের মধ্যে পশ্চিমবাংলায় ৫টি অফিস বন্ধ

করে দেবার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে, কেন্দ্রীয় সরকারের এই কার্যকলাপের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে আমরা সিদ্ধান্ত নিতে চলেছি। এখানে মাননীয় সদস্য যাঁরা উপস্থিত আছেন তাঁদের সকলকে আমি অভিনন্দন জানাচ্ছি। আসুন, আমরা সমস্ত বিষয়গুলি নিয়ে - যে অর্থনৈতিক অবরোধ সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে, যে অর্থনৈতিক অবরোধ সৃষ্টি করার চেষ্টা করছে কেন্দ্রীয় সরকার সেই অবরোধের বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধভাবে লড়াই করি। আজকে যে কথাটা বলে গেলেন মন্ত্রী বংশগোপাল চৌধুরি মহাশয়, আমিও একই কথা বলেছিলাম যে সেলের মতো একটা সংস্থা তৈরি করা হোক। ই.সি.এল.-এর সঙ্গে যে ৮টি সংস্থা আছে তাদের একটা সংস্থায় পরিণত করা হোক এবং সেলের মতো যদি সংস্থাটাকে তৈরি করা হয় তাহলে সেটাকে বাঁচানো যাবে। সেই সঙ্গে সঙ্গে আমি একটা কথা বলি, যে মানুষগুলো এখানে আছে যাঁরা ই.সি.এল.-কে পরিচালনা করছেন তাঁদের বিরুদ্ধে সি.বি.আই. তদন্ত করা হোক। এখানে অনেক ইঞ্জিনিয়ার আছে ই.সি.এল.-এর যে প্রযুক্তি সেখানে তাদের নিজেদের প্রযুক্তি দিয়ে ই.সি.এল.-কে বাঁচাতে পারবে। ই.সি.এল.-এর অনেক মজুত কয়লা আছে। এখানে যে কয়লা আছে তা দিয়ে ৯০ বছর থেকে ১০০ বছর চালানো যাবে। অযোগ্য নেতৃত্বের বিরুদ্ধে এবং অপচয় যেটা হয় সেটা যদি বন্ধ করা যায়, অপচয়ের বিরুদ্ধে যদি আমরা রুখে দাঁড়াতে পারি তাহলে অনেক উপকৃত হতে পারব। কেন্দ্রীয় সরকারের মন্ত্রিমহাশয় আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করে গেছেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে যে বৈঠক হয়েছে তাতে যেটা বেরিয়ে এসেছে তা হলো কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের মধ্যে একটা সংস্থা তৈরি করা হবে এবং তারা একটা রিপোর্ট এক মাসের মধ্যে তৈরি করে কেন্দ্রীয় সরকারের কাছে দেবেন এবং কেন্দ্রীয় সরকার অবিলম্বে সিদ্ধান্ত গ্রহণ করবেন। তাই আমি আপনার মাধ্যমে সবার কাছে বলতে চাই যে একটা সর্বদলীয় কমিটি তৈরি করুন এবং সেই সর্বদলীয় কমিটি কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে দাবি আদায় করি। এক দিকে আমরা আন্দোলন করব দুর্গাপুর আসানসোলে শ্রমিক কর্মচারিদের নিয়ে অন্য দিকে সর্বদলীয় কমিটি যাবে। আমরা যে আন্দোলন করব সেখানে কোনও ফ্লাগ থাকবে না, কোনও রাজনৈতিক দল থাকবে না, আমরা সমস্ত রাজনৈতিক দল একযোগ হয়ে কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টার বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ আন্দোলন করব। সভার সমস্ত সদস্যকে পুনরায় আমি আন্তরিক অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Shyamadas Banerjee

This House notes with grave concern—

that a large number of industrial units in the entire country including West Bengal are lying sick and closed, and a large number of Central Public Sector Undertaking in the State are also sick and suffering from inadequate provision of funds.

The House is of the opinion—

that the policy of indiscriminate liberalisation, disinvestment in the Central Public Sector Units and Insurance and Banking Sectors will aggravate the situation and add to the ever-increasing unemployment problem of the country.

This House, therefore, urges upon the Government of India to formulate a correct national policy regarding revival of closed and sick industrial units in the interest of the workers as also for industrial regeneration and to co-operate with the State Government in evolving concrete course of actions to revive the closed and sick industrial units in the State without any further delay.

was then put and carried nem.con

## POINT OF INFORMATION

**শ্রী রবীন দেব ঃ** স্যার, অন এ পয়েন্ট অব ইনফর্মেশন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি হাউসকে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে জানাতে চাই। গতকাল বিশ্বভারতীর প্রতিষ্ঠা দিবস গেছে। গতকাল থেকে ওখানে পৌষমেলা শুরু হয়েছে। আজ দুপুর ১টায় ওখানে আগুন লেগেছে। অনেক দোকান পুড়ে গেছে। সেজন্য আমি বিষয়টি হাউসকে এবং সরকারকে জানালাম। ওখানে আমাদের নোবেল পুরস্কার বিজয়ী ডঃ অমর্ত্য সেন রয়েছেন। সেজন্য আমি বিষয়টি হাউসকে জানালাম। ওখানে কি হয়েছে, খবরটা হাউসকে জানানো হোক।

**শ্রী প্রতীম চট্টোপাধ্যায় ঃ** খবর হচ্ছে বিরাট কিছু ব্যাপার নয়। ওখানে বাজী পোড়ানো হচ্ছিল। ট্রাডিশন্যালি ওখানে বাজী পোড়ানো হয়, তাতে কিছুটা আগুন ধরে গেছে।

## MOTION UNDER RULE 185

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আমার মোশনটি মুভ করছি।

"এই সভা অবগত আছে যে রাজ্যের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ পাট শিল্পের উপর রাজ্য তথা পূর্ব-ভারতের অর্থনীতি দারুণভাবে নির্ভরশীল এবং জাতীয় অর্থনীতির ক্ষেত্রেও এই শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে -

এই শিল্পের রক্ষাকবচ হিসাবে প্যাকেজিং শিল্পে অত্যাবশ্যকভাবে পারিজাত পণ্যের বিধি ১৯৮৭ সালে কেন্দ্রীয় সরকার প্রণয়ন করেছিলেন। কিন্তু তা সত্ত্বেও সিমেন্ট শিল্প সেই বিধি বরাবরই অমান্য করেছে, এবং

সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রীসভা সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে সিমেন্ট ও সারশিল্পে পেট্রো-রাসায়নিক তন্তুজাত প্যাকেজিং পণ্য ব্যবহার করা যাবে।

এই সভা মনে করে যে - এর ফলে বিভিন্ন শিল্পজাত পণ্যের প্যাকেজিংয়ে ঐ রাসায়নিক তন্তুজাত পণ্য ব্যবহারের সম্ভাবনা বেড়ে যাবে, চটশিল্পের ওপর একটা বড় আঘাত নেমে আসবে, বেশ কিছু কারখানা বন্ধ ও হাজার হাজার শ্রমিক কর্মহীনতার সম্মুখীন হবেন এবং সিন্থেটিক ব্যাগের ঢালাও ব্যবহারের পরিবেশও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্যের চটশিল্পের স্বার্থে, চটকল শ্রমিক তথা পাটচাষীদের স্বার্থে সিন্থেটিক ব্যাগ ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা এবং অত্যাবশ্যক প্যাকেজিং আইন যাতে রক্ষিত হয় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার দাবি জানাচ্ছে।"

[3-20 — 3-30 p.m.]

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পূর্ণেন্দু সেনগুপ্ত মহাশয় এইমাত্র চটশিল্প সংক্রান্ত যে প্রস্তাবটি পেশ করেছেন, আমি তাকে সমর্থন করি। আপনি জানেন যে, বাংলা পাট উৎপাদনের ক্ষেত্রে একটি বৃহত্তম জায়গা। শুধু ভারতবর্ষে নয়, পৃথিবীর অন্যান্য প্রান্তে যে সমস্ত উৎপাদনকারি দেশগুলো আছে,

তাদের মধ্যে বাংলার পাট সর্বোৎকৃষ্ট। এর সঙ্গে যুক্ত কয়েক লক্ষ মানুষ। পাটশিল্প এবং পাটজাত দ্রব্যের ব্যবহারের প্রতি মানুষ আকৃষ্ট হয়েছিল। রাজীব গান্ধী প্রধানমন্ত্রী থাকাকালীন পাটজাত দ্রব্যের ব্যবহারের জন্য উদ্যোগ গ্রহণ করেছিলেন। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, সিমেন্ট কারখানার মালিকদের কাছে আত্মসমর্পন করে সেই আইন বর্তমান কেন্দ্রীয় সরকার পরিবর্তন করছেন। এই পবিত্র বিধানসভা থেকে এমন একটি ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে সর্বসম্মতিক্রমে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে বলতে চাই যে, এমনিতেই পশ্চিমবঙ্গের চাষী, পাট চাষী তারা পাটের দাম পায় না। এই হাউসে আমি মন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম যে, মহারাষ্ট্র কটন কর্পোরেশন এর মতো পশ্চিমবঙ্গে পাট চাষীদের স্বার্থে বেঙ্গল কটন কর্পোরেশন করা যায় কিনা, এতে মন্ত্রীর সদিচ্ছা আছে কিনা জানান নি। আজকে কলকারখানাগুলো কোন জায়গায় পৌঁছেছে। গৌরীপুর জুট মিল বন্ধ হয়ে গেছে, ২৬ জন শ্রমিক সেখানে মারা গেছে। ওটা আমার জেলা এবং অশোক দেবেরও জায়গা কানোডিয়ান কটন মিল বন্ধ হয়ে আছে। ওখানকার শ্রমিকরা অনাহারে দিন কাটাচ্ছেন। এইরকম অসংখ্য কটন মিল আগরপাড়া থেকে শুরু করে বাউড়িয়া কটন মিল, কানোরিয়া কটন মিল বন্ধ হয়ে আছে এবং এইভাবে একটার পর একটা কারখানা বন্ধ হয়ে গেছে। তারমধ্যে জুট ইন্ডাস্ট্রিজের শ্রমিকরা যুক্ত, তারা আজকে হাহাকারে পড়েছে। আমি তাই আজকে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি এই কারণে যে, সারা ভারতবর্ষে একটা সময় ছিল যখন গানি ব্যাগ, জুটের তৈরি ব্যবহার হত। আজকে গানিব্যাগের ব্যবহার কমে গিয়ে সিনথেটিক ব্যাগের ব্যবহার বেড়েছে। কিন্তু আজকে সারা বিশ্ব যখন ভাবছে পরিবেশ দূষণ নিয়ে যখন সিনথেটিক ব্যাগ এবং সিনথেটিক আদার গুডসের ব্যবহার পরিবেশ দূষণকারী হিসাবে চিহ্নিত হয়েছে। পাটের তৈরি ব্যাগ, পাটজাত সামগ্রীতে পরিবেশ দূষণের প্রশ্ন আসে না বলেই আজকে পৃথিবীতে প্যাকেজিংয়ের ক্ষেত্রে সিনথেটিক ব্যাগের পরিবর্তে শ্রমিকদের স্বার্থে জুটের ব্যাগ যেহেতু পরিবেশ দূষিত করে না, সেই কারণে এর ব্যবহারের পরিবেশ সৃষ্টি করা দরকার। আমরা পেট্রো কেমিক্যালসের বিরোধী নই, আমরা চাই পেট্রো কেমিক্যালস তৈরি হোক। কিন্তু আজকে যেখানে বাংলা তথা সারা ভারতবর্ষের কারখানা বিশেষ করে জুট ইন্ডাস্ট্রিজগুলোতে ভুগছে তখন তাদের দিকে লক্ষ্য রেখেই এই হাউসে বলতে চাই যে, পশ্চিমবঙ্গে সারা ভারতবর্ষে জুটের ক্ষেত্রে ব্যবহারের উপযোগিতা বাড়ানো দরকার। ইতিপূর্বে কেন্দ্রীয় সরকারের নেতৃত্বে থাকা সত্বেও এই প্যাকেজিংয়ের ক্ষেত্রে এক শ্রেণীর বিশেষ করে সিমেন্ট কারখানার

সিনথেটিক ব্যাগ ব্যবহার করা হয়েছে। আগে আমরা দেখতাম চাল, চিনি, এমন কি সিমেন্ট পর্যন্ত গানি ব্যাগে ব্যবহার করা হত। কিন্তু হঠাৎ করে আমরা দেখছি যে, সিনথেটিক ব্যাগের ব্যবহার। স্বভাবতই এক অশনি সংকেত নেমে এল জুট ইন্ডাস্ট্রিজের উপরে এবং জুট গ্রোয়ার্সদের উপরে। আমি তাই আমার বক্তব্য আর দীর্ঘায়িত না করে বলতে চাই যে, অত্যাবশ্যক প্যাকেজিং-এর ক্ষেত্রে যাতে আইন সুরক্ষিত হয়। অতএব যে সিদ্ধান্ত রাজীব গান্ধী করেছিলেন বাংলার পাট চাষী এবং পাট জাত দ্রব্যের সঙ্গে যুক্ত শ্রমিকদের স্বার্থে সেটা মেনে নিয়ে আজকে যে সর্বদলীয় প্রস্তাব এসেছে তাতে আমাদের দলের পক্ষ থেকে সমর্থন জানিয়ে এবং পাশাপাশি আগামী দিনে জুট ইন্ডাস্ট্রিজের ক্ষেত্রে একদিকে কেন্দ্রীয় সরকার এবং আরেকদিকে রাজ্য সরকারকেও দায়িত্ব গ্রহণ করতে হবে এই দাবি জানিয়ে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ। আমি নির্ধারিত বক্তা ছিলাম না, কিন্তু মন্ত্রীর মাধ্যমে আপনাকে অনুরোধ করেছিলাম বলবার জন্য এবং আপনি অনুমতি দিয়েছেন। বিষয়টা অত্যন্ত স্পর্শকাতর। শুধু তাই নয়, ৩০ লক্ষ মানুষের অর্থনীতি এর সাথে যুক্ত পাট শিল্প এবং পাটের সাথে যুক্ত শিল্পের সঙ্গে। স্যার, একটা সাধারণ আইন করা হয়েছিল, যে আইনের মাধ্যমে আমাদের পাটের সাথে যুক্ত অর্গানাইজড সংগঠিত শিল্প বাঁচতে পারবে, শিল্পের শ্রমিকরা বাঁচতে পারবে এবং আমাদের এখানের অর্থনীতি বাঁচতে পারবে পাট চাষীরা বাঁচতে পারবে। অনেকগুলি আইন করা হয়েছে, তার মধ্যে একটা গুরুত্বপূর্ণ আইন হল জাস্ট টু প্রটেক্ট দি বিজনেস অব দি জুট ইন্ডাস্ট্রি। এর ডোমেস্টিক মার্কেটটাকে প্রটেক্ট করা, এটা হল একটা কথা। এর জন্য করা হয়েছিল এফ.সি.আই., ফার্টিলাইজার, সুগার কোম্পানি, সিমেন্ট। ওরা ম্যান্ডেটারি আমাদের গানি ব্যাগ কিনবে। যখন বিদেশে সমস্ত সিন্থেটিক ব্যাগ ইউজ করা বন্ধ করে দিল, তারা বলছে, ব্যবহার করলে হাতে ক্যানসার হবে। তখন সেইগুলি সস্তায় আমাদের এখানে পাঠাবার ব্যবস্থা হল এবং আমাদের লোকেরা ব্যবসায়ীরা সেইগুলি কিনে ব্যবসা শুরু করে দিল। আর আমাদের এই শিল্প তৈরি করা, এই যে গানি ব্যাগ চটের থলে এইগুলি আমরা ব্যবহার করা বন্ধ করে দিলাম। তার মধ্যে ২টি শিল্পে বিশেষ করে করা হল। মাননীয় মন্ত্রিমহাশয় উনি সেটা নিশ্চয় জানেন, ওনার নেতৃত্বে উনি ছিলেন - ৩ জন প্রাইম মিনিস্টারের কাছে আমরা গিয়েছিলাম এবং

বর্তমানে যিনি প্রাইম মিনিস্টার তার কাছে আমরা এম.এল.এ.রা এম.পি. সবাই মিলে গিয়েছিলাম। সেখানে বলেছিলাম দেশ যে আইন করেছে, নূতন আইন করতে হবে না, সিমেন্ট এবং সুগার কোম্পানিগুলিকে বাধ্যতামূলকভাবে যদি চটের থলে ব্যবহার করতে বাধ্য করান - সুপ্রিম কোর্টের রায় আছে, সেন্ট্রাল গভর্নমেন্টের আইন আছে, মন্ত্রী আছে, প্রধানমন্ত্রী আছেন - তাহলে ভাল হয়, কিন্তু অদ্ভুত ব্যাপার সেটা মানাবার কোনও ব্যবস্থা নেই। এটা এতবড় ক্রিমিনাল অফেন্স বোধহয় দাউদ ইব্রাহিমও করেনি। যা এরা আজকে করছেন। যার জন্য আজকে বহু জায়গায় এই লিঙ্ক পিরিয়ডে মাননীয় মন্ত্রী নিশ্চয় জানেন বহু চট ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে। গত কয়েক বছরে খুব ভাল ব্যবসা চলেছিল, তা সত্বেও ফাটকা ব্যবসায়ীরা না প্রভিডেন্ট ফান্ডের টাকা দিয়েছে, ই.এস.আই.এর টাকা দিয়েছে, না বহু জায়গায় মিনিমাম ওয়েজ দিয়েছে? বহু জায়গায় হাইকোর্টের দ্বারস্থ হয়ে তারা প্রটেকশন নিয়ে দিব্যি রমরমা এই ফাটকা ব্যবসা চালিয়ে যাচ্ছে। সুতরাং আমি অনুরোধ করছি, মাননীয় মন্ত্রী চেষ্টা করছেন ঠিক কথা, কিন্তু এই ২টি বিষয়ে বিশেষ করে যাতে সুগার এবং সিমেন্ট শিল্প আমাদের গানি ব্যাগ কিনতে অন্তর্ভুক্ত হয় অন্ততপক্ষে আংশিক বাধ্য হয় তার জন্য আইন যা আছে তা অবিলম্বে কার্যকর করা উচিত। আমি এই পরিপ্রেক্ষিতে বলতে চাই, এর পিছনে কি রহস্য আছে, কোথায় কোরাপশন? প্রধানমন্ত্রী বললেও আজকে দেশের আইনকে বলবৎ করা হবে না? তার মানে আজকে সুগার লবি এত স্ট্রং, সিমেন্ট লবি এত স্ট্রং, সব মহা সর্বনাশ হয়ে যাবে। সিমেন্ট এবং সুগার এর। একটা ব্যাগ যদি তুলতে যান আমাদের এখানে তো হুক সিস্টেম, গানি ব্যাগের ক্ষেত্রে চটের থলেতে যদি হুক দিয়ে তোলেন তাহলে আবার সেই ফুটোটা বন্ধ হয়ে যায়। কিন্তু যদি আজকে সিন্থেটিক ব্যাগ হুক দিয়ে তোলেন তাহলে আর সেটা বন্ধ হয়না। সেটা থেকেই যায়। নষ্ট হয়ে যায়। এছাড়াও গানি ব্যাগের আলাদা ব্যবহার হয়। গরিব লোকেরা ব্যবহার করে। বাড়িতে থাকার জন্য বিছানার মতো ব্যবস্থা হয় ইত্যাদি। আজকে সেটাও করা যাবে না যদি সিন্থেটিক আনেন। আমাদের এখানে ওয়ার হাউসের অভাব, আজকে যদি একটা সিন্থেটিক ব্যাগ পর পর ৫টা রাখেন, দেখবেন গড়িয়ে পড়ে যাবে। কিন্তু যদি গানি ব্যাগ পর পর ১০০টা রাখেন তাহলে গানি ব্যাগ থেকেই যাবে। স্বভাবতই যদি সোসাল অ্যান্ড আদার ব্যাপারটা দেখেন তাহলে গানি ব্যাগের প্রয়োজনীয়তা শিল্পের দিক থেকে অর্থনীতির দিক থেকে এবং ম্যান পাওয়ারের প্রটেকশন এর দিক থেকে অপরিহার্য বলে আমি মনেকরি এবং যে আইন রয়েছে সেই আইন কার্যকর করার জন্য

সর্বদলীয়ভাবে আমরা যে দাবি করে আসছি এবং আবারও এখানে করা হচ্ছে এতে আমরা খুশি। এটা আরও তীব্রভাবে করা উচিত। এটা আমরা চাইছি।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা নিয়ে অনেক কথা হয়েছে। আমি আর বেশি আলোচনা করতে চাইনা। শুধু এটুকু বলতে চাই প্রস্তাবটি এনেছেন পূর্ণেন্দুবাবু এবং সুব্রতবাবুও বললেন, মন্ত্রিমহাশয়ও বলবেন। আমি শুধু এটুকু বলব, কেন্দ্রে যতগুলি সরকার এসেছে, আমরা সব সময় ইন্দিরা গান্ধী থেকে রাজীব গান্ধী পর্যন্ত পরবর্তীকালে নরসিমা রাও এর কাছেও আমরা গিয়েছি। যুক্তভাবে, ট্রেড ইউনিয়ন গত ভাবে, এম.পি., এম.এল.এ.দের নিয়েও সেখানে গিয়েছি। জুট ইন্ডাস্ট্রি বলতে আমাদের শুধু কারখানা নয়, এই জুটের সঙ্গে ৪০ লক্ষ জুট গ্রোয়ার্স রয়েছে। জুট কারখানায় ৩ লক্ষ শ্রমিকও কাজ করে। কিন্তু জুট তৈরি করে প্রায় ৩ লক্ষ কৃষক। এটার সঙ্গে আমাদের দেশের একটা বিরাট সংখ্যক লোক জড়িয়ে আছে। এখানে পশ্চিমবঙ্গের যে অর্থনীতি, যুক্ত এই অর্থনীতিকে আমরা বাঁচাতে চাই। এটাকে বাঁচাতে গেলে জুটটাকে বাঁচাতে হবে। জুট শিল্পটাকে বাঁচাতে হবে। এবং বাঁচাবার পর কন্ডিশন হচ্ছে কেন্দ্রীয় সরকার ধিরে ধিরে তারা সিমেন্টকে অ্যালাও করে দিচ্ছে, বলছে তারা কেমিক্যাল ব্যাগ ব্যবহার করতে পারবে, সিন্থেটিক ব্যাগ ব্যবহার করতে পারবে। তারা বলছে সিমেন্ট কোম্পানিগুলো কেমিক্যাল ব্যাগ ব্যবহার করতে পারবে, সিন্থেটিক ব্যাগ ব্যবহার করতে পারবে। ফার্টিলাইজার কোম্পানিগুলো এখন টেন পারসেন্ট ব্যবহার করে, পরে এটা পুরোপুরিই দিয়ে দেবে। সিমেন্ট, ফার্টিলাইজার এই সমস্ত কোম্পানিগুলো জুট ব্যাগ ব্যবহার না করার ফলে, সিন্থেটিক ব্যাগ ব্যবহার করার ফলে আজকে শ্রমিকদের ক্ষতি হবে। তাই আজকে যে, সর্বদলীয় প্রস্তাব এসেছে সেটা মাননীয় মন্ত্রিমহাশয় মেনে নেবেন যাতে আমরা আমাদের বক্তব্য কেন্দ্রীয় সরকারের কাছে রাখতে পারি। ধন্যবাদ।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এসেছে সেটা খুবই গুরুত্বপূর্ণ। সুব্রতবাবু ঠিকই বলেছেন প্রতিবারই এই ব্যাপারটা নিয়ে আমাদের আলোচনা করতে হয়। রাজীব গান্ধী যে আইনটা করেছিলেন সেই আইনটা করার জন্য অনেক আন্দোলন শ্রমিক এবং চাষীদের করতে হয়েছিল। একটা সময় ধারণা হয়েছিল যে জুট আর চলবে না। তারপরে কেন্দ্রীয় সরকারের ধারণা হলো, জুট হলো গোল্ডেন ফাইবার। একটা অ্যাক্ট করা হল - কমপালসারি ইউস অব জুট

ব্যাগ। সব জিনিস নয় খাদ্যদ্রব্য, চিনি, ফার্টিলাইজার, ইউরিয়া এবং সিমেন্ট এইগুলিতে। এর বিরুদ্ধে সিন্থেটিক মহল সুপ্রিমকোর্টে গিয়ে মামলা করল, পাঁচ বছর পরে তার রায় বেরোল। সুপ্রিম কোর্ট বলল, এটা ভ্যালিড অ্যাক্ট, কিন্তু কোনটা কি হবে সেটা গভর্নমেন্ট অব ইন্ডিয়া ঠিক করে দেবে। ফুড গ্রেইনস ১০০ পারসেন্ট, সুগার ১০০ পারসেন্ট, ফার্টিলাইজার, ইউরিয়া ৫০ পারসেন্ট, সিমেন্ট ৫০ পারসেন্ট। এই নিয়ে অনেক হৈ চৈ শুরু হয়ে গেল। কেন্দ্রীয় সরকারের অনেক সিমেন্ট কারখানা আছে, চটকল মালিকদেরও অনেক সিমেন্ট কারখানা আছে, তারা এটা কোনওদিনই মেনে নেয়নি। তারা বলছে জুট ব্যাগে সিমেন্ট পুরলে অনেক গুড়ো উড়ে যায়, ল্যামিনেটের ব্যাগে যদি হয় তাহলে সেটা বন্ধ করা যায়। তারপরে আগের সরকার সিমেন্টকে নিয়ে নতুনভাবে চিন্তা-ভাবনা করলেন এবং সিমেন্টকে এক্সক্লুড করে একটা সিডিউল করলেন। তার উত্তরে আমাদের সি.এম. প্রধানমন্ত্রীকে চিঠি লিখলেন। তিনি বললেন এটা ভুল হয়ে গেছে। ইতিমধ্যে সিন্থেটিক গ্রুপ তারা খুব পাওয়ারফুল, দিল্লিতে ওদের লবিও খুব পাওয়ারফুল। তারপরে দিল্লিতে নতুন সরকার এল, আমাদের সি.এম. চিঠি লিখেছেন, আমি নিজেও চিঠি লিখেছি। সুব্রতবাবু যেটা বললেন, বর্তমান প্রধানমন্ত্রীর কাছে আমরা অল পার্টি ডেলিগেশন নিয়ে দিল্লিতে গেলাম, তিনি অনেকক্ষন ধরে আমাদের কথা শুনলেন। তিনি বললেন এটা ভুল হয়ে গেছে, আমি সবটা শুনলাম, এটা আমি বিচার-বিবেচনা করব। পরে আমি যেটা শুনেছি এই ব্যাপারে আমি কোনও অফিসিয়াল ডকুমেন্টস পাইনি - ওরা বলছেন ফুডগ্রেনস ১০০ পারসেন্ট, জুট ব্যাগস অ্যাভেলেবেল হলে, কারণ জুট ব্যাগস তো পাওয়া যায়না। সুগার সেখানে ২০ পারসেন্ট কমিয়ে দিয়েছে, যদি জুট ব্যাগ না পাওয়া যায় তাহলে বাজার থেকে সিন্থেটিক ব্যাগ দিয়ে প্যাকেজিং হবে; ইউরিয়া, ফার্টিলাইজার ৫০ পারসেন্ট ছিল, সেটা ২০ পারসেন্ট করে দিল, আর সিমেন্ট সেটা নাকি একেবারে বাদ। আগে এটা আলোচনা করা হয়নি, গুজরাল বলেছিলেন এটা ভুল হয়ে গেছে, এখন এটা পুরোপুরি বাদ দিয়ে দেওয়া হয়েছে। এটা আমাদের রিপোর্ট। এর ফলে পাটচাষী মার খাবে, পাটশিল্পের শ্রমিকরা মার খাবে, পাটশিল্প মার খাবে। আমাদের সি.এম. লিখেছেন, আমিও লিখেছি, সমস্ত ট্রেড-ইউনিয়ন লিখেছে, জুট গ্রোয়িং স্টেট যেগুলো আছে, তাদেরও লিখেছি, র'জুট মার খাবে, জুট ইন্ডাস্ট্রি মার খাবে। ত্রিপুরার মুখ্যমন্ত্রী এবং বিহারের মুখ্যমন্ত্রী রাবড়ি দেবী জবাব দিয়েছেন, অন্ধ্র বা ইউ.পি. থেকে জবাব পাইনি। এম.পি.দের মধ্যে গনি খানের কাছ থেকে জবাব পেয়েছিলাম। কংগ্রেসের আমলে আমাদের বিপ্লববাবু, ইত্যাদি গিয়েছিলেন। এই হচ্ছে অবস্থা।

ই.সি.এল. সম্বন্ধে শুনলাম। ই.সি.এল.এর চেয়ারম্যান একদিন এসে বলল, আমরা ৫টা খনি বন্ধ করে দেব। বললাম, তাহলে তো গোলমালের ব্যাপার, আমাদের তো ইন্টারভেন করতে.হয়। তখন বলল, আপনাদের কিছু করার নেই, যা করার তা করা হয়ে গেছে। আমরা তাও ইন্টারভেন করেছিলাম। ওদের একটা স্ট্রাইক হয়েছিল। ইন্টারভেন করার পর রাজি হল বাই ফেজ চালাবেন। তারপর বলল, প্রোডাকটিভিটি কোল মাইনসে কমে যাচ্ছে ১০ পারসেন্ট। ইউনিয়ন-এর সবাই বলল, ঠিক আছে, এতেই চালানো যাবে। তারপর দেখা গেল, ওরা আসলে চাইছে প্রাইভেটাইজেশন।

আমাদের পশ্চিমবাংলার বেশিরভাগ সুতাকল বন্ধ। কটন মিলস-একমাত্র কেশোরাম চলছে। কম্পোজিট মিলগুলির মধ্যে এন.টি.সি. ধিকধিক করে চলছে। চার-পাঁচটা মিল চলছে। এই অবস্থার মধ্যে একটা প্রস্তাব আমরা নিয়েছি। পাবলিক সেক্টর ইঞ্জিনিয়রিং এবং প্রাইভেট সেক্টরে সিরিয়াস অবস্থা। টেক্সম্যাকো'র টেক্সটাইলস ডিভিসন বন্ধ হয়ে গেছে। পাবলিক সেক্টর ইন্ডাস্ট্রিও খুব খারাপ অবস্থায় আছে। সুব্রতবাবু বলেছেন ওয়ার্ক কালচারের কথা, সেটা আমার কানে লেগেছে। পাবলিক সেক্টর এবং প্রাইভেট সেক্টরে এমন অনেক জায়গা আছে, যেখানে ওয়ার্কাররা ২। ৩ মাস মাইনে না পাওয়া সত্বেও কাজের ব্যাপারে ফাঁকি দেয় না, যখন যা কাজ দেয়, তা তুলে দেয়। এমনকি ওভারটাইম পর্যন্ত চায় না। দায়টা সেখানে নয়, দায়টা ম্যানেজমেন্টের অপদার্থতার।

অন্য ইন্ডাস্ট্রির মধ্যে দুটো ইন্ডাস্ট্রি চলছে। তার মধ্যে একটি হচ্ছে চা। চা-এর ক্ষেত্রে বাইরের দেশের সঙ্গে চুক্তি করেছে, সেখানকার টি প্ল্যানটেশনের ওয়েস্টস চা এনে এখানকার চায়ের সঙ্গে মিলিয়ে বাজারে ছাড়বে। এর ফলে দার্জিলিং চা এবং অন্যান্য চায়ের বাজার কমে যাবে এবং, সেই চা এখানে এনে ছেড়ে বলবেন কম দামে দিচ্ছি। এতে টি ইন্ডাস্ট্রি অ্যাফেকটেড হবে।

দ্বিতীয় হচ্ছে জুট। জুট ইন্ডাস্ট্রিকে বাঁচানো দরকার। কিন্তু মালিকদের মধ্যে অনেক-এর ম্যালপ্রাকটিস আছে। যেমন সম্প্রতি দিল্লি থেকে একটা চিঠি দিয়েছে, ইউনিয়ন দাবি করছে ডিয়ারনেস অ্যালাউন্স বাড়াতে হবে, নাহলে উৎপাদনের ক্ষতি হবে। সিন্থেটিক প্যাকেজিং-এর ক্ষতি হবে। জ্যোতিবাবু চিঠি দিয়েছেন, আমরাও দিয়েছি। ইনডিভিজুয়াল মিল মালিক আমি তাদের কাছ থেকে নোটিস পাচ্ছি। তারা বলছে যে, 'আমরা দেব না। ইতিমধ্যে সুতোকল, তারা নভেম্বর মাস থেকে ভি ডি এ ইত্যাদি বন্ধ করে দিয়েছে। এখানে আর একটা ডিসটারবেন্স হবে। এই

ডিসটারবেন্সের ফলে ওয়ার্কাররা নিশ্চয় সেটা মেনে নেবে না। বে আইনি জিনিস কখনও মানা যায় না। এরপরে এগ্রিমেন্ট হলে কি হবে সেটা দেখা যাবে। তাদের একটা গোলমাল হবে। সে দিক থেকে আমি ওদের কাছে অনুরোধ করেছি। আবার অনুরোধ করছি যে, আপনারা এইসব পদক্ষেপ নেবেন না। জুট এর ব্যাপারে যারা আছেন তাদের, সুতোকলের যারা আছেন, তাদের যে, ডিয়ারনেস ইত্যাদি এসব কাটা যায় না। যাইহোক আমি সময় নেব না। এই যে প্রস্তাব, এই প্রস্তাবে আমার ধারনা এই যে বিষয়গুলি, তাতে একটা স্পেশাল কোথাও না কোথাও একটা পরিকল্পনা আছে। পশ্চিমবঙ্গে চা শিল্প আছে। সেগুলোকে আরও ডিস্ট্যাবিলাইজ কর। এই একটা পরিকল্পনা। সেই পরিকল্পনা খুবই কৌশলে কাজে লাগানোর চেষ্টা হচ্ছে। এর সঙ্গে আমাদের যারা জুট গ্রোয়ার্স, আসামের জুট গ্রোয়ার্স, আমাদের জুট গ্রোয়ার্স এবং আরও আশেপাশে দু একটা রাজ্যে পাটের চাষ হয়। তারা সিরিয়াসলি অ্যাফেকটেড হয়ে গেছে। গ্রামে অর্থনৈতিক বিপর্যয় হবে। সেইজন্য আজকে যে প্রস্তাব এসেছে এই প্রস্তাবকে আমি সমর্থন করে ধন্যবাদ জানাই এবং আমার মনে হয় যে, বিধানসভার মধ্যে যে প্রস্তাব, সেই প্রস্তাবের সীমারেখার মধ্যে না থেকে ট্রেড ইউনিয়ন, এটাকে নিয়ে সরব হয়েছেন। কিন্তু এটা পশ্চিমবঙ্গের একটা সাধারণ গণতান্ত্রিক সমস্যা। আজকে জুটের ব্যাপারে চায়ের ব্যাপারে সেইভাবে আমরা চেষ্টা করতে চাই যাতে আমরা এর বিরুদ্ধে একটা গণতান্ত্রিক প্রতিবাদ গড়ে তুলতে পারি। আর জুট মিলের মালিক তারা লগ্নি, ভাউচার ইত্যাদি নানা রকম কাজ তারা করছেন এবং এই যে ভিডিএ ইত্যাদি বন্ধ করে দিচ্ছেন। আমি অনুরোধ করছি, তারা মুখে যা বলছেন, সত্যিকারের মনের কথা যদি তাদের হয়, তাহলে তারা এসব জিনিস বন্ধ করুন। এটাই হচ্ছে আমার তাদের কাছে কথা। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবের উপর যারা আলোচনা করেছেন, তাদের আমি ধন্যবাদ জানাই। বিশেষ করে ধন্যবাদ জানাই আমাদের শ্রমমন্ত্রী মহাশয়কে। তিনি না খেয়ে দীর্ঘ সময় অপেক্ষা করে এই প্রস্তাবের উপর আলোচনা করেন। আমি ধন্যবাদ জানাই সুব্রত মুখার্জি মহাশয়কে তিনিও এই আলোচনায় অংশগ্রহণ করেছেন। চটকল শ্রমিকদের উপর হামলা আসছে। মালিকরা

বলছে যে, তারা ৯৯ সাল থেকে আর মহার্ঘভাতা দেবে না। ভাউচার যে তারা পেমেন্ট করছেন এসব তো রয়েছে। সুতরাং আমি আর সময় না নিয়ে সকলের সহযোগিতায় যাতে এই প্রস্তাবটি সর্বসম্মতভাবে গ্রহণ করতে পারা যায়, সেই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Purnendu Sengupta that—

এই সভা অবগত আছে যে রাজ্যের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ পাটশিল্পের উপর রাজ্য তথা পূর্ব-ভারতের অর্থনীতি দারুণভাবে নির্ভরশীল এবং জাতীয় অর্থনীতির ক্ষেত্রেও এই শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

এই সভা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে—

এই শিল্পের রক্ষাকবচ হিসেবে প্যাকেজিং শিল্পে অত্যাবশ্যকভাবে পারিজাত পণ্যের বিধি ১৯৮৭ সালে কেন্দ্রীয় সরকার প্রণয়ন করেছিলেন কিন্তু তা সত্বেও সিমেন্ট শিল্প সেই বিধি বরাবরই অমান্য করেছে, এবং

সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রিসভা সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে সিমেন্ট ও সারশিল্পে পেট্রো-রাসায়নিক তন্তুজাত প্যাকেজিং পণ্য ব্যবহার করা যাবে।

এই সভা মনে করে যে—এর ফলে বিভিন্ন শিল্পজাত পণ্যের প্যাকেজিং ঐ রাসায়নিক তন্তুজাত পণ্য ব্যবহারের সম্ভাবনা বেড়ে যাবে, চটশিল্পের ওপর একটা বড় আঘাত নেমে আসবে, বেশ কিছু কারখানা বন্ধ ও হাজার হাজার শ্রমিক কর্মহীনতার সম্মুখীন হবেন এবং সিন্থেটিক ব্যাগের ঢালাও ব্যবহারে পরিবেশও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে।

অতএব, এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্যের চটশিল্পের স্বার্থে, চটকল শ্রমিক তথা পাটচাষীদের স্বার্থে সিন্থেটিক ব্যাগ ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা এবং অত্যাবশ্যক প্যাকেজিং আইন যাতে রক্ষিত হয় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার দাবি জানাচ্ছে।

The motion was then put and carried nem.con.

## Motion for an All party Delegation.

**Mr. Speaker :** Honourable Members, I would like to announce that an All Party Delegation of the West Bengal Legislative Assembly consisting of the following members :

1. Shri Prabodh Chandra Sinha, MIC, Parliamentary Affairs Department, Government of West Bengal.
2. Dr. Asim Kumar Dasgupta, MIC, Finance Department.
3. Shri Kanti Biswas, MIC, Secondary and Primary Education Department.
4. Shri Atish Chandra Sinha, Leader of the Opposition.
5. Shri Rabindra Nath Mondal, Chief Govt. Whip.
6. Shri Abdul Mannan, MLA.
7. Shri Rabin Deb, MLA.
8. Shri Gyan Singh Sohan Pal, MLA.
9. Shri Deba Prasad Sarkar, MLA.
10. Shri Unus Sarkar, MLA.
11. Shri Kripa Sindhu Saha, MLA.
12. Shri Subhash Goswami, MLA.
13. Shri Purnendu Sen Gupta, MLA.
14. Shri Debabrata Bandyopadhyay, MLA,
15. Shri Shyamadas Banerjee, MLA,
16. Shri Narbahadur Chhetri, MLA, and
17. Shri Natabar Bagdi, MLA,

- to submit a memorandum to the concerned Union Ministers on the issues as follows :

(1) Decision of the Union Government to close down 64 Coal Mines under Eastern Coalfields Limited.

(2) To maintain Communal Harmony in the country.

(3) To set up a National Policy for revival of closed and sick industries.

(4) To pass registration for compulsory use of Jute instead of Synthetic Fibres.

(5) To set up a commission to enquire into the mysterious disappearance of Netaji Subhas Chandra Bose and

(6) for Relief works in the flood affected areas of the State.

The Minister-in-charge of Parliamentary Affairs Department shall lead the delegation while respective Minister shall lead the delegation to the concerned Minister on the issues of the concerning respective department.

The delegation will report back to the House at its next session.

The motion was then put and agreed to.

The Committee of All Party Delegation is just set up.

## BRIEF RESUME OF BUSINESS

To-day the 24th December, 1998 is the last day of the 6th Session of the Twelfth Assembly. Before I adjourn the House sine-die I would like to make an announcement regarding Questions. Starred Questions to which replies have been recieved in the Secretariat but not answered in the House would be treated as Unstarred ones and replies there to would be circulated to the Members.

Now, I shall narrate in brief about the business transacted during the Sixth Session of the Twelfth Assembly.

(Position as on the 24th December, 1998)

**QUESTIONS :**

1. Total number of Notices of Question Received ... 795

   (a) Starred Notice ... 524

   (b) Un-Starred ... 271

   (c) Short Notice ... Nil

2. Total Number of Questions admitted ... ... 400

   (a) Starred ... 258

   (b) Un-Starred ... 142

   (c) Short Notice ... Nil

3. Total Number of Questions replied ... ... 134

   (a) Starred ... 109

   (b) Un-Starred ... 25

   (c) Short Notice ... Nil

4. Total Number replies of the Questions in hand ... ... ... 39

   Number of Questions pending with the Deptt. ... 207

5. Total Number of Questions disallowed... ... 15

**GOVERNMENT BILLS :**

No. of Bills introduced ... ... 10

No. of Bills Passed ... ... 11

**ADJOURNMENT MOTION :**

| | | |
|---|---|---|
| Notices received | ... | 11 |
| Notice disallowed | ... | 1 |
| Consent with-held | ... | 9 |
| Consent given | ... | 1 |
| Discussed & lost | ... | 1 |

**CALLING ATTENTION NOTICE :**

| | | |
|---|---|---|
| Notices received | ... | 35 |
| Notices admitted | ... | 7 |
| Statements made | ... | 6 |
| Statements to be sent direct to the members concerned | ... | 1 |

**MOTION UNDER RULE 185 :**

| | | |
|---|---|---|
| Notices received | ... | 13 |
| Admitted | ... | 12 |
| Disallowed | ... | 1 |
| Discussed and adopted | ... | 6 |
| Discussed and lost | ... | 1 |
| Admitted but not discussed | ... | 5 |

**MOTION UNDER RULE 319 :**

| | | |
|---|---|---|
| Notices received | ... | 1 |

| | | |
|---|---|---|
| Notice admitted | ... | 1 |
| Admitted and discussed | ... | 1 |

**MOTION UNDER RULE 199 :**

| | | |
|---|---|---|
| Notice received | ... | 1 |
| Notice admitted | ... | 1 |
| Admitted & discussed | ... | 1 |
| Discussed and lost | ... | 1 |

**LAYING OF RULES**

| | | |
|---|---|---|
| Notices received | ... | 12 |
| Rules laid | ... | 7 |

**LAYING OF ANNUAL REPORTS AND ACCOUNTS OF GOVERNMENTS COMPANIES AND UNDERTAKINGS ETC.**

| | | |
|---|---|---|
| Reports laid | ... | 17 |
| **MENTION CASES** | ... | 119 |
| **ZERO HOUR** | ... | 134 |
| **NUMBER OF SITTING** | ... | 11 |

**TOTAL HOUR OF SITTING** 37 hrs 17 minutes

## FELICITATION

**Mr. Speaker :** In my closing address, I will expect response only from the Minister of Parliamentary Affairs and from the Opposition. As there is no time, I will not ask a group of address. First, I would like to thank all the Members, the Chief Minister and his Cabinet colleagues, Government Chief Whip, Leader of

the Opposition, Opposition Whip, Whips of the different political parties, Deputy Speaker, Panel of Chairmen - specially, Shri Kripa Sindhu Saha, for this session as he has made lot of contribution - for their cooperation received in running the affairs of the House. This has been a very short session but a very important session. We had transacted a large amount of business a very short span of time. I am not keeping very well in this session, unfortunately. But panel of Chairmen, specially, Shri Kripa Sindhu Saha has been very cooperative and the House has been carried on as usual. In parliamentary system we do not agree on many things. But we have to agree to disagree. At one point there has to be an agreement that we can agree to disagree and to agree to disagree also there have to be a debate - there has to be a debate and if there is no debate there is no agreement on anything. And the House belongs to the opposition that is why I am looking to this side. Mr. Subrata Mukherjee is very agitated that I am not looking at that side. Because that side is the government side and the House belongs to you.

[3-50 — 4-00 p.m.]

It is your duty to see that the House functions. If you do not allow the House to function then the House cannot function. The House functions because of the Opposition and the House works for the opposition. It is here where you will ask questions. It is here where you will get statements of ministers. It is here where you will raise questions through which the public will know. The media has a role to play. In this State this House has never gagged media. We were the first to open this House to television in the country. It is our glorious record. We want to open debates. We want people to know the opportunities the opposition gets in this

House. I can assure you that this opportunities are not given to anybody else in any other House. I can assure you, not even in the national Parliament. The amount of opportunities which we give, we are so liberal because I feel that through debate, through discussion on the floor of the House quality will emerge. We have to be lax, we have to be liberal. We have to be liberal even to the Press. But that does not mean that the Press will go beyond limits. Press also has to contain itself within its own limits. They have to identify their own limits. They cannot digress. As we are responsible for the people's rights they are also responsible for people's rights. They cannot cater wrong information, they cannot cater intently wrong information, misinformation, disinformation. That misguides the people. If mistakes are made it is quite likely. People can make mistakes, you can make mistakes, I can make mistakes. There is a very simple sweet English word which reads 'sorry'. It means aggrieved. I have heard a story from Mr. Amin, our minister. A village folk came to the city and after sometime he went back to the village and the village people asked him what did you see in the city ?' 'I saw a very great remarkable thing'. What ? 'You can do anything in the city. You slap a man and say' sorry'. Everything goes alright.' You have to learn to say sorry and that message has to go to everybody. Then only the dignity of the society can be maintained, rights of the people can be protected. Wrongs have to be recognised and those who make it have to shoulder the responsibility of making an apology for making it. Otherwise the society will know no limits. Nobody's rights will be guaranteed. I hope the message gets home.

I am thankful to all the members, even to those members who have created disturbance. I am thankful to them also because they gave me the opportunity to remind them what Parliament is

about. I am also thankful to those members who live by the side of Khatals because their voice resounds some very famous class of living beings which they try to copy sometimes which they should not. It is not good. They should try to copy human beings. I am sure they will do it in future. Parliament will be better. It is a good Parliament. People respect it. Let us create more respect for it. All of us combine. Let us join hands. Yes, there will be time when there will be very tumultous scenes. People may be agitated, rights of people may be trespassed, even they may get worried, alarmed. There will be reason for it. I don't say there will not be reason for it but then we must again withdraw and we have to control ourselves. We have the responsibility to tolerate opposition. You have a responsibility. People have put the opposition there to act as a check on you. If the opposition is not there then the ruling party becomes unchecked. It becomes one-party government. It cannot happen. The opposition is meant to act as a check and barrier on you. For your actions are controlled through what they say. You have to hear what they say. They have to be careful to it. Sometimes what they say is very legitimate. It is true.

It is correct. All times it may not be correct, but sometimes, it may be correct. Take note of it. It is good for society - it is good for healthy soceity. In this way Parliament interacts between the Opposition and the Government, and society is protected - the society becomes a better society. I am sure in future both sides of the House will so-operate better, and you will see better state of affairs and our Parliament functions better. With these words I thank you all once again.

I would only like to remind members - inform the members here - that I might go to Vietnam on 4th of January, with an

Indian Delegation over there, for about two weeks and would come back. In that country also, I will be representing you who will not be going with any Parliamentary Delegation, but yet I will be recognised as the Speaker of West Bengal and I will be representing you in that capacity.

I take this opportunity to congratulate Pranab Mukherjee as being nominated the best Parliamentarian in India. We are proud as the delegates of the world are there. There are many members from Bengal who were eminent Parliamentarians, e.g., Indrajit Gupta, Somnath Lahiri, now Pranab Mukherjee. It's another feather in our cap - our State is proud. But let us make the State more proud by our behaviour here. That has to be rectified. Let us make ourselves proud by our behaviour here, not only of what's going on outside. Let us also do something. With these words I thank you all.

Now Ambica Banerjee, two minutes please.

**শ্রী অম্বিকা ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসের শেষ দিন। আমাদের ভেতরে হাউসের মধ্যে যতই বিরোধিতা থাকুক না কেন আমরা যখন বাইরে যাই তখন পশ্চিমবাংলার স্বার্থে কাজ করি, পশ্চিমবাংলার স্বার্থের কথা চিন্তা করেই কাজ করি এবং বিরোধীর ভূমিকায় বসেও যা বলি তা পশ্চিমবাংলার স্বার্থেই বলি। কখনও কখনও বা বেশির ভাগ সময়ে আমাদের হয়তো মত বিরোধ থাকে কিন্তু সত্যিকার তার কোনও কারণ আছে বলে আমি অন্তত মনে করি না। আমাদের যারা নেতৃত্ব দিচ্ছেন তাঁরা আমার সঙ্গে একমত হবেন যে, আপনার মতো একজন স্পিকার আমরা পেয়েছি। আপনি শুধু পশ্চিমবাংলার হাউসেই সম্মানিত ব্যক্তিত্ব নন, সারা ভারতবর্ষেও একজন সম্মানিত স্পিকার বলে পরিচিত। আমরা যখন বাইরে যাই, অন্যান্য রাজ্যের স্পিকারদের সঙ্গে কথা-বার্তা বলি তখন আমরা নিজেদের কানে শুনেছি - বিভিন্ন সময়ে আপনিও তাঁদের সঙ্গে ভারতবর্ষের বাইরে, পশ্চিমবাংলার বাইরে 'ডেলিগেট হিসাবে গেছেন - তাঁরা আপনার সুখ্যাতি করেছেন, আপনার প্রশংসায় পঞ্চমুখ হয়েছেন। সারা ভারতবর্ষের মধ্যে আপনি স্পিকার হিসাবে

এক পরিচিত ব্যক্তি। আজ এই সেশনের শেষ দিন। আসুন এই শেষ দিনে যদি কোনও ভুলভ্রান্তি গত দিনগুলোতে হয়ে থাকে তা ভুলে যাই এবং আজকে এই সঙ্কটময় মুহূর্তে একে অপরের কাধে কাঁধ মিলিয়ে এগিয়ে চলি। আপনি বাইরে ট্যুরে যাচ্ছেন বলেছেন। আপনার ট্যুর যাতে সার্থক হয়, সেফ হয়, সেই কামনা করি। আপনাকে আরও একবার ধন্যবাদ জানাচ্ছি।

সাথে সাথে আমি হাউসের শেষ দিনে বিশেষভাবে ধন্যবাদ জানাই স্টাফেদের। তাঁরা সর্বদা নিরলসভাবে আমাদের সাহায্য করে এসেছেন। আমি ধন্যবাদ জানাই, মাস, মিডিয়া, প্রেস-র লোকেদের। আমাদের বক্তব্য তাঁরা জনগণের কাছে পৌঁছে দেওয়ার কাজে সদাসর্বদা ব্যস্ত থেকেছেন। তাঁদের সহযোগিতা ছাড়া আমাদের বক্তব্য জনগণের কাছে পৌঁছনোর সুযোগ নেই। আমি আর একবার এই হাউস পরিচালনায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-05 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার স্বল্পকালীন অধিবেশনের আজ শেষ দিন। অধিবেশন স্বল্প সময়ের মধ্যে হলেও কিছু গুরুত্বপূর্ণ কাজ, কিছু দিন, জাতীয় এবং আন্তর্জাতিক প্রশ্নে আমরা আলোচনা করেছি এবং কিছু সিদ্ধান্ত আমরা গ্রহণ করেছি। সেদিক থেকে এই স্বল্পকালীন অধিবেশন নিশ্চয়ই আমাদের সকলের কাছে স্মরণীয় হয়ে থাকবে। এই অধিবেশন পরিচালনা করার জন্য আপনি এবং আপনার অবর্তমানে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এবং প্যানেল অব চেয়ারম্যানের সদস্যবৃন্দ—তাঁরা যে ভূমিকা পালন করেছেন তার জন্য আপনাকে এবং অন্যান্য সকলকে আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। আপনার সম্পর্কে বারে বারে একই কথা উঠেছে যে, সংসদীয় গণতন্ত্র পরিচালনা করার ক্ষেত্রে আপনি বিশিষ্ট স্থান অধিকার করেছেন। এদেশে সংসদীয় গণতন্ত্রের ক্ষেত্রেই নয়, আন্তর্জাতিক ক্ষেত্রেও আপনি একজন পরিচিত ব্যক্তি। আপনি ভিয়েনা যাচ্ছেন। আমরা সকলে কামনা করি আপনার যাত্রা সার্থক হোক, শুভ হোক, সফল হোক। বিধানসভার মাননীয় সমস্ত সদস্যবৃন্দ, বিধানসভার সচিব এবং তার অফিসার ও অন্যান্য আধিকারিক এবং কর্মচারিবৃন্দ, ইলেকট্রনিক মিডিয়া, সংবাদপত্রের যে সমস্ত প্রতিনিধি বৃন্দ এখান থেকে আমাদের এই কার্যবিবরণী তাঁরা যেভাবে পরিচালনা করেছেন এবং পরিবেশন করেছেন সংবাদপত্র, রেডিও, টি.ভির মাধ্যমে, যার জন্য পশ্চিমবঙ্গের মানুষ গোটা দেশের মানুষ বিধানসভার সংবাদ জানবার সুযোগ লাভ করেছেন তাঁদেরও আমার আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Thank you.

Before I adjourn the House sine die I would like to remind the Hon'ble Members regarding the 125th Birthday celebration of Late A.K. Fazle Haque, Sher-E-Bangla. The Chief Minister has already arrived and I would request the Hon'ble Members to go ahead.

I wish to see you in the next session. With these words, I adjourn the House sine die.

## Adjournment

The House was then adjourned sine die till next session at the Assembly House, Calcutta.

The House prorouged with effect from 24th December, 1998 vide letter No. 4-PA dated 4.1.99.

# INDEX TO THE

## West Bengal Legislative Assembly Proceedings (Official Report)

## Vol : 113 (Hundred and Thirteenth Session)

## (December, 1998)

(The 8th, 9th, 10th, 11th, 14th, 15th, 16th, 21st, 22nd 23rd & 24th December, 1998.)

**ADJOURNMENT MOTION**

PP-135-136, P-193, PP-300-301, P-391, P-658

**On the subject of reported rise in the prices of essential Comodities.**

By—Shri Atish Chandra Sinha P-55

**BILL**

**The Bengal Legislative Assembly (Members' Emoluments) (Amendment) Bill, 1998**

**The West Bengal Legislature (Members' Pension) (Amendment) Bill, 1998**

**The West Bengal Salaries and Allowances (Amendment) Bill, 1998** PP-686-694

By—Shri Atish Chandra Sinha PP-687-690

By—Shri Prabodh Chandra Sinha PP-690-693

By—Shri Prabhanjan Mondal P-692

**THE INDIAN STAMP (WEST BENGAL AMENDMENT) BILL, 1998.** PP-436-442

By—Shri Sougata Roy PP-436-439

By—Dr. Ashim Dasgupta PP-439-441

**THE KALYANI UNIVERSITY (AMENDMENT) BILL, 1998** PP-221-253

By—Shri Saugata Roy PP-221-227

By—Shri Sunil Kumar Ghosh PP-227-230

By—Shri Haripada Biswas PP-230-231

By—Shri Adhirranjan Chowdhury PP-231-236

By—Shri Tapan Hore PP-236-237

By—Shri Purnendu Sengupta P-238

By—Shri Ramchandra Mondal P-239

By—Shri Rampada Samanta PP-239-240

By—Shri Atish Chandra Sinha PP-240-245

By—Shri Satyasadhan Chakraborty PP-245-252

**THE PRESIDENCY SMALL CAUSE COURTS (WEST BENGAL AMENDMENT) BILL, 1998 AND**

**THE CITY CIVIL COURT (AMENDMENT) BILL, 1998** PP-168-169

**THE REGISTRATION (WEST BENGAL AMENDMENT) BILL, 1998** PP-421-425

By—Shri Sougata Roy PP-421-423

By—Dr. Asim Kumar Dasgupta PP-423-424

**THE WAKF (WEST BENGAL) BILL, 1998** PP-415-421

By—Shri Md. Amin PP-415-416, PP-419-420

By—Shri Sultan Ahmed PP-416-419

**THE WEST BENGAL APARTMENT OWNERSHIP (AMENDMENT) BILL, 1998, AS REPORTED BY THE SELECT COMMITTEE** PP-332-345

By—Shri Saugata Roy PP-332-337

By—Shri Gautam Deb PP-337-344

**THE WEST BENGAL PREMISES TENANCY (AMENDMENT) BILL, 1998** PP-681-686

By—Shri Saugata Roy PP-681-684

By—Dr. Surjya Kanta Mishra PP-684-686

**THE WEST BENGAL SCHOOL SERVICE COMMISSION (AMENDMENT) BILL - 1998** PP-104-121

By—Shri Asit Mitra PP-105-108

By—Smt. Kanika Ganguly PP-108-109

By—Shri Md. Iakub PP-109-110

By—Smt. Shanta Chhetri PP-110-111

By—Shri Md. Sohrab PP-111-114

By—Shri Subhas Goswami PP-114-115

By—Shri Narbahadur Chhetri PP-115-116

By—Shri Kanti Biswas PP-116-120

**THE WEST BENGAL TAXATION LAWS (SECOND AMENDMENT) AND REPEALING BILL, 1998.** PP-425-434

By—Shri Saugata Roy PP-425-430

By—Dr. Ashim Kumar Dasgupta PP-430-434

**CALLING ATTENTION** PP-56-57, PP-136-138, PP-194-195, PP-301-302, PP-521-522, PP-658-659 & P-803

**CALLING ATTENTION (STATEMENT)**

**(Regarding reported assault on Smt. Rekha Chowdhury National Basket Ball player near Calcutta Maidan on 12.12.98)**

By—Shri Buddhadeb Bhattacharya PP-138-142

**(Regarding control of price of potato)**

By—Shri Birendra Kumar Maitra PP-803-806

**Regarding reported death of one Child in underground tank at Girish Park in Calcutta on 19.12.98**

By—Shri Asoke Bhattacharya PP-659-663

**Reported killing of four criminals by the Policemen of Uttar Pradesh in Calcutta on 14.12.98**

By—Shri Buddhadeb Bhattacharya PP-522-530

**Regarding outbreak of maligrant malaria in the areas under Calcutta Municipal Corporation.**

By—Shri Partha Dey PP-302-308

**Regarding settlement situation at Hindustan Motors at Uttarpara, Hooghly.**

By—Shri Bidyut Ganguly PP-392-396

**DEBATE ON A REPORT OF THE PRIVILEGE COMMITTEE**

(on Bar of the House to Shri M.G. Akbar) PP-806-811

By—Shri Tapan Hore P-806

By—Shri Rabin Deb PP-806-807

By—Shri Abdul Mannan PP-807-808

By—Shri Kripasindhu Saha PP-808-809

By—Shri Satyaranjan Bapuli P-809

**DISCUSSION ON ADJOURNMENT MOTION**

(on the subject of Reported rise in the prices of essential commodities) PP-62-104

By—Shri Atish Chandra Sinha PP-62-64 PP-95-96

By—Shri Buddhadev Bhattacharya PP-65-70

By—Shri Abdul Mannan PP-70-71

By—Shri Rabindra Nath Mondal PP-71-72

By—Shri Subrata Mukherjee P-69, PP-74-76

By—Shri Subhas Naskar PP-76-77

By—Shri Debaprasad Sarkar PP-77-79

By—Shri Biren Moitra PP-79-80

By—Shri Kamalkanta Guha PP-80-82

By—Shri Nandagopal Bhattacharya PP-82-83

By—Shri Pankaj Banerjee PP-83-84

By—Shri Kalimuddin Shams PP-84-86

By—Shri Sovandeb Chattopadhyay PP-86-88

By—Shri Saugata Roy PP-88-91

By—Dr. Ashim Kumar Dasgupta PP-91-95

**DISCUSSION ON A MOTION FOR CREATION OF OBSTRUCTION TO THE GOVERNOR IN ADDRESSING THE HOUSE** PP-653-657

By—Mr. Speaker P-653

By—Shri Abdul Mannan PP-653-654

By—Shri Dilip Das P-656

By—Shri Sudhir Bhattacharya P-656

By—Shri Tapas Banerjee P-657

By—Shri Ramjanam Majhi P-657

**FELICITATION** PP-902-908

By—Mr. Speaker PP-902-906

By—Shri Ambika Banerjee PP-906-907

By—Shri Probodh Chandra Sinha P-907

**FELICITATION**

**(on performance in Asiad by Smt. Jyotirmoyee Sikdar)** PP-195-201

By—Shri Rabindranath Mondal PP-195-196

By—Shri Ambika Banerjee P-196

By—Shri Tapan Hore PP-196-197

By—Shri Sadhan Pandey P-197

By—Shri Md. Yakub P-197

By—Shri Sovandeb Chattopadhyay P-198

By—Shri Rabin Deb P-198

By—Shri Debaprasad Sarkar P-198

By—Shri Kamal Guha P-199

By—Shri Purnendu Sengupta P-199

By—Shri Rampada Samanta PP-199-200

By—Shri Mojammel Haque P-200

By—Shri Brahmmomoy Nanda P-200

By—Shri Mr. Speaker PP-200-201

**LAYING OF REPORT**

**Annual Accounts and Audit Report of the West Bengal Industrial Infrastructure Development corporation, 1993-94** P-309

**Audit Certificate, Certified Accounts and Audit Report on the Accounts of the Calcutta Metropolitan Development Authority, 1994-95 P-309**

**Annual Accounts of the North Bengal State Transport Corporation, 1990-91 P-58**

**Annual Accounts of the North Bengal State Transport Corporation, 1991-92** P-142

**Annual Accounts of the South Bengal State Transport Corporation for 1991-92 and 1992-93** P-309

**The Reports and Annual Accounts of the Webel Informaties Limited for the years 1990-91 and 1991-92** P-812

The Reports and Accounts of the Webel Mediatronics Limited for the year 1995-96 P-812

The Annual Reports of the Webel Carbon and Metal Film Resistors Limited for the years 1990-91 and 1991-92 P-812

The Annual Reports of the W.B. Electronics Industry Development Corporation Limited for the years 1994-95, 1995-96 and 1996-97 P-811

Annual Reports of the West Bengal Power Development Corporation Ltd, 1997-98 P-142

The Audit Report and Financial Statements of the Webel Video Devices Limited for the year ended on 31st March, 1993 P-812

Annual Statement of Accounts and Audit Report of the West Bengal State Electricity Board for the 1996-97 P-397

Report of the All Party Delegation of the West Bengal Legislative Assembly to Delhi P-142

The 20th Annual Report and Accounts of the West Bengal Sugar Industries Development Corporation for the year 1992-93 P-397

The 22nd Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited, 1995-96 PP-663-664

The 36th Annual Report of the Durgapur Project Limited for the year 1996-97 P-396

**LAYING OF RULES**

**Amendment in the rules regulating the recruitment to the posts of Extension officer for Panchayat** P-310

**Amendment to the West Bengal Panchayat (Constitution) Rules, 1975** P-310

**Amendments to the West Bengal Panchayat (Constitution) Rules, 1975** P-310

**Amendments to the West Bengal Panchayats (Election) Rules, 1975** P-310

**Amendments to the West Bengal Panchayat (Election), 1974** P-311

**The West Bengal Trade Union Rules, 1998.** P-311

**Amendments to the West Bengal Zilla Parishads (Election, Constitution and Administration) Rules, 1964.** PP-309-310

**MENTION CASES** P-58, PP-143-157, PP-202-211, PP-311-322, PP-397-404, PP-531-538 & PP-664-673

**MOTION FROM THE CHAIR**

**(For an All Party Delegation)** PP-897-899

**(on heartfelt congratulation to 'NOBLE LAUREATE' Prof. Amartya Sen)** PP-19-32

By—Dr. Ashim Kumar Dasgupta PP-20-23

By—Shri Atish Chandra Sinha PP-23-24

By—Shri Anil Mukherjee PP-24-25

By—Shri Sougata Roy PP-25-26

By—Shri Subhash Goswami PP-26-27

By—Shri Debaprasad Sarkar P-27

By—Shri Sovandeb Chattopadhyay PP-27-28

By—Shri Purnendu Sengupta P-28

By—Shri Brahmomoy Nanda PP-28-29

By—Shri Kamal Guha P-29

By—Shri Probodh Chandra Sinha P-29

By—Shri Subrata Mukherjee PP-29-30

By—Shri Naren Hansda P-30

By—Shri Budhadev Bhattacharya P-31

By—Shri Rabindranath Mondal PP-31-32

**MOTION**

**Motion Under Rule 185 - Regarding the demand to reveal the facts about the mysterious disappearance of Netaji Subhas Chandra Bose** PP-847-862

By—Shri Kripasindhu Saha PP-847-848, P-861

By—Shri Atish Chandra Sinha PP-848-850

By—Shri Subhas Goswami PP-850-851

By—Shri Natabar Bagdi P-852

By—Shri Anil Mukherjee PP-852-854, PP-855-860

By—Shri Sobhandev Chattopadhyay PP-860-862

**Motion Under Rule 185 - regarding the devastating flood in some districts of W.B. and draught in the other districts** PP-863-878

By—Smt. Sabitri Mitra PP-863-864, PP-872-874

By—Shri Adhirranjan Chowdhury PP-864-865

By—Shri Gautam Roychowdhury P-866

By—Shri Rabin Deb PP-866-868

By—Shri Atish Chandra Sinha PP-868-871

By—Shri Satyaranjan Mahato PP-871-872

**Motion Under Rule 185 - regarding the deterioration of the communal peace and harmony for taking policy of communal aggression by the Central Govt. adminstered by BJP** PP-836-847

By—Shri Rabindranath Mondal PP-836-838, PP-845-847

By—Shri Asit Mitra PP-838-840

By—Shri Debaprasad Sarkar P-840

By—Shri Sovandeb Chattopadhyay P-841

By—Shri Abdus Salam Munshi PP-841-842

By—Shri Satya Sadhan Chakraborty PP-842-844

**Motion Under Rule 185 - regarding formulation of a National policy for revival of the sick and closed Industrial Units and Public Sector Undertaking, Insurances and Banking Sectors for entire State.** PP-822-835

By—Shri Rabin Deb P-822, PP-833-835

By—Shri Sougata Roy PP-822-825

By—Shri Amar Chaudhury PP-825-826

By—Shri Debabrata Banerjee PP-826-827

By—Shri Subrata Mookherjee PP-827-830

By—Shri Bidyut Ganguly PP-830-833

**Motion Under Rule 185-regarding prohibition of use of Synthetic bag for the Welfare of Jute Industries in the state** PP-889-897

By—Shri Purnendu Sengupta P-889, PP-896-897

By—Shri Gopal Krishna Dey PP-889-891

By—Shri Subrata Mookherjee PP-891-893

By—Shri Nirmal Ghosh P-893

By—Shri Shantiranjan Ghatak PP-893-896

**Motion Under Rule 185 - regarding the recent US aggression on Iraq backed by UK.** PP-812-822

By—Shri Debaprasad Sarkar PP-812-814, PP-819-820

By—Shri Satya Ranjan Bapuli PP-814-815

By—Shri Jayanta Biswas PP-816-817

By—Shri Md. Amin PP-817-819

**Motion Under Rule 185 - regarding reconsideration of the decision of the Union Govt. to close down the 64 mines etc.** PP-878-888

By—Shri Shyamadas Banerjee PP-878-882, PP-886-887

By—Shri Tapan Hore PP-882-883

By—Shri Banshagopal Chowdhury PP-884-886

**Motion Under Rule 319 - Regarding a Report of the Pabitra Sarkar Committee made on 21st December, 1998** PP-699-741

By—Shri Sanjib Kumar Das PP-699-702

By—Dr. Sujan Chakraborty PP-703-706

By—Shri Mehebub Mondal PP-706-708

By—Shri Md. Sohrab PP-708-711

By—Shri Asit Mitra PP-711-713

By—Shri Jayanta Kumar Biswas PP-713-715

By—Shri Sk. Daulat Ali PP-716-718

By—Shri Purnendu Sengupta PP-718-719

By—Shri Tapas Banerjee PP-719-722

By—Shri Debaprasad Sarkar PP-722-724

By—Shri Mostafa Bin Quasem PP-725-729

By—Shri Sobhandeb Chattopadhyay PP-729-730

By—Shri Sudhir Bhattacharya PP-731-732

By—Shri Kanti Biswas PP-732-736

By—Shri Saugata Roy PP-737-740

**Motion Moved for acceptance of the 39 Report of the Business Advisory Committee** P-33

**Motion moved for acceptance of the 40th Report of the Business Advisory Committee** P-104

**Motion moved for acceptance of the 41st Report of the Business Advisory Committee** P-211

**Motion moved for acceptance of the 42nd Report of the Business Advisory Committee** P-348

**Motion moved for acceptance of the 43rd Report of the Business Advisory Committee** P-628

**MOTION OF NO-CONFIDENCE**

By—Shri Atish Chandra Sinha PP-192-193

**MOTION OF NO-CONFIDENCE IN THE COUNCIL OF MINISTERS** PP-552-625

By—Shri Abdul Mannan PP-552-558, PP-612-616

By—Shri Md. Yakub PP-559-561

By—Shri Saugata Roy PP-561-568

By—Shri Nirmal Das PP-568-571

By—Shri Deoki Nandan Poddar PP-571-572

By—Shri Purnendu Sengupta PP-572-575

By—Shri Adhir Ranjan Choudhury PP-575-578

By—Shri Ram Chandra Mondal PP-578-579

By—Shri Samar Hazra PP-579-580

By—Shri Pankaj Banerjee PP-581-584

By—Shri Sobhandeb Chattopadhyay PP-584-587

By—Shri Tapas Roy PP-587-591

By—Shri Satya Ranjan Bapuli PP-591-594

By—Shri Buddhadeb Bhattacharya PP-594-599

By—Shri Atish Chandra Sinha PP-600-604

By—Shri Jyoti Basu PP-604-612

**OBITUARY**

Of—Shri Anup Kumar Das PP-11-12

Of—Shri Badon Bora PP-4-5

Of—Shri Bijesh Chanda Sen PP-2-3

Of—Shri Bimal Bhusan Mukhopadhyay PP-14-15

Of—Smt. Chhaya Bera PP-1-2

Of—Shri Dasarath Deb PP-5-7

Of—Shri Dhirendra Chandra Mitra PP-12-13

Of—Shri Jane Webb PP-126-127

Of—Shri Jochhan Dastidar PP-10-11

Of—Shri Joykesh Mukherjee PP-343-344

Of—Shri Kalicharan Pal PP-8-9

Of—Shri Nurul Islam Chowdhury P-5

Of—Shri Panchanan Bhattacharji PP-125-126

Of—Shri Prafulla Kanti Ghosh PP-3-4

Of—Shri Ramdas Banerjee P-4

Of—Shri Ranjan Ganguly PP-17-18

Of—Dr. Subodh Chandra Sengupta PP-9-10

Of—Shri Sushil Bhattacharya PP-7-8

**PERSONAL EXPLANATION**

**(on a Report of Committee on Privileges for 'Bar of the House')** PP-694-698

By—Shri Abdul Mannan PP-694-695

By—Shri Rabindranath Mondal PP-695-696

**POINT OF INFORMATION**

By—Shri Atish Chandra Sinha P-628

By—Shri Rabin Deb P-558, P-888

**POINT OF INFORMATION**

**(on physical assult on a female athelete)** PP-128-131

By—Shri Atish Chandra Sinha P-128

By—Shri Abdul Mannan P-129

By—Shri Debaprasad Sarkar PP-129-130

By—Shri Rabin Deb PP-130-131

By—Shri Pankaj Banerjee P-131

**POINT OF ORDER**

(on point of Information of Shri Rabin Deb)

By—Shri Abdul Mannan PP-558-559

**PRESENTATION OF COMMITTEE REPORT**

**1st Report of the Committee on Reforms and Functioning of the Committee System, 1998-99**

By—Shri Prabhanjan Mondal P-531

**4th Report of the Subject Committee on Power, Commerce & Industries, Science & Technology and Non-Conventional Energy Sources, 1998-99**

By—Shri Rabin Deb P-663

**7th Report of the Committee on the Entitlements of the Members (1998-1999)**

By—Mr. Speaker P-57

**7th Report of the Subject Committee on Panchayat & Rural Development, Land Reforms and Animal Resources Development (1998-99)**

By—Shri Nani Gopal Chowdhury P-530

**25th, 26th, 27th, 28th and 29th Report of the Subject Committee on Agriculture (Marketing), Food & Supplies, Foor Processing & Horticulture and Fisheries, 1998-99**

By—Shri Saugata Roy PP-57-58

**30th Report of the Subject Committee on Agriculture, Agri (Marketing), Food & Supplies, Food Processing & Horticulture and Fisheries, 1998-99**

By—Shri Rampada Samanta P-308

**39th Report of the Business Advisory Committee**

By—Mr. Speaker PP-32-33

**40th Report of the Business Advisory Committee**

By—Mr. Speaker P-104

**The 41st Report of the Business Advisory Committee**

By—Mr. Speaker P-211

**42nd Report of the Business Advisory Committee**

By—Mr. Speaker PP-347-348

**43rd Report of the Business Advisory Committee**

By—Mr. Speaker PP-627-628

**PRESENTATION OF REPORT**

**Report of the one-man Committee on English in primary Education, West Bengal, 1998**

By—Shri Kanti Biswas PP-434-436

**Report of the Select Committee on the West Bengal Apartment Ownership (Amendment) Bill, 1998**

By—Shri Rabindranath Mondal P-57

**QUESTION**

Advance Medicare Research Institute

By—Shri Pankaj Banerjee PP-793-794

Appointment to the post of general manager. W.B.E.C.S.C Ltd.

By—Shri Sobhandeb Chattopadhyay PP-768-769

Dacoities/Murders committed in Calcutta

By—Shri Saugata Roy PP-467-468

Floods in Malda

By—Shri Saugata Roy PP-290-294

Fly-overs at Lake Gardens and Bondel Gate

By—Shri Saugata Roy P-761

Fuel Surcharge

By—Shri Pankaj Banerjee PP-369-374

Human Rights Commission

By—Shri Pankaj Banerjec PP-475-476

Joint Sector Housing projects

By—Shri Saugata Roy PP-764-765

No. of new recognised Colleges

By—Shri Pankaj Banerjee P-285

Preventive measures for Malaria

By—Shri Saugata Roy PP-762-764

Steps taken to reduce the high price of Mustard Oil

By—Shri Saugata Roy PP-761-762

4th Pay Commission

By—Shri Saugata Roy PP-276-277

অডিও-ভিসুয়ালের মাধ্যমে প্রশিক্ষণ।

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-753-754

অধ্যাপকের শূন্যপদ

—শ্রী কমল মুখার্জী PP-796

আই.আর.ডি.পি.-র ঋণ

—শ্রী অজয় দে PP-798-799

আইনগত সহায়তা প্রদান কমিটি

—শ্রী কমল মুখার্জী PP-374-375

আরামবাগে বাংলো

—শ্রী বিনয় দত্ত PP-389-390

আলিপুরদুয়ারে ভেষজ উদ্যান

—শ্রী নির্মল দাস PP-751-752

আলিপুরদুয়ার মহকুমা

—শ্রী নির্মল দাস PP-750-751

আলু সরবরাহে সঙ্কট

—শ্রী সঞ্জয় বক্সী P-475

আসানসোল ইলেকট্রিক সাপ্লাই বিভাগ।

—শ্রী তাপস ব্যানার্জী P-377

আসানসোল কর্মবিনিয়োগ কেন্দ্রে নথীভুক্ত কর্মহীনের সংখ্যা

—শ্রী তাপস ব্যানার্জী P-135

আসানসোলে পশু চিকিৎসা কেন্দ্র

—শ্রী তাপস ব্যানার্জী PP-191-192

আসানসোলে বিদ্যুৎ সরবরাহে অবনতি

—শ্রী তাপস ব্যানার্জী PP-789-790

আসানসোলে মহিলা পরিচালিত থানা

—শ্রী তাপস ব্যানার্জী PP-473-474

আন্তর্জাতিক চলচিত্র উৎসব

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-519-520

আন্তর্জাতিক সীমান্তে বেড়া

—শ্রী অশোক দেব P-471

ই.এ.এস প্রোগ্রামে কেন্দ্রীয় বরাদ্দ

—শ্রী ঈদ্ মহম্মদ P-799

ইছামতী, যমুনা ও বিদ্যাধরি নদীর সংস্কার

—শ্রী নীরোদ রায়চৌধুরী PP-277-279

ইন্টারনেট কমিউনিটি সেন্টার

—শ্রী রামপদ সামন্ত P-467

ইস্টার্ন কোলফিল্ডস্

—শ্রী তপন হোড় PP-52-53

উচ্চশিক্ষায় ভর্তির ক্ষেত্রে সংরক্ষণ

—শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া)। PP-281-282

উত্তরবঙ্গে বন্যা

—শ্রী অশোক দেব PP-777-778

উদ্বাস্তু দপ্তর আধুনিকীকরণ

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-646-647

ওয়াকফ

—শ্রী সুধীর ভট্টাচার্য্য PP-366-369

কলকাতায় আগুনের ঘটনা

—শ্রী তারক বন্দোপাধ্যায় PP-382-383

কলকাতায় উড়ালপুল

—শ্রী তারক বন্দোপাধ্যায় PP-773-774

কলকাতা চলচিত্র উৎসব স্থায়ীকরণ

—শ্রী তপন হোড় P-469

কলকাতায় ট্রলি দোতালা বাস চালুকরণ

—শ্রী তারক বন্দোপাধ্যায় PP-127-128

কলকাতায় থানার সংখ্যা বৃদ্ধি

—শ্রী অশোক দেব PP-517-518

কলকাতা পুলিশে মহিলা অফিসার ইন-চার্জ

—শ্রী তারক বন্দোপাধ্যায় PP-469-470

কলকাতা হাইকোর্টে বিচারকের শূন্যপদ

—শ্রী কমল মুখার্জী PP-356-360

কয়লার সেস্

—শ্রী তপন হোড় P-648

কর্মবিনিয়োগ কেন্দ্র

—শ্রী সঞ্জয় বক্সী PP-791-792

কান্দী মহকুমার সিভিল কোর্টে বিচারকের শূন্যপদ

—শ্রী অশোক দেব P-800

কৃষিঋণ মকুব

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-450-457

কে.জি. স্কুল নির্মাণে সরকারি নিয়ন্ত্রণ

—শ্রী কমল মুখার্জী P-295

কোনা এক্সপ্রেসওয়ে

—শ্রী আব্দুল মান্নান P-760

কোনা ট্রাক টার্মিনাল

—শ্রী আব্দুল মান্নান P-775

গঙ্গার তীরবর্তী উদ্বাস্তু

—শ্রী তারক বন্দোপাধ্যায় PP-772-773

গঙ্গা নদীর নাব্যতা বৃদ্ধি

—শ্রী নীরোদ রায়চৌধুরী P-295

গঙ্গাবক্ষে ভাসমান হোটেল

—শ্রী সঞ্জয় বক্সী PP-299-300

গ্রন্থাগারে আর্থিক সাহায্য

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-747-748

গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন নিগম

—শ্রী ভক্তরাম পান PP-802-803

চতুর্থ চলচিত্র উৎসব

—শ্রী অজয় দে PP-457-465

চন্দননগর মহিলা পলিটেকনিক

—শ্রী কমল মুখার্জী PP-380-381

চন্দননগর হাসপাতাল

—শ্রী কমল মুখার্জী P-768

চন্দননগরে ক্যাফেটারিয়া

—শ্রী কমল মুখার্জী PP-381-382

চাই সম্প্রদায়

—শ্রী গোপাল কৃষ্ণ দে P-651

চাল সংগ্রহ

—শ্রী আবু আয়েশ মন্ডল P-777

চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট

—শ্রী রবীন দেব PP-748-749

চুক্তির ভিত্তিতে চিকিৎসক নিয়োগ

—শ্রী আব্দুল মান্নান P-776

চুঙ্গিকর আদায়ের কর্মী

—শ্রী আব্দুল মান্নান PP-255-259

জমি নথিভুক্তকরণে কম্পিউটার

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-38-41

জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ

—শ্রী তপন হোড় P-132

জলপাইগুড়িতে স্টেডিয়াম

—শ্রী নির্মল দাস P-751

জলঙ্গী থানা

—শ্রী ইউনুস সরকার PP-471-472

টাইগার স্কোয়াড

—শ্রী তারক বন্দোপাধ্যায় P-520

ট্রেন যাত্রীদের নিরাপত্তা

—শ্রী সুধীর ভট্টাচার্য্য P-518

ডিমের চাহিদা ও উৎপাদন

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-468

তাঁতশিল্পের উন্নতিকরণে ডিপ্লোমা কোর্স

—শ্রী অজয় দে PP-757-758

দমকল বাহিনীর কাজ

—শ্রী তারক বন্দোপাধ্যায় PP-41-45

দুর্গাপুর ব্যারেজের পলি উত্তোলন

—শ্রী দেবব্রত ব্যানার্জী PP-262-265

দূষণের দায়ে ধর্মস্থান

—শ্রী অশোক দেব P-281

দূষণ নিয়ন্ত্রণ আইনলঙ্ঘনকারী শিল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-259-261

দূষণ নিয়ন্ত্রণ

—শ্রী শ্যামাদাস ব্যানার্জী PP-390-391

দূষণ প্রতিরোধে পদক্ষেপ

—শ্রী সঞ্জয় বক্সী PP-283-284

দূষণমুক্ত শ্মশান

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-781-782

নজরুল পুরস্কার

—শ্রী পেলব কবি P-472

নতুন থানা ও ফাঁড়ি গঠন

—শ্রী আবু আয়েশ মন্ডল P-515

নবনির্মিত থানা

—শ্রী নীরোদ রায়চৌধুরী P-475

নদীয়া জেলা পরিষদে বরাদ্দকৃত অর্থ

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস PP-749-750

নদীয়া সাব-স্টেশন

—শ্রী অজয় দে PP-743-744

নিউ আলিপুর কলেজের পরিচালন সমিতি

—শ্রী পঙ্কজ বন্দোপাধ্যায় PP-784-786

নিয়ন্ত্রিত বাজার থেকে আদায়ীকৃত অর্থের পরিমাণ

—শ্রী আব্দুল মান্নান PP-171-177

নোবেল জয়ী অমর্ত্য সেনকে সম্বর্ধনা

—শ্রী রবীন দেব P-385

পণ্য চলাচলের জন্য রাস্তা

—শ্রী সুশীল বিশ্বাস PP-752-753

পবিত্র সরকার কমিশনের রিপোর্ট

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-295-296

পরিবেশ দূষণের দায়ে কারখানা

—শ্রী কমল মুখার্জী P-382

পলিটেকনিক কলেজ

—শ্রী তারক বন্দোপাধ্যায় P-772

পশুপালন দপ্তরের প্রজেক্ট অফিস

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় PP-745-746

পর্যটনের উন্নয়নে সার্ভে

—শ্রী নিশিকান্ত মেহেতা P-800

পঞ্চায়েতের দায়িত্বে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী অজয় দে P-759

পঞ্চায়েত পরিচালনায় গ্রামসংসদের ভূমিকা

—শ্রী নিশিকান্ত মেহেতা P-802

পঞ্চায়েতের পরিচালনায় স্কুল

—শ্রী অশোক দেব PP-296-297

পানিহাটিতে গঙ্গার ভাঙ্গন

—শ্রী নির্মল ঘোষ PP-647-648

পানিহাটি মহাবিদ্যালয়ে বিজ্ঞান বিভাগ

—শ্রী নির্মল ঘোষ P-282

প্রাকৃতিক দুর্যোগে কৃষকদের সরকারী সাহায্য

—শ্রী শিবপ্রসাদ মালিক P-473

প্রাথমিক শিক্ষক নিয়োগে অগ্রগতি

—শ্রী শ্যামাদাস ব্যানার্জী P-283

পুরনির্বাচন

—শ্রী রবীন দেব PP-45-50

পুরুলিয়া জেলায় অসম্পূর্ণ সেচপ্রকল্প

—শ্রী নিশিকান্ত মেহেতা PP-297

পুরুলিয়া জেলায় সেচপ্রকল্প

—শ্রী নিশিকান্ত মেহেতা PP-282-283

পুরুলিয়ায় খরা কবলিত মৌজা

—শ্রী নিশিকান্ত মেহতা PP-476-513

পুরুলিয়ায় সঞ্চিত চুনাপাথর

—শ্রী নিশিকান্ত মেহেতা P-801

পুলিশ কমিশনের দ্বিতীয় রিপোর্ট

—শ্রী অশোক দেব PP-520-521

পুলিশ ও জনসাধারণের মধ্যে সম্পর্ক সমীক্ষা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-465-466

পুলিশ রিফর্মস ও স্টেট সিকিউরিটি কমিশন

—শ্রী আব্দুল মান্নান P-516

পেঁয়াজ আমদানি

—শ্রী তপন হোড় ও শ্রী সুভাষ গোস্বামী P-191

পেঁয়াজের মূল্যবৃদ্ধি

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-769-770

পেঁয়াজ সঙ্কট

—শ্রী সঞ্জয় বক্সী P-192

বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র

—শ্রী তপন হোড় P-376

বগুলা হারানচন্দ্র সতীশচন্দ্র শ্রীকৃষ্ণ বালিকা বিদ্যালয়

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস P-795

বর্জ্য পদার্থ ব্যবস্থাপনা প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-756-757

বন্যপ্রাণী নিরাপত্তা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-755-756

বন্যায় আন্ত্রিক

—শ্রী তপন হোড় P-791

বন্যায় কেন্দ্রীয় বরাদ্দ

—শ্রী গোপাল কৃষ্ণ দে PP-384-385

বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-186-190

বাগজোলা, নোয়াই খাল সংস্কার

—শ্রী নির্মল ঘোষ PP-297-299

বাঙ্গুর হাসপাতাল সম্প্রসারণ

—শ্রী পঙ্কজ বন্দোপাধ্যায় PP-786-787

বাজেয়াপ্ত সরষের তেল

—শ্রী ব্রহ্মময় নন্দ P-470

বার্ধক্য ভাতা

—শ্রী সুধীর ভট্টাচার্য্য PP-51-52

বাংলায় পঞ্চায়েতের চিঠিপত্র

—শ্রী পেলব কবি PP-797-798

বিক্রয়কর আদায়ের লক্ষ্যমাত্রা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-639-643

বি.টি. রোড সংস্কার

—শ্রী নির্মল ঘোষ P-783

বিদ্যুতের দর বৃদ্ধি

—শ্রী অশোক দেব P-379

বিদ্যুৎ কেন্দ্রগুলিতে কয়লা সরবরাহ

—শ্রী শ্যামাদাস ব্যানার্জী PP-132-133

বিদ্যুৎ নিয়ন্ত্রক কমিশন

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-360-366

বিদেশি ঋণ-নির্ভরশীল প্রকল্প

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-643-646

বিধায়কদের মাধ্যমে সামগ্রী বিতরণ

—শ্রী শ্যামাদাস ব্যানার্জী PP-783-784

বিবেকানন্দ সেতুর মেরামত

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-788

বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী রামপদ সামন্ত PP-746-747

বিশ্বব্যাঙ্কের সহায়তায় স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-754-755

বৃত্তিমূলক প্রশিক্ষণ

—শ্রী শ্যামাদাস ব্যানার্জী P-750

বে-আইনী অস্ত্রশস্ত্রের অনুপ্রবেশ

—শ্রী সুধীর ভট্টাচার্য্য P-521

বেআইনী মজুতদার

—শ্রী তাপস ব্যানার্জী PP-790-791

বেসরকারী উদ্যোগে মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-652-653

ভস্মীভূত পাঠাগার

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-780-781

ভস্মীভূত পাঠাগার পুনঃনির্মাণ

—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় PP-787-788

ভেটেরিনারী ম্যানুয়েল

—শ্রী গোপাল কৃষ্ণ দে P-752

ভ্যালু অ্যাডেড ট্যাক্স

—শ্রী আবু আয়েশ মন্ডল P-294

মঞ্জুষা

—শ্রী শোভন দেব চট্টোপাধ্যায় P-780

মহকুমা কারাগারগুলির উন্নয়ন প্রকল্প

—শ্রী কমল মুখার্জী PP-181-186

মহাবিদ্যালয়ে কেন্দ্রীয় হারে আর্থিক সুবিধা

—শ্রী নির্মল দাস PP-279-280

**মাধ্যমিক শিক্ষাবর্ষের সময়সূচি পরিবর্তন**

**—শ্রী কমল মুখার্জী** PP-265-270

**মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীতকরণ**

—শ্রী তারক বন্দোপাধ্যায় P-280

মানবাধিকার কমিশন

—শ্রী আব্দুল মান্নান PP-466-467

মুর্শিদাবাদ জেলায় বন্যা প্রতিরোধ ব্যবস্থা

—শ্রী গোপাল কৃষ্ণ দে PP-285-290

মুর্শিদাবাদ জেলায় ভাঙ্গন

—শ্রী পরেশনাথ দাস এবং শ্রী মোজাম্মেল হক্ PP-649-651

মুর্শিদাবাদ ও মালদা জেলায় নদী ভাঙ্গন প্রতিরোধ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-270-276

মুর্শিদাবাদে পর্যটন কেন্দ্র

—শ্রী ঈদ মহম্মদ PP-280-281

মূল্যবৃদ্ধি প্রতিরোধ

—শ্রী কমল মুখার্জী PP-766-768

মেয়ো হাসপাতাল

—শ্রী সঞ্জয় বক্সী PP-792-793

রবীন্দ্র রচনাবলী

—শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক্ (হরিহরপাড়া) P-296

রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

—শ্রী অশোক কুমার দেব PP-386-389

রাজ্যে আই.সি.ডি.এস. প্রকল্প

—ডাঃ রামচন্দ্র মন্ডল PP-177-181

রাজ্যে আন্ত্রিক

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-770-771

রাজ্যে আলু পেঁয়াজ ও সরিষার উৎপাদন

—শ্রী বিনয় দত্ত PP-445-450

রাজ্যে কৃষি জমি

—শ্রী রবীন দেব P-469

রাজ্যে নথিভুক্ত নার্সারী

—শ্রী কমল মুখার্জী PP-651-652

রাজ্যে বন্যা

—শ্রী অশোক দেব P-779

রাজ্যে ম্যালেরিয়া

—শ্রী দেবপ্রসাদ সরকার P-770

রাজ্যের আদালতে বিচারকের শূন্যপদ

—শ্রী অশোক দেব P-378

রাজ্যের পুর এলাকায় ঐতিহ্যবাহী ভবন

—শ্রী অজয় দে PP-34-38

রাজ্যের বনভূমি

—শ্রী তারক বন্দোপাধ্যায় PP-774-775

রামগঙ্গায় ভূতল পরিবহনের বাস টার্মিনাস

—শ্রী গোপাল কৃষ্ণ দে PP-776-777

রায়গঞ্জ থানায় নথীভুক্ত খুন

—শ্রী দিলীপ কুমার দাস PP-514-515

রেগুলেটেড মার্কেট

—শ্রী কমল মুখার্জী P-519

শিল্পোদ্যোগীদের জন্য ইনসেনটিভ স্কীম

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-53-54

শিক্ষকদের অবসরের বয়স

—শ্রী কমল মুখার্জী PP-629-638

শিয়ালদহ স্টেশনচত্বর উন্নয়ন

—শ্রী রবীন দেব PP-788-789

সচিত্র কিশোর অভিধান

—শ্রী আবু আয়েশ মন্ডল P-755

সর্প দংশনে মৃত্যু

—শ্রী ব্রহ্মময় নন্দ P-781

সমাজবিরোধী কার্যকলাপ

—শ্রী নীরোদ রায়চৌধুরী PP-516-517

সরকার পরিচালিত গ্রন্থাগার

—শ্রী তারক বন্দোপাধ্যায় PP-771-772

সরকারী হাসপাতালে ব্রেন স্ক্যান ব্যবস্থা

—শ্রী অশোক দেব P-778

সরকারী খামারে হাঁস, মুরগী পালন

—শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) P-474

স্মরণীয় ব্যক্তিদের মূর্তি

—শ্রী কমল মুখার্জী P-766

"সংখ্যালঘু ঋণ" প্রদানের নীতি

—শ্রী সুধীর ভট্টাচার্য্য PP-133-134

সাগরদীঘি তাপবিদ্যুৎ কেন্দ্র

—শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক (হরিহরপাড়া) PP-376-377

সারদাচরণ এরিয়ান ইনস্টিটিউশন

—শ্রী তারক বন্দোপাধ্যায় PP-648-649

স্বাস্থ্য-সুরক্ষা কর্মসূচী

—শ্রী অজয় দে PP-758-759

সিঙ্গুরে দিয়াড়া-বড়া মার্কেট লিংক রোড

—শ্রী বিদ্যুৎকুমার দাস P-797

সিরামিক ডেভেলপমেন্ট কর্পোরেশন

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় PP-779-780

সীমান্তে চোরাচালান

—শ্রী সুধীর ভট্টাচার্য্য PP-472-473

সীমান্তবর্তী জেলাগুলিতে লিয়াজোঁ কমিটি

—শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস PP-794-795

সুন্দরবনে পর্যটন কেন্দ্র

—শ্রী গোপাল কৃষ্ণ দে P-384

স্টেডিয়াম নির্মাণ

—শ্রী গোপাল কৃষ্ণ দে P-385

সোদপুর-এ রাস্তা সংস্কার

—শ্রী নির্মল ঘোষ PP-782-783

হাইকোর্টে নিষ্পত্তি না হওয়া মামলা

—শ্রী তাপস ব্যানার্জী PP-379-380

হাইকোর্টে বাংলা ভাষা ব্যবহার

—শ্রী রবীন দেব P-789

হীরাপুরে লিফ্‌ট ইরিগেশন

—শ্রী শ্যামাদাস ব্যানার্জী PP-796-797

হীরাপুরের থানাগুলিতে পুলিশ কর্মী বৃদ্ধি

—শ্রী শ্যামাদাস ব্যানার্জী P-472

হুগলি জেলার গ্রন্থাগারগুলিতে আর্থিক অনুদান

—শ্রী কমল মুখার্জী P-744

হুগলি জেলায় বেআইনী মজুতদার

—শ্রী রবীন মুখার্জী P-514

হোমগার্ডদের ভাতা

—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত PP-744-745

**REPREHENSION ON BRUTAR AGGRESSION ON IRAQ BY U.S.A. AND U.K.** PP-349-356

By—Shri Rabindranath Mondal P-349

By—Shri Abdul Mannan P-350

By—Shri Rabindra Ghosh PP-350-351

By—Shri Debaprasad Sarkar PP-351-352

By—Shri Nirmal Das PP-352-353

By—Shri Sobhandev Chattopadhyay P-353

By—Shri Samar Hazra P-353

By—Shri Probodh Chandra Sinha PP-354-355

**RESUME OF BUSINESS** PP-899-902

**RULING FROM THE CHAIR**

**on obstruction to the Governor in addressing to the House** PP-654-656

**on a report of Committee on Privileges for 'Bar of the House'** P-698

**on the debate on the Report of Privilege Committee on the Bar of the House to Shri M.G. Akbar** PP-810-811

**ZERO HOUR**

PP-157-168, PP-212-221, PP-322-332, PP-404-415, PP-538-552 & 673-681

Printed by : Kishalaya, Barasat
North 24 pargana